REGISTERED No 19 OF 1878.

৩ খণ্ড] [১ সংখ্যা

ফলিতজ্যোতিষ।

ASTROLOGY.

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়
কর্ত্তৃক প্রণীত ও প্রকাশিত।

অন্যান্যশাস্ত্রেষু বিনোদমাত্রং
নতেষু কিঞ্চিদ্ভুবিদৃষ্টমস্তি।

চিকিৎসিত জ্যোতিষতন্ত্রবাদাঃ
পদে পদে প্রত্যয়মাবহন্তি॥

কলিকাতা
যোড়াসাঁকো শিবকৃষ্ণ দাঁর লেন ৭ নং
জ্যোতিষপ্রকাশ যন্ত্রালয়ে
শ্রীঅদ্বৈতচরণ ঘোষ দ্বারা মুদ্রিত।

সন ১২৮৪ সাল, মাঘ।

মূল্য এক টাকা মাত্র। নিয়মিত গ্রাহকগণের প্রতি অগ্রিম মূল্য ।৵০ নয় আনা।

ফলিতজ্যোতিষ।

তৃতীয় খণ্ড।

ASTROLOGY

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায়

কর্ত্তৃক প্রণীত ও প্রকাশিত।

সাং বুতুনি জেলা ঢাকা, হাল সাং যোড়াসাঁকো।

অন্যান্যশাস্ত্রেষু বিনোদমাত্রং-নতেষু কিঞ্চিদ্ভুবি দৃষ্টমস্তি
চিকিৎসিতজ্যোতিষতন্ত্রবাদাঃপদে পদে প্রত্যয়মাবহন্তি॥

কলিকাতা।

যোড়াসাঁকো শিবকৃষ্ণ দাঁর লেন ৭ নং

জ্যোতিষপ্রকাশ যন্ত্রালয়ে

শ্রীঅদ্বৈতচরণ ঘোষ দ্বারা মুদ্রিত।

সন১২৮৫ সাল।

ফলিতজ্যোতিষের তৃতীয়খণ্ডের

নির্ঘণ্ট পত্র।

বিদগ্ধতোষিণী।

বিষয়	পৃষ্ঠা

বিবিধযোগ।

পূর্ব্বজন্মজ্ঞান।

বৃহজ্জাতকমতে অষ্টবর্গ।

আয়ুর্দ্দায়।

পঞ্চস্বরাধ্যায়ঃ সমাপ্তঃ।

নাক্ষত্রিক্যাদি দশাগণনা।

ইতি সর্ব্বার্থচিন্তামণৌ বিংশোত্তরীদশা সমাপ্তা।

ইতি অষ্টোত্তরী দশাশেষ

শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিতজ্যোতিষে

তৃতীয় খণ্ড সমাপ্ত।

ফলিতজ্যোতিষের তৃতীয়খণ্ডের

মূলবিষয়ের সূচীপত্র।

বিদগ্ধতোষিণী।

নত্বা সরস্বতীং দেবীং রাঘবানন্দ শর্ম্মণা।
চক্রে বিদগ্ধতোষায় স্পষ্টা জাতকপদ্ধতিঃ॥

আমি রাঘবানন্দ নামক ব্রাহ্মণ। আমি দেবী সরস্বতীকে প্রণাম করিয়া পণ্ডিতগণের সন্তোষের নিমিত্ত স্পষ্টক্রমে জাতকপদ্ধতি নামক এই গ্রন্থ প্রণয়ন করিতেছি।

আদৌ ছায়াদিকৈর্যন্ত্রৈর্জ্জ্যো জন্মকালঃ সুনিশ্চিতম্।
তৎকালপ্রভবাঃ কার্য্যাঃ সিদ্ধান্তোক্তৈগ্র হস্ফুটাঃ॥

প্রথমতঃ ছায়াযন্ত্রাদি দ্বারা সুনিশ্চিত রূপে জন্মকাল নিরূপণ করিয়া সিদ্ধান্ত গ্রন্থোক্ত নিয়মানুসারে তাৎকালীন গ্রহস্ফুট করিবে।

অসকৃৎ কর্ম্মণা যেন যান্তি দৃক্‌তুল্যতাং দিবি।
নতোন্নতৌ ততঃ সাধ্যৌ ভাবাঃ খেটবলানি ষট্॥

যে কার্য্য অনেকবার সাধন করিলে গণক ব্যোমদর্শীর সদৃশ হইয়া নভোমণ্ডলস্থিত গ্রহ নক্ষত্রাদির গতি বিধি প্রত্যক্ষবৎ অবলোকন করেন, তাদৃশ গ্রহস্ফুট সাধন দ্বারা গ্রহগণের স্থিতি নির্ণয় পূর্ব্বক নত এবং উন্নত দণ্ডাদি সাধন করিয়া তন্বাদি দ্বাদশভাব ও গ্রহগণের তুঙ্গবল প্রভৃতি ছয়টি বল সাধন করিতে প্রবৃত্ত হইলাম।

দিনার্দ্ধান্তরিতা জন্ম নাড়িকা নতনাড়িকা।
পূর্ব্বাপরার্দ্ধে জাতস্য প্রাক্ পরাখ্যা দিনে ভবেৎ॥

দিবসে জন্মাদি হইলে ইষ্টদণ্ড অর্থাৎ ঐ জাতদণ্ডাদি হইতে তদ্দিবসীয় দিনমানার্দ্ধ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার নাম নত নাড়িকা। যদি দিবসের পূর্ব্বার্দ্ধে জন্ম অথবা প্রশ্ন হয়, তাহা হইলে প্রাঙ্নত নাড়ী এবং যদি পরাহ্ণে অর্থাৎ দুই প্রহরের পর জন্ম বা প্রশ্ন হয়, তাহা হইলে উক্ত শেষাঙ্ক পশ্চান্নত নাড়ী বলিয়া পরিগণিত হয়।

রাত্রের্গতঘটীশেষঘটীদিনার্দ্ধসংযুতা।
পরপূর্ব্বাভিধা জ্ঞেয়া রজন্যাং নতনাড়িকা॥

রাত্রি কালে জন্মাদি হইলে রাত্রিমানের যত দণ্ড গত হইয়াছে তাহার সহিত দিনার্দ্ধ যোগ করিলে যে দণ্ডাদি হইবে তাহা পশ্চান্নত নাড়ী বলিয়া বিখ্যাত হয়, এবং রাত্রিমানের অবশিষ্ট দণ্ডাদির সহিত দিনার্দ্ধ যোগ করিলে যে দণ্ডাদি হইবে, তাহা প্রাঙ্নতনাড়ী নামে পরিগণিত হইয়া থাকে।

খরামো নতনাড্যূনো ভবেদুন্নতনাড়িকা।

ত্রিশ ৩০ হইতে নত দণ্ডাদি হীন করিলে যাহা অবশেষ থাকিবে তাহা উন্নতনাড়ী নামে প্রসিদ্ধ হয়।

দশ নাগা দিশো নিঘ্নাঃ স্বদেশবিষুবোদ্ভবৈঃ।
অন্ত্যস্ত্র্যাপ্তশ্চরার্দ্ধং স্যান্মেষাদীনাং ক্রমোৎক্রমাৎ॥

দশ আট দশ এই তিনটী অঙ্ককে স্বীয় স্বীয় দেশোদ্ভব বিষুবচ্ছায়া দ্বারা পূরণ করিয়া শেষ অঙ্ককে ৩ তিন দ্বারা হরণ করিয়া লব্ধাঙ্ক সংস্থাপন করিবে। অপর দুইটি ষষ্টি দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা যথা ক্রমে মেষাদি তিন রাশির চরার্দ্ধ পল হইবে।

উক্তাঙ্ক তিনটি ব্যুৎক্রমে কর্ক্কটাদি তিন রাশির চরার্দ্ধ পল জানিবে, পুনরায় যথাক্রমগণনায় উহা তুলাদি রাশিত্রয়ের চরার্দ্ধ পল এবং ব্যুৎক্রমগণনায় উক্তাঙ্কত্রয় মকরাদি রাশিত্রয়ের চরার্দ্ধ পল জানিবে। অর্থাৎ প্রথম অঙ্কটী মীন মেষ কন্যা তুলা রাশির, দ্বিতীয় অঙ্কটী বৃষ সিংহ বৃশ্চিক কুম্ভ রাশির, তৃতীয় অঙ্কটী মিথুন কর্কট ধনু মকর রাশির চরার্দ্ধ পল হইবে।

অথ লগ্নসাধনমাহ।

গজভং নন্দগোপক্ষা গুণদন্তাঃ ক্রমোৎক্রমাৎ।
লঙ্কোদয়পলানি স্যুস্তুলাদৌ চ ব্যতিক্রমাৎ॥

ঐরূপ ক্রমে ও ব্যুৎক্রমে ২৭৮ দুইশত আটাত্তর মেষ কন্যা তুলা ও মীন রাশির ২৯৯ দুই শত নিরানব্বই বৃষ সিংহ বৃশ্চিক ও কুম্ভ রাশির এবং ৩২৩ তিন শত তেইশ মিথুন কর্কট ধনু ও মকর রাশির লঙ্কোদয় পল স্থিরীকৃত হইয়াছে।

লঙ্কোদয়াশ্চরার্দ্ধেন হীনাঢ্যা মেষকর্কটাৎ।
মেষাল্লগ্নপলানি স্যুর্ব্যুৎক্রমাত্তানি তৌলিতঃ॥

মেষ বৃষ মিথুন, এই তিন রাশির চরার্দ্ধ পলাদি লঙ্কোদয় পল হইতে হীন করিবে। কর্কট সিংহ কন্যা এই তিন রাশির চরার্দ্ধ পলাদি লঙ্কোদয় পলের সহিত যোগ করিবে। তাহা করিলে মেষ হইতে কন্যা পর্য্যন্ত ছয় রাশির যথাযথ লগ্নপল স্থির হইবে। অপর তুলাদি ছয় রাশির লগ্ন পল ব্যুৎক্রমে হইবে, যথা তুলাদি ধনু পর্য্যন্ত রাশির লঙ্কোদয় পলের সহিত তুলাদি তিন রাশির চরার্দ্ধ যোগ করিবে এবং মকর কুম্ভ মীন এই তিন রাশির লঙ্কোদয় পল হইতে মকরাদি তিন রাশির চরার্দ্ধ হীন করিবে। এরূপ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই তুলাদি ছয় রাশির যথাযথ লগ্ন পল হইবে।

আদ্যঃ খণ্ডো মেষলগ্নং পরযোগাৎ পরম্পরম্।
দ্বাদশোদয়খণ্ডাঃ স্যুরেবং লঙ্কোদয়োদ্ভবাঃ॥

প্রথম খণ্ডা লঙ্কোদয় খণ্ডার মেষ লগ্নমান। তাহা হইতে ক্রমে ক্রমে পরপর খণ্ডা পূর্ব্ব পূর্ব্ব খণ্ডায় যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহাই তৎপর রাশির লগ্নমান। এই ক্রম অনুসারে লঙ্কোদয় খণ্ডায় মেষাদি দ্বাদশ লগ্নমান স্থির হইবে।

এবং দশব্যঙ্গুলাধিকপঞ্চাঙ্গুল ৫।১০ ছায়ে দেশে লগ্নখণ্ডাঃ।
অথ লঙ্কোদয়খণ্ডা ভোগ্যাশ্চ॥

	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
লঙ্কোদয় খণ্ডাঃ	২৭৮	৫৭৭	৯০০	১২২৩	১৫২২	১৮০০	২০৭৮	২৩৭৭	২৭০০	৩০২৩	৩৩২২	৩৬০০
ভোগ্যাঃ	২৯৯	৩২৩	৩২৩	২৯৯	২৭৮	২৭৮	২৯৯	৩২৩	৩২৩	২৯৯	২৭৮	২৭৮
লগ্ন খণ্ডাঃ	২২৬	৪৮৪	৭৯০	১১৩০	১৪৭০	১৮০০	২১৩০	২৪৭০	২৮১১	৩১১৬	৩৩৭৪	৩৬০০
ভোগ্যাঃ	২৫৮	৩০৬	৩৪০	৩৪০	৩৩০	৩৩০	৩৪০	৩৪০	৩০৬	২৫৮	২২৬	২২৬
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

অথ লগ্নস্ফুট সাধনম্।

তাৎকালিকরবিস্পষ্টাৎ সায়নাদ্রাশিসংখ্যয়া।
খণ্ডো গ্রাহ্যোহংশকাদ্ভোগ্যহতাৎ খানললব্ধযুক্॥
ইষ্টদণ্ডপলেশ্চাঢ্যস্তস্মাৎ খণ্ডং বিশোধয়েৎ।
শেষঃ খাগ্নিহতঃ শুদ্ধখণ্ডভোগ্যেন ভাজিতঃ।
অংশাদিঃ স্যাৎ শুদ্ধখণ্ডসংখ্যারাশিং বিমিশ্রয়েৎ।
অয়নাংশবিযুক্ লগ্নং সষড়্ভং সপ্তমং ভবেৎ॥

তাৎকালিক অর্থাৎ জন্মাদি সময়ে যে রবির স্ফুটরাশ্যাদি হইবে, তাহার অংশাদির সহিত সেই সময়ের অয়নাংশাদি যোগ করিলে যে রাশ্যাদি হইবে, তাহার রাশির সংখ্যা গত হইবে, ঐ সংখ্যায় পূর্ব্ব লিখিত চক্রস্থ লগ্ন খণ্ডায় যে অঙ্ক থাকিবে, তাহা সংস্থাপন করিয়া তাহার পর খণ্ডা গ্রহণ করিয়া অন্তর করিলে যাহা শেষ থাকিবে, তাহা ভোগ্য। তাহা দ্বারা সায়ন রবিস্ফুটের অংশাদি গুণ করিয়া কলা বিকলাদির গুণফল ষষ্টি দ্বারা ভাগ করিয়া লব্ধ ভাগফল যথাক্রমে যথাস্থানে যোগ করিয়া ভোগ্য পুরিত অংশের সহিত যোগ করিবে। তাহাতে যে অঙ্ক হইবে, তাহাকে ৩০ ত্রিশ দ্বারা ভাগ করিয়া লব্ধ ভাগফল খণ্ডার অঙ্কের সহিত যোগ করিবে। পরে ইষ্ট দণ্ডকে পলীকৃত করিয়া তাহার সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহা হইতে খণ্ডা শোধন করিবে অর্থাৎ ঐ অঙ্ক হইতে চক্রে লিখিত দ্বাদশ কোষ্ঠের মধ্যে যে কোষ্ঠের অঙ্ক উক্তাঙ্ক হইতে হীন হইতে পারে, তাহা হীন করিবে, হীন করিয়া যাহা শেষ থাকিবে, তাহাকে

৩০ ত্রিশ দ্বারা গুণ করিয়া শুদ্ধ খণ্ডার ভোগ্য দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা অংশাদি। তাহার সহিত শুদ্ধ খণ্ডার সংখ্যা রূপ রাশি যোগ করিয়া অংশাদি হইতে অয়নাংশ হীন করিলে যে রাশ্যাদি থাকিবে, তাহাই জাত লগ্নের স্ফুট রাশ্যাদি হইবে, ঐ রাশির সহিত ছয় রাশি যোগ করিলে সপ্তম অর্থাৎ জায়াভাব হইবে।

অথদশমলগ্নসাধনম্।

এবং লঙ্কোদয়ৈঃ খণ্ডৈঃ পশ্চান্নতপলাদ্রবেঃ।
প্রাঙ্নতেতু সষড়্ভার্কাচ্ছন্নতাদ্দশমোদয়ঃ॥

লগ্ন স্ফুট সাধনে যে সমস্ত প্রক্রিয়া উক্ত হইয়াছে, দশম লগ্ন সাধনে ঐ সমস্ত করিতে হইবে পরন্ত খণ্ডা গ্রহণ এবং শোধন স্থলে লঙ্কোদয় খণ্ডা গ্রহণ এবং হীন করিতে হইবে, আর ইষ্ট দণ্ড যোগ স্থলে পশ্চান্নত দণ্ডকে পলীকৃত করিয়া যোগ করিবে। আর প্রাঙ্নত দণ্ড স্থলে সায়ন রবিস্ফুটের রাশির সহিত ছয় যোগ করিয়া, বার ১২র অধিক হইলে বার হীন করিয়া শেষ যে অঙ্ক থাকিবে, ঐ সংখ্যায় লঙ্কোদয় খণ্ডায় যে অঙ্ক থাকিবে তাহা গ্রহণ করিয়া লগ্ন স্ফুট সাধনের রীত্যনুসারে সমস্ত কার্য্য করিবে। কিন্তু ইষ্ট দণ্ড যোগ স্থলে উন্নত দণ্ডাদিকে পলীকৃত করিয়া যোগ করিয়া শেষ লগ্নস্ফুট সাধনের ন্যায় সমস্ত প্রক্রিয়া করিয়া যে রাশ্যাদি হইবে, তাহা দশম গৃহ বা কর্ম্ম ভাব বলিয়া নির্দ্দিষ্ট হইবে।

সসষড়্ভশ্চতুর্থং স্যাত্তল্লগ্নোনং গুণৈর্হৃতম্।
একং দ্বিঘ্নং ক্ষিপেল্লগ্নে স্যাতাং ভাবৌ ধনানুজৌ॥

উক্ত দশম লগ্নের রাশির সহিত ছয় যোগ করিলে চতুর্থ অর্থাৎ বন্ধুভাব হইবে। ঐ চতুর্থ গৃহের রাশ্যাদি হইতে লগ্নস্ফুট রাশ্যাদি হীন করিলে যাহা শেষ থাকিবে, তাহাকে তিন দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ক লগ্নস্ফুট রাশ্যাদির সহিত যোগ করিলে ধন ভাব (দ্বিতীয় গৃহ) হইবে এবং ঐ লব্ধাঙ্ককে দ্বিগুণ করিয়া লগ্নস্ফুটের রাশ্যাদির সহিত যোগ করিলে সহজ ভাব (তৃতীয় গৃহ) হইবে।

দ্যূনাচ্চতুর্থং সংশোধ্য শেষমেকদ্বিতাড়িতম্।
ত্র্যাপ্তং দদ্যাদ্বন্ধুভাবে স্যাতাং ভাবৌ সুতদ্বিষৌ॥

সপ্তম অর্থাৎ জায়া ভাবের রাশ্যাদি হইতে বন্ধুভাবের (চতুর্থের) রাশ্যাদি বিয়োগ করিয়া যাহা শেষ থাকিবে, তাহাকে তিন দ্বারা ভাগ করিয়া, লব্ধাঙ্ক বন্ধুভাবের রাশ্যাদিতে যোগ করিলে সুতভাব (পঞ্চম গৃহ) হইবে। আর শেষাঙ্ককে দ্বিগুণ করিয়া তিন দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ক বন্ধুভাবের রাশ্যাদির সহিত যোগ করিলে ষষ্ঠ অর্থাৎ রিপুভাব হইবে।

এবং লগ্নাদিষড়্ভাবাঃ সষড়্ভাঃ স্যুদ্যূনাদয়ঃ।
ভাবৈক্যার্দ্ধং ভবেৎ সন্ধিস্তৎস্থঃ স্যাদফলো গ্রহঃ॥

এই প্রকারে লগ্নাদি ছয় ভাবের রাশ্যাদিতে যথাক্রমে ছয় রাশি যোগ করিলে সপ্তমাদি ছয় রাশি হইবে। উভয় ভাবে ঐক্য করিয়া যে রাশ্যাদি হইবে, তাহাকে দুই সমভাগ অর্থাৎ অর্দ্ধ ভাগ করিলে যে রাশ্যাদি হইবে, তাহা সেই উভয় রাশির সন্ধি বলিয়া নির্দ্দিষ্ট হইবে এবং জন্মাদি সময়ে ঐ সন্ধি স্থলে যে গ্রহ অবস্থিতি করিবে, সে গ্রহ অফল অর্থাৎ শুভাশুভ কোন ফল দাতা হইবে না।

যোগেঽন্তরে বা কর্ত্তব্যে মীনাজয়োর্যথা তথা।
মেষে দ্বাদশ সংমিশ্র্য কুর্য্যাদ্যোগান্তরং বুধঃ॥

মীন এবং মেষের যোগ বা বিয়োগ করিতে হইলে যেরূপ অঙ্ক থাকে, সেইরূপ করিবে, এবং যদি মেষ হইতে মীন অন্তর করিতে হয়, তবে পণ্ডিতগণ মেষে দ্বাদশ যোগ করিয়া অন্তর করিবেন।

অন্তরং ষড়্ভতো ন্যূনং ন চেচ্চক্রে ত্যজেত্তদা।

অন্তর করিলে যদি ছয় রাশির ন্যূন হয়, তবে চক্র অর্থাৎ দ্বাদশ রাশি হইতে তাহা পুনরায় হীন করিবে না, আর যদি অন্তর করিয়া ছয় রাশির অধিক হয়, তবে তাহাকে পুনরায় দ্বাদশ হইতে হীন করিবে।

গতৈষ্যসন্ধিমধ্যে যো ভাব স্তদ্বাদিকো ভবেৎ।
তত্র তত্র স্থিতো দদ্যাত্তত্তদ্ ভাবফলং গ্রহঃ॥

গত এবং গমনীয় সন্ধি রাশ্যাদি মধ্যে যে ভাবের রাশ্যাদি থাকিবে, এবং তাহাতে যদি কোন গ্রহের স্ফুট রাশ্যাদি

থাকে, তাহা হইলে সেই গ্রহ যে সন্ধিতে থাকিবে, সেই ভাবের ফল দান করিবে।

গতসন্ধিক্রমাদ্বৃদ্ধ্যা ফলং ভাবসমাংশকে।
পূর্ণং তস্মাৎ পূর্ণহ্রাসাদেষ্যসন্ধৌ গ্রহোঽফলঃ॥

গ্রহগণ গতসন্ধি হইতে ভাবফল দান করিতে আরম্ভ করিয়া ক্রমে ক্রমে ভাবের শেষ অংশে সম্পূর্ণ ফল দান করেন। আর ভাবের শেষ অংশ হইতে গমনীয় সন্ধিতে ক্রমে ফলের হ্রাস করত গম্য সন্ধির শেষ অংশে গ্রহ অবস্থিতি করিলে সেই গ্রহ অফল অর্থাৎ ফলদাতা হন না।

ভাবান্ন্যূনাধিকঃ খেটো গতৈষ্যসন্ধিনান্তরঃ।
কলিতঃ স্যাৎ ফলং ভাবে সন্ধিভাবান্তরাংশহৃৎ॥

যে গ্রহ যে ভাবে থাকিবে, সেই গ্রহ সেই ভাবে কি পরিমাণে ফল দান করিবে তাহা কথিত হইতেছে। যে গ্রহ যে ভাবে অবস্থিতি করিবে ঐ ভাবের স্ফুটরাশ্যাদি হইতে গ্রহস্ফুট রাশ্যাদি ন্যুন হইলে গ্রহস্ফুট রাশ্যাদি হইতে গতসন্ধির স্ফুট রাশ্যাদি হীন করিবে, আর যে ভাবের গণনা হইতেছে, তাহা হইতে যদি গ্রহস্ফুট অধিক হয়, তবে গম্যসন্ধি হইতে গ্রহস্ফুট হীন করিয়া শেষ অংশকে কলা করিয়া কলার সহিত যোগ করিয়া সংস্থাপন করিবে, সেই সন্ধি ও ভাবের পরস্পরের স্ফুট রাশ্যাদি অন্তর করিয়া শেষ যে অংশ থাকিবে তাহা দ্বারা পূর্ব্বস্থাপিত কলাকে ভাগ করিলে যাহা লব্ধ হইবে, সেই গ্রহ তত কলা পরিমিত ফল দান করিবে।

যাত্রাজন্মবিবাহাদৌ সর্ব্বমঙ্গলকর্ম্মণি।
এবং ভাবফলং জ্ঞাত্বা বদেদ্বিদ্বান্ শুভাশুভম্॥

যাত্রা জন্ম এবং বিবাহ উপনয়ন প্রভৃতি সমস্ত মঙ্গল কর্ম্মের শুভাশুভ প্রশ্ন হইলে উক্ত প্রকারে সমস্ত ভাবের ফল জানিয়া বিদ্বান্ ব্যক্তি সেই সেই কর্ম্মের শুভাশুভ ফল কহিবেন।

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় কর্ত্তৃক সঙ্কলিত
ও প্রকাশিত ফলিত জ্যোতিষে তৃতীয় খণ্ডে
শ্রীরাঘবানন্দ চক্রবর্ত্তিবিরচিতায়াং বিদগ্ধতোষিণ্যাং
জাতকপদ্ধতৌ ভাবাধ্যায়ঃ প্রথমঃ।

যস্মাদ্দৃষ্টিভবং ধত্তে গ্রহো নানাবিধংফলম্।
তস্মাদানয়নং দৃষ্টের্ব্বদামি বিদুষাং মুদে॥

দৃশ্যো নাদবলোকিতাদ্দিবিচরাদেকাদিতঃ খাভ্রভু-
যুগ্মত্র্যব্ধিখদৃগ্গুণেন্দু খবিয়ৎপাদাদৃশাং খণ্ডকাঃ।
ভৌমাদ্ধীনবমে গুরোর্ম্মূর্তিসুখে মন্দাৎ ত্রিখে খর্ত্তবো ৬০
ভোগ্যঘ্নাংশ খরাম ভাগসহিতোনাঃ স্যুঃ স্ফুটা দৃষ্টয়ঃ॥

যে গ্রহ যে কোন গ্রহকে দেখেন, তিনি দ্রষ্টা, আর যে গ্রহকে দেখিতেছেন, তিনি দৃশ্য। যখন যে গ্রহের দৃষ্টি গণনা করিতে হইবে, সেই গ্রহের স্ফুট রাশ্যাদি হইতে যে গ্রহের উপর দৃষ্টি গণনা করা হইতেছে, সেই গ্রহের স্ফুট রাশ্যাদি হীন করিয়া যাহা শেষ থাকিবে, তাহাতে যে সংখ্যা থাকিবে, সেই সংখ্যা পরিমিত দৃষ্টি চক্রের কোষ্ঠ হইতে খণ্ডা গ্রহণ করিয়া তৎপরে অনুখণ্ডা গ্রহণ করিয়া ভোগ্য নিশ্চয় করিবে। তৎপরে সেই ভোগ্য দ্বারা অন্তর শেষ অংশাদি পূরণ করিয়া ত্রিশ দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা খণ্ডার ঋণ ধন বিবেচনা করিয়া খণ্ডাতে হীন বা যোগ করিলে যে অঙ্ক হইবে তাহাই সেই গ্রহের উপর সেই গ্রহের দৃষ্টি এবং তদনুসারে ফল হইবে।

দৃষ্টি চক্র	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
খণ্ডা	০	০	১৫	৩০	৪৫	৬০	০	৩০	৪৫	১৫	০	০
অনুখণ্ডা	০	১৫	৩০	৪৫	৬০	০	৩০	৪৫	১৫	০	০	০
ভোগ্য	০	১৫	১৫	১৫	১৫	৬০	৩০	১৫	৩০	১৫	০	০

কুজস্য

৪	৫	৮	৯
৩০	৬০	৩০	৬০
৬০	৬০	৬০	১৫
৩০	১৫	৩০	৪৫

গুরোঃ

৭	৮	৩	৪
০	৬০	১৫	৬০
৬০	৪৫	৬০	৪৫
৬০	১৫	৪৫	১৫

শনেঃ

২	৩	৯	১০
০	৬০	৪৫	৬০
৬০	৩০	৬০	০
৬০	৩০	১৫	৬০

গ্রহবীর্য্যং বিনা যস্মাজ্জায়তে ন দশাক্রমঃ।
তস্মাদানয়নং তস্য ষড়্বলস্য বদাম্যহম্॥

গ্রহগণের বল ব্যতীত দশা সংস্থাপনের ক্রম হয় না একারণে ষড়্বলসাধনের উপায় আমি বলিতেছি।

নীচান্তরখগস্যাংশস্ত্র্যাপ্তস্তুঙ্গবলং ভবেৎ।

গ্রহদিগের তুঙ্গবল কথিত হইতেছে। যখন যে গ্রহের তুঙ্গবল সাধন করিতে হইবে, তখন সেই গ্রহের স্ফুটরাশ্যাদি হইতে স্বীয় নীচাংশ হীন করিয়া যদি শেষ রাশ্যাদি থাকে তবে রাশিকে ত্রিশ দিয়া পূরণ করিয়া অংশের সহিত যোগ করিবে। যদি অন্তর করিবার সময় গ্রহস্ফুটাপেক্ষা নীচ রাশ্যাদি অধিক হয়, তাহা হইলে ঐ নীচ রাশ্যংশকে উপরে সংস্থাপন করিয়া অন্তর করিবে। অন্তর করিলে যদি অবশেষ ছয় রাশি অপেক্ষা অধিক হয়, তাহা হইলে দ্বাদশ রাশি হইতে পুনরায় তাহা বাদ দিবে। পুনরায় যদি রাশি শেষ থাকে তাহা হইলে তাহাকে ত্রিশ দ্বারা পূরণ করিয়া অংশের সহিত যোগ করিয়া ৩ তিন দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহাই সেই গ্রহের তুঙ্গবল।

মূলত্রিকোণে বাণাব্ধী তদর্দ্ধমধিমিত্রভে।
স্বগৃহে স্যাদ্বলং ত্রিংশৎ তদর্দ্ধং মিত্রমন্দিরে।
তদর্দ্ধং সমরাশৌ স্যাত্তদর্দ্ধং শত্রুমন্দিরে।
তদর্দ্ধমধিশত্রৌ স্যাদ্ গ্রাহ্যং তৎ সপ্তবর্গজম্॥

স্থানবল উক্ত হইতেছে। গ্রহ যদি স্বীয় মূলত্রিকোণ গৃহে থাকে, তাহা হইলে তাহার ৪৫ কলা ত্রিপাদ বল, আর যদি অধিমিত্র গৃহে থাকে তাহা হইলে উক্ত বলের অর্দ্ধ ২২।৩০ কলা বল, আর যদি স্বীয় গৃহে থাকে তাহা হইলে তাহার ৩০ কলা অর্দ্ধ বল, আর যদি মিত্র গৃহে থাকে তাহা হইলে ৪৫ কলা পাদ বল, আর যদি সমগ্রহের গৃহে থাকে তাহা হইলে উক্ত পাদবলের অর্দ্ধ ৭।৩০ কলা, আর শত্রু গ্রহের গৃহে থাকিলে পাদার্দ্ধার্দ্ধ ৩।৪৫ কলা বল, এবং অধিশত্রু গ্রহের গৃহে থাকিলে সেই গ্রহের পাদার্দ্ধার্দ্ধার্দ্ধ ১।৫২।৩০ কলা বল হয়। উক্তরীতি অনুসারে গ্রহদিগের অধিষ্ঠিত ক্ষেত্রাদির অধিপতি গ্রহের সহিত মিত্রামিত্রাদি বিবেচনা করিয়া সপ্ত বর্গেরও বল সাধন করিবে।

যুগ্মভাংশগতৌ চন্দ্রশুক্রৌ বাণেন্দুবীর্য্যদৌ।
অযুগ্মভাংশকা অন্যে তাবন্ত এব বীর্য্যদাঃ॥

যুগ্মভাংশ বল অর্থাৎ গ্রহস্থিতি রাশি এবং নবাংশ যুগ্ম ২।৪।৬।৮।১০।১২ ইত্যাদি রূপ হইলে কোন্ গ্রহের কি পরিমাণে বল হইবে তাহা কথিত হইতেছে। চন্দ্র এবং শুক্র যদি যুগ্ম রাশি বা যুগ্মনবাংশে অবস্থিতি করেন, তাহা হইলে তাহার বল ১৫ কলা, আর যদি যুগ্ম রাশি এবং যুগ্ম নবাংশ গত হন তাহা হইলে তাহার বল ৩০ কলা গ্রহণ করিতে হইবে। আর ঐ গ্রহ অযুগ্ম রাশি বা নবাংশে থাকিলে উক্ত উভয় গ্রহেরই যুগ্মভাংশ বল থাকিবে না। আর অন্যান্য গ্রহ যদি অযুগ্ম ১।৩।৫।৭।৯।১১ ইত্যাদি রাশি বা নবাংশে থাকে তাহা হইলে তাহাদিগের বল পাদ ১৫

কলা হইবে। আর অযুগ্ম রাশি এবং অযুগ্মনবাংশ থাকিলে তাহার বল ৩০ কলা। আর যুগ্ম রাশি ও নবাংশে তাহাদিগের যুগ্মভাংশ বল কিছুই নাই জানিবে।

আদিমধ্যান্তগা রাশেঃ পুংষণ্ডস্ত্রীগ্রহা অপি।

যদি পুরুষ গ্রহ রবি মঙ্গল বৃহস্পতি স্থিতি রাশির প্রথম দ্রেক্কাণে থাকেন, তবে তাহার বল ১৫ কলা এবং ক্লীব গ্রহ বুধ ও শনি যদি স্থিতি রাশির দ্বিতীয় দ্রেক্কাণে অবস্থিতি করেন, তবে তাহার বল ১৫ কলা এবং স্ত্রী গ্রহ চন্দ্র ও শুক্র যদি স্থিতি রাশির শেষ দ্রেক্কাণে অবস্থিতি করেন, তবে তাহার বল ১৫ কলা গ্রহণ করিতে হইবে।

কেন্দ্রাদিস্থগ্রহস্যোজঃ ষষ্টিত্রিংশত্তিথিঃ ক্রমাৎ।
এবং স্থানবলং প্রোক্তং দিগ্বলং কথ্যতেঽধুনা॥

মেষাবধি গণনাতে যে গ্রহ কেন্দ্রে অর্থাৎ ১।৪।৭।১০ স্থানে থাকিবেন, তাহার বল ৬০ কলা, আর পণ ফর ২।৫।৮।১১ রাশিতে থাকিলে তাহার বল ৩০ কলা আর আপোক্লিম ৩।৬।৯।১২ রাশিতে অবস্থিতি করিলে তাহার বল ১৫ কলা। এই প্রকারে স্থানবল উক্ত হইল। সম্প্রতি দিগ্বল কহিতেছি।

(দিগ্বল কথনম্।)

শনিঃ কুজার্কৌ জ্ঞগুরূ সিতেন্দূ কণ্টকৈঃ ক্রমাৎ।
অন্তরোঽংশীকৃতস্ত্র্যাপ্তস্তেষামাশা বলং ভবেৎ॥

শনি গ্রহের দিগ্বল সাধনে শনির স্ফুটরাশ্যাদি তনুভাবের স্ফুটরাশ্যাদি হইতে হীন করিবে এবং মঙ্গল ও রবির দিগ্বল সাধনস্থলে বন্ধুভাবের স্ফুটরাশ্যাদি হইতে মঙ্গল ও রবির স্ফুটরাশ্যাদি অন্তর করিতে হইবে। আর বুধ এবং বৃহস্পতির দিগ্বল সাধন সময়ে উক্ত দুই গ্রহের স্ফুটরাশ্যাদি পত্নীভাবের স্ফুটরাশ্যাদি হইতে বিয়োগ করিবে। আর শুক্র এবং চন্দ্রের দিগ্বল সাধন কালে চন্দ্র ও শুক্রের স্ফুটরাশ্যাদি কর্ম্মভাবের স্ফুটরাশ্যাদি হইতে হীন করিবে। অন্তরকরণ সময়ে যাহার স্ফুট হইতে যে স্ফুটরাশ্যাদি বিয়োগ করিতে হইবে তদুভয়ের মধ্যে যাহা অধিক হইবে, তাহাকে উপরে সংস্থাপন করিয়া বিয়োগ করিবে। অন্তর করিয়া শেষ যদি ছয় রাশির অধিক থাকে তাহা হইলে পুনরায় তাহা দ্বাদশ হইতে হীন করিবে। পরে অন্তর করিলে শেষ যে রাশি থাকিবে, তাহাকে ত্রিশ দ্বারা পূরণ করিয়া অংশের সহিত যোগ করিয়া যোগাঙ্ককে তিন দ্বারা ভাগ করিয়া যে কলাদি লাভ হইবে, তাহাই সেই গ্রহের দিগ্বল।

অথ কালবলং বক্ষ্যে পক্ষাদিবলভেদতঃ।
রবীন্দ্বোশ্চান্তরস্ত্র্যাপ্তঃ পক্ষবীর্য্যং ভবেদ্বিধোঃ॥
সদগ্রাণাঞ্চ পাপানাং তদ্বলং ষষ্টিতশ্চ্যুতং।

পক্ষাদি বলভেদে গ্রহদিগের কালবল কথিত হইতেছে। রবির স্ফুট হইতে চন্দ্রস্ফুট হীন করিবে। হীন করণে অযোগ্য হইলে চন্দ্রস্ফুট হইতে রবিস্ফুট হীন করিবে। শেস যদি ছয় রাশি হইতে অধিক হয়, তাহা হইলে দ্বাদশ হইতে তাহা পুনরায় অন্তর করিয়া শেষ রাশি থাকিলে তাহাকে ত্রিশ দ্বারা পূরণ করিয়া অংশের সহিত মিশ্রিত করিবে। পরে সেই অংশাদিকে তিন দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহাই চন্দ্রের পক্ষবল। ঐ পক্ষবলই শুভ গ্রহদিগের পক্ষবল বলিয়া পরিগৃহীত হইবে, এবং ঐ পক্ষবল ষষ্টি হইতে হীন করিলে যাহা শেষ থাকিবে, তাহাই পাপগ্রহগণের পক্ষবল বলিয়া নির্দ্দিষ্ট হইবে।

অহ্নস্ত্র্যংশে বলং ষষ্টির্জ্ঞস্য ভানোঃ শনেঃ ক্রমাৎ।
রাত্রেরিন্দোর্ভৃগোর্ভূমিপুত্রস্য তৎ সদা গুরোঃ॥

যদি দিবসে জন্ম হয় তাহা হইলে দিনমানকে সমান তিন ভাগে বিভক্ত করিয়া তাহার প্রথম ভাগে জন্ম হইলে বুধের ৬০ কলা বল, দ্বিতীয় ভাগে জন্ম হইলে রবির ৬০ কলা বল, তৃতীয় ভাগে জন্ম হইলে শনির ৬০ কলা বল গ্রহণ করিবে। আর যদি রাত্রিতে জন্ম হয়, তাহা হইলে নিশামানকে তিন ভাগ করিয়া প্রথম ভাগে চন্দ্রের ৬০ কলা বল, দ্বিতীয় ভাগে শুক্রের ৬০ কলা বল, তৃতীয় ভাগে মঙ্গলের ৬০ কলা বল জানিবে। এবং দিন ও রাত্রি এই উভয় সময়েই বৃহস্পতির ৬০ কলা বল গ্রহণ করিবে॥

বর্ষস্যাধিপতের্বীর্য্যং তিথির্মাসস্য খানলৌ।
অহ্নঃশরাব্ধী কালাখ্য হোরায়াঃ খরসা ৬০ বলম্॥

বর্ষাধিপতি মাসাধিপতি দিনাধিপতি এবং কালহোরাধিপতির বল নির্ণয় করিতে হইলে প্রথমে দিনবৃন্দকে তিনশত ষষ্টি দ্বারা ভাগ করিয়া যে ভাগফল লব্ধ হয় তাহাকে তিন দ্বারা গুণ করিয়া গুণফলে ১ এক যোগ করিবে। পরে ঐ যোগাঙ্ককে সাত দ্বারা ভাগ করিয়া যাহা শেষ থাকিবে, শুক্র হইতে গণনায় ঐ অঙ্কে যে গ্রহ হয়, সেই গ্রহ বর্ষাধিপতি। তাহার বল পাদ ১৫ কলা। মাসাধিপতি গণনা স্থলে দিনবৃন্দকে ত্রিশ দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহাকে দ্বিগুণ করিয়া তাহাতে এক যোগ করিবে। তৎপরে ঐ যোগাঙ্ক সাত দ্বারা হরণ করিয়া যাহা শেষ থাকিবে, সেই অঙ্ক শুক্রাদি গণনায় যে গ্রহ হইবে, সেই গ্রহ মাসাধিপতি। তাহার বল অর্দ্ধ ৩০ ত্রিশ কলা। দিনাধিপতি গণন স্থলে দিনবৃন্দকে সাত দ্বারা ভাগ করিয়া যাহা শেষ থাকিবে, শুক্র হইতে গণনায় সেই অঙ্কে যে গ্রহ হয়, সেই গ্রহ দিনাধিপতি। তাহার বল ত্রিপাদ ৪৫ কলা। কালহোরাধিপতি গণনস্থলে যদি দিবসে জন্ম হয়, তবে জাতদণ্ডে স্ব স্ব দেশীয় বারপ্রবৃত্তিদণ্ডহীন করিয়া যাহা শেষ থাকিবে, তাহাকে দ্বিগুণ করিয়া পাঁচ দ্বারা হরণ করিবে, হরণ করিলে যে ভাগ ফল লব্ধ হইবে, তাহা সংস্থাপন করিয়া বারাধিপতি হইতে গণনা আরম্ভ করিয়া ক্রমে ক্রমে রবি শুক্র বুধ চন্দ্র শনি বৃহস্পতি মঙ্গল এই সপ্তগ্রহের মধ্যে ছয় ছয় অন্তরে উক্ত সংস্থাপিত অঙ্কে যে গ্রহ হইবে, সেই গ্রহই তাহার কালহোরাধিপতি। আর রাত্রিতে জন্ম হইলে দিনমান হইতে বার প্রবৃত্তি দণ্ড হীন করিয়া শেষাঙ্কের সহিত রাত্রির গত দণ্ড যোগ করিবে। তৎপরে ঐ যোগাঙ্ক হইতে দিনমান অন্তর করিয়া যাহা শেষ থাকিবে তাহাকে দুই দিয়া গুণ করিয়া গুণ ফলকে ৫ পাঁচ দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা সংস্থাপন করিয়া পরে রবি বৃহস্পতি চন্দ্র শুক্র মঙ্গল শনি বুধ, এই সপ্ত গ্রহের মধ্যে বারাধিপতি হইতে গণনা আরম্ভ করিয়া পাঁচ পাঁচ অন্তরে ঐ সংস্থাপিতাঙ্কে যে গ্রহ হইবে, সেই গ্রহ তাহার কালহোরাধিপ তি। তাহার বলপূর্ণ ৬০ কলা গ্রহণ করিবে। এই গ্রন্থে বর্ষাধিপতি মাসাধিপতি দিনাধিপতি এবং কালহোরাধিপতি আনয়নের প্রমাণ না থাকায় তাহা প্রকাশ হইল না। পরন্তু তাহার সংকেত লিখিত হইল। স্থানান্তরে তাহার প্রমাণ সন্নিবেশিত হইবে।

অথ নতোন্নতসাধনম্।

নক্তং বলানাং চন্দ্রারশনীনাং দ্বিগুণোনতঃ।
দিবা বলানাং গুর্ব্বর্কসিতানাং দ্বিগুণোন্নতঃ।
বলং ষষ্টিঃ সদা চান্দ্রেরেবং কালবলং মতম্॥

যদি রাত্রিতে জন্ম হয় তবে চন্দ্র মঙ্গল এবং শনির বলসাধনে প্রাগুন্নতদণ্ড স্থলে প্রাগুন্নত, আর পশ্চান্নতদণ্ড স্থলে পশ্চান্নত দণ্ডকে দ্বিগুণ করিয়া পক্ষবলের সহিত মিশ্রিত করিবে। আর দিবসে জন্ম হইলে বৃহস্পতি, রবি এবং শুক্রের বল সাধন স্থলে উন্নতদণ্ডকে দ্বিগুণ করিয়া পক্ষবলের সহিত মিশ্রিত করিবে। আর দিন ও রাত্রি এই উভয় সময়েই বুধের বল ৬০ কলা গ্রহণ করিবে, এই প্রকারে গ্রহদিগের কালবল কথিত হইল।

অথ নিসর্গবলসাধনম্।

ষষ্টিরেকাদিগুণিতা সপ্তাপ্তা স্যান্নিসর্গজম্।
মন্দারজ্ঞেজ্যশুক্রেন্দুসূর্য্যানাং ক্রমতো বলম্॥

যথা, শনেঃ ৮।৩৪।কুজস্য ১৭।৯। বুধস্য ২৫।৩৫। গুরোঃ ৩৪।১৭ শুক্রস্য ৪২।৫১।২৬।রবেঃ ৬০ ॥

নিসর্গবলসাধনে ষষ্টিকে এক হইতে সপ্ত পর্য্যন্ত অঙ্ক দ্বারা ক্রমে ক্রমে গুণ করিয়া সাত দ্বারা হরণ করিলে যাহা লব্ধ হয়, তাহাই শনি প্রভৃতি সপ্ত গ্রহের নিসর্গ বল। যথা ষষ্টিকে সাত দ্বারা ভাগ করিলে লব্ধ শনির নিসর্গবল, এবং ষষ্টিকে দুই দ্বারা পূরণ করিয়া সাত দ্বারা ভাগ করিলে মঙ্গলের, ৩ তিন দ্বার পূরণ করিয়া সাত দ্বারা হরণ করিলে বুধের, ৪ চারি দ্বারা পূরণ করিয়া সাত দ্বারা ভাগ করিলে। বৃহস্পতির, ৫ পাঁচ দ্বারা পূরণ করিয়া সাত দ্বারা হরণ করিলে শুক্রের, ৬ ছয় দ্বারা গুণ করিয়া সাত দ্বারা হরণ করিলে চন্দ্রের, এবং সাত দ্বারা পূরণ করিয়া ঐসাত দ্বারা ভাগ করিলে রবির নিসর্গবল হয়। কোন কোন স্থলে অনুকলা ৩০শের অনধিক হওয়ায় গ্রন্থকার.

তাহা পরিত্যাগ করিয়া কেবলমাত্র কলা বিকলা রূপ ঐ সকল গ্রহের নিসর্গ বল স্বয়ং গ্রন্থমধ্যে সন্নিবেশিত করিয়াছেন। যথা, শনির ৮৷৩৪, মঙ্গলের ১৭৷৯, বুধের ২৫৷৪৫, বৃহস্পতির ৩৪৷১৭, শুক্রের ৪২৷৫১, চন্দ্রের ৫১৷২৬, রবির ৬০৷০

অথ অয়নবলসাধনম্।

রবিভৌমাঙ্গিরঃ শুক্রাৎ সায়নাংশান্নবান্তরাৎ।
শেষাৎ ত্রিভান্তরাদংশাদ্বলং তিথ্যাপ্তখণ্ডতঃ॥
শূন্যপাবকতো ন্যূনং সায়নং বোধনস্য যৎ।
তদ্বলং ষষ্টিতঃ শুদ্ধমত্র জ্ঞেয়ং বিপশ্চিতা॥

গ্রহদিগের অয়নবল সাধন উক্ত হইতেছে, রবি, মঙ্গল, বৃহস্পতি এবং শুক্রের অয়ন বল সাধন সময়ে উক্ত তিন গ্রহের স্ফুট রাশ্যাদির অংশাদির সহিত অয়নাংশ যোগ করিয়া তাহা হইতে নয় রাশি বিয়োগ করিবে, যদি বিয়োগ অসম্ভব হয়, তাহা হইলে নয়কে উপরে সংস্থাপন করিয়া তাহা হইতে গ্রহের স্ফুটরাশ্যাদি হীন করিবে। আর চন্দ্র, বুধ ও শনির অয়ন বলসাধন স্থলে উক্ত তিন গ্রহের স্ফুট রাশ্যাদির রাশি হইতে তিন রাশি অন্তর করিবে, অন্তর সময়ে অধিকাঙ্ককে উপরে সংস্থাপন করিয়া অন্তর করিবে, শেষ রাশি যদি ছয়ের অধিক হয়, তাহা হইলে দ্বাদশ হইতে তাহাকে হীন করিয়া শেষ যদি রাশি থাকে, তাহা হইলে তাহাকে ৩০ ত্রিশ দ্বারা পূরণ করিয়া অংশের সহিত মিশ্রিত করিবে, পরে ঐ অংশকে ১৫ পঞ্চদশ দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, সেই অঙ্কের অনুযায়ী সায়ন খণ্ডা হইতে খণ্ডা গ্রহণ করিবে, তৎপরে অনুখণ্ডা গ্রহণ করিয়া পূর্ব্বোক্ত রীত্যনুসারে খণ্ডার ভোগ্য নির্ণয় করিয়া সেই ভোগ্য দ্বারা শেষ কলাদিকে পূরণ করিয়া গুণফল পঞ্চদশ দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহাই সেই গ্রহের অয়নবল। বুধের অয়নবল যদি ৩০ অপেক্ষা ন্যুন হয় তাহা হইলে তাহা ষষ্টি হইতে বিয়োগ করিলে যাহা শেষ থাকিবে, পণ্ডিত ব্যক্তি তাহাই বুধের অয়নবল বলিয়া জানিবেন।

সায়ন খণ্ডা	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
খণ্ডা	১	৪	৯	১৫	২২	৩০	৩৮	৪৫	৫১	৫৬	৫৯	৬০
অনুখণ্ডা	৪	৯	১৫	২২	৩০	৪৮	৪৫	৫১	৫৬	৫৯	৬	০
ভোগ্য	৩	৫	৬	৭	৮	৮	৭	৬	৫	৩	১	০

জন্মকালে যদা যুদ্ধং গ্রহয়োঃ স্যাত্তদা তয়োঃ।
বীর্য্যৈকত্বান্তরং বাণান্তরেণ ভাজিতং বলে।
সসৌম্যস্থস্য খেটস্য যাম্যস্থস্য বিযোজনম্॥

কুজাদি শনি পর্য্যন্ত পাঁচ গ্রহমধ্যে রাশিতে যদি দুই বা তিন ইত্যাদি গ্রহ থাকে তাহা হইলে উহাদিগের পরস্পর যুদ্ধ হইয়া থাকে তাহা সমস্ত সিদ্ধান্ত গ্রন্থে প্রকাশ আছে। তাহার বিশেষ বিবরণ এ গ্রন্থে নাই পরন্তু উভয়ের বলসাধন এই গ্রন্থে প্রকাশ আছে। এজন্য গ্রহযুদ্ধের প্রমাণ না লিখিয়া তাহার সঙ্কেত মাত্র অনুবাদে প্রকাশ হইতেছে। এক রাশিস্থিত ভৌমাদি পঞ্চ গ্রহের মধ্যে এক রাশিতে যে কএক গ্রহ থাকিবে তাহার মধ্যে যাহার স্ফুট অধিকাংশ হইবে, সেই গ্রহ উত্তরায়ণ চারী এবং জয়ী বলিয়া নির্দ্দিষ্ট আছে। আর যাহার স্ফুটাংশ ন্যুন হইবে সেই গ্রহ দক্ষিণায়ন চারী এবং পরাজিত বলিয়া গৃহীত হইয়া থাকে। ঐ উভয় গ্রহের স্থানবল দিগ্বল কালবল নিসর্গবল এবং অয়নবল পর্য্যন্ত সমস্ত

বলের কলাদির সমার্দ্ধি, অর্থাৎ যোগ করিয়া পরস্পর অন্তর করিয়া শেষাঙ্ককে দুই স্থানে সংস্থাপন করিবে। তৎপরে তাহার একটি হইতে পাঁচ হীন করিয়া যাহা শেষ থাকিবে, তাহা দ্বারা অপরটিকে ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা উত্তরায়ণচারী জয়ী গ্রহে যোগ করিবে, আর দক্ষিণায়নচারী পরাজিত গ্রহে হীন করিবে, এইরূপ কার্য্য করিয়া যদি দক্ষিণায়নচারী গ্রহের বল উত্তরায়ণচারী জয়ী গ্রহাপেক্ষা অধিক হয়, তাহা হইলে উভয়ের যুদ্ধ এবং সমাগম সময়ে পরস্পরের সমতা হইবে, অর্থাৎ জয় বা পরাজয় হইবে না।

(অথ চেষ্টাবলসাধনং)

মধ্যযুক্তস্ফুটার্দ্ধোনং শীঘ্রং চেষ্টাখ্যকেন্দ্রকম্।
স্যাচ্চেৎ ষড়্ভাধিকং চক্রাত্তদা শুদ্ধং তদংশকাৎ॥
ত্রিভির্লব্ধং ভবেচ্চেষ্টাবলং ভৌমাদি পঞ্চকে।
পক্ষায়নসমং গ্রাহ্যং চেষ্টাবীর্য্যং শশীনয়োঃ॥

গ্রহদিগের চেষ্টা বল সাধন করণ সময়ে রবির যাহা অয়নবল তাহাই চেষ্টাবল বলিয়া গৃহীত হইবে, এবং চন্দ্রের পক্ষবল যাহা হইয়াছে, তাহাই তাঁহার চেষ্টাবল কহিবে। আর ভৌমাদি পঞ্চ গ্রহের চেষ্টাবলসাধন স্থলে কুজাদি শনি পর্য্যন্ত পাঁচ গ্রহের স্ফুটরাশ্যাদির সহিত স্ব স্ব মধ্যরাশ্যাদি যোগ করিয়া দুই দিয়া ভাগ করিয়া লব্ধ ভাগফল স্ব স্ব শীঘ্ররাশ্যাদি হইতে হীন করিবে। হীন করিয়া যাহা শেষ থাকিবে, তাহাই সেই গ্রহের চেষ্টাকেন্দ্র বলিয়া গৃহীত হইবে। উহা যদি ছয় রাশি হইতে অধিক হয় তাহা হইলে চক্র অর্থাৎ দ্বাদশ রাশি হইতে শোধন করিয়া শেষ যদি রাশি থাকে, তাহাকে ত্রিশ দ্বারা পূরণ করিয়া অংশের সহিত যোগ করিবে। তৎপরে ঐ যোগাঙ্ককে তিন দ্বারা হরণ করিয়া যে কলাদি লব্ধ হইবে তাহাই সেই গ্রহের চেষ্টাবল হইবে।

সর্ব্ববীর্য্যৈক্যমত্রাঙ্গহৃতং রূপকলাদিকম্।
যুক্তং সদ্দৃষ্টিপাদেন হীনং পাপদৃগঙ্ঘ্রিণা॥
এবংরব্যাদিখেটানাং জায়তে প্রস্ফুটং বলম্॥

রব্যাদি সপ্তগ্রহের স্থানবল প্রভৃতি সকল বল একত্র করিয়া ষাইটের অধিক হইলে ষাইটদ্বারা ভাগ করিলে শেষ যে কলাদি থাকিবে, তাহার সহিত, শুভগ্রহের সমস্ত দৃষ্টি চারি দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা যোগ করিবে, এবং সমস্ত পাপগ্রহের সকল দৃষ্টি একত্রিত করিয়া চার দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ হইবে, তাহা উহা হইতে বিয়োগ করিলে শেষ যে কলাদি থাকিবে, তাহাই সেই গ্রহের স্ফুটবল হইবে।

অথ তন্বাদিদ্বাদশভাবানাং বলসাধনম্।

বলং স্বামি বলং গ্রাহ্যং ভাবানাং জ্ঞেজ্যদৃগ্‌যুতম্।
পুনঃ সদ্দৃষ্টিপাদাঢ্যং পাপদৃক্ চরণোনিতম্॥
ভাবাৎ কীটচতুষ্পাদনরনীবোদ্ভবাৎ ক্রমাৎ।
লগ্নতুর্য্যাস্তদশমৈরন্তরাদংশকী কৃতাৎ॥
ত্র্যাপ্তং বলং যুতং তত্র ভাবানাং স্যাদ্বলং স্ফুটম্॥
ইতি বিদগ্ধতোষিণ্যাং বলনির্ণয়াধ্যায়স্তৃতীয়ঃ।

গ্রহদিগের বল সাধন করিয়া তন্বাদি দ্বাদশ ভাবের বল সাধন করিবে। যখন যে ভাবের বলসাধন করিবে, তখন সেই ভাবের অধিপতি যে গ্রহ তাহার স্ফুটবল যাহা হইবে, তাহাতে বুধ এবং বৃহস্পতির দৃষ্টি যোগ করিবে। পুনরায় তাহাতে সমস্ত শুভগ্রহের দৃষ্টির এক পাদ যোগ করিয়া সমস্ত পাপগ্রহের দৃষ্টির এক পাদ হীন করিয়া সংস্থাপন করিবে। তৎপরে সেই ভাব কীট চতুষ্পদ নর এবং জলজ, এই চারি প্রকার রাশি। তাহা ১ এক সংখ্যার দ্বিতীয় খণ্ডের ৬১ পৃষ্ঠার দুই কলমে লিখিত হইয়াছে উক্ত ভাব ঐ রাশিচতুষ্টয়ের মধ্যে কোন্ রাশি তাহা বিবেচনা করিয়া যদি সেই ভাব কীট রাশি হয়, তাহা হইলে তনুভাবে অন্তর করিবে। যদি চতুষ্পদ রাশি হয়, তাহা হইলে চতুর্থ ভাব হইতে অন্তর করিবে, আর যদি নররাশি হয়, তাহা হইলে সপ্তম ভাব হইতে অন্তর করিবে, আর যদি জলজ রাশি হয়, তাহা হইলে দশম ভাব হইতে তাহা অন্তর করিয়া শেষ যদি রাশি থাকে তাহাকে অংশ করিয়া অংশের সহিত যোগ করিবে। তৎপরে তাহা তিন দ্বারা ভাগ করিয়া যাহা লব্ধ

হইবে, তাহা পূর্ব্বস্থাপিত বলের সহিত যোগ করিলে সেই ভাবের স্ফুটবল হইবে।

ইতি বিদগ্ধতোষিণী, বলনির্ণয় নামক তৃতীয়াধ্যায় সমাপ্ত।

জাতকাদি ফলং জ্ঞানং নির্ণয়াদিষ্টকষ্টয়োঃ
ভবেদ্‌যস্মাত্তয়োস্তস্মাদ্বক্ষ্যে সাধনমুত্তমম্ ॥

যেহেতু ইষ্ট এবং কষ্ট নির্ণয় দ্বারা জাতকাদির ফলেরও ইষ্ট কষ্ট জ্ঞান হয়, এই হেতু সেই ইষ্ট ও কষ্ট ফলের উত্তম সাধন কহিতেছি।

সায়নঃ সত্রিভঃ সূর্য্যশ্চেষ্টাকেন্দ্রং রবের্ভবেৎ।
বিসূর্য্যচন্দ্রঃ শীতাংশোরন্যেষাং পূর্ব্বমীরিতম্।
পূর্ব্ববৎ সাধয়েদত্র চেষ্টাবীর্য্যং শশীনয়োঃ ॥

রবির স্ফুটে তাৎকালিক অয়নাংশ যোগ করিয়া পরে তাহার সহিত তিন রাশি যোগ করিলে যে রাশ্যাদি হয়, তাহাই রবির চেষ্টাকেন্দ্র। আর চন্দ্রের স্ফুট রাশ্যাদি হইতে অয়নাংশ রহিত রবিস্ফুট হীন করিলে শেষ যে রাশ্যাদি থাকে, তাহাই চন্দ্রের চেষ্টাকেন্দ্র হয়, আর কুজাদি পঞ্চ গ্রহের চেষ্টাকেন্দ্র পূর্ব্বেই কথিত হইয়াছে। পূর্ব্বোক্ত কুজাদি গ্রহের চেষ্টাবলসাধনে যে রীতি উক্ত হইয়াছে, এস্থলেও সেই নিয়মানুসারে রবি এবং চন্দ্রের চেষ্টাবল সাধন করিবে।

চেষ্টোচ্চবলয়োর্ঘাতামূলমিষ্টফলং ভবেৎ।
চেষ্টোচ্চবলয়োঃ ষষ্টিশুদ্ধয়োর্ঘাততঃ পদম্।
কষ্টং স্যাদথ তদ্রূপং দশায়াং স্যাৎ শুভাশুভম্ ॥

(অথ ভাববলের ইষ্টকষ্টসাধন।)

চেষ্টাবল এবং তুঙ্গ বল এই উভয় বল পরস্পর গুণ করিয়া তাহার মূলাকর্ষণ করিলে যাহা মূল হইবে। সেই সংখ্যা পরিমাণে সেই গ্রহ ইষ্ট ফল দান করিবে, আর চেষ্টাবল এবং তুঙ্গবল এই উভয় বল ষষ্টি হইতে বিয়োগ করিয়া যাহা শেষ থাকিবে, তাহাকে পরস্পর পূরণ করিয়া তাহার মূলাকর্ষণ করিবে। যাহা মূল লব্ধ হইবে, তাহাই সেই গ্রহের কষ্ট ফল হইবে। যে পরিমাণে ইষ্ট বা কষ্ট ফল হইবে, সেই গ্রহের দশা ভোগ সময়ে শুভাশুভ ফল ও সেই রূপ হইবে।

অথ ইষ্টকষ্টবলসাধনম্।

দৃষ্টিং বীর্য্যঞ্চ খেটানামিষ্টকষ্টহতং পৃথক্।
ষষ্ট্যাপ্তমিষ্টকষ্টাখ্যে স্যাতাং দৃষ্টি বলস্ফুটে ॥

গ্রহদিগের দৃষ্টি ও বল গ্রহণ করিয়া দুই স্থানে সংস্থাপন করিবে। তৎপরে উক্ত উভয় বলকে ইষ্ট ফল ও কষ্ট ফল দ্বারা গুণ করিয়া উভয় অঙ্ককে ষষ্টি দ্বারা ভাগ করিবে। ইষ্ট ফল গুণিত ইষ্ট দৃষ্টি হইতে যে ভাগফল লব্ধ হইবে, তাহা ইষ্ট দৃষ্টি এবং ইষ্ট ফল দ্বারা গুণিত বল হইতে যে ভাগফল লব্ধ হইবে, তাহা ইষ্ট বল এবং কষ্ট ফল দ্বারা দৃষ্টি গুণ করিয়া ষষ্টি দ্বারা ভাগ করিলে যে ভাগ ফল লব্ধ হইবে, তাহা কষ্ট দৃষ্টি এবং কষ্ট ফল দ্বারা বল গুণ করিয়া তাহাকে ষাইট দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে, তাহা কষ্ট বল বলিয়া কথিত হইবে।

ক্ষেত্রাদিসপ্তবর্গাণামীশস্তঙ্গে গৃহে যদি।
তদা তস্য ফলং দন্তা ৩২ মূলে সিদ্ধাঃ ২৪ স্বকে নৃপাঃ ১৬।
অধিমিত্রে তু নেত্রেন্দু ১২ মিত্রে নাগাঃ ৮ সমেহব্ধয়ঃ ৪।
শত্রৌ দ্বয়ং ২ চাধিরিপৌ রূপং ১ নীচে বিয়ৎ ফলম্।
এতৎ শুভাখ্যং তদ্দন্তাৎ শুদ্ধং স্যাদশুভং ফলম্ ॥

যখন যে গ্রহের বল ... তে
হইবে, যে সেই গ্রহ, ক্ষে ... হার
কোন বর্গের অধিপতি বি ... াতি
হয়, এবং যে রাশিতে অ ... যদি
সেই গ্রহের স্বীয় উচ্চ গৃ ... ফল
৩২ বত্রিশ, আর যদি ... ল-
ত্রিকোণ হয়, তাহা হইবে ... এবং
ঐ রাশি স্বীয় গৃহ হইলে ... রূপ
গ্রহাধিষ্ঠিত রাশি স্বামীর ... ক ও
নৈসর্গিক শত্রু ও মিত্রত ... ফল
গ্রহণ করিবে। সেই গ্রহ ... ছে,
ঐ রাশির স্বামী যদি অ ... ফল
১২ বার, আর মিত্র গ্রহে ... াট;
আর সমগ্রহের গৃহ হইলে ... শত্রু

গ্রহের গৃহ হইলে তাহার কল ২ দুই, আর অধিশত্রু গ্রহের গৃহ হইলে তাহার কল ০ শূন্য, অর্থাৎ কল নাই। এই যে সকল ফলের সঙ্খ্যা উক্ত হইল, ইহা শুভফল এবং ঐ সকল সংখ্যা ৩২ বত্রিশ হইতে হীন করিলে যাহা শেষ থাকিবে, তাহা অশুভফল হইবে।

বর্গেশতৎস্থগ্রহয়োঃ স্ফুটেষ্টকষ্টবীর্য্যয়োঃ।
ঘাতাম্মূলেন গুণিতং শুভাশুভফলং ক্রমাৎ।
পংক্তিদ্বয়ে সপ্ত সপ্ত কোষ্ঠে প্রত্যেকমষ্টহৃৎ।
তত্তৎক্ষেত্রোত্থতুঙ্গাদি শুভাশুভফলাহতম্।
বেদাক্ষিদশভি-১০২৪ র্ভক্তং প্রথমং দ্বিগুণং পনঃ।
তেষামৈক্যং ফলং জ্ঞেয়ং স্ফুটং তন্মুনিসম্মতম্॥

ক্ষেত্রাদি সপ্তবর্গের ইষ্ট বল সাধন স্থলে যে বর্গে যে গ্রহ অবস্থিতি করিবে, সেই বর্গের অধিপতি গ্রহের স্ফুট-ইষ্ট বল এবং যে বর্গের বল সাধন করিবে, সেই বর্গস্থিত গ্রহের স্ফুট ইষ্টবল, এই উভয় স্ফুট বলের পরস্পরের গুণ করিয়া মুলাকর্ষণ করিবে। তৎপরে ঐ মূল দ্বারা সেই বর্গের ইষ্টবলকে গুণ করিয়া আট দিয়া বিভাগ করিয়া ভাগফল যাহা লব্ধ হইবে, তাহাকে এক হাজার চব্বিশ দিয়া ভাগ করিলে যে ভাগ ফল হইবে, তাহাই সেই বর্গোৎপন্ন শুভ ফল, বলিয়া নির্দ্দিষ্ট হইবে। কিন্তু ক্ষেত্রবল সাধন স্থলে আট দিয়া ভাগ করিয়া যে ভাগ ফল হইবে, তাহাকে, পুনরায় পূর্ব্বোক্ত প্রক্রিয়া মতে ক্ষেত্র বল যাহা প্রাপ্ত হইবে, তাহা দ্বারা পূরণ করিয়া সেই গুণফল এক হাজার চব্বিশ দ্বারা ভাগ করিতে হইবে। তাহাতে যে ভাগফল হইবে, তাহাই ক্ষেত্রোত্থ শুভ ফল বলিয়া নির্দ্দিষ্ট হইবে।

ক্ষেত্রাদি সপ্তবর্গের কষ্ট বল সাধন স্থলেও কষ্ট বল-দ্বারা পূরণ করিয়া, পূর্ব্বমত সমস্ত কার্য্য করিয়া যাহা লব্ধ হইবে, তাহা সেই বর্গোৎপন্ন অশুভ ফল হইবে। এই প্রকারে সপ্তবর্গের ফল গণনা করিয়া একত্র যোগ করিবে। তাহাতে যে সমষ্টি হইবে তাহাই শুভফল স্থলে স্ফুট শুভফল এবং অশুভ ফল স্থলে স্ফুট অশুভ ফল বলিয়া নির্দ্দিষ্ট হইবে।

যদীষ্টমধিকং কষ্টাত্তদেষ্টং স্যাদ্দশাফলম্।
যদীষ্টাদধিকং কষ্টং তদা কষ্টং দশাফলম্॥
ইতি বিদগ্ধতোষিণ্যামিষ্টকষ্টাধ্যায়শ্চতুর্থঃ।

যদি ইষ্ট ফল, কষ্ট ফল হইতে অধিক হয় তাহা হইলে দশা ফল ইষ্ট অর্থাৎ শুভ হইবে, আর ইষ্ট ফল হইতে কষ্ট ফল অধিক হইলে দশা ফল কষ্ট অর্থাৎ অশুভ ফল হইবে।

ইতি বিদগ্ধ তোষিণী, শুভাশুভ ফল নামক
চতুর্থ অধ্যায় সমাপ্ত।

লগ্নস্ফুটের উদাহরণ।

তাৎকালিক রবিস্ফুট রাশ্যাদি ৬।২৭।৩৭।৩১ তে, তাৎকালিক অয়নাংশাদি ২০।১২।৪৯ যোগ করিলে, সায়ন রবিস্ফুট রাশ্যাদি ৭।১৭।৫০।২০ হইল, ইহার রাশি সংখ্যা ৭সাত, লগ্ন খণ্ডার ঐ সাত, সংখ্যক কোষ্ঠে যে ২১২৯ অঙ্ক আছে, ইহা খণ্ডা তৎপরকোষ্ঠের অঙ্ক ২৪৭০ অমুখণ্ডা খণ্ডা এবং অমুখণ্ডা, এই উভয়ের অন্তর করিয়া শেষ যে ৩৪১ থাকিল, উহা ভোগ্য, ঐ ভোগ্য দ্বারা, সায়ন রবির অংশাদি ১৭।৫০।২০ পূরণ করিয়া, পূরিতাঙ্ক ৬০৮৩। ৩।৪০কে, ত্রিশ দ্বারা ভাগ করিয়া, লব্ধ ২০২।৪৬।৭ হইল ঐ লব্ধা-ঙ্কের সহিত, খণ্ডাঙ্ক ২১২৯ যোগ করিলে, যোগাঙ্ক ২৩৩১।৪৬।৭ হইল, তৎপরে ইষ্টদণ্ডকে পল করিয়া ৫৩৫ পাঁচশত পঁইত্রিশ হইল। ইহা যোগাঙ্ক ২৩৩১।৪৬।৭ এর সহিত মিশ্রিত করিলে ২৮৬৬।৪৬।৭ হইল। ইহা হইতে লগ্ন খণ্ডার ৯ সংখ্যক কোষ্ঠের ২৮১০ অঙ্ক হীন করিয়া, শেষ ৫৬।৪৬।৭ কে, ত্রিশ দিয়া গুণ করিয়া, গুণ ফল ১৭০৩।৩।৩০। হইল। ইহাকে শুদ্ধ খণ্ডার ভোগ্য ৩০৬ দ্বারা, ভাগ করিয়া, লব্ধাংশাদি ৫।৩৩।৫৬ র সহিত শুদ্ধ খণ্ডা রাশি, যোগ করিয়া যুক্তাঙ্ক ৯।৫।৩৩।৫৬ হইল। ইহা হইতে অয়নাংশ ২০।১২। ৪৯ বিয়োগ করিলে, শেষ যে ৮।১৫।২১।৭ রহিল, ইহাই লগ্নস্ফুট বা তনুভাব বলিয়া, নির্দ্দেশ হইবে, ঐ তনুভাবের রাশিতে ৬ ছয় যোগ করিলে ২।১৫।২১।৭ হইল, ইহা জায়া ভাব।

দশম লগ্নের উদাহরণ।

সায়ন রবিস্ফুট ৭।১৭।৫০।২০ এই উদাহরণ স্থলে, প্রাঙ্নতনাড়ী হইয়াছে এজন্য, সায়ন রবিস্ফুটে ৬ যোগ করিয়া, যুক্তাঙ্ক ১।১৭। ৫০।২০ হইল। লঙ্কোদয় খণ্ডার ১ সংখ্যায় ২৭৮ ইহা খণ্ডা ভোগ্য

২৯৯ দ্বারা শেষ অংশাদি ১৭।৫০।২০ কে, পূরণ করিয়া, পূরিতাঙ্ক ৫৩৩৩।৪৯।৪০ কে, ত্রিশ দ্বারা ভাগ করিয়া, লব্ধ ১৭৭।৪৭।৩৯।২০ খণ্ডা ২৭৮ তে যোগ করিয়া, যুক্তাঙ্ক ৪৫৫।৪৭।৩৯।২০ তে, উন্নতদণ্ড ২৫।১৩ কে, পল করিয়া ১৫১৩ যোগ করিলে যে ১৯৬৮।৪৭।৩৯।২০ হইল, ইহা হইতে, হীন যোগ্য লঙ্কোদয় খণ্ডা ১৮০০ হীন করিয়া, শেষ ১৬৮।৪৭।৩৯।২০ থাকিল। ইহাকে ত্রিশ দ্বারা পূরণ করিয়া, গুণফল ৫০৬৩।৪৯।৩০ হইল। উহাকে শুদ্ধ লঙ্কোদয় খণ্ডার ভোগ্য ২৭৮ দ্বারা ভাগ করিয়া, লব্ধ অংশাদি ১৮।১২।৫৪ ইহাতে, শুদ্ধ খণ্ডা রাশির সংখ্যা ৬ রাশি যোগ করিলে ৬।১৮।১২।৫৪ হইল। ইহা হইতে অয়নাংশ ২০।১২।৪৯ হীন করিলে, শেষ যে ৫।২৮।০।৫ থাকিল, উহাই দশম লগ্নস্ফুট রাশ্যাদি ৫।২৮।০।৫ ইহাতে ৬ রাশি যোগ করিলে বন্ধুভাব ১১।২৮।০।৪ হইল।

ধনাদিভারের উদাহরণ !

বন্ধুভাব ১১।২৮।০।৫ ইহা হইতে লগ্নস্ফুট ৮।১৫।২১।৭ হীন করিয়া, শেষ ৩।১২।৩৮।৫৫ কে ৩ তিন দ্বারা ভাগ করিয়া, লব্ধ ১।৪।১২।৫৯ হইল, লগ্নস্ফুট ৮।১৫।২১।৭ ইহাতে লব্ধ ১।৪।১২।৫৯। যোগ করিলে ৯।১৯।৩৪।৬। হইল ইহা ধনভাব। লব্ধ ১।৪।১২।৫৯। ইহাকেদ্বিগুণ করিয়া ২।৮।২৫।৫৮ লগ্নস্ফুটে যোগ করিলে ১০।২৩। ৪৭।৫ হইল, ইহা সহজ ভাব। বন্ধুভাব পূর্ব্বে উক্ত হইয়াছে। জায়াভাব ২।১৫।২১।৭ ইহা হইতে বন্ধুভাব ১১।২৮।০।৫ হীন করিয়া, শেষ ২।১৭।২১।২ থাকে, উহাকে ৩ তিন দ্বারা ভাগ করিয়া লব্ধ ০।২৫। ৪৭।৬ হইল, ইহা বন্ধুভাবের রাশ্যাদিতে যোগ করিলে ০।২৩।৪ ।৬ হইল, ইহা সুতভাব। শেষ ২।১৭।২১।২ কে দ্বিগুণ করিলে, ৪।৩৪।৪২।৪ হইল, ইহাকে ৩ দ্বারা ভাগ করিয়া, লব্ধ ১।২১।৩৪।২ হইল, ইহা বন্ধুভাবের রাশ্যাদির সহিত যোগ করিলে ১।১৯। ৩৪।৭ হইল, ইহা ষষ্ঠভাব। এই যে ছয়টি ভাবের রাশ্যাদি হইল, উহার তনুভাব প্রভৃতি ছয় ভাবের রাশির সহিত ৬ ছয় যোগ করিলে, অপর জায়াদি ছয়টি ভাব হইবে। যথা তনুভাব ৮।১৫।২১। ৭ ইহাতে ৬ ছয় যোগ করিলে ২।১৫।২১।৭ হইল ইহা জায়া ভাব। ধনভাব ৯।১৯।৩৪।৬ ইহাতে ৬ যোগ করিলে ৩।১৯।৩৪। ৬ ইহা মৃত্যুভাব। সহজভাব ১০।২২।৪৭।৫ ইহাতে ৬ যোগ করিলে ৪।২৩।৪৭।৫ ইহা ধর্ম্মভাব। দশম লগ্নস্ফুটকেই কর্ম্মভাব কহে। সুতভাব ০।২৩।৪৭।৬। ইহাতে ৬ ছয় যোগ করিলে ৬। ২৩।৪৭।৬ হইল, ইহা আয়ভাব। রিপুভাব ১।১৯।৩৪।৭ ইহাতে ৬ ছয় যোগ করিলে ৭।১৯।৩৪।৭ ইহা ব্যয়ভাব হইল।

জ্যোতিঃকল্পলতোক্ত তনুধনপ্রভৃতি ভাবাপন্ন রবিপ্রভৃতি গ্রহফলম্।

রবিঃ। সবিতরি তনুসংস্থে শৈশবে ব্যাধিযুক্তো
নয়নগদসুদুঃখী নীচসেবানুরক্তঃ॥
ন ভবতি গৃহমেধী দৈন্যযুক্তো মনুষ্যো
ভবতি বিকলমূর্ত্তিঃ পুত্রপত্নীবিহীনঃ॥ ১॥

জ্যোতিঃকল্পলতোক্ত রবি প্রভৃতি গ্রহগণের তনুধন সহোদর প্রভৃতি দ্বাদশ ভাব ফল।

যাহার জন্ম সময়ে সূর্য্য তনুস্থানে অর্থাৎ লগ্নে থাকেন, সেই ব্যক্তি শৈশবাবস্থায় সর্ব্বদা পীড়া ভোগ করে। সে চক্ষূরোগে সবিশেষ কষ্ট পায়। সে ব্যক্তি নীচ সেবাতে রত থাকে। সেই মানব উত্তম রূপ গৃহস্থ ধর্ম্ম পালন করে। তাহার অঙ্গবৈকল্য হয় এবং সে দরিদ্র ও স্ত্রী পুত্র বিহীন হয়। ১

সোমঃ। তনুগতরজনীশে বিত্তপূর্ণঃ সুশীলো
বহুতরধনভাগী বীর্য্যযুক্তঃ সুদেহী।
ভবতি চ যদি নীচশ্চন্দ্রমাঃ পাপগো বা
জড়মতিরতিদীনঃ স্যাত্তদা বিত্তহীনঃ॥ ২॥

যদি জন্ম কালীন লগ্নে চন্দ্র থাকেন, তাহা হইলে প্রসূত মানব বিপুলধনসম্পত্তিশালী, সুশীল, বিক্রমশালী হয়। তাহার শরীর সুন্দর ও সবল হইয়া থাকে। সেই ব্যক্তি বহুতর ধন উপার্জ্জন করে। পরন্তু ঐ লগ্নস্থ চন্দ্র যদি নীচ গৃহস্থিত হন অথবা পাপগ্রহের সহিত সংযুক্ত বা পাপগ্রহ কর্ত্তৃক সম্পূর্ণ দৃষ্ট হন, তাহা হইলে জাত বালক জড়মতি, দীন ও ধন সম্পত্তিহীন হইবে॥ ২

অন্যচ্চ। পূর্ণে শীতকরে লগ্নে তেজস্বী নিত্যগর্ব্বিতঃ।
অসম্পূর্ণে তু মলিনো মন্দবীর্য্যো ভবেন্নরঃ॥ ৩॥

যদি লগ্নে পুর্ণ চন্দ্র থাকেন। তাহা হইলে জাত মনুষ্য, তেজস্বী ও নিয়ত গর্ব্বিত হইয়া থাকে। যদি লগ্নস্থিত চন্দ্র অসম্পূর্ণ হন, তাহা হইলে মনুষ্য মলিন ও মন্দবীর্য্য হইয়া থাকে॥ ৩

গ্রন্থান্তরে চ। কর্কে মেষে বৃষে চন্দ্রে লগ্নে ধনী সুরূপবান্।
বিকলশ্চ দরিদ্রশ্চ শেষে কৃষ্ণে বিশেষতঃ॥ ৪ চ॥

যদি জন্মকালে লগ্নস্থিত চন্দ্র কর্কট মেষ ও বৃষ রাশি গত হন তাহা হইলে জাত সন্তান গুণী ও উত্তম রূপবান্ হইবে। পরন্তু ঐ লগ্নস্থ চন্দ্র যদি উক্তরাশি ত্রয় ভিন্ন অপর কোন রাশি গত হন, বিশেষত যদি কৃষ্ণপক্ষে জন্ম হয়, তাহা হইলে সন্তান বিকলাঙ্গ ও দরিদ্র হয়॥ ৪॥

মঙ্গল। গুদরোগী বৃহন্নাভিঃ কুব্জঃ কুষ্ঠাদিভির্যুতঃ।
মধ্যদেশে ভবেদ্ব্যঙ্গঃ সবাচ্যো লগ্নগে কুজে॥ ৫॥

জন্ম লগ্নে মঙ্গল থাকিলে সন্তান কুব্জ ও কুষ্ঠাদি রোগাভিভূত হইবে। তাহার গুহ্য দেশে ভগন্দর বা অর্শ অথবা অন্য কোন রোগ থাকিবে। তাহার নাভি উচ্চ হইবে। তাহার মধ্য ভাগের কোন অংশ বিকল হইবে। সে ব্যক্তি লোকের নিকট নিন্দনীয় হইয়া থাকিবে॥ ৫॥

গ্রন্থান্তরে। উদরদশনরোগী শৈশবে লগ্নভৌমে
পিশুনমতিকৃশাঙ্গঃ শ্লেষ্মলঃ কৃষ্ণবর্ণঃ।
ভবতি চপলচিত্তো নীচসেবী কুচেলঃ
সকলসুখবিহীনঃ সর্ব্বদা পাপশীলঃ॥ ৬॥ ম

মঙ্গল লগ্নস্থ হইলে জাত সন্তান বাল্যাবস্থায় উদর রোগী ও দশনরোগী হইবে। সে ব্যক্তি কৃশাঙ্গ কৃষ্ণবর্ণ খল ও সর্ব্বদা শ্লেষ্মযুক্ত হইবে। তাহার মন সর্ব্বদা চঞ্চল থাকিবে। সে নীচ লোকের সেবা করিবে। সে নিয়ত মলিন ছিন্ন বস্ত্র পরিধান করিয়া থাকিবে এবং সর্ব্বসুখে বঞ্চিত হইবে। সে ব্যক্তি সর্ব্বদা পাপ কার্য্যে নিরত থাকিবে। ৬

বুঃ। সুমূর্ত্তির্নিপুণঃ শান্তো মেধাবী চ জিতেন্দ্রিয়ঃ।
বিদ্বান্ দয়াপরশ্চৈব শশিপুত্রে তনুস্থিতে॥ ৭॥

বুধগ্রহ লগ্নস্থ হইলে মানব, সুশ্রী নিপুণ শান্ত মেধাবী জিতেন্দ্রিয় বিদ্বান্ ও দয়ালু হয়। ৭

অন্যচ্চ। তনুগতশশিপুত্রে কান্তদেহোঽতিশান্তো
বিমলমতিসুশীলঃ পণ্ডিতস্ত্যাগশীলঃ।
মিতমৃদুশুচিভাষী সত্যবাদী বিলাসী
কুলজনহিতকারী নাগরীপ্রীতিকারী॥ ৮॥ বু

বুধ গ্রহ লগ্নে থাকিলে সন্তানের শরীর কমনীয় হয়। সে ব্যক্তি অতিশান্ত স্বভাব নির্ম্মল মতি সুশীল পণ্ডিত ত্যাগশীল মিতভাষী মৃদুভাষী বিশুদ্ধবাক্ সত্যবাদী বিলাসী বন্ধুবর্গের হিতকারী ও নাগরীদিগের সন্তোষকর হইবে। ৮

বৃ। কবিঃ সুগীতঃ প্রিয়দর্শনঃ শুচি-
র্দাতা চ ভোক্তা নৃপপূজিতঃ সুখী।
দেবদ্বিজারাধনতৎপরো ধনী
ভবেন্নরো দেবগুরৌ তনুস্থিতে॥ ৯॥

বৃহস্পতি লগ্নস্থিত হইলে জাত সন্তান কবি সুন্দর-গায়ক প্রিয়দর্শন শুচি দাতা ভোক্তা সুখীরাজ পূজিত দেব ব্রাহ্মণ পূজায় তৎপর ও ধনবান্ হয়। ৯

অন্যচ্চ। বিবিধশাস্ত্রপবিত্রকলেবরঃ কনকরত্নধনী প্রিয়দর্শনঃ।
নৃপতিবংশজনস্য চ বল্লভো ভবতি দেবগুরৌ তনুগে নরঃ॥১০॥বৃ

বৃহস্পতি জন্ম লগ্নে থাকিলে মনুষ্যের শরীর বিবিধ শাস্ত্রজ্ঞান দ্বারা পবিত্র হয়। সে ব্যক্তি সুবর্ণ রত্ন প্রভৃতি বহু ঐশ্বর্য্য ভোগ করে। সে ব্যক্তি রাজ বংশজাত পুরুষের প্রিয় হইয়া থাকে। ১০

শুক্র। তনুনিকেতনগে ভৃগুনন্দনে ভবতি ধর্ম্মরতো বরপণ্ডিতঃ।
বিপুলশিল্পবিচারকরো গুণী যুবতিখেলনচঞ্চলচেষ্টিতঃ॥ ১১॥

যদি শুক্র জন্মলগ্নে থাকেন, তাহা হইলে মানব ধর্ম্মপরায়ণ প্রধান পণ্ডিত বহুবিধ শিল্পশাস্ত্র-বিশারদ ও গুণবান্ হইবে এবং তাহার মন সর্ব্বদা যুবতীর সহিত ক্রীড়া কৌতুকে উন্মুখ থাকিবে। ১১

অন্যচ্চ। বাচালঃ শিল্পবিদ্যশ্চ ধনী ভোগী মহামতিঃ।
কার্য্যশাস্ত্রবিনোদী চ ধার্ম্মিকো লগ্নগে ভৃগৌ॥ ১২॥ শু

শুক্র লগ্ন স্থিত হইলে মনুষ্য বাচাল শিল্পজ্ঞ ধনী ভোগ যুক্ত মহামতি কাব্যশাস্ত্র বিনোদী ও ধার্ম্মিক হইবে। ১২

শনি। সততবাহুগদজ্বরপীড়িতস্তপনজে তনুগে চ নরাধমঃ।
ভবতি চাধিকহীনবপুস্ত্বথো যদি ভবেন্নিজমন্দিরগঃ শনিঃ॥

শনি লগ্নস্থ হইলে মানব নরাধম এবং বাহুরোগে ও জ্বর

রোগে পীড়িত হইবে। পরন্তু ঐ শনি যদি নিজ গৃহস্থিত হন, তাহা হইলে ঐ ব্যক্তির শরীর অধিক বা হীন হইবে। ১৩

অন্যচ্চ। কণ্ডূতিদুর্নামকফপ্রবৃদ্ধির্লগ্নে শনৌ স্যাৎসততং নরাণাম্।
হীনাধিকাঙ্গত্বমধঃপ্রদেশে কফজ্বরো বাতগদঃ সদৈব॥১৪ শ

জন্ম লগ্নে শনি থাকিলে গাত্রে কণ্ডূতি দুর্নাম কফাধিক্য অধঃ প্রদেশে হীনাঙ্গতা বা অধিকাঙ্গতা কফজ্বর ও সর্ব্বদা বাতরোগ হইবে। ১৪

রাহু। রোগী সদা চন্দ্ররিপৌ তনুস্থে কুচেলধারী বহুজল্পশীলঃ।
রক্তেক্ষণঃ পাপরতঃ কুকর্ম্মা নরঃ সদা সাহসকর্ম্মদক্ষঃ॥ ১৫

রাহু লগ্নে থাকিলে মনুষ্য সর্ব্বদা রোগযুক্ত মলিন ছিন্নবস্ত্রধারী বহুবাদী রক্তলোচন পাপকর্ম্মনিরত কুকর্ম্মনিষ্ঠ ও সর্ব্বদা সাহসিক কার্য্যে তৎপর থাকে। ১৫

ইতি তনুস্থানচিন্তা॥

ধনস্থান।

রবি। ধনস্থানগতে সূর্য্যে ধনহীনো ভবেন্নরঃ।
ধনঞ্চ তাম্রমেব স্যাদ্রক্তদ্রব্যমথাপি বা॥ ১॥

জন্মকালে সূর্য্য ধনস্থানে থাকিলে মনুষ্য ধনহীন হইবে। অথবা সে তাম্রখণ্ড দ্বারা বা রক্ত দ্রব্য দ্বারা ধনবান্ হইতে পারিবে। ১

অন্যচ্চ। ধনগত দিননাথে পুত্রদারৈর্ব্বিহীনঃ
কৃশতনু রতিদীনো রক্তনেত্রঃ কুবেশঃ।
ভবতি হি ধনযুক্তো লৌহতাম্রেণ সত্যং
ন ভবতি গৃহবাসী মানবো দুঃখচেতাঃ॥ ২॥ র

যদি সূর্য্য জন্মকালে ধনস্থানে থাকেন, তাহা হইলে মনুষ্য স্ত্রীপুত্রবিহীন কৃশশরীর অতিদীনহীন রক্তলোচন কুপরিচ্ছদযুক্ত লৌহতাম্রাদি ধনে ধনবান্ সর্ব্বদা বিষণ্ণচিত্ত ও সংসার ত্যাগী হইবে। ২

চন্দ্র। নির্ম্মদো ধনপূর্ণশ্চ মণিরত্নধনঃ সদা।
কর্পূরচন্দনামোদী ধনে কুমুদবান্ধবে॥ ৩॥

চন্দ্র ধনস্থানে থাকিলে যাহার জন্ম হয়, সে ব্যক্তি অহঙ্কাররহিত ধনধান্যে পরিপূর্ণ মণিরত্ন প্রভৃতি অতুল ঐশ্বর্য্যসম্পন্ন এবং কর্পূর চন্দন প্রভৃতি গন্ধ দ্রব্যে আসক্ত ও আমোদযুক্ত হইবে। ৩

অন্যচ্চ। ধনগতহরিণাঙ্কে ত্যাগশীলো মতিজ্ঞো
নিধিরিব ধনপূর্ণশ্চঞ্চলাত্মা সুহৃষ্টঃ।
নয়তি চ বহুসৌখ্যং কীর্ত্তিশালী সহিষ্ণু-
র্মুখকুমুদবিকাশী চন্দ্রমস্তুল্যরূপঃ॥ ৪॥ চ

চন্দ্র ধনস্থানে থাকিলে যাহার জন্ম হয়, সে ত্যাগশীল মতিমান্ নিধির ন্যায় ধনপূর্ণ চঞ্চলমতি সর্ব্বদা হৃষ্টচিত্ত পরমসুখভাগী কীর্ত্তিশালী সহিষ্ণু প্রফুল্লবদন ও চন্দ্রসদৃশ কান্তিযুক্ত হয়। ৪

মঙ্গল। কৃষকো বিক্রয়ী ভাষী প্রবাসী স্বল্পবিত্তবান্।
ধাতুবাদক্রিয়াযুক্তো দ্যূতকারোঽর্থগে কুজে॥ ৫॥

মঙ্গল ধনস্থানে থাকিলে যাহার জন্ম হয়, সে ব্যক্তি কৃষিজীবী বাণিজ্যকারী বক্তা প্রবাসবাসী অল্পধনশালী ধাতুকার্য্যে নিরত ও দ্যূতক্রীড়ায় আসক্ত হইবে। ৫

অন্যচ্চ। ধনগতপৃথিবীজে ধাতুবাদী প্রবাসী
কৃশধনকৃশচিত্তো দ্যূতকারঃ সহিষ্ণুঃ।
কৃষিকরণসমর্থো বিক্রয়ী লুব্ধচিত্তো
লঘুতরসুখভাগী মানবঃ সর্ব্বদৈব॥ ৬॥ ম

জন্মকালে যদি মঙ্গল ধনস্থানে থাকেন তাহা হইলে মনুষ্য ধাতু দ্রব্য বিষয়ে বিবাদপরায়ণ প্রবাসী অল্পধনবিশিষ্ট ক্ষীণচিত্ত দ্যূতকর সহিষ্ণু কৃষিকার্য্যকরণে সমর্থ ক্রয় বিক্রয়শীল লুব্ধচিত্ত ও সর্ব্বদা অল্পসুখভাগী হইবে। ৬

বুধ। সত্যবাদী বিদগ্ধশ্চ প্রবাসী পিতৃভক্তিযুক্।
সুন্দরঃ পূর্ণভাগ্যশ্চ ধনগে শশিনন্দনে॥ ৭॥ বু

বুধ ধনস্থানে থাকিলে যাহার জন্ম হয়, সে ব্যক্তি সত্যবাদী প্রগলভ প্রবাসী পিতৃভক্ত সুন্দর ও সম্পূর্ণ সৌভাগ্যশালী হয়। ৭

বৃহস্পতি। ধনী মানী হর্ষযুক্তো গন্ধচন্দনভূষিতঃ।
বার্দ্ধক্যে গতবিত্তশ্চ ধনগে দেবতাগুরৌ॥ ৮॥ বৃ

বৃহস্পতি ধনস্থানে থাকিলে যাহার জন্ম হয়, সে ব্যক্তি

ধনবান্ মান্য হর্ষযুক্ত চন্দন ও অন্যান্য গন্ধদ্রব্য বিভূষিত এবং বৃদ্ধাবস্থায় ধনহীন হইবে। ৮

শুক্র। বিদ্যার্জ্জিতধনো নিত্যং স্ত্রীধনৈর্ধনবানপি।
রজতস্য ভবেৎ কোষো দ্বিতীয়ে ভৃগুনন্দনে॥ ৯॥

যাহার জন্মসময়ে শুক্র ধনস্থানে থাকেন, সে ব্যক্তি নিজবিদ্যা দ্বারা সর্ব্বদা ধন উপার্জ্জন করিবে এবং স্ত্রী-ধন দ্বারা ধনবান্ হইবে। এই ব্যক্তির ধনাগার রজত দ্বারা পূর্ণ থাকিবে। ৯

অপিচ। পরধনেন ধনী ধনগে ভৃগৌ যুবতিচিত্তপরোঽপিভবেন্নরঃ।
রজতমাত্রধনী গতশৈশবে কৃশতনূরসিকো বহুজল্পকঃ॥১০॥শু

যাহার জন্ম সময়ে শুক্র ধনস্থানে থাকেন, সে ব্যক্তি পরধনে ধনবান্ যুবতীর মনোরঞ্জনকারী একমাত্র রজত ধনে ধনবান্ যৌবনাপগমে কৃশদেহ রসিক এবং বাচাল হইবে। ১০

শনি। কাষ্ঠাঙ্গারতৃণধনঃ কুক্রিয়াধনসঞ্চয়ঃ।
নীচবিদ্যানুরক্তশ্চ দীনো মন্দে ধনে স্থিতে॥ ১১॥

শনি ধনস্থানে থাকিলে যাহার জন্ম হয়, সে ব্যক্তি কাষ্ঠ অঙ্গার ও তৃণ দ্বারা ধনবান্ হইবে। সে ব্যক্তি কুকার্য্য দ্বারা ধনসঞ্চয় করিবে। সে নীচ বিদ্যানুরাগী ও দুঃখিত-চিত্ত হইবে। ১১

অন্যচ্চ। ধননিকেতনবর্ত্তিনি ভানুজে ভবতি কাষ্ঠতৃণেন ধনান্বিতঃ।
তপনলৌহস্বসঞ্চয়নে রতো ভবতি চৌরমতে নিরতঃ সদা ১২শ

জন্ম কালে শনি যাহার ধনস্থানে থাকিবেন,সেই ব্যক্তি কাষ্ঠ ও তৃণ দ্বারা ধনবান্ হইবে। সে লৌহ ও সীসা সঞ্চয়ে নিরত থাকিবে। সে সর্ব্বদা চৌর্য্য কার্য্যে আসক্ত থাকিবে। ১২

রাহু। মৎস্যমাংসধনী নিত্যং নখচর্ম্মাস্থিবিক্রয়ী।
চৌরিকাবিত্তজীবী চ রাহৌ ধনগতে নরঃ॥ ১৩॥

রাহু ধনস্থানে থাকিলে যাহার জন্ম হয়, সে ব্যক্তি মৎস্য মাংস দ্বারা ধনশালী নখ চর্ম্ম এবং অস্থি বিক্রয়ী হইবে। বিশেষত সেই ব্যক্তি চৌর্য্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবে। ১৩

অন্যচ্চ। রাহৌ ধনে চৌরমতে ব্রতস্থঃ সদাত্তিতপ্তো বহুদুঃখভাগী।
মৎস্যেন মাংসেন সদা ধনী চ সদা বসেন্নীচগৃহে মনুষ্যঃ॥১৪॥রা

রাহু ধনস্থানে থাকিলে চোরের মতানুযায়ী ব্রতনিষ্ঠ সর্ব্বদা সন্তপ্তহৃদয় বহুদুঃখভাগী মৎস্য দ্বারা মাংস দ্বারা ধনবান্ ও সর্ব্বদা নীচ গৃহবাসী হইবে। ১৪

ইতি ধনস্থান চিন্তা।

সোদর স্থান।

রবি। সহজভবনসংস্থে ভাস্করে ভ্রাতৃহন্তা
প্রিয়জনহিতকারী পুত্রভার্য্যাভিযুক্তঃ।
ভবতি চ গুণযুক্তো ধৈর্য্যযুক্তঃ সহিষ্ণু-
র্ব্বিপুলধনবিহারীনাগরী প্রীতিকারী॥ ১॥ র

জন্ম সময়ে যদি সূর্য্য সহোদর স্থানে থাকেন, তাহা হইলে মনুষ্য ভ্রাতৃবধকারী প্রিয়জনগণের হিতকারী স্ত্রী পুত্র কর্ত্তৃক অভিযুক্ত গুণবান্ ধৈর্য্যশালী সহিষ্ণু বিপুল ধনব্যয় দ্বারা বিহারকারী ও নাগরীদিগের প্রীতিজনক হইবে। ১

চন্দ্র। শশিনি সহজসংস্থে পাপগেহে চ সত্যং
স ভবতি বহুভাষী ভ্রাতৃহন্তা চ মূর্খঃ।
ভবতি চ সুখভাগী সৌম্যগে রাত্রিনাথে
সকলগুণনিধানঃ কাব্যশাস্ত্রপ্রমোদী॥ ২॥

জন্ম কালে চন্দ্র সোদরস্থানে ও পাপগৃহে থাকিলে মনুষ্য বহুভাষী মূর্খ ও ভ্রাতৃহন্তা হইবে। পরন্তু যদি ঐ সোদর স্থান স্থিত চন্দ্র শুভগ্রহের গৃহে অবস্থিতি করেন, তাহা হইলে মানব সুখভাগী সকল গুণের আধার ও কাব্যশাস্ত্রামোদী হইবে। ২

অন্যচ্চ। হন্তি শুধাংশুর্ভগিনীং সহজে পাপমন্দিরে নিত্যম্।
অন্যগৃহে বহুভগিনীং দত্তে নানাবিধৈর্যুক্তাং॥ ৩॥ চ

সোদরস্থানস্থিত চন্দ্র পাপগৃহে থাকিলে যাহার জন্ম হয়, তাহার ভগিনীর মৃত্যু হইয়া থাকে। পরন্তু ঐ চন্দ্র যদি অন্য গৃহস্থিত হন, তাহা হইলে জাত ব্যক্তির অনেক ভগিনী হয়। ৩

মঙ্গল। সহজনিকেতনসংস্থে ভ্রাতৃবিনাশং কুরুতে ভূমিপুত্রঃ।
দীর্ঘায়ুষ্ট্বং দত্তে তুঙ্গে রাজ্যাস্পদং দত্তে ॥ ৪ ॥

মঙ্গল সহোদর গৃহে থাকিলে মনুষ্যের ভ্রাতার বিনাশ হয়। পরন্তু ঐ মঙ্গল উচ্চ গৃহস্থিত হইলে তাহাকে দীর্ঘজীবী ও রাজ্যস্থ করে। ৪

অন্যচ্চ। সহজভবনসংস্থে ভূমিজে ভ্রাতৃহন্তা
কৃষিধন সুখভাগী তুঙ্গভৌমে বিলাসী।
ধনসুখপরিহীনো নীচগে শত্রুগেহে বসতি
মশকপূর্ণে মন্দিরে কুৎসিতে চ ॥ ৫ ॥ ম

মঙ্গল সহোদর স্থানে থাকিলে ভ্রাতার বিনাশ হয়। পরন্তু ঐ মঙ্গল যদি তুঙ্গস্থানস্থিত হন, তাহা হইলে মনুষ্য কৃষিকার্য্য নিরত ধনবান্ সুখভাগী ও বিলাসী হইবে। ঐ মঙ্গল যদি শত্রু গৃহস্থিত বা নীচ গৃহস্থিত হন, তাহা হইলে মানব ধনহীন ও সুখহীন হয় এবং সেই ব্যক্তি মশকপূর্ণ কুৎসিত গৃহে বাস করে। ৫

বুধ। বহুতরধনপূর্ণো ভ্রাতৃহন্তা চ পাপে
বহুতরসুতপত্নী পূর্ণগেহে চ তুঙ্গে।
তরলমতিবিলজ্জঃ ক্ষীণজঙ্ঘঃ কৃশাঙ্গঃ
শিশুবয়সি চ রোগী সোদরস্থে কুমারে ॥ ৬ ॥

বুধ সোদর স্থানে থাকিলে মনুষ্য বহুতর ঐশ্বর্য্যশালী হয়। পরন্তু যদি ঐ সহোদর গৃহস্থিত বুধ পাপগৃহে বা পাপগ্রহ সমভিব্যাহারে থাকেন, তাহা হইলে জাত মানব ভ্রাতৃহন্তা হইয়া থাকে। ঐ তৃতীয় গৃহস্থিত বুধ যদি সম্পূর্ণ উচ্চ স্থানে থাকেন, তাহা হইলে মনুষ্যের বহুতর স্ত্রী পুত্র হয় এবং সেই ব্যক্তি চঞ্চলমতি নির্লজ্জ ক্ষীণজঙ্ঘাবিশিষ্ট কৃশশরীর ও বাল্যাবস্থায় রোগবিশিষ্ট হইয়া থাকে। ৬

অন্যচ্চ। হন্তি পত্নীং সহজে ভ্রাতরমথবাস্তগতো বুধঃ পাপঃ।
বিমলসহোদরদাতা বিমলমতির্মিত্রসংদৃষ্টঃ ॥ ৭ ॥ বু

জন্ম কালে যদি বুধ পাপগ্রহের সহিত এক রাশিতে থাকিয়া অথবা পাপগৃহে থাকিয়া অস্তগত হন, তাহা হইলে মনুষ্যের পত্নী বা ভ্রাতার মৃত্যু হয়। পরন্তু জন্ম কালে সহোদর স্থানস্থিত বুধ যদি মিত্র কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে মনুষ্যের নির্ম্মল বুদ্ধি হয় এবং সে নির্ম্মল বুদ্ধিবিশিষ্ট ভ্রাতা প্রাপ্ত হইয়া থাকে। ৭

বৃহস্পতি। ধনবান্নির্দ্ধনাকারঃ কৃপণো ভ্রাতৃসংযুতঃ।
কুটুম্বনৃপপূজ্যশ্চ সহজে দেবতাগুরৌ ॥ ৮ ॥ বৃ

যদি জন্ম কালে বৃহস্পতি সহোদর স্থানে থাকেন, তাহা হইলে মানব নির্দ্ধনের ন্যায় প্রতীয়মান হইয়াও ধনবান্ হইবে এবং সেই ব্যক্তি কৃপণ, ভ্রাতৃসংযুক্ত কুটুম্ববিশিষ্ট ও রাজ পুজিত হইবে। ৮

শুক্র। সহজগতো ভৃগুপুত্রো দত্তে ভগিনীং সহোদরাং রম্যাম্।
কুরুতে জড়মতিমন্দং বহুবিভবং কাতরং ক্রূরম্ ॥ ৯ ॥

জন্ম কালে শুক্র যদি সহোদর স্থানে, থাকেন তাহা হইলে মনুষ্য জড়বুদ্ধি বহু ঐশ্বর্য্যশালী কাতরস্বভাব ও ক্রূর হয় এবং তাহার মনোরমা সহোদরা ভগিনী হইয়া থাকে। ৯

অন্যচ্চ। সহজমন্দিরবর্ত্তিনি ভার্গবে প্রচুরভ্রাতৃযুতো ভগিনীযুতঃ।
ভবতি লোচনরোগসমাযুতো ধনযুতোঽপিসদাকৃপণঃ খলঃ॥১০॥শু

জন্ম কালে শুক্র সহোদর স্থানে থাকিলে মনুষ্য অনেক ভ্রাতৃযুক্ত ভগিনীযুক্ত নয়নরোগ সম্পন্ন ধনবান্ কৃপণ ও খল হয়। ১০

শনি। ভ্রাতৃবিনাশং দত্তে ভগিনীনাশঞ্চ সূর্য্যজঃ।
সহজে কুরুতে নৃপসদৃশং নানাসুখভাগিনং পুরুষম্ ॥ ১১ ॥

জন্ম সময়ে শনি যদি সহোদর স্থানে থাকেন, তাহা হইলে মনুষ্যের ভ্রাতা ও ভাগিনী মৃত্যুগ্রাসে পতিত হয় এবং সেই ব্যক্তি রাজার সদৃশ অশেষ সুখসৌভাগ্যভাগী পুরুষ হইয়া থাকে। ১১

অন্যচ্চ। সহজ মন্দিরগে তপনাত্মজে ভবতি সোঽপিসহোদরনাশকঃ।
তদনু তং নৃপতুল্যনরং করোত্যমলযোষিতপুত্রসমন্বিতম্ ॥১২॥ শ

জন্ম সময়ে শনি যদি সহোদর স্থানে থাকেন, তাঁহা হইলে মনুষ্যের প্রথমত সহোদরের মৃত্যু হয়। পরে সে ব্যক্তি উত্তম স্ত্রী পুত্র সমন্বিত ও রাজার সদৃশ হয়। ১২

রাহু। ভ্রাতুর্বিনাশং প্রদদাতি রাহুস্তৃতীয়গেহে মনুজস্য সোঽপি।
সৌখ্যং ধনং পুত্রকলত্রমিত্রং দদাতি তুঙ্গী গজবাজিভৃত্যান্।১৩

জন্ম সময়ে যদি রাহু তৃতীয় গৃহে থাকেন, তাহা

হইলে মনুষ্যের ভ্রাতার বিনাশ হয়। পরন্তু ঐ রাহু যদি উচ্চস্থান স্থিত হন, তাহা হইলে অসীম ধন সম্পত্তি গজ বাজি ভৃত্য পুত্র কলত্র ও সুখ সামগ্রী প্রাপ্ত হয়। ১৩

পাপভবনং তৃতীয়ং সমস্তপাপৈর্যুতং বীক্ষিতং ন সহজকারি।
বিপরীতমতঃ শ্রেষ্ঠং সংখ্যাং তেষাং প্রবক্ষ্যামি ॥ ১৪ ॥

লগ্ন হইতে তৃতীয় গৃহ অর্থাৎ সহোদর স্থান যদি পাপ গৃহ হয় বা পাপগ্রহ যুক্ত হয় অথবা যদি তাহাতে সমস্ত পাপগ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্যের সহোদর জন্মে না এবং বাঁচেও না। যদি ইহার বিপরীত হয় অর্থাৎ ঐ তৃতীয় গৃহ যদি শুভগৃহ হয় বা শুভগ্রহযুক্ত হয় অথবা যদি তাহাতে সমস্ত শুভগ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্যের অনেক সহোদর হয়। এক্ষণে সেই সহোদরের সঙ্খ্যা বলিতেছি। ১৪

যাবন্তো নবভাগাঃ কুজেন্দুদৃষ্টা ভবন্তি সহজর্ক্ষে।
তৎসংখ্যান্ কুর্ব্বন্ত্যনুজান্ দৃষ্টাশ্চৈবং তথা বক্ষ্যে ॥১৫ ॥

জন্ম লগ্ন হইতে তৃতীয় গৃহের যত নবাংশে মঙ্গল বা চন্দ্রের দৃষ্টি থাকিবে, ততসংখ্য সহোদর হইবে। এক্ষণে ঐ সহোদর গৃহস্থিত শুভগ্রহের উপরি অন্য গ্রহের দৃষ্টি থাকিলে কি ফল হইবে, তাহা বলিতেছি। ১৫

তত্র স্থিতো রবিসুতশ্চ কুজেন দৃষ্টো বিনাশয়ত্যনুজাতান্।
শুক্রগুরুভ্যাং সংদৃষ্টঃ পুষ্ণাতি সদৈব তান্ ॥ ১৬ ॥

জন্ম কালে যদি শনি তৃতীয় গৃহে থাকেন এবং যদি ঐ শনি মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে সমুদায় সহোদর বিনষ্ট হয়। পরন্তু যদি ঐ শনি বৃহস্পতি ও শুক্র কর্ত্তৃক দৃষ্ট হন তাহা হইলে মনুষ্যের ভ্রাতৃগণ অক্ষত শরীরে থাকে। ১৬

কুজেন্দুদৃষ্টা যাবন্তঃ সহজর্ক্ষে নবাংশকাঃ।
তৎসংখ্যান্ সহজান্ দদ্যুঃ শনিশ্চেৎ সহজক্ষয়ী ॥ ১৭ ॥

সহোদর গৃহের যত নবাংশ মঙ্গল ও চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হইবে, জাত বালকের তত সহোদর হইবে। এইরূপ ঐ সহোদর গৃহের যত নবাংশে শনির দৃষ্টি থাকিবে, তত সঙ্খ্যা সহোদরের মৃত্যু হইবে। ১৭

ইতি সহজস্থান চিন্তা।

বন্ধুস্থান।

বিবিধধনবিহারী বন্ধুসংস্থে দিনেশে
ভবতি হি মৃদুচেতা গীতবাদ্যানুরক্তঃ।
সমরশিরসি দুর্গে নাস্তি ভঙ্গঃ কথঞ্চিৎ
প্রচুরধনকলত্রী পার্থিবানাং প্রিয়শ্চ ॥ ১

জন্ম সময়ে যদি সূর্য্য বন্ধু গৃহে অর্থাৎ চতুর্থভবনে অবস্থান করেন তাহা হইলে মানব বিবিধ ধনে বিহারকারী, মৃদুপ্রকৃতি গীত বাদ্যে অনুরক্ত, প্রচুর ধনসম্পত্তিশালী, উত্তম স্ত্রী রত্ন যুক্ত ও রাজপ্রিয় হইবে। সেই ব্যক্তি সংগ্রাম ভূমিতে বা দুর্গে কখনই পরাঙ্মুখ হইবে না। ১

অন্যচ্চ। বন্ধুং নিহন্তি সবিতা বন্ধুস্থানগতো নৃণাম্।
সততং কারয়েত্তাপং ছত্রং বাহনমেব বা ॥ ২

জন্মকালে সূর্য্য বন্ধু স্থানে থাকিলে মনুষ্যের বন্ধু বিনাশ হয়, এবং সে সতত সন্তাপ ভোগ করিতে থাকে, ও সেই ব্যক্তি বাহন ও ছত্র ভোগ করে। ২

জয়েদ্বহুলসঙ্খ্যানি সংগ্রামেষু বলান্যপি।
কৃশশ্চ বহুপুত্রশ্চ মলিনং কুরুতে রবিঃ ॥ র

যাহার জন্ম সময়ে সূর্য্য বন্ধুস্থানে থাকিবেন, সে সংগ্রামে বহুসঙ্খ্য সৈন্য পরাজয় করিতে পারিবে, এবং সে ব্যক্তি বহুপুত্রশালী মলিন ও কৃশ হইবে। ৩

বহুতরবসুপূর্ণো রাত্রিনাথে চতুর্থে
প্রিয়জনহিতকারী [illegible]ষিতাং প্রীতিকারী।
সততনিহতরোগো মৎস্যমাংসাদিলোভী
গজতুরগসমেতঃ ক্রীড়তে হর্ম্ম্যপৃষ্ঠে ॥ ৪ ॥ চ

জন্মসময়ে চন্দ্র চতুর্থ স্থানে থাকিলে, মনুষ্য বহুবিধ ধনে পূর্ণ, আত্মীয় স্বজনেরহিতকারী, রমণীগণের প্রীতি-জনক, রোগহীন, মৎস্য মাংসাদি লোভী ও গজ তুরগের অধীশ্বর হইবে। সে ব্যক্তি নিয়ত হর্ম্ম্যপৃষ্ঠে বিহার করিবে। ৪

বন্ধুহীনঃ কুজে বন্ধো ভূমিজীবী নরো ভবেৎ।
প্রবাসী পঙ্কিলে দেশে গৃহে বাপি সকর্দ্দমে ॥ ৫

মঙ্গল বন্ধুস্থানে থাকিলে যাহার জন্ম হয়, সে ব্যক্তি বন্ধুহীন, ভূমিজীবী ও কৃষিজীবী হইবে। সেই ব্যক্তি

বিদেশে কর্দ্দমময় স্থানে অথবা গৃহে পঙ্কিল স্থলে বাস করিবে। ৫

অন্যচ্চ। বন্ধুবিহীনো দীনো ভূম্যুপজীবী মহীসুতে বন্ধৌ।
মশকদংশকজলৌকা কর্দ্দমভবনে সদা বসতি॥ ৬

যাহার জন্ম সময়ে মঙ্গল বন্ধুগৃহে থাকেন, সেই ব্যক্তি বন্ধুহীন, দীন ও ভূমিজীবী হইবে। সে ব্যক্তি নিয়ত মশক-দংশ, জলৌকা প্রভৃতি কীট দ্বারা পরিপূর্ণ কর্দ্দমময় ভবনে বাস করিবে। ৬

অপিচ। জড়মতিরতিদীনো বন্ধুসংস্থে চ ভৌমে
পিশুনমতিকৃশাঙ্গঃ শ্লেষ্মলঃ কৃষ্ণরূপঃ।
ভবতি চপলচিত্তো নীচসেবী কুচেলঃ
সকলসুখবিহীনঃ সর্ব্বদা পাপশীলঃ॥ ৭॥ ম

যে ব্যক্তির জন্মকালে মঙ্গল বন্ধুস্থানে থাকিবেন, সে ব্যক্তি জড়বুদ্ধি, অতি দীন, কুটিলমতি, কৃশশরীর, শ্লেষ্মযুক্ত, কৃষ্ণবর্ণ, চঞ্চলচিত্ত, নীচজনসেবাপরায়ণ, মলিন, ছিন্নবস্ত্রধারী, সকল প্রকার সুখহীন এবং সর্ব্বদা পাপ-কার্য্যে নিরত হইবে। ৭

বহুমিত্রো বহুধনো বন্ধৌ পাপং বিনা বুধে।
নানারসবিলাসী চ সপাপে ত্বন্যথা ফলম্॥ ৮

যাহার জন্ম সময়ে বুধ পাপগ্রহ শূন্য হইয়া বন্ধুস্থানে থাকিবেন, সে ব্যক্তি বহুমিত্রযুক্ত, বহুধনশালী ও নানা-রসে বিলাসী হইবে। পরন্তু যদি বুধ পাপগ্রহের সহিত একত্র হইয়া ঐ বন্ধু স্থানে থাকেন, তাহা হইলে ইহার বিপরীত ফল হইবে। ৮

বনেঽপি মিত্রাণি ভবন্তি পুংসাং যেষাং গুরুর্মিত্রনিকেতনস্থঃ।
বিচিত্রমাল্যাম্বররত্নপূর্ণঃ ক্রীড়েত কান্তাগজবাজিভিশ্চ॥ ১০

যাহার জন্ম সময়ে বৃহস্পতি বন্ধুভবনে থাকিবেন সে ব্যক্তি অরণ্যমধ্যেও অনেক মিত্র প্রাপ্ত হইবে, এবং সেই মনুষ্য বিচিত্র মাল্য বিচিত্র বসন ও বহুবিধ রত্ন ধারণ পূর্ব্বক কামিনীর সহিত ক্রীড়া করিবে ও হস্তী আরোহণ পূর্ব্বক বা অশ্ব আরোহণ পূর্ব্বক বিচরণ করিবে। ১০

অন্যচ্চ। বন্ধুগতেঽপি সুহৃদ্বল্লভঃ সুরগুরৌ চ সুহৃদেকসংস্থিতে।
বিবিধমাল্যবরাঙ্গনাক্রীড়কঃ কণকরত্নসম্পূর্ণগৃহঃ সুখী॥ ১১॥বৃ

যে ব্যক্তির জন্মকালে নিজ মিত্রভবনগত বৃহস্পতি বন্ধু স্থানে অবস্থান করেন, সেই মনুষ্য সুখী ও বন্ধুগণের প্রিয় হইবে। সে বিচিত্র মাল্য ধারণ পূর্ব্বক অপূর্ব্বরমণীর সহিত ক্রীড়া করিবে। তাহার গৃহ সুবর্ণ ও রত্নে পরিপূর্ণ থাকিবে। ১১

কবিতাং বহুমিত্রাণি সুশীলানি প্রযচ্ছতি।
করোতি সুদৃশং স্বচ্ছং বন্ধুস্থানগতো ভৃগুঃ॥ ১২

যাহার জন্ম সময়ে শুক্র বন্ধুস্থানে থাকিবেন, সে ব্যক্তি কবি, বহুমিত্র সম্পন্ন, সুশীল, সুদৃশ্য ও নির্ম্মলহৃদয় হইবে। ১২

অন্যচ্চ। ভবতি বন্ধুগতে ভৃগুজে নরো বহুকলত্রসুতেন সমন্বিতঃ।
সুমুখমস্তুতমুচ্চগতে বরো বরগৃহো বরনারিসমন্বিতঃ॥ ১৩ শু

যে ব্যক্তির জন্মকালে শুক্র বন্ধুস্থানে থাকিবেন সে ব্যক্তি বহু পুত্রকলত্র সমন্বিত হইবে। যদি ঐ শুক্র অনুকূল হইয়াও সম্পূর্ণ উচ্চ স্থানস্থ হন, তাহা হইলে মনুষ্য সর্ব্ব-শ্রেষ্ঠ হইবে, এবং তাহার অপূর্ব্ব গৃহ ও অপূর্ব্ব রমণী ভোগ হইবে। ১৩

ভগ্নাসনগৃহো নিত্যং বিকলো দুঃখপীড়িতঃ।
স্বস্থানভ্রংশমাপ্নোতি সৌরে বন্ধুগতে নরঃ॥ ১৪

যাহার বন্ধুগৃহে শনি অবস্থান করেন, সে ব্যক্তি নিয়ত ভগ্নগৃহবিশিষ্ট ভগ্ন আসন সমন্বিত, বিকলাঙ্গ দুঃখ প্রপীড়িত ও স্থানভ্রষ্ট হয়। ১৪

বন্ধুস্থিতো ভানুসুতো নরাণাং করোতি বন্ধোর্নিধনঞ্চ রোগম্।
স্ত্রীভৃত্যপুত্রেণ নিরাকৃতঞ্চ গ্রামান্তবাসং প্রকরোতি বক্রঃ॥১৫॥ শ

শনি বক্রী হইয়া যাহার বন্ধুগৃহে বাস করেন, তাহার বন্ধুবিয়োগ ও রোগ হয়। সে ব্যক্তি স্ত্রীপুত্র ও ভৃত্যগণ কর্ত্তৃক নিরাকৃত হইয়া গ্রামান্তরে বাস করে। ১৫

নীচমিত্রগৃহাবাসী গ্রামোপান্তনিকেতনঃ
কুচেলঃ কুসুমামোদী রাহৌ বন্ধুগতে নরঃ॥ ১৬

যাহার বন্ধুস্থানে রাহু অবস্থান করেন, সে ব্যক্তি নীচ-

জাতীয় মিত্রগৃহে বাস করে, এবং মলিন, ছিন্নবস্ত্রপরিধান করিয়া গ্রামপ্রান্তে থাকে। সে ব্যক্তি সুগন্ধপুষ্পে অনুরক্ত হয়। ১৬

অন্যচ্চ। মৃগে চতুর্থে ধন বন্ধুহীনো গ্রামৈকদেশে বসতি প্রহৃষ্টঃ।
নীচানুরক্তঃ পিশুনশ্চ পাপী পুত্রৈকভাগী কৃশরোঽতিদীনঃ॥১৭॥রা

জন্মকালে যাহার বন্ধুস্থানে রাহু বাস করেন, সে ব্যক্তি ধনহীন, নীচানুরক্ত, খল, পাপাত্মা এক পুত্রবিশিষ্ট কৃশ ও সাতিশয় দীনহীন হয়, এবং সে ব্যক্তি গ্রামের প্রান্তভাগে বাস করিতে ভালবাসে। ১৭

ইতি বন্ধুস্থান চিন্তা।

সুতস্থান।

পঞ্চমং স্বগৃহঞ্চেৎ স্যাদ্রবিঃ প্রথমপুত্রহা
ন হন্যাদপরান্ পুত্রাননৃক্ষে গর্ভঘাতকঃ॥ ১

জন্মকালে যদি পঞ্চম গৃহে সূর্য্য থাকেন, এবং সেই গৃহ যদি সূর্য্যের নিজগৃহ হয়, তাহা হইলে মনুষ্যের প্রথম পুত্র নষ্ট হইবে বটে কিন্তু অন্যান্য পুত্র জীবিত থাকিবে। ঐ পঞ্চম গৃহস্থিত সূর্য্য যদি রিপুগৃহে বাস করেন, তাহা হইলে গর্ভেই সন্তান নষ্ট হয়। ১

অন্যচ্চ। সবিতা পঞ্চমভবনে স্বগৃহে হন্তি প্রথমমেব সুতম্।
ততো দত্তেঽন্যগৃহে গর্ভস্রাবঞ্চ রিপুগেহে॥ ২

যাহার জন্ম সময়ে সূর্য্য পঞ্চম গৃহে অবস্থান করিবেন, এবং ঐ পঞ্চম গৃহ যদি তাঁহার নিজ ভবন অর্থাৎ সিংহ রাশি হয়, তাহা হইলে সেই ব্যক্তির প্রথম পুত্রের মৃত্যু হইবে। পরন্তু ঐ পঞ্চম স্থান যদি সিংহ রাশি না হয়, তাহা হইলে মনুষ্যের সন্তান হইয়া জীবিত থাকিবে। ঐ পঞ্চমস্থান যদি সূর্য্যের রিপুগৃহ হয়, তাহা হইলে গর্ভস্রাব হইবে। ২

অপিচ। তনয়গতদিনেশে শৈশবে সৌখ্যভাগী
ন ভবতি ধনভাগী যৌবনে ব্যাধিযুক্তঃ।
জনয়তি সুতমেকং চান্যগেহে চ শূরঃ
চপলমতিবিলজ্জঃ ক্রূরকর্ম্মাকুচেলঃ॥ ৩

জন্মকালে দিবাকর তনয়স্থানে থাকিলে মনুষ্য বাল্যকালে সুখভাগী হয়, পরন্তু সে কখন ধনবান্ হয় না। সে যৌবনকালে পীড়া ভোগ করে। তাহার একটীমাত্র পুত্র জন্মে। সে নিজ গৃহেই শূরত্ব প্রকাশ করে। সে ব্যক্তি চঞ্চলচিত্ত নির্লজ্জ, ছিন্ন মলিনবস্ত্র পারধায়ী ও ক্রূরকর্ম্মা হয়। ৩

তনয়গতশশাঙ্কে বিত্তপূর্ণঃ সুখী স্যাৎ
বহুতরসুতযুক্তো রম্যনারীসমেতঃ।
যদি ভবতি শশাঙ্কঃ ক্ষীণপাপারিগেহী
হরতি সুখসমূহং পঞ্চমস্থো নরাণাম্॥ ৪

জন্মকালে চন্দ্র সুতস্থানে থাকিলে মানব ঐশ্বর্য্যশালী, সুখী, বহুপুত্রসম্পন্ন ও নিরুপম রূপবতী রমণী সমেত হয়। যদি ঐ সুতস্থানস্থ চন্দ্র ক্ষয়শীল হন, বা ঐ সুতস্থান পাপগৃহ বা শত্রুগৃহ হয়, তাহা হইলে তিনি সমুদায় সুখ হরণ করেন। ৪

অন্যচ্চ। অমৃতনিধৌ পঞ্চমস্থে কন্যাসুত ভৃত্যভূষিতং কুরুতে।
ক্ষীণঃ পাপসমেতো যচ্ছতি কন্যাং সদা চপলাম্॥ ৫

জন্মকালে চন্দ্র পঞ্চমস্থানে থাকিলে মানব কন্যা পুত্র ও ভৃত্যে বিভূষিত হয়, পরন্তু যদি ঐ পঞ্চমস্থ চন্দ্র ক্ষয়শীল ও পাপগ্রহ সমবেত হন, তাহা হইলে একটীমাত্র চপলা কন্যা হইয়া থাকে। ৫

রিপু দৃষ্টে রিপুভবনে নীচে বা সংস্থিতে ভৌমে।
হাহাকারহতাত্মা ভবতি নরঃ পুত্রশোকার্ত্তঃ॥ ৬

জন্মকালে মঙ্গল পঞ্চম গৃহে থাকিলে এবং ঐ মঙ্গল শত্রু কর্ত্তৃক দৃষ্ট হইয়া, শত্রুভবনে থাকিলে, অথবা নীচস্থানস্থিত হইলে, মনুষ্য পুত্রশোকার্ত্ত হইবে, এবং হতজ্ঞান হইয়া হাহাকার করিয়া বেড়াইবে। ৬

অন্যচ্চ। তনয়ভবনসংস্থে ভূমি পুত্রে মনুষ্যো
ভবতি তনয়হীনো বিত্তহীনোঽতিদুঃখী।
যদি নিজগৃহতুঙ্গে বর্ত্ততে ভূমিপুত্রঃ
কুহকমলিনচিত্তং পুত্রমেকং দদাতি॥ ৭ ম

যাহার জন্মকালে মঙ্গল সুতস্থানে থাকিবেন, সে ব্যক্তি পুত্রহীন, ধনহীন ও দুঃখভাগী হইবে। যদি ঐ

সুতস্থান মঙ্গলের নিজগৃহ বা তুঙ্গস্থান হয়, তাহা হইলে কুহকী ও মলিনচিত্ত এক পুত্র হয়। ৭

সৌম্যঃ পাপযুতো দৃষ্টঃ সৌম্যপুত্রং প্রযচ্ছতি।
হন্ত্যাদিতরথা সোঽপি নান্যথা জনয়েত্তদা॥ ৮

জন্ম সময়ে বুধ যদি সুতস্থানে থাকেন, এবং তিনি যদি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, বা পাপগ্রহ যুক্ত হন, তাহা হইলে সুশীল পুত্র জন্মে। যদি ইহার বিপরীত হয়, তাহা হইলে পুত্র নষ্ট হয় বা পুত্র জন্মে না। ৮

অন্যচ্চ। তনয়মন্দিরগে শশিনন্দনে সুতকলত্রযুতঃ সুখভাজনঃ।
বিকচপঙ্কজচারুমুখঃ কবিঃ সুরগুরুদ্বিজভক্তিমতিঃ শুচিঃ॥ ৯ বু

যদি জন্ম সময়ে বুধ সুতস্থানে থাকেন, তাহা হইলে মনুষ্য পুত্রকলত্র সমন্বিত সুখভাগী, প্রফুল্ল কমল সদৃশ বিকসিত বদন কবি শুচি ও দেবতার প্রতি গুরুর প্রতি ব্রাহ্মণের প্রতি ভক্তিযুক্ত হয়। ৯

সমৃদ্ধো বহুভার্য্যশ্চ বহুপুত্রশ্চ সুন্দরঃ।
ধনী যোধপতিঃ শ্রীমান্ পঞ্চমে দেবতাগুরৌ॥ ১০ বৃ

জন্ম কালে বৃহস্পতি পঞ্চমে থাকিলে মনুষ্য ধনশালী বহুভার্য্যা সমন্বিত, বহুপুত্রযুক্ত সুন্দর সমৃদ্ধ সম্পন্ন, সেনাপতি ও শ্রীমান্ হয়। ১০

বহুকন্যোঽল্পপুত্রশ্চ দাতা ভোক্তা গুণান্বিতঃ।
ধনী মানী চ সততং সুতস্থে ভৃগুনন্দনে॥ ১১ শু

জন্মকালে শুক্র পুত্র স্থানে থাকিলে মনুষ্য বহুকন্যা-বিশিষ্ট, অল্প পুত্রযুক্ত, দাতা, ভোক্তা, গুণবান্, ধনবান্ ও সতত সম্মানিত হয়। ১১

সুতস্থো বৈরিগেহী চ সর্ব্বপুত্রং হরেৎ শনিঃ।
তুঙ্গী সম্পূর্ণবীর্য্যশ্চেৎ রুগ্নং পুত্রং প্রযচ্ছতি॥

জন্ম কালে শনি যদি পুত্রস্থানে থাকেন, এবং ঐ পুত্রস্থান যদি শনির শত্রু গৃহ হয়, তাহা হইলে মনুষ্যের সমুদায় পুত্র বিনষ্ট হয়। পরন্তু ঐ পুত্রস্থান শনির যদি উচ্চস্থান হয় ও শনি সম্পূর্ণ বলবান্ থাকেন, তাহা হইলে একটীমাত্র রুগ্ন পুত্র হয়। ১২

অন্যচ্চ। সুতমন্দিরগোঽপ্যরিমন্দিরস্থঃ
সকলসুতানপহন্তি সূর্য্যসূনুঃ।
স্ফুরচ্চারুরুচির্মহোচ্চসংস্থঃ
কথমপি যচ্ছতি পুত্রমেকমত্যুগ্রম্॥ ১৩

জন্মকালে যদি শনি সুতস্থানে থাকেন, এবং যদি ঐ সুতস্থান শনির শত্রুগৃহ হয়, তাহা হইলে মনুষ্যের সমুদায় পুত্র নষ্ট হয়। পরন্তু ঐ শনি যদি উচ্চ স্থানস্থিত ও সম্পূর্ণ বলবান্ হন, তাহা হইলে কথঞ্চিৎ একটী উগ্র-স্বভাব পুত্র হয়। ১৩

অপিচ। শনৈশ্চরঃ পঞ্চমকেঽরিগেহে পুত্রার্থহীনো ভবতীহ দুঃখী।
তুঙ্গে নিজে মিত্রগৃহে চ পঙ্গো পুত্রৈকভাগী ভবতীহ কশ্চিৎ॥১৪শ

জন্ম সময়ে শনি যদি পঞ্চম গৃহস্থিত হন, ও ঐ গৃহ যদি তাহার শত্রুগৃহ হয়, তাহা হইলে মনুষ্য পুত্রহীন, ধনহীন ও দুঃখভাগী হয়। পরন্তু ঐ পঞ্চম গৃহ শনির যদি উচ্চ স্থান, নিজ গৃহ বা মিত্র গৃহ হয়, তাহা হইলে একটীমাত্র পঙ্গু পুত্র হয়। ১৪

তনয়ং দীনমলিনং সুতস্থো জনয়েত্তমঃ।
যদি চন্দ্রগৃহং তৎ স্যাত্তদা নিঃসন্ততিঃ পুমান্॥ ১৫

জন্মকালে রাহু সুতস্থানে থাকিলে মনুষ্যের একটী মাত্র মলিন দীনপুত্র হয়। পরন্তু ঐ পঞ্চমগৃহ যদি চন্দ্রের গৃহ হয়, তাহা হইলে মনুষ্যের সন্তান হয় না। ১৫

অন্যচ্চ। রাহুঃ সুতস্থঃ শশিভানুগেহী পুত্রগ্ন হন্তা কুপিতঃ সদৈব।
গেহান্তরে সোঽপি সুতৈকমাত্রং দত্তে সুদীনং মলিনং কুচেলম্॥১৬র

যদি জন্মকালে রাহু পুত্রগৃহস্থিত হন, যদি ঐ পুত্রস্থান সূর্য্যের গৃহ বা চন্দ্রের গৃহ হয়, তাহা হইলে ঐ রাহু সর্ব্বদা কুপিত থাকেন ও পুত্র বিনাশ করেন। পরন্তু যদি ঐ রাহুর পঞ্চম গৃহ চন্দ্র সূর্য্যের গৃহ না হয়, তাহা হইলে মনুষ্যের একটীমাত্র দীন, মলিন, মলিনবস্ত্রযুক্ত পুত্র হয়।১৬

ইতি সুতস্থান চিন্তা।

রিপুস্থান।

রিপুং হন্তি সহস্রাংশুঃ শত্রৌসোপচয়ো যদি।
শত্রুভির্যুত দৃষ্টশ্চে দ্বহুশত্রূন্ প্রযচ্ছতি॥ ১

যাহার জন্ম সময়, জন্ম লগ্ন হইতে ষষ্ঠ স্থানে মিত্র ও শুভ গ্রহের দৃষ্টি দ্বারা বা শুভ গ্রহের ভবনে স্থিতি দ্বারা পরিপুষ্ট সূর্য্য অবস্থিতি করেন, তাহার শত্রু নাশ হয়। আর ঐ সূর্য্য যদি স্বীয় শত্রু কর্ত্তৃক দৃষ্ট অথবা যুক্ত হন, তাহা হইলে তাহার অনেক শত্রু হয় ॥ ১

অন্যচ্চ। রিপৌ রিপুং হন্তি সহস্ররশ্মি-
শ্চিরায়ুষঞ্চাপি নরং করোতি।
দত্তে রিপোশ্চোপয়চয়ন্ত হানিং
নীচাস্তিকে শত্রুগৃহেঽপি নিত্যম্ ॥ ২

জন্ম কালে সূর্য্য রিপু অর্থাৎ ষষ্ঠ স্থানে থাকিলে শত্রুনাশ করেন, এবং সেই মনুষ্যকে দীর্ঘায়ু করিয়া থাকেন, সেই সূর্য্য সুনীচস্থ কিম্বা শত্রু গৃহস্থিত হইলে শত্রু বৃদ্ধি হইতে পারে না ॥ ২

অপিচ। অরিগৃহগতভানৌ যোগশীলো মতিজ্ঞো
নিজকুলহিতকারী জ্ঞাতিবর্গপ্রমোদী।
কৃশতনুগৃহমেধী চারুমূর্ত্তির্ব্বিলাসী
ভবতি বিপুলতেজাঃ কূর্ম্মপৃষ্ঠোপমাঙ্গঃ ॥ র ॥ ৩

যাহার জন্ম লগ্ন হইতে ষষ্ঠ স্থানে সূর্য্য থাকিবেন সে মানব যোগাভ্যাসে রত হইবে, এবং সে বুদ্ধিমান্, আত্মীয় স্বজনের হিতকর, জ্ঞাতিবর্গের সহিত আমোদকারী, কৃশ শরীর বিশিষ্ট, ধর্ম্মনিরত, কমনীয়দেহ যুক্ত, বিলাসী ও বিপুলতেজঃসম্পন্ন হইবে, এবং তাহার কলেবর কূর্ম্ম-পৃষ্ঠের ন্যায় কঠিন হইবে ॥ ৩

ষষ্ঠে বিধুর্ম্মৃত্যুকরোঽপি দৃষ্টঃ পাপান্বিতঃ পাপগৃহে চ পাপঃ।
শত্রুং নিহন্যাৎ পরিপূর্ণদেহঃ শুভেক্ষিতো জীবগৃহস্থিতোঽপি ॥ ৪

জন্ম লগ্ন হইতে ষষ্ঠ স্থানে পাপচন্দ্র পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট কিম্বা পাপগ্রহ যুক্ত, কি পাপগ্রহের গৃহস্থিত হইলে ঐ চন্দ্র মৃত্যুকর হয়। আর ঐ চন্দ্র যদি পূর্ণচন্দ্র হয় এবং তাহাতে শুভ গ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে তাহার শত্রু নাশ করে, এবং ঐ ষষ্ঠস্থ চন্দ্র যদি বৃহস্পতির গৃহে থাকেন। তাহা হইলেও তাহার শত্রু নষ্ট করে ॥ ৪

অন্যচ্চ। রিপুগৃহগশশাঙ্কঃ ক্ষীণনীচারিগেহী
ন ভবতি সুখদায়ী ব্যাধিদুঃখস্য দাতা।
যদি নিজগৃহতুঙ্গে পূর্ণদেহঃ শশাঙ্কো
বহুতর সুখদাতা স্যাত্তদা মানবানাম্ ॥ চ ॥ ৫

জন্মকালে ষষ্ঠ স্থানস্থ চন্দ্র যদি ক্ষীণ অথবা স্বীয় নীচ গৃহস্থিত কিম্বা তাৎকালিক শত্রু গৃহী হন, তাহা হইলে সেই মনুষ্যের সুখদাতা না হইয়া পীড়া ও দুঃখদাতা হন, আর ঐ ষষ্ঠস্থ চন্দ্র যদি স্বগৃহী কিম্বা উচ্চস্থ হইয়া পূর্ণ-চন্দ্র হন, তাহা হইলে মনুষ্যের বহুতর সুখ ভোগ হয় ॥৫

অরিভবনসংস্থো নীচো দত্তে মৃত্যুং কুজঃ ষষ্ঠঃ।
হরতি চ রাজ্যং সদ্যঃ কুরুতে নৃপং তথান্যত্র ॥ ৬ ॥

জন্ম সময়ে ষষ্ঠ স্থানস্থিত মঙ্গল শত্রুগৃহী কিম্বা স্বীয় নীচ রাশিস্থিত হইলে তাহার মৃত্যু দান করেন, আর কোন রাজপুত্রের জন্ম সময়ে যদি মঙ্গল ঐরূপ স্থানস্থ হন, তাহা হইলে তৎক্ষণেই তাহার রাজ্য নষ্ট হইবে। আর যদি শত্রুগৃহী অথবা নীচস্থিত না হইয়া ষষ্ঠ স্থানস্থ হন তাহা হইলে তাহাকে রাজ তুল্য করেন ॥ ৬

অন্যচ্চ। রিপুগৃহগতভৌমঃ শত্রুগো মৃত্যুভাগী
সুতধনপরিপূর্ণস্তুঙ্গগঃ সৌখ্যদাতা।
রিপুগণপরিদৃষ্টে নীচগে ক্ষৌণিপুত্রে
ভবতি বিকলমূর্ত্তিঃ কুৎসিতঃ ক্রূরকর্ম্মা ॥ ৭ ॥ ম

জন্ম লগ্ন হইতে ষষ্ঠ স্থানস্থ মঙ্গল শত্রুগৃহ গত হইলে, তাহাকে মৃত্যু গ্রাসে পতিত হইতে হয়। আর যদি ঐ গৃহ মঙ্গলের উচ্চ অর্থাৎ মকর হয় তবে সে ব্যক্তি সন্তান ধন ও মিত্র যুক্ত হয়। এবং ঐ মঙ্গল যদি শত্রুগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া, স্বীয় নীচরাশি অর্থাৎ কর্কটস্থিত হন, তাহা হইলে সে বিকটশরীর বিশিষ্ট, কুৎসিত ও ক্রূর কর্ম্মকারী হইয়া থাকে ॥ ৭

বুধো রিপুং যচ্ছতি শত্রুসংস্থো বক্রাতিচারো যদি পাপসংশ্রিতঃ।
রিপুং নিহন্যাদরিগঃ শুভস্থঃ শুভোঽপি রিষ্টং প্রদদাতি বক্রঃ ॥ ৮

জন্ম লগ্ন হইতে ষষ্ঠ স্থানস্থিত বুধ, যদি পাপ গ্রহের সহিত থাকেন, অথবা বক্রী বা অতিচারী হন, তবে

তাহার শত্রু বৃদ্ধি হয়। আর ঐ বুধ শুভ হইলে শত্রু নাশ করেন, কিন্তু শুভ হইয়া যদি বক্রী হন, তবে অশুভ ফল দাতা হন ॥ ৮

অন্যচ্চ। শত্রূন্ বিজয়তে সৌম্যঃ সৌম্যদৃষ্টোঽথবা বুধঃ।
নীচঃ পাপশ্চ বক্রী চ ষষ্ঠর্ক্ষে রিপুরিষ্টকৃৎ ॥ ৯

যাহার জন্ম সময়ে লগ্ন হইতে ষষ্ঠস্থান স্থিত বুধ, শুভ-গ্রহ কর্তৃক দৃষ্ট হন সে ব্যক্তি শত্রু জয়কারী হয়। এবং ঐ বুধ যদি স্বীয় নীচ রাশিস্থিত কি পাপযুক্ত অথবা বক্রী হইয়া ষষ্ঠস্থিত হন, তাহা হইলে তাহার শত্রু কর্তৃক অনিষ্ট ঘটনা হয় ॥ ৯

অপিচ। অরিনিকেতনবর্ত্তিনি সোমজে রিপুকুলাদ্ভয়দো যদি বক্রগঃ।
যদি চ পুণ্যগৃহে শুভবীক্ষিতো রিপুকুলং বিনিহন্তি শুভপ্রদঃ ॥১০বু

যদি বক্রী বুধ ষষ্ঠ স্থানে থাকেন, তবে তাহার শত্রু কুল হইতে ভয় হয়। আর যদি ঐ বুধ শুভগ্রহের গৃহে থাকিয়া শুভ গ্রহ কর্তৃক দৃষ্ট হন তাহা হইলে তাহার রিপুকুল নাশ করিয়া শুভফল দান করেন ॥ ১০

করিতুরগমুখরসমরে বিজয়তেঽরিকুলং নিজেন দর্পেণ।
অমরগুরৌ রিপুভবনে শত্রুগৃহে শত্রুরোগার্ত্তঃ ॥ ১১

জন্ম লগ্ন হইতে ষষ্ঠ স্থানে বৃহস্পতি থাকিলে সে মানব, হস্তি, ঘোটক, প্রভৃতির সম্মুখযুদ্ধেও নিজদর্প দ্বারা শত্রু কুল জয় করে। আর ঐ বৃহস্পতি যদি শত্রুগৃহী হন, তাহা হইলে সে ব্যক্তি শত্রু কর্তৃক পীড়িত হয় ॥ ১১

অন্যচ্চ। করিহয়ৈঃ কৃতসঙ্গরসাগরে
জয়তি শত্রুকুলং রিপুগে গুরৌ।
রিপুগৃহে যদি বক্রগতো গুরূরিপু-
কুলাদ্ভয়মাতনুতেঽরিগঃ ॥ ১২ ॥

জন্ম সময়ে লগ্ন হইতে ষষ্ঠ স্থানে বৃহস্পতি থাকিলে, মনুষ্য হস্তী তুরঙ্গম মিলিত যুদ্ধরূপ সাগরে শত্রুকুল জয় করে। যদি ঐ বৃহস্পতি বক্রী ও শত্রু গৃহী হইয়া ষষ্ঠ স্থানস্থ হন, তবে শত্রু কুল হইতে ভয়দান করেন ॥ ৯

অস্তং গতো নীচগতোঽপি শুক্রঃ
করোতি বৈরং কলহাংশ্চ রোগান্।
তুঙ্গস্থিতো মিত্রগৃহস্থিতো বা ভয়ং
সদা যচ্ছতি শত্রুসংস্থঃ ॥ ১৩

শুক্র যদি অস্তগত অথবা স্বীয় নীচ গৃহস্থিত হইয়া লগ্ন হইতে ষষ্ঠ স্থানে থাকেন, তাহা হইলে বৈরিতা কলহ ও রোগ দান করেন। আর ঐ শুক্র স্বীয় উচ্চ রাশি অথবা মিত্র গ্রহের গৃহে থাকিয়া রিপুস্থানস্থ হইলে, সর্ব্বদা অভয় দান করেন অর্থাৎ সে ব্যক্তি নির্ভয় হয় ॥ ১০

অন্যচ্চ। ভবতি শত্রুকুলাদ্ভয়পীড়িতো
রিপুগৃহে ভৃগুজেঽস্তগতে নরঃ।
জয়তি চারুবলং নিজ তুঙ্গগে
ভৃগুসুতে স্বগৃহে নমু ষষ্ঠগে ॥ ১৪ ॥ শু

অস্তপ্রাপ্ত শুক্র ষষ্ঠ স্থানে থাকিলে মনুষ্য শত্রুভয় পীড়িত হয়। আর ঐ শুক্র স্বীয় উচ্চ গৃহ অথবা নিজ গৃহ গত হইয়া রিপুস্থান গত হইলে সুখেতে শত্রু জয় করে ॥ ১১

জয়তি বহুবিপক্ষং ষষ্ঠে মন্দঃ স্থিতো নীচে।
অন্যগৃহে বহুবৈরং কুরুতে স্বগৃহে সদা সুস্থম্ ॥ ১৫

শনি স্বীয় নীচ রাশিতে থাকিয়া যাহার লগ্ন হইতে ষষ্ঠ স্থান গত হইবেন, সে মানব অনেক হীনজাতি শত্রু জয় করিবে, আর যদি ঐ ষষ্ঠ স্থান তাহার নীচ গৃহ না হয়, তাহা হইলে অনেক বৈরভাব জন্মে, আর ঐ ষষ্ঠ স্থান যদি শনির নিজ গৃহ হয়, তাহা হইলে মানব সর্ব্বদা সুস্থ থাকে ॥ ১২

অন্যচ্চ। নীচে রিপৌ নীচজনাদ্ভয়ঞ্চ ষষ্ঠে শনির্যচ্ছতি মানবানাম্।
অন্যত্র শত্রুং বিনিহন্তি তুঙ্গী পূর্ণার্থকামান্ প্রদদাতি শেষে॥১৬শ

লগ্ন হইতে রিপু স্থান স্থিত শনি স্বীয় নীচ রাশিস্থিত হইলে, নীচজাতি হইতে ভয় দান করেন। আর নীচ রাশিতে না থাকিয়া শত্রু স্থান স্থিত হইলে, তাহার শত্রু নাশ করেন। যদি ঐ শনি স্বীয় উচ্চ রাশিতে থাকিয়া ষষ্ঠ স্থান গত হন, তাহা হইতে তাহার সম্পূর্ণ অর্থ ও অভিলাষ পূর্ণ করেন ॥ ১৩

ষষ্ঠস্তমঃ শত্রুবিনাশকারী দদাতি পুত্রাংশ্চ ধনানি ভোগান্।
অন্যগ্রহোত্থাংশ্চ নিহন্তি রিষ্টান্ প্রধানযোষিন্মরণং করোতি ॥১৭

রাহু লগ্ন হইতে ষষ্ঠ স্থানে থাকিলে তাহার শত্রু নাশ করেন, এবং তাহাকে পুত্র ধন ও সুখভোগী করেন। আর অন্য গ্রহ জন্য যে কোন দোষ থাকে তাহা নষ্ট করিয়া তাহার প্রধান স্ত্রীর মৃত্যু দায়ক হন ॥ ১৪

অন্যচ্চ। লগ্নাৎ ষষ্ঠে রাহুর্গ্রসতি চ শত্রুং রণাঙ্গণে দৃপ্তম্।
হন্তি চ সর্ব্বং রিষ্টং যৎকৃতমন্যগ্রহৈরুগ্রৈঃ ॥ ১৮ ॥রা

লগ্ন হইতে ষষ্ঠ স্থানে রাহু থাকিলে, রণভূমিতে গর্ব্বিত তদীয় শত্রুকে গ্রাস করেন। আর অন্যান্য উগ্রগ্রহ কর্ত্তৃক যে সমস্ত অশুভ ফল ঘটিবার সম্ভব তাহাও নষ্ট করিয়া থাকেন ॥ ১৫

ইতি রিপুস্থান চিন্তা।

জায়া স্থান।

সবিতা সপ্তমভবনে প্রথমোঢ়াং স্ত্রিয়ং দুর্ভগাং কুরুতে।
মারতি পাপভবনে নীচে বা পাপসংদৃষ্টঃ ॥ ১

লগ্ন হইতে সপ্তম গৃহে সূর্য্য থাকিলে, প্রথম বিবাহিতা স্ত্রী দুর্ভাগ্যবিশিষ্টা হয়। আর ঐ সপ্তম স্থান যদি পাপগ্রহের গৃহ অথবা রবির নীচ গৃহ হয়, আর পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া রবি ঐ স্থানে থাকেন তাহা হইলে তাহার জ্যেষ্ঠা পত্নী কাল গ্রাসে পতিত হয় ॥ ১

অন্যচ্চ। মদনভবনসংস্থে ভাস্করে স্ত্রী বিনাশো
ন ভবতি সুখভাগী চঞ্চলঃ পাপশীলঃ।
উদরসমশরীরো নাতিদীর্ঘো ন খর্ব্বঃ
কপিলনয়নরূপঃ পিঙ্গকেশী কুমূর্ত্তিঃ ॥ ২ ॥ র

লগ্ন হইতে সপ্তম স্থানে সূর্য্য থাকিলে তাহার স্ত্রী নাশ হয়, সে অসুখী চঞ্চল এবং পাপাত্মা হয়, আর তাহার আকার মধ্যম, উদর তুল্যদেহ, নয়ন কেশ পিঙ্গল বর্ণ এবং কুরূপ হয় ॥ ২

বিমলবপুষি চন্দ্রে সপ্তমস্থে মনুষ্যো
রুচিরযুবতিনাথঃ কাঞ্চনাঢ্যঃ সুদেহঃ।
শশিনি কৃশশরীরে পাপগে পাপদৃষ্টে
ন ভবতি সুখভাগী রুগ্নারীপতিশ্চ ॥ ৩

যাহার লগ্ন হইতে সপ্তম স্থানে পূর্ণ চন্দ্র থাকিবেন সে মানব মনোরমা যুবতির পতি, সুন্দরকান্তি বিশিষ্ট, এবং কাঞ্চন ধনযুক্ত হইবে। আর চন্দ্র পূর্ণ না হইয়া পাপ গৃহ গত এবং পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া সপ্তম স্থানে থাকিলে সে সুখী হয় না এবং রোগযুক্ত নারীর পতি হয় ॥ ৩

অন্যচ্চ। চন্দ্রোমদনর্ক্ষগো দত্তে নারীং গদান্বিতাং বিকলাম্।
পূর্ণতনুঃ শুভদৃষ্টঃ কান্তাশতভাজনং কুরুতে ॥ ৪ চ

যাহার লগ্ন হইতে সপ্তমস্থানে ক্ষীণচন্দ্র অবস্থিতি করেন, তাহার স্ত্রী রোগযুক্তা ও বিকলাঙ্গী হয়, আর ঐ চন্দ্র যদি পূর্ণ এবং শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন তাহা হইলে সে শতস্ত্রীর পতি হয়। ৪

মুনিগৃহগতভৌমো নীচসংস্থোঽরিগেহী
যুবতিমরণদুঃখং যচ্ছতে মানবানাম্।
নিজহিতকরগেহে চান্যপত্নীঞ্চ দত্তে
চপলতরবিরূপাং পাপশীলাং কুচেলাম্ ॥ ৫

যদি লগ্ন হইতে সপ্তম স্থানে মঙ্গল থাকেন, আর ঐ সপ্তম রাশি যদি মঙ্গলের নীচগৃহ অথবা শত্রুগ্রহের গৃহ হয়, তাহা হইলে তাহাকে স্ত্রী বিনাশ জনিত দুঃখ ভোগ করিতে হয়। আর ঐ সপ্তম গৃহ যদি মঙ্গলের মিত্র গ্রহের গৃহ হয়, তাহা হইলে সে অতিশয় চপলা কুরূপা মলিন বস্ত্র পরিধানা এবং পাপশীলা দ্বিতীয় পত্নীর পতি হয়। ৫

অন্যচ্চ। হন্তি দ্বিতীয়ামবনীসুতঃ স্ত্রিয়ং জায়াগতো বাভটকা বদন্তি।
নীচেঽপ্যনীচেঽরিগৃহে রিপুস্ত্রিয়ং মিত্রস্বগেহেঽন্যকৃতাং দদাতি ॥৬

বাভট মুনির মতে সপ্তম স্থান যদি মঙ্গলের নীচগৃহ হয় এবং তাহাতে মঙ্গল থাকেন তাহা হইলে দ্বিতীয় পত্নীর নাশ ঘটিয়া থাকে, আর ঐ সপ্তম স্থান যদি নীচগৃহ না হয় অথবা শত্রু গ্রহের গৃহ হয় তাহা হইলে স্বীয় শত্রু স্ত্রীর পতি হয়। আর ঐ সপ্তম স্থান যদি মঙ্গলের আপনার গৃহ অথবা মিত্রগ্রহের গৃহ হয়, তাহা হইলে অন্যপূর্ব্বা স্ত্রীর পতি হয়। ৬

অপিচ। দ্বিতীয়রমণীং হন্তি নীচাস্তশত্রুগেহগঃ।
স্বর্ক্ষে তুঙ্গে শুভৈর্দৃষ্টঃ কুজো দত্তে শুভাং স্ত্রিয়ম্ ॥ ৭॥ বু

যাহার লগ্ন হইতে সপ্তম স্থানে মঙ্গল থাকে আর ঐ সপ্তম গৃহ যদি মঙ্গলের নীচগৃহ অথবা শত্রু গ্রহের গৃহ হয়, অথবা ঐ মঙ্গল অস্তগত হন, তাহা হইলে তাহার স্ত্রীর মৃত্যু হয়, আর ঐ সপ্তম গৃহ যদি মঙ্গলের স্বীয় গৃহ অথবা স্বীয় উচ্চ গৃহ হইয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তাহা হইলে সে উত্তমা স্ত্রীর পতি হয়। ৭

পাপো বুধঃ কামগৃহে নরাণাং করোতি নারীং চপলাং কুশীলাম্।
সতীং সুরূপাং কুলজাঞ্চ দত্তে নানাবিধাং স্ত্রীং স্ফুটরশ্মিজালঃ ॥৮বু

যদি পাপবুধ লগ্ন হইতে সপ্তম স্থানে অবস্থিতি করেন, তাহা হইলে তাহার স্ত্রী চপলা ও কুৎসিতস্বভাবা হয়। আর প্রস্ফুট কিরণ অর্থাৎ উদিত এবং শুভ বুধ সপ্তম গৃহে থাকিলে সতী সুরূপা এবং উত্তম কুলজাতা অনেক স্ত্রীর পতি হয়। ৮

কান্তাশতমুখপঙ্কজমধুপো ভবতি সপ্তমে জীবে।
বর্ষতি বাঙ্ময়মমৃতং চিরায়ুরপি বহুধনকান্তা চ ॥ ৯

বৃহস্পতি সপ্তম স্থানে থাকিলে মানব একশত স্ত্রীর মুখ পদ্মের মধুপান করে। সে অতি মিষ্টভাষী, ও দীর্ঘায়ু হয় এবং তাহার বিপুলধন ও অনেক পত্নী হয়। ৯

অন্যচ্চ। গৌরীং সুরূপাং স্ফুটপঙ্কজাক্ষীং
দত্তে শুভর্ক্ষে শুভদৃষ্টিযোগঃ।
চিরায়ুষং ভোগযুতং নরঞ্চ
কুর্য্যাদ্গুরুর্দর্পকগেহবাসী ॥ ১০ ॥ বৃ

লগ্ন হইতে সপ্তম রাশি যদি শুভ গ্রহের গৃহ হয় এবং তাহাতে যদি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বৃহস্পতি থাকেন তাহা হইলে মানব গৌরবর্ণা এবং প্রস্ফুটিত পদ্মের ন্যায় চক্ষু-যুগল ও মনোহর দেহ বিশিষ্টা রমণীর পতি, চিরায়ু, এবং নানাবিধ সুখ ভোগ সম্পন্ন হয়। ১০

জায়াস্থে ভৃগুতনয়ে বহুধনযুক্তো গুণী পুরুষঃ।
কুলজাশতপরিণেতা ভবতি নরো যৌবনান্তেঽপি ॥ ১১

লগ্ন হইতে সপ্তম স্থানে শুক্র থাকিলে মনুষ্য বিপুলধন-বান্ ও গুণবান্ হয়। এবং সেই মনুষ্য যৌবনান্তেও বিশিষ্ট কুলোৎপন্না শত অবলার পাণিগ্রহণে রত থাকে। ১১

অন্যচ্চ। যুবতিমন্দিরগে চ সিতে নরো বহুধনেন সুতেন সমন্বিতঃ।
বিপুলবংশভবপ্রমদাপতির্ভবতি চারুবপুর্মুদিতঃ সুখী ॥ ১২ শু

লগ্ন হইতে সপ্তম রাশিতে শুক্র থাকিলে মনুষ্য বহু ধন ও বহুসন্তান যুক্ত, স্বীয় বংশাপেক্ষা উচ্চবংশজা প্রমদার পতি, মনোহরদেহ-বিশিষ্ট সর্ব্বদা আহ্লাদিত এবং সুখী হয়। ১২

সর্ব্বাবিলম্বৈর্ব্বিনিহন্তি নারীঃ শনৈশ্চরঃ সপ্তমমন্দিরস্থঃ।
দত্তে পুনর্ভূমথবাঙ্গহীনাং ভুক্তে সুহৃৎসৌম্যগৃহে কুরূপাম্ ॥ ১৩

লগ্ন হইতে সপ্তম গৃহে শনি থাকিলে তাহার সমস্ত পত্নী বিলম্বে কালগ্রাসে পতিত হয়। এবং ঐ সপ্তম গৃহ যদি শনির উচ্চগৃহ অথবা মিত্র গ্রহের গৃহ কিম্বা শুভ গ্রহের গৃহ হয়, তাহা হইলে সে মানব কুরূপা অথবা পুনর্ভু (যে রমণীর দুই বার বিবাহ হয়,) কিম্বা অঙ্গহীনা নারীর পতি হয়। ১৩

অন্যচ্চ। বিশ্রামভূতাং বিনিহন্তি জায়াং
সূর্য্যাত্মজঃ সপ্তমগশ্চ রোগান্।
দত্তে পুনর্ভূমথবাঙ্গহীনাং
মিত্রোপসংস্থোঽপি দদেদ্বিরূপাম্ ॥ ১৪

সপ্তম রাশিতে শনি থাকিলে মনুষ্যের বিশ্রাম স্থান স্বরূপা জায়ার নাশ, নানা প্রকার রোগ এবং পুনর্ভু অথবা অঙ্গহীনা পত্নী ঘটিয়া থাকে, এবং ঐ শনি যদি মিত্রগৃহী হইয়া সপ্তম স্থানে স্থিত হন, তাহা হইলে মনুষ্য কুরূপা রমণীর পতি হয়। ১৪

অপিচ। সর্ব্বাঃস্মরস্থো বিনিহন্তি নারীঃ পাপর্ক্ষগামী খলু মন্দগামী
পুনর্ভুবং বাপ্যথবাবিরূপাং শুভেক্ষিতস্তুঙ্গসুহৃদ্গৃহস্থঃ ॥ ১৫

শনি পাপ গ্রহের গৃহে থাকিয়া লগ্ন হইতে সপ্তম স্থান গত হইলে, সমস্ত জায়ার নাশ হয়, এবং স্বীয় উচ্চরাশি অথবা মিত্র গ্রহের গৃহে থাকিয়া সপ্তম স্থানস্থ হইলে, মনুষ্য পুনর্ভু অথবা অঙ্গহীনা অবলার ভর্ত্তা হয়। ১৫।

রাহুঃ সপ্তমভবনে দত্তে রিষ্টং নিহন্তি নারীঞ্চ।
চাণ্ডালীগতচিত্তা কুরুতে পাপেন চ দৃষ্টঃ ॥ ১৬

অন্যচ্চ। পাপৈর্দৃষ্টৌ যুতো বাপি রবিচন্দ্রবিলোকিতঃ।
দারান্নিহন্তি স্বর্ভানুরন্যথা রিষ্টদঃ স্মরে॥ রা॥ ১৭

রাহু সপ্তম স্থানে থাকিলে অশুভ দান করে এবং তাহার স্ত্রীর মৃত্যু হয়। পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে তাহার চিত্ত চাণ্ডালিনীতে আসক্ত হয়। সপ্তম স্থানস্থ রাহু পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট অথবা যুক্ত হইয়া রবি ও চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হইলে তাহার স্ত্রীর নাশ ঘটিয়া থাকে। উক্তরূপ না হইয়া সপ্তম স্থানে থাকিলে রাহু কেবল মাত্র অশুভ দান করে। ১৭

ইতি জায়াস্থান চিন্তা।

নিধন স্থান।

তুঙ্গে বা স্বগৃহে সূর্য্যো মৃত্যুস্থঃ সুখদো রবিঃ।
অন্যত্র নিলয়ে দুঃখং দত্বা প্রাণহরো ভবেৎ॥ ১

যদি লগ্ন হইতে অষ্টম স্থানে সূর্য্য থাকেন এবং ঐ গৃহ সূর্য্যের উচ্চ অথবা স্বীয় গৃহ হয়, তাহা হইলে ঐ রবি সুখ দাতা হন, উক্ত দুই স্থান ভিন্ন অন্য স্থান হইলে দুঃখ দান করিয়া প্রাণনাশ করেন। ১

অন্যচ্চ। তুঙ্গস্বর্ক্ষাষ্টমঃ সূর্য্যঃ সুখমৃত্যুং প্রযচ্ছতি।
অন্যথা দুঃখমরণং দত্তে কষ্টঞ্চ যাতনাম্॥ ২

সূর্য্য স্বীয় উচ্চ অথবা স্বগৃহে থাকিয়া, যাহার লগ্ন হইতে অষ্টম স্থান গত হইবেন, তাহার সুখে প্রাণবিয়োগ হইবে। উক্ত দুই স্থান ভিন্ন, অন্য স্থানে থাকিলে কষ্ট যাতনা ও দুঃখেতে মৃত্যু ঘটিয়া থাকে। ২

অপি চ। বজ্রাঘাতেন সর্পেণ মৃত্যুগেহর্কে জ্বরেণ বা।
নরঃ পঞ্চত্বমাপন্নঃ স্থলভূমৌ বিনশ্যতি॥ র॥ ৩

রবি অষ্টম স্থানে থাকিলে বজ্রাঘাত সর্প অথবা জ্বর এই তিনের মধ্যে যে কোন হেতুতে স্থল ভুমিতে তাহার মৃত্যু হইবে। ৩

চন্দ্রোঽষ্টমো মৃত্যুকরো নরাণাং মৃত্যুং জলে যচ্ছতি সর্ব্বদৈব।
কাশাদিকষ্টজ্বরশোথদাতা নয়ত্যধঃ ক্ষীণতনুঃ শুভোঽপি॥ ৪

লগ্ন হইতে অষ্টম স্থানে চন্দ্র থাকিলে জলেতে তাহার মৃত্যু হইয়া থাকে। আর তাহার কাশ শোথ এবং জ্বর রোগ হয় এবং দেহের নিম্ন প্রদেশ কৃশ হয়। ৪

অন্যচ্চ। নিধনভবনসংস্থঃ শীতরশ্মির্নরাণাং
নিধনমচিরকালে পাপগেহী দদাতি।
নিজভৃগুসুতগেহী সৌম্যগেহী চ পূর্ণো
জনয়তি বহুদুঃখং কাশপিত্তাদিরোগৈঃ॥ চ॥ ৫

লগ্ন হইতে অষ্টম স্থান যদি পাপগ্রহের গৃহ হয়, এবং তাহাতে চন্দ্র থাকেন, তাহা হইলে অচির কাল মধ্যেই তাহাকে শ্রাদ্ধদেবের আতিথ্য স্বীকার করিতে হয়। আর ঐ অষ্টম গৃহ যদি চন্দ্রের স্বকীয় অথবা শুক্রের কিম্বা বুধের গৃহ হয়, এবং ঐ চন্দ্র যদি পূর্ণ চন্দ্র হন, তাহা হইলে কাশ এবং পিত্তাধিক্য রোগে বহুতর কষ্ট পায়। ৫

মৃত্যুস্থিতো মৃত্যুকরো মহীজঃ শস্ত্রাগ্নিভূপক্ষয়কাশরোগৈঃ।
কুষ্ঠব্রণার্শোগ্রহণীবিকারৈর্নয়ত্যধো নাশমবাপ্য বর্ত্মনি॥ ৬

লগ্ন হইতে অষ্টম স্থানে মঙ্গল থাকিলে, অস্ত্র দ্বারা অথবা অগ্নিতে অথবা রাজবিচারে কিম্বা ক্ষয়কাশ, কুষ্ঠ, ব্রণ অর্শ গ্রহণী, এই সমস্ত রোগের যে কোন রোগাক্রান্ত হইয়া পথি মধ্যে তাহার নিধন হয়, এবং তদনন্তর সে নিরয়গামী হয়। ৬

অন্যচ্চ। নিধনভবনসংস্থে মঙ্গলে ক্ষীণনীচে
ব্রজতি নিধনভাবং নীচমধ্যে মনুষ্যঃ।
খরতরকচরৌদ্রৈঃ সাতিসারৈশ্চ রোগৈঃ
করপদগদদগ্ধো মৃত্যুলোকং প্রয়াতি॥ ম॥ ৭

যদি লগ্ন হইতে অষ্টম স্থানে মঙ্গল থাকেন আর ঐ মঙ্গল দুর্ব্বল অথবা স্বীয় নীচ রাশিস্থ হন, তাহা হইলে সে মানব অতিশয় ভয়ানক দুষ্টব্রণ, অতিসার অথবা হস্তের কিম্বা পদের কোন রোগ দ্বারা অথবা দগ্ধ হইয়া, কোন নিন্দিত স্থানে কালগ্রাসে পতিত হয়। ৭

করোতি মৃত্যুং নিধনস্থিতো বুধঃ
সুখেন তীর্থপ্রবরে বিনাশনম্।
শূলাজ্বিজ্জ্বোদররোগপীড়নাৎ
পাপালয়ে দণ্ডধরস্য মন্দিরে॥ ৮

যদি লগ্ন হইতে অষ্টম রাশিতে বুধ থাকে, আর ঐ অষ্টম গৃহ যদি শুভ গ্রহের ক্ষেত্র হয়, তাহা হইলে শ্রেষ্ঠ-তীর্থে সুখে তাহার মৃত্যু ঘটে। আর সেই অষ্টম স্থান যদি পাপগ্রহের গৃহ হয়, তাহা হইলে শূল, পাদ অথবা জঙ্ঘা কি উদরের কোন রোগেতে অতিশয় পীড়িত হইয়া রাজভবনে তাহার মৃত্যু হয়। ৮

অন্যচ্চ। নিধনবেশ্মনি সোমসুতঃ শুভো
নিধনদো বরতীর্থজলে নৃণাম্।
যদিচ পাপগতো রিপুগেহগো
বদনকম্পগদেন নয়ত্যধঃ ॥ বু ॥ ৯

শুভ বুধ যদি অষ্টম স্থানে থাকেন, তাহা হইলে শ্রেষ্ঠ-তীর্থজলে তাহার মৃত্যু হয়। আর ঐ বুধ যদি পাপগ্রহের সহিত থাকেন অথবা শত্রুগৃহী হন, তাহা হইলে সে বদনকম্প রোগে প্রাণত্যাগ করিয়া নিরয়গামী হয়। ৯

জ্ঞানেন তীর্থরাজেষু মৃত্যৌ মৃত্যুপ্রদো গুরুঃ।
শত্রুস্য সদনং নীত্বা পশ্চান্মোক্ষপ্রদো ভবেৎ ॥ ১০

লগ্ন হইতে অষ্টম স্থানে বৃহস্পতি থাকিলে সজ্ঞানে তীর্থরাজে (প্রয়াগে) অথবা কোন পুণ্যতীর্থে মৃত্যু প্রাপ্ত হইয়া ইন্দ্র লোকে গমনানন্তর মুক্তি লাভ করে। ১০

অন্যচ্চ। জীবে মৃত্যুগতে জ্ঞানাৎ সুতীর্থে মরণং ধ্রুবম্।
শুভর্ক্ষে স্বগৃহে চৈব মন্যত্রতু সসঙ্গরম্ ॥ বৃ ॥ ১১

বৃহস্পতি স্বীয় গৃহে কিম্বা শুভ গ্রহের গৃহে থাকিয়া যদি লগ্নের অষ্টম রাশিতে থাকেন, তাহা হইলে সজ্ঞানে কোন পুণ্যতীর্থে তাহার দেহাবসান হয়। আর যদি ঐ অষ্টম স্থান বৃহস্পতির স্বীয় গৃহ কিম্বা শুভ গ্রহের গৃহ না হয় তাহা হইলে সজ্ঞানে মৃত্যু হয়। ১১

নিধনগেহগতে ভৃগুজে নরোবিমলকর্ম্মকরো নৃপসেবকঃ।
ভবতি মাংসরতঃ পৃথুলোচনো নিধনমেতি চ তীর্থবরে সুধীঃ ॥১২

লগ্ন হইতে অষ্টম স্থানে শুক্র থাকিলে মনুষ্য উত্তম কর্ম্মকারী, রাজসেবক, মাংসপ্রিয়, সুবুদ্ধি এবং তাহার লোচনযুগল স্থূল হয়, আর সে জীবনান্ত সময়ে সুতীর্থে দেহ ত্যাগ করে। ১২

অন্যচ্চ। আনৃণ্যং পিতুরাদত্তে তীর্থে মরণমেবচ।
নয়েৎ পিতৃকুলং পুণ্যং রন্ধ্রগো ভৃগুনন্দনঃ ॥ শু ॥ ১৩

অষ্টম রাশিতে শুক্র থাকিলে সে পিতৃঋণ হইতে মুক্ত হইয়া দেহান্ত সময়ে তীর্থ স্থলে কলেবর ত্যাগ করিয়া আপনার সহিত পিতৃকুল পবিত্র করে ॥ ১৩

বিদেশতো নীচসকাশতো বা মন্দোঽষ্টমঃ সন্নিধনং বিধত্তে।
হৃৎশোককম্পাননশুচিরোগান্নয়ানয়েদ্রৌরবনামধেয়ম্ ॥ ১৪

লগ্ন হইতে অষ্টম স্থানে শনি থাকিলে শোকাভিভূত হইয়া কি বদনকম্প, কি শুচিরোগাক্রান্ত হইয়া বিদেশে অথবা কোন নীচজাতি দ্বারা নিধন প্রাপ্ত হইয়া পরে শীঘ্র রৌরব নামক নরকগামী হয় ॥ ১৪

অন্যচ্চ। শনৈশ্চরে চাষ্টমগে মনুষ্যো দেশান্তরে তিষ্ঠতি দুঃখভাগী।
চৌর্য্যাপরাধেন চ নীচহস্তে পঞ্চত্বমাপ্নোত্যথ নেত্ররোগৈঃ ॥ শ ১৫

শনি অষ্টম গৃহে থাকিলে মনুষ্য দুঃখভাগী হইয়া দেশান্তরে বাস করে। চৌর্য্যাপরাধে সে ব্যক্তি নীচ লোকের হস্তে জীবন বিসর্জ্জন করে, অথবা নেত্ররোগে তাহার মৃত্যু হয় ॥ ১৫

মৃত্যুং করোতি নিয়তং প্রতিপক্ষহস্তাগ্রতোঽষ্টমে রাহুঃ।
নয়তি চ নরকমপারং কলিকিল্বিষসম্ভবৈকরোগঃ ॥ ১৬

রাহু অষ্টম স্থানে থাকিলে শত্রুর সম্মুখেই মনুষ্যের মৃত্যু হয়, এবং সে ব্যক্তি কলিদোষে আক্রান্ত হইয়া, দেহাবসানে অপার নরকে বাস করে। ১৬

অন্যচ্চ। রাহুঃ সদাচাষ্টমমন্দিরস্থো রোগান্বিতং পাপরতং গভীরম্।
চৌরং কৃশং কাপুরুষং ধনাঢ্যং নানামতিং তং পুরুষং করোতি ॥১

রাহু অষ্টম গৃহে থাকিলে মনুষ্য রোগী পাপকর্ম্ম-নিরত গম্ভীরস্বভাব চোর কৃশ কাপুরুষ ও ধনবান্ হইবে। নানা বিষয়ে তাহার মন ধাবমান হইতে থাকিবে ॥ ১৭

অপিচ। দংষ্ট্রিচৌর্য্যাপবাদেন নিধনং কারয়েত্তমঃ।
বহু কিল্বিষমাদায় কালেষু মরণং নয়েৎ ॥ রা ॥ ১৮

অপিচ। রাহু নিধন স্থানে থাকিলে দংষ্ট্রায়ুধ জন্তু দ্বারা অথবা চৌর্য্যাপবাদে অপমৃত্যু হয়, কিম্বা বহুকালে বহু পাপ সঞ্চারের পর মৃত্যু হইয়া থাকে ॥ ১৮

ইতি নিধনস্থান চিন্তা।

ধর্ম্মস্থান।

ভাগ্যং নিহন্তি সবিতা ভাগ্যস্থানস্থিতঃ সততম্।
পরমোচ্চে নৃপতিপদং দত্তে পুণ্যক্রিয়ারম্ভম্ ॥ ১

জন্মকালে সূর্য্য যদি নবম স্থানে থাকেন, তাহা হইলে মনুষ্য নিরন্তর ভাগ্য হীন হয়। পরন্তু যদি ঐ নবম স্থান সূর্য্যের সম্পূর্ণ উচ্চ স্থান হয়, তাহা হইলে মনুষ্য পুণ্য-কার্য্যের অনুষ্ঠান করে, এবং রাজ্য পদ প্রাপ্ত হয় ॥ ১

অন্যচ্চ। হন্তি পুণ্যঞ্চ ভাগ্যঞ্চ সূর্য্যঃ পুণ্যগতো নৃণাম্।
তুঙ্গস্বর্ক্ষগৃহং যাতঃ পুষ্কলং ধর্ম্মমাদিশেৎ ॥ ২

অন্যচ্চ। সূর্য্য ধর্ম্মস্থানে থাকিলে মনুষ্য ভাগ্যহীন ও পুণ্যহীন হইবে। পরন্তু যদি সূর্য্য স্বীয় গৃহে বা স্বীয় উচ্চ-স্থানে থাকেন, তাহা হইলে মনুষ্য নির্ম্মল ধর্ম্ম সঞ্চয় করে ॥২

অপিচ। গ্রহগতদিননাথে সত্যবাদী
সুকেশী কুলজনহিতকারী দেবতাবিপ্রভক্তঃ।
প্রথমবয়সি রোগী যৌবনে স্থৈর্য্যযুক্তো
বহুতরধনভাগী দীর্ঘজীবী সুমূর্ত্তিঃ ॥ র ॥ ৩

অপিচ। সূর্য্য নবম গৃহে থাকিলে মানব সত্যবাদী উত্তমকেশযুক্ত কুলজনহিতকারী দেবতাব্রাহ্মণভক্ত প্রথম বয়সে রোগযুক্ত যৌবনকালে দৃঢ়তর বহুধনসম্পন্ন দীর্ঘ-জীবী ও উত্তম সুন্দরশরীর হয় ॥ ৩

ভাগ্যযুতো বহুবিত্তঃ পিতৃযজ্ঞপরো নরো ভবেন্নবমে।
পূর্ণতনৌ তুহিনাংশৌ ক্ষীণে পূর্ব্বোদিতং ক্ষীণম্ ॥ ৪

যদি পূর্ণচন্দ্র নবম স্থানে থাকেন, তাহা হইলে মনুষ্য সৌভাগ্যশালী বহুধনসম্পন্ন ও পিতৃযজ্ঞপরায়ণ হইবে। পরন্তু যদি নবমে ক্ষীণচন্দ্র থাকেন, তাহা হইলে উক্ত সমুদায় ফল অল্প পরিমাণে হইবে ॥৪

অন্যচ্চ। নবমভবনসংস্থে শীতরশ্মৌ সুপূর্ণে
বহুতরধনভাগী কামিনীপ্রীতিকারী।
ন ভবতি ধনভাগী ক্ষীণকে নীচকে বা
বিমলপথবিরোধী নির্ধনো মূঢ়চেতাঃ ॥ চ ॥৫

অন্যচ্চ। যদি নবম গৃহে পূর্ণচন্দ্র থাকেন, তাহা হইলে মনুষ্য, বহুতর ধনশালী ও কামিনীদিগের সন্তোষ-জনক হইবে। পরন্তু যদি ঐ নবম গৃহ স্থিত চন্দ্র নীচ গৃহস্থিত বা ক্ষীণ হন, তাহা হইলে মনুষ্য ঐশ্বর্য্যশালী না হইয়া নির্ধন হইবে, এবং মূঢ় ও সৎপথবিরোধী হইয়া উঠিবে ॥৫

কুজে রক্তপটাজীবী নিত্যং পাশুপতব্রতী।
ভাগ্যহীনশ্চ সততং নরো ভবতি সর্ব্বদা ॥ ৬

মঙ্গল নবম স্থানে থাকিলে মানব রক্তবস্ত্র ব্যবসায়ী পাশুপতব্রতপরায়ণ ও সৌভাগ্যহীন হইবে ॥ ৬

অন্যচ্চ। নবমভবনসংস্থে ক্ষৌণিপুত্রে চ
রোগী নয়নকচশরীরে পিঙ্গলঃ সর্ব্বকালে।
বহুধনজনপূর্ণো ভাগ্যহীনঃ কুচেলো
বিমলজলসুবেশী শিল্পবিদ্যানুরক্তঃ ॥ ম ৭

অন্যচ্চ। মঙ্গল নবম গৃহে থাকিলে মনুষ্য রোগযুক্ত বহুধনজন দ্বারা পূর্ণ সৌভাগ্যহীন, কুৎসিতবস্ত্রপরিধায়ী সাধুসমাজে সুবেশসম্পন্ন ও শিল্পবিদ্যাতে অনুরাগযুক্ত হইবে। তাহার নয়ন কেশ ও শরীর পিঙ্গল বর্ণ হইবে ॥ ৭

মন্দভাগ্যো ভবেৎ পাপে বুধে বৌদ্ধমতাশ্রয়ী।
ভাগ্যবান্ ধার্ম্মিকশ্চৈব স্ফুটরশ্মৌ ভবেৎ সুধীঃ ॥ ৮

যদি বুধ নবম গৃহে থাকেন; এবং ঐ নবম গৃহ যদি পাপ গৃহ হয়, তাহা হইলে মনুষ্য মন্দভাগ্য ও বৌদ্ধমতাব-লম্বী বা অন্য কোন বিধর্ম্মাক্রান্ত হইবে। পরন্তু যদি ঐ বুধ স্ফুটরশ্মি অর্থাৎ উজ্জ্বল হন, তাহা হইলে মনুষ্য সৌভাগ্যশালী সুবুদ্ধি ও ধার্ম্মিক হইবে ॥ ৮

অন্যচ্চ। নবমসৌম্যগৃহে শশিনন্দনে ধনকলত্রসুতেন সমন্বিতঃ।
ভবতি পাপগৃহেঽপি সুহৃঃখিতঃ শ্রুতিবিনিন্দকবৌদ্ধমতাশ্রয়ী ॥৯বু

অন্যচ্চ। যদি নবম গৃহে বুধ থাকেন, এবং যদি ঐ নবম গৃহ শুভ গৃহ হয়, তাহা হইলে মনুষ্য স্ত্রীপুত্র সম্পন্ন ও ধনবান্ হইবে, পরন্তু যদি ঐ নবম গৃহ পাপগ্রহের স্থান হয়, তাহা হইলে মনুষ্য দুঃখিতান্তঃকরণ ও বেদবিনিন্দক হইবে। সে ব্যক্তি বৌদ্ধধর্ম্ম বা অন্য কোন অনার্য্য ধর্ম্ম আশ্রয় করিবে ॥ ৯

ভবতি ভাগ্যনিধির্নৃপবল্লভঃ সুরগুরৌ নবমে ধনবান্ গুণী।
ত্রিদশযজ্ঞপরঃ পরমার্থবিৎ প্রচুরকীর্ত্তিকরঃ কুলবর্দ্ধনঃ ॥ বৃ১০

বৃহস্পতি নবম গৃহে থাকিলে মনুষ্য ভাগ্যশালী রাজপ্রিয়, ধনবান্, গুণবান্ দেবতাদিগের উদ্দেশে যজ্ঞপরায়ণ পরমার্থজ্ঞ, কুলবর্দ্ধন ও প্রচুর কীর্ত্তিশালী হইবে ॥ ১০

বিবিধতীর্থপবিত্রকলেবরঃসুরগুরুদ্বিজভক্তিপরায়ণঃ।
নিজভুজার্জ্জিতভাগ্যমহোৎসবো ভবতি ধর্ম্মগতে ভৃগুনন্দনে॥শু ১১

শুক্র ধর্ম্মস্থানে থাকিলে মনুষ্য, বহুবিধ তীর্থপরিভ্রমণ দ্বারা পবিত্রশরীর এবং দেব ব্রাহ্মণ ও গুরুর প্রতি ভক্তিপরায়ণ হইবে। সে ব্যক্তি নিজ ভুজ দ্বারাই পরম সৌভাগ্য উপার্জ্জন পূর্ব্বক মহোৎসবে কাল যাপন করিবে॥ ১১

দম্ভকর্ম্মকৃতভাগ্যসঞ্চয়ো বঞ্চকঃ পিতৃগণস্য সর্ব্বদা।
হীনধর্ম্মবিভবঃ কুমার্গবিৎ সূর্য্যজে ভবতি ধর্ম্মগামিনি॥১২

শনি ধর্ম্মস্থানে থাকিলে মানব, দাম্ভিককর্ম্ম দ্বারা ভাগ্যসঞ্চয় করিবে। সে ব্যক্তি সর্ব্বদা পিতৃগণবঞ্চক, অধার্ম্মিক ও কুপথগামী হইবে॥ ১২

অন্যচ্চ। ধর্ম্মস্থপঙ্গৌ বহুদম্ভকারী ধর্ম্মার্থহীনঃ পিতৃবঞ্চকশ্চ।
পাপানুরক্তো নিধনী চ রোগী পাপিষ্ঠভার্য্যঃ পরিহীনবীর্য্যঃ॥ শ ১৩

অন্যচ্চ। শনি ধর্ম্মস্থানে থাকিলে মনুষ্য দাম্ভিক ধর্ম্মহীন পিতৃবঞ্চক নিয়ত পাপনিরত ধনশূন্য রোগবিশিষ্ট ও বীর্য্যহীন হইবে। তাহার ভার্য্যা পাপকর্ম্মে রত থাকিবে॥১৩

ধর্ম্মে স্থিতে চন্দ্ররিপৌ মনুষ্যশ্চণ্ডালকর্ম্মা পিশুনঃ কুচেলঃ।
জ্ঞাতিপ্রমোদে নিরতঃ সুদীনঃ শত্রোঃ কুলাদ্ভীতিমুপৈতি নিত্যম্॥১৪

রাহু ধর্ম্মস্থানে থাকিলে, মনুষ্য খল কুৎসিতবস্ত্র পরিধায়ী ও অত্যন্ত দীন হইবে। সে ব্যক্তি চণ্ডালের ন্যায় কর্ম্ম করিবে, এবং জ্ঞাতিদিগের সহিত নিয়ত আমোদ প্রমোদে রত থাকিবে। সে ব্যক্তি শত্রুকুল হইতে নিয়ত ভীত হইবে॥ ১৪

অন্যচ্চ। নীচকর্ম্মানুরক্তঃ স্যাৎ সত্যশৌচবিবর্জ্জিতঃ।
ভাগ্যহীনোঽতিদীনশ্চ ধর্ম্মসংস্থে বিধুন্তুদে॥ রা ১৫

অন্যচ্চ। রাহু ধর্ম্মস্থানে থাকিলে মনুষ্য নীচ কর্ম্মে অনুরক্ত সত্যহীন শৌচ রহিত সৌভাগ্য হীন ও অতি দীন হীন হইয়া থাকে। ১৫

ইতি ধর্ম্মস্থান চিন্তা।

কর্ম্মস্থান।

কর্ম্মণ্যেকপ্রধানে চ গ্রহাঃ সর্ব্বে ফলপ্রদাঃ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন কর্ম্মস্থানং বিচিন্তয়েৎ॥
কর্ম্মস্থানং গ্রহৈর্হীনং যদি বা দৃষ্টিবর্জ্জিতম্।
তদা দারিদ্র্যদোষেণ কৃৎস্নাং ভ্রমতি মেদিনীম্।
যদা গ্রহবিহীনং স্যাদ্ভাগ্যস্থানঞ্চ কর্ম্ম চ।
তদ্গৃহাধ্যক্ষযোগেন তথা বাচ্যং সদা বুধৈঃ॥ ১॥

সমুদায় স্থান অপেক্ষা কর্ম্মস্থানই প্রধান, কারণ, কর্ম্মস্থান শুভ হইলেই সমুদায় গ্রহ শুভ ফল প্রদান করে। অতএব প্রথমতঃ সর্ব্ব প্রযত্নে কর্ম্মস্থান চিন্তা করিবে। যদি কর্ম্মস্থানে কোন গ্রহ না থাকেন, বা কোন গ্রহের দৃষ্টিও না থাকে, তাহা হইলে মানব দরিদ্র হইয়া ভূমণ্ডল পরিভ্রমণ করে। যদি ভাগ্যস্থান ও কর্ম্মস্থান গ্রহবিহীন বা গ্রহের দৃষ্টি বিহীন হয়, তাহা হইলে পণ্ডিতগণ সেই গৃহের অধিপতি গ্রহ অবলম্বন করিয়া গণনা করিবেন॥ ১

কর্ম্মক্ষীণঃ ক্ষিপ্রগামী তেজোময়ঃ শ্রবণরোগী চ।
পিতৃধনযুক্তঃ সততং ভবতি নরো ভাস্করে দশমে॥ ২॥

দশম স্থানে সূর্য্য থাকিলে মনুষ্য অল্পকর্ম্মকারী শীঘ্রগামী তেজস্বী নয়নরোগ-বিশিষ্ট ও পৈতৃক ধন সম্পন্ন হইয়া থাকে॥ ২

অন্যচ্চ। দশম ভবন সংস্থে তীক্ষ্ণভানৌ মনুষ্যো
বহুতরধনযুক্তো দানশীলোঽভিমানী।
মৃদুশুচিরপি ভোক্তা নৃত্যগীতানুরক্তো
নরপতিরিব পূজ্যঃ শেষকালে চ রোগী॥ ৩॥ র

সূর্য্য দশম গৃহে থাকিলে মনুষ্য, বহুতর ধনশালী দানশীল অভিমানী মৃদু বিশুদ্ধাচার ভোক্তা নৃত্যগীতানুরক্ত রাজারন্যায় মান্য ও শেষ অবস্থায় রোগবিশিষ্ট হইবে॥ ৩

বহুতরধনভাগী কর্ম্মসংস্থে হিমাংশৌ
বিবিধগুণনিধানঃ পুত্রদারাদিপূর্ণঃ।
রিপুকুটিলগৃহস্থে চাস্তরোগী কৃশাঙ্গো
ভবতিপিতৃধনাঢ্যঃ কর্ম্মহীনো মনুষ্যঃ॥ ৪॥ চ

চন্দ্র কর্ম্মস্থানে থাকিলে মানব, বহুতর ধনভাগী

অশেষ গুণনিধান ও পুত্রকলত্র সমন্বিত হয়। পরন্তু ঐ কর্ম্মস্থানস্থ চন্দ্র যদি শত্রুগৃহস্থিত বা পাপগৃহস্থিত হন, তাহা হইলে মনুষ্য মুখরোগ-বিশিষ্ট কৃশশরীর, কর্ম্মহীন ও পিতৃধনে ধনবান্ হইয়া থাকে ॥ ৪

অস্ত্রজ্ঞঃ সাহসিকো ভূম্যুপজীবী কর্ম্মণা রহিতঃ।
শত্রুধনেষ্বধিকারী ভবতি নরো মঙ্গলে দশমে ॥ ৫ ॥

মঙ্গল দশমস্থানে থাকিলে, মনুষ্য অস্ত্রজ্ঞ সাহসিক ভূম্যুপজীবী, কর্ম্মরহিত ও শত্রুধনে অধিকারী হইবে ॥ ৫

অন্যচ্চ। দশমগতমহীজে দাম্ভিকঃ কোষহীনো
রিপুকুলভয়কারী কামিনীচিত্তহারী।
জঠরসমশরীরো ভূমিজীবী প্রকোপী
দ্বিজগুরুসুরভক্তো নাতিদীর্ঘো ন খর্ব্বঃ ॥ ৬ ॥ ম

অপিচ। মঙ্গল দশম স্থানে থাকিলে মনুষ্য দাম্ভিক কোষহীন, শত্রুদিগের ভয়জনক, কামিনীগণের মনোহারী, ভূমিজীবী ক্রোধপরতন্ত্র, দেব গুরু ও ব্রাহ্মণের প্রতি ভক্তিযুক্ত, অনতিদীর্ঘ অনতিখর্ব্ব ও জঠর সমান শরীর-বিশিষ্ট হইবে ॥ ৬

গুরুজনস্থ হিতে নিরতো জনো বহুধনো দশমে শশিনন্দনে।
নিজভুজার্জ্জিতবিত্তহয়োত্তমো বহুসুখং ভজতে মিতভাষকঃ ॥ ৭

বুধ দশম গৃহে থাকিলে মনুষ্য, গুরুজনের হিতসাধনে নিরত, বহুধনসম্পন্ন ও মিতভাষী হইবে। সে ব্যক্তি নিজভুজোপার্জ্জিত ধন ও অশ্ব রত্ন দ্বারা বহু সুখ সম্ভোগ করিবে ॥ ৭

অন্যচ্চ। যশো নৃপতিপূজাঞ্চ মিত্রং বিত্তং শুভো বুধঃ।
কর্ম্মস্থানগতঃ কুর্য্যাদ্বিপরীতমতোঽন্যথা ॥ বু ৮

অন্যচ্চ। শুভ বুধ কর্ম্ম স্থানে থাকিলে মানব, যশ রাজপূজা মিত্র ও ধন লাভ করে পরন্তু ঐ বুধ অশুভ হইলে ইহার বিপরীত ফল হয় ॥ ৮ বুধ

দশমধামগতে চ বৃহস্পতৌ তুরগরত্নবিভূষিতমন্দিরঃ।
জয়তি নীতিগুণৈর্নিজশাত্রবান্ সকলধর্ম্মকরঃ সুখভাজনঃ ॥বৃ৯

বৃহস্পতি দশম গৃহে থাকিলে মনুষ্য, সমুদায় ধর্ম্মের অনুষ্ঠান করে, নীতি গুণে নিজ শত্রুগণকে জয় করে, এবং তুরগরত্ন দ্বারা তাহার ভবন বিভূষিত হয় ও সে ব্যক্তি নিয়ত সুখ ভোগ করিয়া থাকে ॥ ৯ বৃহস্পতি

কর্ম্মগতে ভৃগুপুত্রে ভুঙ্‌ক্তে রাজ্যাস্পদং বনস্থোঽপি।
ভবতি চ লোচনরোগী স্ত্রীধনযুক্তো মহাভোগী ॥ শু ১০

শুক্র কর্ম্ম স্থানে থাকিলে মনুষ্য বনস্থিত হইয়াও রাজ্য ভোগ করে এবং সে ব্যক্তি নয়ন রোগ যুক্ত, স্ত্রী ধন সম্পন্ন ও মহাভোগ বিশিষ্ট হয় ॥ ১০ শুক্র

শনৈশ্চরে কর্ম্মগৃহে স্থিতে চ মহাজনো ভৃত্যজনানুরক্তঃ।
প্রাজ্ঞঃ প্রচণ্ডো নৃপসদ্মবাসী ন শত্রুবর্গাদ্ভয়মেতি মানী ॥১১

শনি কর্ম্ম স্থানে থাকিলে মনুষ্য, মহাত্মা, ভৃত্য জনে অনুরক্ত, প্রাজ্ঞ প্রচণ্ড, রাজভবনবাসী ও সম্মানযুক্ত হইবে, সে শত্রুবর্গ হইতে ভীত হইবে না ॥ ১১

অন্যচ্চ। পরসমুপার্জ্জিতবিত্তঃ ক্রূরাত্মা পরঘাতকঃ শূরঃ।
জঙ্ঘারোগী কৃপণঃ কর্ম্মগতে মানবো মন্দে ॥ ১২ শ

অন্যচ্চ। শনি কর্ম্ম স্থানে থাকিলে মানব কৃপণ, জঙ্ঘারোগ বিশিষ্ট; শূর, হত্যাকারী ক্রূরাত্মা হইয়া বিপক্ষ পক্ষ হইতে ধনোপার্জ্জন করিবে ॥ ১২ শনি

কামাতুরঃ কর্ম্মগতে চ রাহৌ পরান্নভোজী মুখরাপতিশ্চ।
স্নানে বিরক্তঃ সুখবর্জ্জিতশ্চ বিহারশীলশ্চপলোঽতিদুঃখী ॥১৩র

রাহু কর্ম্ম স্থানে থাকিলে মনুষ্য কামাতুর, পরান্নভোজী, মুখরা রমণীর পতি, স্নানে বিরক্ত, সুখ বিহীন বিহার শীল, চপল ও দুঃখভাগী হয় ॥ ১৩ রাহু

ইতি কর্ম্মস্থানচিন্তা।

লাভ স্থানচিন্তা।

লাভস্থিতা হীনবলাশ্চ যে বা শুভগ্রহা বা যদি বাশুভাশ্চ।
প্রায়ঃ প্রযচ্ছন্তি শুভানি নিত্যং স্ত্রীরত্নমুক্তামণিভূষণানি ॥ ১

যদি লাভস্থানে কোন শুভ গ্রহ থাকেন এবং ঐ গ্রহ যদি হীন বলও হন, অথবা ঐ লাভ স্থানে যদি কোন পাপ গ্রহও থাকেন, তথাপি মনুষ্যের নিয়ত শুভ ফল হয় এবং সে মণি মুক্তা বিভূষণ ও স্ত্রীরত্ন ভোগ করে ॥ ১

বহুতরধনভাগী লাভসংস্থে দিনেশে
নরপতিগৃহমেধী ভোগহীনো বিধিজ্ঞঃ।
কৃশতনুবলযুক্তঃ কামিনীচিত্তহারী
ভবতি চপলচিত্তো জ্ঞাতিবর্গপ্রমোদী॥ ২ র

সূর্য্য একাদশ গৃহে থাকিলে মনুষ্য বহুতরধনভাগী রাজা, গৃহমেধী ভোগহীন বিধানজ্ঞ কৃশশরীর বলবান্, কামিনীজনমনোহারী, চপলচিত্ত ও জ্ঞাতিবর্গের সহিত আমোদপ্রমোদকারী হয়॥ ২ রবি

বহুতরসুখভাগী লাভসংস্থে শশাঙ্কে
প্রচুরসুখসমেতো দারভৃত্যাদিযুক্তঃ।
শশিনি কৃশশরীরে নীচপাপারিগেহে
ভবতি ন সুখভাগী নির্ধনো মূঢ়চেতাঃ॥ ৩ চ

চন্দ্র লাভ স্থানে থাকিলে মনুষ্য সাতিশয় সুখ সৌভাগ্য শালী, পত্নী ভৃত্যাদি যুক্ত ও নানা সুখে সুখী হয়, পরন্তু যদি ঐ চন্দ্র ক্ষীণ হন, নীচগৃহগত হন বা পাপগ্রহের ও শত্রুগ্রহের গৃহ গত হন, তাহা হইলে মনুষ্য ধনহীন ও মূঢ়হৃদয় হয়, সে কখন সুখভাগী হয় না॥ ৩ চন্দ্র

পরজনহিতকারী লাভসংস্থে মহীজে
নৃপ ইব গৃহমেধী পণ্ডিতঃ কোষপূর্ণঃ।
ভবতি চ যদি তুঙ্গেঽনেকসৌভাগ্যযুক্তো
ধৃতিকরবলযুক্তঃ পুণ্যকামোঽতিলোভী॥ ম ৪

মঙ্গল একাদশে থাকিলে মানব, পরের হিতকারী, রাজার ন্যায় গৃহমেধী পণ্ডিত ও সম্পূর্ণ ধনসম্পন্ন হয়। পরন্তু যদি ঐ মঙ্গল উচ্চ স্থান স্থিত হন, তাহা হইলে মনুষ্য সাতিশয় সৌভাগ্যসম্পন্ন, ধৈর্য্যশালী, বাহুবল-সম্পন্ন, পুণ্য কামী ও সাতিশয় লোভী হয়॥ ৪ মঙ্গল।

কপটবুদ্ধিরতঃ কৃপণঃ সুখী বহুধনঃ প্রমদাজনবল্লভঃ।
রুচিরনীলবপুঃ পৃথুলোচনো ভবতি লাভগতে শশিজে নরঃ।বু৫

বুধ লাভ স্থানে থাকিলে মনুষ্য, কপটবুদ্ধিপরায়ণ, কৃপণ, সুখী, বহু ধন সম্পন্ন, রমণীগণের বল্লভ, নীল নীরদ সদৃশ মনোহর শরীর বিশিষ্ট ও পৃথুলোচন হয়॥ ৫ বুধ

ব্রজতি ভূমিপতেঃ সমতাং ধনৈর্নিজকুলস্য বিকারকরঃ সদা
বিপুলধর্ম্মরতোঽপি গদান্বিতো ভবতি লাভগতে সুরমন্ত্রিণি।বৃ৬

বৃহস্পতি একাদশে থাকিলে ধন দ্বারা রাজার সদৃশ, নিজ কুলের বিকার সম্পাদক, অত্যন্ত ধর্ম্মপরায়ণ ও রোগ-যুক্ত হইবে॥ ৬ বৃ

নিজগৃহায়গতে ভৃগুজে গুণী নিজকুলস্য হিতে নিয়তব্রতী।
মদনতুল্যবপুঃ সুখভাজনং ভবতি হাস্যরতঃ কুসুমপ্রিয়ঃ॥৭শু

যদি শুক্র একাদশে থাকেন, এবং উহা যদি তাঁহার নিজ গৃহ হয়, তাহা হইলে মনুষ্য গুণবান্, নিয়ত নিজকুলের হিত সাধনে তৎপর কন্দর্পের ন্যায় অপূর্ব্ব শরীরবিশিষ্ট, সুখভাজন, হাস্য পরিহাসে নিরত ও কুসুমামোদী হইবে॥ ৭ শুক্র

সূর্য্যাত্মজে লাভগতে মনুষ্যো ধনী বিতৃষ্ণো বহুভোগভাগী।
গীতানুরাগী মুদিতঃ সুশীলঃ স চাল্পকালে ভবতীব রোগী।৮

শনি একাদশ ভবনে থাকিলে মনুষ্য, ধনবান্, তৃষ্ণা-রহিত বহুভোগ বিশিষ্ট, গীতানুরক্ত, সন্তুষ্টচিত্ত, সুশীল এবং অল্প বয়সে রুগ্নের ন্যায় লক্ষিত হইবে॥ ৮ শ

আয়াশ্রিতে দৈত্যসুতে মনুষ্যো দাতা ভবেন্নীলবপুঃ সুমূর্ত্তিঃ।
চাঞ্চল্যযুক্তঃ পরদারসেবী শাস্ত্রস্য নিন্দী চপলো বিলজ্জঃ॥ রা৯

রাহু আয় স্থানে থাকিলে মনুষ্য, দাতা, নীলবর্ণ শরীর বিশিষ্ট সুশ্রী চাঞ্চল্য যুক্ত পরদারানুরক্ত শাস্ত্র বিনিন্দক চপল ও নির্লজ্জ হইয়া থাকে॥ ৯ রাহু

ইত্যায়স্থানচিন্তা।

ব্যয়স্থান।

রিপ্ফস্থো দিবসকরঃ পাপযুতঃ পাপসংদৃষ্টঃ।
কুলজানামপি কুরুতে মনুজানাং গোত্রবাহ্যত্বম্॥ ১

সূর্য্য পাপগ্রহযুক্ত ও পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া ব্যয় স্থানে থাকিলে উত্তম সদ্বংশ সম্ভূত ব্যক্তিও গোত্রের বাহির হয়॥ ১

অন্যচ্চ। জড়মতিরতিকামী চাল্পয়োষিদ্বিলাসী
বিহগগণবিঘাতী ক্রূরচেষ্টঃ কুমূর্ত্তিঃ।
ন ভবতি বহুবিত্তো দ্বাদশস্থে দিনেশে
কথকজনবিরোধী জঙ্ঘরোগী স পঙ্গুঃ॥ ২ র

অন্যচ্চ। সূর্য্য দ্বাদশ ভবনে থাকিলে মনুষ্য, জড়বুদ্ধি-সম্পন্ন, রতিকামুক অল্প কামিনীতে বিলাসকারী, পক্ষি-বিনাশক ক্রুর চেষ্টাযুক্ত কুৎসিতশরীর, অল্প ধন সম্পন্ন, কথকব্যক্তিদিগের সহিত বিরোধকারী জঙ্ঘারোগ বিশিষ্ট ও পঙ্গু হয়॥ ২ সূর্য্য

ভবতি শশিনি তুঙ্গে দ্বাদশস্থে ধনাঢ্যো
বিপুলযুবতিনাথঃ পুত্রভৃত্যাদিযুক্তঃ।
কৃশবপুষি শশাঙ্কে নীচপাপারিসংস্থে
গদনিচয়সমেতঃ সর্ব্বদুঃখাতিতপ্তঃ॥ ৩

যদি চন্দ্র ব্যয় স্থানে থাকিয়া তুঙ্গী হন, তাহা হইলে মানব, ধনাঢ্য বহু যুবতীর বল্লভ ও পুত্র ভৃত্যাদি সম্পন্ন হয়। পরন্তু ঐ দ্বাদশস্থ চন্দ্র যদি নীচস্থ ক্ষীণ শত্রুগৃহ-গামী বা পাপগৃহগামী হন, তাহা হইলে মনুষ্য বহুরোগ-যুক্ত ও অশেষ দুঃখে সন্তপ্ত হইতে থাকে॥ ৩

অন্যচ্চ। রিপ্ফে শশিনি কার্পণ্যমবিশ্বাসঃ পদে পদে।
কৃষ্ণপক্ষে বিশেষেণ কার্পণ্যমপি বর্দ্ধতে॥ ৪

অন্যচ্চ। ব্যয় স্থানে চন্দ্র থাকিলে মনুষ্য পদে পদে অবিশ্বাসী ও কৃপণ হয়। বিশেষত কৃষ্ণ পক্ষ হইলে কৃপণ-তার বৃদ্ধি হয়॥ ৪

অপিচ। ব্যয়নিলয়নিবিষ্টে রাত্রিনাথে কৃশাঙ্গঃ
সতত নিয়তরোগী ক্রোধনো নির্দ্ধনশ্চ।
নিজবুধগুরুগেহে দাম্ভিকস্ত্যাগশীলঃ
কৃশতনুবসুভাগী নীচসঙ্গী সদৈব॥ চ ৫

অপিচ। চন্দ্র ব্যয় স্থানে থাকিলে মানব কৃশশরীর-বিশিষ্ট, নিরত রোগী, ক্রোধ যুক্ত ও নির্দ্ধন হয়। ঐ চন্দ্র যদি নিজ ভবনে বা পুত্রের ভবনে কিম্বা বৃহস্পতির ভবনে থাকেন, তাহা হইলে মনুষ্য দাম্ভিক ত্যাগশীল, কৃশ-শরীর ধনবান্ ও সর্ব্বদা নীচ সংসর্গে আসক্ত হয়॥ ৫ চন্দ্র

ভৌমোঽথ যদি বা রিপ্ফে যদি বা স্বাদ্বিধুন্তুদঃ।
তদা পাপং ভবেৎ পুংসাং দারাঃ স্যুর্ব্যভিচারিণঃ॥ ৬

যদি মঙ্গল বা রাহু ব্যয় স্থানে থাকেন তাহা হইলে মনুষ্য পাপাসক্ত হয় এবং তাহার ভার্য্যা ব্যভিচারিণী হইয়া থাকে॥ ৬

অন্যচ্চ। পরধন হরণে বৈ সর্ব্বদা চঞ্চলাক্ষ-
শ্চপলগতিবিহারী হাস্যযুক্তঃ প্রচণ্ডঃ।
ন ভবতি সুখভাগী দ্বাদশস্থেঽপি ভৌমে
পরযুবতিবিলাসী সাত্বিকঃ কর্ম্মশূরঃ॥ ম ৭

অন্যচ্চ। মঙ্গল দ্বাদশ গৃহে থাকিলে মনুষ্য পরধন হরণে সর্ব্বদা লোলুপ, দ্রুত গমনকারী, সর্ব্বদা হাস্যযুক্ত প্রচণ্ডস্বভাব পরললনাবিহারী সাত্বিক ও কার্য্য বিষয়ে শূর হয়। পরন্তু সে ব্যক্তি কখন সুখভাগী হয় না॥ ৭ মঙ্গল

ব্যয়নিকেতনবর্ত্তিনি চন্দ্রজে
বিকলমূর্ত্তিধরোঽপি বিলজ্জিতঃ।
পরকলত্রধনৈরপি বিত্তবান্
ব্যসনপাপরতঃ কুহকো জনঃ॥ বু ৮

বুধ ব্যয় স্থানে থাকিলে মনুষ্য, বিকলাঙ্গ সলজ্জস্ব-ভাব, পরস্ত্রী দ্বারা ও পরস্ত্রীর ধন দ্বারা ধনবান্, ব্যসনাসক্ত পাপনিরত ও কুহকী হইবে॥ ৮ বুধ

সত্যবাদী দানশীলস্ত্যক্তদুষ্টজনঃ শুচিঃ।
অপ্রমাদী সাধুশীলো ব্যয়স্থে দেবতাগুরৌ॥ ৯

বৃহস্পতি ব্যয় স্থানে থাকিলে মনুষ্য সত্যবাদী, দান-শীল শুচি, দুষ্ট জন পরিত্যাগী, অপ্রমাদী ও সাধু স্বভাব হয়॥ ৯

অপিচ। শিশুদশাসুভগো গুদরোগবান্নুচিতদানপরাঙ্মুখ এবচ।
কৃশধনো মদনাকুলদাম্ভিকো ভবতি রিপ্ফগতে চ বৃহস্পতৌ॥ বৃ ১০

অপিচ। বৃহস্পতি ব্যয় স্থানে থাকিলে মনুষ্য, বাল্যা-বস্থায় সৌভাগ্যশালী, গুহ্যদেশে রোগবিশিষ্ট, উচিত বস্তু দানে পরাঙ্মুখ অল্প ধনে ধনবান্, কামাতুর ও দাম্ভিক হইয়া থাকে॥ ১০ বৃহস্পতি

ব্যয়নিকেতনবর্ত্তিনি ভার্গবে ভবতি রোগযুতঃ প্রথমে নরঃ।
তদনু দম্ভপরায়ণচেতনঃ কৃশতনুর্মলিনঃ কৃষকঃ সদা। শু ১১

শুক্র ব্যয় স্থানে থাকিলে মনুষ্য, প্রথম অবস্থায় রোগযুক্ত, পরে কৃশশরীর মলিন কৃষক ও অত্যন্ত দাম্ভিক হয়॥ ১১ শুক্র

রিপ্ফে শনৌ চঞ্চলদারনাথো গদান্বিতো হীনধনঃ সুদুঃখী।
জঙ্ঘাব্রণী ক্রুরমতিঃ কৃশাঙ্গো বধে রতঃপক্ষিগণস্য নিত্যম্॥ শ ১২

শনি ব্যয় স্থানে থাকিলে মানব, চঞ্চল ভার্য্যাযুক্ত, রোগ বিশিষ্ট, অল্প ধনবান্, অত্যন্ত দুঃখী, জঙ্ঘাদেশে ব্রণ বিশিষ্ট, ক্রূরমতি কৃশাঙ্গ ও নিয়ত পক্ষিবধে নিরত হইয়া থাকে ॥ ১২ শনি

রিপ্ফস্থিতে সোমরিপৌ মনুষ্যো ধর্ম্মার্থহীনো বহুদুঃখতপ্তঃ।
কান্তাসুখত্যক্তবিদেশবাসী দন্তান্বিতঃ পিঙ্গলনেত্রযুক্তঃ ॥রা১৩

রাহু ব্যয় স্থানে অবস্থান করিলে মানব, ধর্ম্মহীন, অর্থহীন, বহু দুঃখে সন্তপ্ত হৃদয় ভার্য্যা সহবাস জনিত সুখে বঞ্চিত, বিদেশবাসী, দন্তযুক্ত ও পিঙ্গল নয়ন বিশিষ্ট হয় ॥ ১৩ রাহু

ইতি ব্যয়স্থান চিন্তা।

বৃহজ্জাতকে।

শূরঃ স্তব্ধো বিকলনয়নো নির্ঘৃণোঽর্কেতনুস্থে
মেষে সস্বস্তিমিরনয়নঃ সিংহসংস্থে নিশান্ধঃ।
নীচেঽন্ধোঽস্বঃ শশিগৃহগতে বুদ্বুদাক্ষঃ পতঙ্গে
ভূরিদ্রব্যো নৃপহৃতধনো বক্ত্ররোগী দ্বিতীয়ে ॥ ১
মতিবিক্রমবান্ তৃতীয়গেঽর্কে বিসুখঃ পীড়িতমানসশ্চতুর্থে।
অসুতো ধনবর্জ্জিতস্ত্রিকোণে বলবান্ শত্রুজিতশ্চ শত্রুযাতে ॥২
স্ত্রীভির্গতঃ পরিভবং মদগে পতঙ্গে
স্বল্পাত্মজো নিধনগে বিকলেক্ষণশ্চ।
ধর্ম্মে সুথার্থসুখভাক্ সুতশৌর্য্যভাক্ খে
লাভে প্রভূতধনবান্ পতিতস্তু রিপ্ফে ॥ ৩ র
মূকোন্মত্তজড়ান্ধহীনবধিরপ্রেষ্যাঃ শশাঙ্কোদয়ে
স্বর্ক্ষাজোচ্চগতে ধনী বহুসুতঃ সস্বঃ কুটুম্বী ধনে।
হিংস্রো ভ্রাতৃগতে সুখে সতনয়ে তৎপ্রোক্তভাবান্বিতো
নৈকারির্মৃদুকায়বহ্নিমদনস্তীক্ষ্ণোঽলসশ্চারিগে ॥ ৪
ঈর্ষ্যুস্তীব্রমদো মদে বহুমতির্ব্যাধ্যর্দ্দিতশ্চাষ্টমে
সৌভাগ্যাত্মজমিত্রবন্ধুধনভাক্ ধর্ম্মস্থিতে শীতগৌ।
নিষ্পত্তিং সমুপৈতি ধর্ম্মধনধীশৌর্য্যৈর্যুতঃ কর্ম্মগে
খ্যাতো ভাবগুণান্বিতে ভবগতে ক্ষুদ্রোঽঙ্গহীনো ব্যয়ে ॥ ৫
লগ্নে কুজে ক্ষততনুর্ধনগে কদন্নো
ধর্ম্মে হর্ষবান্ দিনকরপ্রতিমোঽন্যসংস্থঃ।
বিদ্বান্ ধনী প্রবলপণ্ডিতমন্ত্রশক্রঃ
ধর্ম্মজ্ঞবিশ্রুতগুণঃ পরতোঽর্কবজ্জ্ঞে ॥
বিদ্বান্ সুবাক্যঃ কৃপণঃ সুখী চ ধীমান্ অশক্রঃ পিতৃতোঽধিকশ্চ
নীচস্তপস্বী সধনঃ সলাভঃ খলশ্চ জীবে ক্রমশো বিলগ্নাৎ ॥ ৭
স্মরনিপুণঃ সুখিতশ্চ বিলগ্নে প্রিয়কলহোঽস্তগতে সুরতে স্যুঃ।
তনয়গতে সুখিতো ভৃগুপুত্রে গুরুবদতোঽন্যঋষেদ্রবিণী স্যাৎ। ৮
অদৃষ্টার্থো রোগী বদনবশগোঽত্যন্তমলিনঃ
শিশুত্বে পীড়ার্ত্তঃ সবিতৃসুতলগ্নেঽত্যলসভাক্।
গুরুস্বর্ক্ষোচ্চস্থে নৃপতিসদৃশো গ্রামপুরপঃ
সুবিদ্বাংশ্চার্ব্বঙ্গো দিনকরসমোঽন্যত্র কথিতঃ ॥ ৯
সুহৃদরিপরকীয়স্বর্ক্ষতুঙ্গস্থিতানাং
ফলমনুপরিচিন্ত্যং লগ্নদেহাদিভাবৈঃ।
সমুপচয়বিপত্তী সৌম্যপাপেষু সত্যঃ
কথয়তি বিপরীতং রিপ্ফষষ্ঠাষ্টমেষু ॥ ১০
উচ্চত্রিকোণেষ্বসুহৃচ্ছত্রুনীচগৃহার্কগৈঃ।
শুভং সম্পূর্ণপাদোনদলপাদাল্পনিষ্ফলম্ ॥ ১১

ইতি বৃহজ্জাতকে ভাবধ্যায়ঃ সমাপ্তঃ।

কেতুভাবফলমাহ চমৎকারচিন্তামণৌ।

যদা লগ্নগাঃ কেতবঃ ক্লেশকর্ত্তা সরোগাধিরোগাদ্ভয়ং ব্যগ্রতা চ
কলত্রাদিচিন্তা সদোদ্বেগতা চ শরীরেঽতিবাধা ব্যথা মারুতাচ্চ॥
ধনে কেতবো ধান্যনাশং ধনঞ্চ
কুটুম্বাদ্বিরোধং নৃপাদ্দ্ব্যচিন্তাম্।
মুখে রোগতাং সৎকৃতং নোতিভাষং
যদা স্বীয়ভে সৌম্যগেহেঽতিসৌখ্যম্ ॥ ২
শিখী বিক্রমে শক্রনাশং করোতি
ধনং ভোগমৈশ্বর্য্যতেজোঽধিকঞ্চ।
ভবেদ্ভ্রাতৃনাশো সদা বায়ুপীড়া
ভয়োদ্বেগতা মানসোদ্বেগতা চ ॥ ৩
চতুর্থেন মাতুঃ সুখং নো কদাচিৎ
সুহৃদ্বর্গতঃ পিতৃতো নাশমেতি।
শিখী বন্ধুহীনঃ সুখং স্বোচ্চগেহে
চিরং নো বসেৎ সর্ব্বদা ব্যগ্রতা চ ॥ ৪
যদা পঞ্চমে যস্য কেতশ্চ জাতঃ

স্বয়ং সোদরে ঘাতবাতাদিকষ্টম্।
স্ববুদ্ধিব্যথাসন্ততিঃ স্বল্পপুত্রঃ
সদাসৌ ভবেদ্বীর্য্যযুক্তো নরশ্চ ॥ ৫
তমশ্ছায়য়া ষষ্ঠগে শত্রুনাশো
ভবেন্মাতুলাৎ পক্ষতো মানভঙ্গঃ।
চতুষ্পাৎ সুখং সর্ব্বদা তুচ্ছবিত্তং
নিরোগশ্চ দেহঃ সদা ব্যাধিনাশঃ ॥ ৬
শিখী সপ্তমে মার্গতোদ্বেগতা চ
নিবৃত্তিশ্চ নাশোঽথবা বারিভূতম্।
ভবেৎ কীটগে সর্ব্বদা লাভকারী
কলত্রাদিপীড়া ভবেদ্ব্যগ্রতা চ ॥ ৭
গুদে পীড্যতে বাহনে দ্রব্যরোধঃ
যদা কীটগে কন্যগে যুগ্মগে বা।
ভবেদ্রন্ধ্রগে রাহুজচ্ছায়য়া চ
অজে গোভিজে জায়তে চার্থলাভঃ ॥ ৮
যদা ধর্ম্মগাঃ কেতবঃ ক্লেশনাশঃ
সুতার্থী ভবেন্ম্লেচ্ছতো ভাগ্যবৃদ্ধিঃ।
সহোত্থব্যথা স বাহ্বোশ্চ রোগং বিধত্তে
তপোদানতো হাস্যবৃদ্ধিং তনোতি ॥ ৯
পিতুর্নো সুখং কর্ম্মগো যস্য কেতুঃ
স্বয়ং চাপগঃ শত্রুনাশং করোতি।
সদা বাহনে পীড়কো মাতুরেব
যদা বৈ স্বগেহেঽঙ্গনাকষ্টভাক্তম্ ॥ ১০ ॥
সুভাষী সুবিদ্যাধিকো দর্শনীয়ঃ
সুগাত্রঃ সুতেজাঃ সুবস্ত্রোঽপি রম্যঃ।
স্বোদরে পীড্যতে সন্ততির্দুর্ভগা চ।
স্বগেহে শিখী সর্ব্বলাভং করোতি ॥ ১১ ॥
শিখী রিপ্ফগঃ পাদনেত্রে চ পীড়া
স্বয়ং রাজতুল্যো ব্যয়ং সৎ করোতি।
রিপোর্নাশনং মাতুলান্নেন সার্থো
রুজা পীড্যতে বস্তিগুহ্যে সদৈব ॥ ১২ ॥

ইতি চমৎকারচিন্তামণৌ কেতুভাবফলং সমাপ্তম্।

চমৎকার চিন্তামণি মতে কেতুভাবফল।

জন্মকালে কেতু লগ্নস্থ হইলে শারীরিক পীড়া মানসিক পীড়া হইতে ভয় ব্যগ্রতা কলত্রাদি চিন্তা সর্ব্বদা উদ্বেগ বায়ুরোগ জন্য ক্লেশ ও শরীরে বহুবিধ কষ্ট হয়। ১

কেতু ধনস্থানে থাকিলে ধননাশ ধান্যনাশ কুটুম্ব-বিরোধ দ্রব্যবিষয়ে রাজভয় ও মুখে রোগ হইয়া থাকে। সে ব্যক্তি কোথাও সৎকৃত হয় না এবং সে বহুভাষী হইয়া থাকে। পরন্তু যদি ঐ কেতু স্বীয় গৃহে অথবা সৌম্য গৃহে অবস্থান করেন, তাহা হইলে মানব সাতিশয় সুখী হয়। ২

কেতু তৃতীয় স্থানে থাকিলে শত্রুক্ষয় ধন ঐশ্বর্য্যভোগ সাতিশয় তেজ ভ্রাতৃনাশ সর্ব্বদা বায়ুপীড়া ভয় উদ্বেগ ও মানসিক চিন্তা হইয়া থাকে। ৩

কেতু চতুর্থ ভবনে থাকিলে মনুষ্য কখনই মাতা হইতে সুখভাগী হয় না, বিশেষত সুহৃদ্‌বর্গ হইতে বা পিতা হইতে তাহার বিনাশ হয়। ঐ কেতু যদি আপনার উচ্চ-গৃহে থাকেন, তাহা হইলে মানব বন্ধুবিহীন হয়, এবং সর্ব্বদা ব্যগ্র হইয়া বেড়ায়। সে ব্যক্তি এক স্থানে চিরকাল সুখে বাস করিতে পারে না। ৪

যাহার পঞ্চম গৃহে কেতু থাকে, তাহার সহোদর ও সে স্বয়ং আঘাত ও বাতাদিজনিত কষ্ট ভোগ করে। সে ব্যক্তি নিজ বুদ্ধি দ্বারা অনেক কষ্ট ভোগ করে। তাহার অল্পসংখ্য পুত্র হয়। সে ব্যক্তি সর্ব্বদা বীর্য্যশালী হইয়া থাকে। ৫

রাহু ষষ্ঠ গৃহে থাকিলে মনুষ্যের শত্রুনাশ হয়। তাহার মাতুল হইতে বা আত্মপক্ষীয় কোন ব্যক্তি হইতে মানহানি হইয়া থাকে। তাহার সম্পূর্ন চতুষ্পাদ সুখ হয়। সে সর্ব্বদা ধনকে তুচ্ছ জ্ঞান করে। তাহার ব্যাধি নাশ হয়, সে সর্ব্বদা নীরোগ শরীরে থাকে। ৬

কেতু সপ্তমে থাকিলে মনুষ্যের যাচকতা ও উদ্বেগ হইয়া থকে। জল হইতে বা অন্য কোন ভুত হইতে তাহার বিনাশ হয়। পরন্তু ঐ কেতু যদি বৃশ্চিক রাশিতে থাকেন, তাহা হইলে সর্ব্বদা লাভ ব্যগ্রতা ও কলত্রাদির পীড়া হইয়া থাকে। ৭

ঐ সপ্তমস্থিত কেতু যদি মকর রাশিতে থাকেন, তাহা হইলে গুহ্যদেশে পীড়া হয়। যদি বৃশ্চিক কন্যা অথবা

মিথুন রাশিতে থাকেন বা রন্ধ্রগত হন, তাহা হইলে দ্রব্য হানি হইয়া থাকে। ঐ কেতু যদি মেষ বা বৃষ রাশিতে থাকেন, তাহা হইলে ধন লাভ হয়। ৮

কেতু ধর্ম্মস্থানে থাকিলে মনুষ্য, পুত্রাভিলাষী হয়। তাহার কোন ক্লেশ থাকে না। ম্লেচ্ছ জাতি হইতে তাহার সৌভাগ্য বৃদ্ধি হয়। সে ব্যক্তি সহোথায়ী হইতে ক্লেশ প্রাপ্ত হয়। তাহার বাহুদ্বয়ে কোন রোগ হইয়া থাকে। সে তপস্যা দ্বারা ও দান দ্বারা বিলক্ষণ বৃদ্ধি প্রাপ্ত হয়। ৯

যাহার জন্ম সময়ে কেতু কর্ম্মস্থানে থাকিবেন, তাহার পিতা সুখী হইবে না,। পরন্তু এই কর্ম্মস্থানস্থিত কেতু যদি ধনুরাশিতে থাকেন, তাহা হইলে শত্রুক্ষয় হয়। এই কেতু যদি মকর রাশিগত হন, মাতার পীড়াদি হয়। যদি ঐ কেতু স্বগৃহে থাকেন, তাহা হইলে ভার্য্যার কষ্ট হয়। ১০

কেতু একাদশে থাকিলে মনুষ্য মিষ্টভাষী উত্তম বিদ্বান্ সুদৃশ্য সুগঠিতশরীর উত্তম তেজস্বী উত্তম বস্ত্রযুক্ত ও রমণীয় হয় পরন্তু তাহার উদরের পীড়া হয়, এবং তাহার সন্তান সন্ততি দুর্ভগা হইয়া থাকে। ঐ কেতু যদি নিজ-গৃহে থাকেন, তাহা হইলে সর্ব্ববিষয়ে লাভ হয়। ১১

কেতু দ্বাদশে থাকিলে চরণে ও নেত্রে পীড়া হয়। সে ব্যক্তি রাজতুল্য হইয়া সদ্বিষয়ে ব্যয় করে। তাহার শত্রু-ক্ষয় হয়। সে মাতুলান্নে প্রতিপালিত হয়। তাহার বস্তি-দেশে ও গুহ্যদেশে সর্ব্বদা পীড়া হইয়া থাকে। ১২

ইতি চিন্তামণি মতে কেতুফল।

অথ কেন্দ্রস্থ গ্রহফলমাহ কোষ্ঠীপ্রদীপে।

ক্রূরঃ কৃতান্তো রুধিরোঽতিমূঢ়ঃ
সদা ক্ষুধার্ত্তশ্চ শিরোঽক্ষিরোগী।
পরদাররক্তশ্চ পরেণবাসী
সূর্য্যোপকেন্দ্রী নিগদন্তি গর্গাঃ॥ ১ র

গার্গ্যমতাবলম্বী পণ্ডিতেরা বলিয়া থাকেন, সূর্য্য কেন্দ্রস্থ হইলে মনুষ্য ক্রূর কৃতান্তসদৃশ হিংস্র রক্তবর্ণ অতিমূঢ় সর্ব্বদা ক্ষুধার্ত্ত শিরোরোগবিশিষ্ট নেত্ররোগযুক্ত পরদা-রাসক্ত ও পররাজ্যবাসী হইয়া থাকে। ১র

মিত্রোপকারী বিভবাতিযুক্তো
বিনীতমূর্ত্তিঃ স্মৃতিশাস্ত্রশীলঃ॥
প্রাপ্নোতি দেশং শুভকামদেহং
চন্দ্রোপকেন্দ্রী চিরকালজীবঃ॥ ২ চ

চন্দ্র কেন্দ্রস্থিত হইলে মনুষ্য, মিত্রবর্গের উপকারী অতিশয় ঐশ্বর্য্যশালী বিনয়সম্পন্ন স্মৃতিশাস্ত্রানুশীলন-তৎপর শুভদেশস্থ রমণীয় দেহবিশিষ্ট ও দীর্ঘজীবী হইয়া থাকে। ২ চ

কুমূর্ত্তিশীলো ব্যসনানুরাগী
কুদানশীলো বহুবর্গনাশঃ।
গদাভিভূতশ্চ সুদীর্ঘরোগী
ভৌমোঽপি কেন্দ্রী নিগদন্তি গার্গ্যাঃ॥ ৩ ম

গার্গ্য মতাবলম্বীরা বলিয়া থাকেন যে, মঙ্গল কেন্দ্রী হইলে মানব, কুৎসিতশরীর কুচরিত্র স্ত্রী মৃগয়াদ্যূত প্রভৃতি ব্যসনাসক্ত কুৎসিত বিষয়ে দানশীল বহুপ্রাণি-হত্যাকারী রোগাভিভূত এবং চিররোগী হয়। ৩ ম

অপারবুদ্ধির্ব্বহুমানযুক্তো
বিদ্যাসুভোগী গুরুরাজভক্তঃ।
সুশীলভার্য্যশ্চ বুধশ্চ কেন্দ্রী
বিপ্রার্চ্চনে সাধুজনে চ রক্তঃ॥ ৪ বু

বুধ কেন্দ্রে থাকিলে মানব অতিশয় বুদ্ধিমান্ বিদ্যা-বান্ ভোগী গুরু রাজভক্ত এবং সৎস্বভাবা রমণীর পতি হয়। সে ব্রাহ্মণ এবং সাধুজনের পূজায় রত থাকে। ৪বু

জীবোঽপি কেন্দ্রী বহুধর্ম্মশীলো
নৃপোঽথবা পাত্রবিশেষকো বা।
ধর্ম্মার্থকামেষু সদা বিলাসী
সুরূপভার্য্যঃ খলু কামমূর্ত্তিঃ॥ ৫ বৃ

বৃহস্পতি কেন্দ্রে থাকিলে মনুষ্য অতিশয় ধার্ম্মিক নৃপতি অথবা রাজমন্ত্রী ধর্ম্ম অর্থ এবং কামে সর্ব্বদা বিলাস-কারী সুন্দরী রমণীর পতি এবং কমনীয় শরীরবিশিষ্ট হয়।বৃ ৫

সুখী সুবেশঃ স্বজনানুরাগী
সুদারযুক্তো গুণবান্ ধনাঢ্যঃ।
সুবুদ্ধিশীলশ্চ কুলপ্রদীপঃ
শুক্রোঽপি কেন্দ্রী চিরকালমায়ুঃ॥ ৬ শু

কেন্দ্রে শুক্র থাকিলে মনুষ্য, সুখী উত্তমবেশধারী আত্মীয় স্বজনে অনুরাগী সুন্দরী কামিনীযুক্ত গুণবান্ ধনী সুবুদ্ধি সৎস্বভাববিশিষ্ট নিজকুলোজ্জ্বলতাকারী এবং দীর্ঘায়ু হয়। ৬ শু

প্রেষ্যঃ খলো জন্মদরিদ্ররোগী
কুমূর্ত্তিশীলো ব্যসনৈকচিত্তঃ।
কুমারশীলঃ পরকার্য্যহন্তা
পঙ্গুপকেন্দ্রী নিগদন্তি ধীরাঃ॥ ৭ শ

পণ্ডিতগণ কহিয়া থাকেন যে, শনি কেন্দ্রে থাকিলে মানব, ভৃত্যকর্ম্মকর খলস্বভাববিশিষ্ট আজন্ম দারিদ্র্যযুক্ত রোগী কুৎসিতদেহবিশিষ্ট পরকার্য্যবিনাশক বালকের ন্যায় স্বভাবযুক্ত হয় এবং তাহার চিত্ত সর্ব্বদা ব্যসনাসক্ত থাকে। ৭ শ

ক্রূরঃ কুমূর্ত্তিঃ কুমতিঃ কুকর্ম্মা
পরাপকারী পরভাগ্যভোগী।
গদাভিভূতো ব্যসনানুরাগী
রাহুস্তু কেন্দ্রী পরদানশীলঃ॥ ৮ রা

রাহু কেন্দ্রে থাকিলে মনুষ্য, ক্রূর কুৎসিতদেহবিশিষ্ট কুবুদ্ধি কুৎসিত কর্ম্মকর পরের অপকারকারী পরভাগ্যোপ-জীবী পীড়াভিভূত ব্যসনাসক্ত এবং শত্রুপক্ষে দানশীল হয়। ৮রা

ইতি কেন্দ্রফল সমাপ্ত।

অথ তুঙ্গফলমাহ কোষ্ঠীপ্রদীপে।

শাস্ত্রান্বিতো ধর্ম্মযুতোঽপি ধীরো
নৈরুজ্যদেহো বহুগোত্রপোষ্যঃ।
দাতা নৃপোঽসৌ বহুভোগভোগী
তুঙ্গে রবৌ মাণ্ডলিকং করোতি॥ ১ র

রবি স্বীয় উচ্চগৃহে থাকিলে মনুষ্য পণ্ডিত, ধার্ম্মিক ধীরস্বভাবসম্পন্ন, অরোগী অনেকের প্রতিপালক, দাতা বহুসুখসম্ভোগকারী এবং মণ্ডলেশ্বর নৃপতি হয়। ১ র

কন্যাকুমারো জলরত্নপূর্ণঃ
স্বোচ্চে তু সৌম্যে নৃপপূজ্যমানঃ।
রাজ্যৈকদেশে চ নরাধিনাথো
বিদ্যাবিনোদী শুভগঃ সদৈব॥ ৪ বু

জন্ম সময়ে বুধ স্বীয় উচ্চগৃহে থাকিলে মানব, কন্যা পুত্র ও উত্তমরত্নসম্পন্ন, নৃপতি কর্ত্তৃক মাননীয়, রাজ্যের এক দেশে মনুষ্যাধিপতি, শাস্ত্রালাপে আমোদযুক্ত এবং সর্ব্বদা সৌভাগ্যবিশিষ্ট হয়। ৪ বু

মন্ত্রী নরেন্দ্রোঽতিবলঃ প্রধানঃ
প্রাচণ্ডরাগোঽতিধনেশ্বরশ্চ।
হস্ত্যশ্বযানাদিবরাঙ্গনাঢ্যো
জীবে চ তুঙ্গে বহুগোত্রপোষ্যঃ॥ ৫ বৃ

জন্ম সময়ে বৃহস্পতি স্বীয় উচ্চ রাশিতে থাকিলে, মনুষ্য, মন্ত্রী মনুষ্যপ্রধান অতিশয় বলবান্ মাননীয় ক্রোধী অতিশয় ধনবান্ হস্তি অশ্ব যান (গাড়ী প্রভৃতি) ও উত্তম স্ত্রীর পতি এবং বহুতর লোকের প্রতিপালক হয়। ৫ বৃ

মিষ্টান্নভোগী গুণসিদ্ধিযুক্তো
নৃপস্য মন্ত্রী পরতশ্চিরায়ুঃ।
দানৈকবুদ্ধির্দ্বিজদেবভক্তঃ
শুক্রে চ তুঙ্গে প্রভবেচ্চ ভোগী॥ ৬ শু

জন্ম সময়ে শুক্র স্বীয় উচ্চ রাশিতে থাকিলে, মনুষ্য মিষ্টান্নভোজী সম্পূর্ণগুণযুক্ত রাজমন্ত্রী দীর্ঘায়ু দাতা দেবতাব্রাহ্মণভক্ত এবং উত্তম ভোগবিশিষ্ট হয়। ৬ শু

কান্তাবিলাসী বরকীর্ত্তিপাত্রং
সম্পূর্ণলক্ষ্মীশ্চিরকালজীবী।
রাজ্যৈকদেশাধিপতির্ব্বিদগ্ধো
দাতা চ ভোক্তা রবিজে চ তুঙ্গে॥ ৭ শ

জন্ম সময়ে শনি স্বীয় উচ্চগৃহে থাকিলে, মনুষ্য স্ত্রীবিলাসকর উত্তম কীর্ত্তিশালী অতিশয় ধনবান্ দীর্ঘজীবী রাজ্যের একদেশের অধিপতি পণ্ডিত দাতা এবং ভোক্তা হয়। ৭ শ

মৃগপতিবৃষকন্যাকর্কটস্থে চ রাহৌ
ভবতি বিপুললক্ষ্মীরাজরাজাধিপো বা।

হয়গজনরনৌকামেদিনীমণ্ডলানাং
রিপুকুলতৃণবহ্নীরাহুতুঙ্গী চিরায়ুঃ ॥ ৮ রা

জন্ম সময়ে সিংহ বৃষ কন্যা কি কর্কট রাশিতে রাহু থাকিলে, মনুষ্য অতিশয় লক্ষ্মীবান্ রাজরাজাধিপ ঘোটক হস্তী মনুষ্য নৌকা এবং মেদিনীমণ্ডলের অধিপতি হয়। আর সে ব্যক্তি শত্রুকুলরূপ তৃণের বহ্নি স্বরূপ হইয়া থাকে। আর রাহু স্বীয় উচ্চ গৃহে থাকিলে, উক্ত সমস্ত ফল ভোগ করে এবং দীর্ঘায়ু হইয়া থাকে। ৮ রা

একতুঙ্গে ভবেদ্ভোগী দ্বিতুঙ্গে চ ধনেশ্বরঃ।
ত্রিতুঙ্গে চ ভবেদ্রাজা চতুর্থে চক্রবর্ত্তিনঃ ॥ ৯

জন্ম সময়ে তুঙ্গস্থানে একটি গ্রহ থাকিলে, মনুষ্য ভোগবিশিষ্ট হয়, দুইটি গ্রহ থাকিলে ধনেশ্বর হয়, তিনটি গ্রহ থাকিলে রাজা হয় এবং চারিটি গ্রহ থাকিলে চক্রবর্ত্তী হয়। ৯

ইতি তুঙ্গফল সমাপ্ত।

অথ চন্দ্রদৃষ্টলগ্নফলম্।

শান্তঃ স্যাচ্চিরজীবী চ সুশীলোঽপি বহুপ্রদঃ।
শোভনাঙ্গো মহাপ্রাজ্ঞঃ চন্দ্রদৃষ্ট্যা ভবেন্নরঃ ॥

জন্ম লগ্নে চন্দ্রের দৃষ্টি থাকিলে মনুষ্য শান্ত চিরজীবী সুশীল অত্যন্ত দাতা শোভনশরীর ও মহাপণ্ডিত হইয়া থাকে। ১

অথ অনফাদিযোগস্তৎফলঞ্চ।

রবিবর্জ্জং দ্বাদশগৈরনফা চন্দ্রাদ্দ্বিতীয়গৈঃ সুনফা।
উভয়স্থিতৈর্দ্দুরধুরা কেমদ্রুমসংজ্ঞকোঽন্যঃ ॥ ১

জন্ম কালে রবি ভিন্ন অন্যগ্রহ দ্বাদশ গৃহে অবস্থান করিলে অনফা যোগ হয় এবং যদি রবি ভিন্ন গ্রহ, চন্দ্র হইতে দ্বিতীয় ভবনস্থ হন, তাহা হইলে সুনফা যোগ হইয়া থাকে। যদি ঐ উভয়ের যোগ হয়, অর্থাৎ রবি ভিন্ন গ্রহ লগ্ন হইতে দ্বাদশ গৃহে থাকিয়া চন্দ্র হইতে দ্বিতীয় গৃহে অবস্থান করেন, তাহা হইলে দুরধুরা যোগ হয়। এতদ্ভিন্ন অন্যবিধ যোগকে কেমদ্রুম যোগ বলা যায়। ১

বাগ্মী প্রভুর্ধনপতির্ব্বিশদঃ সুশীলো
ভোক্তা নৃপালনিরতো বরকামিনী চ।
খ্যাতঃ সমাহিতগুণশ্চ সমস্তবিত্তো
যোগে নিশাকরকৃতে হ্যনফাভিধানে ॥ ২

জন্মকালে চন্দ্র দ্বারা অনফাযোগ হইলে মনুষ্য, বাগ্মী প্রভু ঐশ্বর্য্যসম্পন্ন নির্ম্মলপ্রকৃতি সুশীল ভোক্তা মনুষ্যপ্রতিপালক নিরুপমরূপবতী ভার্য্যাযুক্ত সুবিখ্যাত সমধিক গুণসম্পন্ন ও মহাধনশালী হইয়া থাকে ॥ ২

ইতি অনফা ফলম্।

শ্রীমান্ সুবেশবিভবো বহুধর্ম্মশীলঃ
শাস্ত্রার্থবিৎ পৃথুযশাঃ স্বগুণৈরুদারঃ।
কান্তঃ সুখী ক্ষিতিপতেঃ সচিবোঽথবা স্যাৎ
সম্মানভাক্ বিশদধীঃ সুনফাভিধানে ॥ ৩

সুনফাফলম্।

জন্ম সময়ে সুনফা যোগ হইলে মনুষ্য, শ্রীমান্ সুবেশসম্পন্ন ঐশ্বর্য্যশালী অতিশয় ধর্ম্মশীল শাস্ত্রের মর্ম্মজ্ঞ অত্যন্ত যশস্বী গুণবান্ উদারপ্রকৃতি সকলের মনোরঞ্জনকারী সুখী রাজার সচিব বা রাজসচিবসদৃশ সম্মানশালী ও নির্ম্মল বুদ্ধিবিশিষ্ট হয় ॥ ৩

বাগ্মিত্তবিক্রমগুণৈঃ প্রথিতঃ পৃথিব্যাং
স্বাতন্ত্র্যসৌম্যধনবান্ বহুভোগভাগ্যঃ।
দাতা কুটুম্বজনপোষণলব্ধবুদ্ধিঃ
সদ্বিত্তবান্ দুরধুরাপ্রভবো মনুষ্যঃ ॥ ৪

দুরধুরাফলম্।

দুরধুরা যোগে জন্ম হইলে মনুষ্য, বাগ্মিতা দ্বারা ধন দ্বারা বিক্রম দ্বারা ও অন্যান্য গুণসমূহ দ্বারা ভূমণ্ডলে বিখ্যাত হয়। সে ব্যক্তি সর্ব্বদা স্বাধীনতা ভোগ করে। সে সৌম্যমূর্ত্তি ধনবান্ উত্তম সৌভাগ্যশালী সুভোগী দাতা কুটুম্বপ্রতিপালক সুবুদ্ধি ও উত্তম ঐশ্বর্য্যসম্পন্ন হইয়া থাকে। ৪

কল্যাণকর্ম্মকৃতসারাবল্যাং

দ্বিগ্রহাদিযোগফলমাহ।

যবনাচার্য্যৈর্ দ্বৈর্দ্বিগ্রহযোগেষু যৎ ফলং প্রোক্তম্।
তদহমপহায় মৎসরমধুনা বক্ষ্যে বিশেষেণ ॥ ১

বৃদ্ধ যবনাচার্য্য দ্বিগ্রহ গোগে যে সমুদায় ফল কীর্ত্তন করিয়াছেন। এক্ষণে আমি মাৎসর্য্য পরিত্যাগ করিয়া তাহা বিশেষ রূপে বলিতেছি ॥ ১

যুবতীনাং বশগঃ স্যাদবিনীতঃ কূটবিৎ প্রলম্বচিত্তঃ।
আসববিক্রয়কুশলো রবিশশিযোগে ক্রিয়ানিপুণঃ ॥ ২ র চ

জন্মলগ্নে রবি ও সোমের যোগ হইলে মনুষ্য, যুবতী নারীর বশতাপন্ন অবিনীত কূটজালবিস্তারপটু উদারচিত্ত মদ্যবিক্রয়নিপুণ ও কার্য্যদক্ষ হইয়া থাকে ॥ ২

তেজস্বী সাহসিকো মূর্খো বলসত্ত্বসংযুতোঽনৃতবাক্।
পাপরতির্ব্বধনিষ্ঠো রবিকুজযোগাৎ প্রচণ্ডশ্চ ॥ ৩ র ম

জন্ম লগ্নে রবি ও মঙ্গলের যোগ হইলে মনুষ্য, তেজস্বী সাহসী মূর্খ বলবান্ মহাসত্ত্ব মিথ্যাবাদী পাপকর্ম্মনিরত প্রাণিহত্যাপরায়ণ ও প্রচণ্ডস্বভাব হইয়া থাকে ॥ ৩

সেবাহৃদয়ঃ স্থিরধনো রবিজ্ঞয়োঃ প্রিয়বচা যশোর্থী স্যাৎ।
আর্য্যঃ ক্ষিতিপতিদয়িতঃ সতাঞ্চ বলরূপবিদ্যাবান্। ৪ র বু

লগ্নে রবি ও বুধের যোগ হইলে মনুষ্য সেবাতৎপর চিরস্থায়ি-ধনসম্পন্ন প্রিয়বাদী যশস্বী উদার ভূপালপ্রিয় সাধুদিগের প্রিয় বলবান্ রূপবান্ ও বিদ্বান্ হইয়া থাকে।৪

বহুধর্ম্মো নৃপসচিবঃ সমৃদ্ধিমান্ মিত্রসংশ্রয়াপ্তার্থঃ।
সূর্য্যে বৃহস্পতিযুতে ভবেদুপাধ্যায়সংজ্ঞশ্চ ॥ ৫ র বৃ

রবি বৃহস্পতির সহিত একত্র হইয়া লগ্নে থাকিলে মনুষ্য, অতিশয় ধার্ম্মিক রাজসচিব ঐশ্বর্য্য সম্পন্ন ও উপাধ্যায় সংজ্ঞায় বিখ্যাত হইবে। সে মিত্রের আশ্রয়ে ধন উপার্জ্জন করিবে ॥ ৫

শস্ত্রপ্রহরণকুশলঃ শক্তিযুতো নেত্রদুর্ব্বলশ্চপলঃ।
রঙ্গজ্ঞো রবিসিতয়োঃ স্ত্রীসঙ্গাল্লব্ধবন্ধুজনঃ ॥ র শু

লগ্নে সূর্য্য ও শুক্র একত্র থাকিলে মনুষ্য, শস্ত্র প্রহার-কুশল বলবান্ দুর্ব্বলদৃষ্টি সম্পন্ন চপল ও অভিনয়নিপুণ হইবে। সে ললনাসম্পর্কে অনেক বন্ধুজন লাভ করিতে পারিবে ॥ ৬

ধাতুজ্ঞো ধর্ম্মময়ঃ স্বকর্ম্মনিরতঃ প্রনষ্টসুতদারশ্চ।
নিজবংশগুণৈঃ শুদ্ধঃ শনিরব্যোরত্নশীলশ্চ ॥ ৭ র শ

রবি ও শনি, পিতাপুত্রে জন্ম লগ্নে থাকিলে মনুষ্য ধাতুজ্ঞ ধর্ম্মময় স্বকর্ম্মনিরত স্ত্রীপুত্র বিরহিত কুল দ্বারা ও শীল দ্বারা বিশুদ্ধ ও রত্নপরীক্ষক হইবে ॥ ৭

ইতি রব্যাদি দ্বিগ্রহযোগফলম্।

শূরো রণপ্রতাপী মন্দোঽসত্ত্ববেদনার্ত্তদেহশ্চ।
মৃচ্চর্ম্মধাতুশিল্পী কূটজ্ঞশ্চন্দ্রকুজযোগে ॥ ১ চ ম

লগ্নে চন্দ্র ও মঙ্গল থাকিলে মনুষ্য শূর সংগ্রাম স্থলে প্রতাপশালী মৃদু দুর্ব্বলতা ও বেদনায় কাতরশরীর ও কূটজ্ঞ হইবে। সে ব্যক্তি মৃত্তিকা চর্ম্ম ও ধাতু দ্রব্যে শিল্প-কর্ম্ম করিবে ॥ ১

কাব্যকথাস্বতিনিপুণঃ সধনঃ স্ত্রীসম্মতঃ সুরূপশ্চ।
স্মিতবদনঃ শশিবুধয়োর্ধর্ম্মরতঃ স্যাদ্বিশিষ্টগুণঃ ॥ ২ চ বু

লগ্নে চন্দ্র ও বুধের যোগ হইলে কাব্যালাপে অতি-নিপুণ ধনবান্ রমণীগণের প্রিয় উত্তম রূপবান্ সহাস্যবদন ধর্ম্মপরায়ণ ও বিশিষ্ট গুণসম্পন্ন হইয়া থাকে। ২

দৃঢ়সৌহৃদো বিনীতঃ স্ববন্ধুসম্মানকৃদ্ধনেশশ্চ।
গুর্ব্বিন্দোঃ শুভশীলঃ সুবুদ্ধিবিদ্যারতো ভবেৎ পুরুষঃ ॥৩ চ বৃ

লগ্নে চন্দ্র ও বৃহস্পতি থাকিলে মনুষ্য দৃঢ়সৌহৃদ বিনীত স্ববন্ধুগণের সম্মানকারী অতুল ধনের অধিপতি সৎস্বভাব সম্পন্ন সুবুদ্ধি ও বিদ্যাসম্পন্ন হইয়া থাকে। ৩

স্রক্‌ধূপাম্বরযুক্তঃ ক্রিয়াবিধিজ্ঞঃ কলিপ্রিয়োঽত্যশনঃ।
ক্রয়বিক্রয়কুশলঃ শশিভার্গবয়োঃ সদা যোগে ॥ ৪ চ শু

লগ্নে চন্দ্র ও শুক্রের যোগ হইলে মনুষ্য, মাল্যধারী ধূপাদি সুগন্ধিদ্রব্য-বিভূষিত উত্তম বসনযুক্ত কার্য্যবিধা-নজ্ঞ কলহপ্রিয় অতিভোজনকারী ও ক্রয়বিক্রয় কুশল হইবে। ৪

জীর্ণবধূজনবসনো গজাশ্বসংপালকো বিগতশীলঃ।
বন্ধো বিধনঃ পুরুষঃ পরাত্মজঃ শশাঙ্কশনিযোগে ॥ ৫ চ শ

লগ্নে সোম ও শনির যোগ হইলে মনুষ্য, জীর্ণবস্ত্র-বিশিষ্ট জীর্ণবনিতাযুক্ত হস্তিপালক অশ্বপালক দুঃশীল আশ্রব নির্ধন ও পরপুরুষোৎপাদিত হইয়া থাকে। ৫

ইতি চন্দ্রাদিদ্বিগ্রহযোগফলম্।

স্ত্রীদুর্ভগোঽল্পবিত্তঃ সুবর্ণলৌহপ্রকারকস্থপতিঃ।
দুষ্টস্ত্রীবিধবানাং বুধকুজযোগে ভবেৎ ক্রিয়ানিপুণঃ ॥ ম বু

লগ্নে মঙ্গল ও বুধের যোগ হইলে মনুষ্য, স্ত্রীসৌভাগ্য-বিহীন অল্পধনযুক্ত সুবর্ণ লৌহ প্রভৃতিতে শিল্পনিপুণ কার্য্যদক্ষ এবং দুষ্টা ও বিধবা রমণীর পতি হইয়া থাকে। ১

শিল্পশ্রুতিশাস্ত্রজ্ঞো মেধাবী বাগ্মিশারদো মতিমান্।
অশ্বপ্রিয়ঃ প্রধানঃ সুরগুরুকুজয়োঃ সমাগতয়োঃ ॥ ম বৃ

মঙ্গল ও বৃহস্পতি লগ্নে থাকিলে মনুষ্য শিল্পবিশারদ বেদজ্ঞ শাস্ত্রনিপুণ মেধাবী বাক্যবিশারদ বুদ্ধিমান্ অশ্বারোহণপূর্ব্বক বিচরণে আমোদযুক্ত ও প্রধান ব্যক্তি হইয়া থাকে। ২

পূজ্যো গণপ্রধানো গণিতজ্ঞঃ পরযুবতিরতো ধূর্ত্তঃ।
দ্যূতানৃতশাঠ্যরতো বিটঃ সিতরুধিরসংযুতে ভবতি ॥ ৩ ম শু

লগ্নে মঙ্গল ও শুক্রের যোগ হইলে মানব, নিজদলের প্রধান পূজ্য গণিতশাস্ত্রজ্ঞ পরযুবতীরত ধূর্ত্ত দ্যূতক্রীড়াসক্ত মিথ্যাবাদী বিট ও শঠতাযুক্ত হইয়া থাকে। ৩

ধাতিন্দ্রজালকুশলঃ প্রবঞ্চকঃ স্তেয়কর্ম্মণি রতঃ।
কুজসৌরয়োর্ব্বিধর্ম্মা শস্ত্রবিষঘ্নঃ কলিরুচিঃ স্যাৎ ॥ ৪ ম শ

লগ্নে শনি ও মঙ্গলের অবস্থান হইলে মানব ধাতুকার্য্য-নিপুণ ইন্দ্রজালবিদ্যায় কুশল প্রবঞ্চক চৌর্য্যনিরত ভিন্ন ধর্ম্মাবলম্বী ও কলহরুচি হইবে। শস্ত্রদ্বারা বা বিষদ্বারা তাহার অপমৃত্যু হইবে। ৪

ইতি কুজাদিদ্বিগ্রহযোগফলম্।

নৃত্যবিধের্ব্বিধাতা প্রাজ্ঞো লিপিগেয়বাদ্যবিম্ময়জ্ঞঃ।
বুধগুরুযোগে ধৃতিমান্ সৌখ্যযুতো জায়তেঽবশ্যম্ ॥ ১বু বৃ

বুধ ও বৃহস্পতি লগ্নে থাকিলে মানব, নৃত্যপ্রয়োগ-নিপুণ প্রাজ্ঞ সুলেখক গায়ক বাদ্যনিপুণ ধৈর্য্যশালী ও সুখী হয় ॥ ১

অতিশয়ধনো নয়জ্ঞো বহুশিল্পবেদবিৎ সুবাক্যঃ স্যাৎ।
গীতিজ্ঞো হাস্যরতির্ব্বুধসিতয়োর্গন্ধমাল্যরুচিঃ ॥ ২ বু শু

লগ্নে বুধ ও শুক্রের যোগ হইলে মনুষ্য অতিশয় ধন-বান্ নীতিকুশল বহুশিল্পজ্ঞানসম্পন্ন মিষ্টভাষী সুগায়ক হাস্য পরিহাসরত ও গন্ধমাল্যে প্রীতিযুক্ত হইয়া থাকে ॥ ২

ঋণবান্ দম্ভপ্রায়ঃ প্রবঞ্চকঃ কলিরুচির্গমনশীলঃ।
নিপুণঃ শোভনবাক্যঃ শনিবুধযোগে পুমান্ ভবতি ॥ বু শ

লগ্নে বুধ ও শনি থাকিলে মনুষ্য, ধনী দাম্ভিক প্রবঞ্চক কলহরুচি পথচলনে দক্ষ সর্ব্বকার্য্যে নিপুণ ও সুমিষ্টভাষী হইয়া থাকে ॥ ৩

ইতি বুধাদি দ্বিগ্রহ যোগফলম্।

জীবতি বিদ্যাবেদৈর্ব্বিশিষ্টধর্ম্মস্থিতিপ্রমাণযুতঃ।
জীবসিতয়োর্ম্মনুষ্যো বিশিষ্টদারো ভবেদ্বলবান্ ॥

লগ্নে বৃহস্পতি ও শুক্রের যোগ হইলে মনুষ্য, বিশিষ্ট-ভার্য্যাসম্পন্ন ও বলবান্ হয়। সে ব্যক্তি বিদ্যাদ্বারা ও বেদ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। সে বিশিষ্ট ধর্ম্মে অবস্থান পূর্ব্বক তাহার প্রামাণ্য সংস্থাপন করে ॥ ১

শূরো বিভবসমৃদ্ধো নগরাধিপতির্ভবেদ্যশস্বী চ।
শনিজীবয়োঃ প্রধানঃ শ্রেণীসভাগ্রামসমূহানাম্ ॥ ২ বৃ শ

বৃহস্পতি ও শনি লগ্নে থাকিলে মানব, শূর ধনবান্ সমৃদ্ধিশালী নগরাধিপতি যশস্বী এবং কোন সম্প্রদায়ের সভার বা গ্রামসমূহের প্রধান হইবে ॥ ২

ইতি জীবাদিদ্বিগ্রহযোগফলম্।

দারুবিদারণদক্ষঃ ক্রূরচিত্তোঽশ্মাদিকর্ম্মশিল্পী চ।
মন্দোঽটনঃ পশুপতিঃ শনিসিতযোগে পুমান্ জাতঃ ॥ ১

লগ্নে শুক্র ও শনি থাকিলে মনুষ্য, কাষ্ঠবিদারণ-নিপুণ ক্রূরচিত্ত প্রস্তরাদিতে শিল্পকারী মৃদু ভ্রমণশীল ও পশুপালক হইয়া থাকে। ১

ইতি সিতাদিদ্বিগ্রহযোগ ফলম্।

উক্তফলানি বিহগেন্দ্রা যদ্যন্যোন্যগৃহে স্থিতাঃ।
অধমাদিবিকল্পেন কুর্ব্বন্তি বিকৃতিং তদা।

দ্বিগ্রহ যোগ কালে গ্রহগণ যদি পরস্পরের গৃহে অবস্থান করেন, তাহা হইলেই যথোক্ত ফল হয়। যদি নিজ গৃহ ভিন্ন অন্য ও অধম গৃহে বাস করেন, তাহা হইলে অধম ফল হয়। ঐ রূপ উত্তম গৃহে বাস করিলে শুভ ফল হইয়া থাকে।

ইতি সারাবল্যাং দ্বিগ্রহযোগাধ্যায়স্ত্রয়োদশঃ॥

অথ ত্রিগ্রহযোগফলম্।

যন্ত্রাশ্মকূটকুশলোঽসৃক্‌বেদনার্দ্দিতঃ শূরঃ।
আদিত্যচন্দ্রভৌমৈর্জ্জায়তেঽনৃতবাক্॥ ১ র চ ম।

জন্ম লগ্নে রবি সোম ও মঙ্গল থাকিলে মনুষ্য যন্ত্রনির্ম্মাণ-কুশল প্রস্তরকার্য্য-নিপুণ কূটকার্য্যপটু শূর রক্তদোষে বাতাদিরোগে প্রপীড়িত ও মিথ্যাবাদী হইয়া থাকে। ১

বিদ্যাবলরূপযুতঃ কাব্যকলাবিৎ সতাং প্রিয়ঃ সধনঃ।
নৃপসেবকঃ প্রিয়বচা একস্থৈঃ সূর্য্যচন্দ্রবুধৈঃ॥ ২ র চ বু

লগ্নে রবি সোম ও বুধ একত্র থাকিলে মনুষ্য বিদ্বান্ বলবান্ রূপবান্ কার্য্যকলাবিচক্ষণ সজ্জনপ্রিয় ধনবান্ রাজসেবক ও প্রিয়বাদী হইয়া থাকে। ২

ধর্ম্মপরো নৃপসচিবো দৃঢ়মৈত্রো মানকৃদ্বন্ধুনাম্।
দেবদ্বিজার্চ্চনরতো রবিশশিজীবৈঃ সহৈকস্থৈঃ॥ ৩ র চ বৃ

লগ্নে রবি সোম ও বৃহস্পতি থাকিলে মনুষ্য, ধার্ম্মিক নৃপসচিব দৃঢ়সৌহৃদ বন্ধুবর্গের সম্মানকারী ও দেব ব্রাহ্মণ পূজাপরায়ণ হইয়া থাকে। ৩

সুবপুঃ ক্ষপিতারিগণো নরপতিশুভগস্তথা প্রসবতেজাঃ।
রবিশশিশুক্রৈঃ সহিতৈর্ভবতি নরো দন্তবিকৃতশ্চ ৪॥ র চ শু

লগ্নে রবি সোম ও শুক্র থাকিলে মনুষ্য, সুন্দরশরীর শত্রুবর্গ সংহারক রাজ সৌভাগ্য সম্পন্ন অসীম তেজস্বী ও দন্তদোষযুক্ত হইয়া থাকে। ৪

ধর্ম্মপরো বিগতধনো গজাশ্বপরিপালকশ্চ কর্ম্মরতঃ।
রবিরবিতনয়শশাঙ্কৈরেকস্থৈর্ব্বিগতশীলশ্চ॥ ৫ র চ শ

রবি সোম ও শনি লগ্নে অবস্থান করিলে মনুষ্য, ধর্ম্মপরায়ণ ধনহীন হস্তি অশ্ব প্রতিপালক কর্ম্মনিরত ও দুঃশীল হইয়া থাকে। ৫

ইতি রবিসোমাদিত্রিগ্রহযোগফলম্।

ভবতি খ্যাতো মন্দঃ সাহসিকো নিষ্ঠুরো বিগতলজ্জশ্চ।
সুতধনকলত্ররহিতঃ সহস্থিতৈরর্ককুজসৌম্যৈঃ॥ ১ র ম বু

লগ্নে রবি মঙ্গল বুধ একত্র থাকিলে মনুষ্য, বিখ্যাত মৃদু সাহসী নিষ্ঠুর নির্লজ্জ পুত্রহীন ধনহীন ও কলত্র রহিত হইয়া থাকে। ১

বচসি নিপুণো মহার্থঃ ক্ষিতিপতিমন্ত্রী চ নৃপতির্ব্বাপি।
সত্যবচনঃ প্রচণ্ডঃ সহস্থিতৈর্ভৌমিগুরুসূর্য্যৈঃ॥ ২ র ম বৃ

রবি মঙ্গল ও বৃহস্পতি লগ্নে থাকিলে মনুষ্য, বাগ্মী মহাধনশালী রাজমন্ত্রী বা রাজা সত্যবাদী ও প্রচণ্ড হইয়া থাকে। ২

নয়নাতুরোঽকুলীনঃ সুভগো বাৎসল্যসংযুতো মনুজঃ।
ভৃগুভৌমদিবসনাথৈঃ সংযুক্তঃ স্যাদ্বিভবসংযুক্তঃ॥ ৩ র ম শু

রবি মঙ্গল ও শুক্র লগ্নে থাকিলে মনুষ্য, নয়নরোগে কাতর অকুলীন সৌভাগ্যশালী বাৎসল্যযুক্ত ও বিভবসম্পন্ন হইয়া থাকে। ৩

বিকলাঙ্গো ধনরহিতো নিত্যং রোগার্দ্দিতঃ কলহযুক্তঃ।
স্বজনরহিতোঽতিমূর্খঃ ক্ষিতিজার্কজভানুভিঃ সহিতৈঃ॥ ৪ র ম

লগ্নে রবি মঙ্গল ও শনি একত্র থাকিলে মনুষ্য বিকলাঙ্গ ধনরহিত নিয়ত রোগাভিভূত কলহযুক্ত স্বজন রহিত ও অতিমূর্খ হইয়া থাকে। ৪

ইতি রবিকুজাদিত্রিগ্রহযোগফলম্॥

নেত্রাতুরোঽতিধনবান্ শাস্ত্রকাব্যগোষ্ঠীশশিল্পিরতঃ।
বুধবাচস্পতিসূর্য্যৈরেকগতৈর্লিপিকরঃ পুরুষঃ॥ ১ র বু বৃ

লগ্নে সূর্য্য বুধ ও বৃহস্পতি থাকিলে মনুষ্য, অতিশয় ধনবান্ নেত্ররোগবিশিষ্ট ও সুলেখক হইবে। সে ব্যক্তি শাস্ত্রালোচনায় কাব্যালোচনায় সকলের প্রধান হইবে, এবং সে শিল্পকার্য্যে নিরত থাকিবে। ১

অতিশস্তো বাচাটো ভ্রমতি চ দেশান্ নিরাকৃতো গুরুভিঃ।
স্ত্রীহেতোঃ সন্তপ্তঃ শশিসুতরবিভার্গবৈঃ সহিতৈঃ॥ ২ র বু শু

লগ্নে রবি বুধ ও শুক্র একত্র থাকিলে মনুষ্য, অভিশাপগ্রস্ত বাচাল ও ভার্য্যার নিমিত্ত সন্তপ্তহৃদয় হইয়া থাকে। সে গুরুজন কর্তৃক নিরাকৃত হইয়া দেশবিদেশে পরিভ্রমণ করে। ২

ক্লীবাচারো দ্বেষ্যঃ সর্ব্বজিতো বন্ধুভিঃ পরিত্যক্তঃ।
সৌরাদিত্যেন্দুপুত্রৈরেকস্থৈর্জায়তে পুরুষঃ॥ ৩ র বু শ

রবি বুধ ও শনি লগ্নে থাকিলে মনুষ্য, ক্লীবাচার লোকবিদ্বিষ্ট সর্ব্বজনের নিকট পরাজিত ও বন্ধুগণ কর্তৃক পরিত্যক্ত হইয়া থাকে। ৩

ইতি রবিবুধাদি ত্রিগ্রহযোগফলম্।

বর্ত্তুলচক্ষুঃ শূরঃ প্রাজ্ঞো নিঃস্বশ্চ ভূপতেঃ সচিবঃ।
পরকার্য্যকরো নিত্যং গুরুভার্গবসহিতৈর্ভাস্করৈঃ॥ ৪র বৃ শু

লগ্নে রবি বৃহস্পতি ও শুক্র থাকিলে মনুষ্য, শূর গোলাকার চক্ষুবিশিষ্ট প্রাজ্ঞ নিঃস্ব রাজমন্ত্রী ও পরকার্য্যকারী হইয়া থাকে। ৪

অদৃঢ়কায়ঃ পূজ্যঃ স্বজনদ্বেষ্যঃ স্বদারসুতমিত্রঃ।
নৃপতীষ্টো বিগতভয়ো জীবার্কিদিনকরৈঃ সহিতৈঃ॥ ৫ বৃ শ

লগ্নে রবি বৃহস্পতি ও শনি অবস্থিতি করিলে মনুষ্য, রাজার প্রিয় ও নির্ভয় হইবে। তাহার শরীর দুর্ব্বল হইবে। কেহ তাহার সম্মান করিবে না। তাহার আত্মীয় স্বজন সকলেই তাহার দ্বেষ করিবে। সে আপন স্ত্রী পুত্রের স্নেহভাজন হইবে। ৫

ইতি রবিগুরুপ্রভৃতিত্রিগ্রহযোগফলম্।

শত্রুভয়াৎ সোদ্বেগো মানকাব্যবর্জ্জিতো মনুজঃ।
কুৎসিতচরিতঃ কুষ্ঠী সিতার্কজরবিসংযুতৈর্ভবতি॥ ৬

রবি শুক্র ও শনি লগ্নে অবস্থান করিলে মনুষ্য, শত্রুভয়ে উদ্বিগ্নচিত্ত মানহীন কবিত্বশক্তি বিবর্জ্জিত কুৎসিতচরিত ও কুষ্ঠরোগাক্রান্ত হইয়া থাকে। ৬

ইতি রবিসিতশনিত্রিগ্রহযোগফলম্।

পাপকরা জায়ন্তে নীচাচারাঃ সুহৃৎস্বজনহীনাঃ।
অজীবিনশ্চ পুরুষাঃ শশাঙ্কবুধভূমিজৈঃ সহিতৈঃ॥ ১ চ ম বু

লগ্নে সোম মঙ্গল ও বুধ একত্র থাকিলে মনুষ্য, পাপকারী নীচাচার-পরায়ণ সুহৃজ্জন ও স্বজন কর্তৃক পরিত্যক্ত ও জীবিকাহীন হইবে। ১

ব্রণিতাঙ্গঃ স্ত্রীলোলশ্চৌরঃ কান্তশ্চ সম্মতঃ স্ত্রীণাম্।
ভৌমশশাঙ্কসুরেজ্যৈরেকস্থৈশ্চতুরোঽতিরোষশ্চ॥ ২ চ ম বৃ

চন্দ্র মঙ্গল ও বৃহস্পতি জন্ম লগ্নে থাকিলে মনুষ্য, ব্রণযুক্তশরীরবিশিষ্ট কামিনীসম্ভোগার্থ চঞ্চল রমণীমনোরঞ্জনকারী কমনীয়শরীরবিশিষ্ট চৌর শঠ ও সাতিশয়ক্রোধযুক্ত হইয়া থাকে। ২

দুঃশীলায়াঃ পুত্রঃ পতিশ্চ তস্যাঃ সদৈব নির্দ্দিষ্টঃ।
কুজভৃগুশশিভিঃ সহিতৈর্ভ্রমণরতঃ শীতভীরুশ্চ॥ চ ম শু

সোম মঙ্গল ও শুক্র লগ্নে অবস্থান করিলে মনুষ্য, দুঃশীলা রমণীর পতি ও পুত্র ভ্রমণনিরত এবং শীতভীত হইয়া থাকে। ৩

বাল্যে মৃতজননীকঃ ক্ষুদ্রো বিষমশ্চ লোকনিষ্ঠঃ।
জায়েত নরো যোগে ভূসুতশনিভাস্করসুতানাম্॥ ৩ চ ম শ

লগ্নে সোম মঙ্গল ও শনি অবস্থিতি করিলে মনুষ্য, ক্ষুদ্রাশয় বিষম ও লোকনিষ্ঠ হইয়া থাকে। বাল্যাবস্থায় তাহার জননীর মৃত্যু হয়। ৪

ইতি চন্দ্রকুজাদি ত্রিগ্রহযোগফলম্।

ধনবান্ কান্তো বাগ্মী তেজস্বী খ্যাতিমান্ বিপুলকীর্ত্তিঃ।
বহুমিত্রভ্রাতৃসুতো বুধেন্দুসুরপূজিতৈর্যুক্তৈঃ॥ ৫ চ বু বৃ

চন্দ্র বুধ ও বৃহস্পতি লগ্নে অবস্থিতি করিলে মনুষ্য, ধনবান্ কমনীয়শরীর বাগ্মী তেজস্বী খ্যাতিমান্ বিপুল কীর্ত্তিশালী এবং বহুসংখ্য মিত্র ভ্রাতা ও পুত্রবিশিষ্ট হইয়া থাকে। ৫

বিদ্যাশাস্ত্রমতিরপি নীচাচারো ভবেৎ পুমান্ জাতঃ।
সের্ষ্যো ধনপ্রলুব্ধো বুধভার্গবচন্দ্রসংযোগে॥ ৬ চ বু শু

লগ্নে চন্দ্র বুধ ও শুক্র অবস্থান করিলে মনুষ্য বিদ্বান্ ও শাস্ত্রজ্ঞ হইয়াও নীচাচার হয়। বিশেষত সে ঈর্ষ্যাযুক্ত ও ধনলুব্ধ হইয়া থাকে। ৬

অসুস্থো বিকলাঙ্গঃ প্রাজ্ঞো বাগ্মী সুপূজিতঃ খ্যাতঃ।
ক্ষিতিপো ভবতি নরঃ সংযোগে সৌরেন্দুশশাঙ্কপুত্রাণাম্। ৭চ বু শ

লগ্নে সোম বুধ ও শনি থাকিলে মনুষ্য অসুস্থ বিকলাঙ্গ প্রাজ্ঞ বাগ্মী বিখ্যাত লোকপূজিত ও রাজা হইয়া থাকে। ৭

ইতি চন্দ্রবুধাদিত্রিগ্রহযোগফলম্।

সাঙ্গীতময়ঃ প্রাজ্ঞঃ কলাস্বভিজ্ঞো বহুশ্রুতঃ সাধুঃ।
ভার্গবগুরুশশিযোগে জাতঃ পুরুষো ভবেৎ সুভগঃ ॥চবৃশু

লগ্নে চন্দ্র বৃহস্পতি ও শুক্রের যোগ হইলে মনুষ্য, সতীগর্ভসম্ভূত প্রাজ্ঞ গীতবাদ্যাদি-নিপুণ বহুবিদ্যাসম্পন্ন সাধুস্বভাব ও সৌভাগ্যশালী হইয়া থাকে। ১

শাস্ত্রার্থবিদ্বিনয়বান্ বৃদ্ধস্ত্রীসঙ্গতো বিগতরোগঃ।
শশিবাচস্পতিশৌরৈরেকস্থৈ গ্রামবৃন্দপতিঃ ॥ চ বৃ শ

যদি চন্দ্র বৃহস্পতি ও শনি লগ্নে অবস্থিতি করেন, তাহা হইলে মনুষ্য, শাস্ত্রের মর্ম্মজ্ঞ বিনয়সম্পন্ন বৃদ্ধা রমণীর সহিত সঙ্গত রোগশূন্য ও বহুগ্রামের অধিপতি হয়। ২

ইতি চন্দ্রগুরুপ্রভৃতিত্রিগ্রহযোগফলম্।

লিপিকরবাচকপ্রবোধবান্ ভবতি জন্ম সুকৃতেশ্চ।
দৈববিদাং পুরুষাণাং শশিশনিভার্গবসংযোগে।

জন্মলগ্নে চন্দ্র শুক্র ও শনি একত্র অবস্থান করিলে মনুষ্য, লিপিকর বাচক শাস্ত্রের মর্ম্মজ্ঞ পুণ্যবান্ ও দৈবজ্ঞ হইয়া থাকে। ১

ইতি চন্দ্রশুক্রশনিযোগফলম্।

সুকবিঃ ক্ষৌণীনাথঃ সযুবতিঃ পরার্থ উদ্যুক্তঃ।
গন্ধর্ব্ববেদকুশলঃ স্যাদ্বুধগুরুভূসুতৈঃ সহিতৈঃ ॥ ম বু বৃ

মঙ্গল বুধ ও বৃহস্পতি যদি একত্র হইয়া লগ্নে অবস্থান করেন, তাহা হইলে মনুষ্য, সুকবি ভূমিপাল যুবতীরমণী-যুক্ত পরকার্য্যে উদ্যোগী ও সঙ্গীতবিদ্যার পারদর্শী হইয়া থাকে। ১

অকুলীনো বিকলাঙ্গশ্চপলো ধৃষ্টশ্চ জায়তে মনুজঃ।
মুখরো নিত্যোন্মাদী কুজবুধভৃগুনন্দনৈঃ সহিতৈঃ ॥ ম বু শু

মঙ্গল বুধ ও শুক্র যদি একত্র হইয়া লগ্নে অবস্থান করেন, তাহা হইলে মনুষ্য, অকুলীন বিকলাঙ্গ চপল ধৃষ্ট মুখর ও নিত্য উন্মত্ত হইয়া থাকে। ২

প্রেষ্যঃ সাময়নেত্রঃ প্রবাসশীলো ভবেদ্বদনরোগী।
রমতে প্রহসনশীলৈর্বুধার্কিরুধিরৈঃ সহৈকত্র ॥ ম বু শ

যদি লগ্নে মঙ্গল বুধ ও শনি অবস্থান করেন, তাহা হইলে মনুষ্য, অন্যের ভৃত্য চক্ষুরোগবিশিষ্ট প্রবাসী ও মুখরোগবিশিষ্ট হইয়া থাকে। এই ব্যক্তি পরিহাসশীল লোকদিগের সহিত আমোদ প্রমোদ করে। ৩

ইতি কুজবুধাদিত্রিগ্রহযোগফলম্ ॥

নৃপতীষ্টঃ সৎসুতবান্ বিলাসিনীভ্যঃ সদাপ্তবহুসৌখ্যঃ।
সকলজনানন্দকরো ভার্গবগুরুভূমিজৈঃ সহিতৈঃ ॥ ম বৃ শু

মঙ্গল বৃহস্পতি ও শুক্র একত্র হইয়া লগ্নে অবস্থান করিলে মনুষ্য, ভূপতিপ্রিয় সৎপুত্রবিশিষ্ট ও সকল লোকের আনন্দদায়ক হইবে। সেই ব্যক্তি নিয়ত বিলাসিনীগণ হইতে বহু সুখ লাভ করিবে। ৪

নৃপসংযুতঃ ক্ষতাঙ্গো নীচাচারো বিগর্হিতো মৈত্রৈঃ।
ভবতি নরো বিগতঘৃণঃ সুরেজ্যকুজশৌরিসংযোগে ॥ ম বৃ শ

মঙ্গল বৃহস্পতি ও শনি লগ্নে অবস্থান করিলে মনুষ্য, রাজার সহিত সংগত ক্ষতশরীর নীচাচার মিত্রগণ কর্ত্তৃক ঘৃণিত ও ঘৃণারহিত হইয়া থাকে। ৫

ইতি কুজ গুরু শনি যোগ ফলম্।

চারিত্র্যবিহীনায়াঃ পুত্রো ভর্ত্তা ভবেৎ সুখবিহীনঃ।
নিত্যং প্রবাসশীলঃ সংযুক্তৈঃ শৌরিকুজশুক্রৈঃ ॥ ম শু শ

লগ্নে মঙ্গল শুক্র ও শনি অবস্থান করিলে মনুষ্য, দুশ্চরিত্র রমণীর পুত্র ও ভর্ত্তা হয়। সে নিয়ত বিদেশে বাস করে। সে পৃথিবীতে কোন সুখেই সুখী হইতে পারে না। ৬

ইতি কুজ শুক্র শনিযোগফলং।

সুতনুঃ ক্ষয়িতারিগণো নৃপতেঃ সুভগস্তথা বিপুলকীর্ত্তিঃ।
বুধগুরুশুক্রৈঃ সহিতৈর্ভবতি নরঃ সত্যবচনশ্চ ॥ বু বৃ শু

লগ্নে বুধ বৃহস্পতি ও শুক্র একত্র থাকিলে মনুষ্য, সুন্দরশরীরবিশিষ্ট শত্রুসংহারী রাজপূজ্য অতুল কীর্ত্তি-সম্পন্ন ও সত্যবাদী হইয়া থাকে। ৭

স্থানে ধনৈশ্বর্য্যযুতং প্রাজ্ঞং বহুভোগিনং স্বদাররতম্।
ধৃতিসৌখ্যযুতং সুভগং জনয়ন্তি বুধার্কিজীবাখ্যাঃ ॥ বু বৃ শ

লগ্নে বুধ বৃহস্পতি ও শনি অবস্থান করিলে মনুষ্য, ভূমি-সম্পন্ন ধনবিশিষ্ট ঐশ্বর্য্যশালী প্রাজ্ঞ বহুভোগী স্বদার-নিরত ধৈর্য্যশালী সুখী ও সৌভাগ্যসম্পন্ন হইয়া থাকে।

ইতি বুধগুরুপ্রভৃতিত্রিগ্রহযোগফলম্ ॥

মুখরো ধূর্ত্তোঽনৃতবাক্ পরযুবতিরতো ভবেদ্বিষয়শীলঃ।
বুধশুক্রসূর্য্যতনয়ৈঃ কলাস্বভিজ্ঞঃ স্বদেশরতঃ॥ বু শু শ

লগ্নে বুধ শুক্র ও শনি একত্র থাকিলে মনুষ্য, মুখর ধূর্ত্ত মিথ্যাবাদী পরদার-পরায়ণ স্বদেশানুরাগী গীত-বাদ্যাদি বিষয়ে বিচক্ষণ ও ঘোর বিষয়ী হইয়া থাকে। ৯

ইতি বুধশুক্রশনিযোগফলম্।

ন্যূনকুলেঽপি চ জাতো ভবতি নরো ভূপতির্ব্বিপুলকীর্ত্তিঃ।
গুরুভার্গবদিনকরজৈরেকস্থৈঃ শীলসম্পন্নো মনুজঃ। বৃ শু শ

বৃহস্পতি শুক্র ও শনি লগ্নে অবস্থান করিলে মনুষ্য, সুশীল ও বিপুলকীর্ত্তিশালী হইয়া থাকে। সে হীন-বংশে জন্ম পরিগ্রহ করিয়াও মহীপতি হয়। ১০

ইতি গুরুশুক্রশনিযোগফলম্॥

পাপৈর্য্যুক্তে চন্দ্রে মাতুরভাবঃ প্রকীর্ত্তিতঃ প্রায়ঃ।
সূর্য্যে পিতুস্তথান্যৈঃ শুভং ভবেন্মিশ্রিতৈর্ম্মিশ্রম্॥

যদি চন্দ্র পাপ গ্রহের সহিত একত্র থাকেন, তাহা হইলে প্রায়ই জননীর মৃত্যু হয়। যদি সূর্য্য পাপগ্রহের সহিত একত্র থাকেন, তাহা হইলে জনকের মৃত্যু হয়। এই চন্দ্র ও সূর্য্য যদি শুভ গ্রহের সহিত মিলিত থাকেন, তাহা হইলে জননী ও জনকের শুভ ফল হয়। চন্দ্র ও সূর্য্য যদি শুভ অশুভ উভয় গ্রহের সহিত একত্র থাকেন, তাহা হইলে জননী ও জনকের শুভাশুভ মিশ্রিত ফল হইয়া থাকে। ১১

প্রায়ঃ শুভাঃ সমেতাঃ ধনযোগযশোঽন্বিতং নৃপতিচেষ্টম্।
উৎপাদয়ন্তি মনুজং ভূমণ্ডলে মণ্ডলশ্রেষ্ঠম্।

শুভ গ্রহগণ একত্র মিলিত হইলে প্রায়ই মনুষ্য,ধনবান্ যশস্বী ভূপতি সদৃশ ও মণ্ডলশ্রেষ্ঠ হইয়া থাকে। ১২

পাপাস্ত্রয়োঽপি মিলিতাঃ কুর্ব্বন্তি নরং সুভগং লোকে।
দারিদ্র্য দুঃখতপ্তং গর্হিতরূপং বিনয়হীনম্॥

তিনটী পাপগ্রহ একত্র হইলে সৌভাগ্যশালী মনুষ্যও দারিদ্র্যদুঃখে সন্তপ্ত গর্হিতাচারী ও অবিনয়সম্পন্ন হইয়া থাকে। ১৩

ইতি সারাবল্যাং ত্রিগ্রহযোগাধ্যায়শ্চতুর্দ্দশঃ॥

চতুর্গ্রহ যোগফলম্।

চন্দ্রচান্দ্রিকুজার্কাণাং যোগে লিপিকরো ভবেৎ।
তস্করো মুখরো বাগ্মী মায়য়া কুশলো ভবেৎ॥ ১

রবি সোম মঙ্গল ও বুধ, এই গ্রহচতুষ্টয়ের যোগ হইলে মনুষ্য লেখক তস্কর বাচাল বাক্পটু ও মায়াজাল বিস্তারে কৌশলসম্পন্ন হইয়া থাকে। ১

লিপিকর তস্করমুখরো বাগ্মী মায়াপ্রপঞ্চ কুশলশ্চ।
বুধরবিভৌমশশাঙ্কৈরেকর্ক্ষগতৈঃ পুমান্ ভবতি॥ ২

রবি সোম মঙ্গল ও বুধ এক রাশিতে অবস্থান করিলে মনুষ্য, লেখক তস্কর মুখর বাগ্মী ও মায়াজাল বিস্তারে নিপুণ হইয়া থাকে। ২

ধনবান্ পূজিতো নিত্যং তেজস্বী নীতিমান্ বিগতশোকঃ।
ধর্ম্মার্থকামনিপুণঃ শশিগুরুকুজভাস্করৈঃ সহিতৈঃ॥ ৩

সূর্য্য চন্দ্র মঙ্গল ও বৃহস্পতি এক রাশিতে অবস্থান করিলে মনুষ্য, ধনবান্ নিয়ত পূজিত তেজস্বী নীতিকুশল শোকসন্তাপ রহিত ও ধর্ম্ম বিষয়ে অর্থ বিষয়ে কাম বিষয়ে নিপুণ হইয়া থাকে।৩

আর্য্যোঽমৃতবাগ্‌বৃত্তিঃ সুখভাক্ নিপুণোঽর্থসংগ্রহশীলঃ।
বিদ্যাসুতদারযুতঃ শশিকুজসিতভাস্করৈঃ সহিতৈঃ॥ ৪

জন্মকালে রবি সোম মঙ্গল ও শুক্র এক রাশিতে থাকিলে মনুষ্য, মহাত্মা মিষ্টভাষী সুখী নিপুণ অর্থসঞ্চয়ী বিদ্বান্ পুত্রবান্ ও ভার্য্যাসম্পন্ন হইয়া থাকে। ৪

বিষমশরীরো হ্রস্বো ধনরহিতো যাচিতো জনৈর্মূর্খঃ।
গম্যঃ সর্ব্বস্য তথা রবিশশিকুজসৌরিসংযোগে॥ ৫

জন্মকালে রবি সোম মঙ্গল ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য অসমশরীর খর্ব্ব ধনরহিত জনগণ কর্ত্তৃক যাচিত মূর্খ ও সকলের সুখগম্য হইয়া থাকে। ৫

ইতি রবিশশিকুজাদিচতুর্গ্রহযোগঃ।

সৌবর্ণিকঃ পৃথ্বাক্ষঃ শিল্পকরো মহাধনো ধীরঃ।
জাতঃ স্যাদগদতনুঃ শশিশশিজগুরুভাস্করৈঃ সহিতৈঃ॥

জন্মকালে রবি সোম বুধ ও বৃহস্পতি এক রাশিতে

থাকিলে মনুষ্য, স্বর্ণব্যবসায়ী উন্নতচক্ষু শিল্পকর মহাধন ধীর ও নীরোগশরীর হইয়া থাকে।

ইতি রবিশশিবুধভার্গবফলম্।

মাতাপিতৃবিযুক্তো ধনসৌখ্যবিবর্জ্জিতো ভ্রমণশীলঃ।
ভিক্ষাশনোঽপ্যমৃতবাক্‌রবীন্দুসৌম্যার্কিভির্ব্বিকলনেত্রঃ॥৭

জন্মকালে রবি সোম বুধ ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, পিতামাতা রহিত ধনহীন সুখহীন ভ্রমণশীল ভিক্ষাশী মধুরবাক্য বিশিষ্ট ও বিকলনেত্র হইয়াথাকে। ৭

ইতিরবি চন্দ্রবুধশনিযোগফলম্।

সলিলমৃগারণ্যানাং স্বামী স্যাৎ সৌভাগ্যভাক্ নৃপতিপূজ্যঃ।
শুক্রার্কিগুরুশশাঙ্কৈরেকক্ষগৈঃ পুমান্ নিপুণঃ॥ ৮

জন্মকালে সোম বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, সলিল অরণ্য ও মৃগাদির স্বামী হইবে। সে সৌভাগ্যশালী রাজার নিকট সম্মানবিশিষ্ট ও কার্য্যে নিপুণ হইয়া উঠিবে। ৮

ইতি চন্দ্রগুরুসিতশনি যোগফলম্।

সাময়নেত্রস্তীক্ষ্ণো বহুসুতমিত্রো রবাঙ্গনা সুভগঃ।
সূর্য্যেজ্যচন্দ্রসৌরৈরেকস্থৈর্জ্জায়তে পুরুষঃ॥ ৯

জন্মকালে রবি সোম বৃহস্পতি ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, নয়নরোগবিশিষ্ট তীক্ষ্ণতাসম্পন্ন বহুপুত্র বিশিষ্ট বহুমিত্রযুক্ত ও নিরুপমরূপবতী কামিনীর প্রিয় হইয়া থাকে। ৯

ইতি রবিচন্দ্রগুরুশনি ফলম্।

বনিতাসদৃশাচারঃ পুরঃসরোঽত্যন্তদূর্ব্বলশরীরঃ।
ভীরুঃ সর্ব্বত্র ভবেদর্কেন্দুসিতাসিতৈঃ সহিতৈঃ॥ ১০

জন্মসময়ে রবি সোম শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, বনিতার অনুরূপ আচারবিশিষ্ট, সকল কার্য্যেই অগ্রসর অত্যন্ত দুর্ব্বলশরীর ও সকল বিষয়েই ভয়যুক্ত হইয়া থাকে। ১০

ইতি রবিচন্দ্রসিতাসিতফলম্।

শূরোঽথ সূপকারশ্চক্রকরো বধিরোঽবরোধবানুদারঃ।
দুঃখার্ত্তো ভ্রমণশীলঃ সঙ্গতৈরর্কবুধজীবভৌমৈঃ॥ ১১

জন্মকালে রবি মঙ্গল বুধ ও বৃহস্পতি এক রাশিতে থাকিলে মনুষ্য, শূর পাচক চক্রকারী বধির প্রতিভাসম্পন্ন উদারপ্রকৃতি দুঃখার্ত্ত ও ভ্রমণশীল হইয়া থাকে। ১১

অথ রবিভৌম বুধ শুক্রফলম্।

পরদাররতশ্চৌরো বিষমাক্ষো দুর্জ্জনো বিগতসত্যঃ।
ভবতি প্রসবে পুরুষো রবিসিতভৌমেন্দুজৈঃ সহিতৈঃ॥১২

রবি মঙ্গল বুধ ও শুক্র জন্ম সময়ে এক রাশিতে থাকিলে মনুষ্য পরদারপরায়ণ চোর বিষমাক্ষ অর্থাৎ ট্যারা দুরাত্মা ও মিথ্যাবাদী হইয়া থাকে। ১২

রবিকুজবুধসৌরিফলম্।

যোধঃ প্রাজ্ঞস্তীক্ষ্ণো নীচাচারঃ কবিঃ প্রধানশ্চ।
মন্ত্রী চ নৃপতি র্বা বুধার্ককুজসৌরিসংযোগে॥ ১৩

জন্ম সময়ে রবি মঙ্গল বুধ ও শনি একত্র থাকিলে, মনুষ্য যোদ্ধা বিজ্ঞ তীক্ষ্ণতাসম্পন্ন কবি প্রধান নীচাচার ও রাজা বা রাজমন্ত্রী হইয়া থাকে। ১৩

রবিকুজগুরুশুক্রফলম্।

সুভগঃ পূজ্যো লোকে ধনবান্ নৃপসম্মতো ভবেদতিখ্যাতঃ।
রবিভৌমজীবশুক্রৈরেকস্থৈর্নীতিমান্ পুরুষঃ॥ ১৪

জন্ম কালে রবি মঙ্গল বৃহস্পতি ও শুক্র এক রাশিতে থাকিলে মনুষ্য, সৌভাগ্যশালী সর্ব্বত্র পূজ্য ধনবান্, রাজসৎকৃত অত্যন্ত বিখ্যাত ও নীতিজ্ঞ পুরুষ হইয়া থাকে। ১৪

রবিভৌমজীবশনিফলম্।

দারমনা দারগণমান্যঃ সিদ্ধার্থো বন্ধুমিত্রসংযুক্তঃ।
ভানুকুজজীবসৌরৈঃ সংযুক্তঃ স্যান্নৃপতিমতঃ॥ ১৫

জন্ম সময়ে রবি মঙ্গল বৃহস্পতি ও শনি এক রাশিস্থ হইলে মনুষ্য ভার্য্যাতেই আসক্তহৃদয় রমণীগণ কর্ত্তৃক সম্মানিত কার্য্যসিদ্ধিকারী বন্ধু মিত্র সমুদায়ের সহিত মিলিত ও রাজার পূজ্য হইয়া থাকে। ১৫

রবিকুজশুক্রশনি ফলম্।

বিকলো নীচাচারো বিষমাক্ষো লোকবন্ধুনির্দ্দিষ্টঃ।
সূর্য্যকুজশুক্রসৌরৈঃ পরাভবং সর্ব্বতো যাতি॥ ১৬

জন্ম কালে রবি মঙ্গল শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, বিকলাঙ্গ নীচাচার বিষমনয়ন এবং লোক-

গণের মধ্যে ও বন্ধুগণের মধ্যে খ্যাত হইয়া থাকে। সে ব্যক্তি কোথাও পরাভূত হয় না॥ ১৬

ভানুবুধজীবশুক্রযোগফলম্।

বলবান্ সুখপ্রধানঃ সিদ্ধার্থো বহুমতঃ প্রহৃষ্টশ্চ।
ভানুবুধজীবশুক্রৈর্ভবতি পুমান্ একরাশিগতৈঃ॥ ১৭

জন্ম কালে রবি বুধ বৃহস্পতি ও শুক্র এক রাশিতে থাকিলে মানব, ধনবান্ পরমসুখী কার্য্যসিদ্ধিকারী বহু জনের নিকট সম্মানিত ও প্রহৃষ্টচিত্ত হইয়া থাকে॥ ১৭

রবিবুধজীবশুক্রাণাং যোগফলম্।

ক্লীবাচারো মানী কলহরুচিঃ সহজবান্ নিরুৎসাহঃ।
অর্কবুধেজ্যশুক্রাণামেকস্থৈর্জায়তে পুরুষঃ॥ ১৮

জন্ম সময়ে রবি বুধ বৃহস্পতি ও শুক্র এক রাশিতে থাকিলে মনুষ্য, কাপুরুষবৎ আচারবিশিষ্ট মানী কলহরুচি সহোদরযুক্ত ও নিরুৎসাহ হইয়া থাকে। ১৮

রবিবুধসিতশনিযোগফলম্।

মুখরঃ সুভগঃ প্রাজ্ঞো মৃদুঃ সৌখ্যশৌচসম্পন্নঃ।
বীরোমিত্রসহায়ো রবিবুধসিতসৌরৈরেকরাশিস্থৈঃ॥১৯

জন্ম সময়ে রবি বুধ শুক্র ও শনি এক রাশিতে অবস্থান করিলে মনুষ্য বাচাল সৌভাগ্যশালী বিজ্ঞ মৃদু সুখভাগী বিশুদ্ধাচার বীর ও মিত্রসহায় হইয়া থাকে। ১৯

রবিজীবসিতশনিযোগফলম্।

লুব্ধঃ কবিঃ প্রধানঃ কারুণিকোঽর্থাধিপশ্চ নীচানাম্।
আদিত্যার্কি সিতেজ্যে রাজ্ঞো জাতো ভবেদিষ্টঃ॥ ২০

জন্ম কালে রবি বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মানব, লুব্ধ কবি সকলের প্রধান করুণাযুক্ত নীচলোকের ধনাধিপতি ও ভূপতির প্রিয়পাত্র হইয়া থাকে।২০

সোম মঙ্গল বুধ বৃহস্পতি যোগফলম্।

শাস্ত্রকুশলো নরেন্দ্রঃ স মহাপাত্রোঽথবা মহাবুদ্ধিঃ।
শশিকুজসোমজজীবৈরেকস্থৈঃ পুমান্ জাতঃ॥ ২১

জন্ম সময়ে সোম মঙ্গল বুধ ও বৃহস্পতি, এক রাশিতে অবস্থান করিলে, মনুষ্য নানাশাস্ত্রে কুশল ভূপতি মহাপাত্র ও মহাবুদ্ধি হইয়া থাকে। ২১

সোম বুধ বৃহস্পতি শুক্র যোগ ফলম্।

কলহরুচির্নিদ্রার্ত্তঃ নীচঃ ভাবঙ্কীপতিঃ।
সুভগো বন্ধুবিদ্বিষ্টো ন সুখী শশিজীববুধ ভার্গবৈঃ সহিতৈঃ॥২২

জন্ম সময়ে যদি সোম বুধ বৃহস্পতি ও শুক্র এক রাশিস্থ হন, তাহা হইলে মানব, কলহরুচি (ঝকড়াটে) নিদ্রালু (ঘুম্ গাদ্ড়া) নীচপ্রকৃতি সুভগ ও দুঃখভাগী হইয়া থাকে। তাহার ভার্য্যা কুলটা হয়। তাহার বন্ধুগণ তাহার দ্বেষ করে। ২২

শশি বুধজীবশনি যোগফলম্।

শূরো দ্বিমাতৃপিতৃকো দুষ্কুলজো বহুপুত্রমিত্রযুক্তঃ।
ভবতি স্বকর্ম্মাভিরতঃ শশিবুধজীবসৌরিসংযোগে॥ ২৩

সোম বুধ বৃহস্পতি ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য শূর বৈমাতুর দ্বিপিতৃক দুষ্কুলসম্ভূত বহুপুত্র বিশিষ্ট বহু মিত্রযুক্ত ও স্বকর্ম্মনিরত হইয়া থাকে। ২৩

সোম মঙ্গল বৃহস্পতি শুক্র যোগ ফলম্।

বিকলাঙ্গঃ সকলত্রঃ কলহসহোঽতীব মানসংযুক্তঃ।
প্রাজ্ঞো বহুমিত্রসুখঃ শশিকুজগুরুভার্গবৈঃ সহিতৈঃ॥ ২৪

জন্ম সময়ে সোম মঙ্গল বৃহস্পতি ও শুক্র এক রাশিতে থাকিলে, মনুষ্য বিকলাঙ্গ কলত্রযুক্ত কলহসহনশীল অত্যন্তমানী বিচক্ষণ বহু মিত্রসম্পন্ন ও বহুবিধ সুখে সুখী হইয়া থাকে, ।২৪

সোম মঙ্গল বৃহস্পতি শনি যোগফলম্।

বধিরো ধনবান্ শূরঃ সোন্মাদো বাক্পটুর্ধীরপ্রকৃতিঃ।
মতিমানুদারচিত্তো ভৌমেন্দুশনৈশ্চরসুরেজ্যৈঃ॥ ২৫

জন্মে কালে সোম মঙ্গল বৃহস্পতি ও শনি এক রাশিতে থাকিলে, মানব বধির ধনবান্ শূর পাগল বাক্‌পটু ধীরপ্রকৃতি জ্ঞানবান্ ও উদারচিত্ত হইয়া থাকে। ২৫

শশি কুজ সিত শনি যোগ ফলম্।

কুলটাপতিঃ প্রগল্ভঃ সর্পাক্ষো নিত্যমেব সোদ্বেগঃ।
জাতঃ পুরুষোঽবশ্যং কুজেন্দুযমভার্গবৈর্ভবতি॥ ২৬

যাহার জন্ম সময়ে সোম মঙ্গল শুক্র ও শনি এক রাশিতে অবস্থান করেন, সে ব্যক্তি প্রগাল্ভ সর্পসদৃশ

নয়নবিশিষ্ট ও নিয়ত উদ্বেগযুক্ত হইয়া থাকে। তাহার পত্নী কুলটা হয়। ২৭

বুধ গুরু শনিসিত যোগ ফলম্।

বিদ্বানমাতৃপিতৃকঃ শক্রযোষিদধনসুতোঽতিসুভগশ্চ।
ভবতি নরো বিগতারির্বুধশনিগুরুভার্গবৈঃ সহিতৈঃ॥ ২৮

জন্ম সময়ে বুধ বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিতে অবস্থান করিলে মনুষ্য, বিদ্বান্ মাতাপিতাবিহীন ধনহীন পুত্রহীন অতিসুন্দর ও শক্রশূন্য হইবে। পরন্তু তাহার ভার্য্যা তাহার শক্র হইয়া উঠিবে। ২৮

শশিবুধ জীবশনিযোগফলম্।

কৃতকর্ম্মকীর্ত্তিরগ্র্যস্তেজস্বী বন্ধুবল্লভো মতিমান্।
নৃপসচিবঃ প্রবলকবিঃ শশিবুধজীবার্কিভিঃ সহিতৈঃ॥ ২৯

জন্ম সময়ে সোম বুধ বৃহস্পতি ও শনি এক রাশিতে থাকিলে মানব, কৃতকর্ম্ম দ্বারা কীর্ত্তিশালী তেজস্বী বন্ধু-জনের বল্লভ জ্ঞানবান্ রাজমন্ত্রী ও মহাকবি হইয়া থাকে। ২৯

শশিবুধসিতশনিযোগফলম্।

পরদারগমনশীলো বিশালভার্য্যো বিপন্নবন্ধুশ্চ।
প্রাজ্ঞো নানিষ্টিঃ স্যাদিন্দুবুধার্কিভৃগুপুত্রৈঃ॥ ৩০

সোম বুধ শুক্র শনি এই চারি গ্রহ এক রাশিতে থাকিলে মনুষ্য, পরস্ত্রীগমনশীল দীর্ঘাঙ্গী ভার্য্যাবিশিষ্ট বিচক্ষণ ও সর্ব্বদা যাগযজ্ঞ নিরত হইয়া থাকে। তাহার বন্ধু-গণ বিপদ্‌গ্রস্ত হয়। ৩০

শশিগুরুশুক্রশনিফলম্।

মাত্রা রহিতঃ সুভগস্ত্বগ্যোষধীসুদুঃখসহনশীলঃ।
বহুভাষী সত্যপরঃ শশিগুরুভৃগুসৌরিসংযোগে॥ ৩১

জন্ম সময়ে সোম বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিস্থ হইলে মনুষ্য, মাতৃহীন সৌভাগ্যশালী বহুভাষী এবং সত্য-পরায়ণ হইয়া থাকে। সে ব্যক্তি অগ্নি ওষধি প্রভৃতি জনিত মহাকষ্ট সহ্য করিতে সমর্থ হয়। ৩১

মঙ্গলবুধবৃহস্পতিশুক্রযোগফলম্।

স্ত্রীকলহরুচির্ধনভাক্ পূজ্যো লোকে শীলসম্পন্নঃ।
ভবতি পুমান্ নীরুজতনুর্বুধারগুরুভার্গবৈঃ সহিতৈঃ॥ ৩২

জন্ম সময়ে এক রাশিতে মঙ্গল বুধ বৃহস্পতি ও শুক্রের যোগ হইলে মানব, স্ত্রী লোকের সহিত কলহপ্রিয় ধনশালী লোকের নিকট পূজ্য সুশীল ও নীরোগশরীর হইয়া থাকে। ৩২

কুজবুধ গুরুশনিযোগফলম্।

শূরো বিদ্বান্ বাগ্মী ধনরহিতঃ সত্যশৌচসম্পন্নঃ।
বাগ্মী দ্বন্দ্বসহিষ্ণুর্মতিমান্ সহিতৈর্বুধারগুরুসৌরৈঃ॥ ৩৩

জন্মকালে মঙ্গল বুধ বৃহস্পতি ও শনি এক রাশিস্থিত হইলে মনুষ্য, শূর বিদ্বান্ বাগ্মী ধনরহিত সত্যবাদী বিশু-দ্ধাচার বিবাদকারী সুখদুঃখরূপ দ্বন্দ্বসহিষ্ণু ও জ্ঞানসম্পন্ন হইয়া থাকে। ৩৩

কুজবুধসিত শনিযোগফলম্।

স্যান্মন্দঃ পরপুষ্টঃ কঠিনাঙ্গো দুর্ম্মদঃ খ্যাতঃ।
রমতে চ সারমেয়ৈর্বুধারযমভার্গবৈঃ সহিতৈঃ॥ ৩৪

জন্ম সময়ে মঙ্গল বুধ শুক্র ও শনি এক রাশিস্থ হইলে মানব, মৃদু পরান্নে পরিপুষ্ট কঠিনদেহবিশিষ্ট অত্যন্ত গর্ব্বিত ও বিখ্যাত হইয়া থাকে। সে সর্ব্বদা কুক্কুর লইয়া ক্রীড়া করিতে ভাল বাসে। ৩৪

কুজবুধসিতশনিযোগফলম্।

বধবন্ধনরোগার্ত্তো বিদ্বান্ লোকেষু পূজিতো ভবতি।
নিস্বো বিকলশরীরঃ কুজগুরুসিতসৌরিসংযোগে॥ ৩৫

জন্ম কালে এক রাশিতে মঙ্গল বৃহস্পতি শুক্র ও শনি অবস্থান করিলে মনুষ্য, বধ বন্ধন ও রোগে কাতর বিদ্বান্ লোকে পূজিত নির্ধন ও বিকলশরীর বিশিষ্ট হইয়া থাকে। ৩৫

ইতি সারাবল্যাং চতুর্গ্রহযোগাধ্যায়ঃ
পঞ্চদশঃ।

গ্রহপঞ্চকযোগফলম্।

রবিসোমমঙ্গলবুধবৃহস্পতিযোগফলম্।

দুঃখী বহুপ্রপঞ্চো জায়াবিরহেণ তাপিতশরীরশ্চ।
ভবতি পুমানেকস্থৈ-রবীন্দুজজীব চন্দ্রসূতৈঃ॥ ১

রবি সোম মঙ্গল বুধ বৃহস্পতি, এই পঞ্চ গ্রহ জন্ম কালে এক রাশিতে থাকিলে মনুষ্য, দুঃখভাগী বহুবিধ কার্য্য বিস্তারকারী ও বনিতাবিরহে নিয়ত তাপিতশরীর হইয়া থাকে॥ ১

রবিমঙ্গলবুধবৃহস্পতি শুক্রযোগফলম্।

পরকর্ম্মকরো নিত্যং বন্ধুসুহৃদো বিগতসত্যঃ।
ক্লীবৈর্যাতি সখ্যং রবিকুজজীবশুক্রসৌমৈশ্চ॥ ২

জন্ম কালে রবি মঙ্গল বুধ বৃহস্পতি ও শুক্র এক রাশিতে অবস্থিতি করিলে মনুষ্য, নিয়ত পরের ভৃত্য হইয়া থাকিবে। কাপুরুষের সহিত তাহার বন্ধুতা হইবে। সে বন্ধু ও মিত্রের অনুরোধে সত্য হইতে বিচ্যুত হইবে।২

রবিসোমমঙ্গলবুধশনিযোগফলম্।

অল্পায়ুর্ব্বন্ধনভাক্ দীনো ভবতীহ সর্ব্বসুখহীনঃ।
বিকলোঽসুতবিত্তঃ সৌরিদিবাকরবুধেন্দুকুজৈঃ॥ ৩

জন্ম সময়ে রবি সোম মঙ্গল বুধ ও শনি এক রাশিতে থাকিলে মানব, অল্পায়ুঃ বন্ধনভাগী দরিদ্র সর্ব্বসুখহীন বিকলাঙ্গ পুত্ররহিত ও ধনহীন হইয়া থাকে॥ ৩

সোমমঙ্গল বুধ বৃহস্পতি শুক্রযোগফলম্।

জাত্যন্ধো বহুদুঃখী মাতাপিতৃভ্যাং সদৈব সংত্যক্তঃ।
ভবতি নরো গেয়রুচিঃ কুজেন্দুগুরুবুধভার্গবৈশ্চ॥ ৪

জন্ম কালে সোম মঙ্গল বুধ বৃহস্পতি ও শুক্র এক রাশিতে থাকিলে, মনুষ্য জন্মান্ধ বহুদুঃখে দুঃখী সর্ব্বদা পিতা মাতা কর্ত্তৃক পরিত্যক্ত এবং সঙ্গীতপ্রিয় হইয়া থাকে॥ ৪

রবিসোমমঙ্গলবৃহস্পতিশনিযোগফলম্।

সত্ত্বকুশলঃ সমর্থঃ পরধনহারী পরোপতাপী চ।
পিশুনঃ খলশ্চ পুরুষঃ শনিশশিকুজ জীবদিবসেশৈঃ॥ ৫

জন্ম সময়ে রবি সোম মঙ্গল বৃহস্পতি ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, নিজসত্ত্ব রক্ষাতে কুশল সর্ব্বকার্য্যে সমর্থ পরধনহারী পরসন্তাপকারী পিশুন ও খল হইয়া থাকে। ৫

রবিসোমমঙ্গলশুক্র ও শনিযোগফলম্।

মানার্থবিভবহীনো মলিনাচারঃ পরাঙ্গনাভিরতঃ।
পঞ্চভিরেকস্থৈঃ স্যাৎ দিনেশশশিশুক্রশনিভিঃ। ৬

জন্ম সময়ে রবি সোম মঙ্গল শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, কদাচার ও পরস্ত্রীতে আসক্ত হইবে। সে ব্যক্তি মানহীন ধনহীন ও ঐশ্বর্য্যহীন হইবে। ৬

রবিসোমবুধবৃহস্পতিশুক্রযোগফলম্।

মন্ত্রজ্ঞো বহুবিভবো নৃপসচিবো দণ্ডনায়কো বা স্যাৎ।
খ্যাতঃ শুভকীর্ত্তিযুতো বুধেন্দুরবিজীবশুক্রৈঃ॥৬

জন্ম সময়ে রবি সোম বুধ বৃহস্পতি ও শুক্র এক রাশিতে থাকিলে মনুষ্য, মন্ত্রজ্ঞ বহু ঐশ্বর্য্যশালী রাজমন্ত্রী বা দণ্ডনায়ক বিখ্যাত ও উত্তম কীর্ত্তিশালী হইয়া থাকে। ৬

রবিচন্দ্রবুধবৃহস্পতিশনিযোগফলম্।

ভীরুঃ প্রিয়সংত্যক্তঃ সোন্মাদো বঞ্চনেঽতিনিপুণঃ।
উগ্রঃ পরান্নভোজী বুধেন্দুগুরুসূর্য্যরবিপুত্রৈঃ॥ ৭

যদি জন্মসময়ে এক রাশিতে রবি চন্দ্র বুধ বৃহস্পতি ও শনি অবস্থিতি করেন, তাহা হইলে মনুষ্য, ভীরু প্রিয়-জন কর্ত্তৃক পরিত্যক্ত উম্মাদগ্রস্ত পরবঞ্চনবিষয়ে পটু, উগ্র-স্বভাব ও পরান্নভোজী হইয়া থাকে। ৭

রবিসোমবৃহস্পতিশুক্রশনিযোগফলম্।

দীর্ঘো লোমশগাত্রো মন্দোৎসাহী মূর্খ আত্মসুখহীনঃ॥
স্যাৎ পঞ্চভিরেকস্থৈ-রবিচন্দ্রবুধার্কিভৃগুপুত্রৈঃ॥ ৮

রবি সোম বুধ শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, সুদীর্ঘ লোমশশরীর অল্প উৎসাহসম্পন্ন মূর্খ ও আত্মসুখবিবর্জ্জিত হইয়া থাকে। ৮

রবিসোমবৃহস্পতিশুক্রশনি যোগফলম্।

বাগ্মীন্দ্রজালনিরতশ্চলচিত্তঃ স্ত্রীষু লোলুভো মতিমান্।
বহুশত্রুর্ব্বিগতভয়ো রবীন্দুগুরুশুক্রভানুসুতৈঃ॥ ৯

জন্মসময়ে রবি সোম বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিতে থাকিলে, মনুষ্য বাগ্মী ইন্দ্রজালনিরত চঞ্চলচিত্ত স্ত্রীসংসর্গে লোলুপ বুদ্ধিমান্, বহু শত্রু ও নির্ভয়চিত্ত হইয়া থাকে। ৯

রবিমঙ্গলবুধবৃহস্পতিশুক্রযোগফলম্।

কামী বহুতুরগনরঃ স্ফীতঃ সেনাপতির্বিগতশোকঃ।
রাজ্ঞঃ প্রিয়োঽতিসুভগো বুধাররবিজীবশুক্রৈঃ স্যাৎ॥ ২০

যাহার জন্ম কালে রবি মঙ্গল বুধ বৃহস্পতি ও শুক্র এক রাশিতে থাকেন, সে ব্যক্তি, কামুক বহুঅশ্ববিশিষ্ট বহু অনুচরবিশিষ্ট বৃদ্ধিযুক্ত সেনাপতি শোকসন্তাপরহিত রাজার প্রিয় ও সাতিশয় সৌভাগ্যশালী হইয়া থাকে। ১০

রবিমঙ্গলবুধবৃহস্পতিশনিযোগফলম্।

নিত্যোদ্বিগ্নো রোগী ভিক্ষাং ভুঙ্ক্তে গৃহাদ্ গৃহং গত্বা।
জীর্ণমলীমসবাসা রবিকুজবুধজীব রবিপুত্রৈঃ॥ ১১

রবি মঙ্গল বুধ বৃহস্পতি ও শনি এক রাশিস্থ হইলে মনুষ্য, নিয়ত উদ্বিগ্ন ও রোগাভিভূত হইয়া থাকে। সে ব্যক্তি জীর্ণ মলিন বস্ত্র পরিধান করিয়া গৃহে গৃহে ভিক্ষা গ্রহণ পূর্ব্বক ভোজন করে। ১১

রবিসোমমঙ্গলবৃহস্পতিশুক্রযোগফলম্।

প্রেষ্যো মূর্খঃ ক্লীবো মলিনাচারোঽতিদুর্ভগো বিকলঃ।
ভবতি নরো ধনরহিতঃ শশিকুজগুরুরবিশুক্রৈঃ॥ ১২

জন্ম কালে রবি সোম মঙ্গল বৃহস্পতি ও শুক্র এক রাশিগত হইলে মনুষ্য, ভৃত্য মূর্খ কাপুরুষ দুরাচার অতি দুর্ভগ বিকলাঙ্গ এবং ধনহীন হইয়া থাকে। ১২

রবিমঙ্গলবুধশুক্রশনিযোগফলম্।

ব্যাধিভিরভিগ্রস্তঃ স্থানভ্রষ্টোঽতিদুঃখসন্তপ্তঃ।
ভ্রমতি ক্ষুধিতঃ পুরুষঃ কুজার্কিরবিশুক্রশনিতনয়ৈঃ॥ ১৩

যাহার জন্ম কালে রবি মঙ্গল বুধ শুক্র ও শনি এক রাশিতে থাকেন, সেই মনুষ্য, পীড়াভিভূত স্থানভ্রষ্ট ও অত্যন্ত দুঃখসন্তপ্ত হইয়া থাকে। সে ব্যক্তি ক্ষুধিত হইয়া স্থানে স্থানে ভ্রমণ করে। ১৩

সোমমঙ্গলবুধশুক্রশনি যোগফলম্।

বহুবন্ধনরোগার্ত্তো বিদ্বান্ লোকপূজিতো ভবতি।
নিত্যং বিকলশরীরঃ কুজশনিবুধশুক্রমন্দৈঃ স্যাৎ॥ ১৪

সোম মঙ্গল বুধ শুক্র ও শনি এক রাশিস্থিত হইলে মনুষ্য, বহুবিধ বন্ধনে ও নানা রোগে কাতর বিদ্বান্ সমাজে পূজিত ও নিয়ত বিকলাঙ্গ হইয়া থাকে। ১৪

রবিমঙ্গলবৃহস্পতিশুক্রশনি যোগফলম্।

বাণযন্ত্রধাতুপারদরসায়নেঽতিপটুঃ পুমান্ ভবতি।
এভিঃ প্রসিদ্ধকর্ম্মা ক্ষিতিসুতরবীজ্যসিতসৌরৈঃ॥ ১৫

জন্ম সময়ে রবি মঙ্গল বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মানব, বাণ নির্ম্মাণ ধাতুদ্রব্য নির্ম্মাণ পারদ পদার্থ নির্ম্মাণ ও রসায়ন বিদ্যায় পটু হইয়া থাকে, এবং এই সমুদায় কার্য্যে সে ব্যক্তি বিখ্যাত হয়। ১৫

রবিবুধবৃহস্পতিশুক্রশনি যোগফলম্।

বহুশাস্ত্রজ্ঞানপটুর্মিত্রহিতঃ সম্মতো গুরূণাঞ্চ।
ধর্ম্মপরঃ কারুণিকঃ সূর্য্যসিতশুক্রবুধজীবৈঃ॥ ১৬

জন্ম সময়ে রবি বুধ বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, বহু শাস্ত্রজ্ঞ বহু শাস্ত্রে পটু বন্ধুবর্গের হিতকারী গুরু লোকের প্রিয় ধর্ম্মপরায়ণ ও করুণার্দ্র হৃদয় হইয়া থাকে। ১৬

সোমমঙ্গলবুধবৃহস্পতিশুক্র যোগফলম্।

সাধুঃ সুস্থশরীরো বিদ্যাধনসৌখ্যসম্পন্নঃ।
বন্ধুহিতো বহুমিত্রো বুধেন্দু কুজজীব ভৃগুপুত্রৈঃ॥ ১৭

জন্ম সময়ে সোম মঙ্গল বুধ বৃহস্পতি ও শুক্র এক রাশিস্থিত হইলে মনুষ্য সৎস্বভাব সুস্থশরীর বিদ্বান্ ধনবান্ সুখী বন্ধুবর্গের হিতকারী ও বহুমিত্র বিশিষ্ট হইয়া থাকে। ১৭

সোমমঙ্গলবুধবৃহস্পতিশনি যোগফলম্।

তিমিরাময়ী দরিদ্রঃ পরান্নমভিযাচতে সদা দীনঃ।
মলিনয়তি বন্ধুবর্গং কুজার্কিবুধজীবহিমকিরণৈঃ॥ ১৭

সোম মঙ্গল বুধ বৃহস্পতি ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, অন্ধ দিবান্ধ বা রাৎকাণা ও দরিদ্র হইয়া থাকে। সে ব্যক্তি সর্ব্বদা কাতর হইয়া পরান্ন যাচ্ঞা করে। তাহার নিমিত্ত তাহার বন্ধুবর্গের মনে ক্লেশ হয়। ১৭

সোমমঙ্গলবুধশুক্রশনি যোগফল্।

বহুশত্রুমিত্রপক্ষঃ পরার্থহন্তা ভবেদ্বিগতশীলঃ।
একস্থৈরভিমানী চন্দ্রকুজবুধশুক্ররবিপুত্রৈঃ॥ ১৮

জন্ম কালে সোম মঙ্গল বুধ শুক্র ও শনি এক রাশি গত হইলে মনুষ্য, বহু শত্রুবিশিষ্ট বহুমিত্রবিশিষ্ট পর-কার্য্যহন্তা দুঃশীল ও একান্ত অভিমানী হইয়া থাক।১৮

সোমবুধবৃহস্পতিশুক্রশনি যোগফলম্।

নৃপমন্ত্রী নৃপসমো বা বহুজননাথঃ সর্ব্বলোকপূজ্যশ্চ।
একর্ক্ষে ভবতি নরঃ চন্দ্রেন্দুজজীবশনিশুক্রৈঃ॥ ১৯

জন্ম সময়ে সোম মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, রাজমন্ত্রী বা রাজসদৃশ বহুজনের নাথ ও সর্ব্ব লোকের পূজিত হইয়া থাকে। ১৯

মঙ্গলবুধবৃহস্পতিশুক্রশনি যোগফলম্।

সতমস্কঃ সোন্মাদো রাজ্ঞামতিবল্লভো বিগতশোকঃ।
নিদ্রাতুরো দরিদ্রঃ কুজবুধজীবশুক্ররবিপুত্রৈঃ॥ ২০

মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিস্থিত হইলে মনুষ্য, তমোগুণাবলম্বী উন্মাদগ্রস্ত রাজপ্রিয় শোক-রহিত দরিদ্র ও নিদ্রাতুর হইয়া থাকে। ২০

ইতি সারাবল্যাং পঞ্চগ্রহযোগাধ্যায়ঃ ষোড়শঃ।

ষড়্গ্রহযোগাধ্যায়ঃ।

রবিসোমমঙ্গলবুধবৃহস্পতিশুক্রযোগফলম্।

বিদ্যাধনধর্ম্মরতঃ ক্ষামো বহুভাষকো বিহৃষ্টমতিঃ।
একভবনোপগতৈর্বুধেন্দুরব্যারগুরুশুক্রৈঃ॥ ১

জন্ম সময়ে রবি সোম মঙ্গল বুধ বৃহস্পতি ও শুক্র, এই ছয় গ্রহ এক রাশিতে থাকিলে মনুষ্য, বিদ্বান্ ধন-বান্ ধর্ম্মপরায়ণ ক্ষীণশরীর বাচাল ও প্রহৃষ্টচিত্ত হইয়া থাকে। ১

রবিসোমমঙ্গলবৃহস্পতিশুক্রশনিযোগফলম্।

দাতা পরকার্য্যকরশ্চপলস্বভাবো বিশুদ্ধসত্ত্বশ্চ।
রমতে বিজনোদ্দেশে রবীন্দুবক্রসিতগুরুরবিজৈঃ॥ ২

যাহার জন্ম কালে রবি সোম মঙ্গল বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিতে থাকেন, সে ব্যক্তি দাতা পরোপকারী চপলস্বভাব ও বিশুদ্ধচরিত্র হইয়া থাকে। সে নির্জ্জন প্রদেশে বিহার করিতে ভাল বাসে। ২

রবি সোম মঙ্গল বুধ শুক্র শনিযোগফলম্।

চৌরঃ পরদাররতঃ কুষ্ঠী স্বজনৈর্নিরাকৃতো মূর্খঃ।
স্থানভ্রষ্টো বিসুখো বুধেন্দুরব্যারশনি শুক্রৈঃ॥ ৩

জন্ম কালে রবি সোম মঙ্গল বুধ শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মানব, চোর পরদারপরায়ণ কুষ্ঠী মূর্খ স্থানভ্রষ্ট সুখহীন ও স্বজনগণ কর্ত্তৃক নিরাকৃত হইয়া থাকে। ৩

রবি সোম মঙ্গলবুধবৃহস্পতিশুক্র যোগফলম্।

নীচঃ পরকর্ম্মকরঃ ক্ষয়রোগী শ্বাসকাশাংশপরিভূতঃ।
নিন্দ্যঃ স্যাদ্বন্ধূনাং সিতেন্দুরব্যারগুরুসৌম্যৈঃ॥ ৪

জন্ম সময়ে রবি সোম মঙ্গল বুধ বৃহস্পতি ও শুক্র এক রাশিতে থাকিলে মনুষ্য, নীচাচার পরের কর্ম্মকর ক্ষয়রোগবিশিষ্ট শ্বাসকাশ দ্বারা অভিভুত ও বন্ধুবর্গকর্ত্তৃক নিন্দিত হইয়া থাকে। ৪

রবি সোম বুধ বৃহস্পতি শুক্র শনিযোগফলম্।

মন্ত্রী নৃপস্য সুভগঃ কান্তিযুতো ভবতি শোকসন্তপ্তঃ।
অকলত্রো ধনরহিতো রবীন্দুবুধজীবসিতসৌরৈঃ॥ ৫

জন্ম কালে রবি সোম বুধ বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, রাজমন্ত্রী সৌভাগ্যশালী কান্তিবিশিষ্টি শোকসন্তপ্ত কলত্ররহিত ও ধনরহিত হইয়া থাকে। ৫

রবিমঙ্গলবুধবৃস্পতিশুক্রশনিযোগফলম্।

তীর্থেষু ভ্রমতি সদা পুত্রৈর্দারৈর্ধনেন রহিতশ্চ।
বনপর্ব্বততোয়সেবী বুধাররবিজীবশনিশুক্রৈঃ॥ ৬

রবি মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিগত হইলে মানব, পুত্র রহিত ভার্য্যারহিত ও ধনরহিত হইয়া সর্ব্বদা তীর্থ ভ্রমণ করে এবং সে ব্যক্তি বনমধ্য পর্ব্বত-মধ্য বা সলিলমধ্য আশ্রয় করিয়া থাকে। ৬

সোমমঙ্গলবুধবৃহস্পতিশুক্রশনিযোগ ফলম্।

নিত্যং শুচিঃ প্রতাপী যুবতিরতো নৃপপ্রিয়ো মন্ত্রী।
ধনশুভসৌভাগ্যযুতঃ কুজার্কিসিতচন্দ্রবুধজীবৈঃ॥ ৭

জন্ম সময়ে সোম মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র ও শনি এক রাশিতে থাকিলে মনুষ্য, নিয়ত বিশুদ্ধাচার প্রতাপশালী যুবতিরত রাজপ্রিয় মন্ত্রী ধনবান্ পুত্রবান্ এবং সৌভাগ্যশালী হইয়া থাকে। ৬

প্রায়ো দরিদ্রদুঃখিতমূর্খাঃ ষট্পঞ্চসংযুতৈর্বিহগৈঃ।
অন্যোন্যদর্শনাদপি ফলমেতৎ সর্ব্বে পণ্ডিতাঃ প্রাহুঃ॥

ছয় গ্রহ বা পঞ্চ গ্রহ এক স্থানে থাকিলে মানবগণ প্রায়ই মূর্খ, দরিদ্র ও দুঃখভাগী হইয়া থাকে। পণ্ডিতগণ বলেন, ঐ পঞ্চ গ্রহের বা ছয় গ্রহের পরস্পর সম্পূর্ণ দৃষ্টি থাকিলেও ঐরূপ ফল হয়। ৭

ইতি সারাবল্যাং ষড়্গ্রহ যোগাধ্যায়ঃ।
সপ্তদশঃ।

বৃহজ্জাতক মতে দ্বিগ্রহ যোগাধ্যায়ঃ।

তিগ্মাংশুর্জনযত্যশেষ সহিতো যন্ত্রাশ্মকারং নরম্
ভৌমে নাঘরতং বুধেন নিপুণং ধীঃ কীর্ত্তি সৌখ্যান্বিতম্।
ক্রূরং বাক্পতিনান্যকার্য্য নিরতং ক্রূরেণ রঙ্গায়ুধে
র্লব্ধস্বং রবিজেন ধাতু কুশলং ভাণ্ডপ্রকারেষু বা।১

যদি জন্ম সময়ে সূর্য্য চন্দ্রের সহিত একত্র থাকেন, তাহা হইলে মনুষ্য, বহুবিধ যন্ত্র নির্ম্মাণকারী ও পাষাণে শিল্পকর হইয়া থাকে। যদি ঐ সূর্য্য, মঙ্গলের সহিত এক গৃহে থাকেন, তাহা হইলে মনুষ্য, পাপপরায়ণ হয়। সূর্য্য বুধের সহিত এক রাশিতে থাকিলে মানব, সর্ব্বকার্য্যে নিপুণ, বুদ্ধিমান্, কীর্ত্তিশালী ও সুখভাগী হইয়া থাকে। সূর্য্য যদি বৃহস্পতির সহিত একত্র থাকেন, তাহা হইলে মনুষ্য ক্রূর ও পরকার্য্য তৎপর হয়। যদি সূর্য্য শুক্রের সহিত এক গৃহে থাকেন, তাহা হইলে মানব, মল্লযুদ্ধ দ্বারা ও অস্ত্র দ্বারা অনেক ধন উপার্জ্জন করে। ঐ সূর্য্য যদি পুত্রের সহিত এক স্থানে থাকেন, তাহা হইলে মনুষ্য, সুবর্ণ রৌপ্য প্রভৃতি ধাতু দ্রব্য নির্ম্মাণ বিষয়ে কুশল ও সামুদ্রিক প্রভৃতিতে কুশল হইয়া থাকে। ১

কূটস্ত্র্যাসব কুম্ভপণ্যমশিবং মাতুঃ সবক্রঃ শশী
সজ্ঞঃ প্রস্থতবাক্যমর্থ নিপুণং সৌভাগ্যকীর্ত্ত্যান্বিতম্।
বিক্রান্তং কুলমুখ্যমস্থিরমতিং বিত্তেশ্বরং সাঙ্গিরা
বস্ত্রাণাং সসিতঃ ক্রিয়াদি কুশলং সার্কিঃ পুনর্ভূসুতম্॥ ২

চন্দ্র মঙ্গলের সহিত এক গৃহে থাকিলে মনুষ্য, পণ্যদ্রব্য কৃত্রিম করিয়া বিক্রয় করে, স্ত্রীবিক্রয় করে, মদ্যের ব্যবসায় করে, এবং কলস বিক্রয় করিয়া থাকে। ঐ চন্দ্র যদি বুধের সহিত এক গৃহস্থিত হন, তাহা হইলে, প্রিয়ম্বদ বিষয় কর্ম্মে নিপুণ সৌভাগ্যশালী ও কীর্ত্তিমান হয়। চন্দ্র বৃহস্পতির সহিত এক রাশিতে থাকিলে মনুষ্য, বিক্রমশালী, কুলশ্রেষ্ঠ, অস্থিরচিত্ত ও অতুল ঐশ্বর্য্যের অধীশ্বর হইয়া থাকে। চন্দ্র যদি শুক্রের সহিত এক রাশিতে থাকেন, তাহা হইলে মনুষ্য, (তন্তুবায়ের কর্ম্ম) বস্ত্র বিক্রয়াদি কর্ম্মে নিপুণ হয়। চন্দ্র শনির সহিত এক রাশিতে থাকিলে মানব, পুনর্ভূ পুত্র হয়, অর্থাৎ যে, রমণীর দ্বিতীয় পতির সহিত বিবাহ হইয়াছে, তদ্গর্ভে তাহার জন্ম হয়। ২

মূলাদি স্নেহ কূটৈর্ব্যবহরতি বণিগ্বাহুযোদ্ধা স সৌম্যে
পূর্য্যধ্যক্ষঃ স জীবে ভবতিনরপতিঃ প্রাপ্তবিত্তোদ্বিজো বা।
গোপোমল্লোথদক্ষঃ পরযুবতিরতোদ্যূত কৃৎ সাসুরেজ্যে
দুঃখার্ত্তোঽসত্যসন্ধঃ স সবিতৃতনয়ে ভূমিজে নিন্দিতশ্চ॥ ৩

জন্ম সময়ে যদি মঙ্গল বুধের সহিত একত্র থাকেন, তাহা হইলে মনুষ্য, মূল পুষ্প বল্কল সার প্রভৃতির এবং ঘৃত তৈলাদি স্নেহ দ্রব্যের ব্যবসায় করে। সে পণ্যদ্রব্য কৃত্রিম করিয়া থাকে ও বাহুযুদ্ধে সুকুশল হয়। মঙ্গল বৃহস্পতির সহিত এক রাশিতে অবস্থান করিলে মনুষ্য, গৃহাধিপতি, নগরাধিপতি বা নরপতি হয়। অথবা কোন ব্রাহ্মণকুলে জন্মিয়া ধন প্রাপ্ত হয়। মঙ্গল শুক্রের সহিত এক রাশিস্থিত হইলে মানব গোপালক, বাহুযোদ্ধা, গমনে সমর্থ, চতুর, পরস্ত্রীতে রত ও দ্যূতক্রীড়ায়

অনুরক্ত হইয়া থাকে। যে কোন রাশিতে মঙ্গল শনির সহিত যুক্ত থাকিলে, মনুষ্য দুঃখভোগী, মিথ্যাপ্রতিজ্ঞাকারী মিথ্যাভাষী ও অশ্লীল বাক্যযুক্ত হয়॥ ৩

সৌম্যে রঙ্গচরো বৃহস্পতিযুতে গীতপ্রিয়ো নৃত্যবিৎ
বাগ্মী ভূগণপঃ সিতেন মৃদুনা মায়াপটুর্লঙ্ঘকঃ।
সদ্বিদ্যোধনদারবান্ বহুগুণঃ শুক্রেণ যুক্তেগুরৌ
জ্ঞেয়ঃ শ্মশ্রুকরোঽসিতেন ঘটকৃজ্জাতোঽন্নকারোঽপি বা॥ ৪

বুধ বৃহস্পতির সহিত এক রাশিস্থিত হইলে মানব, মল্ল, গীতপ্রিয় ও নৃত্যবিৎ হইয়া থাকে। বুধ শুক্রের সহিত একত্রিত হইলে মনুষ্য বাক্‌পটু ও অনেক নরপতির অধীশ্বর হয়। ঐরূপ শনির সহিত একত্রিত হইলে মায়াবী, পরবঞ্চক ও গুরুবচনাতিক্রামী হয়। শুক্র ও বৃহস্পতি এক রাশিস্থ হইলে মনুষ্য, উত্তম বিদ্যাবিশিষ্ট, ধনবান্, উত্তমা স্ত্রীযুক্ত ও বহুগুণশালী হয়। বৃহস্পতি জন্মকালে শনির সহিত একত্রিত হইলে মনুষ্য ক্ষৌরকর্ম্মে পটু, কুম্ভকার ব্যবসায়ী, অথবা সূপকার হয়॥৪

অসিত সিত সমাগমেঽল্পচক্ষুর্যুবতিসমাশ্রয়সং প্রবৃদ্ধবিত্তঃ।
ভবতিচলিপিপুস্তচিত্রবেত্তাকথিতফলৈঃ পরতো বিকল্পনীয়া।৫

শুক্র ও শনি এক রাশিস্থিত হইলে মনুষ্যের অল্প দৃষ্টি, যুবতী স্ত্রীর আশ্রয়ে ধনবৃদ্ধি হয়। এবং সে অক্ষর বিন্যাসকার্য্যে পটু, পুস্তক লেখক ও চিত্রকার্য্যে পারদর্শী হইয়া থাকে। ৫

ইতি বৃহজ্জাতকে দ্বিগ্রহযোগাধ্যায়ঃ সমাপ্ত।

অথ ঢুণ্ঢিরাজকৃত জাতকাভরণে ভাবস্থ গ্রহফলম্।

লগ্নেঽর্কেঽল্প কচঃ ক্রিয়ালসতনুঃ ক্রোধী প্রচণ্ডোন্নতঃ।
মানী লোচনরুক্ সুকর্কশতনুঃ শূরঃ ক্ষমো নির্ঘৃণঃ।
ফুল্লাক্ষঃ শশিভে ক্রিয়ে স্থিতিহরঃ সিংহে নিশান্ধঃ পুমান্।
দারিদ্র্যোপহতো বিনষ্ট তনয়ঃ সংস্থে তুলাসংজ্ঞকে॥ ১

ধনমুতোত্তম বাহন বর্জ্জিতো
হতমতিঃ সুজনোক্তি সু সৌহৃদঃ।
পর গৃহোপগতো হি নরো ভবেৎ
দিনমণেদ্র্বিণে যদি সংস্থিতিঃ॥ ২

প্রিয়ম্বদ স্যাদ্ধনবাহনাঢ্যঃ
সুকর্ম্ম যুক্তোঽনুচরান্বিতশ্চ।
মিত্রানুজ স্যান্মনুজো বলীয়ান্
দিনাধিরাজে সহজেঽধিসংস্থে॥ ৩

সৌখ্যেন যানেন ধনেন হীনং
তাতস্য বিত্তাপহৃতো প্রবৃত্তং।
চলন্নিবাসং কুরুতে পুংমাংসং
পাতালশালীনলিনীবিলাসী॥ ৪

স্বল্পাপত্যং শৈল দুর্গেশ ভক্তং
সৌখ্যাযুক্তং সৎক্রিয়ার্থৈর্বিমুক্তং।
ভ্রান্ত স্বান্তং মানবং হি প্রকুর্য্যাৎ
সুনুস্থানে ভানুমান্ বর্ত্তমানঃ॥ ৫

শশ্বৎ সৌখ্যেনান্বিতঃ শত্রু হন্তা
সংজ্ঞোপেতশ্চাক্রমানো মহৌজাঃ।
পৃথ্বীভর্ত্তুঃ স্যাদমাত্যো হি মর্ত্যঃ
শত্রু ক্ষেত্রে মিত্রসংস্থো যদি স্যাৎ॥ ৬

শ্রিয়া বিমুক্তো হতকায়কান্তি-
র্ভয়ামযাভ্যাং সহিতঃ কুশীলঃ।
নৃপ প্রকোপার্ত্তি কৃশো মনুষ্যঃ
সীমন্তিনী সদ্মনি পদ্মিনীশে॥ ৭

নেত্রাল্পত্বং শত্রু বর্গাভি বৃদ্ধি-
র্বুদ্ধিভ্রংশঃ পুরুষস্যাতি রোষঃ।
অর্থাল্পত্বং কার্শ্যমঙ্গে বিশেষা-
দায়ুঃ স্থানে পদ্মিনী প্রাণ নাথে॥ ৮

ধর্ম্ম কর্ম্ম নিরতঃ কুসম্মতিঃ পুত্র মিত্রজ সুখান্বিতঃ সদা।
মাতৃবর্গ বিষমো ভবেন্নর ত্রিত্রিকোণ ভবনে দিবামণৌ॥ ৯

সদ্বুদ্ধি বাহন ধনাগমনানি নূনং
ভূপ প্রসাদ সুতসৌখ্য সমন্বিতানি।
সাধুপকারকরণং মণি ভূষণানি
মেষূরণে দিনমণিঃ কুরুতে নরাণাং॥ ১০

গীত প্রীতিং চারুকর্ম্ম প্রবৃত্তিং
চঞ্চৎকীর্ত্তিং বিত্তপূর্ত্তিং নিতান্তং।
ভূপাৎ প্রাপ্তিং নিত্যমেব প্রকুর্য্যাৎ
প্রাপ্তি স্থানে ভানুমান্ মানবানাং ॥ ১১
তেজো বিহীনে নয়নে ভবেতাং
তাতেন সার্দ্ধং গতচিত্ত শুদ্ধিঃ।
বিরুদ্ধ বুদ্ধির্ব্যয়ভাব যাতে
কান্তে নলিন্যাঃ ফলমুক্তমার্য্যৈঃ ॥ ১২

ইতি ঢুণ্ঢিরাজকৃত জাতকাভরণে রবের্ভাবফলং সমাপ্তং।

দাক্ষিণ্য রূপধনভোগ গুণৈর্বরেণ্য-
শ্চন্দ্রে কুলীর বৃষভাজ গতে বিলগ্নে।
উন্মত্ত নীচ বধিরো বিকলোঽথমূকঃ
শেষেঽশুভং ভবতি হীন তনৌ বিশেষাৎ ॥ ১
সুখাত্মজ দ্রব্যযুতো বিনীতো
ভবেন্নরঃ পূর্ণবিধৌ দ্বিতীয়ে।
ক্ষীণে গলদ্বাক্ বধিরোঽল্পবুদ্ধি-
র্ন্যূনাধিকত্বে ফল তারতম্যং ॥ ২
হিংস্রঃ সগর্ব্বঃ কৃপণোল্প বুদ্ধি-
র্ভবেন্নরো বন্ধুজনাশ্রয়শ্চ।
দমালয়াভ্যাং পরিবর্জ্জিতশ্চ
দ্বিজাধিরাজে সহজে প্রসূতৌ ॥ ৩
জনাশ্রয়োৎপন্ন ধনোপলব্ধিং
কৃষ্যঙ্গনা বাহন সূনু সৌখ্যম্।
প্রসূতি কালে কুরুতেকলাবান্
পাতাল সংস্থো দ্বিজ দেবভক্তিম্ ॥ ৪
জিতেন্দ্রিয়ঃ সত্যবচাঃ প্রসন্নো
ধনাত্মজা বাপ্ত সমস্তসৌখ্যঃ
সুসংগ্রহী স্যান্মনুজঃ সুশীলঃ
প্রসূতি কালে তনয়ালয়েন্দৌ ॥ ৫
মন্দাগ্নিঃ স্যান্নির্দ্দয়ঃ ক্রৌর্য্যযুক্তো-
ঽনল্পালস্যো নিষ্ঠুরো দুষ্টচিত্তঃ।
রোষাবেশোঽত্যন্ত সংজাতশক্রঃ
শত্রু ক্ষেত্রে রাত্রিনাথে নরঃ স্যাৎ ॥ ৬
মহাভিমানী মদনাতুরঃস্যা-
ন্নরোভবেৎ ক্ষীণ কলেবরশ্চ।
ধনেন হীনো বিনয়েন চন্দ্রে
চন্দ্রাননাস্থান বিরাজমানে ॥ ৭
নানারোগঃ ক্ষীণ দেহোঽতি নিম্নঃ
চৌরোঽরাতি ক্ষৌণিপালাতি তপ্তঃ।
চিত্তোদ্বেগৈর্ব্ব্যাকুলো মানবঃ স্যাৎ
আয়ুঃস্থানে বর্ত্তমানে হিমাংশৌ ॥ ৮
কলত্র পুত্র দ্রবিণোপ পন্নঃ
পুরাণবার্ত্তা শ্রবণানুরক্তঃ।
সুকর্ম্মকন্তীর্থপরোনরঃস্যাৎ
যদা কলাবান্ নবমালয়স্থঃ ॥ ৯
ক্ষৌণীপালাদর্থ সিদ্ধির্ব্বিশেষাৎ
কীর্ত্তিস্ফূর্ত্তিঃ সত্ত্ব সন্তোষযুক্তঃ।
চঞ্চল্লক্ষ্মীঃশীল সংশালিনীস্যা-
ন্মানস্থানে যামিনী নায়কশ্চেৎ ॥ ১০
স্যান্মান নানা ধন বাহনাপ্তিঃ
কীর্ত্তিশ্চ সদ্ভোগ গুণোপলব্ধিঃ।
প্রসন্নতা লাভ বিরাজমানে
দ্বিজাধিরাজে মনুজস্য নূনম্ ॥ ১১
হীনত্বং বৈচারুশীলান্নিবৃত্তি-
র্বৈকল্যংস্যান্নেত্রয়োঃ শত্রু বৃদ্ধিঃ।
রোষাবেশঃ পূরুষাণাং বিশেষাৎ
পীয়ূষাংশৌ দ্বাদশে বেশ্মনীহ ॥ ১২

ইতি ঢুণ্ঢিরাজ কৃত জাতকাভরণে চন্দ্রস্য ভাব ফলং সমাপ্তং।

অতি মতি ভ্রমিতাঞ্চ কলেবরং
ক্ষতযুতং বহু সাহসমুগ্রতাং।
তনুভৃতাং কুরুতে তনুসংস্থিতো-
ঽবনিসুতো গমনাগমনানি চ ॥ ১

অধনতাং কুজনাশ্রয়িতাং তথা
বিমতিতাং কৃপয়াতি বিহীনতাং।
তনুভৃতাং বিদধাতি বিরোধিতাং
ধন নিকেতনগোঽবনি নন্দনঃ॥ ২

ভূপপ্রসাদোত্তম সৌখ্যমুচ্চৈরুদারতা চারু পরাক্রমশ্চ।
ধনানি চ ভ্রাতৃসুখোদয়শ্চ ভবেন্নরাণাং সহজে মহীজে॥৩

দুঃখং সুহৃদ্বাহনতঃ প্রবাসাৎ কলেবরে রুগ্নলতাবলত্বং।
প্রসূতিকালে কিল মঙ্গলেঽস্মিন্ রসাতলস্থে ফলদুক্তমাদ্যৈঃ।৪

কফানিল ব্যাকুলতা কলত্রাৎ
মিত্রাচ্চ পুত্রাদপি সৌখ্যহানিঃ।
মতির্বিলোলা ত্বচলাত্মজেঽস্মিন্
প্রসূতিকালে তনয়ালয়স্থে॥ ৫

প্রাবল্যং স্যাজ্জাঠরাগ্নের্বিশেষাৎ
রোষাবেশঃ শত্রুবর্গোপশান্তিঃ।
সন্তিঃ সঙ্গোঽনঙ্গবৃদ্ধির্নরাণাং
গোত্রাপুত্রে শত্রুসংস্থে সদৈব॥ ৬

নানানর্থ ব্যর্থবিত্তোপসর্গৈঃ
বৈরিব্রাতৈর্মানবং হীনদেহং।
দারাগারাত্যন্তদুঃখপ্রতপ্তং
দারাগারেঽঙ্গারকোঽয়ং করোতি॥ ৭

বৈকল্যং স্যান্নেত্রয়োর্দুর্ভগত্বং
রক্তাৎ পীড়া নীচকর্ম্ম প্রবৃত্তিঃ।
বুদ্ধের্বাধা সজ্জনাঞ্চনিন্দা
রন্ধ্রস্থানে মেদিনী নন্দনেঽস্মিন্॥ ৮

হিংসা বিধানে মনসঃ প্রবৃত্তিং
ভূমীপতে গৌরবতোপলব্ধিং।
ক্ষীণঞ্চ পুণ্যং দ্রবিণং নরাণাং
পুণ্যস্থিতঃ ক্ষৌণিসুতঃ করোতি॥ ৯

বিশ্বম্ভরাপতিসমত্বমতীব তোষং
সংসাহসং পরজনোপকৃতি প্রযত্নং।
চঞ্চদ্বিভূষণমণি দ্রবণাগমঞ্চ
মেষূরণে ধরণিজঃ কুরুতে নরাণাং॥ ১০

তাম্রপ্রবালবিলসৎকলধৌতরক্ত
চেলাগমং সুললিতানি চ বাহনানি।
ভূপপ্রসাদ সুকুতূহল মঙ্গলানি
দদ্যাদবাপ্তি ভবনে হি সদাবনেয়ঃ॥ ১১

স্বমিত্রবৈরং নয়নাভিবাধাং ক্রোধাদিভূতিং বিকলত্বমঙ্গে।
ধন ব্যয়ং বন্ধনমল্পতেজো ব্যয়ে ধরাজো বিদধাতি নুনং॥

ইতি ঢুণ্ডিরাজবিরচিতে জাতকাভরণে মঙ্গলস্য
ভাবফলং সমাপ্তং।

শান্তো বিনীতঃ সুতরামুদারঃ
নরঃ সদাচার পরোঽতি ধীরঃ।
বিদ্বান্ কলাজ্ঞো বিপুলাত্মজশ্চ
শীতাংশু সূনৌ জননে তনুস্থে॥

বিমলশীলযুতো গুরুবৎসলঃ কুশলতাকলিতার্থ মহাসুখঃ।
বিপুলকান্তি সমুন্নতি সংযুতো ধননিকেতনগে শশিনন্দনে॥

সাহসী নিজজনৈঃ পরিযুক্তঃ চিত্তশুদ্ধিরহিতো হতসৌখ্যঃ।
মানবঃ কুশলতোষযুতাত্মা শীতভানু তনুজেঽনুজ স্থিতে॥

সদ্বাহনৈর্ধান্যধনৈরুপেতঃ সঙ্গীত নৃত্যাভিরুচির্মনুষ্যঃ।
বিদ্যাবিভূষাগমনাধিশালী পাতালগে শীতলভানুসূনৌ॥

পুত্রসৌখ্যসহিতং বহুমিত্রং মন্ত্রবাদ কুশলঞ্চ সুশীলং।
মানবং কিল করোতি সশীলং শীতদীধিতিসুতঃ সুতসংস্থঃ॥

বাদপ্রীতিঃ শ্যামলোনিষ্ঠুরাত্মা
নানারাতি ব্রাত সংতপ্তচিত্তঃ।
নিত্যালস্য ব্যাকুলস্যান্মনুষ্যঃ
শত্রুক্ষেত্রে রাত্রিনাথাত্মজেঽস্মিন্॥

চারুশীলবিভবৈরলঙ্কৃতঃ সত্যবাক্যনিরতো নরো ভবেৎ।
কামিনী কনকসূনু সংযুতঃ কামিনীভবনগামিনীন্দুজে॥

ভূপপ্রসাদাপ্ত সমস্ত সম্পৎ নরো বিরোধী সুতরাং সগর্ব্বঃ।
সর্ব্বপ্রযত্নাদকৃতাপহর্ত্তা রন্ধ্রে ভবেচ্চন্দ্রসুতঃ প্রসূতৌ॥

উপকৃতি কৃতবিদ্যাচারজাতাদর স্যাৎ
অনুচর ধনসূনু প্রাপ্তহর্ষো বিশেষাৎ।
বিতরণ করণোদ্যো মানুষো জ্ঞানশীলী
তুহিনকিরণ সূনুর্ধর্ম্মধামো গতোঽয়ং॥

জ্ঞান প্রজ্ঞা শ্রেষ্ঠ কর্ম্মা মনুষ্যো
নানাসম্পৎসংযুতো রাজমান্যঃ।
চঞ্চল্লীলা বাগ্বিলাসাদ্বিশালী
মানস্থানে শীতভানোস্তনুজে॥
ভাগ্যাসক্তোঽত্যন্তবিত্তো বিনীতো
নিত্যানন্দশ্চারুশীলো বরিষ্ঠঃ॥
নানাবিদ্যাভ্যাস রুগ্মানবঃ স্যাৎ
লাভস্থানে নন্দনে শীতভানোঃ।
দয়াবিহীনঃ স্বজনোজ্ঝিতশ্চ
স্বকার্য্যদক্ষো বিজিতাত্মপক্ষঃ।
ধূর্ত্তো নিতান্তং মলিনোনরঃ স্যাৎ
ব্যয়োপপন্নে দ্বিজরাজ সূনৌ।

ইতি ঢুণ্ঢিরাজ বিরচিতে জাতকাভরণে বুধস্য ভাব-
ফলং সমাপ্তং।

বিদ্যাসমেতোঽতিমতো হি রাজ্ঞাং
প্রাজ্ঞঃ কৃতজ্ঞোঽতির্ন্নরামুদারঃ।
নরোভবেচ্চারু হরিপ্রিয়াঢ্যঃ
তনুস্থিতে চিত্রশিখণ্ডিসূনৌ॥ ১
সদ্রূপ বিদ্যাগুণ কীর্ত্তিযুক্তঃ
সংত্যক্ত বৈরোঽপি নরো গরীয়ান্।
ত্যাগী সুশীলো দ্রবিণেন পূর্ণঃ
গীর্ব্বাণবন্দ্যে দ্রবিণোপপন্নে॥ ২
সৌজন্য হীনঃ কৃপণঃ কৃতজ্ঞঃ
কান্তাসুতপ্রীতি বিবর্জ্জিতশ্চ।
নরোঽগ্নি মান্দ্যোঽবলতা সমেতঃ
পরাক্রমে দেবপুরোহিতেঽস্মিন্॥৩
সম্মান নানাধনবাহনাদ্যৈঃ
সংজাতহর্ষঃ পুরুষঃ সদৈব।
নৃপানুকম্পা সমুপাত্ত সম্পৎ
দম্ভোলিভৃন্মন্ত্রিণি ভূতলস্থে॥ ৪
সৎপুত্র মিত্রোত্তম মন্ত্র শাস্ত্র
সুখানি নানাধন বাহনানি।
দদ্যাদ্গুরুঃ কোমল বাগ্বিলাসং
প্রসূতিকালে তনয়ালয়স্থঃ॥ ৫
সঙ্গীত নৃত্যাহিত চিত্তবৃত্তিঃ
কীর্ত্তিপ্রিয়োঽরাতি জনপ্রহর্ত্তা।
প্রারব্ধ কার্য্যালস রুগ্নরঃস্যাৎ
সুরেন্দ্র মন্ত্রী যদি শত্রুসংস্থঃ॥ ৬
শাস্ত্রাভ্যাসা শক্ত চিত্তোবিনীতঃ।
কান্তা বিত্তাত্যন্তসংজাত সৌখ্যঃ
মন্ত্রীমর্ত্যঃ কাব্যকর্ত্তা প্রসূতৌ
জায়াভাবে দেবরাজাধি পূজ্যে॥ ৭
বিবেকহীনো বিনয়ৈর্ব্বিহীনঃ
দুষ্কর্ম্মশীলো বিভবোজ্ঝিতশ্চ।
নিত্যালসঃ ক্ষীণকলেবরঃ স্যাৎ
আয়ুর্নিবেশে বচসামধীশে॥ ৮
নরপতেঃ সচিবঃ সুকৃতীকৃতী
সকল শাস্ত্র কলাপ কলাদরঃ।
ব্রতকরোঽতি নরোদ্বিজ তৎপর
সুরপুরোধসি বৈ তপসি স্থিতে॥ ৯
সদ্রাজ চিহ্নোত্তম বাহনানি
মিত্রাত্মজ শ্রীরমণী সুখানি।
যশোভিবৃদ্ধিং বহুধাবিধত্তে
রাজ্যে সুরেজ্যে বিজয়ং নরাণাম্॥ ১০
সামর্থমর্থা গমনানি নূনম্
সদ্বস্ত্ররত্নোত্তম বাহনানি।
ভূপ প্রসাদং কুরুতে নরাণাং
গীর্ব্বাণবন্দ্যো যদিলাভসংস্থঃ॥ ১১
নানাচিত্তোদ্বেগ সংজাত কোপং
পাপাত্মানং মানুষংত্যক্তলজ্জম্।
বুদ্ধ্যাহীনং সন্ততং মানহীনং
বাগীশোঽযং দ্বাদশস্থঃ করোতি॥ ১২

ইতি ঢুণ্ঢিরাজ বিরচিতে জাতকাভরণে গুরোর্ভাব
ফলং সমাপ্তং।

বহুকলা কুশলোবিমলোক্তি কৃৎ
সুবদনাবদনামুস্তবঃ পুমান্।
সদা বলী স্যাম্মনিমান্ ধনাম্বিতো
ভৃগুসুতে তনুভাবগতে সতি ॥ ১

সদন্নপানাভিরতং নিতান্তং
সহস্রভূষাধনবাহনাঢ্যম্।
বিচিত্রবীর্য্যং মনুজং প্রকুর্য্যাৎ
ধনোপপন্নো ভৃগুনন্দনোঽয়ম্ ॥২

কৃশাঙ্গযষ্টিঃ কৃপণোপ্যবাসঃ
দ্রব্যেণ হীনো মদনানুতপ্তঃ ॥
সতামনিষ্টো বহুকষ্টচেষ্টঃ
ভৃগোস্তনুজে সহজে নরঃ স্যাৎ ॥ ৩

মিত্রক্ষেত্রগ্রামসদ্বাহনানাং
নানাসৌখ্যং বন্দনং দেবতানাম্।
নিত্যানন্দং মানবানাং প্রকুর্য্যাৎ
দৈত্যাচার্য্যস্তূর্য্যভাবস্থিতোঽয়ম্ ॥ ৪

সকলকাব্যকলাপকলাকরঃ
তনয়বাহনধান্যসমন্বিতঃ।
নরপতেগুরুগৌরবভাঙ্নরো
ভৃগুসুতে সুতসদ্মনি সংস্থিতে ॥ ৫

অভিমতো ন ভবেৎ প্রমদাজনে
ননু মনোভবহীনতরো নরঃ।
বিবলতাকলিতঃ কিল শত্রুগে
ভৃগুসুতেঽরিভয়ান্বিতঃ পুমান্ ॥ ৬

বহুকলাকুশলোজ্জ্বলকেলিকৃৎ
রতিবিলাসবিধানবিচক্ষণঃ।
অতিতরাং সুনটীকৃতসৌহৃদঃ
সনয়নাসদনে ভৃগুনন্দনে ॥ ৭

প্রসন্নমূর্ত্তির্ন্নৃপলব্ধমানঃ শঠোঽতিনিঃশঙ্কতরঃ সগর্ব্বঃ।
স্ত্রীপুত্রচিন্তাসহিতঃ কদাচিৎ নরোঽষ্টমস্থানগতে সিতাখ্যে ॥৮

অতিথিগুরুসুরার্চ্চাতীর্থযাত্রার্পিতার্থঃ
প্রতিদিনধনদানাত্যন্তসংজাততোষঃ।
মুনিজনসহবেত্তঃ পুরুষস্ত্যক্তরোষো
ভবতি নবমভাবে সম্ভবে ভার্গবেঽস্মিন্ ॥ ৯

সৌভাগ্যসম্মানবিরাজমানঃ
স্নানার্চ্চনধ্যানমনা ধনাঢ্যঃ।
কান্তাসুতপ্রীতিরতীব নিত্যং
ভৃগোঃ সুতে রাজ্যগতে নরঃ স্যাৎ ॥১০

সদ্গীতনৃত্যাদরতা নিতান্তং
নিত্যঞ্চ বিত্তাগমনানি নূনম্।
সৎকর্ম্মধর্ম্মাগমচিত্তবৃত্তি
ভৃগোঃ সুতো লাভগতো যদি স্যাৎ ॥ ১১

সন্ত্যক্তসৎকর্ম্মবিধির্ব্বিরোধী
মনোভবারাধনমানসশ্চ।
দয়াসুতাসত্যবিবর্জ্জিতঃ স্যাৎ
কাব্যে প্রসূতৌ ব্যয়ভাবযাতে ॥ ১২

ইতি ঢুণ্টিরাজ বিরচিতে জাতকাভরণে শুক্রস্য
ভাবফলং সমাপ্তং।

প্রসূতিকালে নলিনীশসূনুঃ
স্বোচ্চত্রিকোণর্ক্ষগতো হিলগ্নে।
কুর্য্যান্নরং দেশপুরাধিনাথং
শেষেষ্বভদ্রং সরুজং দরিদ্রম্ ॥ ১

অন্যালয়স্থো ব্যসনাভিভূতো
জনোজ্ঝিতঃ স্যান্মনুজশ্চ পশ্চাৎ।
দেশান্তরে বাহনরাজমানো
ধনাভিধানে ভবনেঽর্কসূনৌ ॥ ২

রাজমানশুভগৌরবযুক্তঃ
গ্রামপোবহুপরাক্রমশালী।
পালকো ভবতি ভূরিজনানাং
মানবো হি রবিজেঽনুজসংস্থে ॥ ৩

পিত্তানিলক্ষীণদৃশং কুশীলং
আলস্যযুক্তং কলিদুর্ব্বলাঙ্গম্।
মালিন্যভাজং মনুজং বিদধ্যাৎ
রসাতলস্থো নলিনীশজন্মা ॥ ৪

সদা গদক্ষীণকলেবরশ্চ ধনেন হীনস্তমনঙ্গহানিং।
প্রসূতিকালে নলিনীশপুত্রে পুত্রস্থিতে পুত্রভয়ং করোতি॥৫

বিনির্জ্জিতারাতিগণো গুণজ্ঞঃ
সুজ্ঞান্যনুজ্ঞাপরিপালকঃ স্যাৎ।
পুষ্টাঙ্গযষ্টিঃ প্রবলোদরাগ্নি-
র্নরোঽর্কপুত্রে সতি শত্রুসংস্থে॥ ৬

আময়েন বলহীনতাং গতো হীনবৃত্তিজনচিত্তসংস্থিতিঃ।
কামিনীভবনধান্যদুঃখিতঃ কামিনীভবনগে শনৌ নরঃ॥ ৭

কৃশতনুর্ম্মনু দদ্রুবিচর্চ্চিকা
প্রভবতো ভবতোষবিবর্জ্জিতঃ॥
অলসতাসহিতো হি নরো ভবে-
ন্নিধনবেশ্মনি ভানুসুতে স্থিতে॥ ৮

ধর্ম্মকর্ম্মরহিতো বিকলাঙ্গো
দুর্ম্মতির্হি মনুজো বিমলৌজাঃ।
সম্ভবস্য সময়ে যদি কালস্ত্রি-
ত্রিকোণভবনে কৃতসংস্থঃ॥ ৯

প্রাজ্ঞঃ প্রধানমতিনীতিবিনীতিযুক্তং
সংগ্রামরুদ্ধপুরভেদনকারিকারং
কুর্য্যান্নরং সুচতুরং দ্রবিণেন যুক্তং
মেষূরণে হি তরণেস্তনুজঃ করোতি॥ ১০

কৃষ্যশ্বানামিন্দ্রনীলা শনীনাং
নানাচক্রদস্তদন্তাবলীনাম্।
প্রাপ্তিং কুর্য্যান্মানবানাং বলীয়ান্
প্রাপ্তিস্থানে বর্ত্তমানোঽর্কপুত্রঃ॥ ১১

দয়াবিহীনো বিধনো ব্যয়ার্ত্তঃ
সদালসো নীচজনানুযাতঃ।
নরোঽঙ্গভঙ্গোজ্ঝিতসর্ব্বসৌখ্যঃ
ব্যয়স্থিতে ভানুসুতে প্রসূতৌ॥

ইতি ঢুণ্ঢিরাজকৃতে জাতকাভরণে শনের্ভাবফলং
সমাপ্তম্।

অথ ঢুণ্ঢিরাজকৃত জাতকাভরণমতে
ভাবচিন্তা।

অথ তনুভাবচিন্তা। *

ভিন্নং দ্বাদশধাবিধায় বিলসচ্চক্রঞ্চ তত্র ন্যসেৎ
লগ্নাদ্দ্বাদশরাশয়োঽতিবিষদা বামাঙ্গমার্গক্রমাৎ।
অঙ্কাস্তত্র নভশ্চরাঃ স্ফুটতরা রাশৌ চ তত্র স্থিতাঃ।
তেভ্যঃ সাধু ফলং ত্বসাধু সুধিয়া বাচ্যং হি হোরাগমাৎ॥১
রূপং তথাবর্ণবিনির্ণয়শ্চ চিহ্নানি জাতির্ব্বয়সঃ প্রমাণম।
সুখানি দুঃখানি চ সাহসঞ্চ লগ্নে বিলোক্যং খলু সর্ব্বমেতৎ॥ ২
বিলোকিতে সর্ব্বখগৈর্ব্বিলগ্নে লীলাবিলাসৈঃ সহিতো বলীয়ান্।
কুলে নৃপালো বিপুলায়ুরেব ভাগ্যেন যুক্তোঽরিকুলস্য হন্তা॥ ৩

শ্রীপতিঃ।

* আরোগ্যপূজাগুণমানবৃত্তমায়ুর্ব্বয়ো জাতিরশেষসৌখ্যম্। ক্লেশাকৃতা লক্ষণরূপবর্ণাস্তস্তাগিনেয়স্য বধূস্তনৌ স্যাৎ॥ ১॥ মাণিক্যমুক্তাফলরত্নধাতু ধনাম্বরস্বর্ণহয়াদিকার্য্যম্। রৌপ্যাদি ধানাং ক্রয়বিক্রয়াদি সাধারণং তত্ত্ব-বতি দ্বিতীয়ে॥২॥ সুখাংসুজক্ষেমস্ববৃদ্ধিলাভ ভৃত্যাদিদাসীভটকর্ম্মভর্তৃঃ। যাত্রাদিচিন্তাবিষয়ং সমগ্রং পর্য্যায়মেতৎ কথিতং তৃতীয়ে॥ ৩ গৃহং নিধানং বিবরপ্রবেশো মহৌষধিক্ষেত্রথলাদি বাটী। মিত্রং ধৃতিঃ স্ত্রীপরপুংপ্রয়োগো গমাগমৌ গ্রামসুখাদিকঞ্চ॥৪॥ স্থানং চ্যুতির্লাভগৃহপ্রবেশো বৃদ্ধিজনিত্রী জনকশ্চ তদ্বৎ। দেশাদি কর্ম্মাণ্যপি লাভমস্য পর্য্যায়মেতৎ কথয়ন্তি তুর্য্যে॥ ৪॥ নানাপ্রয়োগো বিনয়প্রবন্ধো বিনেয়বিদ্যানয়বুদ্ধিমন্ত্রাঃ। সন্ধানগর্ভপ্রভবাদিকঞ্চ প্রজ্ঞাসুতাখ্যস্য চ তুল্যমেতৎ॥ ৫ অশ্বাস্থ্যদৌহিত্র্য বিপক্ষদাসক্রূরোগ্রকর্ম্মাপরকৃত্যশঙ্কা। যুদ্ধাদিতন্মাতুলমাহিষাদ্যং রোগোঽপি বাচ্যো রিপুভাবতুল্যঃ॥ ৬ বস্ত্রক্রয়স্বাস্থ্যবণিজ্যবাদ কামোদয়ো দাসকলত্র চৌর্য্যং। নিবৃত্তিরৈশ্বর্য্য গমাগমাদ্যং কলত্রপর্য্যায়মিদং নিরুক্তং॥ ৭ আধির্ব্বিরোধো নিধনঞ্চ রাজ্যং ভেদোঽথবা বন্ধুজনস্য ছিদ্রং। বৈষম্যদুর্গাদিকলত্রশত্রুরোধো নদীতারণমষ্টমর্ক্ষে॥৮॥ স্বাধ্যায়দীক্ষাম্বরগেহযাত্রা নৃপাভিষেকো গুরুধর্ম্মকৃত্যম্। জলাশয়স্যালকদেবরাদীন্ ভ্রাতুর্ভগিন্যা নবমস্য পূর্ব্বে॥ ৯ আকাশবৃত্তান্ত জলপ্রপাত স্থানং পিতুঃ কার্য্য সুখাভিমানম্। পুণ্যং নৃপত্বঞ্চ তথাধিকারো মুদ্রাচ্যুতিস্তদ্দশমস্য তুল্যম্॥ ১০ কার্য্যস্য বৃদ্ধি ক্রয়বৃদ্ধিলক্ষ্মী গজাশ্বশয্যাদিকযানবস্ত্রম্। স্বর্ণান্নবিত্তাপহৃতা দিকন্যাপ্তোঽঙ্গজাদেঃ শ্বশুরাদ্য মায়ে॥ ১১ ত্যাগাদিভাগেহস্তবিবাহদান-কৃষ্যাদিকর্ম্মব্যয়সঙ্কৃতিশ্চ। পিতৃব্য মাতৃস্বসৃ মাতুলানী যুদ্ধেক্ষয়ো যুদ্ধপরাজয়োঽন্ত্যে॥ ১২

ইতি দৈবজ্ঞবল্লভায়াং দ্বাদশ ভাবচিন্তা।

সৌম্যাস্ত্রয়ো লগ্নগতা যদি স্যুঃ কুর্ব্বন্তি জাতং নৃপতিং বিনীতম্।
পাপাস্ত্রয়ো দুঃখদরিদ্রশোকৈর্যুতং নিতান্তং বহুতস্করঞ্চ ॥ ৪
লগ্নাদদ্যুনষড়ষ্টমে চ শুভদাঃ পাপৈর্ন যুক্তেক্ষিতা
মন্ত্রী দণ্ডপতিঃ ক্ষিতেরধিপতিঃ স্ত্রীণাং বহূনাং পতিঃ।
দীর্ঘায়ুর্গদবর্জ্জিতো গতভয়ঃ সৌন্দর্য্যসৌখ্যান্বিতঃ
সচ্ছীলো যবনেশ্বরৈর্নিগদিতো মর্ত্যঃ প্রসন্নঃ সদা ॥ ৫
অথার্কাদিগ্রহাণাং হি গুণবর্ণ বিনির্ণয়ঃ।
আকারোঽপি শরীরস্য প্রোচ্যতে মুনিসম্মতঃ ॥ ৬
শূরো গভীরশ্চতুরস্ররূপঃ শ্যামারুণশ্চাল্পককুন্তলশ্চ।
সুবৃত্তগাত্রো মধুপিঙ্গনেত্রো মিত্রো হি পিত্তাত্যধিকো নতুঙ্গঃ॥ ৭
সত্ত্বাখিলাসোঽমলধীঃ সকামঃ সত্ত্বাধিকঃ কুঞ্চিতকৃষ্ণকেশঃ।
কফানিলাত্মাম্বুজপত্রনেত্রো নক্ষত্রনাথঃ শুভগো নতুঙ্গঃ ॥ ৮
মজ্জাসারো রক্তগৌরোঽত্যুদারো
হিংস্রঃ শূরঃ পৈত্তিকস্তামসশ্চ।
চণ্ডঃ পিঙ্গাক্ষো যুবা খর্ব্বগর্ব্বঃ
সর্ব্বেষু র্ব্বীসূনুরগ্নিপ্রভঃ স্যাৎ ॥ ৯ ম
শ্যামঃ শিরালশ্চ কলাবিধিজ্ঞঃ কুতূহলী কোমলবাক্ ত্রিদোষী।
রজোঽধিকো মধ্যমরূপধৃক্ স্যাৎ দাতাক্তনেত্রো দ্বিজরাজপুত্রঃ ॥১০ বু
হ্রস্বাকারশ্চারুচামীকরাভঃ
সম্যক্সারঃ সুস্বরোদারবুদ্ধিঃ।
দক্ষঃ পিঙ্গাক্ষঃ কফাত্মাতিমেধাঃ
প্রাজ্ঞঃ সুজ্ঞৈঃ কীর্ত্তিতো জীবসংজ্ঞঃ॥ ১১ বৃ
সজলজলদনীলঃ শ্লেষ্মলশ্চানিলাত্মা
কুবলয়দলনেত্রশ্চক্রভীতোঽলসশ্চ।
সুসবলভুজশালী রাজসশ্চাতিকামী
মদযুতগজগামী ভার্গবঃ শুক্রসারঃ ॥১২ শু
শ্যামলোঽতিচপলশ্চ শিরালুঃ
সালসশ্চ জটিলঃ কৃশদীর্ঘঃ।
স্থূলদন্তনখপিঙ্গলনেত্রো
যুক্ শনিশ্চ খলতানিলকোপৈঃ ॥১৩
লগ্নস্থনন্দাংশপতেস্তু তুল্যামূর্ত্তিঃ সমানা বলশালিনো বা
স্যাদিন্দুনন্দাংশপতেস্তু বর্গাৎ পরং বিচার্য্যাঃ কুলজাতিবর্ণাঃ ॥১৪
সত্ত্বং ভবেয়ুঃ শশিসূর্য্যজীবাস্তমো যমারৌ চ রজো জ্ঞশুক্রৌ।
ত্রিংশল্লবে যস্য গতে দিনেশো বাচ্যো গুণস্তস্য খগস্য নূনম্ ॥ ১৫
শিরোঽক্ষিণী কর্ণনশোকপোলং হনুর্মুখঞ্চ প্রথমে দৃকাণে।
কণ্ঠাংশদোর্দ্দণ্ডককুক্ষিবক্ষঃ ক্রোড়ঞ্চ নাভিস্ত্রিলবে দ্বিতীয়ে ॥১৬
বস্তিস্ততো লিঙ্গগুদে ততোরু জানুদ্বয়ং বৈ চরণৌ তৃতীয়ে।
ক্রমেণ লগ্নাৎ পরপূর্ব্বষট্কে বামং তথা দক্ষিণ মঙ্গমত্র ॥১৭
সৎ সৎ তিলং লক্ষ্ম বলানুসারং কুর্ব্বন্তি সৌম্যা ব্রণমত্র পাপৈঃ।
সল্লক্ষ্মমার্গাঃ স্থিরগাশ্চ তদ্বৎ যুতেক্ষিতাঃ সৌম্যনভশ্চরৈন্দ্রৈঃ ॥১৮
রবের্ব্রণঃ কাষ্ঠচতুষ্পদোঽথ শৃঙ্গৈর্যুধাঽক্তঃ প্রভবঃ শশাঙ্কাৎ।
কুজাদ্বিষাগ্ন্যস্ত্রকৃতশ্চ চান্দ্রে ভৌমঃ শনেশ্চাপিমরুদ্দৃশম্ভ্যাম্॥ ১৯
কুর্য্যাদ্ব্রণং ক্রূরখগো রিপুস্থো যুক্তঃ শুভৈর্লক্ষ্ম তিলঞ্চ দৃষ্টঃ।
গ্রহত্রয়ং যত্র বুধান্বিতং স্যাৎ তত্র ব্রণাঙ্গে খলু রাশিতুল্যে ॥ ২০
মেষে শশাঙ্কঃ কলসে শনিশ্চেৎ ভানুর্ধনুস্থশ্চ ভৃগুর্মৃগস্থঃ।
তাতস্য বিত্তং ন কদাপি ভুঙ্‌ক্তে স্ববাহুবীর্য্যেণ নরো বরেণ্যঃ ॥২১
চতুর্ষু কেন্দ্রেষু ভবন্তি পাপা বিত্তস্থিতশ্চাপি চ পাপখেটঃ।
নরো দরিদ্রোঽতিতরাং নিরুক্তো ভয়ঙ্করশ্চাস্য কুলোদ্ভবানাম্ ॥*২২
সুত স্থিতো বা যদি মূর্ত্তিবর্ত্তী বৃহস্পতীরাজ্যগতঃ শশাঙ্কঃ।
নরস্তপস্বী বিজিতেন্দ্রিয়শ্চ স্যাদ্রাজসো বুদ্ধিবিরাজমানঃ ॥ ২৩
কন্যায়াঞ্চ তুলাধরে সুরগুরুর্মেষে বৃষে বা ভৃগুঃ
সৌম্যো বৃশ্চিকরাশিগঃ শুভখগৈর্দৃষ্টঃ কুলশ্রেষ্ঠতাম্
নূনং যাতি নরো বিচারচতুরোঽপ্যৌদার্য্যজাতাদরো
নিত্যানন্দভরো গুণৈর্ব্বরতরো নিষ্ঠাপরো বিত্তবান্ ॥২৪
ষষ্ঠে সসারৌ ভবতো বুধারৌ নরো ভবেচ্চৌর্য্যপরো নিতান্তম্।
স্বকর্ম্মসামর্থ্যবিধের্ব্বিশেষাৎ পরাজ্ঘ্রিপাণী কুণ্ডৈশ্ছিনত্তি ॥ ২৫
প্রসূতিকালে কিলযস্য জন্তোঃ কর্কেঽর্কজশ্চেন্মকরে মহীজঃ ॥
চৌর্য্যপ্রসঙ্গাত্তু জচণ্ডদণ্ডাৎ শীর্ষাদিখণ্ডানি ভবন্তি নূনম্ ।২৬
কুম্ভে চ মীনে মিথুনাভিধানে শরাসনেস্যুর্যদি পাপখেটাঃ।
কুচেষ্টিতঃ স্যাৎ পুরুষো নিতান্তং বজ্রেণ নূনং নিধনঞ্চ তস্য ॥ ২৭
যস্য প্রসূতৌ খলু নৈধনস্থঃ সৌম্যগ্রহঃ সৌম্যনিরীক্ষিতশ্চ।
তীর্থান্যনেকানি ভবন্তি তস্য নরস্য সম্যক্ মতিসংযুতস্য ॥২৮
বুধ ত্রিভাগেন বুধে বিলগ্নে কেন্দ্রস্থচন্দ্রেণ নিরীক্ষিতে চ।
রাজালয়ে যদ্যপি জাতজন্মা স্যান্নীচকর্ম্মা মনুজঃ প্রকামঃ ॥ ২৯
ভানোর্দ্বিতীয়ে ভবনে শনিশ্চেৎ নিশীথিনীশো গগনে স্থিতশ্চ।
ভূনন্দনে বৈ মদনে তদানীং স্যান্মানবো হীন কলেবরশ্চ ॥ ৩০
পাপান্তরালে চ ভবেৎ কলাবান্
কিলার্কসূনুর্ম্মদনালয়স্থঃ।
কলেবরং স্যাৎ বিকলঞ্চ তস্য
শ্বাসক্ষয়প্লীহকগুল্মরোগৈঃ ॥ ৩১

---

* রবিণা সহিতো মন্দঃ শুক্রেণ চ যুতোঽপি বা।
এষ দারিদ্র্য যোগো বৈ সমুদ্রানপি শোষয়েৎ ॥

শশী দিনেশস্য যদা নবাংশে ভবেদ্দিনেশঃ শশিনো নবাংশে।
একত্র সংস্থৌ যদি তৌ ভবেতাং লক্ষ্মীবিহীনো মনুজঃ স নূনম্ ॥৩২
ব্যয়েঽরিগেহে নিধনে ধনে চ নিশাকরার্কারশনৈশ্চরাখ্যাঃ ॥
বলান্বিতাস্তে স্বনিলাধিকত্বাৎ তেজোবিহীনং নয়নে প্রকুর্য্যুঃ ॥৩৩
পাপাস্ত্রিপুত্রায়গতা ভবন্তি বিলোকিতা নৈব শুভৈর্নভোগৈঃ।
কুর্ব্বন্তি তে কর্ণবিনাশনঞ্চ যামিত্রযাতাঃ খলু দন্তঘাতম্ ॥ ৩৪
ধনব্যয়স্থানগতশ্চ শুক্রো বক্রো হথবা কর্ণরুজং করোতি।
নক্ষত্রনাথো যদি তত্র সংস্থো দৃগ্দোষকারী কথিতো মুনীন্দ্রৈঃ ॥৩৫
এতে হি যোগাঃ কথিতা মুনীন্দ্রৈঃ সম্যক্ফলং যস্য নভশ্চরস্য।
কল্প্যং ফলং তস্য চ পাককালে সুনির্ম্মলা যস্য মতিস্তদর্থম্ ॥ ৩৬

ইতি তনুভাবচিন্তা।*

অথ ধনভাবঃ।

স্বর্ণাদিধাতুক্রয়বিক্রয়শ্চ রত্নাদিকোষেঽপি চ সংগ্রহশ্চ।
এতৎসমস্তং পরিচিন্তনীয়ং ধনাভিধানে ভবনে সুধীভিঃ ॥ ১
ভানুভূতনয়ভানুতনূজৈশ্চেদ্ধনস্থং ভবনং যুতং দৃষ্টঞ্চ।
জায়তে হি মনুজো ধনহীনঃ কিং পুনঃ কৃশশশীক্ষিতযুক্তম্ ॥ ২

ধনালয়স্থো কিল মঙ্গলেন্দু ত্বগ্দোষদো মন্দবিলোকনেন।
শনির্ধনস্থানগতঃ করোতি ধনাভিবৃদ্ধিং হি বুধেন দৃষ্টঃ ॥ ৩
ধনে দিনেশোঽপি ধনানি নূনং করোতি মন্দেন ন চেক্ষিতশ্চ।
শুভাভিধানা ধনভাবসংস্থা নানাধনাদ্যাগমনানি কুর্য্যুঃ ॥ ৪
গীর্ব্বাণবন্দ্যো দ্রবিণোপযাতঃ সৌম্যেক্ষিতশ্চেদ্দ্রবিণং করোতি।
সোমেন দৃষ্টো ধনভাবসংস্থঃ সোমস্য সূনুর্ধনহানিদঃ স্যাৎ ॥ ৫
ধনস্থিতো জ্ঞেন বিলোকিতশ্চ কৃশঃ শশাঙ্কোঽপি ধনাদিকানাম্।
পূর্ব্বার্জ্জিতানাং কুরুতে বিনাশং নবীনবিত্তপ্রতিবর্দ্ধনঞ্চ ॥ ৬
বিত্তস্থিতো দৈত্যগুরুঃ করোতি বিত্তাগমং সোমসুতেন দৃষ্টঃ।
স এব সৌম্যগ্রহদৃষ্টযুক্তঃ প্রকৃষ্টবিত্তাপ্তিকরো নরাণাম্ ॥ ৭

ইতি ধনভাবঃ।

অথ সহজভাবঃ।

পাপালয়শ্চেৎ সহজঃ সমস্তৈঃ পাপৈঃ সমেতশ্চ বিলোকিতশ্চ।
ভবেদভাবঃ সহজোপলব্ধেঃ তদ্বৈপরীত্যেন তদাপ্তিরেব ॥ ১
সৌম্যালয়শ্চেৎ সহজঃ সমস্তৈঃ সৌম্যৈঃ সমেতশ্চ নিরীক্ষিতশ্চ।
ভবেৎ শিশূনাং সহজপ্রবৃদ্ধির্মিশ্রৈর্বলাঢ্যান্নচ বা ভবেদ্ধি ॥ ২
নবাংশকা যে সহজালয়স্থাঃ কলানিধিক্ষৌণিসুতপ্রদিষ্টাঃ।
তাবন্মিতাঃ স্যুঃ সহজা ভগিন্যস্ত্বন্যেক্ষিতা বৈ পরিকল্পনীয়াঃ ॥৩
কুজেন দৃষ্টে রবিজে তনুস্থে নশ্যন্তি জাতাঃ সহজাস্ত তস্য।
দৃষ্টে চ তস্মিন্ গুরুভার্গবাভ্যাং শশ্বৎশুভং স্যাদনুজেষু নূনম্ ॥ ৪
সৌম্যেন ভূমেস্তনয়েন দৃষ্টঃ করোতি নাশং রবিজোঽনুজানাম্।
শশাঙ্কবর্গে সহজে কুজেন দৃষ্টে সরোগাঃ সহজা ভবেয়ুঃ।
দিবামণৌ পুণ্যগৃহে স্বগেহে সন্দেহ এবানুজজীবিতস্য ॥ ৫
একঃ কদাচিচ্চিরজীবিতশ্চ ভ্রাতা ভবেত্তু পতিনা সমানঃ।
চন্দ্রমা যদি পাপানাং তৃতীয়ে ন প্রদৃশ্যতে।
মাতৃনাশো ভবেত্তস্য যদি নো বীক্ষিতঃ শুভৈঃ ॥ ৬
সহোদরাণামথ কিঙ্করাণাং পরাক্রমাণামুপজীবিনাঞ্চ।
বিচারণা জাতকশাস্ত্রবিদ্ভিস্তৃতীয়ভাবে নিয়মেন কার্য্যাঃ। ৭
অগ্রজাতং রবির্হন্তি পৃষ্ঠজাতং শনৈশ্চরঃ।
অগ্রজং পৃষ্ঠজং হন্তি সহজস্থো ধরাসুতঃ ॥ ৮

ইতি সহজভাবঃ।

---

* রূপলক্ষণবর্ণানাং ক্লেশদোষসুখায়ুষাম্। বয়ঃ প্রমাণং জাতীনাং তনুস্থানে নিরীক্ষণম্ ॥ মণিমুক্তাফলং স্বর্ণং রত্নধাতুকুটুম্বকম্। ক্রয়বিক্রয়বিজ্ঞানং ধনস্থানান্নিরীক্ষণম্ ॥ ভগিনীভ্রাতৃভৃত্যানাং দাসকর্ম্মকৃতামপি। কুর্ব্বীত বীক্ষণং বিদ্বান্ সম্যগ্ ভশ্চিক্যবেশ্মনি ॥ সুহৃদং সুখদুঃখঞ্চ বৃদ্ধিস্থানং গমাগমম্। মাতরং গৃহগ্রামাদি হিবুকে চেন্নিরীক্ষণম্ ॥ গর্ভাপত্যবিধেয়ানাং মন্ত্রসন্ধানয়োরপি ॥ বিদ্যাবুদ্ধিপ্রবন্ধানাং সুতস্থানান্নিরীক্ষণম্। বৈরিণাং রিপুসংঘাতং খরোষ্ট্রক্রূরকর্ম্মণাম্। মাতুলাতঙ্কশঙ্কানাং রিপুস্থানান্নিরীক্ষণম্ ॥ বাণিজ্য ব্যবহারঞ্চ বিবাহঞ্চ রতিক্রিয়াম্। গমাগমকলত্রাণি প্রাজ্ঞঃ পশ্যেৎ কলত্রতঃ ॥ নদ্যুত্তারে সবৈষম্যে দেশে শত্রূপশঙ্কটে। নষ্টে দংষ্ট্রে রণে ব্যাঘ্রে ছিদ্রে ছিদ্রং নিরীক্ষণম্ ॥ বাপীকূপতড়াগাদি প্রপাদেবগৃহাণি চ। দীক্ষাং যাত্রাং ততো ধর্ম্মং ধর্ম্মস্থানে নিরীক্ষয়েৎ ॥ রাজ্যং মুদ্রাং পুরং পুণ্যং স্থানং পিতৃপ্রয়োজনম্। বৃষ্ট্যাদির্ব্যোমরত্যন্তং ব্যোমস্থানাৎ বিনির্ণয়েৎ। গজাশ্বযানবস্ত্রাণি শয্যাকাঞ্চনকন্যকাঃ ॥ আয়ুর্ব্বিদ্যার্থলাভঞ্চ লক্ষয়েল্লাভলগ্নতঃ। ত্যাগভোগবিবাদেষু দানেষু কৃষিকর্ম্মসু ॥ ব্যয়স্থানেষু সর্ব্বেষু বুদ্ধিং বিদ্যাদ্ব্যয়াত্ততঃ। ষষ্ঠীদাসঃ।

অথ বন্ধুভাবঃ।

সুহৃদগৃহগ্রামচতুষ্পদা বা ক্ষেত্রোদ্যমা বৈ কনকং চতুর্থে।
দৃষ্ট্যা শুভানাং শুভযোগতো বা ভবেৎ প্রবৃদ্ধির্নিয়মেন তেষাম্ ॥১
লগ্নে চৈব যদা জীবো ধনে শৌরিশ্চ সংস্থিতঃ।
রাহুশ্চ সহজস্থানে মাতা তস্য ন জীবতি ॥ ২
লগ্নে পাপো ব্যয়ে পাপো ধনে সৌম্যোঽপি সংস্থিতঃ।
সপ্তমে চ ভবেৎ পাপঃ পরিবারক্ষয়ঙ্করঃ ॥ ৩

ইতি বন্ধুভাবঃ।

অথ পুত্রভাবঃ।

বুদ্ধি প্রবন্ধাত্মজ মন্ত্রবিদ্যা বিনীতিগর্ভস্থিতি নীতি সংস্থাঃ।
সুতাভিধানে ভবনে নরাণাং হোরাগমজ্ঞৈঃ পরিচিন্তনীয়াঃ ॥ ১
লগ্নে দ্বিতীয়ে যদি বা তৃতীয়ে বিলগ্ননাথে প্রথমঃ সুতঃ স্যাৎ।
তুর্য্যে স্থিতেঽস্মিংশ্চ সুতো দ্বিতীয়ঃ পুত্রী সুতশ্চেতি পুরঃ প্রকল্প্যম্ ॥২
সুতাভিধানং ভবনং শুভানাং যোগেন দৃষ্ট্যা বিহিতং বিলোক্যম্।
সন্তানযোগং প্রবদেন্মনীষী বিপর্য্যয়স্তে হি বিপর্য্যয়ঃ স্যাৎ ॥ ৩
সন্তানভাবো নিজনাথদৃষ্টঃ সন্তানলব্ধিং শুভদৃষ্টযুক্তঃ।
করোতি পুংসামশুভৈঃ প্রদৃষ্টস্স্বস্বামিদৃষ্টো বিপরীতমেব ॥ ৪
লগ্নে বিত্তে তৃতীয়ে বা লগ্নেশোঽপত্যমগ্রিমম্।
তুর্য্যে জন্ম দ্বিতীয়স্য পুনঃ পুত্রাদিজন্ম চ ॥ ৫
দ্বিদেহসংস্থা ভৃগুভৌমচন্দ্রাঃ সন্তানমাদৌ জনয়ন্তি নূনম্।
এতে পুনর্দ্বিগতা ন কুর্য্যুঃ পশ্চাত্তথাদৌ গদিতং মহদ্ভিঃ ॥ ৬
সন্তানভাবে গগণেচরাণাং যাবন্মিতানামিহ দৃষ্টিরস্তি।
স্যাৎ সন্ততিস্তৎপ্রমিতা নৃসংজ্ঞৈর্নরশ্চ কন্যা প্রমদাভিধানৈঃ ॥ ৭
সন্তানভাবাঙ্কসমানসংখ্যা স্যাৎ সন্ততির্ব্বেতি বদন্তি কেচিৎ।
নীচোচ্চমিত্রারিগৃহস্থিতানাং দৃষ্ট্যাশুভং বাশুভমত্র নৃণাম্ । ৮
নবাংশতুল্যাপ্যথবাত্র সংখ্যা দৃষ্ট্যা শুভানাং দ্বিগুণাবগম্যা।
ক্লিষ্টা চ পাপগ্রহদৃষ্টিযোগান্মিশ্রা চ মিশ্রগ্রহদৃষ্টিরত্র ॥ ৯
সুতাভিধানে ভবনে যদি স্যাৎ খলস্য রাশিঃ খলখেটযুক্তঃ।
সৌম্যগ্রহালোকনবর্জিতশ্চ সন্তানহীনো মনুজস্তদানীম্ ॥ ১০
কবিঃ কলত্রে দশমে মৃগাঙ্কঃ পাতালযাতাশ্চ খলা ভবন্তি।
প্রসূতিকালে কিল মানবঞ্চ সন্তানহীনং জনয়ন্তি নূনম্ ॥ ১১
সুতে সিতাংশে চ সিতেন দৃষ্টে বহ্ন্যপত্যানি বিরোধপীড়াঃ।
দাসী ভবান্যাত্মজভাবনার্থে যাবন্মিতেঽংশে শিশুসংমিতিঃ স্যাৎ ॥১২
সন্তানাধিপতেঃ পুত্রে ষষ্ঠে রিপ্ফে স্থিতে শুভে।
পুত্রাভাবো ভবেত্তস্য যদি জাতো ন জীবতি ॥১৩
সহজে সহজাধীশে ধনে লগ্নে সুতেঽপি বা।
ন তস্য জায়তে বালো যদি জাতো ন জীবতি ॥ ১৪
যদি শুক্রো বিয়ৎসংস্থঃ পুত্রাধীশো বলান্বিতঃ।
সুখেশো লাভগো বাপি খলগেহগতো যদা।
তদাপত্যং ভবেন্নৈব খলো যদি নবত্রিগঃ ॥ ১৫
চন্দ্রাদ্বা পঞ্চমস্থানে বুধো যদি খলালয়ে।
তদাপি পুত্রী পুত্রো চ ন স্যাতাং জীবিনাং ক্বচিৎ ॥ ১৬
চন্দ্রাদ্বা পঞ্চমঃ পাপঃ পুত্রহানিকরঃ স্মৃতঃ।
তস্মাৎ পাপে সুতায়স্থে কন্যাহানিঃ প্রজায়তে। ১৭
শুক্রেন্দুবর্গেণ যুতে সুতাখ্যে
যুতেক্ষিতা বা ভৃগুচন্দ্রমোভ্যাম্।
ভবন্তি কন্যাঃ সমরাশিবর্গে
পুত্রাশ্চ তস্মিন্ বিষমাভিধানে ॥ ১৮
মন্দস্য রাশিঃ সুতভাবসংস্থো মন্দেন যুক্তঃ শনিনেক্ষিতশ্চ।
দত্তাত্মজাপ্তিঃ শনি বদ্ধুধেঽপি ক্রীতঃ সুতস্তস্য নরস্য বান্যঃ ॥ ১৯
মন্দস্য বর্গে সুতভাবসংস্থে নিশাকরেণাপি চ বীক্ষিতেঽস্মিন্।
দিবাকরেণোশনসো নরস্য পুনর্ভবাসম্ভবসূনুলব্ধিঃ ॥ ২০
শনের্গৃহে সত্যপি পুত্রভাবে বুধেক্ষিতে বা রবিভূমিজাভ্যাম্।
পুত্রো ভবেৎ ক্ষেত্রভবোঽথ বৌধে বর্গেঽপি তস্মিন্ রবিজেন দৃষ্টে॥২১
নবাংশকঃ পঞ্চমভাবসংস্থো যাবন্মিতৈঃ পাপখগৈঃ প্রদৃষ্টঃ।
নশ্যন্তি গর্ভাঃ খলু তৎপ্রমাণাশ্চেদ্বীক্ষণং নো শুভখেচরাণাম্ ॥ ২২
ভূনন্দনো নন্দনভাবসংস্থো জাতঞ্চ জাতং তনয়ং নিহন্তি।
দৃষ্টো যদা চিত্রশিখণ্ডিজেন ভৃগোঃ সুতেন প্রথমোপপন্নম্ ॥ ২৩
ইতি পুত্রভাবঃ।

অথ রিপুভাবঃ।

বৈরিব্রাতক্রূরকর্ম্মাময়ানাং চিন্তাশঙ্কামাতুলানাং বিচারঃ।
হোরাপারাবারপারপ্রয়াতৈরেতৎ সর্ব্বং শত্রুভাবে বিচিন্ত্যম্ ॥১
দৃষ্টির্যুতির্ব্বা খলখেচরাণামরাতিভাবেঽরিবিনাশনং স্যাৎ।
শুভগ্রহানাং যুতিদৃষ্টিতোঽত্র শত্রূদ্গমোঽপ্যামনসম্ভবঃ স্যাৎ ॥ ২
ইতি রিপুভাবঃ।

অথ সপ্তমভাবঃ।

বরাঙ্গণা চাপি বণিক্‌ক্রিয়াশ্চ জায়াবিচারাগমনং প্রয়াণম্।
শাস্ত্রপ্রবীণৈর্হি বিচারণীয়ং কলত্রভাবে কিল সর্ব্বমেতৎ ॥ ১

মূর্ত্তেঃ কলত্রস্য নবাংশকো বা দ্বিষট্‌কভাগাশ্চ নবা শুভানাম্।
অন্যেন যোগেন হি মানবানাং স্যাদঙ্গনানামচিরাদবাপ্তিঃ ॥ ২
সৌম্যৈর্যুক্তং সৌম্যভং সৌম্যদৃষ্টং জায়াগেহং দেহিনামঙ্গনাপ্তিঃ।
কুর্য্যান্নূনং বৈপরীত্যাদভাবো মিশ্রত্বেন প্রাপ্তিকালপ্রলাপঃ ॥ ৩
লগ্নাদ্ব্যয়ে বা রিপুমন্দিরে বা দিবাকরেন্দূ ভবতস্তদানীম্।
স্যান্মানবস্যাত্মজ এক এব ভার্য্যাপি চৈকেতি বদন্তি সন্তঃ ॥ ৪
গণ্ডান্তকালে চ কলত্রভাবে ভৃগোঃ সুতে লগ্নগতেঽর্কজাতে।
বন্ধ্যাপতিঃ স্যান্মনুজস্তদানীং শুভেক্ষিতং নো ভবনং সুতানাম্ ॥ ৫
ব্যয়ালয়ে বা মদনালয়ে বা খলস্য গেহে নিহিতে হিমাংশৌ।
কলত্রহীনো মনুজস্তনূজৈর্বিবর্জ্জিতঃ স্যাদিতি চিন্তনীয়ম্ ॥ ৬
প্রসূতিকালে চ কলত্রভাবে যমস্য বা ভূতনয়স্য বর্গে।
তাভ্যাং প্রদৃষ্টে ব্যভিচারিণী স্যাৎ ভর্ত্তাপি তস্যা ব্যভিচারকর্ত্তা ॥৭
শুক্রেন্দুপুত্রৌ চ কলত্রসংস্থৌ কলত্রহীনং কুরুতো নরং তৌ।
শুভেক্ষিতৌ তৌ বয়সো বিরামে কামং চ বালাং লভতে মনুষ্যঃ ॥৮
শুক্রেন্দুজীবশশিজৈঃ সকলৈস্ত্রিভিশ্চ
দ্বাভ্যাং কলত্রভবনে চ তথৈককেন।
এবাং গৃহে বিষমভেঽথ বিলোকিতে বা
সন্তি স্ত্রিয়ো ভবনবর্গখলস্বভাবাঃ ॥ ৯
চন্দ্রাদ্বিলগ্নাচ্চ খলাঃ কলত্রে হন্যুঃ কলত্রং বলযোগতস্তে।
চন্দ্রার্কপুত্রৌ চ কলত্রসংস্থৌ পুনর্ভবাস্ত্রীপরিলব্ধিদৌ স্তঃ ॥ ১০
কলত্রভাবেশ নবাংশতুল্যা নরস্য নার্য্যো গ্রহবীক্ষণাদ্বা।
একৈকভৌমার্কনবাংশকে চ যামিত্রভাবস্থবুধার্কয়োর্ব্বা ॥ ১১
শুক্রস্য বর্গেণ যুতে কলত্রে বহ্বঙ্গনাপ্তির্ভৃগুবীক্ষণেন।
শুক্রেক্ষিতে সৌম্যগণেঽঙ্গনানাং বাহুল্যমেবাশুভবীক্ষণেন ॥ ১২
মহীসুতে সপ্তমভাবযাতে কান্তাবিযুক্তঃ পুরুষস্তদা স্যাৎ।
মন্দেঽপি দৃষ্টে ম্রিয়তেঽপি লব্ধা শুভগ্রহালোকন বর্জ্জিতেঽস্মিন্ ॥১৩
পত্নীস্থানে যদা রাহুঃ পাপযুগ্মেন বীক্ষিতঃ
পত্নীযোগস্তদা ন স্যাৎ ভূত্বাপি ম্রিয়তেঽচিরাৎ ॥১৪
লগ্নে ব্যয়ে চ পাতালে যামিত্রে চাষ্টমে কুজে।
নারী বৈধব্যমাপ্নোতি ভর্ত্তুর্জায়া ন জীবতি।
ষষ্ঠে চ ভবনে ভৌমঃ সপ্তমে রাহু সম্ভবঃ।
অষ্টমে চ যদা সৌরিস্তস্য নারী ন জীবতি ॥ ১৫
ইতি সপ্তমভাবঃ।

অথাষ্টমভাবঃ।

নদ্যুত্তরাত্যন্তবৈষম্যাদ্দুর্গং শস্ত্রঞ্চায়ুঃ সঙ্কটঞ্চেতি সর্ব্বম্।
রন্ধ্রস্থানে সর্ব্বথা কল্পনীয়ং প্রাচীনানামাজ্ঞয়া জাতকজ্ঞৈঃ ॥ ১
চতুর্থস্থো যদা ভানুঃ শনিনা চ বিলোকিতঃ।
যদ্দিনে বীক্ষিতঃ সৌম্যৈর্ম্মরণং তত্র নির্দ্দিশেৎ ॥ ২
রিষ্টাধ্যায়ে নির্য্যাণে চাগ্রে সর্ব্বং নিরূপয়িষ্যামঃ।
ইত্যষ্টমভাবঃ।

অথ নবমভাবঃ।

ধর্ম্মক্রিয়ায়াং হি মনঃপ্রবৃত্তির্ভাগ্যোপপত্তির্বিমলঞ্চ শীলম্।
তীর্থপ্রয়াণং প্রণয়ঃ পুরাণৈঃ পুণ্যালয়ে সর্ব্বমিদং প্রদিষ্টম্ ॥ ১
ভাগ্যস্থানং পরং জ্ঞেয়ং বিহায় ভবনান্তরম্।
আয়ুর্ব্বিদ্যাযশোবিত্তং সর্ব্বং ভাগ্যে প্রতিষ্ঠিতম্ ॥ ২
বিহায় সর্ব্বং গণকৈর্ব্বিচিন্ত্যং
ভাগ্যালয়ং কেবলমত্র যত্নাৎ।
আয়ুশ্চ মাতা চ পিতা চ বংশো
ভাগ্যান্বিতেনৈব ভবন্তি ধন্যাঃ ॥ ৩
যস্যাস্তি বিত্তং স নরঃ কুলীনঃ স পণ্ডিতঃ স শ্রুতবান্ কলাজ্ঞঃ।
স এব বক্তা স চ দর্শনীয়ো ভাগ্যান্বিতঃ সর্ব্বগুণৈরুপেতঃ ॥ ৪
মূর্ত্তেশ্চাপি নিশাপতেশ্চ নবমং ভাগ্যালয়ং কীর্ত্তিতং
তৎসৎস্বামিযুতেক্ষিতং প্রকুরুতে ভাগ্যং স্বদেশোদ্ভবম্।
চেদন্যৈর্ব্বিষয়াগুরেঽত্র শুভদাঃ স্বোচ্চাদিগাঃ সর্ব্বদা
কুর্য্যুর্ভাগ্যমসাধবোঽতিবিরলা দুঃখোপলব্ধিং পরাম্ ॥ ৫
ভাগ্যেশ্বরো ভাগ্যগতোঽস্তি কিম্বা স্বস্থানগঃ সারবিরাজমানঃ।
ভাগ্যাশ্রিতঃ কোঽস্তি বিচার্য্য সর্ব্বমনল্পমল্পং পরিকল্পনীয়ম্ ॥ ৬
তনুত্রিস্থনৃপগতো গ্রহশ্চেদযোবাধিবীর্য্যো নবমং প্রপশ্যেৎ।
যস্য প্রসূতৌ তনুভাগ্যশালী বিলাসশীলো বহুলার্থযুক্তঃ ॥ ৭
চেদ্ভাগ্যগামী খচরঃ স্বগেহে সৌম্যেক্ষিতো যস্য নরস্য সূতৌ।
ভাগ্যাধিশালী স্বকুলাবতংসো ভবেদ্যথা মানসরাজহংসঃ ॥ ৮
পূর্ণেন্দু যুক্তৌ রবি ভূমিপুত্রৌ ভাগ্যস্থিতৌ সত্বসমন্বিতৌ চ।
বংশানুমানাৎ সচিবং নৃপং বা কুর্ব্বন্তি তে সৌম্যদশা বিশেষাঃ ॥ ৯
স্বোচ্চোপগো ভাগ্যগৃহে নভোগো-
নরস্য যোগং কুরুতে চ লক্ষ্মীম্।
সৌম্যোঽক্ষিতোঽসৌ যদি ভূমিপালং
কৃত্বা বলোৎকৃষ্টবিলাসশীলম্ ॥ ১০
ইতি নবমভাবঃ।

অথ দশমভাবঃ।

ব্যাপারমুদ্রা নৃপমানরাজ্যং প্রয়োজনঞ্চাপি পিতুস্তথৈব।
মহাপদাপ্তিঃ খলু সর্ব্বমেতৎ রাজ্যাভিধানে ভবনে বিচার্য্যম্ ॥ ১

কর্ম্মণ্যেব প্রধানে চ গ্রহাঃ সর্ব্বে ফলপ্রদাঃ।
তস্মাৎ সর্ব্বং প্রযত্নেন কর্ম্ম স্থানং বিচিন্তয়েৎ ॥ ২
যদ্যপ্যনেকানি ভবন্তি শাস্ত্রে নানাবিধস্থানফলানি কোষ্ঠ্যাম্।
তথাপি সংসারসমুদ্রমধ্যে ভুঙ্‌ক্তে নরঃ কর্ম্মফলানি চৈব ॥ ৩
সমুদিতমৃষিবর্গৈর্মানবানাং প্রযত্না-
দিহ হি দশমভাবে সর্ব্বধর্ম্মং প্রকল্প্যম্।
গগনগপরিদৃষ্ট্যা রাশিখেটস্বভাবৈঃ
সকলমপি বিচিন্ত্যং সদ্যোগাৎ সুধীভিঃ ॥ ৪
তনোঃ সকাশাদ্দশমে শশাঙ্কে বৃত্তির্ভবেত্তস্য নরস্য নিত্যম
নানাকলাকৌশলবাগ্বিলাসৈঃ সর্ব্বোদ্যমৈঃ সাহসকর্ম্মভিশ্চ ॥ ৫
তনোঃ শশাঙ্কাদ্দশমে বলীয়ান্ স্যাজ্জীবনং তস্য খগস্য বৃত্ত্যা।
বলান্বিতা বর্গপতেস্তু যদ্বা বৃত্তির্ভবেত্তস্য খগস্য পাকে ॥ ৬
দিবামণিঃ কর্ম্মণি চন্দ্রতন্বোর্দ্রব্যাণ্যনেকোদ্যমবৃত্তিযোগাৎ।
সত্বাধিকত্বং নবনায়কত্বং পুষ্টত্বমঙ্গে মনসঃ প্রসাদঃ ॥ ৭
লগ্নেন্দ্বতঃ কর্ম্মণি চেন্মহীজঃ স্যাৎ সাহসী ক্রৌর্য্যনিষাদবৃত্তিঃ।
নূনং নরাণাং বিষয়াতিসক্তির্দুর্গে নিবাসঃ সহসা কদাচিৎ ॥ ৮
লগ্নেন্দুভ্যাং কর্ম্মগো রৌহিণেয়ঃ কুর্য্যাদ্দ্রব্যং নায়কত্বং বহূনাম্।
শিল্পাভ্যাসং সাহসং সর্ব্বকার্য্যে বিদ্বান্ বৃত্ত্যা জীবনং মানবানাম্ ॥৯
বিলগ্নতঃ শীতময়ূখতো বা মানে মঘোনঃ সচিবো যদা স্যাৎ।
নানাধনাদ্যৈরমলানি পুংসাং বিচিত্ররৃত্ত্যা নৃপগৌরবাণি ॥ ১০
হোরায়াশ্চ নিশাকরাৎ ভৃগুসুতো মেষূরণে সংস্থিতো
নানাশাস্ত্রকলাকলাপবিলসদ্বৃত্ত্যা দিশেজ্জীবনম্।
দানে সাধুমতিং জয়ং বিনয়িতাং কামং ধনাদ্যাগমং
মানং মানবনায়কাদবিরতং শীলং বিশালং যতঃ ॥ ১১
হোরায়াশ্চ নিশাকরাদ্রবিসুতঃ স্বতৌ হি মধ্যস্থিতে
বৃত্তিং হীনতরাং নরস্য কুরুতে কার্শ্যং শরীরে সদা।
খেদং বা ভয়দঞ্চ রাজ্যধনয়োর্হীনত্বমুচ্চৈর্ম্মন—
শ্চিন্তোদ্বেগসমুদ্ভবৈর্ন চ মুদং শীলঞ্চ নো নির্ম্মলম্ ॥ ১২
সূর্য্যাদিভির্ব্বোমি খগৈর্ব্বিলগ্নাদিন্দোঃ স্বপাকে ক্রমশঃ প্রকল্প্যাঃ।
অর্থোপলব্ধির্জনকাজ্জনন্যাঃ শত্রোর্হিতাদভ্রাতৃকলত্রপুত্রাৎ ॥ ১৩
রবীন্দুলগ্নাম্পদপস্থিতাংশপতেস্তু বৃত্ত্যা পরিকল্পয়েত্তাম্।
সদৌষধোর্ণাতৃণযুক্সুবর্ণৈর্দিবামণির্বৃত্তিবিধিং বিদধ্যাৎ ॥ ১৪
নক্ষত্রনাথোঽত্র কলত্রলোকজলাপ্রয়োৎপন্নকৃষিক্রিয়াদ্যৈঃ।
কুজোঽগ্নিসৎসাহসধাতুশস্ত্রৈঃ সোমাত্মজঃ কাব্যকলাকলাপৈঃ ॥১৫
জীবো দ্বিজন্মা করদেবধর্ম্মৈঃ শুক্রো মহিষ্যাদিকরত্নরৌপ্যঃ।
শনৈশ্চরো নীচতরপ্রকারৈঃ কুর্য্যান্নরাণাং খলু কর্ম্মবৃত্তিম্ ॥ ১৬
একস্ত রাজযোগস্তু স্ত্রীপুংসোর্যদি জায়তে।
রাজ্ঞী পত্নী পুমান্ রাজাঽপত্যযোগেঽপি চেদৃশম্ ॥ ১৭
কর্ম্মস্বামিগ্রহো যস্ত নবাংশে পরিবর্ত্ততে।
তত্তুল্যা কর্ম্মণা বৃত্তিং নির্দ্দিশন্তি মনীষিণঃ ॥১৮
মিত্রারিগেহোপগতৈর্নভোগৈস্তত্তস্ততোঽপ্যর্থচয়ঃ প্রকল্প্যঃ।
তুঙ্গে পতঙ্গে স্বগৃহে ত্রিকোণে স্যাদর্থসিদ্ধির্নিজবাহুবীর্য্যাৎ ॥ ১৯
লগ্নার্থলাভোপগতৈঃ সবীর্য্যৈঃ শুভৈর্ভবেন্তু ধনসৌখ্যমুচ্চৈঃ।
ইতীরিতং পূর্ব্বমুনিপ্রবীর্য্যৈর্ব্বলানুমানাৎ পরিচিন্তনীয়ম্ ॥ ২০

ইতি দশমভাবঃ।

অথায়ভাবঃ।

গজাশ্বহেমাম্বররত্নজাত মান্দোলিকামঙ্গলমণ্ডনানি।
লাভঃ প্রযত্নাদখিলং বিচার্য্যমেতত্তু লাভস্য গৃহে গ্রহজ্ঞৈঃ ॥ ১
সূর্য্যেণ যুক্তেঽথ বিলোকিতে বা লাভালয়ে তস্য গণোঽত্র চেৎ স্যাৎ।
ভূপালতশ্চৌর্য্যকুলাৎ কলের্ব্বা চতুষ্পদাদের্ব্বহুধা ধনাপ্তিঃ ॥ ২
চন্দ্রেণ যুক্তং প্রবিলোকিতং বা লাভালয়ং চন্দ্রগণাশ্রিতং চেৎ।
জলাশয়স্ত্রীগজবাজিবৃদ্ধিঃ পূর্ণে ভবেৎ ক্ষীণতরে বিলোমম্ ॥ ৩
লাভালয়ে মঙ্গলযুক্তদৃষ্টে প্রকৃষ্টভূষামণিহেমবৃদ্ধিঃ।
বিচিত্রযাত্রা বহুসাহসৈঃ স্যান্নানাকলাকৌশলবুদ্ধিযোগৈঃ ॥ ৪
লাভে সৌম্যগণাশ্রিতে সতি যুতে সৌম্যেন সংবীক্ষিতে
নানাকাব্যকলাকলাপবিধিনা শিল্পেন লিপ্যা সুখম্।
শুক্তিদ্রব্যময়ো ভবেদ্ধনচয়ঃ সৎসাহসৈরুদ্যমৈ-
র্দ্রব্যঞ্চাপি বণিজ্যকৈর্ব্বহুতরং ক্লীবৈর্নৃণাং কীর্ত্তিতম্ ॥৫
যজ্ঞক্রিয়া সাধুজনানুযাতো রাজাশ্রিতোৎকৃষ্টরূপো নরঃ স্যাৎ।
দ্রব্যেণ হেমপ্রচুরেণ যুক্তো লাভে গুরোর্ব্বর্গযুতীক্ষণঞ্চেৎ ॥ ৬
লাভালয়ং ভার্গববর্গযাতং যুক্তেক্ষিতং বা যদি ভার্গবেণ।
বেশ্যাজনৈর্ব্বাপি গমাগমৈর্ব্বা সদ্রত্নরৌপ্যপ্রচুরস্য লব্ধিঃ ॥ ৭
লাভবেশ্মনি শনীক্ষিতযুতে তদ্গণেন সহিতে সতি পুংসাম্।
নীললোহমহিষীগজলাভো গ্রামবৃন্দপুরগৌরবমিশ্রঃ ॥ ৮
যুক্তেক্ষিতে লাভগৃহে শুভাখ্যৈর্বর্গৈঃ শুভানাং সমবস্থিতে চ।
লাভো নরাণাং বহুধার্থরাশেঃ সর্ব্বগ্রহৈর্যুক্তনিরীক্ষ্যমাণে ॥ ৯

ইত্যায়ভাবঃ।

অথ ব্যয়ভাবঃ।

হানির্জ্ঞানং ব্যয়শ্চাপি দণ্ডো নির্ব্বন্ধ এবচ।
সর্ব্বমেতদ্ব্যয়স্থানে চিন্তনীয়ং প্রযত্নতঃ ॥ ১
ব্যয়ালয়ে ক্ষীণবলঃ কলাবান্ সূর্য্যোঽথবা দ্বাবপি তত্র সংস্থৌ।
দ্রব্যং হরেদ্ভূমিপতিস্তু তস্য ব্যয়ালয়ে বা কুজদৃষ্টযুক্তে ॥ ২
পূর্ণেন্দুসৌম্যেজ্যসিতা ব্যয়স্থাঃ কুর্ব্বন্তি সংস্থাং ধনসঞ্চয়স্য।
প্রান্ত্যস্থিতে সূর্য্যসুতে কুজেন যুতেক্ষিতে বিত্তবিনাশনং স্যাৎ ॥ ৩

ইতি ব্যয়ভাবঃ।

ইতি ঢুণ্ঢিরাজকৃতে জাতকাভরণে ভাবচিন্তাধ্যায়ঃ সমাপ্তঃ ॥

ঢুণ্টিরাজকৃত জাতকাভরণ মতে
ভাবচিন্তা।

তনুভাব চিন্তা।

প্রথমতঃ দ্বাদশ অংশে বিভক্ত একটী রাশিচক্র অঙ্কিত করিবে। পরে লগ্ন হইতে আরম্ভ করিয়া বামাবর্ত্তে দ্বাদশ রাশির লগ্নস্ফুট স্থির করিয়া অঙ্কিত করিতে হইবে। ঐ দ্বাদশ রাশির মধ্যে যে গৃহে যে গ্রহ আছে, তাহাদের তাৎকালিক স্ফুটগণনা করিয়া গ্রহের নামের পর সেই রাশির অংশ কলা প্রভৃতির অঙ্ক বিন্যাস করিবে। পরে হোরা অর্থাৎ তৎক্ষণ অনুসারে গ্রহস্ফুট সাধন দ্বারা বিচার করিয়া শুভাশুভ ফল বলিয়া দিবে। ১

রূপ, বর্ণ, চিহ্ন, জাতি, বয়ঃক্রম পরিমাণ সুখ, দুঃখ, সাহস, এই সমুদায় তনুস্থান অর্থাৎ লগ্ন হইতে অবগত হইবে। ২

যদি লগ্নে সমুদায় গ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে মনুষ্য, বলবান্ লীলাবিলাসযুক্ত, কুলশ্রেষ্ঠ, দীর্ঘায়ুঃ, সৌভাগ্যশালী ও শত্রুকুল সংহারকারী হইয়া থাকে। ৩

যদি তিনটী সৌম্যগ্রহ লগ্নে অবস্থান করেন, তাহা হইলে জাতবালক রাজা ও বিনয়সম্পন্ন হয়। যদি পাপগ্রহ তিনটী লগ্নে অবস্থিতি করেন, তাহা হইলে দুঃখী, দরিদ্র, শোকসন্তপ্ত ও বহুভোজী হইয়া থাকে। ৪

যবনেশ্বর বলিয়াছেন যে, লগ্ন হইতে ষষ্ঠ, সপ্তম বা অষ্টম গৃহে যদি কোন শুভগ্রহ থাকেন, এবং ঐ শুভ গ্রহ যদি পাপ গ্রহের সহিত যুক্ত বা পাপ গ্রহ কর্তৃক দৃষ্ট না হন, তাহা হইলে জাতবালক রাজমন্ত্রী, দণ্ডনায়ক, ভূপতি, বহুরমণীর বল্লভ, দীর্ঘায়ু, নীরোগ নির্ভয় সৌন্দর্য্যযুক্ত, সুখী, সুশীল ও সর্ব্বদা প্রসন্নহৃদয় হইয়া থাকে। ৫

এক্ষণে রবি প্রভৃতি গ্রহগণের গুণ, বর্ণ ও শরীরের আকার প্রকার বলিতেছি। ৬

রবি।

রবি, শূর গভীর চতুরস্র অর্থাৎ নিখুঁতশরীর অরুণশ্যাম বর্ণ ক্ষুদ্রকেশবিশিষ্ট সুগোলশরীর মধুপিঙ্গল নেত্র পিত্তাধিক্য বিশিষ্ট ও খর্ব্বাকার ॥ ৭

সোম।

সোম, উত্তম বাগ্মী সুবিলাসী নির্ম্মলবুদ্ধি সকাম সত্ত্বগুণাবলম্বী কুঞ্চিত ও কৃষ্ণবর্ণকেশ বিশিষ্ট কফপ্রধান ও বায়ুপ্রধান ধাতু বিশিষ্ট পদ্মপলাস লোচন সৌভাগ্যশালী এবং খর্ব্বাকার ॥ ৮

মঙ্গল।

মঙ্গল, মজ্জাসার, রক্তগৌরবর্ণ, উদারপ্রকৃতি, হিংস্র, শূর, পিত্তাধিক্য বিশিষ্ট, তমোগুণাবলম্বী প্রচণ্ড, জ্ঞাননেত্র বিশিষ্ট, তরুণ, অল্প গর্ব্বিত ও অগ্নির ন্যায় প্রভাশালী হইয়া থাকেন ॥ ৯

বুধ।

বুধ, শ্যামবর্ণ, শিরাযুক্তশরীর, নৃত্য গীত প্রভৃতিতে নিপুণ, কৌতুহল সম্পন্ন, কোমল বাক্য বিশিষ্ট, ত্রিদোষসম্পন্ন, রজোগুণাবলম্বী মধ্যমাকৃতি দাতা ও পদ্মলোচন হইয়া থাকেন ॥ ১০

বৃহস্পতি।

বৃহস্পতি, খর্ব্বাকার, তপ্তকাঞ্চন সদৃশ কান্তিবিশিষ্ট উত্তমসারবান্ সুস্বর বিশিষ্ট, উদারবুদ্ধি, দক্ষ পিঙ্গললোচন কফপ্রকৃতি অতিমেধাবী ও প্রাজ্ঞ হইয়া থাকে ॥ ১১

শুক্র।

শুক্র, সজল জলদ সদৃশ নীলবর্ণ, শ্লেষ্মাতিশয়যুক্ত, বায়ুপ্রধান, পদ্মপলাসলোচন, চক্রভীত, অলস, উত্তম সরল বাহুশালী, রজোগুণাবলম্বী, অতিকামী গর্ব্বিত গজগামী ও অধিক শুক্র বিশিষ্ট হইয়া থাকেন ॥ ১২

শনি।

শনি, শ্যামবর্ণ, অতিচপল, শিরাযুক্তশরীর, অলস, জটিল, কৃশ, দীর্ঘশরীর, স্থূল দন্ত ও নখবিশিষ্ট পিঙ্গলনয়ন, খল ও কুপিতবায়ু যুক্ত হইয়া থাকেন ॥ ১৩

জাত বালকের লগ্ননবাংশাধিপতির সদৃশ আকার হইবে। অথবা সকল গ্রহাপেক্ষা যে গ্রহ বলবান্ হইবে তাহার সদৃশ আকার হইবে। চন্দ্র যে নবাংশে থাকিবেন, সেই নবাংশের অধিপতি গ্রহ দ্বারা তাহার কুল জাতি ও বর্ণ নিশ্চয় করিবে।১৪

রবি সোম ও বৃহস্পতি সত্ত্বগুণময় শনি ও মঙ্গল তমোগুণময়, বুধ ও শুক্র রজোগুণময়। যে গ্রহের ত্রিংশাংশে সূর্য্য থাকিবেন, বালক সেই গ্রহের গুণ প্রাপ্ত হইবে॥ ১৫

জন্মলগ্নের প্রথমদ্রেক্কাণে মস্তক, চক্ষুঃ, কর্ণ, নাসা, কপোল, হনু ও মুখ চিন্তা করিবে। দ্বিতীয় দ্রেক্কাণে কণ্ঠ, স্কন্দ, হস্ত, উদর, বক্ষ, পার্শ্ব, নাভি, এই সমস্ত চিন্তা করিবে। তৃতীয় দ্রেক্কাণে * বস্তি, লিঙ্গ, গুহ্য, ব্রণ, জানু, জঙ্ঘা এবং চরণদ্বয় চিন্তা করিবে॥ ১৬

লগ্ন হইতে যথাক্রমে পর ছয় রাশিতে বাম অঙ্গ এবং পূর্ব্ব ছয় রাশিতে দক্ষিণ অঙ্গের উক্ত স্থান সকল নির্ণয় করিবে॥ ১৭

উক্ত স্থানসমূহের মধ্যে যে স্থানে শুভ গ্রহ থাকিবে এবং সেই গ্রহের বল যে রূপ হইবে তদনুসারে সেই সেই স্থানে চিহ্ন বা তিল আছে, স্থির হইবে। আর যে যে স্থানে পাপ গ্রহ থাকিবে এবং ঐ পাপগ্রহের বলানুরূপ সেই স্থানে ব্রণচিহ্ন কহিবে। ঐ সকল গ্রহ সরল গতি-বিশিষ্ট এবং স্থির রাশি প্রভৃতিতে থাকিয়া শুভগ্রহ যুক্ত অথবা শুভগ্রহ কর্ত্তৃক বীক্ষিত হইলে সেই স্থানে চিহ্ন মাত্র নির্দ্দেশ করিবে॥ ১৮

যদি রবি চিহ্নকারক হন, তাহা হইলে কাষ্ঠ অথবা চতুষ্পদ জীবের আঘাত দ্বারা সেই স্থানে কোন চিহ্ন হইবে। চন্দ্র চিহ্নকারক হইলে, জলজপ্রাণি দ্বারা অথবা যুদ্ধে আঘাত প্রাপ্তি দ্বারা সেই স্থানে কোন চিহ্ন হইবে। মঙ্গল চিহ্নকারক হইলে বিষ, বা অগ্নি দ্বারা অথবা অস্ত্রাঘাতে কোন চিহ্ন হইবে। বুধ চিহ্ন কারক হইলে, ভূমিতে পতিত হইয়া অথবা লোষ্ট্রাদি দ্বারা আঘাত প্রাপ্তে কোন চিহ্ন হইবে। শনি চিহ্নকারক হইলে প্রস্তর দ্বারা অথবা বাতব্যাধি, পক্ষাঘাত প্রভৃতি জন্য সেই স্থানে কোন চিহ্ন হইবে। ১৯

যদি জন্মলগ্ন হইতে ষষ্ঠ স্থানে কোন পাপগ্রহ অবস্থিতি করেন, তাহা হবলে ঐ ষষ্ঠ রাশি জাতবালকের যে অঙ্গ হইবে, সেই স্থানে ব্রণ হইবে। আর ঐ ষষ্ঠস্থিত পাপগ্রহ যদি শুভ গ্রহ যুক্ত হয়, তাহা হইলে সেই স্থানেও কোন চিহ্ন হইবে। ঐ ষষ্ঠ স্থান স্থিত পাপগ্রহ, শুভগ্রহ কর্ত্তৃক বীক্ষিত হইলে সেই স্থানে তিলচিহ্ন হইবে। আর যদি বুধের সহিত তিন গ্রহ অবস্থিতি করেন তাহা হইলে সেই রাশি যে অঙ্গে পতিত হইবে, সেই স্থানে ব্রণ হইবে। ২০

জন্ম সময়ে যদি চন্দ্র মেষ রাশিতে, শনি কুম্ভ রাশিতে, রবি ধনু রাশিতে এবং শুক্র মকর রাশিতে, অবস্থিতি করেন তাহা হইলে মনুষ্য কদাচ পিতৃধন ভোগ করিবে না, সে স্বীয় বাহুবীর্য্য দ্বারা ধনোপার্জ্জন করিয়া শ্রেষ্ঠ বলিয়া জনসমাজে আদরণীয় হয়। ২১

জন্ম সময়ে লগ্ন, চতুর্থ, সপ্তম ও দশম গৃহে এবং ধনস্থান অর্থাৎ দ্বিতীয় গৃহে যদি পাপ গ্রহ অবস্থিতি করেন, তাহা হইলে মনুষ্য অতিশয় দরিদ্র হয়। এবং সে স্বীয় কুলজাত মনুষ্যগণের ভয়দাতা হইয়া উঠে। ২২

যাহার জন্ম লগ্নে অথবা পঞ্চম স্থানে বৃহস্পতি এবং দশম গৃহে চন্দ্র অবস্থিতি করিবেন, সেই ব্যক্তি তপস্বী জিতেন্দ্রিয় রজোগুণবিশিষ্ট এবং বুদ্ধিমান্ হইবে। ২৩

জন্ম সময় যদি কন্যা কিম্বা তুলা রাশিতে বৃহস্পতি, আর মেষ কিম্বা বৃষ রাশিতে শুক্র, আর বৃশ্চিক রাশিতে বুধ অবস্থিতি করিয়া শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে মানব কুলশ্রেষ্ঠ, বিচারে পণ্ডিত ও উদারতা গুণে জনগণের আদরণীয়, সর্ব্বদা আনন্দিত, স্বীয়গুণে অতিশয় শ্রেষ্ঠ বলিয়া বিখ্যাত, নিষ্ঠাপরায়ণ এবং ধনবান্ হয়। ২৪

---

* এই পাঠের সহিত বৃহজ্জাতকের পাঠের অনৈক্য দেখা যায়, অতএব প্রথম খণ্ডের ১১৪ পৃষ্ঠা হইতে ১১৭ পৃষ্ঠা দৃষ্টি কর।

জন্ম সময়ে বুধ ও মঙ্গল বলবান্ হইয়া লগ্ন হইতে ষষ্ঠ স্থানে *অবস্থিতি করিলে মনুষ্য, অতিশয় চোর হয়, এবং স্বীয় কর্ম্ম ও বল দ্বারা কুৎসিত গুণাবলম্বী হইয়া পরের চরণ ও হস্ত ছেদ করে। ২৫

যাহার জন্ম সময়ে শনি কর্কট রাশিতে এবং মঙ্গল মকর রাশিতে অবস্থান করেন, সে ব্যক্তি চৌর্য্যাপরাধে অথবা স্বীয় ভুজবলজনিত কোন অপরাধে দণ্ডনীয় হয়, এবং তাহাতে নিশ্চয় তাহার শিরশ্ছেদ হইয়া থাকে। ২৬

জন্ম সময়ে যদি কুম্ভ, মীন, মিথুন ও ধনুরাশিতে সমস্ত পাপ গ্রহ অবস্থিতি করেন, তাহা হইলে মনুষ্য অতিশয় কুৎসিত চেষ্টাবিশিষ্ট হয়। এবং বজ্রপাতে তাহার মৃত্যু ঘটিয়া থাকে। ২৭

যাহার জন্মকালে অষ্টম গৃহ শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট ও শুভ গ্রহযুক্ত থাকে, সেই ব্যক্তি জ্ঞানী হয় ও অনেক তীর্থ পর্য্যটন করে। ২৮

যদি বুধ স্বীয় দ্রেক্কাণে না থাকিয়া লগ্নস্থিত হইয়া কেন্দ্রস্থিত চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে মানব রাজ-গৃহে জন্ম পরিগ্রহ করিয়াও নীচকর্ম্মে প্রবৃত্ত হয়। ২৯

যদি রবির দ্বিতীয় গৃহে শনি, দশম গৃহে সোম ও সপ্তম গৃহে মঙ্গল অবস্থান করেন, তাহা হইলে মনুষ্য, অঙ্গহীন হয়। ৩০

যদি পাপ গ্রহের মধ্যস্থলে চন্দ্র থাকেন এবং সপ্তম গৃহে শনি অবস্থান করেন, তাহা হইলে মনুষ্য অঙ্গহীন হয় এবং সে শ্বাসরোগ, ক্ষয়রোগে, প্লীহা ও গুল্মরোগে অভিভূত হইয়া থাকে। ৩১

যদি চন্দ্র রবির নবাংশে বা রবি চন্দ্রের নবাংশে অবস্থিতি করেন, অথবা যদি উভয়ে এক নবাংশে থাকেন, তাহা হইলে মানব লক্ষ্মীহীন হইবে, সন্দেহ নাই। ৩২

যদি দ্বাদশ স্থানে, ষষ্ঠ স্থানে, অষ্টম স্থানে বা ধন স্থানে, চন্দ্র সূর্য্য ও শনি অবস্থান করেন এবং তাঁহারা যদি বলবান্ হন, তাহা হইলে বায়ুরোগ দ্বারা নয়নের তেজোহীন হয়। ৩৩

যদি পাপ গ্রহগণ তৃতীয় গৃহে বা পঞ্চম গৃহে বা একা-দশে অবস্থান করেন ও শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হন, তাহা হইলে মনুষ্যের কর্ণ নষ্ট হয় এবং যদি ঐ সমস্ত গ্রহ ঐ রূপে সপ্তম গৃহে থাকেন, তাহা হইলে মানব দন্তাঘাত প্রাপ্ত হয়। ৩৪

মহর্ষিগণ বলিয়াছেন যে, যদি ধনস্থানে বা ব্যয় স্থানে শুক্র থাকেন অথবা মঙ্গল থাকেন তাহা হইলে মনুষ্যের কর্ণের পীড়া হয়। যদি ঐ স্থানে চন্দ্র থাকেন, তাহা হইলে চক্ষুর দোষ ঘটে। ৩৫

মুনিগণ এই যে সমস্ত যোগ বলিয়াছেন, তন্মধ্যে যে গ্রহ বলবান্ তাঁহারই সম্পূর্ণ ফল হইবে। যাঁহার বুদ্ধি নির্ম্মল, তিনি যথাসময়ে বিবেচনা করিয়া এই সমস্ত ফল কল্পনা করিয়া লইবেন। ৩৬

ইতি তনুভাবচিন্তা!

অথ ধনভাব।

পণ্ডিতগণ সুবর্ণ প্রভৃতি ধাতুর ক্রয় বিক্রয় রত্ন প্রভৃতি কোষ সংগ্রহ, এই সমস্ত ধনস্থানে চিন্তা করিবেন। ১

যদি সূর্য্য মঙ্গল শনি অথবা ক্ষীণ চন্দ্র ধনস্থানে থাকেন বা ধনস্থান দর্শন করেন, তাহা হইলে মনুষ্য ধনহীন হয়। ২

যদি ধন স্থানে মঙ্গল ও চন্দ্র থাকেন এবং তাঁহারা যদি শনি কর্ত্তৃক দৃষ্ট হন তাহা হইলে মনুষ্য, চর্ম্মরোগ-বিশিষ্ট হয়। শনি ধন স্থানে থাকিয়া যদি বুধ কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে মনুষ্যের ধনবৃদ্ধি হয়। ৩

যদি ধন স্থানে দিবাকর থাকেন, এবং যদি তিনি শনি কর্ত্তৃক দৃষ্ট না হন, তাহা হইলে নিশ্চয়ই ধনসম্পত্তি হইয়া থাকে। ফলত শুভ গ্রহগণ ধন স্থানে থাকিলে তাঁহারা সকলেই উত্তম ধনবান্ করিয়া দেন। ৪

যদি বৃহস্পতি ধন স্থানে থাকেন এবং শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে ধন সম্পত্তি হয়। যদি বুধ ধন স্থানে

---

* যদি মঙ্গল রবির সহিত বা শুক্রের সহিত একত্র থাকেন, তাহা হইলে তাহাকে দারিদ্র্য যোগ বলা যায়। এই দারিদ্র্য যোগ সমুদ্র পর্য্যন্ত শুষ্ক হইতে পারে।

াকিয়া চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে ধন হানি ইয়া থাকে। ৫

যদি ক্ষীণ চন্দ্র ধন স্থানে থাকিয়া বুধ কর্ত্তৃক দৃষ্ট হন, াহা হইলে মনুষ্যের পূর্ব্বোপার্জ্জিত ধন নষ্ট হয়, এবং তন উপার্জ্জিত ধন বৃদ্ধি হইতে থাকে। ৬

যদি শুক্র ধন স্থানে থাকেন এবং বুধ কর্ত্তৃক দৃষ্ট হন, াহা হইলে মনুষ্য ধনবান্ হইয়া থাকে। পরন্তু ঐ শুক্র দি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, বা শুভগ্রহের সহিত একত্র াকেন, তাহা হইলে মনুষ্য ভূরি ধন প্রাপ্ত হয়। ৭

ইতি ধন ভাব কথন।

সহজ ভাব।

যদি তৃতীয় গৃহ পাপগৃহ হয়, এবং তাহাতে পাপগ্রহ- াণ অবস্থান করেন, তাহা হইলে সহোদর জন্মে না, জন্মি- লও বাঁচে না। ইহার বিপরীত হইলে বিপরীত ফল য় অর্থাৎ তৃতীয় গৃহ যদি শুভ গৃহ হয়, এবং তাহাতে দি শুভ গ্রহগণ অবস্থান করেন, তাহা হইলে অনেক হোদর জন্মে। ১

যদি সহোদর স্থান শুভগ্রহের আলয় হয় এবং াহাতে সমস্ত শুভগ্রহ অবস্থান করেন অথবা সমস্ত ুভগ্রহগণ কর্ত্তৃক যদি তাহা দৃষ্ট হয়, তাহা হইলে সহো- রবর্গের বৃদ্ধি হইয়া থাকে। পরন্তু মিশ্র হইলে, অর্থাৎ াপগ্রহ ও শুভগ্রহ উভয়ের স্থিতি বা দৃষ্টি থাকিলে ুভ ও অশুভ মিশ্র ফল হইয়া থাকে। ২

তৃতীয় গৃহের যত গুলি নবাংশ চন্দ্র ও মঙ্গল কর্ত্তৃক ষ্ট হয়, ততগুলি ভ্রাতা ও ভগিনী জন্মিয়া থাকে। পরন্তু ী চন্দ্র ও মঙ্গলের শুভাশুভ গ্রহের দৃষ্টি অনুসারে ফল ল্পনা করিতে হইবে।৩

যদি শনি তনুস্থানে থাকিয়া মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হন, াহা হইলে সমুদায় সহোদর বিনষ্ট হয়। যদি ঐ তনু- ানস্থিত শনি, বৃহস্পতি ও শুক্র কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা ইলে নিশ্চয়ই সহোদরগণের মঙ্গল হইয়া থাকে।৪

ঐ তনুস্থানস্থিত শনি যদি মঙ্গল বা বুধ কর্ত্তৃক দৃষ্ট ন, তাহা হইলে সমুদায় সহোদর নাশ হয়।৫

যদি তৃতীয় গৃহ চন্দ্রের ক্ষেত্র হয় এবং যদি তাহাতে মঙ্গলের দৃষ্টি থাকে, তাহা হইলে সমুদায় সহোদর কগ্ন হইবে।

যদি সূর্য্য স্বগৃহে থাকেন, ঐ গৃহ যদি ধর্ম্মস্থান হয় তাহা হইলে সহোদরের জীবন সংশয় হইবে। পরন্তু এক ভ্রাতা চিরজীবী হইতে পারে এবং সে রাজার সমান হয়। ৬

যদি তৃতীয় গৃহে চন্দ্র থাকেন এবং ঐ চন্দ্র যদি কোন পাপগ্রহের তৃতীয় না হন ও কোন শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হন, তাহা হইলে জননীর মৃত্যু হয়। ৭

যাঁহারা জাতকশাস্ত্রাভিজ্ঞ তাঁহারা তৃতীয় গৃহে সহো- দর কিঙ্কর অনুজীবী ও পরাক্রমের বিচার করিয়া থাকেন।৮

যদি সহজ স্থানে রবি থাকেন, তাহা হইলে অগ্রজের মৃত্যু হয়, যদি ঐ সহজ স্থানে শনি থাকেন, তাহা হইলে অনুজের বিনাশ হয়। যদি ঐ সোদরস্থানে মঙ্গল থাকেন, তাহা হইলে অগ্রজ ও অনুজ উভয়বিধ ভ্রাতারই মৃত্যু হয়। ৯

ইতি সহজভাব নির্ণয়।

অথ পুত্রভাব।

জ্যোতিঃশাস্ত্রবিশারদ জনগণ, সুত স্থানে, বুদ্ধি সংসার আত্মজ মন্ত্র বিদ্যা বিনয় গর্ভসংস্থান নীতি ও সংস্থান. এই সমুদায় চিন্তা করিবেন। ১

যদি লগ্নপতি, লগ্নে দ্বিতীয়ে অথবা তৃতীয় গৃহে থাকেন, তাহা হইলে প্রথম পুত্র পুত্রবান্ হইবে। যদি ঐ লগ্নাধিপ চতুর্থ ভবনে থাকেন, তাহা হইলে দ্বিতীয় পুত্র পুত্রশালী হইবে। ২

যদি চতুর্থ গৃহে শুভগ্রহের অবস্থিতি বা শুভগ্রহের দৃষ্টি হয়, তাহা হইলে তাহাকে পণ্ডিতগণ সন্তানযোগ বলিয়া থাকেন। ইহার বিপরীত হইলে অর্থাৎ চতুর্থগৃহে অশুভ গ্রহের অবস্থিতি বা দৃষ্টি থাকিলে ইহার বিপরীত যোগ হয়। ৩

যদি পুত্রভাবে, তদধিপতি গ্রহ বা অন্য কোন শুভগ্রহের দৃষ্টি থাকে, অথবা যদি কোন শুভ গ্রহ সেই স্থানে অবস্থিতি করে, তাহা হইলে পুরুষের সন্তান বৃদ্ধি হয়, পরন্তু ঐ স্থান যদি তৎস্বামী কর্ত্তৃক দৃষ্ট না হইয়া ক্রুর গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে বিপরীত ফল হয় অর্থাৎ সন্তানের হানি হইয়া থাকে॥ ৪

লগ্নাধিপতি যদি লগ্নে, দ্বিতীয়ে, কিম্বা তৃতীয় স্থানে অবস্থিতি করেন, তাহা হইলে প্রথমে পুত্র সন্তান জন্মে; এবং চতুর্থ স্থানে থাকিলে দ্বিতীয় ও তৃতীয়াদি গর্ভে পুত্র উৎপন্ন হয়॥ ৫

শুক্র, মঙ্গল ও চন্দ্র এই তিনটী গ্রহ যদি দ্ব্যাত্মক রাশিতে অবস্থান করেন, তাহা হইলে প্রথমে পুত্র জন্মে। এই বিষয়ে প্রধান মুনিগণ বলিয়া থাকেন যে, উক্ত গ্রহত্রয় ধনুরাশি গত হইলে অগ্রে বা পশ্চাৎ পুত্রসন্তান হয় না॥ ৬

পুত্রভাবে যাবৎপরিমিত গ্রহের দৃষ্টি থাকে, মনুষ্যের ততগুলি সন্তান জন্মে, ইহাতে বিশেষ এই যে পুংগ্রহের দৃষ্টিতে পুত্র ও স্ত্রী গ্রহের দৃষ্টিতে কন্যা হয়॥ ৭

কোন কোন গ্রন্থকার বলেন, সন্তান ভাবের অঙ্কের সমানসংখ্যক সন্তান জন্মে। সন্তান স্থানে যে যে গ্রহের দৃষ্টি থাকে তাঁহারা উচ্চ ও মিত্র গৃহস্থিত হইলে শুভ ফল এবং নীচ ও অরি গৃহগত হইলে, অশুভ ফল প্রদান করেন॥ ৮

সুত স্থানের নবাংশ সংখ্যক অথবা ঐ স্থানে যাবৎ সংখ্যক শুভগ্রহের দৃষ্টি থাকিবে, তাহার দ্বিগুণ পরিমিত অপত্য হইবে। সুত ভবনে পাপ গ্রহের দৃষ্টি বা যোগ দ্বারা সন্তান কৃশ ও রুগ্ন হয় এবং শুভাশুভ গ্রহের দৃষ্টি বা যোগ থাকিলে মধ্যবিধ সন্তান জন্মে॥ ৯

যদি পুত্র ভবন কোন পাপ গ্রহের গৃহ হয় এবং তাহাতে কোন পাপ গ্রহের যোগ থাকে ও কোন শুভ গ্রহের দৃষ্টি না থাকে তাহা হইলে মনুষ্য সন্তান বিহীন হইয়া থাকে॥ ১০

যাহার জন্ম কালে লগ্নের সপ্তম স্থানে শুক্র, দশমে চন্দ্র ও চতুর্থ স্থানে পাপ গ্রহ থাকে সেই ব্যক্তি নিশ্চয় সন্তান বিহীন হয়॥ ১১

যদি পুত্রভাব শুক্রের নবাংশ হয় এবং তাহাতে শুক্রের দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্যের অনেক সন্তান জন্মে অথবা ঐ অংশ সংখ্যার সমান সন্তান সংখ্যা জানিবে, পরন্তু সন্তানগণ কলহ রত পীড়িত ও দাস্য কর্ম্মে নিরত হয়॥ ১২

সন্তান স্থানের অধিপতি গ্রহ, যে স্থানে থাকিবেন সেই স্থান হইতে পঞ্চম, ষষ্ঠ বা দ্বাদশ গৃহে যদি কোন অশুভ গ্রহ অবস্থিতি করেন, তাহা হইলে মনুষ্যের পুত্র জন্মে না, এবং জন্মিলেও জীবিত থাকে না॥ ১৩

যাহার সহজস্থানাধিপতি সহজ স্থানে, ধন স্থানে, লগ্নে কিম্বা সুত স্থানে অবস্থিতি করেন সেই ব্যক্তির পুত্র জন্মে না এবং জন্মিলেও জীবিত থাকে না॥ ১৪

যদি বলবান্ শুক্র পঞ্চম স্থানের অধিপতি হইয়া দশম স্থানে অবস্থিতি করেন, আর চতুর্থাধিপতি যদি একাদশ ভবনে বাস করেন ও ঐ একাদশ গৃহ যদি পাপ গ্রহের গৃহ হয়, এবং পাপ গ্রহ নবম ও তৃতীয় স্থানস্থিত হয়, তাহা হইলে মনুষ্যের অপত্য জন্মে না॥ ১৫

যদি চন্দ্র হইতে পঞ্চম স্থানে বুধ অবস্থিতি করেন এবং ঐ স্থান যদি পাপ গ্রহের গৃহ হয়, তাহা হইলে কদাচ পুত্র বা কন্যা কোন সন্তানই জন্মে না॥ ১৬

চন্দ্র হইতে পঞ্চম স্থানে যদি পাপগ্রহ থাকে তাহা হইলে পুত্র হানি করে। এবং ঐ চন্দ্র হইতে পঞ্চমস্থানে বা একাদশ স্থানে পাপ গ্রহ থাকিলে কন্যা হানি হয়॥ ১৭

সুত ভবন যদি শুক্র বা চন্দ্রের বর্গ অথবা শুক্র বা চন্দ্র কর্ত্তৃক বীক্ষিত বা যুক্ত হয় এবং ঐ স্থান সমরাশির বর্গ হইলে কন্যা ও বিষম রাশির বর্গ হইলে পুত্র হইবে।

যাহার সুতস্থান শনির গৃহ, শনি যুক্ত বা শনি দৃষ্ট হয় সেই ব্যক্তি দত্তক পুত্র লাভ করে। এই রূপ বুধের অর্থাৎ বুধ পঞ্চমাধিপতি, ও পঞ্চম স্থায়ী ও পঞ্চম দর্শী হইলে মনুষ্য ক্রীত পুত্র লাভ করে॥ ১৯

যদি পুত্র ভবনে, শনির বর্গে কোন গ্রহ অবস্থিতি করে এবং ঐ গ্রহে চন্দ্রের দৃষ্টি থাকে কিম্বা রবি কর্ত্তৃক দৃষ্ট শুক্রের বর্গে কোন গ্রহের সংস্থান হয়, তাহা হইলে, মনুষ্য পুনর্ভবোৎপন্ন পুত্র লাভ করে॥ ২০

যদি পুত্রভাব শনির গৃহ হয় তাহাতে যদি রবি, বুধ কিম্বা মঙ্গলের দৃষ্টি থাকে, অথবা ঐ স্থান শনি কর্ত্তৃক দৃষ্ট বুধের বর্গীভূত কোন গ্রহের অবস্থান হয়, তাহা হইলে মনুষ্য ক্ষেত্রজ পুত্র প্রাপ্ত হয়॥ ২১

কোন পুরুষের পঞ্চম ভাবের নবাংশে শুভ গ্রহের দৃষ্টি না থাকিয়া যত সংখ্যক পাপ গ্রহের দৃষ্টি থাকিবে ততবার ঐ পুরুষের পত্নীর গর্ভ নষ্ট হয়॥ ২২

বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট তনয়ভবনস্থ মঙ্গল, পুনঃ পুনঃ জাতবালক নষ্ট করে, আর যদি উক্ত মঙ্গল গ্রহে শুক্রের দৃষ্টি থাকে তাহা হইলে প্রথম জাত বালক নষ্ট হয়॥ ২৩

ইতি পুত্র ভাব। ৫

অথ বন্ধু ভাব। ৪

চতুর্থ ভাবে মিত্র, গৃহ, গ্রাম, চতুষ্পদজন্তু, ক্ষেত্রকার্য্য ও স্বুবর্ণ এই সকলের চিন্তা করিবে এবং ঐ ভাবে শুভ গ্রহের দৃষ্টি বা যোগ থাকিলে ঐ সকলের বৃদ্ধি হইয়া থাকে॥ ১

যাহার লগ্নে বৃহস্পতি, দ্বিতীয় স্থানে শনি ও তৃতীয় গৃহে রাহু অবস্থান করে তাহার মাতা জীবিত থাকিতে পারে না॥ ২

যে মনুষ্যের লগ্নে, সপ্তমে ও দ্বাদশ স্থানে পাপ গ্রহ এবং দ্বিতীয় গৃহে সৌম্য গ্রহ অবস্থিতি করেন সেই মনুষ্যের পরিবার ক্ষয় হয়॥ ৩

ইতি বন্ধুভাব। ৪

অথ রিপুভাব।

যাঁহারা হোরা সাগরের পারদর্শী, তাঁহারা শত্রুগৃহে, শত্রুসমূহ, ক্রূরকর্ম্ম, পীড়া, চিন্তা, আশঙ্কা ও মাতুল এই সমুদায়ের বিচার করিয়া থাকেন। ১

যদি শত্রুগৃহে ক্রূর গ্রহ থাকে, বা ক্রূরগ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্যের শত্রু নষ্ট হয়। যদি ঐ শত্রুগৃহে শুভগ্রহ অবস্থান করে বা শুভগ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে শত্রু বৃদ্ধি হয় এবং শারীরিক ও মানসিক পীড়া হইয়া থাকে। ২

ইতি রিপুভাব।

অথ সপ্তম ভাব। ৭

বরাঙ্গণা, বাণিজ্যকার্য্য, বিবাহ, গমন ও আগমন, শাস্ত্র প্রবীণ পণ্ডিতগণ এই সমস্ত জায়া স্থানে বিবেচনা করিয়া থাকেন॥ ১

লগ্ন অথবা তৎ সপ্তম রাশির নবাংশ বা দ্বাদশাংশের অধিপতি যদি শুভগ্রহ হয় এবং তাহাতে অন্যান্য গ্রহের যোগ থাকে তবে মনুষ্য অচিরে পত্নী লাভ করে॥ ২

লগ্ন হইতে সপ্তম স্থান যদি কোন শুভ গ্রহের গৃহ হয় এবং তাহাতে ঐ শুভ গ্রহের যোগ বা দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্যের অচিরে অঙ্গনা লাভ হয়। ইহার বৈপরীত্যে অর্থাৎ ক্রূর গ্রহের যোগ বা দৃষ্টি থাকিলে স্ত্রীলাভ দুর্ঘট পরন্তু সৌম্যাসৌম্য উভয়বিধ গ্রহের দৃষ্টি বা যোগ সম্ভব হইলে অঙ্গনা প্রাপ্তি কালে অনেক বিতণ্ডা ও বাদানুবাদ হয়॥ ৩

লগ্ন হইতে দ্বাদশ ও ষষ্ঠ স্থানে যদি রবি এবং চন্দ্র অবস্থিতি করেন তাহা হইলে মনুষ্যের এক মাত্র পুত্র ও এক পত্নী লাভ হইয়া থাকে॥ ৪

জন্মকালীন লগ্ন হইতে রাশি-সন্ধি-সপ্তম ভাবে শুক্র ও লগ্নে শনি বসতি করিলে এবং সুত স্থানে কোন শুভ গ্রহের দৃষ্টি না থাকিলে স্ত্রী বন্ধ্যা হয়॥ ৫

লগ্ন হইতে দ্বাদশ কিম্বা সপ্তম রাশি যদি ক্রূর গ্রহের ভবন হয় এবং তাহাতে যদি চন্দ্র অবস্থিতি করেন তাহা হইলে মনুষ্য, পুত্র ও কলত্র বিহীন হয়, স্থির করিবে॥ ৬

যাহার জন্ম কালীন লগ্নের সপ্তম স্থান শনি কিম্বা মঙ্গলের ক্ষেত্র হয় এবং তাহাতে ঐ দুই গ্রহের দৃষ্টি থাকে তাহার স্ত্রী ব্যভিচার দোষে দূষিতা হয় এবং সে স্বয়ং ঐ ব্যভিচারের যোজক হইয়া থাকে॥ ৭

যদি জায়াস্থানে শুক্র ও বুধ অবস্থিতি করেন, তাহা হইলে মনুষ্য কলত্র বিহীন হয়; পরন্তু যদি ঐ গ্রহদ্বয় অন্য কোন শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে অধিক বয়সে বালিকা পত্নী লাভ করে॥ ৮

শুক্র, চন্দ্র, বৃহস্পতি ও বুধ এই চারি গ্রহ কিম্বা ইহাদের কোন তিন, দুই বা এক গ্রহ যদি জায়া স্থানে অব-

স্থিতি করেন, অথবা ঐ কলত্র ভবন যদি বিষমরাশি হয় এবং তাহা যদি উক্ত গ্রহ চতুষ্টয়ের অন্যতম গ্রহের গৃহ বা তৎকর্তৃক বিলোকিত হয়, তাহা হইলে মনুষ্যের খলস্বভাবা বহুস্ত্রী হয়॥ ৯

চন্দ্র কিম্বা লগ্ন হইতে সপ্তম গৃহে অধিষ্ঠিত বলবান্ ক্রূর গ্রহ, মনুষ্যের কলত্র বিনাশ করেন, অপর চন্দ্র ও শনি জায়াস্থানস্থায়ী হইলে মনুষ্য পুনর্ভবা স্ত্রীর পতি হয়॥১০

সপ্তমাধিপতির নবাংশাধীশ্বর যে গ্রহ তাঁহার যেরূপ আকার ও বর্ণাদি নিরূপিত আছে তদনুরূপ আকার ও বর্ণাদি বিশিষ্টা মনুষ্যের স্ত্রী হয়, এবং ঐ সপ্তম গৃহে যে যে গ্রহের দৃষ্টি থাকে তাহাদের অবয়বাদির প্রভেদেও স্ত্রীর অবয়বাদির প্রভেদ হইয়া থাকে। অপর সপ্তমস্থায়ী বুধ ও রবির আকারানুরূপও স্ত্রীর আকার হয়, এবং রবি ও মঙ্গলের নবাংশে এক স্ত্রী হয়॥ ১১

সপ্তম ভাব যদি শুক্রের বর্গ হয় বা তাহাতে শুক্রের দৃষ্টি থাকে তবে মনুষ্যের বহুপত্নী লাভ হয়, ঐ সপ্তম স্থান শুভ বর্গ হইয়া শুক্র কর্তৃক বীক্ষিত হইলে স্ত্রী লাভ হয় এবং অশুভগ্রহের দৃষ্টি থাকিলে বাহুল্যে স্ত্রী লাভ হয়॥১২

যদি সপ্তম ভাবে মঙ্গল গ্রহের অবস্থিতি থাকে, তাহা হইলে পুরুষ কান্তাবিহীন হয় এবং ঐ সপ্তম স্থানে যদি শনি থাকেন ও তাঁহার প্রতি কোন শুভগ্রহের দৃষ্টি না থাকে তবে মনুষ্যের পরিণয় হইলেও ঐ পরিণীতা স্ত্রীর মৃত্যু হয়॥১৩

সপ্তম ভাবে যদি রাহু অবস্থিতি করেন এবং ঐ রাহুর প্রতি দুইটী পাপ গ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্যের পত্নী লাভ দুর্ঘট হয়, যদি ও আয়াস বাহুল্যে তাহার স্ত্রী লাভ হয়, তথাপি অচির কাল মধ্যে ঐ স্ত্রীর মৃত্যু ঘটনা হইয়া থাকে॥ ১৪

স্ত্রীর লগ্নে, দ্বাদশে, চতুর্থে, সপ্তমে কিম্বা অষ্টম স্থানে মঙ্গল থাকিলে বিধবা হয় ও ঐ রূপ পুরুষের থাকিলে তাহার স্ত্রীবিয়োগ হয়। অপর ষষ্ঠস্থানে মঙ্গল, সপ্তমে রাহু ও অষ্টমে শনি থাকিলে ভার্য্যা বিনাশ হয়॥ ১৫

ইতি সপ্তমভাব।

অথাষ্টম ভাব।

জ্যোতির্ব্বিৎ পণ্ডিত গণ নদীপার, অত্যন্ত বৈষম্য, দুর্গ, শস্ত্র, আয়ুঃ ও শঙ্কট এই সকল অষ্টম স্থানে বিবেচনা করিবেন। ১

যদি লগ্নের চতুর্থ স্থানে সূর্য্য অবস্থিতি করেন এবং ঐ গ্রহের প্রতি শনির দৃষ্টি থাকে তবে যে দিবসে ঐ স্থানে শুভগ্রহগণ দৃষ্টি করিবেন সেই দিবসে অবশ্য মৃত্যু হইবে। ২

ইহার বিশেষ বিবরণ রিষ্টাধ্যায়ে ও নির্য্যাণে বিবৃত হইবে। ৩

ইত্যষ্টম ভাব।

অথ নবমভাব।

ধর্ম্মকার্য্যেপ্রবৃত্তি, ভাগ্যোপপত্তি, চরিত্রশুদ্ধি, তীর্থযাত্রা ও প্রণয় এই সকল পুণ্যালয়ে অর্থাৎ নবম স্থানে নিরূপিত হইবে। ১

তন্বাদি অন্যান্য স্থান ত্যাগ করিয়া, অগ্রে ভাগ্যস্থান চিন্তা করা বিশেষরূপে আবশ্যক। যে হেতু আয়ুঃ, বিদ্যা, যশঃ ও বিত্ত এই সমস্তই ভাগ্যাধীন। ২

গণিতজ্ঞ পণ্ডিতগণ অন্যান্য চিন্তা পরিত্যাগ করিয়া, যত্নসহকারে ভাগ্যচিন্তা করিবেন। ভাগ্যধর ব্যক্তির জীবন, মাতা, পিতা ও বংশ সকলই ধন্য। ৩।

যাহার বিপুল বিত্ত আছে, সেই ব্যক্তিই কুলীন, পণ্ডিত, মেধাবী, শাস্ত্রজ্ঞ, বক্তা, সুস্ত্রী, ভাগ্যশালী ও বহুগুণান্বিত হয়। ৪

লগ্ন ও চন্দ্র হইতে নবমস্থানকে ভাগ্যালয় বলে, ঐ স্থানের অধিপতি শুভগ্রহ যদি তৎস্থানস্থ হয়, কিম্বা ঐ স্থানে উক্ত শুভগ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে মনুষ্য স্বদেশোদ্ভব ভাগ্যফল ভোগ করে। আর যদি ঐ ভাগ্য স্থান, অধিপতি ভিন্ন স্বীয় উচ্চ গৃহস্থ শুভগ্রহ কর্তৃক দৃষ্ট বা যুক্ত হয়, তাহা হইলে মানব দেশান্তরে ভাগ্যবান্ হয়। পরন্তু ক্রুর গ্রহ এই রূপ হইলে মনুষ্য বিবিধ দুঃখভোগ করে। ৫

ভাগ্যেশ্বর যদি বলবান্ হইয়া ভাগ্য স্থানে কিম্বা

স্বগৃহে বিরাজ করেন, তাহা হইলে ঐ স্থানের গ্রহসংস্থান বিবেচনা করিয়া শুভাশুভ ফল বিবেচনা করিবে ॥৬

যাহার জন্মকালে লগ্নস্থ, তৃতীয়স্থ ও পঞ্চমস্থ বলবান গ্রহের নবমস্থানে দৃষ্টি থাকে, তাহা হইলে সেই ব্যক্তি রূপবান্, বিলাসশীল ও বহুলার্থযুক্ত হয় ॥ ৭

যে মনুষ্যের জন্মকালে নবমস্থ গ্রহ স্বগৃহস্থ হইয়া শুভ গ্রহ কর্তৃক লক্ষিত হয়, সেই মনুষ্য ভাগ্যশালী ও মানস সরোবরের হংসের ন্যায় স্বীয় কুলের ভুষণ স্বরূপ হয়। ৮

নবমস্থ রবি এবং মঙ্গল যদি পুর্ণেন্দুযুক্ত ও বলবান হয়, তাহা হইলে মনুষ্য স্বীয় বংশের মর্য্যাদানুসারে শুভ গ্রহের দশায় রাজমন্ত্রী কিম্বা রাজা হয়। ৯

যদি কোন গ্রহ ভাগ্য স্থানে অবস্থিতি করেন, এবং ঐ গৃহ তাহার উচ্চস্থান হয় তবে ঐ মনুষ্য ঐশ্বর্য্য শালী হয় এবং শুভ গ্রহ কর্তৃক দৃষ্ট হইলে মনুষ্য বলবান্, বিলাসশীল ও ভুপতি হয়। ১০

ইতি নবমভাব।

অথ দশমভাব।

দশম অর্থাৎ কর্ম্মস্থানে ব্যাপার, মুদ্রা, রাজসম্মান, রাজ্য, পিতৃ প্রয়োজন, ও উচ্চপদপ্রাপ্তি এই সমস্তের শুভাশুভ বিবেচিত হইবে। ১

কর্ম্ম স্থান প্রধান স্থান, তাহাতে যে যে গ্রহ অবস্থিতি করেন, তাঁহারা সকলই বিশেষ ফল প্রদ, অতএব সর্ব্বপ্রযত্নে কর্ম্ম স্থান বিবেচনা করিবে। ২

যদিও কোষ্ঠীতে শাস্ত্রোক্ত নানাবিধ ফল থাকুক, তথাপি মনুষ্যগণ সংসারসমুদ্র মধ্যে কর্ম্মফলই ভোগ করিয়া থাকে। ৩

ঋষিগণ মনুষ্যের লগ্ন হইতে দশম স্থানে সমুদায় ধর্ম্ম চিন্তা প্রতিষ্ঠিত করিয়াছেন, সুধীগণ রাশির প্রকৃতি দ্বারা ও গ্রহগণের স্বভাব দৃষ্টি ও বলাবল দ্বারা উল্লিখিত সকল বিষয়ের শুভাশুভ চিন্তা করিবেন। ৪

যাহার লগ্ন হইতে দশম স্থানে, শশাঙ্ক অবস্থিতি করেন, সে ব্যক্তি বিবিধ কলা কৌশল, বাক্‌পটুতা, সর্ব্ব বিষয়ে উৎসাহ ও সাহসিক কার্য্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। বিশেষতঃ সে ব্যক্তির নিয়ত জীবিকানির্ব্বাহের উপায় উপস্থিত হয় ॥ ৫

লগ্ন ও রাশি হইতে দশম স্থানে যে গ্রহ বলবান্ হইয়া অবস্থিতি করেন অথবা যে গ্রহ দশম স্থানের অধিপতি হন, মনুষ্য সেই গ্রহের দশায় সেইরূপ বৃত্তি অবলম্বন করে। ৬

যে ব্যক্তির লগ্ন ও রাশি হইতে দশম স্থানে রবির বসতি থাকে সেই ব্যক্তি নানা বিষয়ে উদ্যম ও নানাবৃত্তি বশতঃ বহুধনাদি উপার্জ্জন করে। বিশেষতঃ সে বলবান্, নরনায়ক, পুষ্টাঙ্গ ও প্রফুল্লমনাঃ হয়। ৭

লগ্ন ও চন্দ্র হইতে দশম স্থানে মঙ্গল থাকিলে মনুষ্য সাহসী ক্রূরকর্ম্মা, মৃগয়াশীল ও বিষয়ানুরক্ত হয় এবং কখন কখন দুর্গমধ্যে তাহাকে বাস করিতে হয়। ৮

লগ্ন ও রাশি হইতে কর্ম্মস্থানে বুধ অবস্থিতি করিলে মনুষ্য ঐশ্বর্য্য সম্পন্ন ও অনেকের অধিনায়ক হয়, এবং সে ব্যক্তি শিল্প নিপুণ ও সর্ব্বকার্য্যে সাহসী, পণ্ডিত হইয়া স্বীয় বৃত্তি দ্বারা জীবন যাপন করে। ৯

যাহার লগ্ন বা রাশি হইতে দশম স্থানে বৃহস্পতি অবস্থান করেন, সেই ব্যক্তি বিচিত্র ব্যবসায়, কৌশলে বিপুল ধনসম্পত্তি দ্বারা নির্ম্মল রাজগৌরব প্রাপ্ত হয়। ১০

শুক্র, লগ্ন কিম্বা রাশি হইতে কর্ম্মস্থানগত হইলে মনুষ্য, বিবিধ শাস্ত্র ব্যবসায় দ্বারা ও বহুবিধ শিল্প কর্ম্ম দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। এবং সে দানশীল, জয়ী বিনয়ী, যথেষ্ট ধনবান্ নিরন্তর রাজার নিকট মান প্রাপ্ত ও অতীব সুশীল হয়। ১১

লগ্ন অথবা রাশি হইতে দশম স্থানে শনি থাকিলে মনুষ্য নীচ বৃত্তি অবলম্বন করে, এবং তাহার শরীরের কৃশতা, খেদ, রাজ্যহানি, ভয় ও ধন হানি হয়। অতিশয় চিন্তা ও উদ্বেগনিবন্ধন সে সর্ব্বদা অসুখী থাকে, কখনও সুখানুভব করিতে পারে না। তাহার চরিত্র নির্ম্মল হয় না। ১২

লগ্ন ও রাশি হইতে কর্ম্মস্থানে সূর্য্যাদি গ্রহগণের

অবস্থিতি দ্বারা ক্রমশ জনক, জননী, শত্রু, মিত্র, ভ্রাতা, পুত্র ও কলত্রের নিকট হইতে গ্রহগণের স্বীয় স্বীয় অধিকার সময়ে ধন লাভ কল্পনা করিবে। ১৩

রবি, চন্দ্র, লগ্নাধিপতি ও দশমাধিপতি গ্রহগণ যে নবাংশে থাকেন তাহার অধিপতি গ্রহের বৃত্তি দ্বারা মনুষ্যের বৃত্তি হইবে। রবি নবাংশাধিপতি হইলে মনুষ্য সর্ব্বদা ঔষধ, পশম, তৃণ ও সুবর্ণ ব্যবসায়দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। ১৪

চন্দ্র নবাংশাধিপতি হইলে মনুষ্য স্ত্রী লোকের আশ্রয়ে, উৎপন্ন কৃষি কার্য্যের সাহায্যে জীবিকা নির্ব্বাহ করে এবং মঙ্গল নবাংশাধিপতি হইলে অগ্নি, সৎকার্য্যে সাহস, ধাতু ও অস্ত্র ব্যবসায় অবলম্বন করে। বুধ নবাংশাধিপতি হইলে কাব্য শাস্ত্র ব্যবসায় আশ্রয় করে। ১৫

বৃহস্পতি নবাংশাধিপতি হইলে মনুষ্য দ্বিজ কর্ত্তব্য যাজনাদি ব্যবসায়ী হয়। শুক্র নবাংশাধিপতি হইলে রত্ন, রৌপ্য ও মহিষ্যাদি ব্যবসায়দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, শনৈশ্চর নবাংশাধিপতি হইলে মনুষ্য নীচ কর্ম্ম দ্বারা জীবিকা বৃত্তি আশ্রয় করিয়া থাকে। ১৬

স্ত্রী ও পুরুষের মধ্যে যদি এক জনের রাজযোগ থাকে, তাহা হইলে পত্নী রাজ্ঞী ও পুরুষ রাজা হয়, এইরূপ স্ত্রী পুরুষের মধ্যে যদি এক জনের অপত্য যোগ থাকে তাহা হইলেও সন্তান হইবে। ১৭

কর্ম্মস্থানের অধিপতি, যে গ্রহের নবাংশে অবস্থিতি করেন, মনুষ্য সেই গ্রহের বৃত্তি অনুসারে বৃত্তি ভোগ করে। ইহা পণ্ডিতগণ নির্দ্দেশ করিয়াছেন। ১৮

পণ্ডিতগণ, মিত্র ও অরিগৃহগত গ্রহের অবস্থা দৃষ্টে মনুষ্যের অর্থ সঞ্চয় গণনা করিবেন। যদি রবি তুঙ্গস্থানে, স্বগৃহে কিম্বা ত্রিকোণ স্থানে অবস্থিতি করেন, তবে মনুষ্য নিজ বাহু বীর্য্য প্রভাবে অর্থ উপার্জ্জন করে। ১৯

যাহার লগ্নে, দ্বিতীয়ে ও লাভস্থানে শুভগ্রহ থাকে এবং ঐ শুভগ্রহ যদি বলবান ও উচ্চস্থানস্থায়ী হয়, তাহা হইলে সেই ব্যক্তি প্রভুত ভু-সম্পত্তি ও নানা বিধ সুখ ভোগ করে। ইহা পূর্ব্বতন মুনিগণ নির্দ্দেশ করিয়াছেন। পরন্তু গ্রহগণের বলাবলের তার তম্যে ফলেরও তারতম্য হইয়া থাকে। ২০

ইতি দশমভাব।

অথ আয় ভাব।

গজ, অশ্ব, সুবর্ণ, বস্ত্র, রত্নজাত, যানাদি, মঙ্গল ও ভুষণ, গ্রহবিৎ পণ্ডিতগণ লাভস্থানে এই সকল বিষয়ের শুভাশুভ বিবেচনা করিয়া থাকেন। ১

যদি একাদশ ভাবে সূর্য্য গ্রহের অবস্থিতি বা দৃষ্টি থাকে ও ঐ লাভ স্থান সূর্য্য গ্রহের বর্গ হয়, তাহা হইলে মনুষ্য রাজা, চৌরকুল, কলহ কিম্বা চতুষ্পদ অর্থাৎ গো মহিষ্যাদি হইতে ধন লাভ করে। ২

আয়ভাবে পূর্ণচন্দ্র অবস্থিতি করিলে অথবা উহা চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট বা চন্দ্রের বর্গ হইলে জলাশয়, হস্তী, অশ্ব ও স্ত্রী, ইহাদের বৃদ্ধি হয়, কিন্তু চন্দ্র ক্ষীণ হইলে উক্ত সকলের হ্রাস হয়। ৩

লাভালয়ে মঙ্গল গ্রহের যোগ বা দৃষ্টি থাকিলে বিচিত্র যাত্রা, বহুসাহস, নানা কৌশল ও বুদ্ধিবৃত্তির পরিচালনা দ্বারা উৎকৃষ্ট ভুষণ, মণি ও সুবর্ণাদির লাভ হয়। ৪

একাদশ ভাবে বুধগ্রহ অবস্থিতি করিলে অথবা বুধের দৃষ্টি থাকিলে কিম্বা ঐ লাভালয় বুধের বর্গ হইলে, মনুষ্যের বিবিধ কাব্য ও কলাদি শাস্ত্রবিদ্যা, শিল্পনৈপুণ্য ও লিপিকার্য্য দ্বারা সুখ লাভ হয় এবং সৎসাহস, উৎসাহ ও বাণিজ্যাদি দ্বারা মণি মুক্তা প্রভৃতি রত্ন সঞ্চিত হইয়া থাকে। ৫

যাহার লাভস্থানে বৃহস্পতি থাকেন অথবা ঐ লাভ স্থান যদি বৃহস্পতির বর্গ কিম্বা বৃহস্পতি কর্ত্তৃক বীক্ষিত হয়, তাহা হইলে সেই মনুষ্য যজ্ঞক্রিয়ানুরক্ত সাধুজনানুগামী, রাজাশ্রিত ও কৃপাবান্ হয়, এবং সুবর্ণ প্রভৃতি দ্রব্য, জাত লাভ করে। ৬

একাদশ স্থান যদি শুক্রবর্গ, শুক্রযুক্ত অথবা শুক্র কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে মনুষ্য বেশ্যা ও গমনাগমনাদি দ্বারা প্রচুর পরিমাণে উত্তম রত্ন ও রৌপ্য লাভ করে। ৭

যদি লাভস্থান শনিযুক্ত, শনি দৃষ্ট অথবা শশির ক্ষেত্রাদি বর্গ হয়, তাহা হইলে মনুষ্য বহু সম্মানপুরঃসর নীল, লৌহ, মহিষী, গজ, গ্রাম ও পুরী লাভ করে। ৮

লাভ স্থান শুভগ্রহের বর্গ, শুভগ্রহ যুক্ত বা শুভগ্রহ কর্ত্তৃকবীক্ষিত হয়, তবে মনুষ্যের লাভ হয়। আর লাভস্থানে সকলগ্রহের যোগ ও দৃষ্টি থাকিলে মনুষ্যের নানাপ্রকার অর্থরাশির লাভ হইয়া থাকে। ৯

ইতি আয়ভাব।

অথ ব্যয়ভাব।

হানি, জ্ঞান, ব্যয়, দণ্ড ও বন্ধন এই সকল ব্যয় স্থানে যত্ন পূর্ব্বক চিন্তা করিবে। ১

যাহার ব্যয় স্থানে ক্ষীন চন্দ্র ও সূর্য্য একত্র বা পৃথক্ অবস্থিতি করেন, তাহার সম্পত্তি রাজা হরণ করেন। দ্বাদশ গৃহে মঙ্গলের অবস্থিতি বা দৃষ্টি থাকিলেও উক্ত রূপ ফল জানিবে।২

ব্যয় স্থানে পুর্ণচন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র মনুষ্যের ধন সঞ্চয় করান, আর অন্ত্যভবনস্থ শনি মঙ্গল কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইলে বিত্ত নাশ হয়। ৩

ইতি ব্যয়ভাব।

ইতি শ্রীরসিক মোহন চট্টোপাধ্যায় সংকলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষে ঢুণ্ডিরাজ কৃত জাতকাভরণে ভাবচিন্তাধ্যায় সমাপ্ত।

ইংরাজী মতে দশমাদি লগ্নসারণী।

ফলিত জ্যোতিষের তৃতীয় খণ্ডের প্রথম সংখ্যার প্রথম পৃষ্ঠা হইতে চতুর্থ পৃষ্ঠা পর্য্যন্ত, কিরূপে দশম, একাদশ, দ্বাদশ ও লগ্ন ইত্যাদির স্ফুট গণনা করিতে হয়, তাহার সঙ্কেত লিখিত হইয়াছে। তদ্দ্বারা প্রশ্ন, কিম্বা জন্মকালে কোন রাশির কোন অংশ হইতে কোন অংশ পর্য্যন্ত তনুভাব এবং কোন রাশির কোন অংশ পর্য্যন্ত ধনভাব ইত্যাদি নির্ণয় করিয়া একটী রাশিচক্রে ঐ সকল স্ফুটাংশ অঙ্কিত করিবে। পরে সেই বৎসরের গ্রহস্ফুট পঞ্জিকা দৃষ্টে কোন রাশির কোন অংশে কোন গ্রহ অবস্থিত আছেন, তাহাও ঐ রাশিচক্রে অঙ্কিত করিবে। তৎপরে তৃতীয় খণ্ডের চতুর্থ পৃষ্ঠার দ্বিতীয় স্তম্ভ হইতে একাদশ পৃষ্ঠা পর্য্যন্ত গ্রহ গণের বলাবল জ্ঞানের যে প্রণালী লিখিত আছে তদনুসারে গ্রহগণের বলাবল সাধন করিয়া তাহাদিগের দৃষ্টি বিবেচনায় ফলাফল নিরূপণ করিবে। অন্যান্য দেশের জ্যোতির্ব্বিৎ পণ্ডিতগণ দশমাদি লগ্নস্ফুট ও গ্রহস্ফুট গণনা করিয়া প্রশ্ন প্রভৃতির ফলাফল বলিয়া থাকেন। এবং এই সকল কার্য্যের সুবিধার জন্য দশমাদি লগ্ন স্ফুটের সারণীচক্র প্রকাশ করিয়াছেন। তদ্দৃষ্টে অস্মদ্দেশের ২২ অংশ ৩৫ কলা উত্তর ল্যাটিচুড অর্থাৎ দ্রাঘিমানুসারে ইংলণ্ডীয় জ্যোতির্ব্বিৎ পণ্ডিত গণের মতে ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক পরিগণিত দশমাদি লগ্নস্ফুটচক্র পাঠক বর্গের গোচরার্থে প্রকাশ করিলাম।

বিদগ্ধতোষিণীমতে রবিস্ফুটে অয়নাংশ যোগ করিয়া লগ্নস্ফুট সাধন করিয়া, পরে ঐ রাশিচক্র হইতে অয়নাংশ বিয়োগ করিয়া লগ্ন নির্ণয় করিতে হয়। কিন্তু ইংরাজীমতে লগ্নস্ফুট গণনায় অয়নাংশ বিয়োগ করিতে হয় না। এজন্য এই সারণী চক্রের গণনানুসারে যে লগ্নস্ফুট নির্ণীত হইবে, তাহা অস্মদ্দেশীয় পণ্ডিত গণের গণিত লগ্নস্ফুটের সহিত ঐক্য হইবে না, অতএব এই সারণীচক্র দ্বারা লগ্নস্ফুট স্থির করিয়া তাহা হইতে অয়নাংশ বিয়োগ করিলেই এতদ্দেশীয় পণ্ডিত গণের গণিত লগ্নস্ফুটের সহিত ঐক্য হইবে। সুতরাং এই সারণীচক্র অস্মদ্দেশীয় ও ইংলণ্ডীয় উভয় বিধ জ্যোতির্ব্বেত্তাদিগের ব্যবহৃত হইতে পারিবে।

এই সারণী চক্রের প্রথমস্তম্ভে মাধ্যাহ্নিক রেখার সরল উত্থানঅঙ্ক, দ্বিতীয়স্তম্ভে দশমস্থানের, তৃতীয়স্তম্ভে একাদশস্থানের, চতুর্থস্তম্ভে দ্বাদশস্থানের, পঞ্চমস্তম্ভে লগ্নের, ষষ্ঠস্তম্ভে দ্বিতীয় স্থানের ও সপ্তমস্তম্ভে তৃতীয় স্থানের রাশি এবং উদিতাংশাদি লিখিত হইয়াছে।

এই দশমাদি লগ্নসারণীচক্র দৃষ্টে লগ্নাদির অংশ কলা নির্ণয় করিবার জন্য ইংরাজী পঞ্জিকা হইতে প্রতিদিনের সাইডিরিয়াল টাইম* উদ্ধৃত করিয়া এই পুস্তকে নিবেশিত করা হইল। যে সাইডিরিয়াল টাইম দেওয়া গেল, তাহা হইতে ৫৮ সেকেণ্ড বিয়োগ করিলেই অস্মদ্দেশের সাইডিরিয়াল টাইম স্থির হইবে।

যে মাসের যে তারিখে যত ঘণ্টা ও মিনিট সময়ে লগ্ন স্ফুট নির্ণয় করার প্রয়োজন হইবে, প্রথমতঃ সেই দিনের সাইডিরিয়াল টাইম কত, জানিয়া তাহা হইতে ৫৮ সেকেণ্ড বিয়োগ করিয়া এক স্থানে রাখিবে। পরে প্রশ্ন কিম্বা জন্মকালে দিবা দুই প্রহর হইতে যত ঘণ্টা মিনিট গত হইয়াছে তাহার প্রতি ঘণ্টায় ১০ সেকেণ্ট গ্রহণ করিয়া যত হইবে তাহা ঐ গত ঘণ্টা মিনিটের সহিত যোগ করিয়া পূর্ব্বস্থাপিত সাইডিরিয়াল টাইমের সহিত যোগ করিবে, আর যদি দিবা দুই প্রহরের পূর্ব্বে জন্ম কিম্বা প্রশ্ন হয়, তাহা হইলে তাহার পূর্ব্বদিনের সাইডিরিয়াল টাইম গ্রহণ করিয়া তাহা হইতে ৫৮ সেকেণ্ড বিযুক্ত করিয়া যত ঘণ্টা মিনিট হইবে, তাহার সহিত ঐ পূর্ব্বদিনের দুই প্রহর হইতে প্রশ্ন কিম্বা জন্মকাল পর্য্যন্ত যত ঘণ্টা মিনিট সেকেণ্ড গত হইয়াছে তাহা যোগ করিতে হইবে। এবং ঐ যুক্তাঙ্ক যদি ২৪ ঘণ্টার অধিক হয়, তাহা হইলে ঐ অঙ্ক হইতে ২৪ বিযুক্ত করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহা সারণীচক্রে মাধ্যাহ্নিক রেখার সকল উত্থান স্তম্ভের মধ্যে যে অঙ্কের সদৃশ কিম্বা প্রায় সমান দৃষ্ট হইবে সেই অঙ্কের সংলগ্ন দক্ষিণে তাহার পর স্তম্ভের মধ্যে যে, অঙ্ক দৃষ্ট হইবে সেই অঙ্ক দশম স্থানের উদিতাংশ হইবে। এবং ঐ দশম স্থানের উদিতাংশ অঙ্কের সংলগ্ন দক্ষিণে তাহার পর স্তম্ভে যে অঙ্ক লিখিত আছে তাহা একাদশ স্থানের উদিতাংশ হইবে। ঐ একাদশস্থানের সংলগ্ন দক্ষিণে তাহার পর স্তম্ভে যে অঙ্ক দৃষ্ট হইবে তাহা দ্বাদশ স্থানের উদিতাংশ। ঐ দ্বাদশ স্থানের উদিতাংশ অঙ্কের সংলগ্ন দক্ষিণে তাহার পর স্তম্ভে যে অঙ্ক দেখিবে তাহা লগ্নের উদিতাংশ হইবে। ঐ লগ্নের উদিতাংশ অঙ্কের সংলগ্ন তাহার পর স্তম্ভের অঙ্ক দ্বিতীয় স্থানের উদিতাংশ হইবে। ঐ দ্বিতীয় স্থলের উদিতাংশ অঙ্কের সংলগ্ন তাহার পর স্তম্ভে যে অঙ্ক দৃষ্ট হইবে তাহা তৃতীয় স্থানের উদিতাংশ হইবে। দশমস্থানের বিপরীত যে রাশি হইবে তাহা চতুর্থ স্থান জানিবে এবং দশমস্থানের যে উদিতাংশ হইবে চতুর্থ স্থানের ও সেই উদিতাংশ হইবে। একাদশ স্থানের বিপরীত যে রাশি পঞ্চম স্থানের ও সেই রাশি হইবে, একাদশ স্থানের উদিতাংশ যত পঞ্চম স্থানের উদিতাংশ তত জানিবে। দ্বাদশস্থানের বিপরীত যে রাশি ষষ্ঠ স্থানের ও সেই রাশি, দ্বাদশ স্থানে যত উদিতাংশ ষষ্ঠ স্থানেরও তত উদিতাংশ হইবে। লগ্ন স্থানের বিপরীত যে রাশি, তাহা সপ্তম স্থান, লগ্নস্থানে যত অংশ উদিত হইবে, সপ্তম স্থানেরও তত অংশ উদিত হইবে। দ্বিতীয় স্থানের বিপরীত যে রাশি তাহা অষ্টম স্থান সুতরাং দ্বিতীয় স্থানের যে উদিতাংশ অষ্টম স্থানের ও সেই উদিতাংশ। তৃতীয় স্থানের বিপরীত যে রাশি তাহা নবম

---

* এক দিবস যে সময়ে মাধ্যাহ্নিক রেখার উপর কোন নক্ষত্র দৃষ্ট হয়, সেই সময়াবধি পর দিবস সেই রেখার উপর যে সময়ে তাহাকে পুনর্ব্বার দেখা যায় সেই সময় পর্য্যন্ত কালকে নাক্ষত্রিক দিন কহে। ইহাকে সাইডিরিয়ালটাইম বলা যায়। নাক্ষত্রিক দিনের পরিমাণ ২৩ ঘণ্টা ৫৬ মিনিট ৪৪ সেকেণ্ড পৃথিবী নিজ মেরুদণ্ড অবলম্বন করিয়া এই সময়ে এক বার পরিভ্রমণ করে। এই সাইডিরিয়াল টাইম প্রত্যহ বেলা দুই প্রহর কাল পর্য্যন্ত গণিত হইয়া থাকে।

যে স্থানে রাশিচক্র এবং বিষুব রেখার মিলন হয়, সেই স্থান হইতে মাধ্যাহ্নিক সরল উত্থান অর্থাৎ প্রত্যেক দিবসের সাইডিরিয়াল টাইম গণিত আরম্ভ হয়।

"বিষুব পদদ্বয় পশ্চিমাভিমুখে কিঞ্চিৎ গমন করে, তাহাকেই বিষুব পদ দ্বয়ের পুরোগমন কহে, বস্তুতঃ সে পুরোগমন নহে, পশ্চাদ্গমন। যেহেতু রাশিগণের মধ্যে সূর্য্যের গতি পূর্ব্বাভিমুখী অনুমিত হয়, বিষুব পদদ্বয় উক্ত গতির পরিমাণ সংবৎসরে সপাদবিকলা। অতএব ২৫৭৯১ বৎসরে বিষুব পদদ্বয় এক বার পৃথিবীর চতুর্দ্দিক পরিভ্রমণ করিয়া স্ব স্ব স্থানে পুনরাগমন করে।"

আর্য্যভট্ট কহেন রাশিচক্রও পৃথিবীর মধ্যরেখা যে স্থলে সমসূত্র পাতে মিলিত হয়, সেই স্থলকে ক্রান্তিপাত কহে। সেই ক্রান্তিপাত স্থলে উত্তর দক্ষিণ যে এক রেখা কল্পনা করা যায় তাহাকে বিষুব রেখা কহে, সেই বিষুব রেখা ক্রমে পশ্চিম দিকে গমন করতঃ রাশিচক্রের সর্ব্বত্র ভ্রমণ করে।

সূর্য্যসিদ্ধান্ত মতে যে, নক্ষত্রচক্র ২৭ অংশ পূর্ব্বদিকে ২৭ অংশ পশ্চিম দিকে এই উভয়ে ৫৪ অংশ পর্য্যন্ত দোদুল্যমান হয়, শেষোক্ত মতে যে স্থলে মেষ রাশির প্রথমাংশ সেই স্থলে ক্রান্তিপাত অর্থাৎ বিষুব রেখা হয়, সম্বৎসর মধ্যে যে দুই দিন সূর্য্য ঐ রেখায় থাকেন সেই দুই দিন দিবা রাত্রি সমান হয়। ঐ রেখা ৬৬ বৎসর ৮ মাসে এক এক অংশ সরে, তৎপ্রযুক্ত দিবারাত্রি সমানের ব্যত্যয় হইতেছে। ঐ রেখা পূর্ব্বদিকে যত সরে মেষ সংক্রান্তির তত দিন পূর্ব্বে দিবারাত্রি সমান হয়। প্রায় ১৩৭৯ বৎসর পূর্ব্বে বৈশাখ ও কার্ত্তিক মাসের প্রথম দিবসে অয়ন পরিবর্ত্তিত হইত ঐ স্থান হইতে এই বিষুব রেখা এক এক অংশ সরাতে এইক্ষণে বিষুব রেখা পশ্চিমে ২০ অংশ ৪১ কলা ৪২ বিকলা সরাতে চৈত্র ৯ দিবা রাত্রি সমান হইতেছে।

স্থান, অতএব তৃতীয় স্থানের উদিতাংশ যত হইবে নবম স্থানের উদিতাংশও তত জানিবে।

দৃষ্টান্ত। ইংরাজী ১৮৭৮ সালের ৩১ ডিসেম্বর বাঙ্গালা ১২৮৫ সালের ১৭ পৌষ বেলা ৫ ঘণ্টা ১৭ মিনিটের সময় কোন বালকের জন্ম হইলে ঐ সময় কোন লগ্নের ও দশমাদি কোন্ কোন্ রাশির কত অংশ উদিত, তাহা এই দশমাদি লগ্ন সারণী দ্বারা কিরূপে নির্ণয় করিতে হইবে তাহা নিম্নে লিখিত হইতেছে।

ইংরাজী ১৮৭৮ সালের ৩১ ডিসেম্বর বাঙ্গলা ১৭ পৌষ তারিখের ইংরাজী পঞ্জিকার সাইডিরিয়াল টাইম ১৮ ঘণ্টা ৩৯ মিনিট ৭ সেকেণ্ড হয়, উহা হইতে ৫৮ সেকেণ্ড বিয়োগ করিলে ১৮ ঘণ্টা ৩৮ মিনিট ৯ সেকেণ্ড অবশিষ্ট থাকিল, ইহা এক স্থানে স্থাপন কর। পরে জন্ম কালের বেলা অপরাহ্ন সময়ের ৫ ঘণ্টা ১৭ মিনিটের প্রতি ঘণ্ডায় ১০ সেকেণ্ড করিয়া বৃদ্ধি করিলে প্রায় ৫৩ সেকেণ্ড হয়, অতএব ঐ ৫ ঘণ্টা ১৫ মিনিটের সহিত ৫৩ সেকেণ্ড যোগ করিলে ৫ ঘণ্টা ১৭ মিনিট ৫৩ সেকেণ্ড হইল, এইক্ষণ এই অঙ্ক পূর্ব্ব স্থাপিত সাইডিরিয়াল টাইম ১৮ ঘণ্টা ৩৮ মিনিট ৭ সেকেণ্ডের সহিত যোগ করিলে যুক্তাঙ্ক ২৩ ঘণ্টা ৫৬ মিনিট ৩ সেকেণ্ড হইল।

দশমাদি লগ্নসারণী চক্রের মাধ্যাহ্নিক সরল উত্থান স্তম্ভে দৃষ্টি করিয়া ঐ স্তম্ভের নিম্ন ভাগে প্রায় ঐ অঙ্কের সদৃশ অর্থাৎ ২৩ ঘণ্টা ৫৬ মিনিট ২০ সেকেণ্ড দৃষ্ট হইল। অতএব মাধ্যাহ্নিক সরল উত্থান স্তম্ভে ঐ ২৩ ঘণ্টা ৫৬ মিনিট ২০ সেকেণ্ড অঙ্ক গ্রহণ করিতে হইবে। পরে ঐ ২৩ ঘণ্টা ৫৬ মিনিট ২০ সেকেণ্ড অঙ্কের সংলগ্ন তাহার পর স্তম্ভের অঙ্ক ২৯ অংশ পাওয়া গেল। এইক্ষণ ঐ স্তম্ভের উপরিভাগে দশম স্থান ও মীন রাশি লিখিত আছে, অতএব উহা দ্বারা জানা গেল যে, বেলা ৫ ঘণ্টা ১৭ মিনিটের সময় দশম স্থান মীন রাশির তৎকালে ২৯ অংশ উদয়।

ঐ দশম স্থানের ২৯ অংশের সংলগ্ন তাহার পর স্তম্ভে ৩ অংশ দৃষ্ট হইল, অতএব ঐ স্তম্ভের উপরিভাগের লিখিত একাদশ স্থান এবং ঐ স্তম্ভের মধ্যে অঙ্কিত বৃষ রাশির ৩ অংশ তৎকালে উদয় জানা গেল। ঐ একাদশ স্থানে বৃষ রাশির ৩ অংশ অঙ্কের সংলগ্ন তাহার পর স্তম্ভে ৭ অংশ অঙ্ক দৃষ্ট হইতেছে উহা দ্বাদশ স্থানের এবং ঐ দ্বাদশ স্থানের স্তম্ভের অঙ্কিত মিথুন রাশির ৭ অংশ উদিত। ঐ দ্বাদশ স্থানের ৭ অংশ অঙ্কের সংলগ্ন পরস্তম্ভে ৮ অংশ ৩৬ কলা দৃষ্ট হইতেছে, অতএব ঐ লগ্নস্তম্ভের অঙ্কিত কর্কট লগ্নের ৮ অংশ ৩৬ কলা তৎকালে উদিত স্থির হইল। উহার সংলগ্ন দ্বিতীয় স্তম্ভের ৩ অঙ্ক ঐ রূপ দ্বিতীয় স্থানের স্তম্ভের অঙ্কিত সিংহ রাশির ৩ অংশ নির্ণয় হইবে। এবং ঐ সিংহ রাশির ৩ অংশ অঙ্কের সংলগ্ন তাহার পর স্তম্ভে ঐ প্রণালীতে সিংহ রাশির ২৯ অংশ উদয় স্থির হইবে।

দশম, একাদশ, দ্বাদশ, লগ্ন, দ্বিতীয় ও তৃতীয় স্থানের রাশির নাম উল্লেখে উদিত অংশাদি নির্ণয় হইল। এইক্ষণে উক্ত প্রণালীমতে ঐ দশম স্থানের উল্লিখিত মীন রাশির বিপরীত কন্যা রাশির ২৯ অংশ চতুর্থস্থান। একাদশ স্থানের উল্লিখিত বৃষ রাশির বিপরীত বৃশ্চিক রাশির ৩ অংশ পঞ্চম স্থান দ্বাদশ স্থানের লিখিত মিথুন রাশির বিপরীত ধনুর ৭ অংশ ষষ্ঠ স্থান। লগ্ন স্থানের লিখিত কর্কটের বিপরীত মকরের ৮ অংশ ৩৬ কলা সপ্তমস্থান। দ্বিতীয় স্থান সিংহ রাশির বিপরীত কুম্ভ রাশির ৩ অংশ অষ্টম স্থান, এবং তৃতীয় স্থানের উল্লিলিত সিংহের বিপরীত কুম্ভের ২৯ অংশ নবম স্থান জানিবে। এই দশমাদি লগ্ন ইংরাজী মতে স্থির হইল। এইক্ষণে ঐ লগ্নস্ফুট হইতে অয়নাংশ বিয়োগ করিলেই অস্মদ্দেশের লগ্ন সারণী মতে লগ্ন নির্ণয় হইবে।

এই ইংরাজী মতে সাইডিরিয়াল টাইম অবলম্বন করিয়া ইংরাজী গণনা দ্বারা দশমাদি লগ্নসারণীতে জন্মকালে কর্কট লগ্নের ৮ অংশ ৩৬ কলা বলিয়া উদিতাংশ স্থির হইয়াছে, অধুনা ঐ কর্কটের ৮ অংশ ৩৬ কলা হইতে বর্ত্তমান অয়নাংশ ২০ অংশ ৪১ কলা ৪২ বিকলা বিয়োগ করিলেই স্বদেশানুসারে লগ্ন ও উদিতাংশ নির্ণয় হইবে। কিন্তু ৮ অংশ ৩৬ কলা ঐ ২০ অংশ ৪১ কলা ৪২ বিকলা হইতে কম বিধায় এই ৮ অংশ ৩৬ কলার সহিত পূর্ব্বরাশি মিথুনের ৩০ অংশ যোগ করিলে ৩৮ অংশ ৩৬ কলা হইল। এইক্ষণে ঐ ৩৮ অংশ ৩৬ কলা হইতে বর্ত্তমান অয়নাংশ ২০ অংশ ৪১ কলা ৪২ বিকলা বিয়োগ করিলে ১৭ অংশ ৫৪ কলা অবশিষ্ট থাকিল, অতএব ইহা দ্বারা ১৮৭৮ সালের ৩১ ডিসেম্বর বাঙ্গালা ১৭ পৌষ অপরাহ্ন ৫ ঘণ্টা ১৭ মিনিট সময়ে মিথুন লগ্নে ১৭ অংশ ৫৪ কলা উদয় স্থির হইল। এইরূপ দশমাদি উল্লিখিত লগ্নের অংশাদি হইতে অয়নাংশ বিয়োগ করিয়া অস্মদ্দেশের মতে দশমাদি লগ্নের উদয় নির্ণয় হইবে।

নিম্ন অঙ্কিত দ্বাদশ ভাগে বিভক্ত রাশিচক্রে যেরূপ যে রাশির যে অংশ পর্য্যন্ত যে ভাব এবং যে অংশে যে গ্রহের অবস্থিতি, উল্লিখিত জন্মকালানুসারে লিখিত হইয়াছে তদ্রূপ লগ্নস্ফুট ও গ্রহস্ফুট অঙ্কিত করিয়া ফলাফল বিবেচনা করিবেন।

ইংরাজী মতে গণিত দশমাদি লগ্ন সারণী।

মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান।			১০ দশম স্থান	১১ একাদশ স্থান	১২ দ্বাদশ স্থান	লগ্ন		২ দ্বিতীয় স্থান	৩ তৃতীয় স্থান
			মেষ	বৃষ	মিথুন	কর্কট		সিংহ	সিংহ
ঘণ্টা	মিনিট	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	কলা	অংশ	অংশ
০	০	০	০	৪	৮	৯	২৬	৩	২৯
০	৩	৪০	১	৫	৯	১০	১৫	৪	কন্যা
০	৭	২০	২	৬	১০	১১	৪	৫	১
০	১১	০	৩	৭	১১	১১	৫১	৬	২
০	১৪	৪১	৪	৮	১২	১২	৪১	৭	৩
০	১৮	২১	৫	৯	১৩	১৩	২৯	৭	৪
০	২২	২	৬	১০	১৪	১৪	১৮	৮	৫
০	২৫	৪২	৭	১১	১৪	১৫	৬	৯	৬
০	২৯	২৩	৮	১২	১৫	১৫	৫৬	১০	৭
০	৩৩	৪	৯	১৩	১৬	১৬	৪৫	১১	৮
০	৩৬	৪৫	১০	১৪	১৭	১৭	৩৩	১২	৯
০	৪০	২৬	১১	১৫	১৮	১৮	২২	১৩	১০
০	৪৪	৮	১২	১৬	১৯	১৯	১১	১৩	১১
০	৪৭	৫০	১৩	১৭	২০	১৯	৫৯	১৪	১২
০	৫১	৩২	১৪	১৮	২১	২০	৪৮	১৫	১২
০	৫৫	১৪	১৫	১৯	২১	২১	৩৭	১৬	১৩
০	৫৮	৫	১৬	২০	২২	২২	২৬	১৭	১৪
১	২	৪০	১৭	২১	২৩	২৩	১৫	১৮	১৫
১	৬	২৩	১৮	২২	২৪	২৪	৩	১৯	১৬
১	১০	৭	১৯	২৩	২৫	২৪	৫২	১৯	১৭
১	১৩	৫১	২০	২৪	২৬	২৫	৪১	২০	১৮
১	১৭	৩৫	২১	২৫	২৭	২৬	৩০	২১	১৯
১	২১	২০	২২	২৫	২৮	২৭	২০	২২	২০
১	২৫	৬	২৩	২৬	২৮	২৮	৯	২৩	২১
১	২৮	৫২	২৪	২৭	২৯	২৮	৫৮	২৪	২২
১	৩২	৩৮	২৫	২৮	কর্কট	২৯	৪৮	২৫	২৩
১	৩৬	২৫	২৬	২৯	১	০ সিংহ	৩৮	২৬	২৪
১	৪০	১২	২৭	মিথুন	২	১	২৭	২৬	২৫
১	৪৪	০	২৮	১	৩	২	১৭	২৭	২৬
১	৪৭	৪৮	২৯	২	৪	৩	৮	২৮	২৭
১	৫১	৩৭	৩০	৩	৪	৩	৫৮	২৯	২৮

যখন মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান ০, ০, ০ হইবে, তখন দশম স্থান মেষ রাশির ০ শূন্য অংশ, একাদশ স্থান বৃষের ৪ অংশ, দ্বাদশ স্থান মিথুনের ৮ অংশ এবং তৎকালে কর্কট লগ্নের ৯ অংশ ২৬ কলা উদয় হইবে। দ্বিতীয় স্থান সিংহের ৩ অংশ তৃতীয় স্থান, সিংহের ২৯ অংশ, উদিত এইরূপ নিম্নের অঙ্ক দৃষ্টে মাধ্যাহ্নিক সরল উত্থান রেখা দৃষ্টে বক্রি লগ্নাদির উদয় জানা যাইবে।

দশমাদি লগ্নসারণী।

মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান।			১০ দশম স্থান	১১ একাদশ স্থান	১২ দ্বাদশ স্থান	লগ্ন		২ দ্বিতীয় স্থান	৩ তৃতীয় স্থান
			বৃষ	মিথুন	কর্কট	সিংহ		সিংহ	কন্যা
ঘণ্টা	মিনিট্	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	কলা	অংশ	অংশ
১	৫১	৩৭	০	৩	৪	৩	৫৮	২৯	২৮
১	৫৫	২৭	১	৪	৫	৪	৪৬	কন্যা	২৯
১	৫৯	১৭	২	৫	৬	৫	৩৮	১	২৯
২	৩	৮	৩	৬	৭	৬	২৭	২	তুলা
২	৬	৫৯	৪	৭	৮	৭	১৮	২	২
২	১০	৫১	৫	৮	৯	৮	১০	৩	৩
২	১৪	৪৪	৬	৯	১০	৯	০	৪	৪
২	১৮	৩৭	৭	১০	১১	৯	৫২	৫	৫
২	২২	৩১	৮	১০	১১	১০	৪৩	৬	৬
২	২৬	২৫	৯	১১	১২	১১	৩৫	৭	৭
২	৩০	২০	১০	১২	১৩	১২	২৬	৮	৮
২	৩৪	১৬	১১	১৩	১৪	১৩	১৯	৯	৯
২	৩৮	১৩	১২	১৪	১৫	১৪	১১	১০	১০
২	৪২	১০	১৩	১৫	১৬	১৫	৩	১১	১১
২	৪৬	৮	১৪	১৬	১৭	১৫	৫৬	১২	১২
২	৫০	৭	১৫	১৭	১৮	১৬	৪৯	১৩	১৩
২	৫৪	৭	১৬	১৮	১৯	১৭	৪৩	১৪	১৪
২	৫৮	৭	১৭	১৯	১৯	১৮	৩৬	১৫	১৫
৩	২	৮	১৮	২০	২০	১৯	২৯	১৬	১৬
৩	৬	৯	১৯	২১	২১	২০	২৪	১৭	১৭
৩	১০	১২	২০	২২	২২	২১	১৭	১৮	১৮
৩	১৪	১৫	২১	২৩	২৩	২২	১২	১৯	১৯
৩	১৮	১৯	২২	২৪	২৪	২৩	৬	২০	২০
৩	২২	২৩	২৩	২৫	২৫	২৪	০	২১	২১
৩	২৬	২৯	২৪	২৫	২৬	২৪	৫৫	২২	২২
৩	৩০	৩৫	২৫	২৬	২৭	২৫	৫১	২৩	২৩
৩	৩৪	৪১	২৬	২৭	২৮	২৬	৪৬	২৪	২৪
৩	৩৮	৪৯	২৭	২৮	২৯	২৭	৪২	২৫	২৫
৩	৪২	৫৭	২৮	২৯	২৯	২৮	৩৯	২৬	২৬
৩	৪৭	৬	২৯	কর্কট	সিংহ	২৯	৩৩	২৭	২৭
৩	৫১	১৫	৩০	১	১	০ কন্যা	৩০	২৮	২৮

যখন মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান ১ ঘণ্টা ৫১ মিনিট ৩৭ সেকেণ্ড হইবে, তখন দশম স্থান বৃষের ০ শূন্য অংশ, একাদশস্থান মিথুনের ৩ অংশ, দ্বাদশ স্থান কর্কটের ৪ অংশ, সিংহ লগ্নের ৩ অংশ ৫৮ কলা ইত্যাদি জানিবে।

দশমাদি লগ্নসারণী।

মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান			১০ দশম স্থান	১১ একাদশ স্থান	১২ দ্বাদশ স্থান	লগ্ন		২ দ্বিতীয় স্থান	৩ তৃতীয় স্থান
			মিথুন	কর্কট	সিংহ	কন্যা		কন্যা	তুলা
ঘণ্টা	মিনিট	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	কলা	অংশ	অংশ
৩	৫১	১৫	০	১	১	০	৩০	২৮	২৮
৩	৫৫	২৫	১	২	২	১	২৭	২৯	২৯
	৫৯	৩৬	২	৩	৩	২	২৩	তুলা	বিছা
৪	৩	৪৮	৩	৪	৪	৩	২০	১	১
৪	৮	০	৪	৫	৫	৪	১৭	২	২
৪	১২	১৩	৫	৬	৬	৫	১৫	৩	৪
৪	১৬	২৬	৬	৭	৭	৬	১২	৪	৫
৪	২০	৪০	৭	৮	৮	৭	১০	৫	৬
৪	২৪	৫৫	৮	৯	৯	৮	৮	৬	৭
৪	২৯	১০	৯	১০	১০	৯	৭	৭	৮
৪	৩৩	২৬	১০	১১	১১	১০	৫	৮	৯
৪	৩৭	৪২	১১	১২	১২	১১	৪	৯	১০
৪	৪১	৫৯	১২	১৩	১৩	১২	২	১০	১১
৪	৪৬	১৬	১৩	১৪	১৪	১৩	২	১১	১২
৪	৫০	৩৪	১৪	১৫	১৫	১৪	০	১২	১৩
৪	৫৪	৫২	১৫	১৬	১৬	১৪	৫৯	১৩	১৪
৪	৫৯	১০	১৬	১৭	১৭	১৫	৫৮	১৪	১৫
৫	৩	২৯	১৭	১৮	১৮	১৬	৫৮	১৫	১৬
৫	৭	৪৯	১৮	১৯	১৯	১৭	৫৮	১৬	১৭
৫	১২	৯	১৯	২০	২০	১৮	৫৭	১৮	১৮
৫	১৬	২৯	২০	২১	২১	১৯	৫৭	১৯	১৯
৫	২০	৪৯	২১	২২	২২	২০	৫৭	২০	২০
৫	২৫	৯	২২	২৩	২৩	২১	৫৭	২১	২১
৫	২৯	৩০	২৩	২৪	২৪	২২	৫৭	২২	২২
৫	৩৩	৫১	২৪	২৫	২৫	২৩	৫৮	২৩	২৩
৫	৩৮	১২	২৫	২৬	২৬	২৪	৫৮	২৪	২৪
৫	৪২	৩৪	২৬	২৭	২৭	২৫	৫৮	২৫	২৫
৫	৪৬	৫৫	২৭	২৮	২৮	২৬	৫৯	২৬	২৬
৫	৫১	১৭	২৮	২৯	২৯	২৭	৫৯	২৭	২৭
৫	৫৫	৩৮	২৯	সিংহ	কন্যা	২৮	৫৯	২৮	২৮
৬	০	০	৩০	১	১	৩০	০	২৯	২৯

যখন মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান ৩ ঘণ্টা ৫১ মিনিট ১৫ সেকেণ্ড হইবে, তখন দশম স্থান মিথুনের ০ শূন্য অংশ হইবে, একাদশ স্থান কর্কটের ১ অংশ, দ্বাদশ স্থান সিংহের ১ অংশ, কন্যা লগ্ন ০ অংশ ৩০ কলা ইত্যাদি জানিবে।

দশমাদি লগ্নসারণী।

মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান।			১০ দশম স্থান	১১ একাদশ স্থান	১২ দ্বাদশ স্থান	লগ্ন		২ দ্বিতীয় স্থান	৩ তৃতীয় স্থান
			কর্কট	সিংহ	কন্যা	তুলা		তুলা	বৃশ্চিক
ঘণ্টা	মিনিট	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	কলা	অংশ	অংশ
৬	০	০	০	১	১	০	০	২৯	২৯
৬	৪	২২	১	২	২	১	১	বৃশ্চিক	ধনু
৬	৮	৪৩	২	৩	৩	২	১	১	১
৬	১৩	৫	৩	৪	৪	৩	১	২	২
৬	১৭	২৬	৪	৫	৫	৪	২	৩	৩
৬	২১	৪৮	৫	৬	৬	৫	২	৪	৪
৬	২৬	৯	৬	৭	৭	৬	২	৫	৫
৬	৩০	৩০	৭	৮	৮	৭	২	৬	৬
৬	৩৪	৫১	৮	৯	৯	৮	৩	৭	৭
৬	৩৯	১১	৯	১০	১০	৯	৩	৮	৮
৬	৪৩	৩১	১০	১১	১১	১০	৩	৯	৯
৬	৪৭	৫১	১১	১২	১৩	১১	৩	১০	১০
৬	৫২	১১	১২	১৩	১৪	১২	৩	১১	১১
৬	৫৬	৩১	১৩	১৪	১৫	১৩	৩	১২	১২
৭	০	৫০	১৪	১৫	১৬	১৪	২	১৩	১৩
৭	৫	৮	১৫	১৬	১৭	১৫	১	১৪	১৪
৭	৯	২৬	১৬	১৭	১৮	১৬	০	১৫	১৫
৭	১৩	৪৪	১৭	১৮	১৯	১৬	৫৯	১৬	১৬
৭	১৮	১	১৮	১৯	২০	১৭	৫৮	১৭	১৭
৭	২২	১৮	১৯	২০	২১	১৮	৫৭	১৮	১৮
৭	২৬	৩৪	২০	২১	২২	১৯	৫৬	১৯	১৯
৭	৩০	৫০	২১	২২	২৩	২০	৫৪	২০	২০
৭	৩৫	৫	২২	২৩	২৪	২১	৫২	২১	২১
৭	৩৯	২০	২৩	২৪	২৫	২২	৫০	২২	২২
৭	৪৩	৩৪	২৪	২৫	২৬	২৩	৪৮	২৩	২৩
৭	৪৭	৪৭	২৫	২৭	২৭	২৪	৪৫	২৪	২৪
৭	৫২	০	২৬	২৮	২৮	২৫	৪৩	২৫	২৫
৭	৫৬	১২	২৭	২৯	২৯	২৬	৪০	২৬	২৬
৮	০	২৪	২৮	কন্যা	তুলা	২৭	৩৮	২৭	২৭
৮	৪	৩৫	২৯	১	১	২৮	৩৪	২৮	২৮
৮	৮	৪৫	৩০	২	২	২৯	৩০	২৯	২৯

যখন মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান ৬ ঘণ্টা হইবে, তখন দশম স্থান কর্কটের ০ শূন্য অংশ, একাদশ স্থান সিংহের একঅংশ, দ্বাদশ স্থান কন্যার এক অংশ, তুলা লগ্নের ০ শূন্য অংশ ইত্যাদি জানিবে।

দশমাদি লগ্নসারণী।

মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান।			১০ দশম স্থান	১১ একাদশ স্থান	১২ দ্বাদশ স্থান	লগ্ন		২ দ্বিতীয় স্থান	৩ তৃতীয় স্থান
			সিংহ	কন্যা	তুলা	তুলা		বৃশ্চিক	ধনু
ঘণ্টা	মিনিট	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	কলা	অংশ	অংশ
৮	৮	৪৫	০	২	২	২৯	৩০	২৯	২৯
৮	১২	৫৪	১	৩	৩	০ বৃশ্চিক	২১	ধনু	মকর
৮	১৭	৩	২	৪	৪	১	২২	১	১
৮	২১	১১	৩	৫	৫	২	১৮	১	২
৮	২৫	১৯	৪	৬	৬	৩	১৪	২	৩
৮	২৯	২৬	৫	৭	৭	৪	৯	৩	৪
৮	৩৩	৩১	৬	৮	৮	৫	৫	৪	৫
৮	৩৭	৩৭	৭	৯	৯	৬	০	৫	৫
৮	৪১	৪১	৮	১০	১০	৬	৫৪	৬	৬
৮	৪৫	৪৫	৯	১১	১১	৭	৪৯	৭	৭
৮	৪৯	৪৮	১০	১২	১২	৮	৪৩	৮	৮
৮	৫৩	৫১	১১	১৩	১৩	৯	৩৭	৯	৯
৮	৫৭	৫২	১২	১৪	১৪	১০	৩১	১০	১০
৯	১	৫৩	১৩	১৫	১৫	১১	২৫	১১	১১
৯	৫	৫৩	১৪	১৬	১৬	১২	১৭	১২	১২
৯	৯	৫৩	১৫	১৭	১৭	১৩	১১	১২	১৩
৯	১৩	৫২	১৬	১৮	১৮	১৪	৪	১৩	১৪
৯	১৭	৫০	১৭	১৯	১৯	১৪	৫৭	১৪	১৫
৯	২১	৪৭	১৮	২০	২০	১৫	৫০	১৫	১৬
৯	২৫	৪৪	১৯	২১	২১	১৬	৪২	১৬	১৭
৯	২৯	৪০	২০	২২	২২	১৭	৩৪	১৭	১৮
৯	৩৩	৩৫	২১	২৩	২৩	১৮	২৬	১৮	১৯
৯	৩৭	২৯	২২	২৪	২৪	১৯	১৭	১৯	২০
৯	৪১	২৩	২৩	২৫	২৫	২০	৯	২০	২১
৯	৪৫	১৬	২৪	২৬	২৫	২১	০	২০	২১
৯	৪৯	৯	২৫	২৭	২৬	২১	৫১	২১	২২
৯	৫৩	১	২৬	২৮	২৭	২২	৪২	২২	২৩
৯	৫৬	৫২	২৭	২৯	২৮	২৩	৩৩	২৩	২৪
১০	০	৪৩	২৮	তুলা	২৯	২৪	২৩	২৪	২৫
১০	৪	৩৩	২৯	১	বৃশ্চিক	২৫	১৪	২৫	২৬
১০	৮	২৩	৩০	২	১	২৬	৩	২৬	২৭

যখন মাধ্যাহ্নিকরেখার সরল উত্থান ৮ ঘণ্টা ৮ মিনিট ৪৫ সেকেণ্ড হইবে, তখন দশম রাশি সিংহের শূন্য অংশ, একাদশ রাশি কন্যার ২ অংশ, দ্বাদশ রাশি তুলার ২ অংশ, তুলা লগ্নের ২৯ অংশ ৩০ কলা ইত্যাদি জানিবে।

দশমাদি লগ্নসারণী।

মধ্যাহ্নিক রেখার সরল উত্থান।			১০ দশম স্থান	১১ একাদশ স্থান	১২ দ্বাদশ স্থান	লগ্ন		২ দ্বিতীয় স্থান	৩ তৃতীয় স্থান
			কন্যা	তুলা	বৃশ্চিক	বৃশ্চিক		ধনু	মকর
ঘণ্টা	মিনিট	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	অংশ	অংশ	অংশ
১০	৮	২৩	০	২	১	২৬	৩	২৬	২৭
১০	১২	১২	১	৩	২	২৬	৫৪	২৭	২৮
১০	১৬	০	২	৪	৩	২৭	৪৪	২৭	২৯
১০	১৯	৪৮	৩	৫	৪	২৮	৩৪	২৮	কুম্ভ
১০	২৩	৩৫	৪	৬	৫	২৯	২৩	২৯	১
১০	২৭	২২	৫	৭	৫	০ ধনু	১৩	মকর	২
১০	৩১	৮	৬	৮	৬	১	৩	১	৩
১০	৩৪	৫৪	৭	৯	৭	১	৫২	২	৪
১০	৩৮	৪০	৮	১০	৮	২	৪১	৩	৫
১০	৪২	২৫	৯	১১	৯	৩	৩১	৩	৬
১০	৪৬	৯	১০	১২	১০	৪	২০	৪	৬
১০	৪৯	৫৩	১১	১৩	১১	৫	৯	৫	৭
১০	৫৩	৩৭	১২	১৪	১২	৫	৫৮	৬	৮
১০	৫৭	২০	১৩	১৫	১২	৬	৪৬	৭	৯
১১	১	৩	১৪	১৬	১৩	৭	৩৫	৮	১০
১১	৪	৪৬	১৫	১৭	১৪	৮	২৪	৯	১১
১১	৮	২৮	১৬	১৮	১৫	৯	১৩	৯	১২
১১	১২	১০	১৭	১৮	১৬	১০	২	১০	১৩
১১	১৫	৫২	১৮	১৯	১৭	১০	৫০	১১	১৪
১১	১৯	৩৪	১৯	২০	১৮	১১	৩৯	১২	১৫
১১	২৩	১৫	২০	২১	১৮	১২	২৮	১৩	১৬
১১	২৬	৫৬	২১	২২	১৯	১৩	১৬	১৪	১৭
১১	৩০	৩৭	২২	২৩	২০	১৪	৪	১৫	১৮
১১	৩৪	১৮	২৩	২৪	২১	১৪	৫৫	১৬	১৯
১১	৩৭	৫৮	২৪	২৫	২২	১৫	৪৩	১৭	২০
১১	৪১	৫৯	২৫	২৬	২৩	১৬	৩২	১৭	২১
১১	৪৫	১৯	২৬	২৭	২৩	১৭	২০	১৮	২২
১১	৪৯	০	২৭	২৮	২৪	১৮	৯	১৯	২৩
১১	৫২	৪০	২৮	২৯	২৫	১৮	৫৭	২০	২৪
১১	৫৬	২০	২৯	২৯	২৬	১৯	৪৬	২১	২৫
১২	০	০	৩০	বৃশ্চিক	২৭	২০	৩৪	২২	২৬

যথন মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান দশ ঘণ্টা ৮ মিনিট ২৩ সেকেণ্ড হইবে তখন দশম কন্যার ০ শূন্য অংশ, একাদশ তুলার ২ অংশ, দ্বাদশ স্থান বৃশ্চিকের এক অংশ, লগ্ন বৃশ্চিকের ২৬ অংশ ৩ কলা ইত্যাদি জানিবে।

দশমাদি লগ্নসারণী।

মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান।			১০ দশম স্থান	১১ একাদশ স্থান	১২ দ্বাদশ স্থান	লগ্ন		২ দ্বিতীয় স্থান	৩ তৃতীয় স্থান
			তুলা	বৃশ্চিক	বৃশ্চিক	ধনু		মকর	কুম্ভ
ঘণ্টা	মিনিট্	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	কলা	অংশ	অংশ
১২	০	০	০	০	২৭	২০	৩৪	২২	২৬
১২	৩	৪০	১	১	২৮	২১	২৪	২৩	২৭
১২	৭	২০	২	২	২৮	২২	১৪	২৪	২৮
১২	১১	০	৩	৩	২৯	২৩	৪	২৫	২৯
১২	১৪	৪১	৪	৪	ধনু	২৩	৫৩	২৬	মীন
১২	১৮	২১	৫	৫	১	২৪	৪৩	২৬	১
১২	২২	২	৬	৬	২	২৫	৩৩	২৭	২
১২	২৫	৪২	৭	৭	৩	২৬	২২	২৮	৩
১২	২৯	২৩	৮	৮	৩	২৭	১২	২৯	৪
১২	৩৩	৪	৯	৯	৪	২৮	৩	কুম্ভ	৫
১২	৩৬	৪৫	১০	১০	৫	২৮	৫৩	১	৬
১২	৪০	২৬	১১	১০	৬	২৯	৪৩	২	৭
১২	৪৪	৮	১২	১১	৭	০ মকর	৩৫	৩	৮
১২	৪৭	৫০	১৩	১২	৭	১	২৫	৪	৯
১২	৫১	৩২	১৪	১৩	৮	২	১৭	৫	১০
১২	৫৫	১৪	১৫	১৪	৯	৩	৮	৬	১১
১২	৫৮	৫৭	১৬	১৫	১০	৪	০	৭	১২
১৩	২	৪০	১৭	১৬	১১	৪	৫২	৮	১৩
১৩	৬	২৩	১৮	১৭	১২	৫	৪৪	৯	১৫
১৩	১০	৭	১৯	১৮	১২	৬	৩৬	১০	১৬
১৩	১৩	৫১	২০	১৮	১৩	৭	২৯	১১	১৭
১৩	১৭	৩৫	২১	১৯	১৪	৮	২২	১২	১৮
১৩	২১	২০	২২	২০	১৫	৯	১৬	১৩	১৯
১৩	২৫	৬	২৩	২১	১৬	১০	১০	১৪	২০
১৩	২৮	৫২	২৪	২২	১৭	১১	৩	১৫	২১
১৩	৩২	৩৮	২৫	২৩	১৮	১১	৫৮	১৬	২২
১৩	৩৬	২৫	২৬	২৪	১৮	১২	৫৪	১৭	২৩
১৩	৪০	১২	২৭	২৫	১৯	১৩	৪৮	১৮	২৪
১৩	৪৪	০	২৮	২৬	২০	১৪	৪৩	১৯	২৫
১৩	৪৭	৪৮	২৯	২৬	২১	১৫	৪০	২০	২৬
১৩	৫১	৩৭	৩০	২৭	২২	১৬	৩৬	২১	২৮

যখন মাধ্যাহ্নিকরেখার সরল উত্থান ১২ ঘণ্টা হইবে তখন দশম রাশি তুলার ০ শূন্য অংশ, একাদশ বৃশ্চিকের ০ শূন্য অংশ, দ্বাদশ বৃশ্চিকের ২৭ অংশ, লগ্ন ধনুর ২০ অংশ, ৩৪ কলা দ্বিতীয় মকরের ২২ অংশ তৃতীয় কুম্ভের ২৬ অংশ ইত্যাদি জানিবেন।

দশমাদি লগ্নসারণী।

মধ্যাহ্নিক রেথার সরল উত্থান			১০ দশম স্থান	১১ একাদশ স্থান	১২ দ্বাদশ স্থান	লগ্ন		২ দ্বিতীয় স্থান	৩ তৃতীয় স্থান
			বৃশ্চিক	বৃশ্চিক	ধনু	মকর		কুম্ভ	মীন
ঘণ্টা	মিনিট	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	কলা	অংশ	অংশ
১৩	৫১	৩৭	০	২৭	২২	১৬	৩৬	২১	২৮
১৩	৫৫	২৭	১	২৮	২৩	১৭	৩১	২৩	২৯
১৩	৫৯	১৭	২	২৯	২৪	১৮	৩০	২৪	মেষ
১৪	৩	৮	৩	ধনু	২৪	১৯	২৮	২৫	১
১৪	৬	৫৯	৪	১	২৫	২০	২৬	২৬	২
১৪	১০	৫১	৫	২	২৬	২১	২৫	২৭	৩
১৪	১৪	৪৪	৬	৩	২৭	২২	২৩	২৮	৪
১৪	১৮	৩৭	৭	৪	২৮	২৩	২৩	২৯	৫
১৪	২২	৩১	৮	৫	২৯	২৪	২৩	মীন	৭
১৪	২৬	২৫	৯	৫	মকর	২৫	২৪	২	৮
১৪	৩০	২০	১০	৬	১	২৬	২৫	৩	৯
১৪	৩৪	১৬	১১	৭	২	২৭	২৬	৪	১০
১৪	৩৮	১৩	১২	৮	২	২৮	২৯	৫	১১
১৪	৪২	১০	১৩	৯	৩	২৯	৩২	৬	১২
১৪	৪৬	৮	১৪	১০	৪	০ কুম্ভ	৩৫	৭	১৩
১৪	৫০	৭	১৫	১১	৫	১	৩৯	৯	১৪
১৪	৫৪	৭	১৬	১২	৬	২	৪৩	১০	১৬
১৪	৫৮	৭	১৭	১৩	৭	৩	৪৮	১১	১৭
১৫	২	৮	১৮	১৪	৮	৪	৫৪	১২	১৮
১৫	৬	৯	১৯	১৫	৯	৬	১	১৩	১৯
১৫	১০	১২	২০	১৫	১০	৭	৮	১৫	২০
১৫	১৪	১৫	২১	১৬	১১	৮	১৫	১৬	২১
১৫	১৮	১৯	২২	১৭	১২	৯	২৩	১৭	২৩
১৫	২২	২৩	২৩	১৮	১৩	১০	৩২	১৮	২৪
১৫	২৬	২৯	২৪	১৯	১৪	১১	৪২	২০	২৫
১৫	৩০	৩৫	২৫	২০	১৫	১২	৫২	২১	২৬
১৫	৩৪	৪১	২৬	২১	১৬	১৪	৪	২২	২৭
১৫	৩৮	৪৯	২৭	২২	১৭	১৫	১৪	২৩	২৮
১৫	৪২	৫৭	২৮	২৩	১৮	১৬	২৬	২৫	২৯
১৫	৪৭	৬	২৯	২৪	১৯	১৭	৪০	২৬	বৃষ
১৫	৫১	১৫	৩০	২৫	২০	১৮	৫৩	২৭	২

যথন মাধ্যাহ্নিক রেথার সরল উত্থান ১৩ ঘণ্টা ৫১ মিনিট ৩৭ সেকেণ্ড হইবে, তথন দশম রাশি বৃশ্চিকের ০ শূন্য অংশ, একাদ স্থান বৃশ্চিকের ২৭ অংশ ইত্যাদি জানিবে।

দশমাদি লগ্নসারণী।

মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান।			১০ দশম স্থান	১১ একাদশ স্থান	১২ দ্বাদশ স্থান	লগ্ন		২ দ্বিতীয় স্থান	৩ তৃতীয় স্থান
			ধনু	ধনু	মকর	কুম্ভ		মীন	বৃষ
ঘণ্টা	মিনিট্	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	কলা	অংশ	অংশ
১৫	৫১	১৫	০	২৫	২০	১৮	৫৩	২৭	২
১৫	৫৫	২৫	১	২৬	২১	২০	৮	২৯	৩
১৫	৫৯	৩৬	২	২৭	২২	২১	২২	মেষ	৪
১৬	৩	৪৮	৩	২৮	২৩	২২	৩৮	১	৫
১৬	৭	০	৪	২৯	২৪	২৩	৫৪	২	৬
১৬	১২	১৩	৫	মকর	২৫	২৫	১২	৪	৭
১৬	১৬	২৬	৬	১	২৬	২৬	৩০	৫	৯
১৬	২০	৪০	৭	২	২৭	২৭	৪৭	৬	১০
১৬	২৪	৫৫	৮	৩	২৮	২৯	৬	৮	১১
১৬	২৯	১০	৯	৪	২৯	০ মীন	২৬	৯	১২
১৬	৩৩	২৬	১০	৫	কুম্ভ	১	৪৬	১০	১৩
১৬	৩৭	৪২	১১	৫	১	৩	৬	১২	১৪
১৬	৪১	৫৯	১২	৬	৩	৪	২৭	১৩	১৫
১৬	৪৬	১৬	১৩	৭	৪	৫	৫০	১৪	১৬
১৬	৫০	৩৪	১৪	৮	৫	৭	১২	১৬	১৮
১৬	৫৪	৫২	১৫	৯	৬	৮	৩৫	১৭	১৯
১৬	৫৯	১০	১৬	১০	৭	৯	৫৭	১৯	২০
১৭	৩	২৯	১৭	১১	৮	১১	২১	২০	২১
১৭	৭	৪৯	১৮	১৩	৯	১২	৪৬	২১	২২
১৭	১২	৯	১৯	১৪	১১	১৪	১১	২২	২৩
১৭	১৬	২৯	২০	১৫	১২	১৫	৩৬	২৩	২৪
১৭	২০	৪৯	২১	১৬	১৩	১৭	১	২৫	২৫
১৭	২৫	৯	২২	১৭	১৪	১৮	২৭	২৬	২৬
১৭	২৯	৩০	২৩	১৮	১৫	১৯	৫২	২৭	২৮
১৭	৩৩	৫১	২৪	১৯	১৬	২১	১৯	২৯	২৯
১৭	৩৮	১২	২৫	২০	১৮	২২	৪৬	বৃষ	মিথুন
১৭	৪২	৩৪	২৬	২১	১৯	২৪	১১	১	১
১৭	৪৬	৫৫	২৭	২২	২০	২৫	৩৯	২	২
১৭	৫১	১৭	২৮	২৩	২১	২৭	৬	৪	৩
১৭	৫৫	৩৮	২৯	২৪	২৩	২৮	৩৩	৫	৪
১৮	০	০	৩০	২৫	২৪	৩০	০	৬	৫

যখন মাধ্যাহ্নিকরেখার সরল উত্থান ১৫ ঘণ্টা ৫১ মিনিট ১৫ সেকেণ্ড হইবে তখন কুম্ভ লগ্নের ১৮ অংশ ৫৩ কলা ইত্যাদি।

দশমাদি লগ্নসারণী।

মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান।			১০ দশম স্থান মকর	১১ একাদশ স্থান মকর	১২ দ্বাদশ স্থান কুম্ভ	লগ্ন মেষ		২ দ্বিতীয় স্থান বৃষ	৩ তৃতীয় স্থান মিথুন
ঘণ্টা	মিনিট	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	অংশ	অংশ	অংশ
১৮	০	০	০	২৫	২৪	০	০	৬	৫
১৮	৪	২২	১	২৬	২৫	১	২৭	৭	৬
১৮	৮	৪৩	২	২৭	২৬	২	৫৪	৯	৭
১৮	১৩	৫	৩	২৮	২৮	৪	২১	১০	৮
১৮	১৭	২৬	৪	২৯	২৯	৫	৪৮	১১	৯
১৮	২১	৪৮	৫	কুম্ভ	মীন	৭	১৪	১২	১০
১৮	২৬	৯	৬	১	১	৮	৪১	১৪	১১
১৮	৩০	৩০	৭	৩	৩	১০	৮	১৫	১২
১৮	৩৪	৫১	৮	৪	৪	১১	৩৩	১৬	১৩
১৮	৩৯	১১	৯	৫	৫	১২	৫৯	১৭	১৪
১৮	৪৩	৩১	১০	৬	৭	১৪	২৪	১৮	১৫
১৮	৪৭	৫১	১১	৭	৮	১৫	৪৯	২০	১৭
১৮	৫২	১১	১২	৮	৯	১৭	১৪	২১	১৮
১৮	৫৬	৩১	১৩	৯	১০	১৮	৩৯	২২	১৯
১৯	০	৫০	১৪	১০	১২	২০	৩	২৩	২০
১৯	৫	৮	১৫	১১	১৩	২১	২৫	২৪	২১
১৯	৯	২০	১৬	১২	১৪	২২	৪৮	২৫	২২
১৯	১৩	৪৪	১৭	১৪	১৬	২৪	১০	২৬	২৩
১৯	১৮	১	১৮	১৫	১৭	২৫	৩৩	২৮	২৪
১৯	২২	১৮	১৯	১৬	১৮	২৬	৫৪	২৯	২৫
১৯	২৬	৩৪	২০	১৭	২০	২৮	১৪	মিথুন	২৬
১৯	৩০	৫০	২১	১৮	২১	২৯	৩৪	১	২৭
১৯	৩৫	৫	২২	১৯	২২	০ বৃষ	৫৪	২	২৭
১৯	৩৯	২০	২৩	২০	২৪	২	১৪	৩	২৮
১৯	৪৩	৩৪	২৪	২১	২৫	৩	৩০	৪	২৯
১৯	৪৭	৪৭	২৫	২৩	২৬	৪	৪৮	৫	কর্কট
১৯	৫২	০	২৬	২৪	২৮	৬	৬	৬	১
১৯	৫৬	১২	২৭	২৫	২৯	৭	২২	৭	২
২০	০	২৪	২৮	২৬	মেষ	৮	৩৮	৮	৩
২০	৪	৩৫	২৯	২৭	১	৯	৫২	৯	৪
২০	৮	৪৫	৩০	২৮	৩	১১	৭	১০	৫

যখন মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান ১৮ ঘণ্টা হইবে তখন দশম ঘর মকরের ০ শূন্য অংশ হইবে ইত্যাদি।

দশমাদি লগ্নসারণী।

মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান			১০ দশম স্থান	১১ একাদশ স্থান	১২ দ্বাদশ স্থান	লগ্ন		২ দ্বিতীয় স্থান	৩ তৃতীয় স্থান
			কুম্ভ	কুম্ভ	মেষ	বৃষ		মিথুন	কর্কট
ঘণ্টা	মিনিট	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	কলা	অংশ	অংশ
২০	৮	৪৫	০	২৮	৩	১১	৭	১০	৫
২০	১২	৫৪	১	মীন	৪	১২	২০	১১	৬
২০	১৭	৩	২	১	৫	১৩	৩২	১২	৭
২০	২১	১১	৩	২	৭	১৪	৪৫	১৩	৮
২০	২৫	১৯	৪	৩	৮	১৫	৫৬	১৪	৯
২০	২৯	২৬	৫	৪	৯	১৭	৮	১৫	১০
২০	৩৩	৩১	৬	৫	১০	১৮	১৮	১৬	১১
২০	৩৭	৩৭	৭	৬	১২	১৯	২৮	১৭	১২
২০	৪১	৪১	৮	৮	১৩	২০	৩৬	১৮	১৩
২০	৪৫	৪৫	৯	৯	১৪	২১	৪৫	১৯	১৪
২০	৪৯	৩৮	১০	১০	১৫	২২	৫২	২০	১৫
২০	৫৩	৫১	১১	১১	১৭	২৩	৫৯	২১	১৫
২০	৫৭	৫২	১২	১২	১৮	২৫	৬	২২	১৬
২১	১	৫৩	১৩	১৩	১৯	২৬	১২	২৩	১৭
২১	৫	৫৩	১৪	১৪	২০	২৭	১৭	২৪	১৮
২১	৯	৫৩	১৫	১৬	২১	২৮	২১	২৫	১৯
২১	১৩	৫২	১৬	১৭	২৩	২৯	২৫	২৬	২০
২১	১৭	৫০	১৭	১৮	২৪	০ মিথুন	২৮	২৭	২১
২১	২১	৪৭	১৮	১৯	২৫	১	৩১	২৮	২২
২১	২৫	৪৪	১৯	২০	২৬	২	৩৪	২৯	২৩
২১	২৯	৪০	২০	২১	২৭	৩	৩৫	২৯	২৪
২১	৩৩	৩৫	২১	২২	২৯	৪	৩৭	কর্কট	২৫
২১	৩৭	২৯	২২	২৪	বৃষ	৫	৩৭	১	২৬
২১	৪১	২৩	২৩	২৫	১	৬	৩৭	২	২৬
২১	৪৫	১৬	২৪	২৬	২	৭	৩৭	৩	২৭
২১	৪৯	৯	২৫	২৭	৩	৮	৩৬	৪	২৮
২১	৫৩	১	২৬	২৮	৪	৯	৩৪	৫	২৯
২১	৫৬	৫২	২৭	২৯	৫	১০	৩২	৬	সিংহ
২২	০	৪৩	২৮	মেষ	৬	১১	৩০	৬	১
২২	৪	৩৩	২৯	১	৮	১২	২৮	৭	২
২২	৮	২৩	৩০	২	৯	১৩	২৪	৮	৩

যখন মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান ২০ ঘণ্টা ৮ মিনিট ৪৫ সেকেণ্ড হইবে, তখন লগ্ন, বৃষ রাশির ১১ অংশ, ৭ কলা হইবে ইত্যাদি।

দশমাদি লগ্নসারণী।

মাধ্যাহ্নিক রেখার সরল উত্থান।			১০ দশম স্থান	১১ একাদশ স্থান	১২ দ্বাদশ স্থান	লগ্ন		২ দ্বিতীয় স্থান	৩ তৃতীয় স্থান
			মীন	মেষ	বৃষ	মিথুন		কর্কট	সিংহ
ঘণ্টা	মিনিট	সেকেণ্ড	অংশ	অংশ	অংশ	অংশ	কলা	অংশ	অংশ
২২	৮	২৩	০	২	৯	১৩	২৪	৮	৩
২২	১২	১২	১	৪	১০	১৪	২০	৯	৪
২২	১৬	০	২	৫	১১	১৫	১৭	১০	৪
২২	১৯	৫৮	৩	৬	১২	১৬	১২	১১	৫
২২	২৩	৩৫	৪	৭	১৩	১৭	৭	১২	৬
২২	২৭	২২	৫	৮	১৪	১৮	২	১৩	৭
২২	৩১	৮	৬	৯	১৫	১৮	৫৭	১৩	৮
২২	৩৪	৫৪	৭	১০	১৬	১৯	৫০	১৪	৯
২২	৩৮	৪০	৮	১১	১৭	২০	৪৪	১৫	১০
২২	৪২	২৫	৯	১২	১৮	২১	৩৮	১৬	১১
২২	৪৬	৯	১০	১৩	১৯	২২	৩১	১৭	১২
২২	৪৯	৫৩	১১	১৪	২০	২৩	২৪	১৮	১২
২২	৫৩	৩৭	১২	১৬	২১	২৪	১৬	১৮	১৩
২২	৫৭	২০	১৩	১৭	২২	২৫	৮	১৯	১৪
২৩	১	৩	১৪	১৮	২৩	২৬	০	২০	১৫
২৩	৪	৪৬	১৫	১৯	২৪	২৬	৫২	২১	১৬
২৩	৮	২৮	১৬	২০	২৫	২৭	৪৩	২২	১৭
২৩	১২	১০	১৭	২১	২৬	২৮	৩৫	২৩	১৮
২৩	১৫	৫২	১৮	২২	২৭	২৯	২৫	২৩	১৯
২৩	১৯	৩৪	১৯	২৩	২৮	০ কর্কট	১৭	২৪	২০
২৩	২৩	১৫	২০	২৪	২৯	১	৭	২৫	২১
২৩	২৬	৫৬	২১	২৫	মিথুন	১	৫৭	২৬	২১
২৩	৩০	৩৭	২২	২৬	১	২	৪৭	২৭	২২
২৩	৩৪	১৮	২৩	২৭	২	৩	৩৮	২৮	২৩
২৩	৩৭	৫৮	২৪	২৮	৩	৪	২৭	২৮	২৪
২৩	৪১	৩৯	২৫	২৯	৪	৫	১৮	২৯	২৫
২৩	৪৫	১৯	২৬	বৃষ	৪	৬	৭	সিংহ	২৬
২৩	৪৯	০	২৭	১	৫	৬	৫৬	১	২৭
২৩	৫২	৪০	২৮	২	৬	৭	৪৬	২	২৮
২৩	৫৬	২০	২৯	৩	৭	৮	৩৬	৩	২৯
২৪	০	০	৩০	৪	৮	৯	২৬	৩	২৯

যখন মাধ্যাহ্নিকরেখার সরল উত্থান ২২ ঘণ্টা ৮ মিনিট ২৩ সেকেণ্ড হইবে, দশম স্থান মীন রাশির ০ শূন্য অংশ, একাদশ স্থান মেষ রাশির ২ অংশ, ইত্যাদি।

জন্মকুণ্ডলী উদাহরণ চক্র। নং ১

জন্মকালে	ইংরাজী মতে গণনা	জন্মকালে
লগ্ন—মিথুন ১৭ অংশ ৩৬ কলা	ইং ১৮৭৮ সাল ৩১ ডিসেম্বর	রবি ধনু রাশির ১৭ অংশে
দ্বিতীয়—ধনভাব কর্কট ১২ অংশ	সন ১২৮৫ সাল ১৭ পৌষ	চন্দ্র মীন রাশির ১৬অংশে
তৃতীয়—সহজভাব সিংহ ৮ অংশ	দিবা অপরাহ্ন ৫ ঘণ্টা	মঙ্গল বৃশ্চিক রাশির ১২ অংশে
চতুর্থ—বন্ধুভাব কন্যা ৮ অংশ	১৭ মিনিট	বুধ ধনুরাশির ১ অংশে
পঞ্চম—পুত্রভাব তুলা ১২ অংশ	জন্ম সময়	বৃহস্পতি মকর রাশির ১৯ অংশে
ষষ্ঠ—রিপুভাব বৃশ্চিক ১৬ অংশ	শকাব্দাঃ ১৮০০	শুক্র ধনুরাশির ২৫ অংশে
সপ্তম—জায়াভাব ধনু ১৭ অংশ৩৬ কলা		শনি মীনরাশির ৩ অংশে
অষ্টম—নিধনভাব মকর ১২ অংশ		রাহু মকরাশির ১৫ অংশে
নবম—ধর্ম্মভাব কুম্ভ ৮ অংশ		কেতু কর্কট রাশির ১৫ অংশে
দশম—কর্ম্মভাব মীন ৮ অংশ		
একাদশ—আয়ভাব মেষ ১২ অংশ		
দ্বাদশ—ব্যয়ভাব বৃষ ৬ অংশ।		

সাইডিরিয়াল টাইম।

সন ১২৮৪ সালের ১০ই চৈত্র হইতে ১২৮৫ সালের ১২ চৈত্র পর্য্যন্ত।

তারিখ	চৈত্র	বৈশাখ	জ্যৈষ্ঠ	আষাঢ়	শ্রাবণ	ভাদ্র	আশ্বিন	কার্ত্তিক	অগ্রহায়ণ	পৌষ	মাঘ	ফাল্গুন	চৈত্র
	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে.	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,
১		১ ২৬ ৯	৩ ২৮ ২৩	৫ ৩০ ৩৬	৭ ৩৬ ৪৬	৯ ৩৮ ৫৯	১১ ৪১ ১২	১৩ ৪৩ ২৫	১৫ ৪১ ৪২	১৭ ৩৬ ২	১৯ ৩০ ২২	২১ ২৮ ৩৯	২৩ ২৬ ৫৫
২		১ ৩০ ৬	৩ ৩২ ১৯	৫ ৩৪ ৩২	৭ ৪০ ৪২	৯ ৪২ ৫৬	১১ ৪৫ ৯	১৩ ৪৭ ২২	১৫ ৪৫ ৩৯	১৭ ৩৯ ৫৯	১৯ ৩৪ ১৮	২১ ৩২ ৩৫	২৩ ৩০ ৫২
৩		১ ৩৪ ২	৩ ৩৬ ১৬	৫ ৩৮ ২৯	৭ ৪৪ ৩৯	৯ ৪৬ ৫২	১১ ৪৯ ৫	১৩ ৫১ ১৮	১৫ ৪৯ ৩৫	১৭ ৪৩ ৫৫	১৯ ৩৮ ১৫	২১ ৩৬ ৩২	২৩ ৩৪ ৪৮
৪		১ ৩৭ ৫৯	৩ ৪০ ১২	৫ ৪২ ২৬	৭ ৪৮ ৩৫	৯ ৫০ ৪৯	১১ ৫৩ ২	১৩ ৫৫ ১৫	১৫ ৫৩ ৩২	১৭ ৪৭ ৫২	১৯ ৪২ ১২	২১ ৪০ ২৮	২৩ ৩৮ ৪৫
৫		১ ৪১ ৫৬	৩ ৪৪ ৯	৫ ৪৬ ২২	৭ ৫২ ৩২	৯ ৫৪ ৪৫	১১ ৫৬ ৫৮	১৩ ৫৯ ১২	১৫ ৫৭ ২৮	১৭ ৫১ ৪৮	১৯ ৪৬ ৮	২১ ৪৪ ২৫	২৩ ৪২ ৪১
৬		১ ৪৫ ৫২	৩ ৪৮ ৫	৫ ৫০ ১৯	৭ ৫৬ ২৯	৯ ৫৮ ৪২	১২ ০ ৫৫	১৪ ৩ ৮	১৬ ১ ২৫	১৭ ৫৫ ৪৫	১৯ ৫০ ৫	২১ ৪৮ ২১	২৩ ৪৬ ৩৮
৭		১ ৪৯ ৪৯	৩ ৫২ ২	৫ ৫৪ ১৫	৮ ০ ২৫	১০ ২ ৩৮	১২ ৪ ৫২	১৪ ৭ ৫	১৬ ৫ ২১	১৭ ৫৯ ৪২	১৯ ৫৪ ১	২১ ৫২ ১৮	২৩ ৫০ ৩৫
৮		১ ৫৩ ৪৫	৩ ৫৫ ৫৮	৫ ৫৮ ১২	৮ ৪ ২২	১০ ৬ ৩৫	১২ ৮ ৪৮	১৪ ১১ ১	১৬ ৯ ১৮	১৮ ৩ ৩৮	১৯ ৫৭ ৫৮	২১ ৫৬ ১৫	২৩ ৫৪ ৩১
৯		১ ৫৭ ৪২	৩ ৫৯ ৫৫	৬ ২ ৮	৮ ৮ ১৮	১০ ১০ ৩১	১২ ১২ ৪৫	১৪ ১৪ ৫৮	১৬ ১৩ ১৪	১৮ ৭ ৩৫	২০ ১ ৫৪	২২ ০ ১১	২৩ ৫৮ ২৮
১০	২৩ ৫৯ ২৫	২ ১ ৩৮	৪ ৩ ৫২	৬ ৬ ৫	৮ ১২ ১৫	১০ ১৪ ২৮	১২ ১৬ ৪১	১৪ ১৮ ৫৪	১৬ ১৭ ১১	১৮ ১১ ৩১	২০ ৫ ৫১	২২ ৪ ৮	০ ২ ২৪
১১	০ ৩ ২২	২ ৫ ৩৫	৪ ৭ ৪৮	৬ ১০ ১	৮ ১৬ ১১	১০ ১৮ ২৫	১২ ২০ ৩৮	১৪ ২২ ৫১	১৬ ২১ ৮	১৮ ১৫ ২৮	২০ ৯ ৪৮	২২ ৮ ৪	০ ৬ ২১
১২	০ ৭ ১৮	২ ৯ ৩১	৪ ১১ ৪৫	৬ ১৩ ৫৮	৮ ২০ ৮	১০ ২২ ২১	১২ ২৪ ৩৪	১৪ ২৬ ৪৭	১৬ ২৫ ৪	১৮ ১৯ ২৪	২০ ১৩ ৪৪	২২ ১২ ১	০ ১০ ১৭
১৩	০ ১১ ১৫	২ ১৩ ২৮	৪ ১৫ ৪১	৬ ১৭ ৫৫	৮ ২৪ ৪	১০ ২৬ ১৮	১২ ২৮ ৩১	১৪ ৩০ ৪৪	১৬ ২৯ ১	১৮ ২৩ ২১	২০ ১৭ ৪১	২২ ১৫ ৫৭	
১৪	০ ১৫ ১১	২ ১৭ ২৫	৪ ১৯ ৩৮	৬ ২১ ৫১	৮ ২৮ ১	১০ ৩০ ১৪	১২ ৩২ ২৭	১৪ ৩৪ ৪১	১৬ ৩২ ৫৭	১৮ ২৭ ১৭	২০ ২১ ৩৭	২২ ১৯ ৫৪	
১৫	০ ১৯ ৮	২ ২১ ২১	৪ ২৩ ৩৪	৬ ২৫ ৪৮	৮ ৩১ ৫৮	১০ ৩৪ ১১	১২ ৩৬ ২৪	১৪ ৩৮ ২৭	১৬ ৩৬ ৫৪	১৮ ৩১ ১৪	২০ ২৫ ৩৪	২২ ২৩ ৫০	
১৬	০ ২৩ ৫	২ ২৫ ১৮	৪ ২৭ ৩১	৬ ২৯ ৪৪	৮ ৩৫ ৫৪	১০ ৩৮ ৭	১২ ৪০ ২০	১৪ ৪২ ৩৪	১৬ ৪০ ৫০	১৮ ৩৫ ১১	২০ ২৯ ৩০	২২ ২৭ ৪৭	
১৭	০ ২৭ ১	২ ২৯ ১৪	৪ ৩১ ২৮	৬ ৩৩ ৪১	৮ ৩৯ ৫১	১০ ৪২ ৪	১২ ৪৪ ১৭	১৪ ৪৬ ৩০	১৬ ৪৪ ৪৭	১৮ ৩৯ ৭	২০ ৩৩ ২৭	২২ ৩১ ৪৩	
১৮	০ ৩০ ৫৮	২ ৩৩ ১১	৪ ৩৫ ২৪	৬ ৩৭ ৩৭	৮ ৪৩ ৪৭	১০ ৪৬ ০	১২ ৪৮ ১৪	১৪ ৫০ ২৭	১৬ ৪৮ ৪৩	১৮ ৪৩ ৩	২০ ৩৭ ২৩	২২ ৩৫ ৪০	
১৯	০ ৩৪ ৫৪	২ ৩৭ ৭	৪ ৩৯ ২১	৬ ৪১ ৩৪	৮ ৪৭ ৪৪	১০ ৪৯ ৫৭	১২ ৫২ ১০	১৪ ৫৪ ২৩	১৬ ৫২ ৪০	১৮ ৪৭ ০	২০ ৪১ ২০	২২ ৩৯ ৩৭	
২০	০ ৩৮ ৫১	২ ৪১ ৪	৪ ৪৩ ১৭	৬ ৪৫ ৩১	৮ ৫১ ৪০	১০ ৫৩ ৫৪	১২ ৫৬ ৭	১৪ ৫৮ ২০	১৬ ৫৬ ৩৭	১৮ ৫০ ৫৭	২০ ৪৫ ১৭	২২ ৪৩ ৩৩	
২১	০ ৪২ ৪৭	২ ৪৫ ০	৪ ৪৭ ১৪	৬ ৪৯ ২৭	৮ ৫৫ ৩৭	১০ ৫৭ ৫০	১৩ ০ ৩	১৫ ২ ১৬	১৭ ০ ৩৩	১৮ ৫৪ ৫৩	২০ ৪৯ ১৩	২২ ৪৭ ৩০	
২২	০ ৪৬ ৪৪	২ ৪৮ ৫৭	৪ ৫১ ১০	৬ ৫৩ ২৪	৮ ৫৯ ৩৩	১১ ১ ৪৭	১৩ ৪ ০	১৫ ৬ ১৩	১৭ ৪ ৩০	১৮ ৫৮ ৫০	২০ ৫৩ ১০	২২ ৫১ ২৬	
২৩	০ ৫০ ৪০	২ ৫২ ৫৪	৪ ৫৫ ৭	৬ ৫৭ ২০	৯ ৩ ৩০	১১ ৫ ৪৩	১৩ ৭ ৫৬	১৫ ১০ ১০	১৭ ৮ ২৬	১৯ ২ ৪৬	২০ ৫৭ ৬	২২ ৫৫ ২৩	
২৪	০ ৫৪ ৩৭	২ ৫৬ ৫০	৪ ৫৯ ৩	৭ ১ ১৭	৯ ৭ ২৭	১১ ৯ ৪০	১৩ ১১ ৫৩	১৫ ১৪ ৬	১৭ ১২ ২৩	১৯ ৬ ৪৩	২১ ১ ৩	২২ ৫৯ ১৯	
২৫	০ ৫৮ ৩৩	৩ ০ ৪৭	৫ ৩ ০	৭ ৫ ১৩	৯ ১১ ২৩	১১ ১৩ ৩৬	১৩ ১৫ ৪৯	১৫ ১৮ ৩	১৭ ১৬ ১৯	১৯ ১০ ৪০	২১ ৪ ৫৯	২৩ ৩ ১৬	
২৬	১ ২ ৩০	৩ ৪ ৪৩	৫ ৬ ৫৭	৭ ৯ ১০	৯ ১৫ ২০	১১ ১৭ ৩৩	১৩ ১৯ ৪৬	১৫ ২১ ৫৯	১৭ ২০ ১৬	১৯ ১৪ ৩৬	২১ ৮ ৫৬	২৩ ৭ ১৩	
২৭	১ ৬ ২৭	৩ ৮ ৪০	৫ ১০ ৫৩	৭ ১৩ ৬	৯ ১৯ ১৬	১১ ২১ ২৯	১৩ ২৩ ৪৩	১৫ ২৫ ৫৬	১৭ ২৪ ১৩	১৯ ১৮ ৩২	২১ ১২ ৫২	২৩ ১১ ৯	
২৮	১ ১০ ২৩	৩ ১২ ৩৬	৫ ১৪ ৫০	৭ ১৭ ৩	৯ ২৩ ১৩	১১ ২৫ ২৬	১৩ ২৭ ৩৯	১৫ ২৯ ৫২	১৭ ২৮ ৯	১৯ ২২ ২৯	২১ ১৬ ৪৯	২৩ ১৫ ৬	
২৯	১ ১৪ ২০	৩ ১৬ ৩৩	৫ ১৮ ৪৬	৭ ২১ ০	৯ ২৭ ৯	১১ ২৯ ২৩	১৩ ৩১ ৩৬	১৫ ৩৩ ৪৯	১৭ ৩২ ৬	১৯ ২৬ ২৫	২১ ২০ ৪৬	২৩ ১৯ ২	
৩০	১ ১৮ ১৬	৩ ২০ ২৯	৫ ২২ ৪৩	৭ ২৪ ৫৬	৯ ৩১ ৬	১১ ৩৩ ১৯	১৩ ৩৫ ৩২	১৫ ৩৭ ৪৫			২১ ২৪ ৪২	২৩ ২২ ৫৯	
৩১	১ ২২ ১৩	৩ ২৪ ২৬	৫ ২৬ ৩৯	৭ ২৮ ৫৩	৯ ৩৫ ২	১১ ৩৭ ১৬	১৩ ৩৯ ২৯						
৩২				৭ ৩২ ৪৯									

লগ্ন সারণী।

অংশ	বৈশাখ মেষ	জ্যৈষ্ঠ বৃষ	আষাঢ় মিথুন	শ্রাবণ কর্কট	ভাদ্র সিংহ	আশ্বিন কন্যা	কার্ত্তিক তুলা	অগ্রহায়ণ বিছা	পৌষ ধনু	মাঘ মকর	ফাল্গুন কুম্ভ	চৈত্র মীন
	ঘ, মি, সে,	ঘ, মি সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,	ঘ, মি, সে,
১	০ ৩ ১৮	১ ৪২ ৪৩	৩ ৩৯ ৯	৫ ৫০ ৪০	৮ ৭ ৭	১০ ২০ ১৩	১২ ৩২ ২	১৪ ৪৬ ১৭	১৭ ২ ২৩	১৯ ৮ ৪৯	২০ ৫৭ ৩২	২২ ৩২ ২১
২	০ ৬ ৩৫	১ ৪৬ ৩৫	৩ ৪৩ ৩২	৫ ৫৫ ১৩	৮ ১১ ৩৪	১০ ২৪ ৩৬	১২ ৩৬ ৩০	১৪ ৫০ ৪৯	১৭ ৬ ৩৫	১৯ ১২ ২৭	২১ ০ ৪১	২২ ৩৫ ২৩
৩	০ ৯ ৫৩	১ ৫০ ২৬	৩ ৪৭ ৫৫	৫ ৫৯ ৪৬	৮ ১৬ ০	১০ ২৯ ০	১২ ৪০ ৫৮	১৪ ৫৫ ২২	১৭ ১০ ৪৯	১৯ ১৬ ৫	২১ ৩ ৫১	২২ ৩৮ ২৪
৪	০ ১৩ ১১	১ ৫৪ ১৮	৩ ৫২ ১৭	৬ ৪ ১৯	৮ ২০ ২৬	১০ ৩৩ ২৩	১২ ৪৫ ২৭	১৪ ৫৯ ৫৫	১৭ ১৫ ৩	১৯ ১৯ ৪৪	২১ ৭ ১	২২ ৪১ ২৫
৫	০ ১৬ ২৮	১ ৫৮ ১০	৩ ৫৬ ৪০	৬ ৮ ৫৩	৮ ২৪ ৫৩	১০ ৩৭ ৪৭	১২ ৪৯ ৫৫	১৫ ৪ ২৮	১৭ ১৯ ১৭	১৯ ২৩ ২২	২১ ১০ ১১	২২ ৪৪ ২৭
৬	০ ১৯ ৪৬	২ ২ ২	৪ ১ ৩	৬ ১৩ ২৬	৮ ২৯ ১৯	১০ ৪২ ১০	১২ ৫৪ ২৪	১৫ ৯ ১	১৭ ২৩ ৩২	১৯ ২৭ ১	২১ ১৩ ২১	২২ ৪৭ ২৮
৭	০ ২৩ ৪	২ ৫ ৫৪	৪ ৫ ২৫	৬ ১৭ ৫৯	৮ ৩৩ ৪৫	১০ ৪৬ ৩৪	১২ ৫৮ ৫২	১৫ ১৩ ৩৩	১৭ ২৭ ৪৬	১৯ ৩০ ৩৯	২১ ১৬ ৩১	২২ ৫০ ২৯
৮	০ ২৬ ২২	২ ৯ ৪৬	৪ ৯ ৪৮	৬ ২২ ৩২	৮ ৩৮ ১১	১০ ৫০ ৫৭	১৩ ৩ ২০	১৫ ১৮ ৬	১৭ ৩২ ০	১৯ ৩৪ ১৭	২১ ১৯ ৪১	২২ ৫৩ ৩১
৯	০ ২৯ ৩৯	২ ১৩ ৩৮	৪ ১৪ ১১	৬ ২৭ ৫	৮ ৪২ ৩৮	১০ ৫৫ ২১	১৩ ৭ ৪৯	১৫ ২২ ৩৯	১৭ ৩৬ ১৪	১৯ ৩৭ ৫৬	২১ ২২ ৫১	২২ ৫৬ ৩২
১০	০ ৩২ ৫৭	২ ১৭ ২৯	৪ ১৮ ৩৩	৬ ৩১ ৩৮	৮ ৪৭ ৪	১০ ৫৯ ৪৪	১৩ ১২ ১৭	১৫ ২৭ ১১	১৭ ৪০ ২৮	১৯ ৪১ ৩৪	২১ ২৬ ১	২২ ৫৯ ৩৩
১১	০ ৩৬ ১৫	২ ২১ ২২	৪ ২২ ৫৬	৬ ৩৬ ১১	৮ ৫১ ৩০	১১ ৪ ৮	১৩ ১৬ ৪৫	১৫ ৩১ ৪৪	১৭ ৪৪ ৪২	১৯ ৪৫ ১২	২১ ২৯ ১১	২৩ ২ ৩৫
১২	০ ৩৯ ৩২	২ ২৫ ১৩	৪ ২৭ ১৯	৬ ৪০ ৪৫	৮ ৫৫ ৫৭	১১ ৮ ৩১	১৩ ২১ ১৪	১৫ ৩৬ ১৭	১৭ ৪৮ ৫৬	১৯ ৪৮ ৫১	২১ ৩২ ২১	২৩ ৫ ৩৬
১৩	০ ৪২ ৫০	২ ২৯ ৫	৪ ৩১ ৪১	৬ ৪৫ ১৮	৯ ০ ২৩	১১ ১২ ৫৫	১৩ ২৫ ৪২	১৫ ৪০ ৫০	১৭ ৫৩ ১০	১৯ ৫২ ২৯	২১ ৩৫ ৩১	২৩ ৮ ৩৭
১৪	০ ৪৬ ৮	২ ৩২ ৫৭	৪ ৩৬ ৪	৬ ৪৯ ৫১	৯ ৪ ৪৯	১১ ১৭ ১৮	১৩ ৩০ ১০	১৫ ৪৫ ২৩	১৭ ৫৭ ২৪	১৯ ৫৬ ৮	২১ ৩৮ ৪১	২৩ ১১ ৩৯
১৫	০ ৪৯ ২৫	২ ৩৬ ৪৯	৪ ৪০ ২৭	৬ ৫৪ ২৪	৯ ৯ ১৫	১১ ২১ ৪২	১৩ ৩৪ ৩৯	১৫ ৪৯ ৫৫	১৮ ১ ৩৯	১৯ ৫৯ ৪৬	২১ ৪১ ৫১	২৩ ১৪ ৪০
১৬	০ ৫২ ৪৩	২ ৪০ ৪১	৪ ৪৪ ৪৯	৬ ৫৮ ৫৭	৯ ১৩ ৪২	১১ ২৬ ৫	১৩ ৩৯ ৭	১৫ ৫৪ ২৮	১৮ ৫ ৫৩	২০ ৩ ২৪	২১ ৪৫ ১	২৩ ১৭ ৪১
১৭	০ ৫৬ ১	২ ৪৪ ৩৩	৪ ৪৯ ১২	৭ ৩ ৩০	৯ ১৮ ১৮	১১ ৩০ ২৮	১৩ ৪৩ ৩৫	১৫ ৫৯ ১	১৮ ১০ ৭	২০ ৭ ৩	২১ ৪৮ ১১	২৩ ২০ ৪৩
১৮	০ ৫৯ ১৮	২ ৪৮ ২৪	৪ ৫৩ ৩৫	৭ ৮ ৩	৯ ২২ ৩৪	১১ ৩৪ ৫২	১৩ ৪৮ ৪	১৬ ৩ ৩৪	১৮ ১৪ ২১	২০ ১০ ৪১	২১ ৫১ ২১	২৩ ২৩ ৪৪
১৯	১ ২ ৩৬	২ ৫২ ১৬	৪ ৫৭ ৫৭	৭ ১২ ৩৭	৯ ২৭ ০	১১ ৩৯ ১৫	১৩ ৫২ ৩২	১৬ ৮ ৬	১৮ ১৮ ৩৫	২০ ১৪ ১৯	২১ ৫৪ ৩১	২৩ ২৬ ৪৫
২০	১ ৫ ৫৪	২ ৫৬ ৮	৫ ২ ২০	৭ ১৭ ১০	৯ ৩১ ২৭	১১ ৪৩ ৩৯	১৩ ৫৭ ১	১৬ ১২ ৩৯	১৮ ২২ ৪৯	২০ ১৭ ৫৮	২১ ৫৭ ৪১	২৩ ২৯ ৪৭
২১	১ ৯ ১২	৩ ০ ০	৫ ৬ ৪৩	৭ ২১ ৪৩	৯ ৩৫ ৫৩	১১ ৪৮ ২	১৪ ১ ২৯	১৬ ১৭ ১২	১৮ ২৭ ৩	২০ ২১ ৩৬	২২ ০ ৫০	২৩ ৩২ ৪৮
২২	১ ১২ ২৯	৩ ৩ ৫২	৫ ১১ ৫	৭ ২৬ ১৬	৯ ৪০ ১৯	১১ ৫২ ২৬	১৪ ৫ ৫৭	১৬ ২১ ৪৫	১৮ ৩১ ২৭	২০ ২৫ ১৫	২২ ৪ ০	২৩ ৩৫ ৪৯
২৩	১ ১৫ ৪৭	৩ ৭ ৪৪	৫ ১৫ ২৮	৭ ৩০ ৪৯	৯ ৪৪ ৪৫	১১ ৫৬ ৪৯	১৪ ১০ ২৫	১৬ ২৬ ১৭	১৮ ৩৫ ৩২	২০ ২৮ ৫৩	২২ ৭ ১০	২৩ ৩৮ ৫১
২৪	১ ১৯ ৫	৩ ১১ ৩৬	৫ ১৯ ৫১	৭ ৩৫ ২২	৯ ৪৯ ১২	১২ ১ ১৩	১৪ ১৪ ৫৪	১৬ ৩০ ৫১	১৮ ৩৯ ৪৬	২০ ৩২ ৩১	২২ ১০ ২০	২৩ ৪১ ৫২
২৫	১ ২২ ২২	৩ ১৫ ২৭	৫ ২৪ ১৩	৭ ৩৯ ৫৫	৯ ৫৩ ৩৮	১২ ৫ ৩৬	১৪ ১৯ ২২	১৬ ৩৫ ২৩	১৮ ৪৪ ০	২০ ৩৬ ১০	২২ ১৩ ৩০	২৩ ৪৪ ৫৩
২৬	১ ২৫ ৪০	৩ ১৯ ১৯	৫ ২৮ ৩৬	৭ ৪৪ ২৯	৯ ৫৮ ৪	১২ ১০ ০	১৪ ২৩ ৫১	১৬ ৩৯ ৫৬	১৮ ৪৮ ১৪	২০ ৩৯ ৪৮	২২ ১৬ ৪০	২৩ ৪৭ ৫০
২৭	১ ২৮ ৫৮	৩ ২৩ ১১	৫ ৩২ ৫৯	৭ ৪৯ ২	১০ ২ ৩১	১২ ১৪ ২৩	১৪ ২৮ ১৯	১৬ ৪৪ ২৮	১৮ ৫২ ২৮	২০ ৪৩ ২৬	২২ ১৯ ৫০	২৩ ৫০ ৫৬
২৮	১ ৩২ ১৫	৩ ২৭ ৩	৫ ৩৭ ২১	৭ ৫৩ ৩৫	১০ ৬ ৫৭	১২ ১৮ ৪৭	১৪ ৩২ ৪৭	১৬ ৪৯ ১	১৮ ৫৬ ৪২	২০ ৪৭ ৫	২২ ২৩ ০	২৩ ৫৩ ৫৭
২৯	১ ৩৫ ৩৩	৩ ৩০ ৫৫	৫ ৪১ ৪৪	৭ ৫৮ ৮	১০ ১১ ২৩	১২ ২৩ ১০	১৪ ৩৭ ১৬	১৬ ৫৩ ৩৪	১৯ ০ ৫৬	২০ ৫০ ৪৩	২২ ২৬ ১০	২৩ ৫৬ ৫৯
৩০	১ ৩৮ ৫১	৩ ৩৪ ৪৭	৫ ৪৬ ৭	৮ ২ ৪১	১০ ১৫ ৫০	১২ ২৭ ৩৪	১৪ ৪১ ৪৪	১৬ ৫৮ ৬	১৯ ৫ ১০	২০ ৫৪ ২১	২২ ২৯ ২০	২৪ ০ ০

কলিত জ্যোতিষের দ্বিতীয় খণ্ডে লাগ্নিক প্রশ্নের ১৯ পৃষ্ঠায় লগ্ন নির্ণয় জন্য দণ্ডপলাদি ক্রমে একটী লগ্নসারণী দেওয়া হইয়াছে, এই স্থলে ঘণ্টা মিনিটাদি ক্রমে একটী লগ্নসারণী দেওয়া হইল। গণনা প্রণালী উভয় সারণীতেই এক প্রকার, কিন্তু এই মাত্র প্রভেদ যে ২৪ ঘণ্টার অধিক হইলে ২৪ বিয়োগ করিতে হইবে

দশমোদয় সারণী।

ংশ	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন
	দ, প, বি,	দ, প, বি,	দ, প, বি,	দ, প, বি,	দ, প, বি,	দ, প, বি,	দ, প, বি,	দ, প, বি,	দ, প, বি,	দ, প, বি,	দ, প, বি,	দ, প, বি,
১	০ ৯ ১৬	৪ ৪৭ ৫৮	৯ ৪৭ ৪৬	১৫ ১০ ৪৬	২০ ৩২ ৫৮	২৫ ৩১ ১৬	৩০ ৯ ১৬	৩৪ ৪৭ ৫৮	৩৯ ৪৭ ৪৬	৪৫ ১০ ৪৬	৫০ ৩২ ৫৮	৫৫ ৩১ ১৬
২	০ ১৮ ৩২	৪ ৫৭ ৫৬	৯ ৫৮ ৩২	১৫ ২১ ৩২	২০ ৪২ ৫৬	২৫ ৪০ ৩২	৩০ ১৮ ৩২	৩৪ ৫৭ ৫৬	৩৯ ৫৮ ৩২	৪৫ ২১ ৩২	৫০ ৪২ ৫৬	৫৫ ৪০ ৩২
৩	০ ২৭ ৪৮	৫ ৭ ৫৪	১০ ৯ ১৮	১৫ ৩২ ১৮	২০ ৫২ ৫৪	২৫ ৪৯ ৪৮	৩০ ২৭ ৪৮	৩৫ ৭ ৫৪	৪০ ৯ ১৮	৪৫ ৩২ ১৮	৫০ ৫২ ৫৪	৫৫ ৪৯ ৪৮
৪	০ ৩৭ ৪	৫ ১৭ ৫২	১০ ২০ ৪	১৫ ৪৩ ৪	২১ ২ ৫২	২৫ ৫৯ ৪	৩০ ৩৭ ৪	৩৫ ১৭ ৫২	৪০ ২০ ৪	৪৫ ৪৩ ৪	৫১ ২ ৫২	৫৫ ৫৯ ৪
৫	০ ৪৬ ২০	৫ ২৭ ৫০	১০ ৩০ ৫০	১৫ ৫৩ ৫০	২১ ১২ ৫০	২৬ ৮ ২০	৩০ ৪৬ ২০	৩৫ ২৭ ৫০	৪০ ৩০ ৫০	৪৫ ৫৩ ৫০	৫১ ১২ ৫০	৫৬ ৮ ২০
৬	০ ৫৫ ৩৬	৫ ৩৭ ৪৮	১০ ৪১ ৩৬	১৬ ৪ ৩৬	২১ ২২ ৪৮	২৬ ১৭ ৩৬	৩০ ৫৫ ৩৬	৩৫ ৩৮ ৪৮	৪০ ৪১ ৩৬	৪৬ ৪ ৩৬	৫১ ২২ ৪৮	৫৬ ১৭ ৩৬
৭	১ ৪ ৫২	৫ ৪৭ ৪৬	১০ ৫২ ২২	১৬ ১৫ ২২	২১ ৩২ ৪৬	২৬ ২৬ ৫২	৩১ ৪ ৫২	৩৫ ৪৭ ৪৬	৪০ ৫২ ২২	৪৬ ১৫ ২২	৫১ ৩২ ৪৬	৫৬ ২৬ ৫২
৮	১ ১৪ ৮	৫ ৫৭ ৪৪	১১ ৩ ৮	১৬ ২৬ ৮	২১ ৪২ ৪৪	২৬ ৩৬ ৮	৩১ ১৪ ৮	৩৫ ৫৭ ৪৪	৪১ ৩ ৮	৪৬ ২৬ ৮	৫১ ৪২ ৪৪	৫৬ ৩৬ ৮
৯	১ ২৩ ২৪	৬ ৭ ৪২	১১ ১৩ ৫৪	১৬ ৩৬ ৫৪	২১ ৫২ ৪২	২৬ ৪৫ ২৪	৩১ ২৩ ২৪	৩৬ ৭ ৪২	৪১ ১৩ ৫৪	৪৬ ৩৬ ৫৪	৫১ ৫২ ৪২	৫৬ ৪৫ ২৪
১০	১ ৩২ ৪০	৬ ১৭ ৪০	১১ ২৪ ৪০	১৬ ৪৭ ৪০	২২ ২ ৪০	২৬ ৫৪ ৪০	৩১ ৩২ ৪০	৩৬ ১৭ ৪০	৪১ ২৪ ৩৪	৪৬ ৪৭ ৪০	৫২ ২ ৪০	৫৬ ৫৪ ৪০
১১	১ ৪১ ৫৬	৬ ২৭ ৩৮	১১ ৩৫ ২৬	১৬ ৫৮ ২৬	২২ ১২ ৩৮	২৭ ৩ ৫৬	৩১ ৪১ ৫৬	৩৬ ২৭ ৩৮	৪১ ৩৫ ২৬	৪৬ ৫৮ ২৬	৫২ ১২ ৩৮	৫৭ ৩ ৫৬
১২	১ ৫১ ১২	৬ ৩৭ ৩৬	১১ ৪৬ ১২	১৭ ৯ ১২	২২ ২২ ৩৬	২৭ ১৩ ১২	৩১ ৫১ ১২	৩৬ ৩৭ ৩৬	৪১ ৪৬ ১২	৪৭ ৯ ১২	৫২ ২২ ৩৬	৫৭ ১৩ ১২
১৩	২ ০ ২৮	৬ ৪৭ ৩৪	১১ ৫৬ ৫৮	১৭ ১৯ ৫৮	২২ ৩২ ৩৪	২৭ ২২ ২৮	৩২ ০ ২৮	৩৬ ৪৭ ৩৪	৪১ ৫৬ ৫৮	৪৭ ১৯ ৫৮	৫২ ৩২ ৩৪	৫৭ ২২ ২৮
১৪	২ ৯ ৪৪	৬ ৫৭ ৩২	১২ ৭ ৪৪	১৭ ৩০ ৪৪	২২ ৪২ ৩২	২৭ ৩১ ৪৪	৩২ ৯ ৪৪	৩৬ ৫৭ ৩২	৪২ ৭ ৪৪	৪৭ ৩০ ৪৪	৫২ ৪২ ৩২	৫৭ ৩১ ৪৪
১৫	২ ১৯ ০	৭ ৭ ৩০	১২ ১৮ ৩০	১৭ ৪১ ৩০	২২ ৫২ ৩০	২৭ ৪১ ০	৩২ ১৯ ০	৩৭ ৭ ৩০	৪২ ১৮ ৩০	৪৭ ৪১ ৩০	৫২ ৫২ ৩০	৫৭ ৪১ ০
১৬	২ ২৮ ১৬	৭ ১৭ ২৮	১২ ২৯ ১৬	১৭ ৫২ ১৬	২৩ ২ ২৮	২৭ ৫০ ১৬	৩২ ২৮ ১৬	৩৭ ১৭ ২৮	৪২ ২৯ ১৬	৪৭ ৫২ ১৬	৫৩ ২ ২৮	৫৭ ৫০ ১৬
১৭	২ ৩৭ ৩২	৭ ২৭ ২৬	১২ ৪০ ২	১৮ ৩ ২	২৩ ১২ ২৬	২৭ ৫৯ ৩২	৩২ ৩৭ ৩২	৩৭ ২৭ ২৬	৪২ ৪০ ২	৪৮ ৩ ২	৫৩ ১২ ২৬	৫৭ ৫৯ ৩২
১৮	২ ৪৬ ৪৮	৭ ৩৭ ২৪	১২ ৫০ ৪৮	১৮ ১৩ ৪৮	২৩ ২২ ২৪	২৮ ৮ ৪৮	৩২ ৪৬ ৪৮	৩৭ ৩৭ ২৪	৪২ ৫০ ৪৮	৪৮ ১৩ ৪৮	৫৩ ২২ ২৪	৫৮ ৮ ৪৮
১৯	২ ৫৬ ৪	৭ ৪৭ ২২	১৩ ১ ৩৪	১৮ ২৪ ৩৪	২৩ ৩২ ২২	২৮ ১৮ ৪	৩২ ৫৬ ৪	৩৭ ৪৭ ২২	৪৩ ১ ৩৪	৪৮ ২৪ ৩৪	৫৩ ৩২ ২২	৫৮ ১৮ ৪
২০	৩ ৫ ২০	৭ ৫৭ ২০	১৩ ১২ ২০	১৮ ৩৫ ২০	২৩ ৪২ ২০	২৮ ২৭ ২০	৩৩ ৫ ২০	৩৭ ৫৭ ১০	৪৩ ১২ ২০	৪৮ ৩৫ ২০	৫৩ ৪২ ২০	৫৮ ২৭ ১০
২১	৩ ১৪ ৩৬	৮ ৭ ১৮	১৩ ২৩ ৬	১৮ ৪৬ ৬	২৩ ৫২ ১৮	২৮ ৩৬ ৩৬	৩৩ ১৪ ৩৬	৩৮ ৭ ১৮	৪৩ ২৩ ৬	৪৮ ৪৬ ৬	৫৩ ৫২ ১৮	৫৮ ৩৬ ৩৬
২২	৩ ২৩ ৫২	৮ ১৭ ১৬	১৩ ৩৩ ৫২	১৮ ৫৬ ৫২	২৪ ২ ১৬	২৮ ৪৫ ৫২	৩৩ ২৩ ৫২	৩৮ ১৭ ১৬	৪৩ ৩৩ ৫২	৪৮ ৫৬ ৫২	৫৪ ২ ১৬	৫৮ ৪৫ ৫২
২৩	৩ ৩৩ ৮	৮ ২৭ ১৪	১৩ ৪৪ ৩৮	১৯ ৭ ৩৮	২৪ ১২ ১৪	২৮ ৫৫ ৮	৩৩ ৩৩ ৮	৩৮ ২৭ ১৪	৪৩ ৪৪ ৩৮	৪৯ ৭ ৩৮	৫৪ ১২ ১৪	৫৮ ৫৫ ৮
২৪	৩ ৪২ ২৪	৮ ৩৭ ১২	১৩ ৫৫ ২৪	১৯ ১৮ ২৪	২৪ ২২ ১২	২৯ ৪ ২৪	৩৩ ৪২ ২৪	৩৮ ৩৭ ১২	৪৩ ৫৫ ২৪	৪৯ ১৮ ২৪	৫৪ ২২ ১২	৫৯ ৪ ২৪
২৫	৩ ৫১ ৪০	৮ ৪৭ ১০	১৪ ৬ ১০	১৯ ২৯ ১০	২৪ ৩২ ১০	২৯ ১৩ ৪০	৩৩ ৫১ ৪০	৩৮ ৪৭ ১০	৪৪ ৬ ১০	৪৯ ২৯ ১০	৫৪ ৩২ ১০	৫৯ ১৩ ৪০
২৬	৪ ০ ৫৬	৮ ৫৭ ৮	১৪ ১৬ ৫৬	১৯ ৩৯ ৫৬	২৪ ৪২ ৮	২৯ ২২ ৫৬	৩৪ ০ ৫৬	৩৮ ৫৭ ৮	৪৪ ১৬ ৫৬	৪৯ ৩৯ ৫৬	৫৪ ৪২ ৮	৫৯ ২২ ৫৬
২৭	৪ ১০ ১২	৯ ৭ ৬	১৪ ২৭ ৪২	১৯ ৫০ ৪২	২৪ ৫২ ৬	২৯ ৩২ ১২	৩৪ ১০ ১২	৩৯ ৭ ৬	৪৪ ২৭ ৪২	৪৯ ৫০ ৪২	৫৪ ৫২ ৬	৫৯ ৩২ ১২
২৮	৪ ১৯ ২৮	৯ ১৭ ৪	১৪ ৩৮ ২৮	২০ ১ ২৮	২৫ ২ ৪	২৯ ৪১ ২৮	৩৪ ১৯ ২৮	৩৯ ১৭ ৪	৪৪ ৩৮ ২৮	৫০ ১ ২৮	৫৫ ২ ৪	৫৯ ৪১ ২৮
২৯	৪ ২৮ ৪৪	৯ ২৭ ২	১৪ ৪৯ ৪১	২০ ১২ ১৪	২৫ ১২ ২	২৯ ৫০ ৪৪	৩৪ ২৮ ৪৪	৩৯ ২৭ ২	৪৪ ৪৯ ১৪	৫০ ১২ ১৪	৫৫ ১২ ২	৫৯ ৫০ ৪৪
৩০	৪ ৩৮ ০	৯ ৩৭ ০	১৫ ০ ০	২০ ২৩ ০	২৫ ২২ ০	৩০ ০ ০	৩৪ ৩৮ ০	৩৯ ৩৭ ০	৪৫ ০ ০	৫০ ২৩ ০	৫৫ ২২ ০	৬০ ০ ০

সাইডিরিয়াল টাইম।

ইংরাজী দশমাদি লগ্ন সারণী দ্বারা কিরূপে লগ্ন ও দশমাদির অংশ কলাদি নির্ণয় করিতে হইবে, তাহা ইংরাজী পঞ্জিকা হইতে উদ্ধৃত করিয়া সারণী চক্রে ইংরাজী সন্, মাস ও তারিখের পরিবর্ত্তে বাঙ্গালা সন, মাস ও তারিখ সন্নিবেশিত করিয়া সারণী চক্র অঙ্কিত করা গেল। ১২৮৪ সনের ১০ চৈত্র হইতে ১২৮৫ সনের ১২ চৈত্র পর্য্যন্ত প্রত্যহ দিবা দুই প্রহরের সময় সাইডিরিয়াল টাইম কত, তাহা এই চক্র দৃষ্টে জানা যাইবে। এই চক্রে এক বৎসরের মাত্র সাইডিরিয়াল টাইম্ দেওয়া হইল। কিন্তু ইহার দ্বারা অতিরিক্ত কালেরও গণনা চলিতে পারিবে।

লগ্নসারণী।

ফলিত জ্যোতিষের দ্বিতীয় খণ্ডে লাগ্নিক প্রশ্ন গণনায় এবং মৎপ্রকাশিত বর্ত্তমান সনের গ্রহস্ফুট পঞ্জিকায়, দণ্ডপলাদি ক্রমে লগ্ন নির্ণয়ার্থ লগ্ন সারণী চক্র অঙ্কিত করিয়া তাহা কিরূপে ব্যবহার করিতে হইবে, তদুপযোগী উপদেশও লিখিত হইয়াছে। এক্ষণে ঘণ্টা মিনিটাদি ক্রমে যে লগ্ন সারণী চক্র অঙ্কিত করা গেল ইহার গণনা প্রণালী প্রায় পূর্ব্ববৎ। কিন্তু এই মাত্র প্রভেদ যে পূর্ব্ব গণনায় ৬০ এর অধিক হইলে, মূলাঙ্ক হইতে ৬০ বিয়োগ করিতে হয়, এস্থলে ২৪ এর অধিক হইলে ২৪ বিয়োগ করিতে হইবে।

কিরূপে এই সারণী চক্র ব্যবহার করিতে হইবে, তাহার প্রণালী দৃষ্টান্ত সহ নিম্নে লিখিত হইতেছে।

দৃষ্টান্ত। সন ১২৮৫ সালের ৩রা চৈত্র ৮ ঘণ্টার সময় কোন্ লগ্নের কত অংশ উদিত ইহা জানিতে হইলে, প্রথমত গ্রহস্ফুট পঞ্জিকা দৃষ্টে ঐ তারিখে ৮ ঘণ্টার সময় কোন রাশির কোন অংশে রবিস্থিত আছেন, তাহা নির্ণয় করিয়া জানা গেল, যে পূর্ব্ব দিবসের মধ্যরাত্রিতে রবিস্ফুট মীন রাশির ২ অংশ ৫১ কলা ৫০ বিকলা ঐ মধ্য রাত্রি হইতে পর দিবস ৮ ঘণ্টা পর্য্যন্ত সময়ের পরিমাণ ৮ ঘণ্টা মাত্র। ঐ দিবস রবি ৫৯ কলা ৩৫ বিকলা গমন করিবেন সুতরাং প্রতি ঘণ্টায় ২ কলা, ২৯ বিকলা ২২ অনুকলা গমন করিলে ৮ ঘণ্টায় ১৯ কলা ৫৫ বিকলা সূর্য্যের গতি স্থির হইল। এই ১৯ কলা ৫৫ বিকলা, মধ্য রাত্রির রবিস্ফুট ২ অংশ ৫১ কলা ৫০ বিকলার সহিত যোগ করিলে ৩ অংশ ১১ কলা ৪৫ বিকলা হয়, অতএব জানা গেল যে ৩রা চৈত্র আট ঘণ্টার সময় রবি মীন রাশির ৩ অংশ ১১ কলা ৪৫ বিকলাতে স্থিত আছেন। এক্ষণ সারণী চক্রে মীন রাশির স্তম্ভে ৩ অংশের অঙ্ক ২২ ঘণ্টা ৩৮ মিনিট ২৪ সেকেণ্ড পাওয়া গেল, উহা এক স্থানে স্থাপন কর, পরে প্রাতে ৮ ঘণ্টার সময় সূর্য্যোদয় হইতে কত ঘণ্টা মিনিট হইয়াছে তাহা জানিতে হইবে। অতএব আমার প্রকাশিত বর্ত্তমান সালের গ্রহস্ফুট পঞ্জিকার ২৬ পৃষ্ঠার চৈত্র মাসের পঞ্চম কলমে ৩রা চৈত্র তারিখে ৬ ঘণ্টা ৪ মিনিট সময়ে সূর্য্যোদয় হইবে লিখিত আছে, অতএব ঐ সময় হইতে ৮ ঘণ্টা পর্য্যন্ত গণনায় ১ ঘণ্টা ৫৬ মিনিট পাওয়া গেল, উহা পূর্ব্বস্থাপিত ২২ ঘণ্টা ৩৮ মিনিট ২৪ সেকেণ্ডের সহিত যোগ করিলে, ২৪ ঘণ্টা ৩৪ মিনিট ২৪ সেকেণ্ড হইল। এই অঙ্ক ২৪ চব্বিশের অধিক হওয়াতে ২৪ বিয়োগ করিলে ৩৪ মিনিট ২৪ সেকেণ্ড অবশিষ্ট থাকিল। এক্ষণ সারণী চক্রে কোন্ রাশির কোন্ স্তম্ভে এই ৩৪ মিনিট ২৪ সেকেণ্ড আছে তাহা দৃষ্টি করিয়া জানা গেল যে কোন লগ্নেই ৩৪ মিনিট ২৪ সেকেণ্ড নাই কিন্তু তাহার কিঞ্চিৎ অধিক অর্থাৎ ৩৬ মিনিট ৩৮ সেকেণ্ড অঙ্ক আছে। অতএব ঐ অংশ গ্রহণ করিয়া বাম পার্শ্বের স্তম্ভে ঐ অঙ্কের সংলগ্ন ১২ অঙ্ক দেখা গেল। অতএব বেলা ৮ ঘণ্টার সময় মেষ লগ্নের ১১ অংশ উদয় জানা গেল, এই রূপ লগ্ন সারণী দৃষ্টে লগ্ন নিরূপণ করিবে।

দশমোদয় লগ্ন বিবরণ।

দশমোদয় সারণী দৃষ্টে যে রূপে জন্ম কিম্বা প্রশ্নকালে দশম লগ্নের সাধন করা যাইতে পারে, তাহা নিম্নে প্রকাশিত হইতেছে, দশম ভাব নির্ণয় করিতে হইলে প্রশ্ন কিম্বা জন্ম কালে, রবি কোন্ রাশির কত অংশে অবস্থিত আছে তাহা জানিতে হইবে, পরে রবি যে রাশির যত অংশে থাকিবে, সেই রাশির সেই অংশের অঙ্ক গ্রহণ করিয়া এক স্থানে রাখিবে। পরে দেখিতে হইবে, প্রশ্ন কিম্বা জন্ম কোন সময় হইয়াছে। তাহা যদি দিবা দুই প্রহরের পর হয় তবে যত দণ্ডাদি পরে হইবে, তাহা ঐ অঙ্কের সহিত যোগ করিতে হইবে। এবং দিবা দুই প্রহরের পূর্ব্বে হয়, তাহা হইলে বিয়োগ করিতে হইবে, যদি ঐ অঙ্ক হইতে বিয়োগ না হয়, তাহা হইলে পূর্ব্বাঙ্কে ষাইট যোগ করিয়া বিয়োগ করিতে হইবে। যদি ষাইটের অধিক হয়, তাহা হইলে ষাইট বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহা সারণী চক্রের যে পঙ্ক্তির অঙ্কের সহিত প্রায় সমান হইবে, তাহার পঙ্ক্তি সংখ্যা যত হইবে সেই রাশির তত অংশ দশমভাব হইবে।

যদি ১২৮৫ সালের ৬ কার্ত্তিক তারিখে ১৮ দণ্ড ১২ পলের সময় কোন বালকের জন্ম কিম্বা কোন প্রশ্ন হয়, তাহা হইলে নিম্ন লিখিত প্রক্রিয়া মতে দশম ভাব নির্ণয় করিতে হইবে।

ঐ সময় দশম ভাব গণনা করিতে হইলে, অগ্রে দেখিতে হইবে, যে প্রশ্ন কিম্বা জন্ম দুই প্রহরের পূর্ব্বে কি পরে হইয়াছে। ১৮ দণ্ড ১২ পল সময়ে জন্ম হওয়াতে দৃষ্ট হইল, যে দিবা দুই প্রহরের পর জন্ম হইয়াছে। অতএব যত দণ্ড পরে হইয়াছে তাহা এই সারণীচক্রের অঙ্কে যোগ করিতে হইবে। উপরের লিখিত দশমোদয় সারণীচক্রে রবিস্ফুট তুলা রাশির ৬ অংশের সংখ্যার অঙ্ক ৩০।৫৫।৩৬ ইহা এক স্থানে স্থাপন করিয়া রাখিতে হইবে। পরে ঐ দিবসের দুই প্রহরের পরিমান ১৪ দণ্ড ১৪ পল ইহা অপেক্ষা ৩ দণ্ড ৫৮ পল পরে প্রশ্ন কিম্বা জন্ম সময়, অতএব পূর্ব্বস্থাপিতাঙ্ক ৩০।৫৫। ৩৬ ইহার সহিত ৩ দণ্ড ৫৮ পল যোগ করিলে, ৩৪।৫৩।৩৬ হয়, এই অঙ্ক দশমোদয় সারণীচক্রের কোন্ রাশির কোন পঙ্‌ক্তির সহিত প্রায় সমান হইয়াছে দেখিতে হইবে। দৃষ্ট হইল ইহা প্রায় বৃশ্চিক রাশির ২ দুই পঙ্‌ক্তির অঙ্কের সহিত প্রায় সমান হইয়াছে। অতএব বৃশ্চিক রাশির ২ অংশ দশম ভাব হইল।

এই দশমোদয় সারণী দ্বারা সূক্ষ্মরূপে দশমভাব সর্ব্বদা হয় না, এজন্য বিদগ্ধতোষিণী মতে অতি সরল ভাষায় দৃষ্টান্ত সহ গণনার প্রণালী নিম্নে লিখিত হইল। লগ্ন ও দশম ভাবের অংশ কলাদি নির্ণয় হইলে ইহা হইতে অবশিষ্ট ভাবের যে রূপে, গণনা হয়, তাহাও নিম্নে লিখিত হইল।

তোষিণীমতে যে দিবসে লগ্ন স্ফুট গণনা করিতে হইবে, প্রথমত অতি সূক্ষ্ম রূপেসেই দিবসের তাৎকালি রবিস্ফুট অর্থাৎ [সেই সময় রবি কোন্ রাশির কত অংশে স্থিত আছেন] সেই অঙ্ক এক স্থানে রাখিতে হইবে। যথা ১২৮৫ সালের ৫ই চৈত্র বেলা ১৪ দণ্ড ৫২ পলের সময় কোন বালকের জন্ম বা প্রশ্ন হইলে, গ্রহস্ফুট পঞ্জিকা দৃষ্টে জানাগেল যে পূর্ব্ব দিন মধ্যরাত্রে মীন রাশির ৪ অংশ ৫১ কলা ১৬ বিকলায় রবিস্থিত ছিলেন। ঐ সময় হইতে পর দিবস জন্ম বা প্রশ্ন কাল ১৪ দণ্ড ৫২ পলের সময় রাত্রিমান সহ যোগ করিলে ৩০ দণ্ড হয় ঐ দিনে রবি ৬০ দণ্ডে ৫৯ কলা ৩৮ বিকলা গমন করেন অতএব ৩০ দণ্ডে ২৯ কলা ৪৯ বিকলা, ঐ স্ফুট অর্থাৎ মীন রাশির ৪ অংশ ৫১ কলা ১৬ বিকলার সহিত যোগ করিলে ঐ ১৪ দণ্ড ৫২ পলের সময় (রবিস্ফুট ১১।৫।২১।৫) রবি মীন রাশির ৫ অংশ ২১ কলা ৫ বিকলায় স্থিত নির্ণয় হইল, এক্ষণে ঐ অঙ্কের সহিত, তাৎকালিক অয়নাংশ যোগ করিতে হইবে। অতএব বর্ত্তমান চৈত্রমাসের ৫ তারিখের অয়নাংশ ২০।৪১।৫৬ ঐ সময়ের রবিস্ফুট ১১।৫।২১।৫ (অর্থাৎ মীন রাশির ৫ অংশ ২১ কলা ৫ বিকলা) যোগ করিলে, সায়ন রবি ১১।২৬।৩।১ অর্থাৎ মীন রাশির ২৬ অংশ ৩ কলা ১ বিকলা হইল ইহার নাম সায়ন রবিস্ফুট।

এক্ষণ এই সায়ন রবিস্ফুট ১১।২৬।৩।১ ইহার রাশি সংখ্যা ১১ অঙ্ক সংখ্যায় তৃতীয় খণ্ডের ২ পৃষ্ঠার লিখিত বিদগ্ধতোষিণী গণনায় যে একটী চক্র দেওয়া হইয়াছে তাহাতে লঙ্কোদয় খণ্ডা এবং এতদ্দেশের লগ্ন খণ্ডার অঙ্ক লিখিত আছে এবং অন্যান্য দেশের খণ্ডার অঙ্ক প্রস্তুত করিবার নিয়মও লেখা হইয়াছে ঐ চক্রে ১ হইতে ১২টী স্তম্ভে প্রত্যেক রাশির উদয় পল লিখিত হইয়াছে। তদনুসারে সায়ন রবিস্ফুটের ১১ স্তম্ভের লগ্ন খণ্ডার অঙ্ক ৩৩৭৪ ইহা এক স্থানে স্থাপন করিয়া রাখিতে হইবে। পরে ভোগ্যাঙ্ক * ২২৬ কে অবশিষ্ট অংশাদি ২৬।৩।৪১ দ্বারা পূরণ করিলে পূরিতাঙ্ক ৫৮৭৬।৬৭৮।২২৬ হয়। ইহার শেষেরটী অর্থাৎ ২২৬ কে ৬০ ষাইট দ্বারা বিভক্ত করিলে অবশিষ্ট ৪৬ এবং লব্ধাঙ্ক ৩ ইহা ৬৭৮র সহিত যোগ করিলে ৬৮১ হয় ইহাকে ৬০ ষাইট দ্বারা বিভাগ করিলে অবশিষ্ট ২১ থাকে এবং লব্ধাঙ্ক ১১ হইল ইহা পূর্ব্বাঙ্কে অর্থাৎ ৫৮৭৬ র সহিত যোগ করিলে ৫৮৮৭ হইল। সমুদায়ে ৫৮৮৭।২১।৪৬ অবশিষ্ট থাকিল, ইহাকে ৩০ দ্বারা ভাগ করিতে হইবে। ৫৮৮৭।২১ ৪৬ কে ৩০ দ্বারা ভাগ করিলে, লব্ধাঙ্ক ১৯৬।১৪।৪৩।৩২ হইল ইহা পূর্ব্ব স্থাপিত ১১ রাশির সংখ্যায় খণ্ডাঙ্ক ৩৩৭৪ র সহিত যোগ করিলে যোগজাঙ্ক ৩৫৭০।১৪।৪৩।৩২ হইল। তৎপরে ঐ প্রশ্ন কিম্বা জন্মকালের দণ্ডাদি ১৪।৫২ কে পল করিতে হইবে। ১৪ দণ্ড ৫২ পলকে পল করিলে ৮৯২ পল হইল, ইহা উপরোক্ত যোগজাঙ্ক ৩৫৭০।১৪।৪৩।৩২ র সহিত যোগ করিলে ৪৪৬২।১৪।৪৩।৩২ হইল, ইহা হইতে প্রথমত ৩৬০০ বিয়োগ করিতে হইবে। কারণ "এই যে ৩৬০০ পলে ৬০ দণ্ড হয় লগ্ন খণ্ডার দ্বাদশ স্তম্ভে উহার অধিক অঙ্ক নাই,

---

* ১১ স্তম্ভের অর্থাৎ ১১ রাশির অঙ্ক ৩৩৭৪ এবং ১২ স্তম্ভের অর্থাৎ ১২ রাশির অঙ্ক ৩৬০০ উভয়ে অন্তর করিলে ২২৬ অবশিষ্ট থাকে ইহার নাম ভোগ্য এই রূপ প্রতিকোষ্ঠায় ভোগ্য, লগ্ন খণ্ডার নিম্নে লিখিত আছে।

অতএব একবার ঐ ৪৪৪৬।১৪।৪৩।৩২ হইতে ৩৬০০ বিয়োগ করিলে ৮৬২।১৪।৪৩।৩২ অঙ্ক অবশিষ্ট থাকে। এক্ষণে দেখিতে হইবে যে লগ্ন খণ্ডার কোন স্তম্ভের অঙ্ক ইহা হইতে বিয়োগ হইতে পারে। দৃষ্ট হইল ৩ স্তম্ভের ৭৯০ অঙ্ক বিয়োগ হইতে পারে,ইহা বিয়োগ করিলে ৭২।১৪।৪৩।৩২ অবশিষ্ট থাকে ইহাকে ৩০ দ্বারা পূরণ করিলে ২১৬৭।২১।৪৬ হইল [ইহাতে যে স্তম্ভের অঙ্ক বিয়োগ করা হইয়াছে] অর্থাৎ ৩ স্তম্ভের ভোগ্য ৩৪০ দ্বারা ভাগ করিলে, লব্ধাঙ্ক৬।২২।২৮ হইল ইহার সহিত [যে স্তম্ভের অঙ্ক বিয়োগ করা হইয়াছে] অর্থাৎ ৩ রাশি ইহার সহিত যোগ করিলে ৩।৬।২২।২৮ হইল, বিষুব রেখা অর্থাৎ যে স্থানে সূর্য্য গমন করিলে দিবারাত্রি সমান হয়, সেই স্থান হইতে মেষ রাশি কল্পনা করিয়া গণনা করিলে, এই লগ্ন কর্কট রাশির ৬ অংশ ২২ কলা ২৮ বিকলা হয়, কিন্তু বিদগ্ধতোষিণীর "অয়নাংশ বিযুগ্নগ" ইত্যাদি বচনানুসারে বর্ত্তমান চৈত্রের প্রশ্ন বা জন্ম কালে অয়নাংশ ২০।৪১।৫৬ বিয়োগ করিলে ২।১৫।৪০।৩২ অবশিষ্ট থাকে, অর্থাৎ মিথুন রাশির ১৫ অংশ ৪০ কলা ৩২ বিকলা লগ্ন স্ফুট বা তনু ভাব বলিয়া নির্দ্দেশ হইবে। ইহার সহিত ৬ ছয় রাশি যোগ করিলে ৮।১৫।৪০।৩২ হয় ইহার নাম সপ্তম অর্থাৎ জায়াভাব, তাৎপর্য্য এই যে লগ্নের যত অংশ কলাদি হইবে তাহার সপ্তম রাশির তত অংশ কলাদি সপ্তম বা জায়া ভাব হইবে। এ স্থলে ধনু রাশির ১৫ অংশ ৪০ কলা ৩২ বিকলা সপ্তম ভাব হইল।

তোষিণী মতে দশমোদয় গণনা।

তোষিণীমতে দশমোদয় গণনা করিতে হইলে প্রথমত প্রাঙ্নত বা পশ্চান্নত গণনা করিতে হয়, তাহা এই খণ্ডের ১ পৃষ্ঠায় লিখিত হইয়াছে। এই দশম লগ্ন স্থির করিতে হইলে পূর্ব্বমত সায়ন রবি গণনা করিতে হয়। অতএব তাহা উপরোক্ত সন ১২৮৫ সালের ৫ চৈত্র ১৪ দণ্ড ৫২ পল সময়ের লগ্নস্ফুট গণনা কালে সায়ন রবিরস্ফুট স্থির করা হইয়াছে এ স্থলে ঐ সময়ের দশমোদয় গণনা করিতে হইলে প্রথমত ঐ প্রণালী মতে গণনা করিয়া সায়ন রবির স্ফুট১১।২৬।৩।১স্থির হইয়াছে। এবং ঐ দিবসের দিনমান ২৯।৪৭ ইহার অর্দ্ধেক ১৪।৫৩।৩০ দুই প্রহরের মান, দুই প্রহরের পূর্ব্বে জন্ম বা প্রশ্ন হওয়াতে এস্থলে প্রাঙ্নত হইল। দুই প্রহরের মান ১৪।৫৩।৩০ হইতে জন্ম বা প্রশ্ন সময় ১৪।৫২ বিয়োগ করিলে ১ পল ৩০ বিপল অবশিষ্ট থাকে ইহার নাম "প্রাঙ্নত, প্রাঙ্নত" স্থলে সায়ন রবিরস্ফুটে ৬ ছয় রাশি যোগ করিলে যক্তাঙ্ক ১৭।২৬।৩।১ হইল ইহা হইতে ১২ বার বিয়োগ করিলে অবশিষ্ট ৫।২৬।৩।১৬ থাকে; অতএব ৫ রাশির সংখ্যার লঙ্কোদয় খণ্ডার ১৫২২ অঙ্ক একস্থানে স্থাপন কর, পরে পূর্ব্বমত ভোগ্যখণ্ডা ২৭৮ দ্বারা অংশাদিকে পূরণ করিয়া ত্রিশ দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ২৪১।২৩।৫৭।১৬ হইল, ইহা পূর্ব্বস্থাপিত খণ্ডাঙ্ক ১৫২২ র সহিত যোগ করিলে ১৭৬৩।২৩।৫৭।১৬ হয় এ স্থলে ৩০ হইতে প্রাঙ্নত দণ্ডাদি ০।১।৩০ বিয়োগ করিলে ২৯।৫৮।৩০ অবশিষ্ট থাকে, ইহার নাম উন্নত, এই দণ্ডকে পল করিলে ১৭৯৮।৩০ হয় ইহা ১৭৬৩।২৩।৫৭।১৬ র সহিত যোগ করিলে ৩৫৬১।৫৩।৫৭।১৬ হয় ইহা হইতে পূর্ব্বমত লঙ্কোদয় খণ্ডার ১১ স্তম্ভের অঙ্ক ৩৩২২ বিয়োগ করিলে ২৩৯।৫৩।৫৭। ১৬ অবশিষ্ট থাকে, পূর্ব্বমত ইহাকে ত্রিশ দ্বারা পূরণ করিলে ৭১৯৬।৫৮।৩৮ হইল ইহাকে ভোগ্যাঙ্ক ২৭৮ দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ২৫।৫৩।১৮ হইল ,ইহার সহিত পূর্ব্বমত শুদ্ধ খণ্ড সংখ্যায় ১১ রাশি যোগ করিলে ১১।২৫।৫৩।১৮ হইল ইহাতে অয়নাংশ ২০।৪১।৫৬ বিয়োগ করিলে ১১।৫।১১।২২ দশমোদয় হইল অর্থাৎ মীন রাশির ৫ অংশ ১১ কলা ৭ বিকলা দশমোদয় হইল এই দশমোদয়ে ৬ ছয় রাশি যোগ করিলে চতুর্থ ভাব হয়। চতুর্থ ভাব ৫।৫।১১।৭ অর্থাৎ কন্যা রাশির ৫ অংশ ১১ কলা ৭ বিকলা চতুর্থ অর্থাৎ বন্ধু ভাব হইল।

ধন ভাব ও সহজ ভাবের স্ফুট।

চতুর্থ অর্থাৎ বন্ধুভাব হইতে লগ্নস্ফুট হীন করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহার তৃতীয়াংশ লগ্নস্ফুটের সহিত যোগ করিলে দ্বিতীয় অর্থাৎ ধন ভাব হইবে। এই ধন ভাবের সহিত ঐ তৃতীয়াংশ যোগ করিলে তৃতীয় অর্থাৎ সহজ ভাব হইবে। যথা কথিত বন্ধুভাব ৫।৫।১১।২২ ইহা হইতে লগ্নস্ফুট ২।১৫।৪০। ৩২ বিয়োগ করিলে ২।১৯।৩০।৫০ অবশিষ্ট থাকে, ইহাকে ৩ দ্বারা ভাগ করিলে ০।২৬।৩০।১৬।১৪ হয়, ইহা লগ্নস্ফুট ৩।১৫।৪০।৩২ র সহিত যোগ করিলে ৩।১২।১০।৪৮।১৪ হয়, ইহার নাম ধন ভাব, এই ধন ভাবের সহিত ঐ তৃতীয়াংশ যোগ করিলে ৪।৮।৪১।৫।২০ হয়, ইহার নাম তৃতীয় অর্থাৎ সহজ ভাব।

পুত্র ভাব ও রিপুভাব।

পূর্ব্বেই কথিত হইয়াছে যে লগ্নে ৬ ছয় রাশি যোগ করিলে সপ্তম অর্থাৎ জায়াভাব হয়, ঐ জায়া ভাব হইতে চতুর্থ ভাব হীন করিলে অবশিষ্ট যাহা থাকিবে, তাহার তৃতীয়াংশ ঐ চতুর্থ

ভাবের অঙ্কের সহিত যোগ করিলে পুত্র ভাব হয়, এবং ঐ পুত্র ভাবের সহিত ঐ তৃতীয়াংশ যোগ করিলে রিপুভাব হইবে। যথা সপ্তম ভাব ৮।১৫।৪০।৩২ ইহা হইতে চতুর্থ ভাব ৫।৫।১১। ২২ বিয়োগ করিলে অবশিষ্ট ৩।১০।২৯।১০ থাকে, ইহাকে ৩ দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক ১।৩।২৯।৪৩।২০ হইল ইহা চতুর্থ ভাব ৫।৫।১১।২২ র সহিত যোগ করিলে ৬।৮।৪১।২০ হয়, ইহার নাম পুত্র ভাব ঐ তৃতীয়াংশ পুত্রভাবের সহিত যোগ করিলে রিপু-ভাব হইবে, পুত্রভাব ৬।৮।৪১।৫০২০ তৃতীয়াংশ ১।৩।২৯।৪৫ যোগাঙ্ক ৭।১২।১০।৪৮।৪০ ইহার নাম রিপুভাব। এক্ষণ তন্বাদির ছয়টী ভাবে ছয় রাশি যোগ করিলে জায়াদি বক্রী ছয়টী ভাব হইবে। যথা তনুভাব ২।১৫।৪০।৩২ অর্থাৎ মিথুন রাশির ১৫ অংশ ৪০ কলা ৩২ বিকলা ইহাতে ৬ ছয় রাশি যোগ করিলে ৮।১৫।৪০।৩২ হয়, অর্থাৎ ধনুরাশির ১৫ অংশ ৪০ কলা ৩২ বিকলা জায়াভাব হইবে। ধন ভাব ৩।১২।১০।৪৮ অর্থাৎ কর্কট রাশির ১২ অংশ ১০ দশকলা ৪৮ বিকলা ইহাতে ৬ ছয় রাশি যোগ করিলে অর্থাৎ ইহার বিপরীত মকর রাশির ১২ অংশ ১০ কলা ৪৮ বিকলা নিধন ভাব। সহজ ভাব ৪।৮।৪১।৫ অর্থাৎ সিংহ রাশির ৮ অংশ ৪১ কলা ৫ বিকলা ইহাতে ছয় রাশি যোগ করিলে ১০।৮।৪১। ৫ অর্থাৎ কুম্ভ রাশির ৮ অংশ ৪১ কলা ৫ বিকলা ধর্ম্মভাব চতুর্থ ভাব ৫৫।১১।২২ অর্থাৎ কন্যা রাশির ৫ অংশ ১১ কলা ২২ বিকলা ইহাতে ৬ ছয় রাশি যোগ করিলে ১১।৫।১১।২২ হয়, ইহার নাম দশমভাব, অর্থাৎ মীন রাশির ৫ অংশ ১১ কলা ২২ বিকলা।

পুত্রভাব ৬।৮।৪১।৫২ অর্থাৎ তুলা রাশির ৮ অংশ ৪১ কলা ৫ বিকলা, ইহাতে ছয় রাশি যোগ করিলে ০।৮।৪১।৫ হয়, অর্থাৎ মেষ রাশির ৮ অংশ ৪১ কলা ৫ বিকলা এই মেষ রাশি তুলার বিপরীত জানিবেন। রিপুভাব ৭।১২।১০।৪৮ অর্থাৎ বৃশ্চিক রাশির ১২ অংশ ১০ কলা ৪৮ বিকলা ইহাতে ৬ ছয় রাশি যোগ করিলে ১।১২।১০।৪৮ হয়, অর্থাৎ বৃষ রাশির ১২ অংশ ১০ কলা ৪৮ বিকলা ইহার নাম ব্যয় ভাব।

অথ ভাব সন্ধি।

দুইটী ভাবের অঙ্ক যোগ করিয়া তাহার অর্দ্ধেক যাহা হইবে তাহা উভয় ভাবের সন্ধি, এই স্থানে কোন গ্রহ থাকিলে অর্থাৎ ঐ সন্ধির সমান কোন গ্রহেরস্ফুট হইলে, সেই গ্রহ অফলী অর্থাৎ কোন ভাবেরই ফল দাতা হইবে না। যথা তনুভাব ২।১৫।৪০।৩২ ধন ভাব ৩।১২।১০।৪৮ যুক্তাঙ্ক ৫।২৭।৫১।২০ ইহার অর্দ্ধেক ২।২৮।৫৫।৪০ ইহা তনু ও ধন ভাবের সন্ধি এই স্থানে কোন গ্রহ থাকিলে সেই গ্রহ কোন ফলপ্রদান করিবেন না, এই সমস্ত বিবরণ এই তৃতীয় খণ্ডের ৩।৪ পৃষ্ঠায় লিখিত হইয়াছে তাহা অবগত হইয়া, গ্রহস্ফুট পঞ্জিকা দৃষ্টে ফলাফল বিবেচনা করিবেন।

দ্বিগ্রহাদি যোগের ফল ও নানাপ্রকার ভাবের ফল অনেকানেক গ্রন্থ হইতে লিখিত হইয়াছে। কিন্তু এক্ষণে বৃহজ্জাতক ও ঢুণ্ঢিরাজাদি মতে রাজ-যোগ লিখিত হইতেছে। যদি কোন ব্যক্তির দ্বি-গ্রহাদি যোগ ও রাজযোগ উভয়ই থাকে, তবে সে স্থলে রাজযোগের ফল প্রধান কহিতে হইবে। কারণ রাজযোগই প্রধান যোগ। সমস্ত গ্রহ যদি বিরুদ্ধ ভাবের ফল প্রদান করেন, এবং ঐ গ্রহ-যোগে যদি তাহার রাজযোগ হয়, তবে অবশ্যই সেই সমস্ত গ্রহের ফল শুভ কহিতে হইবে। অনেকানেক পুরাণে প্রধান প্রধান মহাত্মাদিগের জন্মসময়ে যে সমস্ত রাজযোগাদি লিখিত হই-য়াছে, তাহা অনেকেরই নিম্নলিখিত রাজযোগের সহিত ঐক্য আছে। বৃহজ্জাতকও ঢুণ্ঢিরাজ প্রভৃতি গ্রন্থ হইতে ঐ সকল রাজ যোগ ও অন্যান্য প্রকার যোগ লিখিত হইল। যে ব্যক্তির রাজযোগ ভঙ্গ থাকিবে, তাহার রাজযোগের ফল হইবে না।

বৃহজ্জাতকের সহিত ঢুণ্ঢিরাজের যে সমস্ত শ্লোকের ঐক্য আছে তাহা বৃজ্জাতকের শ্লোকের নিম্নে (অন্যচ্চ বলিয়া) লিখিত হইয়াছে বৃহজ্জা-তকের অনুবাদ মাত্র আছে।

অথ রাজযোগঃ।

যথাহি যোগাদমৃতায়তে বিষং
বিষায়তে মধ্বপি সর্পিষা সমং।
তথা বিহায় স্বফলানি খেচরাঃ
ফলং প্রয়চ্ছন্তি হি যোগজোদ্ভবং॥

সংযোগে বিষও অমৃত হয় এবং অমৃতও বিষ হয়, যথা মধু ও ঘৃতের সংযোগে বিষের উৎপত্তি হয়। এইরূপ গ্রহগণের পরস্পর সংযোগে ফলেরও তারতম্য হইয়া থাকে।

বৃহজ্জাতকে।

প্রাহুর্যবনাঃ স্বতুঙ্গগৈঃ ক্রূরৈঃ ক্রূরমতির্মহীপতিঃ।
ক্রূরৈস্তু ন জীবশর্ম্মণঃ পক্ষে ক্ষিত্যধিপঃ প্রজায়তে॥ ১

যবনেশ্বর বলেন, জন্মকালে পাপ গ্রহ স্বীয় স্বতুঙ্গ স্থানে থাকিলে জাতবালক পাপাশয় রাজা হয়। জীবশর্ম্মার মতে পাপগ্রহ উচ্চস্থিত হইলে রাজা হয় না, কিন্তু রাজতুল্য বিত্তবশালী হয়।১

বক্রার্কজার্কগুরুভিঃ সকলৈস্ত্রিভিশ্চ
স্বোচ্চেষু ষোড়শ নৃপাঃ কথিতৈকলগ্নে।
দ্ব্যেকাশ্রিতেষু চ তথৈকতমে বিলগ্নে
স্বক্ষেত্রগে শশিনি ষোড়শভূমিপাঃ স্যুঃ॥ ২

অন্যচ্চ। স্বোচ্চৈঃ সূর্য্যশনীজ্যভূমিতনয়ৈর্যদ্বাত্রিভির্লগ্নগৈ।
স্তেষামন্যতমেন ষোড়শমিতাঃ শ্রীরাজযোগাঃ স্মৃতাঃ॥ ১
তন্মধ্যে নিজতুঙ্গগে গ্রহযুগে যদ্বৈকখেটে বিধৌ।
স্বর্ক্ষে তুঙ্গসমাশ্রিতৈকখচরে লগ্নে পরে ষোড়শ॥ ২

মঙ্গল, শনি, রবি ও বৃহস্পতি এই চারিটী গ্রহ অথবা উক্ত গ্রহ চতুষ্টয়ের মধ্যে যে কোন তিনটী গ্রহ স্বীয় স্বীয় উচ্চ ভবনের উচ্চাংশে থাকিলে এবং ঐ গ্রহাধিষ্ঠিত রাশি লগ্ন হইলে যে কোন বালকের জন্ম হইবে সেই ব্যক্তি রাজা হইবে। ইহাতে ষোড়শ রাজযোগ কথিত হইল। চন্দ্র স্বক্ষেত্রগত অর্থাৎ কর্কট রাশিতে অবস্থান করিলে যদি ঐ সময় পূর্ব্বোক্ত গ্রহ চতুষ্টয়ের মধ্যে কোন দুইটী বা একটী গ্রহ স্বতুঙ্গস্থ হয়, এবং সেই তুঙ্গলগ্নে কোন বালকের জন্ম হয়, তাহা হইলে সেই বালক রাজা হইবে। ইহাতে ও ষোড়শ রাজ যোগ কথিত হইল॥ ২॥

যথা মেষের দশমাংশে রবি, কর্কটের পঞ্চমাংশে বৃহস্পতি, তুলার বিংশাংশে শনি ও মকরের ২৮ অংশে মঙ্গল স্থিতিকালে মেষ, কর্কট, তুলা ও মকর ইহাদের মধ্যে কোন এক লগ্নে জন্ম হয় তাহা হইলে মনুষ্য রাজা হইবে।

অন্যপ্রকার।

মেষের দশমাংশে রবি কর্কটের পঞ্চমাংশে বৃহস্পতি, তুলার বিংশাংশে শনি, এই রূপ গ্রহ সংস্থান সময়ে উক্ত তিন লগ্নের কোন এক লগ্নে যদি জন্ম হয়, তাহা হইলে মনুষ্য রাজা হইবে।

অন্যপ্রকার।

কর্কটের পঞ্চমাংশে বৃহস্পতি তুলার বিংশাংশে শনি ও মকরের ২৮ অংশে মঙ্গল স্থিতিকালে ঐ তিন লগ্নের যে কোন একটী লগ্নে যে বালকের জন্ম হইবে, সে রাজা হইবে।

অন্যপ্রকার।

তুলার বিংশাংশে শনি মকরের ২৮ অংশে মঙ্গল ও মেষের দশমাংশে রবির স্থিতিকালে উক্ত তিন লগ্নের মধ্যে যে কোন একটী লগ্নে জন্ম হইলে মনুষ্য রাজা হয়। মকরের ২৮ অংশে মঙ্গল, মেষের দশমাংশে রবি, কর্কটের পঞ্চমাংশে বৃহস্পতির অবস্থিতি সময়ে ঐ তিন রাশির মধ্যে যে কোন একটী লগ্নে যে ব্যক্তির জন্ম হয়, তাহা হইলে জাত ব্যক্তি রাজা হইবে।

অন্য প্রকার।

মেষের দশমাংশে, রবি, কর্কটে চন্দ্র ও বৃহস্পতি স্বীয় উচ্চাংশে অবস্থিতি কালে ঐ দুই রাশির মধ্যে যে কোন এক লগ্নে জন্ম হইলে জাতবালক রাজা হইবে। ঐ রূপ মেষে রবি, কর্কটে চন্দ্র ও তুলাতে শনি, স্বীয় স্বীয় উচ্চাংশে অবস্থান কালে ঐ মেষ কি তুলার মধ্যে যে কোন এক লগ্নে কোন ব্যক্তির জন্ম হইলে, জাত ব্যক্তি রাজা হয়। ঐ প্রকার মেষে রবি, কর্কটে চন্দ্র ও মকরে মঙ্গল

স্বীয় উচ্চাংশে স্থিতি কালে ঐ মেষ কিম্বা মকর যাহার জন্ম লগ্ন হয় সে ব্যক্তি রাজা হইবে।

অন্য প্রকার।

যাহার জন্মকালে কর্কটে চন্দ্র ও স্বতুঙ্গে বৃহস্পতি তুলায় শনির স্বীয় উচ্চাংশে অবস্থিতি থাকে এবং ঐ কর্কট কিম্বা তুলা জন্ম লগ্ন হয় তবে সেই ব্যক্তি রাজা হইবে।

অন্যপ্রকার।

কর্কটে চন্দ্র তুলায় স্বতুঙ্গে শনি, মকরে মঙ্গল স্বীয় উচ্চাংশে অবস্থিতি কালে ঐ তুলা কিম্বা মকর লগ্নে যাহার জন্ম হয় সে রাজা হয়।

অন্যপ্রকার।

কর্কটে চন্দ্র ও স্বতুঙ্গে বৃহস্পতি, মকরে মঙ্গল স্বীয় উচ্চাংশে অবস্থিতি কালে ঐ মকর কিম্বা কর্কট লগ্নে যাহার জন্ম হয়, সে রাজা হইবে।

অন্যপ্রকার।

মেষে রবি স্বীয় উচ্চাংশে ও কর্কটে চন্দ্র থাকিলে ঐ মেষ লগ্নে, কিম্বা কর্কটে চন্দ্র, তুলায় স্বীয় উচ্চাংশে শনি থাকিলে তুলা লগ্নে, অথবা কর্কটে চন্দ্র ও বৃহস্পতি স্বীয় উচ্চাংশে থাকিলে ঐ কর্কট লগ্নে ; কিম্বা কর্কটে চন্দ্র মকরে মঙ্গল স্বীয় উচ্চাংশে থাকিলে ঐ মকর লগ্নে জন্ম হইলে জাত বালক রাজা হইবে॥ ২

বর্গোত্তমগতে লগ্নে চন্দ্রে বা চন্দ্রবর্জ্জিতৈঃ।
চতুরাদ্যৈগ্র হৈর্দৃষ্টে নৃপা দ্বাবিংশতিঃ স্মৃতাঃ॥ ৩

অন্যচ্চ। বর্গোত্তমেঽমৃতকরে যদি বা বিলগ্নে
সংবীক্ষিতে চ চতুরাদিভিরিন্দুহীনৈঃ।
দ্বাবিংশতিপ্রমিতয়ঃ খলু সংভবন্তি
যোগাঃ সমুদবলয়ঃ ক্ষিতিপালকানাং॥ ৩

জন্মসময়ে চন্দ্র বা লগ্ন বর্গোত্তমে থাকিলে তাহাতে যদি, চন্দ্রভিন্ন রবি মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি, এই ছয় গ্রহের কিম্বা এই ছয়গ্রহের মধ্যে যে কোন পাঁচ বা চারি গ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে জাত বালক রাজা হয়। এই বচনে ৪৪ টী রাজ যোগ কথিত হইল চিত্র দেখিলে বিশেষ রূপ জানিতে পারিবেন। ৩

যমে কুম্ভেঽর্কেঽজে গবি শশিনি তৈরেব তনুগৈ-
র্নৃযুক্ সিংহালিস্থৈঃ শশিজগুরুবক্রৈর্নৃপতয়ঃ।
যমেন্দূ তুঙ্গেঽঙ্গে সবিতৃশশিজৌ ষষ্ঠভবনে
তুলাজেন্দুক্ষেত্রৈঃ সসিতকুজজীবৈশ্চ নরপৌ॥ ৪

কুম্ভরাশিতে শনি, মেষে রবি, বৃষে চন্দ্র, মিথুনে বুধ, সিংহে বৃহস্পতি, ও বৃশ্চিকে মঙ্গল থাকিলে যে বালক জন্মে, এবং ঐ কুম্ভ, মেষ, বৃষ এই তিন রাশির যে কোনটী জন্ম লগ্ন হয়, তাহা হইলে জাত বালক রাজা হইবে। অথবা তুলা রাশিতে শনি, বৃষে চন্দ্র, কন্যাতে রবি ও বুধ, কিম্বা তুলায় শুক্র, মেষে মঙ্গল, ও কর্কটে বৃহস্পতি অবস্থিতি করিলে যদি তুলা কিম্বা বৃষ লগ্নে কোন বালকের জন্ম হয় তাহা হইলে সেই বালক নৃপতি হইবে। এই বচনেও পঞ্চ রাজ যোগ কথিত হইল। ৪

কুজে তুঙ্গেঽর্কেন্দ্বোর্দ্ধনুষি যমলগ্নে চ কুপতিঃ
পতির্ভূমেশ্চান্যঃ ক্ষিতিসুতবিলগ্নে সশশিনি।
সচন্দ্রে সৌরেঽস্তে সুরপতিগুরৌ চাপধরগে
স্বতুঙ্গস্থে ভানাবুদয়মুপযাতে ক্ষিতিপতিঃ॥ ৫

মকরে মঙ্গল, ধনুতে রবি ও চন্দ্র এবং জন্ম লগ্নে শনি থাকিলে জাত বালক রাজা হয়। অথবা মকরে মঙ্গল ও চন্দ্র, ধনু রাশিতে রবি থাকিলে যদি ঐ মকর রাশি জন্ম লগ্ন হয়, তাহা হইলে মনুষ্য রাজা হয়। অপর মেষে রবি, তুলাতে চন্দ্র ও শনি, ধনু রাশিতে বৃহস্পতি থাকিলে যদি মেষ জন্মলগ্ন হয়, তাহা হইলে জাত বালক নৃপতি হইবে। ৫

বৃষে সেন্দৌ লগ্নে সবিতৃগুরুতীক্ষ্ণাংশুতনয়ৈঃ
সুহৃজ্জায়াখস্থৈর্ভবতি নিয়মান্মানবপতিঃ।
মৃগে মন্দে লগ্নে সহজরিপুধর্ম্মব্যয়গতৈঃ
শশাঙ্কাদ্যৈঃ খ্যাতঃ পৃথুগুণযশাঃ পুঙ্গবপতিঃ॥ ৬

অন্যচ্চ। বৃষে শশী লগ্নগতোঽম্বুসপ্তখস্থা রবীজ্যার্কসুতা ভবন্তি।
ততস্থ যাত্রাসু রজোঽন্ধকারো দিনেঽপিরাত্রেঃ কুরুতেপ্রবেশম্।
কুজেন্দুসৌম্যাঙ্গিরসশ্চ যস্য রিপুত্রিধর্ম্মান্ত্যগতা ভবন্তি।
মৃগেঽর্কসূনুস্তনুগোঽত্রনূনমেকাতপত্রাং স ভুনক্তি ধাত্রীং। ৬

বৃষে চন্দ্র, সিংহে রবি, বৃশ্চিকে বৃহস্পতি ও, কুম্ভে শনি থাকিলে, যদি ঐ বৃষ লগ্নে কোন বালকের জন্ম হয়,

তাহা হইলে জাত বালক নিশ্চয় নরপতি হইবে। অপর যদি মকরে শনি, মীনে চন্দ্র, মিথুনে মঙ্গল কন্যাতে বুধ ও ধনুতে বৃহস্পতি অবস্থিতি করেন, এবং উক্ত মকর লগ্ন কোন বালকের জন্ম লগ্ন হয়, তাহা হইলে জাত বালক বিখ্যাতযশাঃ বহুগুণান্বিত ভূপতি হইবে। ৬

হয়ে সেন্দৌ জীবে মৃগমুখগতে ভূমিতনয়ে
স্বতুঙ্গস্থৌ লগ্নে ভৃগুজশশিজাবত্র নৃপতী
স্বতস্থৌ বক্রার্কী গুরুশশিসিতাশ্চাপি হিবুকে
বুধে কন্যালগ্নে ভবতি হি নৃপোহন্যোঽপি গুণবান্॥ ৭

অন্যচ্চ। স্বোচ্চে মূর্ত্তিগতেঽমৃতাংশুতনয়ে নক্রে সবক্রেশনৌ
চাপে বাগধিপেন্দুভার্গবযুতে স্যাজ্জন্ম ভূমিপতেঃ।
স্পর্দ্ধাং যস্য নিরীক্ষ্য ভূরি তুরগোন্মত্তেভমালামিলৎ
সেনান্দোলিতভূমিগোলকতলং দিগ্দন্তিনঃ কুর্ব্বতে॥ ৭

ধনু রাশিতে চন্দ্র ও বৃহস্পতি, মকরে মঙ্গল, মীনে শুক্র ও কন্যাতে বুধ থাকিলে যদি ঐ মীন কিম্বা কন্যা লগ্নে কোন ব্যক্তির জন্ম হয়, তাহা হইলে ঐ ব্যক্তি রাজা হইবে। অপর যাহার জন্ম কালে মকরে শনি ও মঙ্গল, ধনুতে বৃহস্পতি শুক্র ও চন্দ্র, কন্যাতে বুধ অবস্থিতি করেন, এবং কন্যা জন্ম লগ্ন হয়, তাহা হইলে সেই ব্যক্তি গুণবান্ রাজা হইবে। ৭

ঝষে সেন্দৌ লগ্নে ঘটমৃগমৃগেন্দ্রেষু সহিতৈ-
র্যমারার্কৈর্যোঽভূৎ স খলু মনুজঃ শাস্তি বসুধাং।
অজে সারে মূর্ত্তৌ শশিগৃহগতে চামরগুরৌ
সুরেজ্যেবা লগ্নে ধরণিপতিরন্যোঽপি গুণবান্॥ ৮

অন্যচ্চ। দিনাধিরাজে মৃগরাজসংস্থে নক্রে সবক্রে কলসেঽর্কসূনৌ
পাঠীনলগ্নে শশিনা সমেতে মহীপতে র্জন্ম মহৌজসঃ স্যাৎ।
মহীসুতে মেষগতে তনুস্থে বৃহস্পতৌ বা তনুগে সুতুঙ্গে
যোগদ্বয়েঽস্মিন্ নৃপতী ভবেতাং জিতারিপক্ষৌ নৃপতীচদক্ষৌ৮

মীন জন্মলগ্ন হইলে তাহাতে যদি চন্দ্র অবস্থিতি করেন এবং কুম্ভে শনি, মকরে মঙ্গল ও সিংহে রবি থাকেন, তাহা হইলে মনুষ্য পৃথিবীর শাসন কর্ত্তা হন। অপর মেষে মঙ্গল ও কর্কটে বৃহস্পতি থাকিলে যদি মেষ লগ্নে কিম্বা কর্কট লগ্নে জন্ম হয় তাহা হইলে জাত ব্যক্তি পৃথিবীর অধিপতি হয়। ৮

কর্কিণি লগ্নে তৎস্থে জীবে চন্দ্রসিতজ্ঞৈ রায়প্রাপ্তৈঃ।
মেষগতেঽর্কে জাতং বিদ্যাদ্বিক্রমযুক্তং পৃথ্বীনাথং॥ ৯

অন্যচ্চ। বাচস্পতিঃ স্বোচ্চগতো বিলগ্নে
মেষে দিনেশঃ শশিশুক্রসৌম্যাঃ।
লাভালয়স্থাঃ কিল ভূমিপালাং
স্তান্ ভূমিপালাঃ সততং গৃণন্তি॥ ৯

কর্কট জন্ম লগ্ন হইলে তাহাতে যদি বৃহস্পতি বাস-করেন এবং একাদশ স্থানে অর্থাৎ বৃষ রাশিতে চন্দ্র, শুক্র ও বুধ এবং মেষে রবি থাকেন তাহা হইলে জাত ব্যক্তি বিক্রমশালী নৃপতি হয়। ৯

মৃগমুখেঽর্কতনয়ে তনুসংস্থে
ক্রিয়কুলীরহরয়োঽধিপযুক্তাঃ।
মিথুনতৌলিসহিতৌ বুধশুক্রৌ
যদি তদা পৃথুযশাঃ পৃথিবীশঃ॥ ১০

অন্যচ্চ। মন্দো যদা নক্রবিলগ্নবর্ত্তী মৃগেন্দ্রযুগ্মাজতুলাকুলীরাঃ।
স্বস্বামিযুক্তা জনয়ন্তি নাথং পাথোনিধিপ্রান্তমহীতলস্য॥ ১০

যদি মকরে শনি, মেষে মঙ্গল, কর্কটে চন্দ্র, সিংহে রবি মিথুনে বুধ ও তুলাতে শুক্র অবস্থিতি করেন, এবং মকর জন্ম লগ্ন হয়, তাহা হইলে মনুষ্য কীর্ত্তিমান রাজা হয়। ১০

স্বোচ্চসংস্থে বুধে লগ্নে ভৃগৌ মেষূরণাশ্রিতে।
সজীবেঽস্তে নিশানাথে রাজা মন্দারয়োঃ সুতে॥ ১১

অন্যচ্চ। দ্বন্দ্বে দৈত্যগুরৌ নিশাকরসুতে মূর্ত্তৌ সুতুঙ্গস্থিতে
নক্রে বক্রশনৈশ্চরৌ চ সফরে চন্দ্রামরেজ্যৌ স্থিতৌ।
যোগোঽয়ং প্রভবেৎ প্রসূতি সময়ে যস্যাবনীশো মহান্
বৈরিব্রাত মহোদ্ধতেভদলনে পঞ্চাননঃ কেবলং॥ ১১

বুধ যদি আপন উচ্চস্থানে অর্থাৎ কন্যা লগ্নে অবস্থিতি করেন এবং মিথুনে শুক্র, মীনে বৃহস্পতি ও চন্দ্র, মকরে শনি ও মঙ্গল বাস করেন্ এবং কন্যা জন্মলগ্ন হয়, তাহা হইলে জাত ব্যক্তি রাজা হয়। ১১

অপি খলকুলজাতা মানবা রাজ্যভাজঃ
কিমুত নৃপকুলোত্থাঃ প্রোক্তভূপালযোগৈঃ।
নৃপতিকুলসমুত্থাঃ পার্থিবা বক্ষ্যমাণৈ
র্ভবতি নৃপতিতুল্যাস্তেষুভূপালপুত্রঃ॥ ১২

অন্যচ্চ। ইতি নিগদিতযোগৈ র্নীচ বংশোদ্ভবোঽপি
স ভবতি পতিরুর্ব্ব্যাঃ কিং পুনারাজসূনুঃ।
নরপতিকুলজাতো বক্ষ্যমাণৈশ্চ যোগৈ
র্ভবতি নৃপতিরেবং তৎ সমোঽন্যস্তু সূনুঃ। ১২

উক্ত রাজযোগ সকল যাহার থাকিবে সে ব্যক্তি রাজকুলোৎপন্ন না হইলেও রাজা হইবে, বক্ষ্যমাণ রাজযোগ থাকিলে রাজবংশোদ্ভব ব্যক্তি রাজত্বপদ প্রাপ্তিরউপযুক্ত জানিবে। ১২

ইতি প্রধান রাজযোগঃ।

সামান্য রাজযোগঃ।

উচ্চস্বত্রিকোণগৈর্ব্বলস্থৈ স্ত্র্যাদৈভূর্পতিবংশজা নরেন্দ্রাঃ।
পঞ্চাদিভিরন্যবংশজাতা হীনৈর্ব্বিত্তযুতা ন ভূমিপালাঃ॥ ১৩

যে কোন তিন বা চারিটী গ্রহ বলবান্ হইয়া আপন আপন উচ্চ স্থানে বা মূলত্রিকোণে থাকিলে, রাজবংশোদ্ভব পুরুষ রাজা হয়। অপর পাঁচ, ছয় কিম্বা সাতটী গ্রহ বলযুক্ত হইয়া আপন আপন উচ্চ ভবনে বা মূলত্রিকোণে অবস্থিতি করিলে অন্যকুলোৎপন্ন ব্যক্তি রাজা হয়। কিন্তু গ্রহগণ বলবান না হইয়া দুর্ব্বল হইলে মনুষ্য রাজা হয় না, রাজতুল্য ধনবান হয় ১৩

মেথাস্থেঽর্কেঽজেন্দৌ লগ্নে ভৌমে স্বোচ্চে কুম্ভে মন্দে।
চাপপ্রাপ্তে জীবে রাজ্ঞঃ পুত্রং বিদ্যাৎ পৃথ্বীনাথম্॥১৩

অন্যচ্চ।সিংহোদয়েঽর্কেবৃজগোমৃগঙ্কঃ শনৈশ্চরঃ কুম্ভগতঃ সুরেজ্যঃ
ধনুর্দ্ধরেচেন্মকরে মহীজো রাজাধিরাজো মনুজো ভবেৎসঃ।১৪

সিংহে রবি, মেষে চন্দ্র, মকরে মঙ্গল, কুম্ভে শনি ও ধনুতে বৃহস্পতি অবস্থিতি করিলে এবং মেষ কিম্বা সিংহ জন্ম লগ্ন হইলে রাজপুত্র রাজা হয়, অন্য বংশোদ্ভব ব্যক্তি ধনবান হয়। ১৪

স্বর্কে শুক্রে পাতালস্থে ধর্ম্মস্থানং প্রাপ্তে চন্দ্রে।
দুশ্চিক্যাঙ্গপ্রাপ্তিপ্রাপ্তৈঃ শেষৈর্জাতঃ স্বামীভূমেঃ॥ ১৫

জন্ম লগ্ন কুম্ভ, বৃষে শুক্র, তুলাতে চন্দ্র এবং অবশিষ্ট গ্রহ সকল যথাসম্ভব কুম্ভে মেষে, ও ধনুতে থাকিলে অথবা জন্ম লগ্ন কর্কট, তুলাতে শুক্র, মীনে চন্দ্র এবং অন্যান্য গ্রহগণ যথাসম্ভব কন্যা, কর্কট ও বৃষ গত হইলে রাজপুত্র রাজা অন্য ধনবান হয়। ১৫।

সৌম্যেবীর্য্য যুতে তনুযুক্তে
বীর্য্যাঢ্যে চ শুভে শুভযাতে।
ধর্ম্মার্থোপচয়েষ্বশেষৈ
র্ধর্ম্মাত্মা নৃপজঃ পৃথিবীশঃ॥ ১৬

যদি জন্মকালে বুধ গ্রহ বলবান হইয়া লগ্নে অবস্থান করেন এবং অপর কোন একটী শুভ গ্রহ অর্থাৎ বৃহস্পতি কিম্বা শুক্র বলান্বিত হইয়া নবমস্থান গত হন এবং অপর সমস্ত গ্রহ দ্বিতীয় তৃতীয়, ষষ্ঠ, নবম, দশম, ও একাদশ স্থানে বসতি করেন তাহা হইলে রাজকুলোদ্ভব ব্যক্তি রাজা ও অন্য ধনবান হয়। ১৬

বৃষোদয়ে মূর্ত্তিধনারিলাভগৈঃ
শশাঙ্কজীবার্ক সুতাপরৈর্নৃপঃ
সুখে গুরৌ খে শশিতীক্ষ্ণদীধিতী
যমোদয়ে লাভগতৈর্নৃপো পরৈঃ॥ ১৭

বৃষে চন্দ্র, মিথুনে বৃহস্পতি, তুলাতে শনি, মীনে রবি, মঙ্গল, বুধ ও শুক্রে থাকিলে যদি বৃষ জন্ম লগ্ন হয়, তাহা হইলে জাত বালক রাজা হয়। অথবা লগ্নে শনি চতুর্থে বৃহস্পতি দশমে সূর্য্য ও চন্দ্র, একাদশস্থানে মঙ্গল, বুধ ও শুক্র থাকিলে রাজকুলোৎপন্ন রাজা ও অন্য ধনবান্ হয়। ১৭

মেষূরণায়তনুগাঃ শশিমন্দজীবা
জ্ঞারৌ ধনে সিতরবী হিবুকে নরেন্দ্রম্।
বক্রাসিতৌ শশিসুরেজ্যসিতার্কসৌম্যা
হোরাসুখাস্তশুভখাপ্তিঃ গতাঃ প্রজেশম্॥ ১৮

দশমে চন্দ্র, একাদশে শনি, লগ্নে বৃহস্পতি দ্বিতীয় স্থানে বুধ ও মঙ্গল, চতুর্থ স্থানে শুক্র ও রবি অথবা লগ্নে শনি ও মঙ্গল, চতুর্থে চন্দ্র, সপ্তমে বৃহস্পতি, নবমে শুক্র, দশমে রবি ও একাদশে বুধ থাকিলে রাজ কুলোদ্ভব ব্যক্তি রাজা ও অন্য ধনবান্ হয়। ১৮

কর্ম্মলগ্নযুতপাকদশায়াং রাজ্যলব্ধিরথবা প্রবলস্য
শত্রুনীচগৃহযাতদশায়াং ছিদ্রসংশ্রয়দশা পরিকল্প্যা॥ ১৯

কর্ম্মস্থ কিম্বা লগ্নস্থ গ্রহের অথবা উক্ত গ্রহের মধ্যে

যে গ্রহ বলবান্ তাহার অন্তর্দ্দশা কালে রাজযোগজাত-ব্যক্তির রাজ্য লাভ হয়। লগ্ন ও দশম স্থানে কোন গ্রহ না থাকিলে জন্মকালে যে কোন গ্রহ বলবান্ থাকিবে, তাহার অন্তর্দ্দশাতে রাজ্য প্রাপ্তি হইবে। শত্রু ও নীচ গৃহগত গ্রহের অন্তর্দ্দশা সময়ে রাজ্যপ্রাপ্ত ব্যক্তির রাজ্য ভ্রষ্ট হয়। ১৯

গুরুসিতবুধলগ্নে সপ্তমস্থেঽর্কপুত্রে
বিয়তি দিবসনাথে ভোগিনাং জন্ম বিদ্যাৎ।
শুভবলযুতকেন্দ্রৈঃ ক্রূরভস্থৈশ্চ পাপৈ-
ব্রর্জতি শবরদস্যুস্বামিতামর্থভাক্ চ ॥ ২০

যাহার জন্ম কালে লগ্নে বুধ, বৃহস্পতি ও শুক্র এই তিন গ্রহ অবস্থিতি করে এবং সপ্তমে শনি, দশম স্থানে রবি থাকে সে ব্যক্তি ভোগবান্ হয়, অর্থাৎ ধন না থাকিলেও কোন রূপ সুখ ভোগে কাল যাপন করে। যাহার জন্মকালে লগ্ন, চতুর্থ স্থান, সপ্তম স্থান ও দশম স্থান শুভ গ্রহের ক্ষেত্র হয়, এবং পাপগ্রহের ক্ষেত্রে বল-বান্ পাপগ্রহ থাকে সে ব্যক্তি ব্যাধ ও দস্যুগণের অধি-পতি হয়।

ইতি বৃহজ্জাতকে রাজযোগ।

অথ ঢুণ্ডিরাজ মতে রাজ যোগঃ।

কর্কেঽর্ক চন্দ্রো সুররাজমন্ত্রী শত্রুস্থিতশ্চাপি বুধঃ সুতুঙ্গে।
কশ্চিদ্বলী লগ্নগতঃ স রাজা রাজাধিরাজাভিধিয়া সমেতঃ। ১
মেষোদয়েঽর্কশ্চ গুরুঃ কুলীরে তুলাধরে মন্দবিধূ ভবেতাং।
ভবেন্নৃপালোঽমলকীর্ত্তিশালী ভূপালমালাপরিপালিতাজ্ঞঃ। ২
মেষে বুধো মূর্ত্তিগতঃ প্রসূতৌ বৃহস্পতিশ্চাস্তগতঃ কলাবান্।
রসাতলে ব্যোমগতঃ সিতশ্চেন্মহীপতির্গীত দিগন্তকীর্ত্তিঃ। ৩
গুরুঃকুলীরোপগতঃ প্রসূতৌ স্মরাম্বুথস্থা ভৃগুমন্দভৌমাঃ।
তথান কালে জলধের্জলানি ভেরীনিনাদোচ্ছলনং প্রয়াতি। ৪
প্রসূতিকালে স্ফুরদংশুজালঃ ষড়্বর্গশুদ্ধো হিতভে স্বভে বা।
তুঙ্গত্রিকোণেষু নভশ্চরেন্দ্রো নরং প্রকুর্য্যাৎ খলু সার্ব্বভৌমং। ৫
ষড়্বর্গশুদ্ধং খচরদ্বয়ঞ্চেদ্যথোক্ত রীত্যা জননে নরস্য।
তস্যাধিপত্যং খলু কিন্নরেষু দ্বীপান্তরে চাত্র বসুন্ধরায়াম্। ৬

গুরুর্নিজোচ্চে যদি কেন্দ্রশালী রাজ্যালয়ে দানবরাজপূজ্যঃ।
প্রসূতিকালে কিল তস্য মুদ্রা চতুঃসমুদ্রাবনিগামিনী স্যাৎ ॥ ৭
দেবাচার্য্যদিনেশ্বরৌ ক্রিয়গতৌ মেষূরণে কৌশিক্যঃ
পুণ্যে ভার্গবসৌম্যশীতকিরণা যস্য প্রসূতৌ স্থিতাঃ।
নূনং দিগ্বিজয় প্রয়াণ সময়ং সৈন্যেঽরিণা ব্যাকুলাং
চিন্তামুদ্বহতীতি কা গতিরহো সর্ব্বং সহায়াং স্থিতে ॥ ৮
নীচারাতিবলোজ্ঝিতা বলযুতাঃ সংত্যক্তবৈরাঃ পরং
স্ফারাৎ কান্তিধরা ভবন্তি খচরাঃ সংস্থা বৃষে ভার্গবঃ।
মাতৃণাং যদি মণ্ডলে সমুদিতো জীবো ভবেৎ সম্ভবে
দেবৈস্তুল্যপরাক্রমঃ স চ নৃপঃ কোপপ্রমৃষ্টাহিতঃ। ৯
মীনে নিশাকরঃ পূর্ণঃ সর্ব্বগ্রহনিরীক্ষিতঃ।
সার্ব্বভৌমং নরং কুর্য্যাদিন্দ্রতুল্যং পরাক্রমং। ১০
ধনে দিনেশাত্তু গুজীবসৌম্যা নাস্তং গতা নো রিপুদৃষ্ট যুক্তাঃ। ১০
স্যাৎ শকটং সৎ কটকং রিপূণাং যশঃ পটোদিগ্বদনায় নূনং। ১১
সম্বোপেতঃ শুভগগনগঃ পূর্ণ চন্দ্রং প্রপশ্যেৎ
যস্যোৎ পত্তৌ ভবতি নৃপতির্নির্জ্জিতারাতি পক্ষঃ।
যাত্রাকালে গজহয়রথাত্যস্ত তূর্য্যস্বনানাং
ব্রহ্মাণ্ডং নাখিলমপি ভবেৎ পূরাণার্থং সমর্থং। ১২
স্বোচ্চেষু বাচস্পতিসূর্য্যশুক্রাঃ
শনীক্ষিতাঃ শীতরুচির্নিজোচ্চে।
আধান কালে রজসোবিতানং
রুণদ্ধি সূর্য্যাঞ্চ বিলোকনানি। ১৩
নাস্তং যাতাঃ সুতগৃহগতাঃ সৌম্য শুক্রামরেজ্যা
নক্রে বক্রো রবি রহিতকো ধর্ম্মগো যস্য মন্দঃ
যাত্রাকালে কিল কুমুদিনী পুষ্পসংবৈককর্ত্তা
শ্রীসূর্য্যোঽপি প্রচলিতবলোদ্ধতধূলী কৃতাস্তঃ। ১৪
কন্যালগ্নগতে বুধে চ বিবুধামাত্যে চ জায়াস্থিতে
ভৌমার্কৌ সহজারিলাভভবনেঽমুস্থে ভৃগোর্নন্দনে।
যোগেঽস্মিন্ মনুজস্য যস্য জননং তচ্ছাসনং সর্ব্বদা
রাজানঃ প্রবদন্ত্যলং সুবিমলা মানীয় মৌলিস্থলে। ১৫
মীনোদয়ে দানবরাজপূজ্যশ্চন্দ্রামরেজ্যৌ ভবতঃ কুলীরে।
মেষেঽর্কভৌমৌ নৃপতিঃ কিলস্যাদাখণ্ডলেনাপি তুলাং প্রয়াতি। ১৬
ছায়াসুতো নক্রবিলগ্নযাতশ্চাস্তে প্রসূতৌ যদি পুষ্পবন্তৌ।
লাভে কুজোবৈ ভৃগুজোঽম্বুভস্থঃ স্যাত্তু পতির্ভূপকুলপ্রসূতঃ ॥ ১
সুরাসুরেজ্যো ভবতশ্চ তুর্য্যেঽত্যস্তং সমর্থং পৃথিবীপতিঃ স্যাৎ।
কর্কেস্থিতো দেবগুরুঃ স চন্দ্রঃ কাশ্মীরদেশাধিপতিং করোতি ॥ ১৮

সুরাসুরেজ্য স্থিতিদৃষ্টিরিন্দুঃ স্বোচ্চেস্থিতো ভূমিপতিং করোতি।
বিলোকয়ন্তঃ পরিপূর্ণচন্দ্রং শুক্রজ্ঞজীবা জনয়ন্তি ভূপং ॥১৯
পঞ্চেন্মৃগাঙ্কাত্মজমিত্রমন্ত্রী বিচিত্রসম্পন্নৃপতিং করোতি।
একোঽপিখেটো যদি পঞ্চমাংশে প্রসূতি কালে কুরুতে নৃপালং॥২০
নক্ষত্রনাথোঽপ্যধিমিত্রভাগে শুক্রেণ দৃষ্টোনৃপতিং করোতি।
স্বাংশাধিমিত্রাংশ গতোঽথবা স্যাজ্জীবেন দৃষ্টঃ কুরুতে নৃপালং॥২১
দিনাধিনাথোপ্যধিমিত্রভাগে চন্দ্রেণ সম্যক্ প্রতিলোকিতো বা।
স্যাত্তস্করাণাং নিলয়ে নৃপালঃ সৎশীলশালী সুতরামুদারঃ ॥ ২২
স্বোচ্চেস্থিতঃ সোমসুতঃ সসোমঃ কুর্য্যান্নরং মাগধ দেশরাজং।
কলাধিশালী বলবান্ কলাবান্ করোতি ভূপং শুভধাম সংস্থঃ ॥২৩
জন্মেশ্বরো জন্মবিলগ্নপো বা কেন্দ্রে বলী নীচকুলেঽপিভূপং।
কুর্য্যাদুদারং সুতরাং পবিত্রং কিমত্র চিত্রং ক্ষিতিপাল পুত্রং ॥২৪
মেষে দিনেশঃ শশিনা সমেতে যস্য প্রসূতৌ সতু ভূপতিঃ স্যাৎ।
কর্ণাটক দ্রাবিড় কেরলান্ধ্র দেশাধিপানামনুকূলবর্ত্তী ॥ ২৫
সুতুঙ্গ গেহোপগতৌ সিতেজ্যৌ কেন্দ্রত্রিকোণেষু গতৌ ভবেতাং।
প্রসূতিকালে কুরুতো নৃপালংনৃপালজাতং সচিবেন্দ্র মান্যং ॥ ২৬
প্রসূতি কালে মদনে ধনে চ ব্যয়ে বিলগ্নে যদি সন্তি খেটাঃ।
তে ছত্র যোগং জনয়ন্তি তস্য প্রাক্পুণ্য পাকাভ্যুদয়ো হি যস্য ॥২৭
পাপো বিলগ্নে কিলয়স্য সূতৌ দৃষ্টো ভবেচ্চিত্রশিখণ্ডিজেন।
কর্কে গুরুর্ব্রাহ্মণ দেবভক্তঃ প্রাসাদবাপী পুরকৃন্নৃপঃ স্যাৎ ॥ ২৮
একোঽপি শস্তঃ শুভদঃ সুতুঙ্গে কেন্দ্রে পতঙ্গো বলবান্ প্রদৃষ্টঃ।
সুতস্থিতেনামর পূজিতেন চেন্মানবো মানবনায়কঃ স্যাৎ ॥ ২৯

মৃগরাশিং পরিত্যজ্য স্থিতে লগ্নে বৃহস্পতিঃ।
করোতি পৃথিবী নাথং মত্তেভ পরিবারিতং ॥ ৩০

কলাকলাপাধি কৃতাধিশালী
চন্দ্রোভবেজ্জন্মনিকেন্দ্র বর্ত্তী।
বিহায় লগ্নং কুরুতে নৃপালং
লীলাবিলাসাকলিতারি বৃন্দং ॥ ৩১
কেন্দ্রগঃ সুরগুরুঃ স শশাঙ্কো
যস্য জন্মনি চ ভার্গব দৃষ্টঃ।
ভূপতির্ভবতি সোঽতুল কীর্ত্তি
নীচগো ন যদি কশ্চিদিহ স্যাৎ ॥ ৩২

ধনস্থিতাঃ সৌম্যসিতামরেজ্যা মন্দারচন্দ্রা যদি সপ্তমস্থাঃ।
যস্য প্রসূতৌ স তু ভূপতিঃ স্যাদরাতি দন্তি ক্ষিতিসিংহ এব ॥ ৩৩
কুম্ভাষ্টমাংশে শশিনি ত্রিকোণে, মেষেঽদ্রিভাগে ধরণী সুতো বা।
মৃগেন্দ্রকবিংশাংশগতেঽথবাক্কে যস্য প্রসূতৌ স তু ভূপতিঃ স্যাৎ ৩৪

কুম্ভস্য চেৎ পঞ্চদশে বিভাগে
কর্কে দশাংশোপ গতো বিধুশ্চেৎ।
তৃতীয়ভাগে ধনুষীন্দ্রবন্দ্যঃ
সিংহে শশাঙ্কেঽপ্যথবাপি ভূপঃ ॥ ৩৫
পুষ্যেঽশ্বিভে বাঽপ্যথ কৃত্তিকাসু
বর্গোত্তমে পূর্ণবলঃ বলাবান্
করোতি জাতং খলু সার্ব্বভৌমম্
ত্রিপুষ্করেঽত্যন্ত নরোঽপি ভূয়ঃ ॥ ৩৬ *
মৈত্রে চ পৈত্রেঽপ্যথবা সুতুঙ্গে বর্গোত্তমে ভূমিসুতঃ করোতি।
মহীপতিং পার্থিব বংশজাতং চাস্য প্রধানং ধনিনং প্রসিদ্ধম্ ॥৩৭
চেন্তার্গবো জন্মনি যস্য পুণ্যে মেষুরণে পূর্ণতনুঃ শশাঙ্কঃ।
অন্যগ্রহা লাভগতা ভবেয়ুঃ পৃথ্বীপতিঃ পার্থিব বংশজাতঃ ॥৩৮
উপচয় ভবনস্থাঃ সর্ব্ব খেটাঃ শশাঙ্কা
দ্রবিগুরুশশিজাশ্চেন্দ্রু মিস্থনোর্ভবন্তি।
ত্রিতনয়নবমস্থাঃ কুর্ব্বতে তে নরেন্দ্রং
গজতুরগ রথানাং সম্পদা রাজমানম্ ॥ ৩৯
সুখে সিতেজ্যৌ সহজেঽম্বুজেশ
স্তিষ্ঠন্তি খেটাঃ সুতধাম্নি চান্যে।
নীচারিরাশৌ নহি কশ্চিদত্র
ধাত্রীপতিশ্চৈক কৃতাতপত্রঃ ॥ ৪০
সিংহে কুমুদিনীভর্ত্তা কুলীরস্থে নিশাকরঃ।
দৃষ্টৌ দ্বাবপি জীবেন পার্থিবং কুরুতস্তদা ॥ ৪১
বুধঃ কর্কটমারূপে বাক্পতিশ্চ ধনুর্দ্ধরে।
রবিভূসুতদৃষ্টৌ তৌ কুরুতঃ পৃথিবী পতিম্ ॥ ৪২
সফরী যুগলে চন্দ্রঃ কর্কটে চ বৃহস্পতিঃ।
শুক্রঃকুম্ভে ভবেদ্রাজা গজবাজি সমৃদ্ধিভাক্ ॥ ৪৩
সিতদৃষ্টঃ শনিঃ কুম্ভে পদ্মিনীনায়কোদয়ে।
চন্দ্রে জলচরে রাশৌ যদি রাজা তদা ভবেৎ ॥ ৪৪
চেৎখেচরো নীচগৃহং প্রায়াত
স্তদীশ্বরশ্চাপি তদুচ্চনাথঃ।
কেন্দ্রো স্থিতো তৌ ভবতঃ প্রসূতৌ
প্রকীর্ত্তিতৌ ভূপতি সম্ভবায় ॥৪৫
কৃত্তিকা রেবতী স্বাতী পুষ্যাস্থায়ী ভৃগোঃ সুতঃ।
করোতি ভূভূজাং নাথ অশ্বিন্যামপি সংস্থিতঃ ॥ ৪৬

---

* তিথিস্তু ভদ্রা বিষমাজ্ঘ্রিভংচেৎ বারেঽরবিজ্ঞাতনয়ার্কজানাম্। ত্রিপুষ্করো যোগ ইতি প্রদিষ্টো বৃদ্ধৌ চ হান্যাং ত্রিগুণাধি কর্ত্তা॥

রাজ্যোপলব্ধির্দশমে স্থিতস্ত
বিলগ্নগস্তাপ্যথবা দশায়াম্।
তয়োরভাবে বলশালিনো বা
সম্রাজ যোগা যদি জন্ম কালে॥ ৪৭*

ইতি ঢুণ্ঢিরাজ মতে জাতকাভরণে রাজ যোগাধ্যায়ঃ।

অথ রাজযোগ চিহ্ন সামুদ্রিকে।

প্রসূতি কালে প্রবলা যদি স্যুর্নৃপাল যোগাঃ পুরুষস্য যস্য।
সম্রাজ চিহ্নানি পদে তদীয়ে ভবন্তি বা পাণিতলে প্রদিষ্টাঃ॥ ১॥
অনামিকা মূল গতা প্রশস্তা সা কীর্ত্তিতা পুণ্যবিধান রেখা।
মধ্যাঙ্গুলে যা মণিবন্ধমাপ্তা রাজ্যাপ্তয়ে সা চ কিলোর্দ্ধরেখা।২
বিরাজ মানং যবলাঞ্ছনঞ্চেদঙ্গুষ্ঠমধ্যে পুরুষস্য যস্য।
ভবেদ্যশস্বী নিজবংশ ভূষা ভূষাবিশেষৈঃ সহিতোবিনীতঃ॥৩॥
চেদ্বারণো বাতপবারণং বা বৈসারিণঃ পুষ্করিণী সুনির্ব্বা।
বীণাচ পাণৌ চরণে নরাণাং তেস্যুর্নরাণামধিপা বরেণ্যাঃ॥ ৪॥
আদর্শমালা করবালশৈল হলাশ্চ যৎ পাণিতলে মিলন্তি।
স্যান্মাণ্ডলীকোঽবনিপালকো বা কুলে নৃপালঃ কিলতারকঃস্যাৎ ৫
চেদ্যস্য পাণৌচরণে চ চক্রধনুর্দ্ধরাজব্যজনাসনানি।
রথাশ্ব দোলাঃ কমলাবিলাসাঃ তস্যালয়েস্যুর্গজবাজি বাসাঃ॥ ৬॥
স্তম্ভোঽপি কুম্ভস্য তরুস্তরঙ্গো গদা মৃদঙ্গোঽঙ্ঘ্রি কর প্রদেশে।
দণ্ডোঽথবা খণ্ডিত রাজ লক্ষ্মীঃ স্যান্মণ্ডিতঃ পণ্ডিতশৌণ্ডিকৈর্ব্বা ৭
নরস্য নাসা বিততাহি যস্য বক্ষস্থলং বাপি শিলাতলাভম্।
নাভির্গভীরোঽতি মৃদুর্ভবেতামারক্ত কর্ণৌ চরণৌ চ ভূপঃ॥ ৮॥
প্রশন্ন মূর্ত্তি সমুদার চেতা বংশাভিমানঃ সুখভাক্ বিলাসঃ।
অনীতিভীরুর্গুরু সাধু নম্রঃ সম্রাজ্য লক্ষ্মীং লভতে মনুষ্যঃ॥ ৯
করতলে নম্নু যস্য তিলোভবেদবিরলঃ কিল তস্য ধনাগম।
পদতলে চ তিলেন সমন্বিতে নৃপতি বাহন চিহ্ন সমন্বিতঃ॥ ১০
এতৎ ফলং রাজ কুলোদ্ভবানাং স্যাম্রাবানাং মুনয়ো বদন্তি।
প্রকল্পয়েদন্য কুলোদ্ভবানাং নূনং তদূনং স্বকুলানুমানাৎ॥ ১১॥
চিহ্নানি যানি প্রতিপাদিতানি ব্যক্তানি সংপূর্ণ ফল প্রদানি।
বামে তরেঽঙ্ঘ্রৌ চ করেনরাণ্যং ধন্যানি বামেখলু কামিনীনাং॥ ১২

ইতি সামুদ্রিকে রাজ যোগ চিহ্ন।

অথ ঢুণ্ঢিরাজ মতে রাজযোগ

ভঙ্গঃ।

শত্রুক্ষেত্রগতৈঃ সর্ব্বৈর্ব্বর্গোত্তমগতৈ রপি।
রাজযোগো বিনশ্যন্তি বহুভির্নীচগৈর্গ্রহৈঃ॥ ১॥

গ্রহগণ বর্গোত্তমগত হইয়াও যদি শত্রুগৃহে কিম্বা স্বীয় নীচভবনে থাকেন, তাহা হইলে রাজযোগ ফলপ্রদ হইবে না। ১

চন্দ্রং বা যদি বা লগ্নং গ্রহো নৈকোঽপি বীক্ষতে।
তথাপি রাজ যোগানাং ভঙ্গমাহ পরাশরঃ॥ ২

মহানুভাব পরাশর বলেন, যদি লগ্নে বা চন্দ্রে কোন গ্রহেরই দৃষ্টি না থাকে, তাহা হইলে রাজযোগ ভঙ্গ হয়। ২

স্বাংশে রবৌ শীতকরপ্রদৃষ্টে পাপৈশ্চ দৃষ্টে শুভ দৃষ্টি হীনে।
কৃত্বাপি রাজ্যঞ্চবলে মনুষ্যঃ পশ্চাৎ সুদুঃখং লভতে হৃতাশঃ॥৩

রবি স্বীয় নবাংশে অবস্থিতি করিলে যদি তাহতে চন্দ্রের ও পাপগ্রহের দৃষ্টি থাকে ও শুভগ্রহের দৃষ্টি না থাকে তাহা হইলে মনুষ্য প্রাপ্তরাজ্য হইতে ভ্রষ্ট হইয়া বনে বনে বিশেষ দুঃখ ভোগ করে। ৩

উল্কা ব্যতীপাতদিনে তথৈব
নৈর্ঘাতিকে কেতু সমুদ্ভবে বা।
চেদ্রাজযোগেঽপি চ যস্য সূতি
র্নরো দরিদ্রোঽতিতরাং ভবেৎ সঃ॥ ৪॥

উল্কা ও বজ্রপাত দিবসে, ব্যতীপাতযোগে কিম্বা ধূমকেতুর উদয়কালে যাহার জন্ম হয়, সেই ব্যক্তির রাজযোগ থাকিলেও অতি দরিদ্র হয়। ৪

তুলায়াং নলিনীনাথঃ পরমং নীচমাশ্রিতঃ।
নির্দ্দিষ্ট রাজযোগানাং দলনায় ভবেদলম্॥ ৫॥

যদি রবি পরম নীচ অর্থাৎ তুলার দশমাংশে অবস্থিতি করেন, তবে নির্দ্দিষ্ট রাজযোগ থাকিলেও তাহা ভঙ্গ হয়। ৫

মৃগলগ্নে সুরাচার্য্যঃ পরমং নীচমাশ্রিতঃ।
রাজযোগোদ্ভবস্যাপি কুরুতেঽতি দরিদ্রতাম্॥ ৬॥

যাহার জন্মকালে বৃহস্পতি পরম নীচ অর্থাৎ মকরের পঞ্চমাংশে অবস্থিতি করেন, সেই ব্যক্তি রাজযোগে জন্ম গ্রহণ করিলেও অতি দরিদ্র হয়। ৬

বাচস্পতিশ্চাস্ত মিতো গ্রহেন্দ্রাস্ত্রয়স্ত নীচেষু ঘটে বিলগ্নে।
একোপিনোচ্চে দশমেঽপি পাপা ভূপালযোগা বিলয়ং প্রয়ান্তি ॥৭

কোন ব্যক্তির কুম্ভলগ্নে জন্ম হইলে যদি বৃহস্পতি অস্তগত থাকেন, ও তিনটী গ্রহ স্বীয় স্বীয় নীচ গৃহে অবস্থিতি করে এবং একটী গ্রহও উচ্চ স্থানে না থাকে, ও দশম স্থানে পাপগ্রহ থাকে, তাহা হইলে জাতব্যক্তির রাজযোগ বিফল হয়। ৭

প্রসূতৌ দানবাচার্য্যঃ পরমং নীচমাশ্রিতঃ।
করোতি পতনং নূনং মানবানাং মহাপদাৎ ॥ ৮ ॥

যাহার জন্মকালে শুক্র রমণীর অর্থাৎ কন্যার ২৭ অংশে অবস্থিতি করেন সেই ব্যক্তি রাজপদাভিষিক্ত হইলেও পদচ্যুত হয়। ৮

যদি তনয় গৃহস্থো রাহুরিন্দু প্রদৃষ্টঃ
সহজ রিপুভবস্থা ভানুমন্দাবনেয়াঃ।
শুভবিরহিত কেন্দ্রৈরস্তগৈর্ব্বাপি সৌম্যৈঃ
ভবতি নৃপতি যোগোব্যর্থভাবোপি চিন্ত্যঃ ॥ ৯ ॥

যদি পঞ্চম স্থানে রাহু অবস্থিতি করেন ও তাহার প্রতি চন্দ্রের দৃষ্টি থাকে এবং তৃতীয় স্থানে রবি, ষষ্ঠ স্থানে শনি ও একাদশ স্থানে মঙ্গল থাকেন এবং কেন্দ্র ভবনে কোন শুভগ্রহ না থাকিয়া অস্তগত হন, তাহা হইলে রাজযোগ বিফল হয়। ৯

কেন্দ্রেষু শূন্যেষু শুভৈর্নভোগৈরস্তংগতৈ র্নীচগৃহস্থিতৈর্ব্বা।
চতুর্গ্রহৈর্ব্বাপ্যরিমন্দিরস্থৈর্নৃপাল যোগা বিলয়ং প্রয়ান্তি ॥১০

যদি কেন্দ্রস্থানে কোন গ্রহের অবস্থান না থাকে ও শুভগ্রহগণ অস্তগত কিম্বা নীচ গৃহস্থিত হন অথবা চারিটী গ্রহ শত্রুগৃহে অবস্থিতি করেন, তাহা হইলে রাজযোগ বিফল হয়। ১০

সর্ব্বেঽপি পাপা যদি কণ্টকেষু
নীচারিগা নো শুভদৃষ্ট যুক্তাঃ।
রন্ধ্রারি রিপ্ফেষু চ সৌম্য সংজ্ঞা
রাজ্ঞো হি যোগা বিলয়ং প্রয়ান্তি ॥ ১১ ॥

যদি সকল পাপগ্রহ কেন্দ্রস্থানে, নীচগৃহে কিম্বা শত্রু-ভবনে অবস্থিতি করেন তাহাতে কোন শুভগ্রহের যোগ বা দৃষ্টি না থাকে এবং অষ্টম, ষষ্ঠ ও দ্বাদশ স্থানে শুভ গ্রহ থাকে, তাহা হইলে রাজযোগ বিফল হয়। ১১

ইতি ঢুণ্ঢিরাজমতে রাজযোগ ভঙ্গঃ।

অথ বৃহজ্জাতক মতে নাভস যোগঃ।

নবদিগ্বসবস্ত্রিকাগ্নিবেদৈগুণিতা দ্বিত্রিচতুর্ব্বিকল্পজা স্যুঃ।
যবনৈস্ত্রিগুণা হি ষট্‌শতী সা কথিতা বিস্তরতোঽত্র তৎসমাসঃ ।১

যবনাচার্য্য নাভসযোগের অন্তর্গত আকৃতিযোগ ২০, সংখ্যাযোগ ৭, আশ্রয়যোগ ৩, দলযোগ ২, সাকল্য বত্রিশ ৩২টী যোগ উল্লেখ করিয়া দ্বাদশ রাশি ও গ্রহসংস্থান প্রভেদে অষ্টাদশশত ১৮০০ যোগ নির্দ্দেশ করিয়াছেন তৎসমুদায় ক্রমশ বিবৃত হইতেছে। ১

রজ্জুর্মুষলং নলশ্চরাদ্যৈঃ সত্যশ্চাশ্রয়জান্ জগাদ যোগান্।
কেন্দ্রৈঃ সদসদ্‌যুতৈর্দলাখ্যৌ স্রক্‌সর্পৌ কথিতৌ পরাশরেণ ।২

আশ্রয়যোগ তিন প্রকার, যথা, রজ্জুযোগ, মুষলযোগ ও নলযোগ। সমস্ত গ্রহ চররাশিতে থাকিলে রজ্জুযোগ, স্থিররাশিস্থ হইলে মুষলযোগ ও দ্ব্যাত্মক রাশি গত হইলে নলযোগ হয়।

মহামুনি পরাশর বলেন যে, দলযোগ দুই প্রকার, যথা, মালাযোগ ও ব্যালযোগ। তিনটী কেন্দ্রগৃহে শুভগ্রহ অর্থাৎ বুধ, বৃহস্পতি, শুক্র ও চন্দ্র থাকিলে মালাযোগ, আর অশুভগ্রহ অর্থাৎ রবি, মঙ্গল, ও শনি থাকিলে সর্পযোগ হয়। ২

যোগা ব্রজন্ত্যাশ্রয়জাঃ সমত্বং
যবাব্জবজ্রাণ্ডজগোলকাদ্যৈঃ।
কেন্দ্রোপগৈঃ প্রোক্তফলৌ দলাখ্যা
বিত্যাহুরন্যেন পৃথক্ ফলৌ তৌ ॥ ৩

কোন কোন গ্রন্থকার পূর্ব্বলিখিত রজ্জু ও মুষলাদি আশ্রয় যোগ পৃথক্ স্বীকার করেন না যেহেতু উক্ত যোগ সকল পশ্চাদুক্ত যবযোগ ও অব্জযোগ প্রভৃতি আকৃতি

যোগের সদৃশ তুল্য। ইহার বিশেষ পরে প্রকাশিত হইবে।৩

আসন্নকেন্দ্রভবনদ্বয়গৈর্গদাখ্য
স্তন্বস্তগেষু শকটং বিহগঃ খবন্ধ্বোঃ।
শৃঙ্গাটকং নবমপঞ্চমলগ্নসংস্থৈ
র্লগ্নান্যগৈর্হলমিতি প্রবদন্তি তজ্জ্ঞাঃ॥ ৪

বিংশতি প্রকার আকৃতিযোগের নাম ও লক্ষণ বলা যাইতেছে। যথা, গদাযোগ, শকটযোগ, বিহগযোগ, শৃঙ্গাটকযোগ ও হলযোগ। পরস্পর নিকটবর্ত্তী দুইটী কেন্দ্র স্থানে সমস্ত গ্রহ থাকিলে গদাযোগ হয়। ইহাতে ঐ গদাযোগ চারি প্রকার হইল। লগ্নে ও চতুর্থ স্থানে সমস্ত গ্রহ থাকিলে এক প্রকার, চতুর্থে ও সপ্তম স্থানে সমস্ত গ্রহ থাকিলে দ্বিতীয় প্রকার, সপ্তম ও দশম স্থানে সমস্ত গ্রহ থাকিলে তৃতীয় প্রকার, দশম স্থানে ও লগ্নে সমস্ত গ্রহ থাকিলে চতুর্থ প্রকার গদাযোগ জানিবে। লগ্নে ও সপ্তম স্থানে সকল গ্রহ থাকিলে শকট যোগ, দশম ও চতুর্থ স্থানে সকল গ্রহ থাকিলে বিহগযোগ, লগ্নে, নবম স্থানে, পঞ্চম স্থানে সকল গ্রহ থাকিলে শৃঙ্গাটকযোগ হইবে। দ্বিতীয় স্থানে, ষষ্ঠ স্থানে ও দশম স্থানে কিম্বা তৃতীয় স্থানে, সপ্তম স্থানে ও একাদশ স্থানে অথবা চতুর্থ স্থানে, অষ্টম স্থানে ও দ্বাদশ স্থানে সকল গ্রহ থাকিলে হলযোগ হয়।৪.

শকটাণ্ডজ বচ্চ্ভাশুভৈর্ব্বজ্রং তদ্বিপরীতগৈর্যবঃ।
কমলং তু বিমিশ্রসংস্থিতৈর্ব্বাপীতদ্ যদিকেন্দ্রবাহ্যতঃ। ৫

লগ্নে ও সপ্তম স্থানে সমস্ত শুভগ্রহ এবং দশমে ও চতুর্থ স্থানে সমস্ত পাপগ্রহ থাকিলে বজ্রযোগ, তদ্বিপরীত অর্থাৎ লগ্নে ও সপ্তম স্থানে সমস্ত পাপগ্রহ এবং দশমে ও চতুর্থ স্থানে সমস্ত শুভগ্রহ থাকিলে যবযোগ হয়। যদি কেন্দ্রে অর্থাৎ লগ্ন চতুর্থ, সপ্তম ও দশম স্থানে সকল শুভাশুভ গ্রহ থাকেন তাহা হইলে কমলযোগ হইবে। আর যদি দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, অষ্টম, নবম, একাদশ ও দ্বাদশ স্থানে সকল গ্রহ অবস্থিতি করেন তাহা হইলে বাপীযোগ হয়। ৫

পূর্ব্বশাস্ত্রানুসারেণ ময়া বজ্রাদয়ঃ কৃতাঃ।
চতুর্থে ভবনে সূর্য্যাজ্জ্ঞসিতৌ ভবতঃ কথম্॥ ৬

গ্রহ সংস্থানের নিয়মানুসারে সূর্য্য হইতে চতুর্থ স্থানে বুধ কিম্বা শুক্র থাকিতে পারে না। সুতরাং পূর্ব্বোক্ত যব-যোগ ও বজ্রযোগ অসম্ভব। বৃহজ্জাতককার পূর্ব্বতন মুনি-দিগের মতানুবর্ত্তী হইয়া উক্ত দুইযোগ লিখিয়াছেন। ৬

কণ্টকাদি প্রবৃত্তৈস্ত চতুর্গৃহগতৈর্গ্রহৈঃ।
যূপেষুশক্তিদণ্ডাখ্যা হোরাদ্যৈঃ কণ্টকৈঃ ক্রমাৎ॥ ৭

যদি লগ্ন, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ এই চারি গৃহে সকল গ্রহের অবস্থিতি হয় তাহা হইলে যূপযোগ; চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম এই চারিটী গৃহে সকল গ্রহ থাকিলে ইষু-যোগ; সপ্তম, অষ্টম, নবম ও দশম এই চারি গৃহে সকল গ্রহ থাকিলে শক্তিযোগ; দশম, একাদশ, দ্বাদশ ও লগ্ন এই চারিটী গৃহে সকল গ্রহ থাকিলে দণ্ডযোগ হয়। ৭

নৌকূটচ্ছত্রচাপানি তদ্বৎসপ্তর্ক্ষসংস্থিতৈঃ।
অর্দ্ধ চন্দ্রস্ত নাবাদ্যৈঃ প্রোক্তস্ত্বন্যর্ক্ষসংস্থিতৈঃ॥ ৮

লগ্ন, চতুর্থ, সপ্তম ও দশম হইতে একাদিক্রমে সাতগৃহে সকল গ্রহ থাকিলে ক্রমশ নৌ, কূট, ছত্র ও চাপ যোগ হয়। লগ্ন হইতে ক্রমশ সাতগৃহে অর্থাৎ লগ্ন, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ ও সপ্তম এই কয়েক গৃহে সকল গ্রহ থাকিলে নৌযোগ এইরূপ চতুর্থ হইতে সাতগৃহে সকল গৃহ থাকিলে কূটযোগ, সপ্তম হইতে সাত গৃহে সকল গ্রহ থাকিলে ছত্রযোগ; এবং দশম হইতে সাতগৃহে সকল গ্রহ থাকিলে চাপযোগ হয়। কেন্দ্র ভিন্ন অর্থাৎ দ্বিতীয় তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, অষ্টম নবম, একাদশ, ও দ্বাদশ, স্থান হইতে সাতগৃহে সকল গ্রহ থাকিলে অর্দ্ধচন্দ্রযোগ হয়। এই যোগ অষ্ট প্রকার, যথা দ্বিতীয় হইতে সাত গৃহে সকল গ্রহ থাকিলে একপ্রকার, এইরূপ তৃতীয় হইতে সাত গৃহে থাকিলে দ্বিতীয়প্রকার; পঞ্চম হইতে সাত গৃহে তৃতীয়প্রকার; ষষ্ঠ হইতে সাতগৃহে চতুর্থপ্রকার; অষ্টম হইতে সাতগৃহে পঞ্চমপ্রকার; নবম হইতে সাতগৃহে ষষ্ঠ-প্রকার; একাদশ হইতে সাতগৃহে সপ্তমপ্রকার ও দ্বাদশ হইতে সাত গৃহে সকল গ্রহ থাকিলে অষ্টমপ্রকার অর্দ্ধচন্দ্রযোগ হইবে॥ ৮

একান্তরগতৈরর্থাৎ সমুদ্রঃ ষড়্গৃহাশ্রিতৈঃ।
বিলগ্নাদিস্থিতৈশ্চক্রমিত্যাকৃতিজসংগ্রহঃ॥ ৯

দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম দশম ও দ্বাদশ এইছয় গৃহে সকল গ্রহ থাকিলে সমুদ্র যোগ ; এবং লগ্ন, তৃতীয়, পঞ্চম, সপ্তম, নবম ও একাদশ এই ছয়গৃহে সকল গ্রহ থাকিলে চক্র যোগ হয় ॥ ৯

সংখ্যা যোগঃ সপ্তসপ্তর্ক্ষ সংস্থৈঃ
রেকাপায়াদ্বল্লকী দামিনীচ।
পাশঃ কেদারঃশূলযোগো যুগঞ্চ
গোলশ্চান্যান্ পূর্ব্বমুক্তান্ বিহায় ॥ ১০

সপ্ত প্রকার সংখ্যাযোগের নাম ও লক্ষণ বলা যাইতেছে। যথা বল্লকী, দামিনী, পাশ, কেদার, শূল, যুগ ও গোল এই সাত প্রকার সংখ্যাযোগ। যে কোন সাতগৃহে সকল গ্রহ থাকিলে বল্লকী যোগ ; ছয়গৃহে সকল গ্রহ থাকিলে দামিনী যোগ ; পাঁচগৃহে সকল গ্রহ থাকিলে পাশ যোগ ; চারি গৃহে সকল গ্রহ থাকিলে কেদার যোগ ; তিনগৃহে সকল গ্রহ থাকিলে শূলযোগ ; দুইগৃহে সকল গ্রহ থাকিলে যুগযোগ ও একটী গৃহে সকল গ্রহ থাকিলে গোল যোগ হয়। যখন পূর্ব্বোক্ত যোগের মধ্যে কোন এক যোগ, ও সপ্ত সংখ্যাযোগের মধ্যে কোন এক যোগ, এই উভয় যোগের সম্ভব হইবে তখন সংখ্যা যোগ গ্রাহ্য না হইয়া পূর্ব্বোক্ত যোগ আদৃত হইবে ॥ ১০

ঈর্ষুর্ব্বিদেশনিরতোধ্বরুচিশ্চরজ্জাং
মানী ধনী চ মুষলে বহুকৃত্যশক্তঃ
ব্যঙ্গস্থিরাঢ্যনিপুণোনলজঃ স্রগুত্থো।
ভোগান্বিতো ভুজগজো বহুদুঃখভাক্‌স্যাৎ ॥ ১১

নাভস যোগের অন্তর্গত যোগ সকলের নাম ও লক্ষণ কথিত হইল এইক্ষণ উক্তযোগ সকলের ফল বর্ণিত হইতেছে। যে ব্যক্তির রজ্জু যোগে জন্ম হয় সে ব্যক্তি ঈর্ষাশীল, বিদেশীও পথ পর্য্যটক হয়। মুষল যোগে জন্ম হইলে, মনুষ্য মানী ও ধনী হয়। নল যোগে জন্মিলে মানব বহুকার্য্যাসক্ত বিকলাঙ্গ, দৃঢ়প্রতিজ্ঞ, ধনবান্ ও কার্য্যনিপুণ হয়। মালাযোগে জন্ম হইলে ভোগবান্ এবং সর্প যোগে জাত মনুষ্য বহু দুঃখভাগী হয়। ১১

আশ্রয়োক্তাস্ত বিফলা ভবন্ত্যন্যৈর্ব্বিমিশ্রিতাঃ।
মিশ্রায়ৈস্তে ফলং দদ্যুরমিশ্রাঃ স্বফলপ্রদাঃ ॥ ১২

যদি আশ্রয় যোগ, অন্যযোগের সহিত মিশ্রিত হয় অর্থাৎ কোন ব্যক্তির জন্ম কালে আশ্রয় যোগ এবং নাভসযোগের অন্তর্গত অন্য কোন যোগ এই উভয়ই থাকে, তাহা হইলে আশ্রয় যোগ ফল প্রদ হয় না। যে যোগের সহিত মিশ্রিত থাকে তাহারই ফল হইয়া থাকে। যখন একমাত্র আশ্রয় যোগ সম্ভব হয়, তখনই স্বীয় সম্পূর্ণ ফলপ্রদান করে ॥ ১২

যজ্বার্থভাক্ সততমর্থরুচির্গদায়াং
তদ্বৃত্তিভুক্ শকটজঃ সরুজঃ কুদারঃ।
দূতোটনঃ কলহকৃদ্বিহগে প্রদিষ্টঃ
শৃঙ্গাটকে চিরসুখী কৃষিকৃদ্ধলাখ্যে ॥ ১৩ ॥

গদা যোগে জাত ব্যক্তি সর্ব্বদা যজনশীল, ধনবান ও অর্থোপার্জ্জনে উদ্‌যোগী হয়। শকট যোগে জন্ম হইলে মনুষ্য শকট ব্যবসায়ী, রোগী ও কুভার্য্য হয়। বিহগযোগে জন্মিলে মানব দূত, গমনশীল, ও কলহকারী হয়। জন্মকালে শৃঙ্গাটক যোগ থাকিলে চিরসুখী ও হলযোগে জন্মিলে কৃষি ব্যবসায়ী হয় ॥ ১৩

বজ্রেঽন্ত্য পূর্ব্বসুখিনঃ সুভগোঽতিশূরো
বীর্য্যান্বিতোঽপ্যথ যবে সুখিনো বয়োঽন্তে।
বিখ্যাতকীর্ত্যমিতসৌখ্যগুণশ্চপদ্মে
বাপ্যাং তনুস্থিরসুখীনিধিকৃন্নদাতা ॥ ১৪ ॥

বজ্রযোগে জাতব্যক্তি বাল্যকালে ও বৃদ্ধ বয়সে সুখভোগ করে, এবং সর্ব্বজনপ্রিয়, যুদ্ধকুশল হয়। যবযোগে জন্ম হইলে মনুষ্য পরাক্রমশালী ও বয়সের শেষ ভাগে সুখী হয়। পদ্মযোগে জন্মিলে কীর্ত্তিমান্ অপরিমিত সুখভোগী ও গুণবান্ হয়। বাপী যোগে জাত মনুষ্য চিরকাল অল্প সুখভোগী হয় এবং ভূগর্ভে ধন সঞ্চিত করে, ও অদাতা হয় ॥ ১৪

ত্যাগাত্মবান্ ক্রতুবরৈর্যজতে চ যূপে
হিংস্রোঽথ গুপ্ত্যধিকৃতঃ শরকৃচ্ছরাখ্যে।
নীচোঽলসঃ সুখধনৈর্ব্বিযুতশ্চ শক্তৌ
দণ্ডে প্রিয়ৈর্ব্বিরহিতঃ পুরুষোঽন্ত্যবৃত্তিঃ ॥ ১৫ ॥

যূপযোগে জাত ব্যক্তি দাতা, প্রমাদী, ও যাজ্ঞিক হয়। শরযোগে জন্ম হইলে মনুষ্য হিংস্রক, দুর্গরক্ষক ও বাণ

নির্ম্মাণ কর্ত্তা হয়। শক্তি যোগে জন্ম হইলে মনুষ্য অলসযুক্ত নীচাশয়, নির্ধন ও অসুখী হয়। এবং যাহার দণ্ডযোগে জন্ম হয়, সে ব্যক্তি পুত্রাদি প্রিয় বিহীন হইয়া দাস্য বৃত্তি অবলম্বন করিবে॥ ১৫

কীর্ত্ত্যাযুতশ্চলসুখঃ কৃপণশ্চনৌজঃ
কূটে নৃতপ্লবন বন্ধনপশ্চ জাতঃ।
ছত্রোদ্ভবঃ স্বজনসৌখ্যকরোঽন্ত্যসৌখ্যঃ
শূরশ্চকার্ম্মুকভবঃ প্রথমান্ত্যসৌখ্যঃ॥ ১৬॥

নৌ যোগে জাতব্যক্তি কীর্ত্তিমান্ কদাচিৎ সুখী কদাচিৎ দুঃখী ও কৃপণ হয়। কূট যোগে জন্ম হইলে অসত্যভাষী, বন্ধন রক্ষক হয়। ছত্র যোগে জন্মিলে স্বজনের সুখকারী ও বয়সের শেষ ভাগে সুখ ভোগ করে। চাপ যোগে যাঁহার জন্ম হয়, সেই মনুষ্য যুদ্ধপ্রিয় এবং বাল্যে ও বৃদ্ধ বয়সে সুখী হয়॥ ১৬

অর্দ্ধেন্দুজঃ সুভগকান্তবপুঃ প্রধান
স্তোয়ালয়ে নরপতিপ্রতিমস্ত ভোগী।
চক্রে নরেন্দ্রমুকুটদ্যুতিরঞ্জিতাঙ্ঘ্রী
বীণোদ্ভবশ্চ নিপুণঃ প্রিয়গীতনৃত্যঃ॥ ১৭॥

যে ব্যক্তির অর্দ্ধচন্দ্রযোগে জন্ম হয়, সে ব্যক্তি সর্ব্বজন প্রিয়, সুন্দর ও সকলের পূজ্য হয়। সমুদ্রযোগে জাত মনুষ্য রাজসদৃশ ও ভোগবান্ হয়। চক্রযোগে জন্ম হইলে মানব রাজাধিরাজ হয়। এবং বল্লকীযোগে জন্মিলে নৃত্যগীত প্রিয় হইবে॥ ১৭

দাতান্যকার্য্যনিরতঃ পশুপশ্চ দাম্নি
পাশে ধনার্জ্জনবিশীল সভৃত্য বন্ধুঃ।
কেদারজঃ কৃষিকরঃ সুবহূপযোজ্যঃ
শূরঃক্ষতো ধনরুচির্বিধনশ্চ শূলে॥ ১৮॥

যাহার জন্মকালে দামিনীযোগ থাকে, সেই মনুষ্য দাতা, পরোপকারী ও পশু রক্ষক হয়। যে ব্যক্তির পাশযোগে জন্ম হয়, সেই ব্যক্তি সভৃত্যবান্ধবে সৎকার্য্য দ্বারা ধনোপার্জ্জন করে। কেদারযোগে জাত ব্যক্তি কৃষি ব্যবসায়ী, পরোপকারী হইবে। শূলযোগে জন্ম হইলে মনুষ্য যুদ্ধপ্রিয়, ক্ষতশরীর, অর্থপ্রিয়, ও দারিদ্র হয়॥ ১৮

ধন বিরহিতঃ পাষণ্ডী বা যুগেত্বথগোলকে
বিধনমলিনোঽজ্ঞানোপেতঃ কুশীলোঽলসোটনঃ।
ইতি নিগদিতা যোগাঃ সার্দ্ধংফলৈরিহনাভসানি
যত ফলদাশ্চিন্ত্যাহ্যেতে সমস্তদশাস্বপি॥ ১৯॥

যুগযোগে জন্ম হইলে মনুষ্য নির্ধন ও বেদাচারবিহীন হয়। এবং গোল যোগে জাতব্যক্তি দরিদ্র, মলিনশরীর, মূর্খ, কুশীল্পী, অলসী, ও গমনশীল হইবে। নাভস যোগ ও তাহার ফল কথিত হইল, এই যোগঘটক গ্রহগণের দশাও অন্তর্দ্দশা সময়ে ফল হইয়া থাকে। ১৯

ইতি নাভস যোগাধ্যায়ঃ।

অথ চন্দ্রপ্রভাযোগঃ

পুণ্যাধিপঃ পুণ্যগৃহে চ কেন্দ্রে চন্দ্রপ্রভাযোগ ইহ প্রণীতঃ।
রাজাধিরাজো গুণবান্ বিলাসী গঙ্গাজলে মুঞ্চতি জীবনঞ্চ॥

জন্মলগ্নের নবমাধিপতি যদি নবমস্থানে অথবা লগ্নে চতুর্থ স্থানে, সপ্তম স্থানে বা দশম স্থানে অবস্থিতি করেন, তাহা হইলে জাতব্যক্তির চন্দ্র প্রভাযোগ হয়। এই চন্দ্র প্রভাযোগে জন্ম গ্রহণ করিলে, সে ব্যক্তি রাজাধিরাজ, গুণবান্ ও সুখভোগী হইয়া মৃত্যুকালে গঙ্গাজলে জীবন পরিত্যাগ করে।

ক্ষেত্রসিংহাসনযোগঃ।

দশমভবননাথঃ কেন্দ্র কোণে ধনে বা
বলবতি যদি জাতঃ ক্ষেত্রসিংহাসনে বা।
স ভবতি নরনাথো বিশ্ববিখ্যাতকীর্ত্তি
র্মদগলিতকপোলৈঃ সদ্গজৈঃ সেব্যমানঃ॥

জন্মলগ্নের দশমাধিপতি যদি কেন্দ্র স্থানে অর্থাৎ লগ্নে, চতুর্থে, সপ্তমে বা দশম স্থানে, ত্রিকোণ অর্থাৎ নবম স্থানে বা পঞ্চম স্থানে অথবা ধন স্থানে অবস্থিতি করিলে ক্ষেত্র সিংহাসন যোগ হয়। এই ক্ষেত্র সিংহাসন যোগে জন্ম গ্রহণ করিলে জাত ব্যক্তি জগদ্বিখ্যাত কীর্ত্তিবিশিষ্ট রাজা হয় ও মত্ত হস্তি দ্বারা সেবিত হইয়া সুখে কালযাপন করে।

নিশাশঙ্কাযোগঃ।

জীবে ভার্গবসোমসূর্য্যশশিজক্ষ্মাজার্কজৈর্বীক্ষিতে।
ভূপালো নৃপবংশবংশতিলকঃ প্রখ্যাতকীর্ত্তির্ভবেৎ॥
সেনায়াং গজবাজি লোক চরিতৈরুদ্ধূতধূলীবৃতং।
দৃষ্ট্বামুঞ্চতি কামিনীমপিরবিং চক্রো নিশাশঙ্কয়া॥

জন্ম কালে রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, শুক্র ও শনি যদি বৃহস্পতিকে অবলোকন করে, তাহা হইলে নিশাশঙ্কা যোগ হয়। এই যোগে জন্ম গ্রহণ করিলে, জাত ব্যক্তি রাজ কুলের শ্রেষ্ঠ রাজা ও অতুল কীর্ত্তি বিশিষ্ট হয়, এবং তাহার হস্তী ঘোটকাদির গমন কালে উড্ডীয় মান ধূলি দ্বারা সূর্য্যকে আবৃত অবলোকন করিয়া রাত্রি বোধে চক্রবাক স্বীয় কামিনীকে পরিত্যাগ করে।

সর্ব্বগ্রহৈঃ সুরগুরুর্যদি দৃষ্ট মূর্ত্তি
ভৃগ্বত্রিগর্গকথিতো নৃপযোগ এষঃ।
দৈবাৎ পুনঃ স যদি পশ্যতিতান্ গ্রহেন্দ্রান্
ভূয়াত্তদা নরপতিঃ প্রথিতঃ শতায়ুঃ॥

জন্ম কালে বৃহস্পতিকে সকল গ্রহ দর্শন করিলে, রাজযোগ হয়, ইহা ভৃগু, অত্রি ও গর্গ মুনি কহিয়াছেন। দৈবাৎ যদি সেই বৃহস্পতি সকল গ্রহকে অবলোকন করেন, তাহা হইলেও রাজযোগ হয়, এবং জাত ব্যক্তির একশত বৎসর পরমায়ু হয়।

ধনবান্ যোগঃ।

সিংহে ধনুষি মীনে চ মেষকর্কটবৃশ্চিকে।
রবিণা সহিতো ভৌমো নরং কুর্য্যাৎ ধনেশ্বরং॥

যাহার জন্ম কালে সিংহ, ধনু, মীন, মেষ, কর্কট ও বৃশ্চিক রাশিতে রবি ও মঙ্গল একত্রে অবস্থিতি করে, সে ব্যক্তি ধনবান্ হয়।

অথ জীবযোগঃ।

জীবাত্তু সপ্তমে চন্দ্রোঽপ্যথবা জীবসংযুতঃ।
জীবযোগোঽয়মিত্যাহুর্জ্যোতিঃশাস্ত্রপরায়ণাঃ॥
বহুধনপরিপূর্ণো দানশীলো গুণজ্ঞো।
ভবতি চ নৃপ পূজ্যো মানবো জীবযোগে॥

যদি বৃহস্পতি হইতে সপ্তম গৃহে চন্দ্র অবস্থিতি করেন, কিম্বা চন্দ্র ও বৃহস্পতি একগৃহস্থ হন, তাহা হইলে জীবযোগ হয়।

উক্ত জীব যোগে জন্ম হইলে মনুষ্য ধনবান্, দাতা, গুণজ্ঞ ও রাজপূজ্য হয়।

অথ চতুঃসাগর যোগঃ।

মেষে চ কর্কটে চৈব তুলায়াং মকরে তথা।
চতুঃসাগরযোগোঽয়ং দেবানামপি দুর্ল্লভঃ॥
চতুঃসাগরযোগে তু জাতঃ সর্ব্বগুণাকরঃ।
রাজবংশোদ্ভবেদ্রাজা নীচঃস্যাৎ খণ্ডলেশ্বরঃ॥

মেষে, কর্কটে, তুলাতে ও মকরে গ্রহগণের অবস্থিতি থাকিলে চতুঃসাগর যোগ হয়। এই চতুঃসাগর যোগ দেবতাদিগেরও দুর্ল্লভ।

চতুঃসাগরযোগে জন্ম হইলে মনুষ্য গুণবান্ হয়। যাহার কোষ্ঠীতে চতুঃসাগর যোগ সম্ভব হয়, সেই ব্যক্তি রাজবংশোদ্ভব হইলে রাজা ও অন্যবংশীয় হইলে কতিপয় গ্রামের অধিপতি হইবে।

অথ সিংহাসনযোগঃ।

মীনে মেষে বৃষে চৈব তুলায়াং গ্রহ সংস্থিতে।
এষ সিংহাসনো যোগো যোগো রাজ্য প্রদো ভবেৎ॥

মীনে, মেষে, বৃষে ও তুলাতে গ্রহগণ অবস্থিতি করিলে সিংহাসন যোগ হইবে। উক্ত সিংহাসন যোগে জন্ম হইলে মনুষ্যের রাজ্য লাভ হয়।

কনকদণ্ডযোগঃ।

যোগঃ কনকদণ্ডাখ্যঃ কন্যালৌ বৃষভে ঝষে।
তস্মিন জাতো নৃপশ্রেষ্ঠো জায়তে গুণবত্তরঃ॥

যদি কন্যাতে, বৃশ্চিকে, বৃষে ও মীনে গ্রহগণ অবস্থিতি করেন, তাহা হইলে কনক দণ্ড নামক যোগ হয়। এই যোগে জন্ম হইলে মনুষ্য গুণবান্ ও প্রধান রাজা হইবে।

অথ মতান্তরে রাজ যোগঃ।

যদা চ সৌরিঃ সুররাজ মন্ত্রী পরস্পরং পশ্যতি পূর্ণদৃষ্ট্যা
তদা সমগ্রাং বসুধামুপৈতি কিং বাধমেনান্য গুণেন কিং বা।

যাহার জন্ম কালে শনি ও বৃহস্পতি পূর্ণ দৃষ্টিতে পরস্পর পরস্পরের প্রতি দৃষ্টি করেন। সেই ব্যক্তি নীচ কুলোদ্ভব বা নির্গুণ হইলেও সসাগরা পৃথিবীর অধিপতি হয়।

অথ রাজ হংসযোগঃ।

মেষে চৈব হরৌ চাপে তুলায়াঞ্চ গ্রহস্থিতে।
রাজহংসো ভবেদেব রাজ্যাস্পদসুখপ্রদঃ ॥
রাজহংসে তু যো জাতো নৃপতুল্যো ন সংশয়ঃ ॥

মেষে, ধনুতে, সিংহে ও তুলাতে গ্রহগণ অবস্থিতি করিলে রাজহংস যোগ হয়। এই যোগে জন্ম হইলে, মনুষ্য রাজতুল্য ও সুখী হয়।

অথ একাদি স্বগৃহস্থিতফলম্।

কুলতুল্যঃ কুলশ্রেষ্ঠো বন্ধুমান্যো ধনী সুখী।
ক্রমান্নৃপ সমো ভূপ একাদি স্বগৃহেস্থিতে।

যাহার জন্ম কালে একটী গ্রহ স্বক্ষেত্রে থাকিবে, সেই ব্যক্তি স্বীয় বংশের উপযুক্ত পাত্র হইবে। দুইটী গ্রহ স্বক্ষেত্রে থাকিলে কুলশ্রেষ্ঠ, তিনটী গ্রহ স্বক্ষেত্রে থাকিলে স্বীয় বন্ধুবর্গের মাননীয়, চারিটী গ্রহ স্বক্ষেত্রে থাকিলে ধনী, পাঁচটী গ্রহ স্বক্ষেত্রে থাকিলে, সুখী ছয়টী গ্রহ স্বক্ষেত্রে থাকিলে মনুষ্য রাজতুল্য এবং সাতটী গ্রহ স্ব-ক্ষেত্রে থাকিলে মনুষ্য ভূপতি হইবে।

অথ কর্ম্মাজীবাধ্যায়ঃ।

অর্থাপ্তিঃ পিতৃপিতৃপত্নি শত্রুমিত্র
ভ্রাতৃস্ত্রীভৃতকজনাদ্দিবাকরাদ্যৈঃ।
হোরেন্দ্বোর্দশমগতৈর্ব্বিকল্পনীয়া
ভেন্দ্বর্কাস্পদপতিগাংশনাথবৃত্ত্যা ॥ ১

লগ্ন ও চন্দ্রের দশম স্থানে যে গ্রহ থাকিবে, সেই গ্রহ দ্বারা অর্থ প্রাপ্তির কল্পনা করিতে হইবে। যদি লগ্ন ও চন্দ্রের দশমস্থানে রবি অবস্থিত থাকেন, তাহা হইলে মনুষ্য পিতৃধন প্রাপ্ত হয়। যদি চন্দ্র থাকেন তাহা হইলে মাতৃধন প্রাপ্ত হয়, যদি মঙ্গল থাকেন তাহা হইলে শত্রুর নিকট হইতে, বুধ থাকিলে মিত্রের নিকট হইতে, বৃহস্পতি থাকিলে ভ্রাতৃর নিকট হইতে, শুক্র থাকিলে স্ত্রীর নিকট হইতে, শনি থাকিলে ভৃত্যের নিকট হইতে, অর্থ-প্রাপ্তি কল্পনা করিতে হইবে।

যদি লগ্ন ও চন্দ্রের দশম স্থানে কোন গ্রহ না থাকে তাহা হইলে লগ্ন, চন্দ্র ও সূর্য্যের দশমাধিপতি গ্রহ যে, নবাংশে অবস্থিতি করিবেন, সেই গ্রহের রাশির অধি-পতি গ্রহের বৃত্তি অবলম্বন করিয়া ধনোপার্জ্জন নির্ণয় করিবে। ১

অর্কাংশে তৃণকনকোর্ণভেষজাদ্যৈ
শ্চন্দ্রাংশে কৃষিজলজাঙ্গনাশ্রয়াচ্চ।
ধাত্বগ্নিপ্রহরণসাহসৈঃ কুজাংশে
সৌম্যাংশে লিপিগণিতাদিকাব্যশিল্পৈঃ ॥ ২

রবির নবাংশে অবস্থিতি করিলে তৃণ অর্থাৎ সুগন্ধি দ্রব্য, সুবর্ণ, পশম ও ঔষধ ব্যবসায় দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।

চন্দ্রের নবাংশে অবস্থিতি করিলে কৃষিকর্ম্ম, জলজ-দ্রব্য ব্যবসায় দ্বারা ও স্ত্রীলোকের আশ্রয়ে জীবিকা নির্ব্বাহ করে।

মঙ্গলের নবাংশে থাকিলে, ধাতু ও মৃত্তিকা ব্যবসায়, অগ্নি ক্রিয়া দ্বারা অস্ত্র ব্যবসায় দ্বারা ও সাহসিক কার্য্য দ্বারা অর্থ লাভ করে।

বুধের নবাংশে অবস্থান করিলে লিপিব্যবসায় অথবা শিল্পকার্য্য দ্বারা অর্থোপার্জ্জন করে ॥ ২

জীবাংশে দ্বিজবিবুধাকরাদিধর্ম্মৈঃ
কাব্যাংশে মণিরজতাদিগোমহিষ্যৈঃ।
সৌরাংশে শ্রমবধভারনীচ শিল্পৈঃ
কর্ম্মেশাধ্যুষিতনবাংশকর্ম্মসিদ্ধিঃ ॥ ৩

বৃহস্পতির নবাংশে থাকিলে, মনুষ্য দ্বিজকর্ত্তব্য যাজন-ব্যবসায়, দেবসেবায় ও খনিজাত-দ্রব্য-ব্যবসায় দ্বারা ধন-লাভ করে।

শুক্রের নবাংশে থাকিলে রত্নব্যবসায়, রৌপ্যব্যবসায় ও গো মহিষ্যাদি ব্যবসায় অর্থোপার্জ্জন করে।

নবাংশাধিপতি শনি হইলে বহু পরিশ্রম বধকার্য্য, ভার বহন, নীচকর্ম্ম ও শিল্পব্যবসায় দ্বারা জীবন যাত্রা অতিবাহিত করে। কর্ম্মাধিপতি যে নবাংশে থাকিবেন, সেই গ্রহের দশা ও অন্তর্দ্দশাতে কার্য্যের সিদ্ধি হয়। ৩

মিত্রারিস্বগৃহগতৈর্গ্রহৈস্ততোঽর্থাং
স্তুঙ্গস্থে বলিনি চ ভাস্করে স্ব বীর্য্যাৎ

আয়স্থৈরুদয়ধনাশ্রিতৈশ্চ সৌম্যৈঃ
সংচিন্ত্যং বলসহিতৈরনেকধা স্বং ॥ ৪

নবাংশাধিপতি মিত্র গৃহে অবস্থান করিলে মিত্র হইতে, শত্রু গৃহে থাকিলে শত্রু হইতে, স্বগৃহে থাকিলে নিজ হইতে অর্থ লাভ করে। এবং সেই গ্রহ তুঙ্গস্থ হইলে নিজ বাহুবলে, অর্থোপার্জ্জন স্থির করিবে।

বলবান্ শুভ গ্রহ একাদশ স্থানে, লগ্নে, ও ধন স্থানে থাকিলে, নানাপ্রকার অর্থলাভ হইবে। ৪

ইতি বৃহজ্জাতকে কর্ম্মাজীবাধ্যায়।

বৃহজ্জাতকে অনিষ্টাধ্যায়ঃ।

লগ্নাৎ পুত্রকলত্রভে শুভপতিপ্রাপ্তেঽথবা লোকিতে।
চন্দ্রাদ্বা যদি সম্পদস্তিহিতযো জ্ঞেযোঽন্যথা সম্ভবঃ॥
পাথেনোদয়গে রবৌ রবিসুতো মীনস্থিতো দারহা।
পুত্রস্থানগতশ্চ পুত্রমরণং পুত্রোঽবনের্যচ্ছতি ॥ ১

অত্র কেচিদ্দ্বাদশপ্রকারং পুত্রং বর্ণয়ন্তি। ঔরসঃ, ক্ষেত্রজঃ, দত্তঃ, ক্রীতঃ, কৃত্রিমঃ, অধমপ্রভবঃ, গূঢ়োৎপন্নঃ, অপবিদ্ধঃ, পৌনর্ভবঃ, কানীনঃ, সহোঢ়ঃ, দাসীপ্রভব ইতি।*

জন্মকালে লগ্ন বা চন্দ্র হইতে যদি পঞ্চমস্থানে কোন শুভগ্রহের কিম্বা তদধিপতি গ্রহের অবস্থিতি বা দৃষ্টি থাকে, তাহা হইলে মনুষ্যের পুত্র লাভ হয়। সপ্তম স্থানে তদধিপতি বা শুভগ্রহের দৃষ্টি কিম্বা অবস্থিতি থাকে, তাহা হইলে মনুষ্য পত্নী লাভ করে। এই শ্লোকে পুত্র ও কলত্র স্থানের নাম উল্লেখ করিয়া ফল বর্ণিত হইল, বাস্তবিক তন্বাদি দ্বাদশ ভাবেরই এইরূপ শুভাশুভ ফল জানিবে।

যাহার জন্ম লগ্ন কন্যা তাহাতে রবির অবস্থিতি থাকিলে যদি সপ্তম স্থানে অর্থাৎ মীনে শনি থাকেন, তাহার পত্নী বিনাশ হয়। এবং জন্ম লগ্ন কন্যাতে রবি থাকিলে যদি পঞ্চম স্থান অর্থাৎ মীন রাশিতে মঙ্গল থাকেন তবে তাহার সন্তান বিনাশ হয়। ১

মুনিগণ দ্বাদশ প্রকার পুত্র বর্ণন করেন ; যথা, ঔরস পুত্র, ক্ষেত্রজপুত্র, দত্তপুত্র, ক্রীতপুত্র, কৃত্রিমপুত্র, অধমপ্রভবপুত্র, গূঢ়োৎপন্নপুত্র, অপবিদ্ধপুত্র, পৌনর্ভবপুত্র, কানীনপুত্র, সহোঢ়পুত্র ও দাসীপ্রভবপুত্র এই দ্বাদশ প্রকার পুত্রমধ্যে কিরূপ গ্রহ সংস্থানে কোন্ প্রকার পুত্র লাভ করিবে তাহা নিম্নলিখিত সারাবলীরচনে প্রকাশিত হইবে।

তথাচ সারাবল্যাং।

শুভভবনমথশুভযুতং শুভদৃষ্টং বা সুতর্ক্ষমিহযেষাং।
তেষাং প্রভবঃ পুংসাং ভবত্যবশ্যং ন বিপরীতং॥ (ক)

যাহার সুতস্থান শুভগ্রহের ক্ষেত্র হয় কিম্বা ঐ স্থানে শুভগ্রহের দৃষ্টি থাকে অথবা কোন শুভ গ্রহ অবস্থিতি করে তাহা হইলে সেই ব্যক্তি পুত্রবান্ হইবে, ইহার বিপরীত হইলে ফলেরও বৈপরীত্য হইবে। (ক)

কলত্রভে গুরুর্ব্বর্গে শুভরাশাবৌরসো ভবেৎ পুত্রঃ
লগ্নাচ্চন্দ্রাদথবা বলযুক্তাৎ বীক্ষিতোঽপি বা সৌম্যৈঃ ॥ (খ)

যাহার জন্মকালে লগ্ন বা চন্দ্র হইতে সপ্তম স্থান বৃহস্পতির ক্ষেত্র হয় অথবা ঐ সপ্তম স্থান শুভগ্রহের ক্ষেত্র হয় এবং তাহাতে যদি অন্যান্য শুভ গ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে সেই ব্যক্তি ঔরসপুত্র লাভ করে। (খ)

সংখ্যা নবাংশ তুল্যাঃ সৌখ্যাংশে তাবতী সদা দৃষ্ট্যা।
শুভদৃষ্টে তদ্দ্বিগুণা ক্লিষ্টা পাপাংশকে তথাদৃষ্ট্যা॥ (গ)

সুতস্থানের অধিপতি যত নবাংশে থাকিবেন অথবা ঐ স্থানে যত গ্রহের দৃষ্টি থাকিবে মনুষ্যের তত সংখ্যক পুত্র জন্মিবে, তন্মধ্যে বিশেষ এই যে সুতস্থানে যত শুভ

---

* মনুর মতে পুত্র দ্বাদশ প্রকার। যথা, ধর্ম্মপত্নীর গর্ভে স্ববীর্য্যজাত ঔরসপুত্র ১, স্ত্রীর গর্ভে সপিণ্ড অথবা অপরের বীর্য্যজাত ক্ষেত্রজপুত্র ২, পিতা বা মাতা কর্তৃক দত্ত দত্তকপুত্র ৩, কৃতপুত্র অথবা কৃত্রিমপুত্র ৪, গুপ্তরূপে উৎপন্ন অর্থাৎ জন্মদাতা অনির্ণীত গূঢ়জপুত্র ৫, মাতা পিতা কর্তৃক পরিত্যক্ত অপবিদ্ধপুত্র ৬, এই ষষ্ঠ প্রকার পুত্র সপিণ্ড ও দায়াদ। অবিবাহিতার গর্ভজ কানীনপুত্র ৭, দুই বার বিবাহিতার গর্ভজ পুনর্ভবপুত্র ৮, গর্ভাবস্থাতে বিবাহিতার গর্ভজ সহোঢ়জপুত্র ৯, পিতা মাতা কর্তৃক বিক্রীত ক্রীত পুত্র ১০, স্বয়ং দত্ত পুত্র ১১, শূদ্রবীর্য্যজাতপুত্র ১২। এই ষষ্ঠ প্রকার পুত্র সপিণ্ড কিন্তু জ্ঞাতিবর্গের দায়াদ নহে।

গ্রহের দৃষ্টি থাকিবে, তাহার দ্বিগুণ পুত্র হইবে এবং অশুভ গ্রহের দৃষ্টি থাকিলে সন্তান ক্লিষ্ট হইবে। (গ)

সৌরর্ক্ষে সৌরগণো বুধদৃষ্টো কুজার্ক দৃগ্‌হীনঃ।
ক্ষেত্রজপুত্রং জনয়তি বৌধোঽপি গণোরবিজ দৃষ্টঃ ॥(ঘ)

যদি পঞ্চম স্থান শনির ক্ষেত্র অথবা শনির দ্রেক্কাণ, নবাংশ দ্বাদশাংশ ইত্যাদি হয় এবং তাহাতে বৃহস্পতি, মঙ্গল ও রবি ইহাদিগের মধ্যে কোন গ্রহের দৃষ্টি না থাকিয়া কেবল বুধের দৃষ্টি থাকে কিম্বা ঐ সুতস্থান বুধের ক্ষেত্র বা নবাংশ দ্বাদশাংশ ইত্যাদি হয় ও তাহাতে শনির দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্য ক্ষেত্রজপুত্র লাভ করে। (ঘ)

মান্দ্যং সুতর্ক্ষমিন্দুং নিরীক্ষ্যতে যদি শনৈশ্চরেণযুতং।
দত্তকপুত্রোৎপত্তিঃ ক্রুতশ্চ বুধস্য চৈবং স্যাৎ ॥ (ঙ)

পঞ্চম স্থান যদি শনির বর্গ হয় এবং তাহাতে শনির দৃষ্টি থাকে অথবা চন্দ্রের প্রতি শনির দৃষ্টি থাকে, কিম্বা শনি চন্দ্রের সহিত যুক্ত হন, তাহা হইলে মনুষ্য দত্তকপুত্র লাভ করে। আর ঐ সুত স্থান যদি বুধের ক্ষেত্র হয় তাহাতে শনির দৃষ্টি থাকে অথবা চন্দ্রের প্রতি বুধের দৃষ্টি থাকে কিম্বা বুধ চন্দ্রযুক্ত হয় তবে মনুষ্য ক্রীত পুত্র লাভ করে ॥ (ঙ)

সপ্তমভাগে কৌজে সৌরযুতে পঞ্চমে সদা ভবনে।
কৃত্রিমপুত্রং বিদ্যাৎ শেষ গ্রহদর্শনান্মুক্তে ॥ (চ)

যদি মঙ্গল পঞ্চম স্থানের সপ্তম নবাংশের অধিপতি হন এবং তাহাতে অন্য কোন গ্রহের দৃষ্টি না থাকিয়া শনি অবস্থিতি করে তাহা হইলে মনুষ্য কৃত্রিমপুত্র লাভ করে। (চ)

বর্গে পঞ্চমরাশৌ সৌরে সূর্য্যে চ তত্র সংযুক্তে।
লোহিত দৃষ্টে বাচ্যো জাতশ্চ সুতোঽধমঃ প্রভবঃ ॥ (ছ)

সুতস্থান যদি শনির ক্ষেত্র হয় এবং তাহাতে রবির অবস্থিতি ও মঙ্গলের দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্য অধমপ্রভব পুত্র লাভ করে। (ছ)

চন্দ্রে ভৌমাংশগতেঽধীস্থে মন্দাবলোকিতে ভবতি।
গূঢ়োৎপত্তির্ভবেৎপুত্র শেষগ্রহদর্শনীয়াতে ॥ (জ)

পঞ্চমস্থিত চন্দ্র, যদি মঙ্গলের নবাংশগত হয়, এবং তাহাতে শনির দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্য গূঢ়োৎপন্নপুত্র লাভ করে। (জ)

তস্মিন্নেব ভৌমে শনিবর্গস্থে নিরীক্ষিতে রবিণা।
পুরুষস্য ভবতি পুত্রোঽপবিদ্ধ ইতি চরকমুনি বচনাৎ ॥ (ঝ)

পঞ্চম স্থান যদি শনির ক্ষেত্র হয়, এবং তাহাতে মঙ্গলের অবস্থিতি ও রবির দৃষ্টি থাকে, তাহা হইলে মনুষ্য অপবিদ্ধপুত্র লাভ করে। (ঝ)

শনিবর্গস্থে চন্দ্রে শনিযুক্তে পঞ্চমে সদা সৌরে।
শুক্ররবিভ্যাং দৃষ্টে পুত্রঃ পৌনর্ভবো ভবতি (ঞ)

পঞ্চম স্থান শনির ক্ষেত্র হইলে তাহাতে যদি চন্দ্র অবস্থিতি করেন কিম্বা ঐ পঞ্চম স্থানে শনির সহিত চন্দ্র বাস করেন এবং পঞ্চম স্থানে রবি ও শুক্রের দৃষ্টি থাকে তাহা হইলে মনুষ্য পৌনর্ভব পুত্র লাভ করে॥ (ঞ)

চূড়ামদার্কিসত্ত্বাৎ কলাদৃতঃ স্যৈব পঞ্চমে ভবনে।
রবিদৃষ্টেঽপ্যথ সহিতে কানীনঃ সম্ভবতি পুত্রঃ (ট)

লগ্ন কিম্বা চন্দ্র হইতে পঞ্চম স্থানে যদি রবির দৃষ্টি থাকে অথবা রবি অবস্থিতি করে, তাহা হইলে মনুষ্য কানীন পুত্র লাভ করে। ট

বর্গে রবিচন্দ্রমসোঃ সুতগেহে চন্দ্রসূর্য্যা সংযুক্তে।
শুক্রেণ দৃষ্ট মাত্রে পুত্রঃ কথিতঃ সহোঢ়শ্চ (ঠ)

সুত স্থান যদি রবির বা চন্দ্রের ক্ষেত্র হয়, এবং তাহাতে রবি কিম্বা চন্দ্রের অবস্থিতি থাকে ও ঐ স্থান শুক্র কর্ত্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে মনুষ্য সহোঢ় পুত্র লাভ করে। (ঠ)

শুক্রনবাংশে তস্মিন্ শুক্রেণ নিরীক্ষিতেস্বপত্যানি।
দাসী প্রভবানি বদেচ্চন্দ্রেঽপি কেচিদাচার্য্যাঃ (ড)

লগ্ন বা পঞ্চম স্থানস্থিত শুক্র যদি স্বীয় নবাংশগত হন অথবা যে কোন রাশিতে স্বীয় নবাংশস্থিত শুক্র যদি পঞ্চম স্থানে দৃষ্টি করেন, তাহা হইলে মনুষ্য দাসী প্রভব পুত্র লাভ করে। (ড)

শুক্রেন্দুজীবশশিজৈঃ সকলৈ স্ত্রিভিশ্চ
দ্বাভ্যাং কলত্রভবনে চ তথৈককেন।
এষাং গৃহেঽপি চ গণেঽথ বিলোকিতেবা
সন্তিস্ত্রিয়ো ভবন বর্গ খগ স্বভাবাঃ (ঢ)

চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র এই চারি গ্রহ অথবা উক্ত গ্রহ চতুষ্টয়ের মধ্যে তিন, দুই বা একগ্রহ যাহার লগ্ন বা চন্দ্রের সপ্তম স্থানে থাকে, কিম্বা ঐ সপ্তম স্থান উক্ত গ্রহগণের মধ্যে কোন গ্রহের ক্ষেত্র হয় অথবা সপ্তম স্থানে উক্ত গ্রহগণের দৃষ্টি থাকে তাহা হইলে উক্ত গ্রহ-গণের স্বভাবানুযায়ী সেই ব্যক্তির পত্নীর স্বভাব হইবে। (ঢ)

এবং ক্রূরৈর্নাশো লগ্নাচ্চন্দ্রাদ্বদেচ্ছ বলযোগাৎ।

শশিরবিজয়োঃ কলত্রে ভার্য্যা পুংসাং পুনর্ভূঃ স্যাৎ (ণ)

রবি, মঙ্গল, ও শনি এই তিন গ্রহ অথবা উক্ত তিন গ্রহের মধ্যে যে কোন দুই বা এক গ্রহ যাহার লগ্ন বা চন্দ্র হইতে সপ্তম স্থানে থাকিবে বা দৃষ্টি করিবে, অথবা ঐ সপ্তম স্থান উক্ত গ্রহগণের মধ্যে কোন এক গ্রহের ক্ষেত্র হইবে, তাহা হইলেও সেই ব্যক্তির পত্নীর স্বভাব উক্ত গ্রহ গণের স্বভাবানুযায়ী হইবে।

যাহার সপ্তম স্থানে চন্দ্র ও শনি অবস্থিতি করেন সেই ব্যক্তি বিবাহিতাকন্যা পুনর্ব্বার বিবাহ করে। (ণ)

প্রায়েন চন্দ্রমসি তয়োর্ব্বলসংযুক্তেঽথবাপি যামিত্রে।

দৃষ্টে বা বহুপত্ন্যোঃ ভবন্তি শুক্রে বিশেষেণ (ত)

যাহার সপ্তম স্থানে বলবান্ চন্দ্র ও শুক্র অবস্থিতি করেন কিম্বা সপ্তম স্থানে দৃষ্টি করেন, তাহা হইলে সেই ব্যক্তির অনেক পত্নী হয়। (ত)

গুরুশুক্রয়োঃ সবর্ণা রবিকুজ শশিভানুজৈর্ব্বস্তুনা।

শুক্রে বেশ্যা প্রায়াশ্চন্দ্রেঽপি বদন্তি কেতু মালাখ্যা (থ)

সপ্তম স্থানে বৃহস্পতি ও শুক্র অবস্থিতি করিলে মনুষ্য সৎকুলের কন্যা বিবাহ করে। অপর রবি, মঙ্গল, ক্ষীণচন্দ্র ও শনি থাকিলে নীচকুলের কন্যা বিবাহ করে।

সপ্তমস্থানে শুক্র থাকিলে পত্নী বেশ্যা হয়। কোন কোন গ্রন্থকার বলেন যদি চন্দ্র সপ্তম স্থানে থাকে তাহা হইলে মনুষ্যের পত্নী বেশ্যা হয়। (থ)

উগ্রগ্রহৈঃ সিতচতুরস্র সংস্থিতৈ

র্ম্মধ্যস্থিতে ভৃগুতনয়েঽথবোগ্রয়োঃ।

সৌম্যগ্রহৈরসহিত সংনিরীক্ষিতে

জায়াবধো দহন নিপাত পাশজঃ॥ ২

যাহার জন্ম কালে শুক্র হইতে চতুর্থ ও অষ্টম স্থানে রবি, মঙ্গল ও শনি অবস্থিতি করেন তাহার পত্নী অগ্নিতে আত্ম বিসর্জন করে। এবং যদি শুক্র পাপ গ্রহ দ্বয়ের মধ্যগত হন, তাহা হইলে মনুষ্যের স্ত্রী উচ্চস্থান হইতে পতিত হইয়া প্রাণ পরিত্যাগ করে। অপর যদি শুক্রের প্রতি কোন শুভগ্রহের দৃষ্টি বা যোগ না থাকিয়া কেবল পাপ গ্রহের দৃষ্টি বা যোগ থাকে তাহা হইলে মনুষ্যের পত্নী উদ্বন্ধনে আত্ম সমর্পণ করে। ২

লগ্নাদ্ব্যয়ারিগতয়োঃ শশিতিগ্মরশ্ম্যোঃ

পত্ন্যাসহৈক নয়নস্য বদন্তি জন্ম।

দ্যূনস্থয়োর্নবম পঞ্চম সংস্থয়োর্ব্বা

শুক্রার্কয়োর্ব্বিকলদারমুশন্তি জাতম্॥ ৩

যাহার জন্ম লগ্ন হইতে দ্বাদশ স্থানে চন্দ্র ও ষষ্ঠ স্থানে সূর্য্য অবস্থিতি করেন, সেই মনুষ্য ও তাহার স্ত্রী উভয়ই (কান) এক চক্ষু হীন হয়। এবং যাহার লগ্ন হইতে সপ্তম স্থানে, পঞ্চম স্থানে অথবা নবম স্থানে শুক্র ও রবি থাকেন, তাহার স্ত্রী বিকলাঙ্গ হয়। কোন কোন গ্রন্থ-কর্ত্তাদিগের মতে দশম স্থানে রবি ও শুক্র থাকিলে ও ঐ রূপ ফল জানিবে। ৩

কোণোদয়ে ভৃগুতনয়েঽস্ত চক্রসন্ধৌ

বন্ধ্যাপতির্যদি ন সুতর্ক্ষমিষ্টযুক্তং।

পাপগ্রহৈর্ব্ব্যয়মদলগ্নরাশিসংস্থৈঃ

ক্ষীণে শশিন্যসুতকলত্রজন্মধীস্থে॥ ৪

বৃষ, কন্যা ও মকর ইহাদের মধ্যে কোন একটী জন্ম লগ্ন হইলে তাহাতে যদি শনি অবস্থিতি করেন, এবং সপ্তম স্থানে অর্থাৎ বৃশ্চিক, মীন ও কর্কট ইহাদের কোন এক রাশির শেষ নবাংশে শুক্র থাকেন, এবং পঞ্চম স্থানে কোন শুভ গ্রহ না থাকে তাহা হইলে মনুষ্যের পত্নী বন্ধ্যা হয়। আর লগ্ন, সপ্তম ও দ্বাদশ স্থান যদি পাপ গ্রহ যুক্ত হয় এবং ক্ষীণ চন্দ্র যদি পঞ্চম স্থানে থাকেন, তাহা হইলে মনুষ্য পুত্র কলত্র বিহীন হয়॥ ৪

অসিত কুজয়োর্ব্বর্গেঽস্তস্থেসিতে তদবেক্ষিতে

পর যুবতিগস্তৌচেৎ সেন্দুস্ত্রিয়া সহ পুংশ্চলঃ।

ভৃগুজ শশিনোরস্তেঽভার্য্যো নরো বিসুতোঽপি বা

পরিণত তনূ নৃস্ত্র্যোর্দৃষ্টৌশুভৈঃ প্রমদাপতী॥ ৫

যাহার জন্ম লগ্নের সপ্তম স্থানে শুক্র থাকেন এবং ঐ সপ্তম স্থান যদি শনি কিম্বা মঙ্গলের ক্ষেত্র হয় এবং ঐ শুক্রের প্রতি যদি শনি কিম্বা মঙ্গলের দৃষ্টি থাকে, তাহা হইলে সেই ব্যক্তি পরদার গামী হয়। অথবা সপ্তম স্থানে যদি শনি, মঙ্গল ও চন্দ্র অবস্থিতি করেন, তাহা হইলে স্ত্রী ও পুরুষ উভয়েই ব্যভিচার দোষে দুষিত হয়।

যাহার জন্ম কালে চন্দ্র ও শুক্র একরাশিস্থ হয়, এবং ঐ রাশির সপ্তম স্থানে শনি ও মঙ্গল থাকেন তাহা হইলে সেই ব্যক্তি পুত্র বা কলত্র বিহীন হয়। এবং কোন স্ত্রী গ্রহ ও পুংগ্রহ এক রাশিতে থাকিলে সেই রাশির সপ্তম স্থানে যদি শনি ও মঙ্গল থাকেন ও তাহাতে কোন শুভ গ্রহের দৃষ্টি না থাকে, তাহা হইলে স্ত্রী ও পুরুষ উভয়েই বৃদ্ধবয়স পর্য্যন্ত দাম্পত্য সুখ অনুভব করে।৫

অন্যচ্চ।

দ্যূনেঽর্কজীবৌ সভৃগোঃ শশাঙ্কাদপুত্রভার্য্যৌ কুরুতো নরৌ তৌ। স্যাতাং নৃরাশেঃ খগতৌ স্মরস্থৌ, সৌম্যেক্ষিতৌ তৌ শুভদৌ নৃনার্য্যোঃ।

চন্দ্র ও শুক্র এক রাশিতে অবস্থিত হইলে তাহার সপ্তম স্থানে যদি রবি ও বৃহস্পতি থাকেন তাহা হইলে পুরুষ স্ত্রী পুত্র বিহীন ও স্ত্রী পতি পুত্র বিহীনা হয়। আর ঐরূপ এক গৃহস্থ চন্দ্র ও শুক্রের সপ্তম গৃহগত রবি ও বৃহস্পতি যদি কোন পুরুষ রাশির দশম কিম্বা সপ্তম স্থানে অবস্থিতি করেন ও তাহাতে শুভ গ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে স্ত্রী পুরুষ উভয়েরই শুভ ফল হয়।

বংশচ্ছেত্তা খমদসুখগৈশ্চন্দ্রদৈত্যেজ্যপাপৈঃ
শিল্পী ত্র্যংশে শশিসুত যুতে কেন্দ্রসংস্থার্কিদৃষ্টে।
দাস্যাং জাতো দিতিসুতগুরৌ রিপ্ফগে সৌরভাগে
নীচেঽর্কেন্দ্বোর্মদনগতয়োর্দৃষ্টয়োঃ সূর্য্যজেন ॥৬

যাহার জন্ম লগ্ন হইতে দশম স্থানে চন্দ্র, সপ্তম স্থানে শুক্র ও চতুর্থ স্থানে পাপগ্রহ অবস্থিতি করে সেই ব্যক্তি স্বীয় বংশের উচ্ছেদ করে। আর বুধযুক্তদ্রেক্কাণে কেন্দ্রস্থ শনির দৃষ্টি থাকিলে মনুষ্য শিল্পকার্য্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। দ্বাদশ স্থানে শনির নবাংশে শুক্র অবস্থিতি করিলে মনুষ্য দাসীপুত্র হয়।

এবং যাহার লগ্ন হইতে সপ্তম স্থানস্থ রবি ও চন্দ্রের প্রতি শনির দৃষ্টি থাকে, সেই মনুষ্য নীচবৃত্তি অবলম্বন করে। ৬

পাপালোকিতয়োঃ সিতাবনিজয়োরস্তস্থয়োর্ব্বাধ্যরুক্
কেন্দ্রে কর্কট বৃশ্চিকাংশকগতে পাপৈর্যুতে গুহ্যরুক্।
শ্বিত্রী রিপ্ফধনস্থয়োরশুভয়োশ্চন্দ্রোদয়েঽস্তে রবৌ
চন্দ্রেখেঽবনিজেঽষ্টগে চ বিকলো যদ্যর্কজো বেশিগঃ ॥ ৭

জন্মকালে লগ্ন হইতে সপ্তম স্থানে যদি শুক্র ও মঙ্গল অবস্থিতি করে এবং ঐ শুক্র ও মঙ্গলের প্রতি পাপ-গ্রহের দৃষ্টি থাকে, তাহা হইলে মনুষ্য ব্যাধিগ্রস্ত হয়। আর যদি পাপযুক্ত চন্দ্র কর্কট কিম্বা বৃশ্চিকের নবাংশ-গত হয়, তাহা হইলে মনুষ্যের গুহ্যদ্বারে রোগ জন্মে। লগ্নে চন্দ্র, সপ্তমে রবি, দ্বিতীয় ও দ্বাদশস্থানে পাপগ্রহ থাকিলে জাতমনুষ্য শ্বিত্ররোগী হয়। দশমস্থানে চন্দ্র, অষ্টম স্থানে মঙ্গল ও রবির দ্বিতীয় গৃহে শনি থাকিলে মনুষ্য বিকলাঙ্গ হয়। ৬

অন্তঃশশিন্যশুভয়োর্মৃগগে পতঙ্গে
শ্বাসক্ষয় প্লিহকবিদ্রধিগুল্মভাজঃ।
শোষী পরস্পরগৃহাংশগয়ো রবীন্দ্বোঃ
ক্ষেত্রেঽথবা যুগপদেকগয়োঃ কৃশো বা ॥ ৮

যাহার জন্ম কালে মকর রাশিতে সূর্য্য এবং শনি ও মঙ্গল এই দুই গ্রহের মধ্যে চন্দ্র অবস্থিতি করে, সেই ব্যক্তি শ্বাস, ক্ষয়, প্লীহা, বিদ্রধি ও গুল্ম প্রভৃতি রোগে পীড়িত হয়। এবং চন্দ্র রবির গৃহে বা অংশে ও রবি চন্দ্রের গৃহে বা অংশে থাকিলে মনুষ্য শোষরোগী হয়। কর্কটে চন্দ্র ও রবি অথবা সিংহে চন্দ্র ও রবি থাকিলে, মনুষ্য কৃশ হয়। ৮

চন্দ্রেঽশ্বিমধ্যঝষককিমৃগাজভাগে
কুষ্ঠীসমন্দরুধিরে তদবেক্ষিতে বা।
যাতৈস্ত্রিকোণমলিকার্কি বৃষৈর্মৃগে চ
কুষ্ঠী চ পাপসহিতৈরবলোকিতৈর্ব্বা ॥ ৯

চন্দ্র ধনুর পঞ্চম নবাংশ গত, কিম্বা মীন, কর্কট ও

মকরের যে কোন নবাংশ স্থিত হইয়া শনি ও মঙ্গলের সহিত যুক্ত বা শনি মঙ্গল কর্তৃক দৃষ্ট হইলে মনুষ্য কুষ্ঠরোগী হয়।

যবনাচার্য্য বলেন, উক্তরূপ চন্দ্র যদি শুভগ্রহ কর্তৃক দৃষ্ট হয়, তাহা হইলে মনুষ্য কুষ্ঠরোগী না হইয়া কণ্ডু-বিকারী হয়।

বৃশ্চিক, কর্কট, বৃষ ও মকর ইহাদের মধ্যে যে কোন রাশি লগ্নের নবম কিম্বা পঞ্চম হইয়া পাপযুক্ত বা পাপদৃষ্ট হইলে মনুষ্য কুষ্ঠরোগী হয়। ৯

নিধনারিধনব্যয়স্থিতা রবিচন্দ্রারযমা যথা তথা।
বলবদ্‌গ্রহ দোষ কারণৈর্ম্মনুজানাং জনয়ন্ত্যনেত্রতাং ॥১০

রবি, চন্দ্র, মঙ্গল ও শনি এই চারি গ্রহ অষ্টম, ষষ্ঠ, দ্বিতীয় ও দ্বাদশ স্থানে অবস্থিতি করিলে মনুষ্য অন্ধ হয়। ১০

নবমায়তৃতীয়ধীযুতা ন চ সৌম্যৈরশুভানিরীক্ষিতাঃ।
নিয়মাচ্ছ্রবণোপঘাতদারদবৈকৃত্য করাশ্চ সপ্তমে॥ ১১

লগ্নের তৃতীয়, পঞ্চম ও একাদশ স্থানে শুভগ্রহের দৃষ্টি বিহীন পাপগ্রহ থাকিলে, মনুষ্য বধির অর্থাৎ কালা হয়। এবং সপ্তম স্থানে শুভগ্রহের দৃষ্টি বর্জ্জিত পাপগ্রহ থাকিলে, জাতব্যক্তি দন্তরোগী হয়। ১১

উদয়ত্যুড়ুপেঽসুরাস্যগে সপিশাচোঽশুভয়োস্ত্রিকোণয়োঃ।
সোপপ্লব মণ্ডলে রবাবুদয়স্থে নয়নাপবর্জ্জিতঃ॥ ১২

যদি চন্দ্র গ্রহণকালে কোন ব্যক্তির জন্ম হয়, এবং চন্দ্র লগ্ন গত হয় ও নবমে পঞ্চমে পাপগ্রহ থাকে, তাহা হইলে জাতব্যক্তি পিশাচাধিষ্ঠিত হইবে। এবং সূর্য্যগ্রহণ কালে জন্ম হইলে যদি লগ্নে রবি ও নবম পঞ্চমে অশুভ গ্রহ থাকে, তাহা হইলে জাতমনুষ্য অন্ধ হইবে। ১২

সংস্পৃষ্টঃ পবনেন মন্দগযুতেদ্যুনে বিলগ্নে গুরৌ
সোন্মাদো বণিজে স্থিতেঽস্তভবনে জীবে বিলগ্নাশ্রিতে
তদ্বৎ সূর্য্যসুতোদয়েঽবনিসুতে ধর্ম্মাত্মজদ্যুনগে
জাতে বাসসহস্ররশ্মি তনয়ে ক্ষীণে ব্যয়ে শীতগৌ॥ ॥ ১৩

যদি জন্মলগ্নে বৃহস্পতি ও সপ্তমে শনি থাকে, তাহা হইলে মনুষ্য বাতরোগী হয়। লগ্নে বৃহস্পতি সপ্তমে মঙ্গল থাকিলে উন্মাদ হয়। লগ্নে শনি; পঞ্চম, সপ্তম ও নবম এই তিন গৃহের যে কোন রাশিতে মঙ্গল থাকিলেও উন্মাদ হয়।

লগ্নের দ্বাদশ স্থানে ক্ষীন চন্দ্রের সহিত শনি থাকিলে মনুষ্য বাতুল হইবে। ১৩

রাংশুংশপোষ্ণকরশীতকরামরেজ্যৈ-
র্নীচাধিপাংশকগতৈ রবিভাগগৈ র্ব্বা।
এভ্যোঽল্পমধ্যবহুভিঃ ক্রমশঃ প্রসূতা
জ্ঞেয়াঃ স্যরভ্যুপগমঃ ক্রয়গর্ভদাসাঃ॥ ১৪

জন্মকালে চন্দ্র নবাংশাধিপতি, রবি, চন্দ্র ও বৃহস্পতি এই চারি গ্রহ যদি নীচ রাশিস্থিত হইয়া নীচ নবাংশে বা শত্রু নবাংশে থাকে, তাহা হইলে জাতব্যক্তি দাসত্ব কার্য্যে চিরকাল নিরত থাকে। উক্ত চারি গ্রহের মধ্যে তিন, দুই কিম্বা এক গ্রহ নীচ বা শত্রু গৃহগত হইলে, ফলেরও ন্যুনতা অর্থাৎ অপেক্ষাকৃত অল্পকাল দাসত্ব ভোগ হয়। ১৪

বিকৃতদশনঃ পাপৈর্দৃষ্টে বৃষাজহয়োদয়ে
রবি শশিযুতে সিংহে লগ্নে কুজার্কিনিরীক্ষিতে
নয়নরহিতঃ সৌম্যা সৌম্যৈঃ সবুদ্বুদলোচনঃ।
ব্যয় গৃহগতশ্চন্দ্রো বামং হিনস্ত্যপরং রবি-
র্ন শুভ গদিতা যোগা যাপ্যাভবন্তি শুভেক্ষিতাঃ॥ ২০

সিংহ লগ্নে গর্ভাধান বা জন্ম হইলে তাহাতে যদি রবি ও চন্দ্র থাকেন এবং ঐ লগ্নে মঙ্গল বা শনির দৃষ্টি থাকে তবে সন্তান অন্ধ হইবে।

ইহার বিশেষ এই যে যদি ঐ আধান লগ্নে রবি অবস্থিতি করেন ও শনি মঙ্গলের দৃষ্টি থাকে তবে সন্তান দক্ষিণ চক্ষু হীন এবং ঐ লগ্নে চন্দ্র অবস্থিতি করিলে যদি শনি মঙ্গলের দৃষ্টি থাকে তবে সন্তান বাম চক্ষু হীন হইবে।

ঐ আধান লগ্নে যদি রবি ও চন্দ্রের যোগ থাকে এবং শুভাশুভ গ্রহের দৃষ্টি থাকে তবে সন্তান বুদ্বুদ লোচন অর্থাৎ ছোট চক্ষু হয়।

ঐ রূপ আধান বা জন্ম লগ্নের দ্বাদশস্থান স্থিত চন্দ্র, শনি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে সন্তানের বাম চক্ষু ও ঐ দ্বাদশ স্থান গত রবি, শনি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হইলে দক্ষিণ চক্ষু নষ্ট হইবে।

পূর্ব্ব কথিত যোগ কারক গ্রহ গণের বলাবল বিবেচনায় যোগের শুভাশু ফলের তারতম্য নিশ্চয় করিবে॥ ২০

তৎকালমিন্দুসহিতো দ্বিরসাংশকোয
স্তত্তুল্যরাশি সহিতে পুরতঃ শশাঙ্কে।
যাবানুদেতি দিনরাত্রি সমানভাগো
তাবদ্ গতে দিননিশোঃ প্রবদন্তি জন্ম॥ ২১

আধান কালে বা প্রশ্ন কালে চন্দ্র যে রাশির যে দ্বাদশাংশে অবস্থিতি করিবেন, দশম মাসে যে দিবসে সেই রাশির সেই দ্বাদশাংশে চন্দ্র উদিত হইবেন সেই দিবসে প্রসব হইবে।

অপর আধান কালে চন্দ্র যত সংখ্যক দ্বাদশাংশে অবস্থিতি করিবেন মেষ অবধি গণনা করিয়া তত সংখ্যক রাশিতে চন্দ্র যে দিবসে গমন করিবেন সেই দিবসে প্রসব হইবে।

গর্ভাধান কালে যে রাশির যত সংখ্যক দ্বাদশাংশে চন্দ্র অবস্থিতি করিবেন দশম মাসে সেই রাশি হইতে গণনা করিয়া তত সংখ্যক রাশিতে যে দিবসে চন্দ্র গমন করিবেন, সেই দিবসে প্রসব হইবে।

যদি গর্ভাধান কালে সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক ও কুম্ভ ইহাদের মধ্যে কোন এক লগ্ন হয়, তবে দিবাতে প্রসব হইবে এবং মেষ, বৃষ, মিথুন, কর্কট ধনু ও মকর ইহাদের কোন এক লগ্ন হয় তবে রাত্রিতে জন্ম হইবে।

আর যদি মীনলগ্নে গর্ভাধান হয় তবে দিবাতে ও প্রসব হইতে পারে রাত্রিতে ও প্রসব হইতে পারে।

গর্ভাধান কালে লগ্নের যত অংশ গত হইবে জন্ম-লগ্নের তত অংশ গতে প্রসব হইবে ॥ ২১

উদয়তি মৃদুভাংশে সপ্তমস্থে চ মন্দে
যদি ভবতি নিষেকঃ সূতিরব্দত্রয়েণ।
শশিনি তু বিধিরেষ দ্বাদশেঽব্দে প্রকুর্য্যা
ন্নিগদিত মিহচিন্ত্যং সূতিকালেঽপি যুক্ত্যা ॥ ২২

যদি মকর বা কুম্ভের নবাংশ আধান লগ্ন হয় এবং ঐ লগ্ন হইতে সপ্তম স্থানে শনি থাকেন তবে তিন বৎসর পরে প্রসব হইবে।

অপর যদি কর্কটের নবাংশ গর্ভাধান লগ্ন হয় এবং লগ্ন হইতে সপ্তম স্থানে চন্দ্র থাকে তবে দ্বাদশ বর্ষ পরে প্রসব হইবে।*

ইতি বৃহজ্জাতকে আধানাধ্যায়ঃ।

---

* যে লগ্নে আধান অর্থাৎ গর্ভাধান হইবে সেই লগ্ন নির্ণয় করিয়া তদ্দারা গর্ভস্থ সন্তান দুর্ব্বল কি সবল, স্ত্রী কি পুরুষ, কি যমজ পূর্ণদেহ কি অপূর্ণ দেহ, এবং যথা কালে কি অকালে প্রসব হইবে ইত্যাদি গণনা হইয়া থাকে। এবং ইহা দ্বারা জন্ম লগ্ন ও সংশোধন হয়। ঐ আধান কালের লগ্ন কিরূপে নিরূপণ করিতে হইবে তাহা মেঃ সিবিলী নামক একজন ইংলণ্ডীয় জ্যোতির্ব্বিদ্ পণ্ডিত কোন প্রাচীন গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া তাহার স্বীয় গ্রন্থে সন্নিবেশিত করিয়াছেন তাহা পাঠক বর্গের পরি জ্ঞানার্থে উক্ত মেঃ সিবিলী সাহেবের পুস্তক হইতে উদ্ধৃত করিয়া ইংরাজী ভাষায় লিখিত হইল, মেঃ সিবিলী সাহেব যে প্রাচীন গ্রন্থ হইতে আধান বিষয়ের গণনা উদ্ধৃত করিয়াছেন সেই প্রাচীন গ্রন্থকার মেঃ হারমিজ সাহেব আধানের এইরূপ সিদ্ধান্ত করিয়াছেন যে আধান অর্থাৎ গর্ভাধান কালে যে রাশির যে অংশে চন্দ্র অবস্থিতি করে, সেই রাশির সেই অংশে গর্ভস্থ সন্তানের জন্ম হইয়া থাকে।

প্রসিদ্ধ জ্যোতির্ব্বিদ্ পণ্ডিত মেঃটলমি সাহেবের মত এই যে জন্ম কালে যে, রাশিতে চন্দ্র অবস্থিতি করেন, সেই রাশি আধান অর্থাৎ গর্ভ সঞ্চারের লগ্ন হয়, এবং ইহাও বলেন যে, গর্ভাধান কালে যে রাশিতে চন্দ্র স্থিত থাকেন সেই লগ্ন কিম্বা তাহার বিপরীত অর্থাৎ সপ্তমে যে রাশি হইবে তাহাই জন্ম লগ্ন হইয়া থাকে।

ইহাতে নিশ্চয় বোধ হইতেছে যে এই কারণেই রাশিদ্বারা জাতকের শুভাশুভ ফল গণনা হইয়া থাকে। ইতি।

By the Trutine of Hermes, erect the figure to the estimate time of birth, and rectify the Moon's place thereto; then take her distance from the ascendant, if she be under the earth; or from the seventh house, if above the earth, by subtracting the angles from the Moon's place; adding thereto the three hundred and sixty degrees of the zodiac, if subtraction cannot be made without; then with the remainder enter the following table under the column of Moon's distance, and even with it, in the second column, if the birth was in February; in the third column, if in January or December; in the fourth column, if in April or September; or in the fifth column, if in March, May, June, July, August, October, or November, will be found an

অথ বৃহজ্জাতকে বিযোনি জননাধ্যায়ঃ।

ক্রূর গ্রহৈঃ সুবলিভির্ব্বিবলৈশ্চ সৌম্যৈঃ
ক্লীবে চতুষ্টয়গতে তদবেক্ষণাদ্বা।
চন্দ্রোপগ দ্বিরস ভাগ সমান রূপং।
সত্বং বদেদ্ যদি ভবেৎ স বিযোনি সংজ্ঞা ॥ ১ ॥

যাহার জন্ম কালে বা আধান কালে পাপগ্রহ বলবান্ ও শুভগ্রহ দুর্ব্বল, ক্লীব গ্রহ অর্থাৎ বুধ শনি কেন্দ্রবর্ত্তী হইলে চন্দ্র সেই সময় যে দ্বাদশাংশে অবস্থিতি. করিবেন সেই গর্ভে সেই রূপ প্রাণী জন্মিবে। অর্থাৎ চতুষ্পদ ও

---

equation of days to be added to, or subtracted from, the day of birth, according to the letters A or S, at the top of each respective column, whose sum or difference gives the day of the month, in the month of conception ; always observing, that if the year of birth be a leap year, one day more must be added.

THE TABLE.

	MOON dist.		A	A	A	S		MOON dist.		A	A	A	A
The Moon under the Earth.	o	o	3	2	1	0	The Moon above the Earth.	6	0	0	1	2	3
	o	13	2	1	S	1		5	17	1	2	3	4
	o	26	1	S	1	2		5	4	2	3	4	5
	1	9	S	1	2	3		4	21	3	4	5	6
	1	21	1	2	3	4		4	9	4	5	6	7
	2	4	2	3	4	5		3	26	5	6	7	8
	2	17	3	4	5	6		3	13	6	7	8	9
	3	o	4	5	6	7		3	0	7	8	9	10
	3	13	5	6	7	1		2	17	8	9	10	11
	3	26	6	7	8	9		2	4	9	10	11	12
	4	9	7	8	9	10		1	21	10	11	12	13
	4	21	8	9	10	11		1	9	11	12	13	14
	5	4	9	10	11	12		0	26	12	13	14	15
	5	17	10	11	12	13		0	13	13	14	15	16
	6	o	11	12	13	14		0	0	14	15	16	17

If the birth was in January, the month of conception was April ; if February, the month of conception was May ; if March, June ; if April, July ; if May, August ; if June, September ; if July, October ; if August, November ; if September, December ; if October, January ; if November, February ; and if December, March. Then bring the Moon's place, the day of conception, to the sign, degree, and minutes ascending, at the estimate time, for the true time of conception. Or thus, subtract the right ascension of the Sun at the estimate time of conception, from the right ascension at the estimate time of birth, (taken in the table of Houses right against the Moon's place, under the ascendant, adding the three hundred and sixty degrees of the zodiack as before, if subtraction cannot otherwise be made) the remainder, converted into time, is the true hour and minute of conception. The degree and minute of the sign in which the Moon was posited at conception, is the true degree and minute ascending at birth, according to the true time of Hermes.

—Ptolomy further observes, that what sign the Moon is in at the time of birth, is the very sign which ascended at the conception ; and again, whatever sign the Moon is in at conception, that, or the opposite, will be the sign ascending at birth.

জলচর কীটাদি রাশির দ্বাদশাংশস্থিত হইলে চতুষ্পদ জলচর ও কীটাদি হইবে ॥ ১

পাপা বলিনঃ স্বভাগগাঃ পারক্যে বিবলাশ্চ শোভনাঃ।
লগ্নঞ্চ বিযোনি সংজ্ঞকং দৃষ্ট্বাত্রাপি বিযোনিনা দিশেৎ ॥২॥

বলবান্ পাপগ্রহ স্বীয় নবাংশে ও বলহীন শুভ গ্রহ অপরের নবাংশে স্থিত হইলে যদি "বিযোনি সংজ্ঞক লগ্ন" অর্থাৎ মিথুন, তুলা, কুম্ভ, ও কন্যা ভিন্ন রাশি আধান লগ্ন হয় ও পুর্ব্বোক্ত মতে চন্দ্র যে দ্বাদশাংশে স্থিত হইবেন সেই গর্ভে সেইরূপ প্রাণী জন্মিবে ॥ ২

ক্রিয়ঃ শিরো বক্ত্র গলে বৃষোহন্যে
পাদাংশকং পৃষ্ঠ মুখোহংগপার্শ্বে।
কুক্ষিস্ত্বপানাজ্ঘ্র্যথ মেঢ্র মুষ্কঃ
স্ফিক্‌পুচ্ছমিত্যাহ চতুষ্পদাঙ্গে ॥ ৩ ॥

মেষ মস্তক, বৃষ মুখ ও গলদেশ, মিথুন সম্মুখের পাদ ও স্কন্ধ, কর্কট পৃষ্ঠ, সিংহ বক্ষঃস্থল, কন্যাপার্শ্বদ্বয়, তুলা কুক্ষিদ্বয়, বৃশ্চিক গুহ্য দেশ, ধনু পশ্চাতের পাদদ্বয়, মকর মেঢ্র ও মুষ্ক, কুম্ভ নিতম্বদ্বয়, মীন পুচ্ছ। পক্ষীরও এইরূপ বিভাগ জানিবে, বিশেষ এই সম্মুখের পাদ স্থলে ডানাদ্বয়। ইহার দ্বারা জাতবালকের কোন অঙ্গ চতুষ্পদ বা পক্ষীর ন্যায় হয় তাহা জানা যাইবে ইহার বিশেষ বিবরণ পশ্চাৎ লিখিত হইবে ॥ ৩

লগ্নাংশকাদ্ গ্রহযোগেক্ষণাদ্বা
বর্ণান্ বদেদ্বীর্য্য যুতাদ্বি যোনৌ।
দৃষ্ট্যা সমানাং প্রবদেস্বসংখ্যয়া
রেখাং বদেৎস্মর সংস্থৈশ্চ পৃষ্ঠে ॥ ৪ ॥

লগ্নের নবাংশাধিপতি গ্রহের দ্বারা ও লগ্নে যে গ্রহ অবস্থিতি করিবে ও যাহাদিগের দৃষ্টি থাকিবে সেই গ্রহের ও রাশির পুর্ব্ব লিখিত বর্ণানুসারে বলবান্ গ্রহ ও রাশির স্বরূপ বর্ণাদি হইবে। লগ্নের সপ্তম স্থানস্থ গ্রহের অবস্থান ও দৃষ্টি দ্বারা পশ্বাদির পৃষ্টের অঙ্কিত রেখা স্থির হইবে। ৪

তথাচ সারাবল্যাং।

মেষাদিভিরুদয়স্থৈরংশৈর্ব্বা গ্রহ যুতৈশ্চ দৃষ্টৈর্ব্বা, স্ব গৃহাংশক সংযোগাৎ বিন্দ্যাৎ বর্ণান্ পরাংশকে সূতৌ।১।

সপ্তম সংস্থাঃ কুর্য্যুঃ পৃষ্ঠে রেখাং স্ববর্ণসমাংবীক্ষন্তে যাবন্তো বিযোনি বর্ণাংশ্চতাবন্তঃ ॥২॥ বলদীপ্তো গগনচরঃ করোতি বর্ণং বিযোনীনাং। পীতং করোতি জীবঃ শশী সিতং ভার্গবো বিচিত্রঞ্চ ॥ ৩ ॥ রক্তো দিনকর রুধিরৌ রবিজঃ কৃষ্ণং বুধঃ শবলং। স্বেরাশৌ পরভাগে পররাশৌ স্বেনবাং শকেতিষ্ঠন্ ॥ ৪ ॥

খগে দৃকাণে বলসংযুতেনবা গ্রহেণ যুক্তে চরভাংশকোদয়ে।
বুধাংশকে বা বিহগাঃ স্থলাম্বুজাঃ শনৈশ্চরেন্দ্বীক্ষণ যোগসম্ভবঃ ॥৫॥

বলবান্ গ্রহযুক্ত পক্ষিদ্রেক্কাণে জন্ম হইলে তাহাতে যদি শনির দৃষ্টি থাকে তাহা হইলে স্থলচর ও চন্দ্রের দৃষ্টি থাকিলে সেই গর্ভে জলচর পক্ষী জন্মিবে।

যে কোন লগ্নের চর নবাংশ বলবান্ গ্রহযুক্ত হইয়া শনি কর্ত্তৃক বীক্ষিত হইলে সেই গর্ভে স্থলচর ও চন্দ্র কর্ত্তৃক বীক্ষিত হইলে জলচর পক্ষী জন্মিবে।

যে কোন লগ্নের মিথুন বা কন্যার নবাংশে জন্ম হইবে তাহাতে যদি বলবান্ গ্রহ অবস্থিতি করে ও তাহাতে শনির দৃষ্টি থাকিলে সেই গর্ভে স্থলচর ও চন্দ্রের দৃষ্টি থাকিলে জলচর পক্ষী জন্মিবে ॥ ৫ ॥

হোরেন্দু সূরি রবিভির্ব্বিবলৈস্তরূণাং
তোয়স্থলে তরুভবাংশ কৃত প্রভেদঃ।
লগ্নাদ্ গৃহস্থল জলর্ক্ষপতিস্তু যাবাং
স্তাবন্ত এব তরবঃ স্থলতোয় জাতাঃ ॥ ৬ ॥

আধান কালে রবি চন্দ্র, বৃহস্পতি ও লগ্ন দুর্ব্বল হইয়া জল রাশির নবাংশ গত হইলে সেই গর্ভে জলজ বৃক্ষের জন্ম হয়। অন্য রাশির নবাংশ গত হইলে স্থলজ বৃক্ষের জন্ম হয়। ঐ নবাংশাধি পতি যত সংখ্যক নবাংশে অবস্থিতি করিবেন তত সংখ্যক বৃক্ষের জন্ম হইবে, আর সেই নবাংশাধিপতি তুঙ্গস্থ কিম্বা বক্র হইলে নবাংশ সংখ্যার ত্রিগুণ এবং স্বক্ষেত্রগত, স্বন বাংশস্থ বা স্বদ্রেক্কাণ গত হইলে সেই গর্ভে দ্বিগুণ, বৃক্ষের জন্ম হয় ॥ ৬ ॥

অন্তঃসারান্ জনয়তি রবির্দুর্ভগান্ সূর্য্যসূনুঃ
ক্ষীরোপেতাংস্তুহিন কিরণঃ কণ্টকাঢ্যাংশ্চ ভৌমঃ।

বাগীশোক্তো সফল বিফলান্ পুষ্পবৃক্ষাংশ্চ শুক্রঃ
স্নিগ্ধানিন্দুঃ কটুকবিটপান্ ভূমিপুত্রশ্চ ভূয়ঃ ॥ ৭ ॥

আধানকালে রবি নবাংশাধিপতি হইলে সারবান্, শনি নবাংশাধিপতি হইলে কুৎসিত, চন্দ্র নবাংশাধিপতি হইলে ইক্ষু প্রভৃতি সরস, ও স্নিগ্ধ, মঙ্গল নবাংশাধিপতি হইলে কণ্টকিত ও কটু, বৃহস্পতিনবাংশাধিপতি হইলে সফল, বুধ নবাংশাধিপতি হইলে নিষ্ফল, শুক্র নবাংশাধিপতি হইলে সেই গর্ভে সপুষ্প বৃক্ষের জন্ম হয় ॥ ৭ ॥

শুভোঽশুভর্ক্ষে রুচিরং কুভূমিজং
করোতি বৃক্ষং বিপরীত মন্যথা।
পরাংশকে যাবতি বিচ্যুতঃ স্বকাৎ
ভবন্তি তুল্যান্তরবস্তথাভিধাঃ ॥ ৮ ॥

নবাংশাধিপতি শুভগ্রহ পাপ গ্রহের ক্ষেত্রগত হইলে কুস্থানজাত উত্তম বৃক্ষের এবং নবাংশাধিপতি পাপগ্রহ শুভগ্রহের ক্ষেত্রস্থিত হইলে সেই গর্ভে সুস্থান জাত কুৎসিত বৃক্ষের জন্ম হয়। নবাংশাধিপতি স্বীয় নবাংশ হইতে যত নবাংশে অবস্থিতি করিবে সেই গর্ভে তত সংখ্যক বৃক্ষের জন্ম হইবে ॥ ৮ ॥

ইতি বৃহজ্জাতকে বিযোনি জননাধ্যায়।

অথ জাতচক্রং।

যস্মিন্নৃক্ষে বসেদ্ভানু স্তদাদি ত্রীণি মস্তকে
মুখে ত্রীণি তথা দ্বেদ্বে স্কন্ধয়ো র্ভুজয়োরুভে।
দ্বেহস্তয়োঃ পঞ্চ হৃদি নাভাবেকং তথাগুদে।
তথা জানুযুগে দ্বেদ্বে পাদয়োর্জলধিং ন্যসেৎ ॥ ১ ॥

জাতকের একটী প্রতিমূর্ত্তি অঙ্কিত করিয়া তাহাতে নিম্ন লিখিত প্রণালীমতে নক্ষত্র বিন্যাস করিবে।

জন্ম কালে যে নক্ষত্রে রবি থাকিবে সেই নক্ষত্র হইতে আরম্ভ করিয়া ঐ জাত চক্রে অঙ্কিত করিতে হইবে যথা মস্তকে ৩ তিন, মুখে ৩ তিন, স্কন্ধ দেশে ২ দুই, বাহুতে ২ দুই, করতলে ২ দুই, বক্ষঃস্থলে ৫ পাঁচ, নাভীতে ১ এক, গুহ্য দেশে ১ এক, জানুতে ৬ ছয়, পাদতলে ৪ চারি, এইরূপে নক্ষত্র বিন্যাস করিয়া জন্ম নক্ষত্রানুসারে শুভাশুভ ফল নিরূপণ করিবে ॥ ১ ॥

দৃষ্টান্ত। জন্মকালে যদি রবি অশ্বিনী নক্ষত্রে অবস্থিত থাকেন, তাহা হইলে যেরূপে বচনানুসারে নক্ষত্র অঙ্কিত করিতে হইবে তাহা নিম্নলিখিত নরাকারচক্রে প্রকাশ করা গেল।

মস্তকে ১।২।৩।

মুখে ৪।৫।৬।
দক্ষিণস্কন্ধে ৭।
দক্ষিণবাহুতে৯।
দক্ষিণহস্তে ১১।
হৃদয়ে ১৩।১৪।
১৫।১৬।১৭।
নাভীতে ১৮।
দক্ষিণজানুতে
২০।২১
দক্ষিণপদে২৪।২৫

বামস্কন্ধে ৮।
বামবাহুতে ১০।
বামহস্তে ১২।
গুহ্যে ১৯।
বামজানুতে২২।২৩।
বামপদে ২৬।২৭।

অস্য ফলম্।

চরণর্ক্ষেষু যোজাতঃ সোঽল্পায়ুর্ভবতি প্রিয়ে।
জানুনো র্ভ্রমণাশক্তো গুহ্যে স্যাৎ পারদারিকঃ।
নাভৌ স্বল্পধনো দেবি হৃদয়ে স্যান্মহাধনী।
পাণ্যোর্জাতো ভবেচ্চৌরো ভুজয়ো র্দুঃখ ভাজনঃ।
মূর্দ্ধ্নি রাজা ভবেদ্দেবি বালানাং জন্মতঃ ক্রমাৎ ॥ ২ ॥

যাহার জন্ম নক্ষত্র জাতচক্রের চরণে দৃষ্ট হইবে সেই ব্যক্তি অল্পায়ু হয়। এইরূপ জানুতে দৃষ্ট হইলে ভ্রমণকারী, গুহ্য দেশে দৃষ্ট হইলে পরদারাশক্ত, নাভীতে দৃষ্ট হইলে অল্পধনী, হৃদয়ে দৃষ্ট হইলে অতিশয় ধনবান্, হস্তে দৃষ্ট হইলে চৌর, বাহুতে দৃষ্ট হইলে দুঃখী, স্কন্ধে দৃষ্ট হইলে ভোগবান্। মুখে দৃষ্ট হইলে ধার্ম্মিক ও বলবান্, মস্তকে দৃষ্ট হইলে রাজা হয় ॥ ২ ॥

মুখে শীর্ষেশতং বর্ষং নবতিঃ স্কন্ধয়োর্দ্বয়োঃ
পঞ্চাশীতি র্হৃদিপ্রোক্তোহস্তয়োঃ সপ্ততিঃ ক্রমাৎ।
বাহ্বোঃ ষট্‌ষষ্টি বর্ষাণি গুহ্যে ষট্‌ষষ্টিকা ক্রমাৎ
পঞ্চাশৎ জানুনোঃ পাদে নির্দ্ধনশ্চাল্পজীবনঃ ॥ ৩ ॥

যাহার জন্ম নক্ষত্র জাতচক্রের মস্তকে দৃষ্ট হইবে সেই ব্যক্তি ১০০ একশত বৎসর জীবিত থাকিবে। এইরূপ স্কন্ধে দৃষ্ট হইলে ৯০ নব্বুই বৎসর, হৃদয়ে দৃষ্ট হইলে ৮৫ পঞ্চাশীতি বৎসর, হস্তে দৃষ্ট হইলে ৭০ সত্তর বৎসর, বাহু ও গুহ্যদেশে দৃষ্ট হইলে ৬৬ ছয়ষট্টি বৎসর, জানুতে দৃষ্ট হইলে ৫০ পঞ্চাশ বৎসর জীবিত থাকিবে এবং চরণে দৃষ্ট হইলে নির্ধন ও অল্পায়ু হইবে ॥ ৩ ॥

অথ জাতকাভরণোক্ত জাতচক্রম্।

ঢুণ্ঢিরাজ মতে নামান্তরং ডিম্ভ চক্রম্।

ডিম্ভাখ্যং চক্রং রবিভাচ্চ ভানাং ত্রয়ং ন্যসেন্মূর্দ্ধ্নি মুখে ত্রয়ঞ্চ।
দ্বে স্কন্ধয়োর্দ্বে ভুজয়োর্দ্বয়ঞ্চ পাণিদ্বয়ে বক্ষসি পঞ্চভানি।
নাভৌ চ লিঙ্গে চ তথৈকমেকং জান্বোর্ভষট্কং পরিকল্পনীয়ম্।
পাদদ্বয়ে ভদ্বিতয়ং ক্রমেণ মুনিপ্রবর্য্যৈঃ ফলমুক্ত মত্র ॥ ১ ॥

ঢুণ্ঢিরাজমতে জাত চক্রের নামান্তর ডিম্ভচক্র। জাতচক্রে যেরূপে নক্ষত্র বিন্যাস করিতে হইবে তাহা প্রদর্শিত হইয়াছে, প্রভেদ এই জানুতে ছয়, পাদে দুই, এবং দীপিকোক্ত ফল বর্ণিত হইয়াছে, ঢুণ্ঢিরাজমতে তাহার কিছু ব্যতিক্রম দেখা যায়, অতএব তাহা প্রকাশ করা গেল।

এই চক্রেও জাতবালকের জন্ম নক্ষত্র দৃষ্টে শুভাশুভ ফল নিশ্চয় করিতে হইবে। ১

অস্য ফলম্।

সদ্রত্ন চামীকর চারুবস্ত্র বিচিত্র তাল ব্যজনাতপত্রৈঃ।
বিরাজমানো মনুজো নিতান্তং মৌলিস্থলেভে নলিনী প্রভোশ্চেৎ ॥১

জাতকের যে নক্ষত্রে জন্ম হইয়াছে সেই নক্ষত্র যদি জাতচক্রের মস্তকে দৃষ্ট হয়, তবে জাতবালক উত্তম রত্ন, বিচিত্র বস্ত্র, ছত্র ও চামরাদি দ্বারা সেব্যমান হইয়া নানা প্রকার সুখে কালযাপন করিবে। ১

মিষ্টাশনানাং প্রজ্বলাশনানাং ভোক্তা চ বক্তা সততং প্রসন্নঃ।
স্মিতাননঃ সদ্বদনো বিশুদ্ধো ভানোর্ভবেদ্ভং বদনে হি যস্য ॥ ২ ॥

যাহার জন্ম নক্ষত্র জাতচক্রের মুখে পতিত হইবে, সেই ব্যক্তি নানাবিধ মিষ্টান্নভোক্তা বক্তৃতাশীল প্রসন্নচিত্ত, হাস্যবদন, বিশুদ্ধস্বভাব ও সুশ্রী হয়। ২

বৃষাংশকো বংশবিভূষণঞ্চ মহোৎসবার্থঃ প্রথিতঃ প্রতাপী।
নরোঽতিশূরো নিতরা মুদারো দিবাকরো ভূস্থিত ভাংশকে চেৎ ॥৩

যাহার জন্ম নক্ষত্র জাতচক্রের স্কন্ধদেশে পতিত হইবে সেই ব্যক্তি উন্নতস্কন্ধ, স্বীয় বংশের ভূষণ স্বরূপ, উৎসবামোদী, কীর্ত্তিমান্, প্রতাপান্বিত, বলবান্ ও উদারস্বভাব হয়। ৩

ক্রূরঃ সদোষঃ পুরুষো বিশেষাৎগর্ব্বোদ্ধতঃ শৌর্য্যযুতো নিতান্তম্।
বিদেশবাসশ্চ মহাপ্রতিষ্ঠো মার্ত্তণ্ডভং বাহুগতং প্রসূতৌ ॥ ৪ ॥

যাহার জন্মকালিক নক্ষত্র জাতচক্রের বাহুতে পতিত হইবে, সেই ব্যক্তি ক্রূর, দুষ্টাশয়, গর্ব্বিত, বলবান্, বিদেশবাসী ও যশস্বী হয়। ৪

বদান্যতা সদ্গুণবর্জিতশ্চ পুণ্যাদি রত্নাদি পরীক্ষকশ্চ।
সত্যা নৃতাভ্যাং সহিতো হি মর্ত্ত্যো দিবাপতের্ভং যদি পাণিসংস্থং॥৫

যাহার জন্মনক্ষত্র জাতচক্রের হস্তে পতিত হইবে সেই ব্যক্তি অদাতা, সদ্গুণহীন, পুণ্য ও রত্নাদির পরীক্ষক, ও সত্যমিথ্যাবাদী হয়। ৫

ভূপালতুল্যঃ স্বকুলে সুশীলো বালাবিলাসোত্তম কীর্ত্তিশালী।
শাস্ত্রে প্রবীণঃ পরিসূতিকালে বক্ষঃ স্থলে চেন্নলিনীশভং স্যাৎ ॥ ৬॥

যাহার জন্মকালীক নক্ষত্র জাতচক্রের বক্ষঃস্থলে পতিত হইবে, সেই ব্যক্তি রাজতুল্য, সুশীল ও শাস্ত্রজ্ঞ হইবে। ৬

ক্ষমাসমেতো রণকর্ম্মভীরুঃ কলাকলাপা কলনৈকশীলঃ।
ধর্ম্মপ্রবৃত্তিঃ সুতরা মুদারো নাভৌ সরোজেঽম্বুজ বন্ধুভঞ্চেৎ ॥ ৭ ॥

যাহার জন্মনক্ষত্র জাতচক্রের নাভীতে পতিত হয়, সেই ব্যক্তি ক্ষমাশীল, যুদ্ধভীরু, কলাশাস্ত্রজ্ঞ, ধার্ম্মিক ও উদারচরিত্র হইবে। ৭

কন্দর্প দর্পোদিত সাধুকর্ম্মা সদ্গীত নৃত্যাভিরুচিঃ কলাজ্ঞঃ।
চেজ্জন্মকালে নলিনীশভংস্যাদ্ গুহ্যস্থলে সোঽতুল কীর্ত্তিযুক্তঃ ॥৮

যাহার জন্মনক্ষত্র জাতচক্রের গুহ্যদেশে পতিত হয়, সেই ব্যক্তি কামদেবের ন্যায় কান্তিযুক্ত, সৎকর্ম্মশীল, গীতনৃত্যাভিলাষী ও অতুলকীর্ত্তি-বিশিষ্ট হইবে। ৮

নানাদেশানেকবাসপ্রচারঃ কার্য্যোৎসাহশ্চঞ্চলঃ শ্যামগাত্রঃ।
ধূর্ত্তোমর্ত্ত্যঃ সত্যহীনশ্চ নিত্যং জানুস্থানে ভানুভং জন্মনি স্যাৎ ॥৯।

যাহার জন্মনক্ষত্র জাতচক্রের জানুস্থানে পতিত হয়,

জাতচক্র।

রবি নক্ষত্র	মস্তক			মুখ			স্কন্ধ		বাহু		হস্ত		হৃদি					নাভী	গুহ্য	জানু				পাদ			
১ অশ্বিনী	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭
২ ভরণী	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১
৩ কৃত্তিকা	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২
৪ রোহিণী	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩
৫ মৃগশিরা	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪
৬ আর্দ্রা	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫
৭ পুনর্ব্বসু	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬
৮ পুষ্যা	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭
৯ অশ্লেষা	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮
১০ মঘা	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১১ পূর্ব্বফল্গুনী	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১২ উত্তরফল্গু	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১৩ হস্তা	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
১৪ চিত্রা	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১৫ স্বাতী	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
১৬ বিশাখা	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১৭ অনুরাধা	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
১৮ জ্যেষ্ঠা	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
১৯ মূলা	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮
২০ পূর্ব্বাষাঢ়া	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
২১ উত্তরাষাঢ়া	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
২২ শ্রবণা	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১
২৩ ধনিষ্ঠা	২৩	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২
২৪শতভিষা	২৪	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩
২৫ পূর্ব্বভাদ্রপ	২৫	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
২৬ উত্তরভাদ্র	২৬	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫
২৭ রেবতী	২৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬

এই চক্র দৃষ্টে জন্মকালে রবি যে নক্ষত্রে স্থিত থাকিবে সেই নক্ষত্র হইতে যাহার যে জন্ম নক্ষত্র হইবে সেই নক্ষত্র জাত চক্রের কোন স্থানে পতিত হইবে তাহা অতি সহজে জানা যাইবে। প্রথম স্তম্ভে রবি নক্ষত্র, দ্বিতীয় স্তম্ভে ঐ রবি নক্ষত্র হইতে যে যে নক্ষত্র মস্তকে পতিত হইয়াছে, তৃতীয় স্তম্ভে যে যে নক্ষত্র মুখে পতিত হইয়াছে, চতুর্থ স্তম্ভে যে যে নক্ষত্র স্কন্ধে পতিত হইয়াছে, পঞ্চম স্তম্ভে যে যে নক্ষত্র বাহুতে পতিত হইয়াছে, ষষ্ঠ স্তম্ভে যে যে নক্ষত্র হস্তে পতিত হইয়াছে, সপ্তম স্তম্ভে যে যে নক্ষত্র হৃদয়ে পতিত হইয়াছে, অষ্টম স্তম্ভে যে যে নক্ষত্র নাভীতে পতিত হইয়াছে, নবম স্তম্ভে যে যে নক্ষত্র গুহ্যে পতিত হইয়াছে, দশমে জানুস্থানে, একাদশে পাদে যে যে নক্ষত্র পতিত হইয়াছে, তাহা লিখিত হইল।

সেই ব্যক্তি নানাদেশবাসী, কার্য্যে উৎসাহবান্, চঞ্চল, শ্যামবর্ণশরীর, ধূর্ত্ত ও মিথ্যাবাদী হইবে। ৯

কৃষিক্রিয়ায়াং নিরতোঽল্পধর্ম্মঃ শশ্বৎ স্থিতিঃ সেবন কর্ম্মকর্ত্তা।
তারা যদি স্যাদরবিন্দবন্ধোঃ পাদারবিন্দে চ নরস্য স্থতৌ ॥ ১০॥

যাহার জন্মনক্ষত্র জাতচক্রের পাদে পতিত হয়, সেই ব্যক্তি কৃষিকর্ম্মকারী অধার্ম্মিক ও ভৃত্য হইবে। ১০

ইতি বৃহজ্জাতকে জাতচক্রং।

অথাষ্টবর্গম্।

অষ্টবর্গস্য কারণং ঢুণ্ঢিরাজোক্তম্।

রাশৌ রাশৌ গোচরে খেচরাণা
মুক্তং পূর্ব্বৈ র্যৎফলং জন্ম রাশেঃ।
তন্মর্ত্ত্যানামেকভোৎপত্তিকানাং
ভিন্নং ভিন্নং দৃশ্যতেঽবশ্য মেব॥ ১ ॥

জন্ম রাশি হইতে প্রতি রাশিগত গ্রহের গোচর ফল উক্ত হইয়াছে, যে যে মনুষ্য এক নক্ষত্রে ও এক রাশিতে জাত তাহাদিগেরও ভিন্ন ভিন্ন ফল দৃষ্ট হয়॥ ১॥

যস্মিন্ রাশৌ শীতরশ্মিঃ প্রসূতৌ
সংস্থঃ প্রোক্তো জন্মরাশিঃ স এব।
এবং লগ্নেনান্বিতাঃ সপ্তখেটা-
স্তেকিং নস্যুঃ প্রাণিনাং জন্মভানি॥ ২ ॥

জন্ম কালে যে রাশিতে চন্দ্র অবস্থিতি করে সেই রাশিকে জাতকের জন্ম রাশি বলে। এইরূপে সকল গ্রহই জন্মকালে রাশিবিশেষে তত্তৎ নক্ষত্রে অবস্থিতি করিয়া থাকে, সুতরাং ঐ ঐ গ্রহ ভোগ্য নক্ষত্রকে জন্ম নক্ষত্র ও ঐ সকল গ্রহ ভোগ্য রাশিকে জন্ম রাশি বলা যাইতে পারে॥ ২॥

পুংসামতোঽষ্টৌ কিল রাশয়ঃস্যুঃ
শুভাশুভান্যত্র ফলানি তেভ্যঃ।
ততশ্চ ন স্বামিনমন্তরালাৎ
স্পষ্টং কলঙ্কাষ্টক বর্গজাতং॥ ৩॥

পূর্ব্ব বচনানুসারে গ্রহ ও লগ্ন দ্বারা জাতকের আটটী জন্ম রাশি কল্পিত হয়, অতএব ঐ সকল রাশি হইতে ও মনুষ্যের শুভাশুভ ফল নিরূপিত হইয়া থাকে; যে প্রণালীতে ঐ সকল ফল নির্দ্দিষ্ট হয় তাহাকে অষ্টবর্গ বলা যায়। গ্রহগণ অষ্ট বর্গে শুদ্ধ থাকিলে শুভ ফল আর অশুদ্ধ হইলে অশুভ ফল প্রদান করে, এই কারণে এক রাশিজাত ব্যক্তিরও ফলের তারতম্য হয়, কিরূপে ঐ সকল শুভাশুভ ফল জানা যায়, তাহা এই অষ্টবর্গ দ্বারা প্রকাশ পাইবে।

অষ্টবর্গ গণনার প্রণালী লিখিত হইতেছে। একটী রাশি চক্র অঙ্কিত করিয়া তাহাতে জন্ম কুণ্ডলীর অনুরূপ অর্থাৎ জন্ম কালে রাশি চক্রে যে রূপে গ্রহ অবস্থিত আছে সেইরূপ গ্রহ অঙ্কিত করিবে। পরে ঐ চক্রের যে যে রাশিতে যে যে গ্রহ অবস্থিত আছে সেই সেই গৃহ হইতে আরম্ভ করিয়া নিম্ন লিখিত প্রণালীমতে এক এক গ্রহের রেখা পাত করিবে॥

রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, ও লগ্ন এই আট প্রকার অষ্টবর্গ, প্রত্যেক গ্রহের অষ্টবর্গে এক একটী রাশিচক্র করিতে হইবে, পরে ঐ রাশিচক্রে রবি প্রভৃতি গ্রহ সংস্থাপন করিয়া প্রথমতঃ রবি হইতে পরে চন্দ্র হইতে এইরূপে ক্রমশঃ সকল গ্রহ হইতে যে যে গ্রহের যে যে ঘরে রেখা পাত নির্দ্দিষ্ট আছে, সেই সেই ঘরে রেখা পাত করিতে হইবে। ৩

বৃহজ্জাতকে অষ্টবর্গম্।

অথ সূর্য্যাষ্টবর্গম্।

স্বাদর্কঃ প্রথমায় বন্ধু নিধন দ্ব্যাজ্ঞাতপো দ্যূনগো
বক্রাৎ স্বাদিনবত্তদেব রবিজাচ্ছুক্রাৎ স্মরান্ত্যারিগঃ।
জীবাদ্ধর্ম্মসুতায় শত্রুষু দশত্র্যায়ারিগঃ শীতগো
রেষ্বেবান্ত্য তপঃসু তেষু চ বুধাল্লগ্নাৎ স্ববন্ধন্ত্যগঃ॥ ১॥

রবির অষ্টবর্গ করিতে হইলে প্রথমতঃ যে ঘরে রবি আছেন, সেই ঘরে এবং তাহার দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, নবম, দশম ও একাদশ ঘরে এক একটী রেখা পাত করিবে, পরে যে ঘরে চন্দ্র আছেন সেই ঘর হইতে তৃতীয়,

ষষ্ঠ, দশম ও একাদশ ঘরে, পরে যে ঘরে মঙ্গল আছেন সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম এবং একাদশ ঘরে রেখা পাত করিবে, এইরূপে বুধের ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, দশম, একাদশ ও দ্বাদশ ঘরে; বৃহস্পতির ঘর হইতে পঞ্চম, ষষ্ঠ, নবম ও একাদশ ঘরে; শুক্রের ঘর হইতে ষষ্ঠ, সপ্তম ও দ্বাদশ ঘরে; শনি যে ঘরে আছেন সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম ও একাদশ ঘরে; লগ্ন হইতে তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, দশম, একাদশ ও দ্বাদশ ঘরে রেখা পাত করিবে দ্বাদশ ঘরের রেখা যোগ করিলে ৪৮ রেখা হইবে। ১

রেখা—৪৮।

রবেঃ ১।২।৪।৭।৮।৯।১০।১১	গুরোঃ ৫।৬।৯।১১
চন্দ্রাৎ ৩।৬।১০।১১	শুক্রাৎ ৬।৭।১২
কুজাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১	শনেঃ ১।২।৪।৭।৮।৯।১০।১১
বুধাৎ ৩।৫।৬।৯।১০।১১।১২	লগ্নাৎ ৩।৪।৬।১০।১১।১২

অথ চন্দ্রাষ্টবর্গম্।

লগ্নাৎ ষট্ত্রিদশায়গঃ সধনধী ধর্ম্মেষুচারাচ্ছশী
স্বাৎ সাস্তাদিষু সাষ্ট সপ্তস্থ রবেঃ ষট্ত্র্যায় ধীস্থো যমাৎ।
ধীত্র্যায়াষ্টম কণ্টকেষু শশিজাজ্জীবা দ্ব্যায়াষ্টগঃ
কেন্দ্রস্থশ্চ সিতাত্তু ধর্ম্মসুখধীত্র্যায়াস্পদানঙ্গগঃ ॥ ২

চন্দ্রের অষ্টবর্গে যে ঘরে রবি আছেন সেই ঘর হইতে তৃতীয়, ষষ্ঠ, সপ্তম, অষ্টম, দশম ও একাদশ ঘরে রেখা পাত করিবে, এইরূপে চন্দ্র যে ঘরে আছেন সেই ঘরেও তাহার তৃতীয়, ষষ্ঠ, সপ্তম, দশম এবং একাদশ ঘরে; মঙ্গলের ঘর হইতে দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, দশম ও একাদশ ঘরে; বুধ যে ঘরে আছেন, সেই ঘরেও তাহার তৃতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে; বৃহস্পতি যে ঘরে আছেন সেই ঘরে ও তাহার চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম, একাদশ এবং দ্বাদশ ঘরে; শুক্রের ঘর হইতে তৃতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম, নবম, দশম একাদশ ঘরে; শনির ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ এবং একাদশ ঘরে; লগ্ন হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম এবং একাদশ ঘরে রেখা পাত করিবে, চন্দ্রাষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিলে ৪৯ ঊনপঞ্চাশৎ রেখা হইবে। ২

রেখা—৪৯।

রবেঃ ৩।৬।৭।৮।১০।১১	গুরোঃ ১।৪।৭।৮।১০।১১।১২
চন্দ্রাৎ ১।৩।৬।৭।১০।১১	শুক্রাৎ ৩।৪।৫।৭।৯।১০।১১
কুজাৎ ২।৩।৫।৬।৯।১০।১১	শনেঃ ৩।৫।৬।১১
বুধাৎ ১।৩।৪।৫।৭।৮।১০।১১	লগ্নাৎ ৩।৬।১০।১১

অথ মঙ্গলাষ্টবর্গম্।

বক্র স্তূপচয়েষ্বিনাৎ সতনয়েষ্বাদ্যাধিকেষূদয়াৎ
চন্দ্রাদ্দিগ্বিফলেষু কেন্দ্র নিধন প্রাপ্ত্যর্থগঃ স্বাচ্ছুভঃ।
ধর্ম্মায়াষ্টম কেন্দ্র গোঽর্কতনয়াজ্জ্ঞাৎষট্ত্রিধী লাভগঃ।
শুক্রাৎ ষড়্ব্যয় লাভ মৃত্যুষু গুরোঃ কর্ম্মান্ত্য লাভারিষু।। ৩ ॥

মঙ্গলের অষ্টবর্গে রবির ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, দশম ও একাদশ ঘরে রেখা পাত করিবে এইরূপে চন্দ্রের ঘর হইতে তৃতীয়, ষষ্ঠ এবং একাদশ ঘরে; মঙ্গল যে ঘরে আছেন সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে; বুধের ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ এবং একাদশ ঘরে; বৃহস্পতির ঘর হইতে ষষ্ঠ, দশম, একাদশ ও দ্বাদশ ঘরে; শুক্রের ঘর হইতে ষষ্ঠ, অষ্টম, একাদশ এবং দ্বাদশ ঘরে; শনি যে ঘরে আছেন সেই ঘরে ও চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম এবং একাদশ ঘরে; যে ঘর লগ্ন হইবে, সেই ঘরে ও তাহার তৃতীয়, ষষ্ঠ, দশম এবং একাদশ ঘরে রেখা পাত করিবে। মঙ্গলাষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিলে ৩৯ ঊনচত্বারিংশৎ রেখা হইবে। ৩

রেখা—৩৯।

রবেঃ ৩।৫।৬।১০।১১	গুরোঃ ৬।১০।১১।১২
চন্দ্রাৎ ৩।৬।১১	শুক্রাৎ ৬।৮।১১।১২
কুজাৎ ১।২।৪।৭।৮।১০।১১	শনেঃ ১।৪।৭।৮।৯।১০।১১
বুধাৎ ৩।৫।৬।১১	লগ্নাৎ ১।৩।৬।১০।১১

অথ বুধাষ্টবর্গ।

স্ব্যাদ্যায়াষ্টতপঃ সুখেষু ভৃগুজাৎ সত্র্যাত্মজেম্বিন্দুজঃ
সাজ্ঞান্তেষু যমারয়ো র্ব্যয় রিপুপ্রাপ্ত্যষ্টগো বাক্‌পতেঃ।
ধর্ম্মায়ারি সুতব্যয়েষু সবিতুঃ স্বাৎ সাদ্য কর্ম্মত্রিগঃ
ষট্‌স্বায়াষ্টসুখাস্পদেষু হিমগোঃ সাদ্যেষু লগ্নাচ্ছুভঃ॥ ৪॥

বুধের অষ্টবর্গে রবির ঘর হইতে পঞ্চম, ষষ্ঠ, নবম, একাদশ এবং দ্বাদশ ঘরে রেখাপাত করিবে, এইরূপে চন্দ্রের ঘর হইতে দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম, দশম এবং একাদশ ঘরে; মঙ্গল যে ঘরে আছেন সেই ঘরে ও তাহার দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম এবং একাদশ ঘরে; বুধ যে ঘরে আছেন সেই ঘরে ও তাহার তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, দশম, একাদশ এবং দ্বাদশ ঘরে; বৃহস্পতির ঘর হইতে ষষ্ঠ, অষ্টম, একাদশ এবং দ্বাদশ ঘরে; শুক্র যে ঘরে আছেন সেই ঘরে ও তাহার দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, অষ্টম, নবম, ও একাদশ ঘরে; শনি যে ঘরে আছেন সেই ঘরে এবং তাহার দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম ও একাদশ ঘরে; যে ঘর লগ্ন হইবে সেই ঘরে ও তাহার দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম, দশম এবং একাদশ ঘরে এক একটী রেখাপাত করিবে, বুধাষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিলে ৫৪ চতুঃপঞ্চাশৎ রেখা হইবে।৪

রেখা— ৫৪।

রবেঃ ৫। ৬। ৯। ১১। ১২	গুরোঃ ৬। ৮। ১১। ১২
চন্দ্রাৎ ২। ৪। ৬। ৮। ১০। ১১	শুক্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১
কুজাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১	শনেঃ ১।২।৪।৭।৮।৯।১০।১১
বুধাৎ ১।৩।৫।৬।৯।১০।১১।১২	লগ্নাৎ ১।২।৪।৬।৮।১০।১১

অথ গুরোরষ্ট বর্গ।

দিক্ স্বাদ্যাষ্টমদায় বন্ধুষু কুজাৎ স্বাৎ সত্রিগেম্বঙ্গিরাঃ
সূর্য্যাৎ সত্রিনবেষু ধী স্ব নব দিগ্‌লাভারিগো ভার্গবাৎ।
জায়ায়ার্থ নবাত্মজেষু হিমগোর্ম্মন্দাত্ত্রি ষড়্‌ধীব্যয়ে
দ্বিগ্‌ধী. ষট্‌ স্ব সুখায় পূর্ব্ব নবগো জ্ঞাৎ সম্মরশ্চোদয়াৎ॥ ৫

বৃহস্পতির অষ্টবর্গে যে ঘরে রবি আছেন সেই ঘরে এবং তাহার দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম; নবম, দশম এবং একাদশ ঘরে এক একটী রেখা পাত করিবে এইরূপে চন্দ্রের ঘর হইতে দ্বিতীয়, পঞ্চম, সপ্তম, নবম এবং একাদশ ঘরে; মঙ্গল যে ঘরে আছেন সেই ঘরে, ও তাহার দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে, বুধ যে ঘরে আছেন সেই ঘরে ও তাহার দ্বিতীয় চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, নবম, দশম এবং একাদশ ঘরে, বৃহস্পতি যে ঘরে আছেন সেই ঘরে ও দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে; শুক্রের ঘর হইতে দ্বিতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, দশম, এবং একাদশ ঘরে, শনির ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, এবং দ্বাদশ ঘরে; যে ঘরে লগ্ন হইবে সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, নবম, দশম এবং একাদশ ঘরে এক একটী রেখাপাত করিবে; বৃহস্পতির অষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিয়া ৫৬ ষট্ পঞ্চাশৎ রেখা হইবে।৫

রেখা— ৫৬।

রবেঃ ১।২।৩।৪।৭।৮।৯।১০।১১	গুরোঃ ১।২।৩।৪।৭।৮।১০।১১
চন্দ্রাৎ ২। ৫। ৭। ৯। ১১	শুক্রাৎ ২। ৫। ৬। ৯। ১০। ১১
কুজাৎ ১।২।৪।৭।৮।১০।১১	শনেঃ ৩। ৫। ৬। ১২
বুধাৎ ১।২।৪।৫।৬।৯।১০।১১	লগ্নাৎ ১।২।৪।৫।৬।৭।৯।১০।১১

অথ শুক্রাষ্টবর্গ।

লগ্নাদাসুত লাভ রন্ধ্র নবগঃ সাস্ত্যঃ শশাঙ্কাৎ স্থিতঃ
স্বাৎ সাজ্ঞেষু সুখত্রিধী নবদর্শ ছিদ্রাপ্তিগঃ সূর্য্যজাৎ।
রন্ধ্রায় ব্যয়গোরবের্নবদশপ্রাপ্ত্যষ্টধীস্থো গুরো
র্জ্ঞাদ্ধীত্র্যায় ন বারিগস্ত্রি নব ষট্ পুত্রায় সাস্ত্যঃ কুজাৎ॥ ৬॥

শুক্রের অষ্ট বর্গে রবির ঘর হইতে অষ্টম, একাদশ ও দ্বাদশ ঘরে একএকটী রেখাপাত করিবে এইরূপ যে ঘরে চন্দ্র আছেন, সেই ঘরে ও দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম অষ্টম, নবম, একাদশ এবং দ্বাদশ ঘরে; মঙ্গলের ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, একাদশ এবং দ্বাদশ ঘরে; বুধের ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, নবম, এবং একাদশ ঘরে; বৃহস্পতির ঘর হইতে পঞ্চম অষ্টম, নবম, দশম এবং একাদশ ঘরে, শুক্র যে ঘরে আছেন সেই ঘরে ও

দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, অষ্টম, নবম, দশম, এবং একাদশ ঘরে ; শনির ঘর হইতে তৃতীয়, চতুর্থ, পঞ্চম, অষ্টম, নবম, দশম, এবং একাদশ ঘরে ; যে ঘর লগ্ন হইবে সেই ঘরে ও দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, অষ্টম নবম এবং একাদশ ঘরে এক একটী রেখাপাত করিবে। শুক্রের অষ্ট বর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিয়া ৫২ দ্বিপঞ্চাশৎ রেখা হইবে ॥ ৬

রেখা—৫২।

রবেঃ ৮।১১।১২	গুরোঃ ৫।৮।৯।১০।১১
চন্দ্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১।১২	শুক্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১০।১১
কুজাৎ ৩।৫।৬।৯।১১।১২	শনেঃ ৩।৪।৫।৮।৯।১০।১১
বুধাৎ ৩।৫।৬।৯।১১	লগ্নাৎ ১।২ ৩।৪।৫।৮।৯।১১

অথ শনেরষ্টবর্গ।

মন্দঃ স্বাত্রি স্থতায় শক্রম্ শুভঃ সাঞ্চান্ত্যগো ভূমিজাৎ
কেন্দ্রায়াষ্ট ধনেষ্বিনা ত্বপচয়েষ্বাদ্যে স্থখেচোদয়াৎ।
ধর্ম্মায়ারি দশান্ত্য মৃত্যুষ্ বুধাচ্চন্দ্রাত্ত্রি ষড়্ লাভগঃ
ষষ্ঠায়ান্ত্যগতঃ সিতাৎ স্থরগুরোঃ প্রাপ্ত্যন্ত্যধী শক্রম্ ॥ ৭ ॥

শনির অষ্টবর্গে রবি যে ঘরে আছেন সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে ; এক একটী রেখা পাত করিবে ঐ রূপে চন্দ্রের ঘর হইতে তৃতীয়, ষষ্ঠ, এবং একাদশ ঘরে ; মঙ্গলের ঘর হইতে তৃতীয় পঞ্চম, ষষ্ঠ, দশম, একাদশ, এবং দ্বাদশ ঘরে ; বুধের ঘর হইতে ষষ্ঠ, অষ্টম, নবম, দশম, একাদশ এবং দ্বাদশ ঘরে ; বৃহস্পতির ঘর হইতে পঞ্চম, ষষ্ঠ, একাদশ এবং দ্বাদশ ঘরে, শুক্রের ঘর হইতে ষষ্ঠ, একাদশ এবং দ্বাদশ ঘরে ; শনির ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, এবং একাদশ ঘরে ; যে ঘর লগ্ন হইবে সেই ঘরে ও তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, দশম এবং একাদশ ঘরে রেখাপাত করিবে। শনির অষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিয়া ৩৯ ঊনচত্ত্বারিংশৎ রেখা হইবে ॥৭

রেখা—৩৯।

রবেঃ ১।২।৩।৭।৮।১০।১১	গুরোঃ ৫।৬।১১।১২
চন্দ্রাৎ ৩।৬।১১	শুক্রাৎ ৬।১১।১২
কুজাৎ ৩।৫।৬।১০।১১।১২	শনেঃ ৩।৫।৬।১১
বুধাৎ ৬।৮।৯।১০।১১।১২	লগ্নাৎ ১।৩।৪।৬।১০।১১

গ্রন্থান্তরে লগ্ন ও রাহুর অষ্ট বর্গ যাহা লিখিত আছে তাহা প্রকাশ করা গেল।

অথ লগ্নাষ্টবর্গ।

লগ্নাষ্টবর্গে রবি যে ঘরে আছেন সেই ঘরে ও দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, দশম, এবং একাদশ ঘরে এক একটী রেখাপাত করিবে। এইরূপে চন্দ্রের ঘর হইতে তৃতীয়, ষষ্ঠ এবং একাদশ ঘরে ; মঙ্গলের ঘর হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, ও একাদশ ঘরে ; বুধের ঘর হইতে ষষ্ঠ, অষ্টম, নবম, দশম, এবং একাদশ, ঘরে ; বৃহস্পতির ঘর হইতে পঞ্চম, ষষ্ঠ, একাদশ এবং দ্বাদশ ঘরে ; শুক্রের ঘর হইতে ষষ্ঠ, একাদশ এবং দ্বাদশ ঘরে ; শনির ঘর হইতে তৃতীয় পঞ্চম, অষ্টম, দশম এবং একাদশ ঘরে ; যে ঘর লগ্ন হইবে, সেই ঘরে ও তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, দশম এবং একাদশ ঘরে এক একটী রেখা পাত করিবে, লগ্নাষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিয়া ৩৭ সপ্তত্রিংশৎ রেখা হইবে।

রেখা—৩৭।

রবেঃ ১।২। ।৭।৮।১০।১১	গুরোঃ ৫।৬।১১।১২
চন্দ্রাৎ ৩।৬।১১	শুক্রাৎ ৬।১১।১২
কুজাৎ ৩।৫।৬।১১	শনেঃ ৩।৫।৮।১০।১১
বুধাৎ ৬।৮।৯।১০।১১	লগ্নাৎ ১।৩।৪।৬।১০।১১

অথ রাহোরষ্টবর্গ।

রাহুর অষ্টবর্গে রবির ঘর হইতে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, এবং অষ্টম ঘরে এক একটী রেখাপাত করিবে। এই রূপে চন্দ্রের ঘর হইতে তৃতীয়, চতুর্থ এবং ষষ্ঠ ঘরে ; মঙ্গলের ঘর হইতে তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, এবং অষ্টম ঘরে ; বুধ যে ঘরে আছেন সেই ঘরে এবং দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম, এবং অষ্টম ঘরে; বৃহস্পতির ঘর হইতে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, এবং অষ্টম ঘরে ; শুক্রের ঘর হইতে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, এবং অষ্টম ঘরে ; শনির ঘর হইতে দ্বিতীয়, পঞ্চম, এবং ষষ্ঠ,

ঘরে যে যে ঘরে রাহু আছেন সেই ঘরে এবং চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, ও অষ্টম ঘরে ; লগ্ন হইতে পঞ্চম, অষ্টম, দশম, একাদশ এবং দ্বাদশ ঘরে রেখাপাত করিবে রাহুর অষ্টবর্গে দ্বাদশ ঘরের রেখা যোগ করিয়া ৪১ এক চত্বারিংশৎ রেখা হইবে।

রেখা—৪১।

রবেঃ ২।৩।৪।৬।৮	গুরোঃ ২।৩।৪।৬।৮
চন্দ্রাৎ ৩।৪।৬	শুক্রাৎ ২।৩।৪।৬।৮
কুজাৎ ৩।৪।৫।৬।৮	শনেঃ ২।৫।৬
বুধাৎ ১।২।৩।৫।৮	রাহোঃ ১।৪।৫।৬।৮
	লগ্নাৎ ৫।৮।১০।১১।১২

ইতি নিগদিতমিষ্টং নেষ্টমন্যদ্বিশেষা
দধিক ফল বিপাকং জন্মভান্তত্রদদ্যাঃ।
উপচয় গৃহমিত্র স্বোচ্চগৈঃ পুষ্ট মিষ্টং
ত্বপচয় গৃহ নীচা রাতিগৈর্নেষ্ট সম্পৎ॥ ৮॥

এইরূপে রেখা পাত করিয়া গ্রহের শুদ্ধাশুদ্ধ বিবেচনা করিবে। যে গ্রহের অষ্টবর্গ করিতে হইবে সেই গ্রহ যদি, যে ঘরে চারি কিম্বা ততোঽধিক রেখা থাকে সেই রাশিগত হয়, তবে শুদ্ধ এবং শুভফল প্রদ, আর যে ঘরে চারি রেখার কম হইবে সেই রাশি গত হইলে অশুদ্ধ ও অশুভ ফল-প্রদ জানিবে।

গ্রহগণ অষ্ট বর্গে শুদ্ধ হইয়া যদি উপচয় অর্থাৎ জন্ম রাশি বা লগ্ন হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম বা একাদশ রাশি গত৹ কিম্বা মিত্র গৃহ স্থিত হয় অথবা স্বীয় উচ্চ স্থানে থাকে তবে সেই গ্রহ বিশেষ শুভ ফল প্রদান করে, আর অষ্টবর্গে শুদ্ধ না হইয়া যদি অপচয় অর্থাৎ তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ ভিন্ন গৃহ গত অথবা শত্রু গৃহস্থিত কিম্বা নীচ গৃহে থাকে তবে সেই গ্রহ বিশেষ অশুভ ফল প্রদান করিবে।

জন্মকালে ও গোচরে অনিষ্ট কারী গ্রহও যদি অষ্ট-বর্গে শুদ্ধ হয় তবে সেই গ্রহ বিশেষ অনিষ্ট করেন না। আর জন্মকালে ও গোচরে মঙ্গল কারী গ্রহও যদি অষ্ট বর্গে শুদ্ধ না হয় তবে বিশেষ শুভ ফল প্রদান করিতে পারে না। ৮

ইতি বৃহজ্জাতকে অষ্টবর্গ।

অথাষ্টবর্গ ফলম্।

গ্রন্থান্তরে।

যাবতী যাবতী রেখা গ্রহাণামষ্ট বর্গকে।
তাবতীং দ্বিগুণীকৃত্য চাষ্টাভিঃ পরিশোধয়েৎ॥ ১॥

লিখিত প্রণালী মতে রেখা পাত করিয়া এক এক ঘরে যত রেখা হইবে তাহা দ্বিগুণ করিয়া তাহা হইতে আট বিয়োগ করিবে॥ ১

অষ্টোপরিভবেদ্রেখা অষ্টাভ্যান্তর বিন্দবঃ।
অষ্টাভিশ্চ সমো যত্র স সমঃ পরিকীর্ত্তিতঃ॥ ২॥

ঐরূপ বিয়োগ করিয়া যত অবশিষ্ট থাকিবে তত অঙ্ক সেই সেই ঘরে বসাইতে হইবে, আর যে ঘরে রেখার দ্বিগুণে আটের কম হইবে সেই সেই ঘরে যত কম হইবে তত বিন্দু লিখিবে এবং যে ঘরে রেখার দ্বিগুণে আট হইবে সেই ঘরে সম লিখিবে॥ ২

অষ্টাভিশ্চাষ্টরেখা চ ষড্রেখা সপ্তরেখকে।
ষড্রেখেতু চতুরেখা দ্বিরেখা পঞ্চরেখকে।
সমো রেখা চতুষ্কে তু রেখাভিস্তু ফলং শুভং॥ ৩॥
শ্রীরানন্দ স্তথা শ্রেয়ো যোগো রাজ্য প্রদস্তথা।
দ্ব্যাদি দ্বিগুণ রেখাণাং ফলমে তদনুক্রমাৎ॥ ৪॥

যে ঘরে অষ্ট রেখা পড়িবে সেই ঘরে আট রেখাই থাকিবে। যে ঘরে সাত রেখা পড়িবে সেই ঘরে ছয় রেখা হইবে, যে ঘরে ছয় রেখা পড়িবে সেই ঘরে চারি রেখা হইবে, যে ঘরে পাঁচ রেখা পড়িবে সেই ঘরে দুই রেখা হইবে॥ ৩

যে ঘরে চারি রেখা পড়িবে সেই ঘরে সম হইবে। রেখা দ্বারা শুভ ফল অর্থাৎ যে গ্রহের অষ্ট বর্গ গণনা করা যাইবে সেই গ্রহ, যে ঘরে রেখা পড়িবে সেই রাশিতে শুভ ও যে ঘরে বিন্দু পতিত হইবে সেই রাশিতে অশুভ ফল প্রদান করিবে।

দুই রেখা হইলে শ্রীযোগ, চারি রেখা হইলে আনন্দ যোগ, ছয় রেখা হইলে শ্রেয়ো যোগ, অষ্ট রেখা হইলে রাজ্য প্রদ যোগ হইবে॥ ৪

শূন্যে চ বিন্দবশ্চাষ্টৌ রেখৈকেরস বিন্দবঃ।
চত্বারো বিন্দবো যুগ্মে দ্বিবিন্দূরাম রেখয়া ॥ ৫ ॥

যে ঘরে একটী ও রেখা পড়িবে না সেই ঘরে আট বিন্দু, যে ঘরে এক রেখা পড়িবে সেই ঘরে ছয় বিন্দু, যে ঘরে দুই রেখা পড়িবে সেই ঘরে চারি বিন্দু, আর যে ঘরে তিন রেখা পড়িবে সেই ঘরে দুই বিন্দু লিখিতে হইবে ॥ ৫

মলিনোঽথ বিপদ্ধানি র্যোগো মৃত্যু প্রদস্তথা।
দ্ব্যাদিদ্বিগুণবিন্দূনাং ফলমেতদনু ক্রমাৎ ॥ ৬ ॥

দুই বিন্দু হইলে মলিন যোগ, চারি বিন্দু হইলে বিপদ যোগ, ছয় বিন্দু হইলে হানি যোগ, আট বিন্দু হইলে মৃত্যুপ্রদযোগ জানিবে ॥ ৬

অথ মহাষ্ট বর্গঃ।

সর্ব্ব গ্রহাণাং শুভমষ্টবর্গং
কৃত্বা পৃথক্ সপ্তসু চক্রকেষু।
মেষাখ্য রাশেঃ সকলাঙ্কমালাং
লিখেৎ সমাহৃত্য সমস্তচক্রাৎ ॥ ১ ॥

পূর্ব্বোক্ত প্রণালীমতে রব্যাদি সাত গ্রহের অষ্ট বর্গ অঙ্কিত করিয়া আর একটী রাশি চক্র অঙ্কিত করিবে অনন্তর রব্যাদি সাত গ্রহের অষ্টবর্গে প্রত্যেকের মেষের ঘরে যত অঙ্ক দেখিবে সেই সকল অঙ্ক একত্র যোগ করিয়া এই রাশি চক্রে মেষের ঘরে রাখিবে ॥ ১

মহাষ্টবর্গাহ্বয় চক্র মেত দ্রাশৌ বৃষাদাবপি চৈব মেব।
বিলিখ্য যাত্রাদি বিবাহ রাজ্যা ভিষেক চূড়াদি মহেষু কুর্য্যাৎ॥ ২

রব্যাদি সাত গ্রহের অষ্টবর্গে ঐ রূপে প্রত্যেকের বৃষের ঘরে যত অঙ্ক দেখিবে ঐ সকল অঙ্ক একত্র যোগ করিয়া এই রাশি চক্রে বৃষের ঘরে রাখিতে হইবে এইরূপে মিথুনাদি সকল ঘরের অঙ্ক পৃথক্ পৃথক্ যোগ করিয়া এই রাশি চক্রের মিথুনাদি ঘরে সংস্থাপন করিতে হইবে। যাত্রা, বিবাহ, রাজ্যাভিষেক ও চূড়া প্রভৃতি উৎসব কার্য্যে অষ্টবর্গে গ্রহ শুদ্ধি বিবেচনা করা আবশ্যক ॥ ২

ত্রিংশাধিক ফলা যে চ রাশয়স্তে শুভামতাঃ।
পঞ্চবিংশাদি ত্রিংশান্তফলা মধ্যাঃ প্রকীর্ত্তিতাঃ।
ততঃ ক্ষীণবলানিন্দ্যা অনুপাতস্ততঃ পরঃ ॥ ৩ ॥

এইরূপে অঙ্কপাত করিয়া শুভাশুভ ফল গণনা করিবে এই মহাষ্ট বর্গ চক্রে যে ঘরে ২৪ পর্য্যন্ত অঙ্ক পতিত হইবে সেই রাশি সেই মনুষ্যের পক্ষে হীন বল ২৫ হইতে ৩০ পর্য্যন্ত অঙ্ক যে ঘরে পড়িবে সেই রাশি মধ্য বল আর ৩১ হইতে ৫৬ পর্য্যন্ত অঙ্ক যে ঘরে পতিত হইবে সেই রাশি পূর্ণ বল জানিবে ॥ ৩

শুভরাশৌ বিলগ্নে চ তন্মুহূর্ত্তে পিবা বুধঃ।
কুর্য্যাদেতৎ কর্ম্ম সর্ব্বং তদাপ্নুঃ সর্ব্বসম্পদঃ ॥ ৪ ॥

মহাষ্টবর্গ গণনায় যে রাশিটী শুদ্ধ হইবে সেই রাশিতে বা সেই লগ্নে সকল শুভ কর্ম্ম করিবে, অষ্টবর্গশুদ্ধ রাশিতে শুভ কার্য্য করিলে সকল সম্পদ লাভ হয় ॥ ৪

কর্ম্ম রাশিঃ শুভশ্চেৎ স্যাত্তদাতীব মহৎ ফলম্।
মধ্যমশ্চ তদাপীষ্টং কালে নিন্দ্যোপি তচ্ছুভম্ ॥ ৫ ॥

মহাষ্টবর্গে যে রাশি শুদ্ধ অর্থাৎ পূর্ণ বল হয় সেই রাশিতে কর্ম্ম করিলে অতিশয় শুভফল হইবে, মধ্যবল রাশিতে কর্ম্ম করিলেও শুভফল, আর কর্ম্ম কালীন রাশি যদি হীনবল হয় তথাপি ও কিঞ্চিৎ শুভফল জানিবে ॥ ৫

মূর্ত্ত্যাদি ব্যয় পর্য্যন্তং দৃষ্ট্বাভাব ফলানিবৈ।
অধিকে শোভং বিদ্যাদ্ধীনে দোষং বিনির্দ্দিশেৎ ॥ ৬ ॥

মহাষ্ট বর্গে লগ্ন হইতে দ্বাদশ স্থান বিবেচনা করিয়া শুভাশুভ ফল নিরূপণ করিবে। যে স্থানে অধিক অঙ্ক থাকিবে সেই স্থানে শুভ ফল, আর যে স্থানে অল্প অঙ্ক থাকিবে সেই স্থানে অশুভ ফল জানিবে ॥ ৬

মীনাদি মিথুনং বাপ্য প্রথমং খণ্ডমিষ্যতে।
কর্ক্যাদি তৌলিনং ব্যাপ্য দ্বিতীয়ং খণ্ডমিষ্যতে ॥ ৭ ॥

মহাষ্ট বর্গ চক্রে মীন মেষ, বৃষ, ও মিথুন এই চারি ঘরের অঙ্ক একত্র যোগ করিলে যত হইবে তাহা প্রথম খণ্ড। কর্কট, সিংহ, কন্যা ও তুলা এই চারি ঘরের অঙ্ক একত্র যোগ করিলে যত অঙ্ক হইবে, তাহা দ্বিতীয় খণ্ড। বৃশ্চিক, ধনু, মকর ও কুম্ভ এই চারি ঘরের অঙ্ক যোগ করিলে যত অঙ্ক হইবে তাহা তৃতীয় খণ্ড জানিবে ॥ ৭

যস্মিন্ খণ্ডেঽধিকা রেখা শুভং তৎপরিকীর্ত্তিতম্।
যত্র হীনা ন তত্তদ্রং দেবশানঃ প্রভাষতে ॥ ৮ ॥

যে ব্যক্তির যে খণ্ডে অধিক অঙ্ক হইবে, সেই ব্যক্তি বয়সের সেই খণ্ডে সুখ ভোগ করিবে আর যে খণ্ডের অঙ্ক সর্ব্বাপেক্ষা কম হইবে বয়সের সেই খণ্ডে দুঃখ ভোগ করিবে ॥ ৮

কৌমারং প্রথমং খণ্ডং যৌবনঞ্চ দ্বিতীয়কম্।
তৃতীয়ং বার্দ্ধকঞ্চৈব স্বেস্বে দত্যার্দ্ধয়স্তপি ॥ ৯ ॥

প্রথম খণ্ডকে বাল্যখণ্ড, দ্বিতীয় খণ্ডকে যৌবন খণ্ড, ও তৃতীয় খণ্ডকে বৃদ্ধখণ্ড বলে, ইহার মধ্যে যে খণ্ডের অঙ্ক অধিক হইবে সেই বয়সে সুখ ভোগ করিবে। ৯

লগ্ন প্রভৃতি মন্দান্ত মেকী কৃত্য ফলানিবৈ
সপ্তভির্গুণয়েৎ পশ্চাৎ সপ্তবিংশদ্ধতাৎ ফলম্।
তৎসমাব্দে যদা পাপদশা ভবতি দেহিনাম্
ততো দুঃখং বিজানীয়াদ্রোগং বা মৃত্যু মেব চ ॥ ১০ ॥

মহাষ্ট বর্গ চক্রে যে ঘর লগ্ন, সেই ঘর হইতে যে ঘরে শনি আছেন সেই ঘর পর্য্যন্ত কয়েক ঘরে যত অঙ্ক থাকিবে সেই সকল অঙ্ক যোগ করিয়া সপ্ত দ্বারা গুণ করিবে, পরে ২৭ শ দ্বারা ভাগ করিয়া যত ভাগ ফল হইবে, তত বৎসরে যদি পাপ গ্রহের দশা হয়, তবে নানাবিধ দুঃখ, রোগ অথবা মৃত্যু হইয়া থাকে। ১০

চন্দ্র প্রভৃতি মন্দান্ত মপ্যেবং পরিকল্পয়েৎ।
ভৌমাল্লগ্নান্ততস্তদ্বল্লগ্নাদ্ভৌমান্তমেব বা ॥ ১১ ॥

মহাষ্ট বর্গ চক্রে যে ঘরে চন্দ্র থাকিবেন সেই ঘর হইতে যে ঘরে শনি আছেন, সেই ঘর পর্য্যন্ত কয়েক ঘরে যত অঙ্ক পড়িবে সেই সকল অঙ্ক একত্র যোগ করিয়া ৭ দ্বারা গুণ করিবে, পরে ঐ গুণিত অঙ্ককে ২৭ সাতাইশ দ্বারা ভাগ করিয়া যত ভাগ ফল হইবে, তত বৎসরে যদি পাপ গ্রহের দশা হয়, তবে নানাবিধ দুঃখ, ও রোগ তথবা মৃত্যু হইতে পারে।

এই রূপে মঙ্গল হইতে লগ্ন পর্য্যন্ত এবং লগ্ন হইতে মঙ্গল পর্য্যন্ত ঘরের অঙ্ক যোগ করিয়া ৭ দ্বারা গুণ করিতে হইবে, পরে ২৭ সাতাইশ দ্বারা ভাগ করিয়া উক্ত রূপ ফল নিশ্চয় করিবে। ১১

অথ গুরোরষ্টবর্গে অপত্য বিচারঃ।

গুরো রেবাষ্ট বর্গেতু সন্তানং কল্পয়েদ্বুধঃ।
গুরুস্থিতাৎ সুতস্থানে যাবন্তি স্যুঃ ফলানিবৈ।
শত্রুনীচ গৃহং ত্যক্ত্বা তাবদ্বুয়াদপত্যকম্ ॥ ১ ॥

বৃহস্পতির অষ্টবর্গে সন্তানের শুভাশুভ নিশ্চয় করিতে হয়। অষ্টবর্গ চক্রে যে গৃহে বৃহস্পতি আছেন সেই গৃহ হইতে পঞ্চম স্থানে যত রেখা পড়িবে তত সংখ্যক সন্তান হইবে। কিন্তু ইহাতে বিশেষ এই যে ঐ পঞ্চম স্থানে যে যে গ্রহের রেখা পড়িবে তাহাদের মধ্যে যে যে গ্রহের শত্রু স্থান বা নীচ স্থান ঐ পঞ্চম গৃহ হইবে সেই সেই গ্রহের রেখা বাদ দিতে হইবে। ১

গুরোস্তুঙ্গং সুতস্থানং যদি স্যাত্ত্রিগুণং ভবেৎ।
ঋক্ষং মূলত্রিকোণং বা যদিস্যাদ্দ্বিগুণং তদা।
তত্রৈব যদি সর্ব্বেষাং শুভানাং দৃষ্টি জুষ্টতা।
তদোক্তা দপি বৃদ্ধিঃ স্যাদ্দেবশানঃ প্রভাষতে ॥ ২ ॥

বৃহস্পতির অষ্ট বর্গ চক্রে যে গৃহে বৃহস্পতি আছেন, সেই গৃহ হইতে পঞ্চম গৃহ যদি বৃহস্পতির তুঙ্গ স্থান হয়, তবে ঐ ঘরে যত রেখা পড়িবে, তাহার ত্রিগুণ সংখ্যক সন্তান হইবে, আর ঐ পঞ্চম স্থান যদি বৃহস্পতির মূল ত্রিকোণ হয়, তবে সেই গৃহস্থিত রেখার দ্বিগুণ সংখ্যক সন্তান হইবে।

বৃহস্পতি হইতে পঞ্চম স্থান যদি বৃহস্পতির তুঙ্গ বা মূল ত্রিকোণ হয়, ও তাহাতে সকল শুভ গ্রহের দৃষ্টি থাকে তাহা হইলে উক্ত দ্বিগুণ ত্রিগুণ হইতে ও অধিক সন্তান জন্মিবে। ২

যাবন্তো বা নবাংশাশ্চ ভুক্তা তৎ সুতভেশিনা।
তাবন্ত্যপত্যানি বদেদ্বিশেষ স্তত্র কথ্যতে ॥ ৩ ॥

যে গৃহে বৃহস্পতি আছেন সেই গৃহ হইতে পঞ্চম স্থানের অধিপতি গ্রহ জন্ম কালে যে কোন রাশিতে অবস্থিতি করিয়া যত সংখ্যক নবাংশ ভোগ করিয়াছেন, তত সংখ্যক সন্তান হইবে। ৩

ওজস্কাংশাশ্চ যাবন্ত স্তাবন্তঃ পুরুষামতাঃ।
যাবন্তো যুগ্ম ভাগাস্ত তাবত্য স্তত্র কন্যকাঃ।
গ্রহ দৃষ্ট্যাদিভি স্তত্র বিশেষং পরি কল্পয়েৎ ॥ ৪ ॥

পূর্ব্বোক্ত ভুক্ত নবাংশের মধ্যে যত গুলি বিষম রাশির নবাংশ থাকিবে তত গুলি পুত্র ও যত গুলি সম রাশির নবাংশ থাকিবে তত গুলি কন্যা জন্মিবে। ৪

অথ শনৈশ্চরাষ্টবর্গে মৃত্যু বিচারঃ ।

শনৈশ্চরাষ্ট বর্গস্য নিঃক্ষিপ্যা কাশ চারিষু।
মরণাদি বিজানীয়াদ্দশাচ্ছিদ্রাছ্যপস্থিতৌ ॥ ১ ॥

শনির অষ্টবর্গে মৃত্যু, রোগ ও দুঃখাদি নিশ্চয় করিতে হয়। গ্রহগণের অবস্থিতি দ্বারা পাপ গ্রহ দশা কালে মরণাদি জানিবে। ১

লগ্নাৎ প্রভৃতি মন্দান্তং ফলান্যেকত্র কল্পয়েৎ।
মন্দাৎ প্রভৃতি লগ্নান্তং পুনরপ্যত্র কল্পয়েৎ ॥ ২ ॥
লগ্নাদি ফল তুল্যাব্দে ব্যাধিং বিন্দেত চ ধ্রুবম্।
মন্দাদি ফলতুল্যাব্দে দুঃখং বিন্দেন্মহানপি ॥ ৩ ॥

শনির অষ্ট বর্গ চক্রে লগ্ন হইতে যে ঘরে শনি আছেন, সেই ঘর পর্য্যন্ত কয়েকটী গৃহে যত রেখা পড়িবে তাহা একত্র যোগ করিবে, এবং যে ঘরে শনি আছেন, সেই ঘর হইতে লগ্ন পর্য্যন্ত কয়েকটী গৃহে যত রেখা থাকিবে তাহা একত্র যোগ করিয়া ফল বিবেচনা করিতে হইবে। ২

লগ্ন হইতে শনি পর্য্যন্ত যত রেখা হইবে, তত বৎসরে রোগ হইবে, এবং শনি হইতে লগ্ন পর্য্যন্ত কয়েক ঘরে যত রেখা হইবে তত বৎসরে মহা দুঃখ জানিবে। ৩

তথাশনেরষ্টবর্গে যত্র নাস্তি ফলং গৃহে।
যত্র বাল্পফলং তত্র যদা যাতি শনৈশ্চরঃ।
তদ্‌গৃহে রবি চন্দ্রৌচেদ্দশাচ্ছিদ্রে মৃতির্ভবেৎ ॥ ৪ ॥

শনির অষ্ট বর্গ চক্রে যে ঘরে একটী ও রেখা না থাকে, কিম্বা যে ঘরে সর্ব্বাপেক্ষা অল্প রেখা পড়িবে, যৎকালে সেই গৃহে শনি রবি ও চন্দ্র থাকিবেন, সেই সময় যদি মারক গ্রহের দশা হয়, তবে মৃত্যু নিশ্চয় করিবে। ৪

অথাষ্টবর্গায়ুঃ।

রেখায়াং বৎসরো জ্ঞেয়ঃ সার্দ্ধ সপ্তদিনং সমে।
অষ্টবর্গে গ্রহায়ুঃ স্যাদ্দিনং চতুর্থ বিন্দুষু ॥ ৭ ॥

অষ্ট বর্গে মনুষ্যের আয়ু গণনা করিতে হয়; কি রূপে ঐ আয়ু নিশ্চয় করা যায় তাহা লিখিত হইতেছে।

পূর্ব্বোক্ত প্রণালী মতে অষ্ট বর্গ অঙ্কিত করিয়া তাহাতে প্রত্যেক ঘরের রেখাকে দ্বিগুণ করিয়া আট বাদ দিয়া যে রূপে অঙ্ক পাত প্রণালী লিখিত আছে, সেই রূপে অঙ্ক পাত করিবে।

অষ্ট বর্গ চক্রে প্রত্যেক ঘরে যত অঙ্ক হইবে, তত বৎসর, যত সম হইবে, তত ৭৷৷০ সাড়ে সাত দিন এবং চারি চারি বিন্দুতে এক এক দিন ধরিবে।

রবি গ্রহের অষ্ট বর্গচক্রে মেষাদি দ্বাদশ ঘরে যত অঙ্ক হইবে, তত বৎসর, যত সম হইবে তত ৭৷৷০ সাড়ে সাত দিন এবং যত চারি বিন্দু তত দিন ধরিতে হইবে। এই রূপে রবির অষ্ট বর্গে দ্বাদশ ঘরের রেখা, সম ও বিন্দু-দ্বারা যত বৎসর, মাস ও দিন পাওয়া যাইবে তাহা এক স্থানে রাখিবে। ইহাকেই রবি দত্ত আয়ু বলে।

পরে চন্দ্রের অষ্ট বর্গে ঐ রূপ গণনায় দ্বাদশ ঘরের অঙ্ক, সম ও বিন্দু দ্বারা যত বৎসর মাস ও দিন পাওয়া যাইবে, তাহা পূর্ব্বস্থাপিত অঙ্কের নীচে রাখিবে, ইহাকেই চন্দ্রপ্রদত্ত আয়ু বলে।

এই রূপে মঙ্গল, বুধ, বৃহস্পতি শুক্র শনি ও লগ্নের অষ্ট বর্গে প্রত্যেকের দ্বাদশ ঘরে যত অঙ্ক, সম ও বিন্দু হইবে, তত বৎসর মাস ও দিন পূর্ব্বস্থাপিত অঙ্কদ্বয়ের নিম্নে নিম্নে রাখিয়া একত্র যোগ করিবে। অর্থাৎ রব্যাদি লগ্ন পর্য্যন্ত এই আটটীর অষ্ট বর্গে যে আট প্রকার প্রদত্ত আয়ুর বর্ষ মাস ও দিন নির্ণীত হইবে ঐ সকল অঙ্ক একত্র যোগ করিলে যত যোগ ফল অর্থাৎ বৎসর মাস ও দিন হইবে তত বৎসর, মাস, ও দিন জাতকের পরমায়ু জানিবে।

অথ আয়ুর্দ্দায়ঃ।

ইতি পূর্ব্বে জাতচক্র, অষ্টবর্গ ও মহাষ্টবর্গ প্রভৃতি লিখিত হইয়াছে। এইক্ষণে আয়ুর্দ্দায় গণনা প্রণালী লিখিত হইতেছে, ইহার দ্বারা পাঠক বর্গ বিশেষ উপদেশ পাইতে পারিবেন।

বৃহজ্জাতক ও বিদগ্ধতোষণী প্রভৃতি প্রাচীন গ্রন্থ হইতে উদ্ধৃত করিয়া এই গ্রন্থে সন্নিবেশিত করা গেল। পাঠকবর্গ মনঃসংযোগ পূর্ব্বক পাঠ করিলে সমধিক আনন্দ লাভ করিতে পারিবেন ও প্রত্যক্ষ ফল প্রাপ্ত হইবেন, কিন্তু এই গণনা অতি কঠিন ইহাতে উপেক্ষা করিলে কোন ফল দর্শিবে না।

মনুষ্যের ঐহিক ও পারত্রিক সমস্ত কার্য্য স্বীয় পরমায়ুর উপর নির্ভর করে, তাহা জানিতে পারিলে সকলেই স্বীয় উন্নতি সোপানে পদার্পণ করিতে পারিবেন।

আমি অনেক পরিশ্রম ও অর্থব্যয় স্বীকার করিয়া এই গ্রন্থে পরমায়ু গণনা প্রণালী প্রকাশ করিলাম, সকলে যত্নপূর্ব্বক দেখেন ইহাই প্রার্থনা।

মনুষ্যের পরমায়ুঃ চারি প্রকার অংশায়ুঃ, পিণ্ডায়ুঃ নিসর্গায়ুঃ ও জীবায়ুঃ। উক্ত চারি প্রকার আয়ুর মধ্যে এই গ্রন্থে প্রথমতঃ অংশায়ুঃ পরে পিণ্ডায়ুঃ তৎপরে নিসর্গায়ু ও তদনন্তর জীবায়ুর গণনা প্রণালী লিখিত হইল।

যে ব্যক্তির লগ্ন বলবান্ তাহার পক্ষে অংশায়ু গণনা করিবে, এই প্রকার যাহার সূর্য্য বলবান্ তাহার পক্ষে পিণ্ডায়ু, যাহার চন্দ্র বলবান্ তাহার পক্ষে নিসর্গায়ু গণনা করিতে হইবে, আর যাহার লগ্ন, চন্দ্র, রবি এই তিন দুর্ব্বল তাহার পক্ষে জীবায়ু গণনা করিবে। ইহার বিশেষ বিবরণ পরে বিবৃত হইবে।

অজ্ঞানাদায়ুষঃ সর্ব্বং বিফলং কীর্ত্তিতং যতঃ।
তস্মাদানয়নং তস্য স্ফুটার্থ মভিধাস্যতে॥ ১॥

স্বীয় পরমায়ুর অজ্ঞানে মানবদেহের সকলই বিফল অতএব পরমায়ুজ্ঞান আবশ্যক। কিরূপে পরমায়ু গণনা করিতে হয় তাহা এই গ্রন্থে বিশদ রূপে বর্ণিত হইবে। ১

পরমায়ু গণনায় গ্রহদিগের উচ্চ ও নীচ রাশি ও উচ্চাংশ ও নীচাংশ জানা আবশ্যক বিধায়; তাহা সহজে জানিবার একটী উপায় নিম্নে প্রকাশ করা গেল।

গ্রহদিগের উচ্চ রাশি ও উচ্চাংশ।

গ্রহ	রাশি	অংশ
রবি	০।	১০ অর্থাৎ মেষের দশ অংশ উচ্চ।
চন্দ্র	১।	৩ অর্থাৎ বৃষের তিন অংশ উচ্চ।
মঙ্গল	৯।	২৮ অর্থাৎ মকরের আটাইশ অংশ উচ্চ।
বুধ	৫।	১৫ অর্থাৎ কন্যার পনের অংশ উচ্চ।
গুরু	৩।	৫ অর্থাৎ কর্কটের পাঁচ অংশ উচ্চ।
শুক্র	১১।	২৭ অর্থাৎ মীনের সাতাইশ অংশ উচ্চ।
শনি	৬।	২০ অর্থাৎ তুলার কুড়ি অংশ উচ্চ।

গ্রহদিগের নীচ রাশি ও নীচাংশ।

গ্রহ	রাশি	অংশ
রবি	৬।	১০ অর্থাৎ তুলার দশ অংশ নীচ।
চন্দ্র	৭।	৩ অর্থাৎ বৃশ্চিকের তিন অংশ নীচ।
মঙ্গল	৩।	২৮ অর্থাৎ কর্কটের আটাইশ অংশ নীচ।
বুধ	১১।	১৫ অর্থাৎ মীনের পনর অংশ নীচ।
গুরু	৯।	৫ অর্থাৎ মকরের পাঁচ অংশ নীচ
শুক্র	৫।	২৭ অর্থাৎ কন্যার সাতাইশ অংশ নীচ।
শনি	০।	২০ অর্থাৎ মেষের কুড়ি অংশ নীচ।

স্বনীচান্তর খেটস্য ভাগস্তদ্গুণো ভবেৎ।
চেষ্টাকেন্দ্রঞ্চেৎ ষড়ভাদধিকং চক্রশোধিতং॥
নান্যথা তস্য ভাগাদিঃ স চেষ্টা গুণ উচ্যতে।
গুণশ্চেৎ ষষ্টিতোন্যূনস্তদা দ্ব্যাপ্তঃ সথানলঃ॥ ২॥

গ্রহগণ যে রাশির যত অংশে থাকিবে সেই রাশি ও

অংশাদির অঙ্ক যত হইবে এবং ঐ গ্রহের নীচ রাশি ও নীচ অংশের অঙ্ক যত, এই উভয়ের মধ্যে যে অঙ্ক অধিক হইবে তাহা হইতে লঘু অঙ্ক বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে* তাহার রাশির অঙ্ককে ৩০ত্রিশ দিয়া গুণ করিয়া ঐ অংশাঙ্কের সহিত যোগ করিলে যত অংশ সংখ্যা হইবে তাহার নাম তুঙ্গগুণক।

তৃতীয় খণ্ডের প্রথম সংখ্যার দশের পৃষ্ঠার প্রথম স্তম্ভে রবি ও চন্দ্রের এবং নয়ের পৃষ্ঠার প্রথম স্তম্ভে কুজাদি পঞ্চগ্রহের চেষ্টাকেন্দ্র কথিত হইয়াছে, ঐ চেষ্টাকেন্দ্রের রাশ্যঙ্ককে ৩০ ত্রিশ দ্বারা গুণ করিয়া অংশাঙ্কের সহিত যোগ করিলে যাহা হইবে তাহার নাম চেষ্টাগুণক।

চেষ্টাগুণক ও তুঙ্গগুণক অঙ্ক যদি ৬০ হইতে কম হয় তবে দুই দিয়া ভাগ করিয়া ভাগফলে ৩০ যোগ করিতে হইবে।২

এবং তুঙ্গগুণশ্চেষ্টাগুণোয়ঃ স্যাত্তয়োর্ব্বধাৎ।
মূলং কলাদিকং তৎস্যাদ্ গুণকঃস্ফুট উচ্যতে।। ৩ ।।

তুঙ্গগুণকের অংশ কলাদি অঙ্ক ও চেষ্টাগুণকের অংশ কলাদি অঙ্ক এই উভয়কে পরস্পর গুণ করিয়া গুণফলের বর্গমূল যাহা হইবে তাহার নাম কলাদি স্ফুটগুণক।

বর্গমূল গ্রহণের প্রণালী যাহা লীলাবতী গ্রন্থে লিখিত আছে তাহা এই স্থলে উদ্ধৃত করা গেল।

"ত্যক্ত্বান্ত্যাদ্বিষমাৎ কৃতিং দ্বিগুণয়েম্মূলং সমেতদ্ধৃতে, ত্যক্ত্বা লব্ধ কৃতিং তদাদিবিষমাল্লব্ধং দ্বি নিঘ্নং ন্যসেৎ। পঙ্‌ক্ত্যাং পঙ্‌ক্তি হৃতে সমেৎন্য বিষমে ত্যক্ত্বাপ্ত-বর্গং ফলং, পঙ্‌ক্ত্যাং তদ্দ্বিগুণং ন্যসে দিতিমুহুঃ পঙ্‌ক্তের্দলং স্যাৎ পদং ॥"

পাঠকবর্গের পরিশ্রম লাঘবার্থে নিম্নে ১ হইতে ১৮০ এক শত আশী পর্য্যন্ত (যাহা আয়ুর্দ্দায় গণনায় আবশ্যক) বর্গ করিয়া লিখিত হইল, ইহা দেখিলেই সহজে প্রয়োজনীয় বর্গমূল জানিতে পারিবেন। ৩

বর্গমূলচক্র।

মূল	বর্গ	হারক	মূল	বর্গ	হারক	মূল	বর্গ	হারক	মূল	বর্গ	হারক	মূল	বর্গ	হারক
১	১	৪	২১	৪৪১	৪৪	৪১	১৬৮১	৮৪	৬১	৩৭২১	১২৪	৮১	৬৫৬১	১৬৪
২	৪	৬	২২	৪৮৪	৪৬	৪২	১৭৬৪	৮৬	৬২	৩৮৪৪	১২৬	৮২	৬৭২৪	১৬৬
৩	৯	৮	২৩	৫২৯	৪৮	৪৩	১৮৪৯	৮৮	৬৩	৩৯৬৯	১২৮	৮৩	৬৮৮৯	১৬৮
৪	১৬	১০	২৪	৫৭৬	৫০	৪৪	১৯৩৬	৯০	৬৪	৪০৯৬	১৩০	৮৪	৭০৫৬	১৭০
৫	২৫	১২	২৫	৬২৫	৫২	৪৫	২০২৫	৯২	৬৫	৪২২৫	১৩২	৮৫	৭২২৫	১৭২
৬	৩৬	১৪	২৬	৬৭৬	৫৪	৪৬	২১১৬	৯৪	৬৬	৪৩৫৬	১৩৪	৮৬	৭৩৯৬	১৭৪
৭	৪৯	১৬	২৭	৭২৯	৫৬	৪৭	২২০৯	৯৬	৬৭	৪৪৮৯	১৩৬	৮৭	৭৫৬৯	১৭৬
৮	৬৪	১৮	২৮	৭৮৪	৫৮	৪৮	২৩০৪	৯৮	৬৮	৪৬২৪	১৩৮	৮৮	৭৭৪৪	১৭৮
৯	৮১	২০	২৯	৮৪১	৬০	৪৯	২৪০১	১০০	৬৯	৪৭৬১	১৪০	৮৯	৭৯২১	১৮০
১০	১০০	২২	৩০	৯০০	৬২	৫০	২৫০০	১০২	৭০	৪৯০০	১৪২	৯০	৮১০০	১৮২
১১	১২১	২৪	৩১	৯৬১	৬৪	৫১	২৬০১	১০৪	৭১	৫০৪১	১৪৪	৯১	৮২৮১	১৮৪
১২	১৪৪	২৬	৩২	১০২৪	৬৬	৫২	২৭০৪	১০৬	৭২	৫১৮৪	১৪৬	৯২	৮৪৬৪	১৮৬
১৩	১৬৯	২৮	৩৩	১০৮৯	৬৮	৫৩	২৮০৯	১০৮	৭৩	৫৩২৯	১৪৮	৯৩	৮৬৪৯	১৮৮
১৪	১৯৬	৩০	৩৪	১১৫৬	৭০	৫৪	২৯১৬	১১০	৭৪	৫৪৭৬	১৫০	৯৪	৮৮৩৬	১৯০
১৫	২২৫	৩২	৩৫	১২২৫	৭২	৫৫	৩০২৫	১১২	৭৫	৫৬২৫	১৫২	৯৫	৯০২৫	১৯২
১৬	২৫৬	৩৪	৩৬	১২৯৬	৭৪	৫৬	৩১৩৬	১১৪	৭৬	৫৭৭৬	১৫৪	৯৬	৯২১৬	১৯৪
১৭	২৮৯	৩৬	৩৭	১৩৬৯	৭৬	৫৭	৩২৪৯	১১৬	৭৭	৫৯২৯	১৫৬	৯৭	৯৪০৯	১৯৬
১৮	৩২৪	৩৮	৩৮	১৪৪৪	৭৮	৫৮	৩৩৬৪	১১৮	৭৮	৬০৮৪	১৫৮	৯৮	৯৬০৪	১৯৮
১৯	৩৬১	৪০	৩৯	১৫২১	৮০	৫৯	৩৪৮১	১২০	৭৯	৬২৪১	১৬০	৯৯	৯৮০১	২০০
২০	৪০০	৪২	৪০	১৬০০	৮২	৬০	৩৬০০	১২২	৮০	৬৪০০	১৬২	১০০	১০০০০	২০২
	২০			৪০			৬০			৮০			১০০	

* যদি অবশিষ্ট অঙ্ক ছয় রাশির অধিক হয় তবে ১২ রাশি হইতে বিয়োগ করিয়া অবশিষ্ট রাশিকে ৩০ দিয়া গুণ করিয়া পরের অংশে যোগ করিবে। এবং চেষ্টাকেন্দ্রের গণনা কালেও এইরূপ করিতে হইবে।

মূল	বর্গ	হারক	মূল	বর্গ	হারক	মূল	বর্গ	হারক	মূল	বর্গ	হারক
১০১	১০২০১	২০৪	১২১	১৪৬৪১	২৪৪	১৪১	১৯৮৮১	২৮৪	১৬১	২৫৯২১	৩২৪
১০২	১০৪০৪	২০৬	১২২	১৪৮৮৪	২৪৬	১৪২	২০১৬৪	২৮৬	১৬২	২৬২৪৪	৩২৬
১০৩	১০৬০৯	২০৮	১২৩	১৫১২৯	২৪৮	১৪৩	২০৪৪৯	২৮৮	১৬৩	২৬৫৬৯	৩২৮
১০৪	১০৮১৬	২১০	১২৪	১৫৩৭৬	২৫০	১৪৪	২০৭৩৬	২৯০	১৬৪	২৬৮৯৬	৩৩০
১০৫	১১০২৫	২১২	১২৫	১৫৬২৫	২৫২	১৪৫	২১০২৫	২৯২	১৬৫	২৭২২৫	৩৩২
১০৬	১১২৩৬	২১৪	১২৬	১৫৮৭৬	২৫৪	১৪৬	২১৩১৬	২৯৪	১৬৬	২৭৫৫৬	৩৩৪
১০৭	১১৪৪৯	২১৬	১২৭	১৬১২৯	২৫৬	১৪৭	২১৬০৯	২৯৬	১৬৭	২৭৮৮৯	৩৩৬
১০৮	১১৬৬৪	২১৮	১২৮	১৬৩৮৪	২৫৮	১৪৮	২১৯০৪	২৯৮	১৬৮	২৮২২৪	৩৩৮
১০৯	১১৮৮১	২২০	১২৯	১৬৬৪১	২৬০	১৪৯	২২২০১	৩০০	১৬৯	২৮৫৬১	৩৪০
১১০	১২১১০	২২২	১৩০	১৬৯০০	২৬২	১৫০	২২৫০০	৩০২	১৭০	২৮৯০০	৩৪২
১১১	১২৩২১	২২৪	১৩১	১৭১৬১	২৬৪	১৫১	২২৮০১	৩০৪	১৭১	২৯২৪১	৩৪৪
১১২	১২৫৪৪	২২৬	১৩২	১৭৪২৪	২৬৬	১৫২	২৩১০৪	৩০৬	১৭২	২৯৫৮৪	৩৪৬
১১৩	১২৭৬৯	২২৮	১৩৩	১৭৬৮৯	২৬৮	১৫৩	২৩৪০৯	৩০৮	১৭৩	২৯৯২৯	৩৪৮
১১৪	১২৯৯৬	২৩০	১৩৪	১৭৯৫৬	২৭০	১৫৪	২৩৭১৬	৩১০	১৭৪	৩০২৭৬	৩৫০
১১৫	১৩২২৫	২৩২	১৩৫	১৮২২৫	২৭২	১৫৫	২৪০২৫	৩১২	১৭৫	৩০৬২৫	৩৫২
১১৬	১৩৪৫৬	২৩৪	১৩৬	১৮৪৯৬	২৭৪	১৫৬	২৪৩৭৬	৩১৪	১৭৬	৩০৯৭৬	৩৫৪
১১৭	১৩৬৮৯	২৩৬	১৩৭	১৮৭৬৯	২৭৬	১৫৭	২৪৬৪৯	৩১৬	১৭৭	৩১৩২৯	৩৫৬
১১৮	১৩৯২৪	২৩৮	১৩৮	১৯০৪৪	২৭৮	১৫৮	২৪৯৬৪	৩১৮	১৭৮	৩১৬৮৪	৩৫৮
১১৯	১৪১৬১	২৪০	১৩৯	১৯৩২১	২৮০	১৫৯	২৫২৮১	৩২০	১৭৯	৩২০৪১	৩৬০
১২০	১৪৪০০	২৪২	১৪০	১৯৬০০	২৮২	১৬০	২৫৬০০	৩২২	১৮০	৩২৪০০	৩৬২
	১২০			১৪০			১৬০			১৮০	

বর্গমূল চক্রের প্রতিস্তম্ভে তিন শ্রেণী করিয়া অঙ্ক আছে, তাহার প্রথম শ্রেণীতে বর্গমূল, দ্বিতীয় শ্রেণীতে যাহার বর্গমূল বাহির করিতে হইবে সেই অঙ্ক, তৃতীয় শ্রেণীতে হারক। এই হারকাঙ্ক দ্বারা বর্গমূলের অবশিষ্ট অঙ্ককে ভাগ করিয়া পরবর্ত্তী বিকলাঙ্কের সহিত যোগ করিবে, ইহাতে আর যাহা কিছু প্রক্রিয়া আছে তাহা পরের শ্লোকে প্রকাশ হইবে।

মূলাবশেষিতং সৈকং ষষ্টিঘ্নং বিকলান্বিতম্।
দ্বিনিঘ্নেন দ্বিযুক্তেন মূলেন বিভজেৎ পদম্ ॥৪ *

যখন ঐ পরস্পর গুণিত অঙ্কের নিঃশেষিত হইয়া বর্গ মূল না হইবে, অর্থাৎ বর্গ মূল গ্রহণ করিলেও অবশিষ্ট থাকিবে, তখন অবশিষ্ট অঙ্কের সহিত ১ এক যোগ করিয়া

---

* লীলাবতী গ্রন্থহইতে বর্গমূল গ্রহণের যে বচন উদ্ধৃত করিয়া উপরে লিখিত হইয়াছে। তাহার মর্ম্ম যাহা পাটী গণিত পুস্তকে প্রকাশিত আছে, তাহা যুক্তি ও দৃষ্টান্তসহ এই স্থলে প্রকাশ করা গেল।

মূলাকর্ষণ।

ইতিপূর্ব্বে যোগবিয়োগাদি সকলকার্য্য একাধিক রাশি লইয়া সম্পাদিত হইয়াছে; কিন্তু মূলাকর্ষণে কেবল একটী রাশি লইয়া কার্য্য করিতে হইবে।

বর্গমূলাকর্ষণ।	১	এর বর্গমূল	১
	১০০	র ,,	১০
	১০০০	র ,,	১০০
	১০০০০০০	র ,,	১০০০

“ইহাতে স্পষ্ট দেখা যাইতেছে যে ১ হইতে ৯৯ পর্য্যন্ত অর্থাৎ এক বা দুই অঙ্ক বিশিষ্ট সকল সঙ্খ্যার বর্গমূল ১এর অধিক ও দশের অনধিক, সুতরাং এক অঙ্ক বিশিষ্ট হইবে; এবং এক শত হইতে ৯৯৯৯ পর্য্যন্ত তিন বা চারি অঙ্ক বিশিষ্ট সকল সংখ্যার বর্গমূল দশের অধিক ও এক শতের অনধিক, সুতরাং দুই অঙ্ক বিশিষ্ট হইবে; এই রূপ ৫টী বা ৬টী অঙ্ক বিশিষ্ট সকল সঙ্খ্যার

যুক্তাঙ্ককে ৬০ দ্বারা গুণ করিয়া বিকলাঙ্কের সহিত যোগ করিয়া ঐ যুক্তাঙ্ককে এক স্থানে রাখিবে, পরে লব্ধমূলাঙ্ককে, ২ দ্বারা গুণ করিয়া গুণ ফলের সহিত যোগ করিলে যাহা হইবে, তাহা দ্বারা ঐ স্থাপিত অঙ্ককে ভাগ করিলে যে ভাগ ফল হইবে তাহা বিকলাঙ্ক মূল। ৪

বর্গমূল তিনটী অঙ্ক বিশিষ্ট হইবে, ইত্যাদি; অতএব যদি কোন সঙ্খ্যার একক স্থান হইতে আরম্ভ করিয়া এক একটী অঙ্ক অন্তরে এক একটী অঙ্কের উপর এক একটী বিন্দু স্থাপন করা যায়, অর্থাৎ এককের অঙ্কের উপর, শতকের অঙ্কের উপর, অযুতের অঙ্কের উপর ইত্যাদি ক্রমে বিন্দু স্থাপন করা যায়, তাহা হইলে বিন্দুসঙ্খ্যাদ্বারা বর্গমূলের অঙ্কসঙ্খ্যা নির্ণীত হয়। দশমিকের বেলাও এই রূপ হইবে, কেননা

·০১	এর বর্গমূল	·১
·০০০১	এর ,,	·০১
·০০০০০১	এর ,,	·০০১ ইত্যাদি।

ইহাতে এই স্থির হইতেছে যে দশমিক ভগ্নাংশের অঙ্কসঙ্খ্যা যুগ্ম করিয়া (অর্থাৎ অযুগ্ম অঙ্ক থাকিলে দক্ষিণে ১টী শূন্য বসাইয়া যুগ্ম করিয়া) এককের স্থানের অঙ্ক হইতে পূর্ব্বমত আরম্ভ করিয়া একাঙ্ক অন্তর বিন্দু স্থাপন করিলে বিন্দুসঙ্খ্যাদ্বারা বর্গমূলের দশমিকের অঙ্কসঙ্খ্যা নির্ণীত হইবে।

বর্গমূলাকর্ষণের নিয়ম। প্রথমে পূর্ব্ব লিখিত রীতি অনুসারে যে রাশির বর্গমূল নির্ণয় করিতে হইবে তদুপরি বিন্দুস্থাপন করিয়া নির্দ্দিষ্ট রাশির অঙ্কগুলি দুইটী দুইটী করিয়া বিভাগ কর, কেবল বামদিকস্থ শেষ ভাগটী এক বা দুই অঙ্ক বিশিষ্ট হইবে। বামদিকের শেষভাগটীর মধ্যে যে সর্ব্বাধিক বর্গ রাশি আছে তাহা নির্ণয় করিয়া তাহার বর্গমূলটী নির্দ্দিষ্ট রাশির দক্ষিণ দিকে ভাগফলের ন্যায় স্থাপন করিয়া বাম পার্শ্বের শেষ ভাগটি হইতে ঐ বর্গ রাশি বিয়োগ কর, পরে যাহা অবশিষ্ট থাকিবে তাহার দক্ষিণে নির্দ্দিষ্ট রাশির শেষ ভাগের পরবর্ত্তী ভাগটী স্থাপন করিয়া তাহাকে একটী ভাজ্য রাশি জ্ঞান কর; এবং ভাগফলের রাশিটী দ্বিগুণ করিয়া ঐ শেষ ভাজ্য রাশির বামে আংশিক ভাজক রূপে স্থাপন কর; এবং ভাজ্যের একক স্থানের অঙ্ক বাদে যে সঙ্খ্যা থাকে তন্মধ্যে ঐ ভাজক রাশি কত বার নিবিষ্ট আছে, স্থির করিয়া তৎসূচক অঙ্ককে ভাগফলের অঙ্কের ও ভাজক রাশির দক্ষিণে স্থাপন কর, এই রূপে সম্পূর্ণ ভাজক রাশিকে ভাগফলের নির্দ্দিষ্ট ঐ দ্বিতীয় রাশি দিয়া গুণ করিয়া গুণফলকে ভাজ্য রাশি হইতে বিয়োগ কর। যাহা অবশিষ্ট থাকিবে তাহার দক্ষিণে নির্দ্দিষ্ট রাশির অপর একটী ভাগস্থাপন করিয়া একটী ভাজ্য রাশি জ্ঞান কর এবং ভাগফলের যে দুইটী অঙ্ক স্থির হইয়াছে তাহাদিগকে দ্বিগুণ করিয়া পূর্ব্বমত কার্য্য করিতে থাক। যে পর্য্যন্ত নির্দ্দিষ্ট রাশির এক একটী ভাগ এই রূপে প্রতিবার অবশিষ্টের দক্ষিণে আনীত হইয়া সকল ভাগ নিঃশেষিত না হয় সেই পর্য্যন্ত এই রূপ কার্য্য কর। শেষে ভাগফলে যে রাশি স্থির হইবে তাহাই বর্গমূল জানিবে। নির্দ্দিষ্ট রাশির সকল ভাগ আনীত হইলেও যদি ভাগ কার্য্য নিঃশেষিত না হয় তবে (অথবা দশমিক ভগ্নাংশের স্থলে) অবশিষ্ট রাশির দক্ষিণে এক এক বারে দুইটী দুইটী শূন্য যোগ করিয়া নিয়মানুসারে ভাগ কার্য্য করিতে হইবে।

দৃষ্টান্ত। ৬৯৮০১৬৪এর বর্গমূল নিষ্কাশন কর।

```
         ৬·৯৮·০১·৬৪·(২৬৪২
         ৪
      ----
    ৪৬)২৯৮
       ২৭৬
      -----
   ৫২৪) ২২০১
        ২০৯৬
       ------
  ৫২৮২) ১০৫৬৪
        ১০৫৬৪
        -----
```

এই স্থলে বিন্দু স্থাপন দ্বারা নির্দ্দিষ্ট রাশিটীকে চারি ভাগে বিভক্ত করা হইয়াছে। বামপার্শ্বের ভাগটী ৬ হইয়াছে, এবং তন্মধ্যে বর্গরাশি ৪ আছে; অতএব ৪এর বর্গমূল ২ ভাগফলের স্থানে রাখিয়া ৬ হইতে ৪ বিয়োগ করা গেল। ইহাতে যে ২ অবশিষ্ট রহিল তাহার দক্ষিণে নির্দ্দিষ্ট রাশির অপর ভাগ ৯৮ আনীত হইল। ইহাতে ২৯৮ ভাজ্য, এবং ভাগফল ২এর দ্বিগুণ ৪ আংশিক ভাজক হইল। ঐ আংশিক ভাজক ৪ দিয়া ভাজ্যের ২৯কে ভাগ করিলে ৭ ভাগফল হইল, কিন্তু ঐ ৭ লইয়া কার্য্য করিলে ফল বেশী হইবে, অতএব তাহা পরিত্যাগ করিয়া ৬ লইয়া কার্য্য করা গেল। ৬কে ভাগফলে এবং আংশিক ভাজক ৪এর দক্ষিণে স্থাপন করিয়া ঐ সম্পূর্ণ ভাজক ৪৬কে ৬ দিয়া গুণ করিয়া গুণফলকে ভাজ্য ২৯৮এর নীচে রাখিয়া বিয়োগ করা গেল, ইহাতে ২২ অবশিষ্ট রহিল, ঐ ২২এর দক্ষিণে নির্দ্দিষ্ট রাশির অপর ভাগ ০১ আনীত হইল এবং ভাগফলের ২৬কে দ্বিগুণ করিয়া পূর্ব্বমত কার্য্য করা গেল। ভাগকার্য্য নিঃশেষিত হইলে ২৬৪২ বর্গমূল নির্ণীত হইল।

অথাশ্রয় গুণং বক্ষ্যে ক্ষেত্রাদি সপ্তবর্গজম্।
বর্গে ক্ষেত্রাদিকে স্বর্ক্ষে গ্রাহ্য ত্রিংশৎকলা গুণঃ ।। ৫ ॥

ক্ষেত্র, হোরা, দ্রেক্কাণ, সপ্তাংশ, নবাংশ, দ্বাদশাংশ ও ত্রিংশাংশ এই সপ্তবর্গ জাত সপ্তপ্রকার আশ্রয় গুণক বলা যাইতেছে।

যে গ্রহ স্বীয় ক্ষেত্রে, হোরাতে, দ্রেক্কাণে, সপ্তাংশে, নবাংশে, দ্বাদশাংশে বা ত্রিংশাংশে থাকিবে, ৩০ ত্রিশ তাহার আশ্রয় গুণক হইবে। ৫

অধিমিত্রগ্রহে তত্বং মৈত্রে বিত্র্যংশ জাতয়ঃ।
সমে পঞ্চদশ গ্রাহ্যাঃ শত্রৌ সত্র্যংশকোরগাঃ ॥ ৬ ॥

যে গ্রহ অধিমিত্র গ্রহের ক্ষেত্র, হোরা, দ্রেক্কাণ, সপ্তাংশ নবাংশ দ্বাদশাংশবা ত্রিংশাংশে থাকিবে২৫ পঁচিশ সেই গ্রহের আশ্রয় গুণক হইবে।

যে গ্রহ মিত্র গ্রহের ক্ষেত্র, বা হোরাদিতে থাকিবে ২১। ৪০ সেই গ্রহের আশ্রয় গুণক হইবে, সমগ্রহের ক্ষেত্র বা হোরাদিতে থাকিলে ১৫ সেই গ্রহের আশ্রয় গুণক হইবে।

যে গ্রহ শত্রু গ্রহের ক্ষেত্র বা হোরাদিতে থাকিবে, ৮।২০ সেই গ্রহের আশ্রয় গুণক হইবে। ৬

পঞ্চাত্যরৌ তদৈক্যং যৎ ক্ষেত্রোত্থ গুণয়ুক্পুনঃ।
স্বর্ক্ষে বর্গোত্তমে স্বাংশে স্বত্র্যংশেস্যাদয়ং গুণঃ ॥ ৭ ॥

যে গ্রহ অধি শত্রু গ্রহের ক্ষেত্র বা হোরাদিতে থাকিবে, সেই গ্রহের আশ্রয় গুণক ৫ পাঁচ হইবে।

প্রত্যেক গ্রহের ক্ষেত্রাদি সপ্তবর্গ জাত আশ্রয় গুণকাঙ্ক একত্র যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহার সহিত পুনর্ব্বার ঐ গ্রহ স্বীয়, কি অধিমিত্র, কি মিত্র, কি সম, কি শত্রু, কি অধিশত্রু ইহার মধ্যে যে কোন ক্ষেত্রে অবস্থিতি করিবেন, সেই ক্ষেত্রের নিরূপিত আশ্রয় গুণকাঙ্ক যোগ করিলে যাহা হইবে, তাহাই প্রকৃত আশ্রয় গুণকাঙ্ক, ইহা দ্বারাই কার্য্য করিতে হইবে। যখন গ্রহগণ স্বক্ষেত্রে, বর্গোত্তমে, স্বীয় নবাংশে কিম্বা স্বীয় দ্রেক্কাণে থাকে, তখনই উক্তরূপ আশ্রয় গুণ গ্রহণ করিবে। ৭

অভীষ্টর্ক্ষে যুগাংশোন স্ব্যংশোনো মিত্রবেশ্মনি।
সমে দ্ব্যাপ্তো রিপৌত্র্যাপ্তো যুগাংশস্ত্বধিশত্রুভে ॥ ৮ ॥

গ্রহগণ স্বক্ষেত্রে, বর্গোত্তমে, স্বীয় নবাংশে কিম্বা স্বীয় দ্রেক্কাণে না থাকিয়া যদি অধিমিত্র গ্রহের ক্ষেত্রে থাকেন, তবে উক্ত প্রকৃত আশ্রয়গুণের চতুর্থাংশ বাদ দিলে, যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই প্রকৃত আশ্রয় গুণ বলিয়া গ্রহণ করিবে।

গ্রহগণ স্বীয় ক্ষেত্রাদিতে না থাকিয়া যদি মিত্র গৃহে থাকেন তবে উক্ত প্রকৃত আশ্রয় গুণাঙ্ক হইতে তাহার তৃতীয়াংশ বিয়োগ করিলে যাহা অবশিষ্টথাকিবে তাহাই প্রকৃত আশ্রয় গুণক।

গ্রহগণ স্বীয় ক্ষেত্রাদিতে না থাকিয়া যদি সম গ্রহের ক্ষেত্রে থাকে, তবে প্রকৃত আশ্রয় গুণকাঙ্কের অর্দ্ধবিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা প্রকৃত আশ্রয় গুণ বলিয়া গ্রহণ করিবে।

গ্রহগণ স্বীয় ক্ষেত্রাদিতে না থাকিয়া যদি শত্রু গ্রহের ক্ষেত্রে থাকে, তবে প্রকৃত আশ্রয়গুণকাঙ্কের তৃতীয়াংশ গ্রহণ করিবে।

গ্রহগণ স্বীয় ক্ষেত্রাদিতে না থাকিয়া যদি অধিশত্রু গ্রহের ক্ষেত্রে থাকেন, তবে প্রকৃত আশ্রয় গুণকাঙ্কের চতুর্থাংশ গ্রহণ করিবে। ৮

এবং স্যাদাশ্রয় গুণো বিশেষো যঃ স উচ্যতে।
স্বত্র্যংশগঃ স্বাংশগো বা বর্গোত্তমগতো পিবা।
যদি স্যাদধিমিত্রর্ক্ষে তদা তত্রাশ্রয়ে গুণে।
গজনেত্রং সমুদ্রাগ্নী কলাদ্যং মিশ্রয়েদ্ধ্রুবং ।। ৯ ॥

এই রূপে গ্রহগণের স্থান বিশেষে যে রূপ আশ্রয় গুণকাঙ্ক গ্রহণ করিতে হইবে, তাহা বলা হইল এইক্ষণ ইহার বিশেষ নিম্নে বলা যাইতেছে।

যদি গ্রহগণ স্বীয় দ্রেক্কাণে, স্বনবাংশে বা বর্গোত্তমে স্থিত হইয়া অধিমিত্র ক্ষেত্রে থাকেন, তবে প্রকৃত আশ্রয় গুণকে ২৮ কলা ৩৪ বিকলা যোগ করিয়া যাহা হইবে, তাহা গ্রহণ করিবে। ৯

এবং মিত্র গৃহে তদ্বদ্রূপ স্ত্রিংশদ্বিমিশ্রয়েৎ।
শত্রুক্ষেত্রে তু ষড়্‌লিপ্তাং কুনেত্র বিকলাং ত্যজেৎ
অধিশত্রুগৃহে বাণাংস্ত্র্যব্ধিলিপ্তাদিকং ত্যজেৎ ॥ ১০

যদি গ্রহগণ স্ব দ্রেক্কাণাদিতে স্থিত হইয়া মিত্র ক্ষেত্রে থাকেন, তবে প্রকৃত আশ্রয় গুণকাঙ্কে ১৬ কলা ৩০ বিকলা যোগ করিয়া যাহা হইবে, তাহা গ্রহণ করিবে।

গ্রহগণ স্বীয় দ্রেক্কাণে স্ব নবাংশে বা বর্গোত্তমে স্থিত হইয়া যদি শত্রু গৃহে থাকেন, তবে প্রকৃত আশ্রয় গুণকাঙ্ক হইতে ৬ কলা২১বিকলা বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহা গ্রহণ করিতে হইবে ।

গ্রহগণ স্বীয় দ্রেক্কাণাদিতে থাকিয়া, যদি অধিশত্রু গ্রহের ক্ষেত্রে অবস্থিতি করেন, তবে প্রকৃত আশ্রয় গুণ-কাঙ্ক হইতে ৫ কলা ৪৩ বিকলা বিয়োগ করিলে যাহা অব-শিষ্ট থাকিবে তাহা গ্রহণ করিতে হইবে ॥ ১০

আশ্রয় গুণক যাহা বলা হইয়াছে তাহার চক্র নিম্নে প্রদর্শিত হইতেছে, ইহা দ্বারা অতি সহজে আশ্রয় গুণ গণনা করা হইবে ।

ঐ আশ্রয় গুণক গণনা দুই প্রকারে হইয়া থাকে, তাহার প্রথম প্রকার খণ্ডার নাম বর্গোত্তমাদি যোগ খণ্ডা দ্বিতীয় প্রকার খণ্ডার নাম বর্গোত্তমাদি রহিত খণ্ডা ।

বর্গোত্তমাদি যোগ খণ্ডা ।

প্রথম কোষ্ঠা ।		দ্বিতীয় কোষ্ঠা ।	
বর্গোত্তমাদি যোগে ।		বর্গোত্তমাদি যোগে ।	
স্বক্ষেত্রে	৬০।০	অধিমিত্র ক্ষেত্রে	৭৮।৩৪
স্বহোরাদৌ	৩০।০	স্বহোরাদৌ	৩০।০
অধিমিত্র হোরাদৌ	২৫।০	অধিমিত্রহোরাদৌ	২৫।০
মিত্রহোরাদৌ	২১।৪০	মিত্রহোরাদৌ	২১।৪০
সমহোরাদৌ	১৫।০	সমহোরাদৌ	১৫।০
শত্রু হোরাদৌ	৮।২০	শত্রু হোরাদৌ	৮।২০
অধিশত্রু হোরাদৌ	৫।০	অধিশত্রু হোরাদৌ	৫।০

তৃতীয় কোষ্ঠা ।		চতুর্থ কোষ্ঠা ।	
বর্গোত্তমাদি যোগে।		বর্গোত্তমাদি যোগে ।	
মিত্র ক্ষেত্রে	৫৯।৫০	সমক্ষেত্রে	৩০।০
স্বহোরাদৌ	৩০।০	স্বহোরাদৌ	৩০।০
অধিমিত্রহোরাদৌ	২৫।০	অধিমিত্রহোরাদৌ	২৫।০
মিত্রহোরাদৌ	২১।৪০	মিত্রহোরাদৌ	২১।৪০
সমহোরাদৌ	১৫।০	সমহোরাদৌ	১৫।০
শত্রু হোরাদৌ	৮।২০	শত্রু হোরাদৌ	৮।২০
অধিশত্রু হোরাদৌ	৫।০	অধিশত্রু হোরাদৌ	৫।০

পঞ্চম কোষ্ঠা ।		ষষ্ঠ কোষ্ঠা ।	
বর্গোত্তমাদি যোগে ।		বর্গোত্তমাদি যোগে ।	
শত্রু ক্ষেত্রে	১০।১৯	অধি শত্রুক্ষেত্রে	৪।১৭
স্বহোরাদৌ	৩০।০	স্বহোরাদৌ	৩০।০
অধিমিত্র হোরাদৌ	২৫।০	অধিমিত্র হোরাদৌ	২৫।০
মিত্র হোরাদৌ	২১।৪০	মিত্র হোরাদৌ	২১।৪০
সমহোরাদৌ	১৫।০	সমহোরাদৌ	১৫।০
শত্রু হোরাদৌ	৮।২০	শত্রু হোরাদৌ	৮।২০
অধি শত্রু হোরাদৌ	৫।০	অধিশত্রু হোরাদৌ	৫।০

বর্গোত্তমাদি রহিত খণ্ডা ।

প্রথম কোষ্ঠা		দ্বিতীয় কোষ্ঠা ।	
বর্গোত্তমাদি রহিতে		রর্গোত্তমাদি রহিতে ।	
অধি মিত্রক্ষেত্রে	৩৭।৩০	মিত্রক্ষেত্রে	২৮।৫৪
স্বহোরাদৌ	২২।৩০	স্বহোরাদৌ	২০।০
অধিমিত্র হোরাদৌ	১৮।৪৫	অধিমিত্র হোরাদৌ	১৬।৪০
মিত্রহোরাদৌ	১৬।১৫	মিত্র হোরাদৌ	১৪।২৭
সমহোরাদৌ	১১।১৫	সমহোরাদৌ	১০।০
শত্রু হোরাদৌ	৬।১৫	শত্রু হোরাদৌ	৫।৩৩
অধিশত্রু হোরাদৌ	৩।৪৫	অধিশত্রু হোরাদৌ	৩।২০

তৃতীয় কোষ্টা		চতুর্থ কোষ্টা ।	
বর্গোত্তমাদি রহিতে		বর্গোত্তমাদি রহিতে ।	
সমত্রেক্ষে	১৫।০	শত্রু ক্ষেত্রে	৫।৩৩
স্বহোরাদৌ	১৫।০	স্বহোরাদৌ	১০।০
অধিমিত্রহোরাদৌ	১২।৩০	অধিমিত্রহোরাদৌ	৮।২০
মিত্রহোরাদৌ	১০।৫০	মিত্রহোরাদৌ	৭।১৩
সমহোরাদৌ	৭।৩০	সমহোরাদৌ	৫।০
শত্রুহোরাদৌ	৪।১০	শত্রু হোরাদৌ	২।৪৭
অধিশত্রু হোরাদৌ	২।৩০	অধিশত্রু হোরাদৌ	১।৪০

পঞ্চম কোষ্ঠা ।	
বর্গোত্তমাদি রহিতে ।	
অধিশত্রু ক্ষেত্রে	২।৩
স্বহোরাদৌ	৭।৩০
অধিমিত্রহোরাদৌ	৬।১৫
মিত্রহোরাদৌ	৫।২৫
সমহোরাদৌ	৩।৪৫
শত্রু হোরাদৌ	২।৫
অধিশত্রু হোরাদৌ	১।১৫

জন্মকালে যে কোন গ্রহ তাহার স্বীয় ক্ষেত্রে বা বর্গোত্তমে বা স্বীয় দ্রেক্কাণে বা স্বীয় নবাংশে অবস্থিতি করেন তাহার নাম বর্গোত্তমাদি যোগ। জন্ম কালে যে কোন গ্রহ স্বীয় ক্ষেত্রে বা বর্গোত্তমে বা স্বীয় দ্রেক্কাণে বা স্বীয় নবাংশে অবস্থিতি না করেন তাহার নাম বর্গোত্তমাদি রহিত। যে কোন গ্রহের আশ্রয়গুণ গণনা করিতে হইলে প্রথমত দেখিতে হইবে যে ঐ গ্রহ কাহার ক্ষেত্রে বা হোরায় বা দ্রেক্কাণে বা সপ্তাংশে বা নবাংশে বা দ্বাদশাংশে কিম্বা ত্রিংশাংশে অবস্থিতি করিতেছেন এবং সেই সেই গ্রহ তাঁহার অধিমিত্র, কি মিত্র, কি সম, কি শত্রু, কি অধিশত্রু তাহা জানিতে হইবে।

যদি কোন গ্রহ স্বক্ষেত্রে অবস্থিতি করেন তাহা হইলে বর্গোত্তমাদি যোগ খণ্ডার প্রথম কোষ্ঠার অঙ্ক গ্রহণ করিতে হইবে, ঐ গ্রহ স্বক্ষেত্রে থাকাতে ৬০ অঙ্ক গ্রহণ করিয়া এক স্থানে রাখিবে। যদি স্বীয় হোরা, দ্রেক্কাণ, সপ্তাংশ, নবাংশ, দ্বাদশাংশ বা ত্রিংশাংশে থাকেন, তাহা হইলে ৩০অঙ্ক, যদি অধিমিত্রের হোরা, দ্রেক্কাণ, সপ্তাংশ, নবাংশ, দ্বাদশাংশ বা ত্রিংশাংশে থাকেন তবে ২৫ অঙ্ক; যদি মিত্রহোরা বা দ্রেক্কাণাদিতে থাকেন তাহা হইলে ২১।৪০; যদি সম গ্রহের হোরা বা দ্রেক্কাণাদিতে থাকেন তাহা হইলে ১৫ অঙ্ক; যদি শত্রু গ্রহের হোরা বা দ্রেক্কাণ ইত্যাদিতে অবতিস্থি করেন তাহা হইলে ৮।২০; যদি অধিশত্রু গ্রহের হোরা বা দ্রেক্কাণাদিতে অবস্থিতি করেন তাহা হইলে ৫ অঙ্ক; গ্রহণ করিবে। পরে যে যে স্থানে থাকিবেন ঐ ঐ স্থানের অর্থাৎ ক্ষেত্র হোরা দ্রেক্কাণ সপ্তাংশ নবাংশ দ্বাদশাংশ ত্রিংশাংশ এই সপ্ত বর্গের যে যে অঙ্ক হইবে তাহা যোগ করিলে যে অঙ্ক সংখ্যা হইবে তাহার নাম সেই গ্রহের আশ্রয় গুণক।

যদি বর্গোত্তমাদিযুক্ত গ্রহ স্বক্ষেত্রে স্থিত না হইয়া অধিমিত্র ক্ষেত্রে অবস্থিতি করেন তাহা হইলে এই বর্গোত্তমাদি যোগ খণ্ডার দ্বিতীয় কোষ্ঠার অঙ্ক গ্রহণ করিতে হইবে যথা অধিমিত্র ক্ষেত্রে থাকিলে ৭৮।৩৪ অঙ্ক লইতে হইবে; অধিমিত্র ক্ষেত্রে থাকিয়া যদি স্বীয় হোরা বা দ্রেক্কাণাদিতে থাকেন তাহা হইলে ৩০ অঙ্ক, অধিমিত্রের হোরাদিতে থাকিলে ২৫; মিত্রহোরাদিতে থাকিলে ২১।৪০, সম গ্রহের হোরাদিতে থাকিলে ১৫, শত্রুগ্রহের হোরাদিতে থাকিলে ৮।২০; অধিশত্রু গ্রহের হোরাদিতে থাকিলে ৫, এইরূপে সপ্ত বর্গের পূর্ব্ব প্রকারে অঙ্ক গ্রহণ করিয়া একত্র যোগ করিলে যে অঙ্ক সংখ্যা হইবে তাহার নাম বর্গোত্তমাদিযুক্ত; অধিমিত্র ক্ষেত্রস্থিত গ্রহের আশ্রয় গুণক।

যদি বর্গোত্তমাদি যুক্ত হইয়া মিত্রক্ষেত্রে অবস্থিতি করেন, তবে ঐ বর্গোত্তমাদি যোগ খণ্ডার তৃতীয় কোষ্ঠার পূর্ব্ব প্রণালী মতে ক্ষেত্র, হোরা, দ্রেক্কাণ, সপ্তাংশ, নবাংশ, দ্বাদশাংশ, ত্রিংশাংশের অঙ্ক লইয়া যোগ করিলে যাহা হইবে তাহার নাম বর্গোত্তমাদি যুক্ত মিত্র ক্ষেত্র স্থিত গ্রহের আশ্রয় গুণক।

বর্গোত্তমাদিযুক্ত হইয়া যদি সম গ্রহের ক্ষেত্রে অবস্থিতি করেন তাহা হইলে ঐ বর্গোত্তমাদি যোগ খণ্ডার ৪র্থ কোষ্ঠার সপ্ত বর্গের অঙ্ক পূর্ব্ব প্রণালী মতে গ্রহণ করিয়া একত্র যোগ করিলে যাহা হইবে তাহার নাম বর্গোত্তমাদি যুক্ত সমক্ষেত্র স্থিত গ্রহের আশ্রয়গুণক।

বর্গোত্তমাদিযুক্ত হইয়া শত্রু ক্ষেত্রে অবস্থিতি করিলে ঐবর্গোত্তমাদি যোগ খণ্ডার ৫ম কোষ্ঠার সপ্তবর্গের অঙ্ক পূর্ব্ব রূপ একত্র যোগ করিলে যে অঙ্ক সংখ্যা হইবে, তাহার নাম বর্গোত্তমাদি যুক্ত শত্রু গ্রহাবস্থিত গ্রহের আশ্রয় গুণক।

বর্গোত্তমাদিযুক্ত হইয়া অধিশত্রু ক্ষেত্রে স্থিত হইলে ঐ বর্গোত্তমাদি যোগ খণ্ডার ষষ্ঠ কোষ্ঠার অঙ্ক গ্রহণ করিয়া পূর্ব্বের ন্যায় সপ্তবর্গের অঙ্ক যোগ করিলে যাহা হইবে তাহার নাম বর্গোত্তমাদিযুক্ত অধিশত্রু গৃহাবস্থিত গ্রহের আশ্রয় গুণক।

বর্গোত্তমাদি যোগ খণ্ডা দ্বারা যেরূপে আশ্রয় গুণক গণনা হইয়া থাকে তাহা বলা হইল এক্ষণে বর্গোত্তমাদি রহিত খণ্ডা দ্বারা যেরূপে আশ্রয়গুণক গণনা করিতে হইবে তাহার প্রণালী বলিতেছি।

জন্ম কালে যে গ্রহ স্বক্ষেত্রে, বর্গোত্তমে, স্বীয়দ্রেক্কাণে বা স্বীয় নবাংশে অবস্থিতি না করিয়া যদি অধিমিত্র ক্ষেত্রে

থাকেন তাহা হইলে বর্গোত্তমাদি রহিত খণ্ডার প্রথম কোষ্ঠার অঙ্ক ৩৭।৩০; স্বীয় দ্রেক্কাণ ও নবাংশ ভিন্ন স্বীয় হোরায়, সপ্তাংশে, দ্বাদশাংশে, বা ত্রিংশাংশে থাকিলে, ২২।৩০; অধিমিত্র হোরা দ্রেক্কাণ সপ্তাংশ নবাংশ দ্বাদশাংশ বা ত্রিংশাংশে থাকিলে ১৮।৪৫; মিত্র গ্রহের হোরা, দ্রেক্কাণ, সপ্তাংশ, নবাংশ, দ্বাদশাংশ বা ত্রিংশাংশে থাকিলে ১৬।১৫; সম গ্রহের হোরাদিতে থাকিলে ১১।১৫; শত্রু গ্রহের হোরাদিতে থাকিলে ৬।১৫; অধিশত্রু গ্রহের হোরাদিতে থাকিলে ৩।৪৫; এইরূপে সপ্তবর্গের অঙ্ক গ্রহণ করিয়া একত্র যোগ করিলে যে অঙ্ক সংখ্যা হইবে তাহাই বর্গোত্তমাদি রহিত অধিমিত্র ক্ষেত্রস্থিত গ্রহের আশ্রয় গুণক।

বর্গোত্তমাদি রহিত গ্রহ যদি অধিমিত্র ক্ষেত্রে না থাকিয়া মিত্র গ্রহের ক্ষেত্রে থাকেন তাহা হইলে এই বর্গোত্তমাদি রহিত খণ্ডার দ্বিতীয় কোষ্ঠার অঙ্ক ঐ প্রণালী মতে গ্রহণ করিয়া সপ্ত বর্গের অঙ্ক যোগ করিলে যে অঙ্ক সংখ্যা হইবে, তাহাই বর্গোত্তমাদি রহিত মিত্র ক্ষেত্রস্থিত গ্রহের আশ্রয় গুণক।

বর্গোত্তমাদি রহিত সমগ্রহের ক্ষেত্রে থাকিলে ঐ প্রকার তৃতীয় কোষ্ঠার সপ্তবর্গের অঙ্ক গ্রহণ করিয়া যোগ করিলে ঐ সমক্ষেত্রস্থিত গ্রহের আশ্রয় গুণক হইবে।

যদি শত্রু ক্ষেত্রে থাকেন তাহা হইলে ৪র্থ কোষ্ঠার; অধিশত্রু ক্ষেত্রে থাকিলে ৫ম কোষ্ঠার; সপ্তবর্গের অঙ্ক পূর্ব্ব প্রণালী মতে গ্রহণ করিয়া যোগ করিলে শত্রুক্ষেত্র ও অধিশত্রু ক্ষেত্রস্থিত গ্রহের আশ্রয় গুণক হইবে।

অথ কর্ম্মযোগ্য গুণক।

আশ্রয়স্য গুণস্যাস্য বধঃ স্ফুট গুণস্য যঃ।
তন্মূলং কর্ম্মযোগ্যং স্যাদ্‌গুণ আয়ুর্ব্বিধৌ স্মৃতঃ॥ ১১॥

আশ্রয় গুণক ও স্ফুটগুণক এই উভয়ের পরস্পর গুণ করিয়া গুণ ফলের বর্গ মুল যাহা হইবে তাহার নাম কর্ম্মযোগ্য গুণক। ১

ইতি গুণকানয়নং।

অথায়ুঃ পলানয়নং।

খেটানাঞ্চ তনোর্ভাগাঃ খাব্ধি শিষ্টাঃ কলীকৃতাঃ।
পুনঃ শূন্যে রসাভ্যস্তাঃ ক্রমাৎ স্যাদায়ুষঃ পলং॥ ১॥

অংশায়ু গণনায় যে প্রণালীমতে গুণক আনয়ন করিতে হয় তাহা বলা হইল, এইক্ষণ রাহু কেতু ভিন্ন গ্রহগণের দত্তায়ুর্ব্বর্ষাদি গণনার জন্য আয়ুঃপল গণনা যে প্রকারে করিতে হইবে তাহা বলা যাইতেছে।

জন্ম কালে গ্রহগণ যে রাশির যে অংশাদিতে অবস্থিতি করেন সেই সেই রাশি ও অংশ ও কলা বিকলাঙ্ককে এবং লগ্নস্ফুটের রাশি, অংশ, কলা ও বিকলাঙ্ককে পৃথক্‌ পৃথক্‌ স্থানে স্থাপন করিবে। পরে এক একটী গ্রহস্ফুটের রাশির অঙ্ককে ৩০ দিয়া গুণ করিয়া গুণফলকে সেই গ্রহস্ফুটের অংশের সহিত যোগ করিবে, পরে ঐ যোগজাঙ্ককে * ৪০ দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট অঙ্ককে ৬০ দিয়া গুণ করিয়া পরের কলাঙ্কের সহিত যোগ করিলে যাহা হইবে তাহাকে পুনর্ব্বার ৬০ দিয়া গুণ করিয়া তৎপরের বিকলাঙ্কের সহিত যোগ করিলে যে অঙ্ক সংখ্যা হইবে, তাহার নাম সেই গ্রহের অংশায়ুঃপল। এই রূপে প্রত্যেক গ্রহস্ফুটের ও লগ্নস্ফুটের রাশি, অংশ, কলা ও বিকলাঙ্ককে এই রূপ প্রক্রিয়া করিলে যে অঙ্ক সংখ্যা হইবে, তাহাই সেই সেই গ্রহের ও লগ্নের অংশায়ুঃ পল হইবে। ১

ইতি আয়ুঃপলানয়নং।

অথ চক্রপাতঃ।

জন্ম লগ্নং গ্রহেণোনং নূনং চক্রার্দ্ধতো যদি।
তৎ কলাস্যাত্তদাহারো নায়ংষড়্‌ভাধিকে বিধিঃ॥ ১॥

লগ্নস্ফুটের রাশি, অংশ, কলা ও বিকলাঙ্ক হইতে রাহু, কেতু ভিন্ন প্রত্যেক গ্রহস্ফুটের রাশি, অংশ, কলা ও বিকলাঙ্ককে বিয়োগ করিয়া যে রাশ্যাদির অঙ্ক অবশিষ্ট থাকিবে ঐ রাশির অঙ্ক যদি ছয়ের অধিক হয় তবে সেই সেই গ্রহের চক্রার্দ্ধ শোধন করিতে হইবে না। ঐ

---

* যোগজাঙ্ক যদি ৪০ চল্লীশের ন্যূন হয়, তাহা হইলে, ভাগ না করিয়া ঐ অঙ্ককে কলা করিবে।

অঙ্ক ছয় রাশির ন্যূন হইলে চক্রার্দ্ধ শোধন করিতে হইবে।

চক্রার্দ্ধ শোধনের প্রক্রিয়া এই যে, লগ্ন স্ফুটের রাশি, অংশ, কলা ও বিকলাঙ্ক হইতে রাহু, কেতু ভিন্ন গ্রহগণের রাশি, অংশ, কলা ও বিকলাঙ্ক বিয়োগ করিলে, ছয় রাশির ন্যূন যে অঙ্ক অবশিষ্ট থাকিবে, তাহার রাশির অঙ্ককে ৩০ দিয়া গুণ করিয়া গুণফলে ঐ বিয়োগাঙ্কের অংশ যোগ করিবে, পরে ঐ যোগজ অঙ্ককে ৬০ দিয়া গুণ করিয়া যে কলা হইবে, তাহার সহিত উহার কলার অঙ্ক যোগ করিলে যে অঙ্ক হইবে, তাহার নাম হারকলা।১

থথ ধৃত্যা থথাঙ্কেন গুণিতং পলমায়ুঃ।
ক্রমতঃ পাপসৌম্যানাং হারাপ্তং শোধনং ভবেৎ ॥ ২ ॥

যে যে গ্রহের চক্রার্দ্ধ শোধনের আবশ্যক হইবে ঐ ঐ গ্রহের চক্রার্দ্ধ শোধনের প্রক্রিয়া প্রকাশ হইতেছে।

পূর্ব্বোক্ত গ্রহগণের আয়ুঃপল যাহা বলা হইয়াছে, তন্মধ্যে যদি রবি, মঙ্গল, শনি এই তিনটী পাপ গ্রহের শোধন করিতে হয়, তাহা হইলে ঐ ঐ গ্রহের আয়ুঃপলকে ১৮০০ আঠারশত দ্বারা গুণ করিতে হইবে। যদি শুভগ্রহ চন্দ্র, বুধ, বৃহস্পতি বা শুক্রের চক্রার্দ্ধশোধন করিতে হয়, তাহা হইলে, ঐ ঐ শুভগ্রহের আয়ুঃপলকে ৯০০ নয়শত দ্বারা গুণ করিতে হইবে। পরে ঐ ঐ গুণ ফলকে স্বীয় স্বীয় হারকলা দ্বারা ভাগ করিলে যে ভাগফল হইবে তাহার নাম শোধন। ২

থথধৃত্যূন হারশ্চেদ্ধারো হারদলং ক্রমাৎ।
আয়ুঃ পলঘ্নং শূন্যাভ্রধৃত্যাপ্তং শোধনং তদা ॥ ৩ ॥

ইহার মধ্যে বিশেষ এই যে, পাপগ্রহ রবি, মঙ্গল ও শনির শোধন আনয়ন কালে হারকলা যদি ১৮০০ আঠার শতের ন্যূন হয় তাহা হইলে ঐ ন্যূন হারকলার সমুদয় অঙ্ক দ্বারা আয়ুঃপলকে গুণ করিয়া গুণফলকে ১৮০০ আঠার শত দ্বারা ভাগ করিয়া যাহা ভাগফল হইবে সেই অঙ্কের নাম শোধন।

যদি শুভগ্রহ চন্দ্র, বুধ, বৃহস্পতি এবং শুক্রের পূর্ব্ব-কথিত শোধনানয়ন কালে হারকলাঙ্ক ১৮০০ আঠার শতের ন্যূন হয়, তবে ঐ হারকলাঙ্কের অর্দ্ধসংখ্যা দ্বারা আয়ুঃপলকে গুণ করিয়া গুণফলকে ১৮০০ আঠার শত দ্বারা ভাগ করিয়া যাহা ভাগফল হইবে সেই অঙ্কের নাম শোধন। ৩

আয়ুঃ পলং শোধনোনমেবং চক্রার্দ্ধশোধনং।
চক্রার্দ্ধশোধনে ত্বেক রাশৌ দ্ব্যাদি গ্রহেসতি।
একস্যাধিক বীর্য্যস্য হানিং সত্যঃ প্রভাষতে ॥ ৪ ॥

ঐ শোধনাঙ্ককে স্বীয় স্বীয় আয়ুঃপল হইতে বিয়োগ করিলে অবশিষ্ট যে অঙ্ক থাকিবে তাহা স্বীয় স্বীয় শুদ্ধায়ুঃপল হইবে, এই প্রক্রিয়াকেই চক্রার্দ্ধ শোধন বলা যায়।

পূর্ব্বে বলা হইয়াছে যে ছয় রাশির ন্যূন হইলে গ্রহ-গণের প্রত্যেক রূপে চক্রার্দ্ধ শোধন করিতে হইবে, কিন্তু যদি এক রাশিস্থিত একাধিক শুভ বা পাপ গ্রহ হয় তবে তাহাদিগের প্রত্যেকের চক্রার্দ্ধ শোধন না করিয়া কেবল উহার মধ্যে যে গ্রহটী সর্ব্বাপেক্ষায় বলবান্ হইবে সেই গ্রহের মাত্র চক্রার্দ্ধ শোধন করিতে হইবে। অন্য গ্রহের চক্রার্দ্ধ শোধন করিবে না। ৪

ইতি চক্রপাত।

অথ অংশায়ুর্ব্বর্ষাদ্যানয়নং।

আয়ুঃপলং হতং স্বীয়ৈর্গুণৈর্যোগ্যৈঃ কলাদিকৈঃ।
ষষ্ট্যাপ্তং তৎপুনঃ সূর্য্য সহস্রাপ্তং সমাদয়ঃ।
তনোরায়ুঃ পলং সূর্য্য সহস্রাপ্তং সমাদয়ঃ ॥ ১ ॥

অংশায়ুতে গ্রহ ও লগ্ন দত্তায়ুর্ব্বর্ষাদি যেরূপে গণনা করিতে হইবে তাহা এক্ষণে বলা হইতেছে।

পূর্ব্বোক্ত গ্রহগণের স্বীয় স্বীয় কর্ম্ম যোগ্যগুণক অঙ্ক দ্বারা স্বীয় স্বীয় আয়ুঃপলের অঙ্ককে গুণ করিলে যে অঙ্ক সংখ্যা হইবে তাহাকে ৬০ যাইট দিয়া ভাগ দিবে, পরে ঐ ভাগফলকে ১২০০০ বার হাজার দ্বারা ভাগ করিলে যে লব্ধ হইবে তাহাই সেই সেই গ্রহের দত্তায়ুর্ব্বর্ষ হইবে।

অবশিষ্টাঙ্ককে ১২ বার দ্বারা গুণ করিয়া ১২০০০ বার হাজার দ্বারা ভাগ করিলে যে লব্ধ হইবে তাহা মাস জানিবে, অবশিষ্টাঙ্ককে ৩০ ত্রিশ দ্বারা গুণ করিয়া

১২০০০ বার হাজার দ্বারা ভাগ দিলে ভাগ লব্ধ অঙ্ক দিন হইবে, ভাগাবশিষ্ট থাকিলে তাহাকে ৬০ষাইট দ্বারা গুণ করিয়া ১২০০০ বার হাজার দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে তাহা দণ্ড; আবশ্যক হইলে ঐরূপ প্রক্রিয়া দ্বারা পল বিপল জানিতে পারিবে।

এক্ষণ লগ্নদত্তায়ুর্ব্বর্ষাদি গণনার প্রণালী বলা হইতেছে। লগ্নের আয়ুঃপল অঙ্ককে ১২০০০ বার হাজার দ্বারা ভাগ করিলে যে লব্ধ হইবে তাহা লগ্নদত্তায়ুর্ব্বর্ষ; ভাগাবশিষ্ট অঙ্ককে ১২ বার দিয়া গুণ করিয়া ১২০০০ বার হাজার দ্বারা ভাগ দিলে যে লব্ধ হইবে তাহা মাস, ভাগাবশিষ্ট অঙ্ক ত্রিশ দ্বারা গুণ করিয়া ১২০০০ বার হাজার দ্বারা ভাগ করিলে যাহা লব্ধ হইবে তাহা দিন, ভাগাবশিষ্ট অঙ্ককে ৬০ ষাইট দ্বারা গুণ করিয়া ১২০০০ বার হাজার দ্বারা ভাগ দিলে যাহা লব্ধ হইবে তাহ দণ্ড। ক্রমে ঐ রূপ প্রক্রিয়া দ্বারা পল বিপল ইত্যাদি জানিবেন॥ ১॥

চেল্লগ্নং বলবদ্‌যোজ্যা রাশিতুল্য সমাস্তদা।
দ্বাদশাহত ভাগাদ্যৈর্দ্দিনাদ্যৈশ্চাপি সংযুতাঃ।
এবং সূর্য্যাদি লগ্নানামংশায়ুঃ প্রস্ফুটং ভবেৎ॥ ২॥

যদি লগ্নের বল সর্ব্বাপেক্ষায় অধিক হয় তাহা হইলে লগ্ন স্ফুটের রাশির অঙ্ক যত সংখ্যা হইবে ততবর্ষের অঙ্ক লগ্নদত্তায়ুর্ব্বর্ষাঙ্কের সহিত যোগ করিবে, তদ্দ্বারা আয়ুর বর্ষ বৃদ্ধি জানিবে।

অংশ, কলা ও বিকলা প্রত্যেককে ১২ বার দ্বারা গুণ করিয়া তিন স্থানে রাখিয়া প্রথমত বিকলার অঙ্ককে ৬০ ষাইট দ্বারা ভাগ করিয়া ভাগফলকে কলার অঙ্কের সহিত যোগ করিবে। ভাগাবশিষ্ট অঙ্ক এক স্থানে রাখিবে, পরে ঐ যোগজ কলার অঙ্ককে ৬০ ষাইট দ্বারা ভাগ দিয়া ভাগ লব্ধ অঙ্ক অংশাঙ্কের সহিত যোগ দিবে, অবশিষ্টাঙ্ক স্থাপিত কলাঙ্কের বামদিকে রাখিবে। পরে ঐ যোগজ অংশাঙ্ককে ৩০ ত্রিশ দিয়া ভাগ দিলে যাহা লব্ধ হইবে তাহার অবশিষ্টাঙ্ক যাহা থাকিবে তাহা ঐ পূর্ব্বস্থাপিত কলাঙ্কের বাম দিকে রাখিবে, পরে ঐ ত্রিশ লব্ধাঙ্ককে তাহার বামে রাখিবে ঐ লব্ধাঙ্ক ক্রমে মাস, দিন, দণ্ড, পল ইত্যাদি জানিবেন। ঐ মাসাদিকে লগ্নদত্তায়ুর্ব্বর মাসাদির সহিত যোগ করিলে লগ্নদত্তায়ুর্ব্বর্ষ মাস, দিন, দণ্ড, পল হইবে।

রবি আদি সপ্ত গ্রহের ও লগ্নের দত্তায়ুর্ব্বর্ষ, মাস, দিন, দণ্ড, পলাদি সমস্ত একত্র যোগ করিলে যত বর্ষ মাস দিন দণ্ড পলাদি হইবে তত সংখ্যা অংশায়ু নামে জাতকের পরমায়ুর সংখ্যা হইবে॥ ২॥

ইত্যংশায়ুর্দ্দায়ঃ।

অথ পিণ্ডাদিত্রয়ে আয়ুঃপলানয়নং

স্বচ্চান্তরিত খেটস্য কলা আয়ুঃপলং ভবেৎ।
তচ্চেৎ ষড়ভকলান্যূনং তদা তদ্দ্বিগুণা চ্যুতং॥ ১॥

অনন্তর পিণ্ডায়ু, নিসর্গায়ু ও জীবায়ু এই ত্রিবিধ গণনায় কি রূপে আয়ুঃপল আনয়ন করিতে হইবে তাহা লিখিত হইতেছে।

জন্মকালে যে গ্রহ যে রাশির যত অংশাদিতে অবস্থিতি করিবে সেই গ্রহস্ফুটের রাশি, অংশ, কলাদির অঙ্ক এবং সেই গ্রহের উচ্চ রাশি ও অংশের অঙ্ক এই উভয়ের অন্তর করিলে রাশ্যাদির অঙ্ক যাহা অবশিষ্ট থাকিবে, তাহার রাশির অঙ্ককে ৩০ ত্রিশ দ্বারা গুণ করিয়া গুণফল অংশাঙ্কের সহিত যোগ করিবে, পরে ঐ যোগজ অংশাঙ্ককে ৬০ ষাইট দ্বারা গুণ করিয়া কলাঙ্কের সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, সেই অঙ্কসংখ্যার নাম সেই গ্রহের আয়ুঃপল।

যদি ঐ ৬০ষাইট দ্বারা গুণিত যোগজ কলাঙ্ক, ছয় রাশির কলাঙ্ক অর্থাৎ ১০৮০০ দশ হাজার আট শত হইতে ন্যূন হয়, তবে ২১৬০০ একুশ হাজার ছয় শত হইতে বিয়োগ করিতে হইবে। অবশিষ্টাঙ্ক যাহা থাকিবে তাহাই সেই গ্রহের আয়ুঃপল জানিবে। ১

প্রকারান্তরে আয়ুঃপলানয়নং।

স্বনীচান্তরিতঃ খেটঃ সষড়্ভাঃ সকলীকৃতঃ।
আয়ুঃপলাদিকং প্রাজ্ঞৈর্জ্ঞেয়ং পিণ্ডাদিকং ত্রয়ে॥ ২॥

জন্মকালে যে গ্রহ যে রাশির যত অংশাদিতে অব-

স্থিতি করিবে, সেই গ্রহস্ফুটের রাশি অংশ কলাদির অঙ্ক এবং সেই গ্রহের নীচ রাশি ও অংশের অঙ্ক এই উভয়ের অন্তর করিলে রাশ্যাদির অঙ্ক যাহা অবশিষ্ট থাকিবে তাহার রাশির অঙ্ককে ৩০ দ্বারা গুণ করিয়া গুণফল অংশাঙ্কের সহিত যোগ করিবে। পরে ঐ যোগজ অঙ্ককে ৬০ ষাইট দ্বারা গুণ করিয়া কলাঙ্কের সহিত যোগ করিলে যে অঙ্ক হইবে, সেই অঙ্কসংখ্যার নাম সেই গ্রহের আয়ুঃপল। কিন্তু ঐ নীচান্তরিত রাশির অঙ্ক যদি ছয়ের ন্যুন হয়, তবে ঐ রাশ্যঙ্কে ছয় যোগ করিলে যে রাশ্যঙ্ক হইবে তাহাকে পূর্ব্ব প্রক্রিয়া মতে কলা করিলে যে অঙ্কসংখ্যা হইবে তাহাই সেই গ্রহের আয়ুঃপল। এই উভয় বচনোক্ত গণনার প্রণালীমাত্র ভিন্ন, কিন্তু ফল এক রূপ জানিবে। ২

ত্র্যংশোনং শত্রুভস্থস্য বিনারমায়ুষঃ পলং।
অস্তগস্য দ্বিভাগোনং হিত্বা শুক্র শনৈশ্চরৌ॥ ৩॥

মঙ্গল ভিন্ন গ্রহগণ শত্রু বা অধিশত্রু গৃহস্থিত হইলে পূর্ব্বোক্ত রূপে আয়ুঃপল আনয়ন করিয়া তাহা হইতে তৃতীয়াংশ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, সেই অঙ্কই সেই গ্রহের আয়ুঃপল হইবে।

শুক্র ও শনি ভিন্ন গ্রহগণ অস্তগত হইলে পূর্ব্বোক্ত আয়ুঃপল হইতে তাহার অর্দ্ধাংশ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই আয়ুঃপল বলিয়া গ্রহণ করিতে হইবে। ৩

একস্য যদি থেটস্য ত্র্যংশার্দ্ধ হানি সম্ভবঃ।
অধিকৈকা তদা হানিঃ কর্ত্তব্যাত্র বিপশ্চিতা॥ ৪॥

গ্রহগণ শত্রু গৃহস্থিত হইয়া অস্তগত হইলে আয়ুঃপলের অর্দ্ধাংশ বিয়োগ করিতে হইবে। শুক্র ও শনি শত্রুগৃহস্থিত হইয়া অস্তগত হইলে আয়ুঃপলের তৃতীয়াংশ বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্ক আয়ুঃপল বলিয়া গ্রহণ করিবে। ৪

চক্রার্দ্ধ শোধনং কার্য্যং পূর্ব্ববৎ সতি সম্ভবে।
এবমায়ুঃ পলং পৈণ্ডে জীবপ্রোক্তে নিসর্গজে॥ ৫॥

পিণ্ডায়ুঃ, নিসর্গায়ুঃ ও জীবায়ুঃ গণনায় এইরূপে আয়ুঃপল নির্ণীত হইবে।

অংশায়ু গণনায় যেরূপে আয়ুঃপলের চক্রার্দ্ধ শোধনের প্রণালী লিখিত হইয়াছে সেই প্রণালী মতে এই আয়ুঃপলকেও চক্রার্দ্ধ শোধন করিয়া গণনা করিতে হইবে। বিশেষ এই যে সেই স্থলে অংশায়ুঃপল গ্রহণ করিয়া কার্য্য করিতে হইয়াছে এই স্থলে পিণ্ডাদিত্রয়ের আয়ুঃপল গ্রহণ করিয়া কার্য্য করিতে হইবে। এইরূপে চক্রার্দ্ধ শোধন করিয়া যে আয়ুঃপল গৃহীত হইবে তাহাই শুদ্ধায়ুঃপল। ৫

ইতি পিণ্ডাদিত্রয়ে আয়ুঃপলানয়নং।

অথ পিণ্ডায়ুর্গণনা।

রবেরায়ুঃপলং ত্র্যাপ্তং দ্বিনথাংশং দিনাদিকং।
পিণ্ডমায়ুর্ভবেদিন্দোর্ব্বাণঘ্নং দ্বাদশোদ্ধৃতং॥ ১॥

পূর্ব্ব প্রণালীমতে রবির শুদ্ধায়ুঃপল গ্রহণ করিয়া তাহাকে তিন দিয়া ভাগ করিলে যাহা ভাগ ফল লব্ধ হইবে তাহাকে ২ দুই স্থানে রাখিবে। পরে তাহার একটী অঙ্ককে ২০ কুড়ি দ্বারা ভাগ করিয়া যাহা ভাগ ফল লব্ধ হইবে দ্বিতীয় অঙ্ক হইতে তাহা বিয়োগ করিলে যত কলা বিকলা অবশিষ্ট থাকিবে তত দিন দণ্ড, রবিপ্রদত্ত পিণ্ডায়ুঃ হইবে।

চন্দ্রের আয়ুঃপল যাহা হইবে তাহা গ্রহণ করিয়া যে অঙ্ক হইবে তাহাকে পাঁচ দিয়া গুণ করিয়া গুণফলকে ১২ বার দিয়া ভাগ করিবে, ঐ ভাগ ফলে যত কলাবিকলাদির অঙ্ক থাকিবে তত দিন দণ্ডাদি চন্দ্র প্রদত্ত পিণ্ডায়ুঃ হইবে। ১

কুজ গুর্ব্বোর্যুগেনাপ্তং বুধস্য পঞ্চভির্হৃতং।
কবেঃ শৈলহতং বিংশত্যাপ্তং শৌরে র্গুণোদ্ধৃতং॥ ২॥

মঙ্গল ও বৃহস্পতির আয়ুঃপল গ্রহণ করিয়া তাহাকে ৪ চারি দ্বারা ভাগ করিলে যত কলা বিকলা ভাগ ফল হইবে তত দিন দণ্ডাদি মঙ্গল ও বৃহস্পতির দত্তপিণ্ডায়ুঃ জানিবে।

বুধের আয়ুঃপল গ্রহণ করিয়া তাহাকে ৫ পাঁচ দিয়া

ভাগ করিলে যত কলা বিকলাদি ভাগ ফল হইবে, তত দিন দণ্ডাদি বুধের প্রদত্তায়ুঃ জানিবে।

শুক্রের আয়ুঃপল গ্রহণ করিয়া তাহাকে ৭ সাত দিয়া গুণ করিলে যত গুণফল হইবে, তাহাকে ২০ কুড়ি দিয়া ভাগ করিলে যত কলা বিকলা ভাগ ফল হইবে তত দিন দণ্ডাদি শুক্র প্রদত্ত পিণ্ডায়ুঃ জানিবে।

শনির আয়ুঃপল গ্রহণ করিয়া তাহাকে ৩ তিন দিয়া ভাগ করিলে যত কলা বিকলা ভাগ ফল লব্ধ হইবে তত দিন দণ্ডাদি শনি প্রদত্ত পিণ্ডায়ুঃ হইবে॥ ২

ইতি পিণ্ডায়ুর্গণনা।

অথ নিসর্গায়ুর্গণনা।

বিধোরায়ুঃ পলং লব্ধং খরসৈঃ স্যাদ্দিনাদিকং।
নিসর্গে শশিপুত্রস্য রামঘ্নং খনমোদ্ধৃতং॥ ১॥

চন্দ্রের আয়ুঃ পল গ্রহণ করিয়া তাহাকে ৬০ দিয়া ভাগ করিয়া যত কলা বিকলাদি হইবে তত দিন দণ্ডাদি চন্দ্র দত্ত নিসর্গায়ু জানিবে।

বুধের আয়ুঃপল গ্রহণ করিয়া তাহাকে ৩ তিন দিয়া গুণ করিলে যে গুণ ফল হইবে তাহাকে ২০ দ্বারা ভাগ করিয়া যত কলা বিকলা ভাগ ফল হইবে তত দিন দণ্ডাদি বুধের নিসর্গায়ু হইবে॥ ১

রবি কব্যোগু র্ণেনাপ্তং কুজস্য খগুণোদ্ধৃতং।
গুরো স্ত্রিঘ্নং খচন্দ্রাপ্তং শনেস্তর্কাংশকোনিতং॥ ২॥

রবি ও শুক্রের আয়ুঃ পল গ্রহণ করিয়া ৩ তিন দিয়া ভাগ করিলে যত কলা বিকলাদি ভাগফল হইবে তত দিন দণ্ডাদি রবি ও শুক্রের নিসর্গায়ু জানিবে।

মঙ্গলের আয়ুঃপল গ্রহণ করিয়া তাহাকে ৩০ ত্রিশ দ্বারা ভাগ করিলে যত কলা বিকলাদি ভাগ ফল হইবে তত দিন দণ্ডাদি মঙ্গলের নিসর্গায়ু হইবে।

বৃহস্পতির আয়ুঃপল গ্রহণ করিয়া তাহাকে ৩ তিন দিয়া গুণ করিয়া গুণ ফলকে ১০ দশ দ্বারা ভাগ করিলে যত কলা বিকলাদি ভাগ ফল হইবে তত দিন দণ্ডাদি বৃহস্পতি প্রদত্ত নিসর্গায়ু হইবে।

শনির আয়ুঃপল গ্রহণ করিয়া তাহাকে দুই স্থানে রাখিবে পরে একটী অঙ্ককে ৬ দিয়া ভাগ করিলে যাহা ভাগ ফল হইবে, দ্বিতীয় অঙ্ক হইতে তাহা বিয়োগ করিলে যত কলা বিকলাদি অবশিষ্ট থাকিবে তত দিন দণ্ডাদি শনির নিসর্গায়ু জানিবে॥ ২

ইতি নিসর্গায়ুঃ।

অথ জীবায়ুর্গণনা।

আয়ুঃ পল মিনাদীনাং খাব্ধিযম্নাগ ভাগযুক্।
দ্বিঘ্নং সপ্তাপ্তমায়ুঃ স্যাদ্দিনাদ্যং জীবভাষিতে॥ ১॥

জীবায়ু গণনায় সকল গ্রহের গণনা প্রণালী একরূপ; পৃথক্ পৃথক্ প্রাণালীতে কার্য্য করিতে হয় না সুতরাং এক গ্রহের প্রক্রিয়া মাত্র লিখিত হইল, ইহা দৃষ্টে সকল গ্রহের আয়ু গণনা করিতে হইবে।

আয়ুঃপল গ্রহণের প্রণালীমতে কোন গ্রহের আয়ুঃ-পল গ্রহণ করিয়া তাহাকে দুই স্থানে রাখিবে পরে একটী অঙ্ককে ৮৬৪০ আট হাজার ছয় শত চল্লিশ দিয়া ভাগ করিলে যাহা ভাগ ফল হইবে দ্বিতীয় অঙ্ক হইতে তাহা বিয়োগ করিলে যত কলা বিকলাদি অবশিষ্ট থাকিবে ঐ অবশিষ্টাঙ্ককে ২ দুই দিয়া গুণ করিয়া গুণ ফলকে ৭ সাত দিয়া ভাগ করিলে যত কলা বিকলাদি ভাগ ফল হইবে তত দিন দণ্ডাদি সেই গ্রহের প্রদত্ত আয়ু জানিবে।

এইরূপে সকল গ্রহের প্রত্যেকে আয়ু গণনা করিয়া জীবায়ু স্থির করিতে হইবে॥ ১

ইতি জীবায়ুর্গণনা।

অথ লগ্নায়ুর্গণনা।

বিরাশি লগ্ন বিকলা খখখার্ক হৃতাতনোঃ।
তদংশকসমং জ্ঞেয়মায়ুঃ পিণ্ডাদিকত্রয়ে॥ ১॥

লগ্ন স্ফুট গণনা করিয়া যত রাশি কলা প্রাপ্ত হইবে তাহার রাশির অঙ্ক পরিত্যাগ করিয়া কলাঙ্ককে ৬০ দিয়া গুণ করিয়া বিকলাঙ্কের সহিত যোগ করিতে হইবে। পরে ঐ যোগজ বিকলাঙ্ককে ১২০০০ বার হাজার দিয়া ভাগ করিলে যত হইবে তাহাকে পুনর্ব্বার বিকলা করিয়া

লগ্নায়ুর দিন দণ্ডাদি স্থির করিতে হইবে। অর্থাৎ যত কলা তত দিন এবং যত বিকলা তত দণ্ড লগ্নায়ু জানিবে ॥ ১

অংশতুল্যং তনো আয়ুর্ব্বদন্তি বহবো বুধাঃ।
কেচিদ্রাশিসমং কেচিত্তস্য যশ্চাধিপো বলী ॥ ২ ॥

লগ্নায়ু গণনার অনেক মত ভেদ আছে, তাহার মধ্যে অনেকানেক পণ্ডিতগণ বলেন যে, জন্ম কালে লগ্নের যত নবাংশ ভুক্ত হইয়াছে তত বৎসর লগ্নায়ু; আর কোন কোন পণ্ডিতের মতে লগ্ন স্ফুটে রাশির অঙ্ক যত, তত বৎসর লগ্নায়ু। অন্য কোন পণ্ডিত বলেন যে, বলবান্ লগ্নাধিপতি যে গ্রহ তাহার যে নির্দ্দিষ্ট আয়ু উক্ত হইয়াছে তাহাই লগ্নায়ুঃ ॥ ২

ইতি লগ্নায়ুঃ সাধনং।

অথায়ুর্হানিঃ।

লগ্ন স্ফুটস্য লিপ্তাভির্হন্যাদায়ঃ খচারিণাম্।
প্রত্যেকং চক্র লিপ্তাভির্ভজেদ্বর্ষাদিকং ভবেৎ।
অনেন হীনং স্বস্বায়ুর্লগ্নে পাপগ্রহে সতি।
লগ্নেস্ত সৌম্যখেটেন তদর্দ্ধেন তদা বিযুক্ ॥ ১ ॥

লগ্নস্ফুট স্থির করিয়া তাহার রাশির অঙ্ককে ৩০ ত্রিশ দ্বারা গুণ করিলে যাহা হইবে, তাহা অংশাঙ্কের সহিত যোগ করিবে; পরে ঐ যুক্তাঙ্ককে ৬০ ষাইটদ্বারা গুণ করিয়া গুণফলকে পরবর্ত্তী কলাঙ্কের সহিত যোগ করিলে যাহা হইবে তাহা এক স্থানে সংস্থাপন করিবে, পরে পূর্ব্বপ্রণালী মতে এক একটী গ্রহের দত্ত আয়ু স্থির করিয়া তাহাকে উক্ত স্থাপিত অঙ্ক দ্বারা গুণ করিয়া গুণফলকে ২১৬০০ একুশ হাজার ছয় শত দিয়া ভাগ করিলে যে বৎসরাদি ভাগফল হইবে, তাহা স্ব স্ব গ্রহের প্রদত্ত আয়ুর বৎসরাদি হইতে বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই আয়ু স্থির করিবে।

যদি লগ্নেতে পাপগ্রহ থাকে তবেই এইরূপ কার্য্য করিতে হইবে। আর যদি ঐ পাপগ্রহযুক্ত লগ্নে কোন শুভগ্রহের দৃষ্টি থাকে, তবে স্ব স্ব গ্রহের প্রদত্ত আয়ু হইতে উক্ত ভাগফলের অর্দ্ধ বিয়োগ করিয়া আয়ু স্থির করিবে। ১

ব্যাখ্যানমুৎপলস্যৈব বৃহজ্জাতক ভাষিতম্।
কেচিৎ প্রাহুর্লগ্ন রাশিং ত্যক্ত্বা লিপ্তাদিভিঃ ক্রিয়া ॥ ২ ॥

ভট্টোৎপল বৃহজ্জাতকোক্ত বচনের এইরূপ ব্যাখ্যা করিয়াছেন। কোন কোন গ্রন্থকার বলেন যে লগ্নস্ফুটাঙ্কের রাশির অঙ্ক পরিত্যাগ করিয়া অংশ কলাদির অঙ্ক দ্বারা গ্রহ প্রদত্ত আয়ুকে গুণ করিতে হইবে। ২

অন্যে লগ্নস্থ পাপস্য ভাবোত্থ ফলতাড়িতং।
পুরাপ্তং শোধ্যমায়ুর্য্যত্তৎ ষষ্ট্যাপ্তং বিশোধয়েৎ ॥ ৩ ॥

অন্যান্য গ্রন্থকার বলেন যে, লগ্নস্থ পাপগ্রহের ভাবফল দ্বারা গ্রহদত্ত আয়ুকে গুণ করিয়া গুণফলকে ২১৬০০ একুশ হাজার ছয় শত দ্বারা ভাগ করিলে যে ভাগফল হইবে; তাহাকে ৬০ ষাইট দিয়া ভাগ করিয়া ঐ ভাগফলকে গ্রহপ্রদত্ত আয়ু হইতে বিয়োগ করিয়া আয়ু স্থির করিবে। ৩

তত্রাপি লগ্নে পাপৌচেৎ বলিষ্ঠস্য ফলেন তৎ।
সৌম্যে পুষ্ট ফলেনৈব ক্রিয়া কার্য্যাবিচক্ষণৈঃ ॥ ৪ ॥

দুইটী বা তিনটী পাপগ্রহ লগ্নে থাকিলে তাহাদের মধ্যে যে গ্রহ বলবান্ হইবে, তাহার ভাবফল দ্বারা গ্রহপ্রদত্ত আয়ুকে গুণ করিয়া গুণফল লইয়া পূর্ব্ববৎ কার্য্য করিতে হইবে।

দুইটী বা তিনটী শুভগ্রহ লগ্নে থাকিলে তাহাদের মধ্যে যে গ্রহ শুভ ফল প্রদান করিবেন সেই গ্রহের ভাবফল দ্বারা গ্রহ প্রদত্ত আয়ুকে গুণ করিয়া পূর্ব্ববৎ কার্য্য করিতে হইবে। ৪

পাপেপি লগ্নপেলগ্নে ন কর্ত্তব্যা স্থিয়ং ক্রিয়া।
অংশায়ুষি ন কার্য্যৈবাহানিঃ প্রোক্তৈঃ কদাচন ॥ ৫ ॥

লগ্নে পাপগ্রহ থাকিলে যদি ঐ পাপগ্রহ লগ্নাধিপতি হয়, তবে আয়ু হানি করিতে হইবে না।

পিণ্ডায়ু, নিসর্গায়ু ও জীবায়ু গণনা কালে আয়ুহানির গণনার প্রক্রিয়া করিতে হইবে, কিন্তু অংশায়ু গণনা কালে এইরূপ আয়ু হানি গণনার প্রক্রিয়া করিবে না। ৫

ইতি আয়ুর্হানিঃ।

এইরূপে সমস্ত গ্রহের ও লগ্নের আয়ুর্দ্দায় পৃথক্ পৃথক্ গণনা করিয়া একত্র যোগ করিলে যত বৎসরাদি হইবে তাহাই জাতকের পরমায়ু জানিবে।

অথায়ুঃসাধনাধিকারঃ।

লগ্নস্য বীর্য্যাদংশোত্থংপৈণ্ডং ভানোর্ব্বলাধিকাৎ।
নিসর্গোত্থং বিধোর্ব্বীর্য্যাদায়ুঃ সাধ্যং বিচক্ষণৈঃ॥ ১॥

আয়ুর্দ্দায় গণনা প্রণালী বলা হইল এইক্ষণ কোন ব্যক্তির পক্ষে কোন প্রকার আয়ুগণনা করিতে হইবে, তাহা বলা যাইতেছে।

যে ব্যক্তির জন্ম কালে লগ্ন বলবান্ থাকিবে, তাহার পক্ষে অংশায়ু গণনা করিবে। এই রূপ যাহার জন্ম কালে সূর্য্য বলবান্ হইবে, তাহার পক্ষে পিণ্ডায়ু গণনা করিতে হইবে।

যাহার জন্ম কালে চন্দ্র বলবান্ হইবে, সেই ব্যক্তির পক্ষে নিসর্গায়ু গণনা করিবে। ১

ত্রয়শ্চেদ্বল হীনাঃ স্যুর্জীবোক্তং সাধয়েত্তদা।
লগ্নেন্দ্বোর্লগ্নভান্বোশ্চ সূর্য্যেন্দ্বোঃ সমবীর্য্যয়োঃ।
যদায়ুষো র্যদৈক্যার্দ্ধং তদুক্তং শ্রীধরাদিভিঃ॥ ২॥

যে ব্যক্তির জন্ম কালে লগ্ন, চন্দ্র ও সূর্য্য এই তিনটী গ্রহ দুর্ব্বল হইবে, তাহার পক্ষে জীবায়ু গণনা করিবে।

যাহার জন্ম কালে লগ্ন ও চন্দ্র উভয়ই বলবান্ হইবে সেই ব্যক্তির পক্ষে অংশায়ু ও নিসর্গায়ু এই উভয়বিধ আয়ু গণনা করিয়া ঐ দুই আয়ুর অঙ্ক একত্র যোগ করিয়া যোগ ফলের অর্দ্ধ বর্ষ, মাস, দণ্ডাদি যাহা হইবে, তাহাই আয়ু স্থির করিবে।

যাহার জন্ম কালে লগ্ন ও সূর্য্য এই উভয় বলবান্ হইবে সেই ব্যক্তির পক্ষে অংশায়ু ও পিণ্ডায়ু গণনা করিয়া ঐ গণিত উভয় আয়ুর অঙ্ককে একত্র যোগ করিয়া যোগ ফলের অর্দ্ধ বর্ষ, মাস, দণ্ডাদি যাহা হইবে, তাহাই পরমায়ু স্থির করিবে।

যাহার জন্ম কালে সূর্য্য ও চন্দ্র উভয়ই বলবান্ হইবে, তাহার পক্ষে পিণ্ডায়ু ও নিসর্গায়ু গণনা করিয়া ঐ গণিত আয়ুদ্বয়ের অঙ্ককে একত্র যোগ করিয়া যোগ ফলের অর্দ্ধ বর্ষ, মাস, দণ্ডাদি যাহা হইবে তাহা গ্রহণ করিয়া আয়ু স্থির করিবে। ২

ইতি আয়ুঃসাধনাধিকার।

অথ সাধন শোধনম্।

নাক্ষত্র সাবনস্বায়ুঃ পৃথক্ শূন্য নগাংশকৈঃ।
সাষ্টসূর্য্যাংশকৈর্হীনং সৌরং বর্ষাদিকং ভবেৎ।১।

আয়ুর্দ্দায় গণনা করিয়া যাহার যত বৎসরাদি আয়ু হইবে, সেই অঙ্ককে দুই স্থানে স্থাপিত করিবে, পরে একটী অঙ্ককে ৭০ দ্বারা ভাগ করিয়া এই ভাগ ফল হইতে তাহার ১২৮ একশত আটাইশ ভাগের এক ভাগ বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহাকে ঐ স্থাপিত দ্বিতীয় অঙ্ক হইতে বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট হইবে, তাহাই প্রকৃত আয়ু জানিবে। ১

পথ্যাশিনঃ স্ব ধর্ম্মাণঃ সৎকুলাঢ্যা জিতেন্দ্রিয়াঃ।
দ্বিজ দেবার্চ্চন রতাস্তেষা মায়ু রুদীরিতম্॥ ২॥

যে যে ব্যক্তি পথ্যাশী, স্বধর্ম্মানুরক্ত, সৎকুলজাত, জিতেন্দ্রিয় এবং দ্বিজ দেবার্চ্চনাতে তৎপর, সেই সেই ব্যক্তি উক্তরূপ নিরূপিত আয়ু পাইবে। ২

যে পাপলুব্ধকৃপণা দেব ব্রাহ্মণ নিন্দকাঃ।
বন্ধুগুর্ব্বঙ্গনা শক্তাস্তেষাং মৃত্যুরকালজঃ॥ ৩॥

যে যে মনুষ্য পাপী, লুব্ধ, কৃপণ, দেব ব্রাহ্মণনিন্দক, এবং বন্ধুপত্নী ও গুরুপত্নীতে আশক্ত, সেই সেই মনুষ্য উক্তরূপ নির্দ্দিষ্ট আয়ু না পাইয়া অকালে মৃত্যুমুখে পতিত হয়। ৩

ইতি শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় সঙ্কলিত ও প্রকাশিত ফলিত জ্যোতিষে শ্রীরাঘবানন্দ চক্রবর্ত্তি বিরচিতায়াং বিদগ্ধতোষণ্যাং আয়ুর্দ্দায়াধ্যায়ঃ।

অথ বৃহজ্জাতকোক্ত আয়ুর্দ্দায়।

ও ভট্টোৎপলকৃত টীকা।

ময় যবন মনিত্থ শক্তিপূর্ব্বৈ-
র্দ্দিবসকরাদিষু বৎসরাঃ প্রদিষ্টাঃ।
নবতিথি বিষয়াশ্বিভূতরুদ্রৈ-
র্দ্দশসহিতা দশভিঃ স্বতুঙ্গভেষু॥ ১॥

অথায়ুর্দ্দায়াধ্যায়োক্তারিষ্ট বর্জ্জিতস্য আয়ুর্দ্দায়ঃ কর্ত্তব্যঃ।

তত্রাদাবেব ময়যবন মনিত্থ পরাশর মতেন প্রত্যেকস্য গ্রহস্য পরমায়ুঃ প্রমাণং পুষ্পিতাগ্রয়াহ ময়যবনেতি।

ময়নামা দানবঃ সূর্য্যবর প্রসাদঃ যবনো ম্লেচ্ছজাতীয়ো হোরাবিৎ মনিত্থঃ আচার্য্যঃ শক্তিপূর্ব্বঃ পরাশরঃ, শক্তিঃ পূর্ব্বোযস্য স শক্তিপূর্ব্বঃ পূর্ব্বশব্দেন পিতা উচ্যতে তৈঃ ময়যবনমনিত্থ শক্তিপূর্ব্বৈঃ দিবসকরাদিষু আদিত্যাদিষু গ্রহেষু বৎসরাঃ সম্বৎসরাঃ পরমায়ুঃপ্রমাণাখ্যাঃ প্রদিষ্টাঃ উক্তাঃ। নবতিথিবিষয়াশ্বি ইত্যাদি অত্র নবাদিভির্দ্দশসহিতা ইতি সর্ব্বত্রৈব বিশেষভূতং তেন নবভিঃ সহিতা দশ একোনবিংশতিঃ, পরমায়ুঃ প্রমাণ বৎসরাঃ দিবসকরস্যাদিত্যস্য তিথিভিঃ পঞ্চদশভিঃ সহিতা দশ পঞ্চবিংশতি শ্চন্দ্রস্য, বিষয়ৈঃ পঞ্চভিঃ সহিতা দশ পঞ্চদশ ভৌমস্য, অশ্বিভ্যাং দ্বাভ্যাং সহিতাদশ দ্বাদশ বুধস্য, ভূতৈঃ পঞ্চভিঃ সহিতা দশ পঞ্চদশ গুরোঃ, রুদ্রৈঃ একাদশভিঃ সহিতা দশ একবিংশতিঃ শুক্রস্য, দশভিঃ সহিতাদশ বিংশতিঃ সৌরস্য, এতানি গ্রহাণাং পরমায়ুঃ প্রমাণ বর্ষাণি স্বতুঙ্গেষু স্বপরমোচ্চাংশ স্থিতেষু ভবন্তি। তত্রেদৃশাঃ পরমোচ্চ স্থিতা আদিত্যাদয়ো ভবন্তি যথানির্দ্দিষ্টবর্ষাণি প্রয়চ্ছন্তি। অঙ্কেনাপি এতাস্য র্কাদীনাং পরমায়ুঃপ্রমাণবর্ষাণি ॥ ১ ॥

নীচেতোহর্দ্ধং হ্রসতি চ ততশ্চান্তরস্থেঽনুপাতো
হোরাত্বংশপ্রতিমমপরে রাশিতুল্যং বদন্তি।
হিত্বা বক্রং রিপুগৃহগতৈর্হীয়তে স্বত্রিভাগঃ।
সূর্য্যোচ্ছিন্ন দ্যুতিষু চ দলং প্রোজ্ঝ্য শুক্রার্কপুত্রৌ॥২

অথ পরম নীচাবস্থিতানা মায়ুর্দ্দায়জ্ঞানঞ্চ মন্দাক্রান্তয়াহ নীচেতি নীচতরাএব দিবসকরাদয়ো নীচে পরমনীচে প্রাপ্তা অর্দ্ধং পরমায়ুঃ প্রমাণ বর্ষেভ্যোঽপহরন্তি। অতএবোক্তং নীচেঽতোঽস্মাৎ পূর্ব্বোক্তাৎ পরমায়ুষোঽর্দ্ধং দলং হ্রসতি ক্ষীয়তে। অথে দৃশা রব্যাদয়ঃ পরমনীচস্থা ভবন্তি পরম নীচস্থাস্তএব পূর্ব্বোক্তায়ুষোঽর্দ্ধং দলং প্রয়চ্ছন্তি তদ্‌যথা রবিঃ নবসার্দ্ধানি বর্ষাণি প্রয়চ্ছন্তি, এবং চন্দ্রঃ সার্দ্ধ দ্বাদশ বর্ষাণি প্রয়চ্ছন্তি, এবং ভৌমঃ সপ্ত সার্দ্ধানি বর্ষাণি এবং বুধঃ ষট্ এবং বৃহস্পতিঃ সপ্ত সার্দ্ধানি এবং শুক্রঃ দশ সার্দ্ধানি শনৈশ্চরঃ দশ অঙ্কেনাপি বর্ষ ৯ মাস ৬ অয়ং সূর্য্যস্য। চন্দ্রস্য বর্ষ ১১ মাস ৬। ভৌমস্য বর্ষ ৭ মাস ৬। বুধবর্ষ ৬ মাস ০। গুরোঃ বর্ষ ৭ মাস ৬। শুক্রস্য বর্ষ ১০ মাস ৬। শনেঃ বর্ষ ১০ মাস ০। ততশ্চান্তরস্থেঽনুপাত ইতি তত স্তস্মাৎ উচ্চাৎ নীচান্তরস্থে মধ্যবর্ত্তিনি গ্রহে অনুপাতঃ ত্রৈরাশিকঃ কর্ত্তব্যঃ তত্র তাবদ্বষস্যৈব গ্রহস্য পরমোচ্চ পরম নীচান্তরাণাং রাশিষট্কং ভবতি। লিপ্তাপিণ্ডীকৃতং দশ সহস্রাণি শতানি ভবন্তি। তত্র অষ্টৌ স্বোচ্চাদধিকং গ্রহেণ যদা ভুক্তং ভবতি তদাতত্র স্বোচ্চং বিশোধ্য শেষস্য লিপ্তা পিণ্ডী কার্য্যাং অথ স্বনীচাদধিকং গ্রহেণ ভুক্তং ভবতি তদা তত্র স্বনীচ মপাস্য অবশেষলিপ্তা পিণ্ডীকার্য্যং তাসাং লিপ্তানাং গ্রহভুক্ত লিপ্তা গণ ইত্যাখ্যা তস্যৈব গ্রহস্য পরম নীচোক্তানি বর্ষাণি মাস যুতানি কার্য্যাণি। কথমুচ্যতে বর্ষাণি দ্বাদশভিঃ সংগুণ্য তত্র মাসান্ যোজয়েৎ তানি চ কৃতান্যাদিত্যাদীনাং লিখ্যন্তে তদ্‌যথা চতুর্দ্দশাধিকং শতং রবেঃ সার্দ্ধংশতং চন্দ্রস্য নবতিঃ ভৌমস্য দ্বিসপ্ততির্ব্বুধস্য নবতির্জ্জীবস্য ষড়্‌বিংশত্যধিকং শতং শুক্রস্য বিংশত্যধিকং শতং সৌরস্য অঙ্কেনাপি ১১৪ সূ, ১৫০ চং, ৯০ মং, ৭২ বু, ৯০ বৃ, ১২৬ শু, ১২০ শনেঃ, তত্র ত্রৈরাশিকং যদি ভগণার্দ্ধ লিপ্তাভিঃ খখাষ্ট দিক্ সঙ্খ্যাভিরেতাভিঃ ১০৮০০ ইষ্ট গ্রহ পরম নীচ মাসা লভ্যন্তে তদ্‌গ্রহ ভুক্ত লিপ্তাভিঃ ক্রিয়ন্ত ইতি।

তত্রেদং সূত্রং ত্রৈরাশিকে প্রমাণং ফলমিষ্টাদ্যন্তয়োঃ সদৃশ রাশী ইচ্ছা ফলেন গুণিতা প্রমাণ ভক্তা ফলং ভবতি তদ্বৎ গ্রহ ভুক্ত লিপ্তা এবং গ্রহ পরম নীচ মাসৈঃ সংগুণ্য ভগণার্দ্ধ লিপ্তাভিঃ বিভাজ্যাবাপ্তং মাসাঃ মাসশেষং ত্রিংশদ্‌গুণিতং ৩০, তেনৈব চ্ছেদেন ভাগমপহৃত্যা বাপ্তং দিবসাঃ দিনশেষং ষষ্ট্যা- সংগুণ্য তেনৈব চ্ছেদেন ভাগমপহৃত্যা বাপ্তং ঘটিকাঃ ঘটিকা শেষং ষষ্ট্যা সংগুণ্য প্রাগ্বদ্বিভাজ্যাবাপ্তঞ্চ শেষকাঃ। এবং মাসাদিশ্চ শেষকান্তঃ কাল আগতঃ মাসানাং দ্বাদশভির্ভাগমপহৃত্য বর্ষাণি লভ্যন্তে শেষং মাসাঃ এব মাগতং বর্ষাদিপরমোচ্চায়ুর্দ্দর্শিতবর্ষেভ্যঃ সংশোধ্য অবশেষং গ্রহেণ বর্ষাদিরায়ুষঃ কালো দত্তো ভবতি। এবমুচ্চাদিচ্যুতস্য নীচমপ্রাপ্তস্য কর্ত্তব্যং নীচাদ্বিচ্যুতোঽস্য প্রাপ্তস্য প্রাগ্বৎ কালমানীয় তস্য গ্রহস্য পরমনীচার্দ্ধায়ুষি সংযোজ্য গ্রহস্যায়ুষঃ কালো বর্ষাদির্ভবতি। অথবা যদি রাশি ষট্‌কলিপ্তাভিরর্দ্ধায়ুর্ব্বর্ষাণি অপচীয়ন্তে তদৈতাভিঃ গ্রহভুক্ত লিপ্তাভিঃ কিমিত্যস্ত মধ্যম রাশিং সবর্ণীকৃত্য তেন গ্রহভুক্তলিপ্তাঃ গুণয়েৎ ততঃ পরিবর্ত্ত্য ভাগহারচ্ছেদাংশৈঃ চ্ছেদসংগুণচ্ছেদাংশাংশগুণো ভাজ্যঃ স্বভাগহারঃ। সবর্ণীতয়োরিত্যত্র বর্ষাণি মধ্যম স্বচ্ছেদেন দ্বিকেন ভগণার্দ্ধেন লিপ্তাঃ সংগুণ্য স্বস্ব ষট্‌ধনলিপ্তা ভবন্তি ২১৬০০ এতাভির্ভাগমপহৃত্য বর্ষাণি লভ্যন্তে শেষং দ্বাদশভিঃ সবিকলং সংগুণ্য অধঃস্থস্য বিকলস্য ষষ্ট্যাভাগ মপহৃত্যো পরিতেন রাশৌ সংযোজ্য প্রাগ্বদ্বিভাজ্য মাসা লভ্যন্তে এবং শেষং সবিকলং ত্রিংশতাষষ্ট্যা-

সংগুণ্য দিন ঘটিকা বিষঘটিকাশ্চানয়ীতব্যাঃ শেষং প্রাগ্বৎ কর্ম্ম। অথ লঘুনোপায়েন পিণ্ডায়ুষ আনয়নং প্রদর্শ্যতে তদ্‌যথেষ্ট গ্রহাদস্মাৎ প্রাগুক্তমুচ্চ ধ্রুবকং বিশোধ্যাবশেষং কর্ম্ম ভূমৌ স্থাপয়েৎ। অথোচ্চ ধ্রুবকং ন শুধ্যতি তদা গ্রহরাশিদ্বাদশকং দত্ত্বা তস্মাদুচ্চমপাস্যাবশেষং স্থাপয়েৎ ততস্তদেবশেষ রাশি ষট্‌কাদূনং ভবতি তদা রাশিদ্বাদশকাদপাস্য শেষং স্থাপ্যং অথ রাশি ষট্‌কাদধিকং ভবতি তদা তদেব গ্রাহ্যং তৎকর্ম্ম ভূমৌ রাশ্যাদিকং বিলিপ্তান্তং স্বপরমায়ুর্ব্বর্ষৈঃ সংগুণ্য স্বচ্ছেদৈর্ব্বিভাজ্য লব্ধমুপর্য্যুপরিযোজয়েৎ অবশেষং স্থাপয়েৎ বিলিপ্তাস্থানে ষষ্ট্যা লিপ্তা স্থানেঽপি ষষ্ট্যা ভাগানাং ত্রিংশতা রাশীনাং দ্বাদশভিঃ রাশিভ্যো লব্ধং বর্ষাণি তদবশেষং মাসাঃ ভাগশেষং দিবসাঃ লিপ্তাঃ শেষং ঘটিকাঃ বিলিপ্তা শেষঞ্চ শেষকা ইতি এতাবতৈব কর্ম্মণা স্ফুটং ভবতি তথা চ সারাবল্যাং স্বোচ্চশুদ্ধো গ্রহঃ শোধ্যঃ যড্‌ভাশ্যূনোভমণ্ডলাৎ। স্বপিণ্ড গুণিতো ভক্তো রাশি মানেন বৎসরাঃ। হোরাত্বং শ প্রতিমমিতি হোরা লগ্নং সাচাংশ প্রতিমানি বর্ষাণি দদাতি যাবন্তো নবাংশকা লগ্নেন ভুক্তাস্তাবন্ত্যেববর্ষাণি দদাতি তৎকরণম্ যথা তাৎকালিক লগ্নস্য রাশীনপাস্যাংশশেষা লিপ্তঃপিণ্ডীকার্য্যং তত্র শতদ্বয়েন ভাগ মপহৃত্যা বাপ্তং ভুক্তনবাংশাস্তাবন্ত্যেব বর্ষাণি লগ্নমায়ুর্দ্দায়ং প্রযচ্ছতি অবশেষেণ সহ ত্রৈরাশিকং কৃত্বা বর্ষাণামধস্তান্মাসাদ্যমপি জ্ঞাতব্যং তদ্‌যথা যদি লিপ্তা শতদ্বয়েন দ্বাদশ মাসা লভ্যন্তে তদবশেষ লিপ্তাভিঃ ক্রিয়ন্ত ইতি তেনাবশেষলিপ্তা দ্বাদশভিঃ সংগুণ্য শত দ্বয়েন বিভাজ্যাবাপ্তং মাসাস্তেচ বর্ষাণামধঃ স্থাপ্য মাসশেষং ত্রিংশতা সংগুণ্য শতদ্বয়েন প্রাগ্বদ্বিভাজ্যাবাপ্তঞ্চ দিবসাঃ তান্ মাসানামধঃ স্থাপয়েৎ দিনশেষং যষ্ট্যা সংগুণ্য প্রাগ্বদ্বিভাজ্যাবাপ্তং ঘটিকা দিবসানামধঃ স্থাপ্যাঃ ঘটিকা শেষং ষষ্ট্যা সংগুণ্য প্রাগ্বদ্বিভাজ্যাবাপ্তঞ্চ শেষ ঘটিকা ঘটিকানা মধঃ স্থাপ্যাঃ এবং লগ্নায়ুর্দ্দায়ঃ। অপরে রাশিতুল্যং বদন্তি অপরে অন্যে মনিথাদয়ঃ আচার্য্যা লগ্নস্য রাশিতুল্যং আয়ুর্দ্দায় মিচ্ছন্তি লগ্নে যাবন্তো রাশয়ো ভুক্তা স্তাবন্ত্যেব বর্ষাণি লগ্নায়ুঃ লগ্নস্য ভুক্ত ভাগাদিকং লিপ্তা পিণ্ডীকৃত্য মাসাদ্যানয়নে ত্রৈরাশিকং কর্ত্তব্যং যদ্যষ্টাদশভির্লিপ্তা শতৈর্দ্বাদশ মাসা লভ্যন্তে তদৈতাভি র্লগ্নভুক্ত লিপ্তাভিঃ কিয়ন্ত ইতি।

প্রাগ্বদ্বর্ষাণামধস্তাৎ মাসাদ্যাঃস্থাপিতব্যাঃ তথা চ মনিথঃ। লগ্নরাশি সমাশ্চাব্দা মাসাদ্যানমুপাততঃ। কৃত্বাযত্তস্তবেৎ কালং বর্ষাদি লগ্নজীবিতম্। তদেবমতং শোভন মিত্যস্মাক মভিমতং। অন্যেপ্যেব মিচ্ছন্তি যথা লগ্নাংশক পতো বলবতি অংশ প্রতিমংরাশ্যধিপে বলবতি রাশিতুল্যং বদন্তি কথয়ন্তীত্যর্থঃ। তথাচ সারাবল্যাম্। লগ্নাব্দায়াংশ তুল্যংস্যা দন্তরেচানুপাততঃ। তৎ পদে বল সংযুক্তেরাশিতুল্যঞ্চভাধিপে। হিত্বা বক্রমিতি যেন গ্রহেণ যাবৎ সংখ্যয়ায়ুর্দ্দায়ো দত্তস্তত্তস্য সম্ভবতি তস্মাৎ স্বাদায়ুষঃ ভৌমাদিকস্য বক্রং বিপরীতাং গতিংহিত্বা বর্জ্জয়িত্বা যোগ্রহো রিপু গৃহগতঃ শত্রুক্ষেত্রাবস্থিতো ভবতি তেন স্বাদায়ুষ স্ত্রিভাগো হীয়তে সগ্রহ স্ত্রিভাগমপহরতীত্যর্থঃ বক্রিতঃ পুনঃ শত্রু ক্ষেত্র গতো নাপহরত্তি তথাচ বক্র চারং বিনাত্র্যংশং শত্রুরাশৌহরেদ্‌গ্রহঃ। এতদ্বহুনাং মতং আচার্য্যস্য পুনঃ এষ এব পক্ষোঽভিপ্রেতঃ অন্যথা হিত্বা ভৌমাং রিপু গৃহগতৈর্হীয়তে স্বত্রিভাগঃ ইত্যেবাবোচৎ অতএব জ্ঞায়তে যথা বক্রগো গ্রহো অংশায়ুর্দ্দায়ং বলবত্ত্বাত্রিগুণং দদাতি তথাত্রাপি নাপহরতীতি নিশ্চয়ঃ অন্যে পুনরেবং ব্যাচক্ষতে যথা বক্র মঙ্গারকং হিত্বা যোগ্রহো রিপুরাশিগত স্তেন স্বাদায়ুষস্ত্রিভাগো হীয়তে ভৌমঃ শত্রুক্ষেত্র গতোনাপহরতি হিত্বা বক্রমিত্যত্র কেচিদিচ্ছন্তি যথা বক্রিতং গ্রহং হিত্বা অন্যঃস্বশত্রু গৃহগতঃ স্বভাগমপহরতি তদসৎ অত্রচ বাদরায়ণঃ ভূম্যাঃ পুত্রং বর্জ্জয়িত্বারিমস্থা হন্যুঃ স্বস্বাদায়ুষস্তেত্রিভাগমিতি। সূর্য্যোচ্ছিন্ন দ্যুতিষু চ সূর্য্যেণ রবিণা উচ্ছিন্না কর্ত্তিতা দ্যুতির্যেষাং তে সূর্য্যোচ্ছিন্ন দ্যুতয়ঃ আদিত্য মণ্ডলে অস্তমিতেষু গ্রহেষু দল মর্দ্ধং হ্রীয়তে কিন্তু শুক্রার্কপুত্রৌ সিত শনৈশ্চরৌ প্রোজ্‌ঝ্য বর্জ্জয়িত্বা তাবস্তং গতাবপি নাপহরতঃ তথাচ বাদরায়ণঃ অস্তং যাতাঃ সর্ব্বএবার্দ্ধহানিং কুর্য্যু র্হিত্বা দৈত্য পুজ্যার্ক পুত্রৌ ॥ ২ ॥

সর্ব্বার্দ্ধ ত্রি চরণ পঞ্চ ষষ্ঠ ভাগাঃ
ক্ষীয়ন্তে ব্যয় ভবনাদসৎসু বামং।
সৎস্বর্দ্ধং হ্রসতি তথৈকরাশিগানা-
মেকোংশং হরতি বলী তথাহ সত্যঃ, ৩ ॥

অথস্বাদয়ুষো গ্রহাণাঞ্চক্রপাতেন হানিং প্রহর্ষিণ্যাহ সর্ব্বার্দ্ধ মিতি। অসৎসু পাপ গ্রহেষু ব্যয় ভবনা দারভ্য দ্বাদশ স্থানাৎ প্রভৃতি সপ্তমান্তং যাবৎব্যয়স্থিতেষু বাম মুক্ত ক্রমেণ যথাক্রমং সর্ব্বা দয়োভাগাঃ ক্ষীয়ন্তে তত্র লগ্না দ্দ্বাদশস্থঃ পাপগ্রহঃ সর্ব্ব মায়ুরাত্মীয় মেবাপহরতি, একাদশস্থোঽর্দ্ধং দশমস্থ স্ত্রিভাগং নবমস্থশ্চতুর্ভাগং অষ্টমস্থঃ পঞ্চমভাগং সপ্তমস্থঃ ষড়্‌ভাগ মিতি সৎস্বর্দ্ধ মিতি এতেষ্বেব ব্যয়াদিষু স্থানেষু সৎসু শুভগ্রহেষু ব্যবস্থিতেষু

অশুভ গ্রহোক্তস্যার্দ্ধং ক্ষীয়তে তত্র লগ্নাদ্দ্বাদশস্থঃ শুভগ্রহঃ স্বাদয়ু-ষোঽর্দ্ধমপহরতি একাদশস্থ শ্চতুর্থভাগং দশমস্থঃ ষড়্ভাগং নবমস্থঃ অষ্টমভাগং অষ্টমস্থো দশম ভাগং সপ্তমস্থো দ্বাদশভাগমিতি। তথৈক রাশিগানামিতি উক্ত স্থানেষু যদা গ্রহদ্বয়ং ভবতি বহবো বাস্যু স্তদা তেষামেক সংস্থিতানাং মধ্যাদেক এব যোবলী বীর্য্যবান্ স এব একাংশভাগং যথা পঠিত মপহরতি। নান্যে তত্রস্থা অপহরন্তি এতৎ সত্যআহ সত্যাচার্য্যঃ কথয়তি অংশগ্রহণং যথা সম্ভব ভাগ প্রদর্শনার্থম্ তথা চ সত্যঃ একাদশোৎ ক্রমাৎ সপ্তমাদি গ্রহ হরণ কর্ম্মণি একর্ক্ষগেষু বীর্য্যাধিকঃ স্বভাগংহরে-দেকং অর্দ্ধং তৃতীয় মথ চতুঃ পঞ্চ ষষ্ঠঞ্চ আয়ুঃ পিণ্ডাৎ পাপা-হরন্তি সৌম্যাস্ততোঽর্দ্ধানি দ্বাদশসংস্থঃ পাপঃ স্বাদায়ং শোভন স্ততোঽর্দ্ধন্তু অপহরতি সর্ব্বমায়ুর্যথা চ যোগ স্তমপি বক্ষ্যতেতি বরাহ মিহিরস্যাপ্যেবং মতং তত ইহ সত্যমতোপন্যাস আগ-মান্ত শ্রুতি দর্শনার্থঃ ॥ ৩

সার্দ্ধোদিতোদিতনবাংশহতাৎ সমস্তা-
দ্ভাগোঽষ্টযুক্ত শতসঙ্খ্যমুপৈতি নাশং।
ক্রূরে বিলগ্নসহিতে বিধিনাত্বনেন
সৌম্যেক্ষিতে দশমতঃ প্রলয়ং প্রয়াতি ॥ ৪ ॥

অথ লগ্নস্থঃ পাপঃ চক্রপাত বশাদায়ুষোঽংশমপহরতি তস্যাং স প্রমাণ জ্ঞানং বসন্ত তিলকেনাহ সার্দ্ধোদিত ইতি উদিতা যে নবাংশাস্তে উদিত নবাংশা সহার্দ্ধোদিতেন নবাংশেন বর্ত্তন্ত ইতি সার্দ্ধোদিত নবাংশাঃ তাৎ কালিকস্য স্ফুটলগ্নস্য যে ভুক্ত ভাগাঃ তেষাং লিপ্তা পিণ্ডীকৃত্য শতদ্বয়েন ভাগ মপহৃত্যা বাপ্তং তস্মিন্ কালে ভচক্রস্য যাবন্তো নবাংশকা উদিতাঃ পশ্চাদর্দ্ধো দিতা নবাংশকাঃ সতত্র উদিত নবাংশসমূহে যোজ্যাঃ এবং কৃতে সার্দ্ধোদিতোদিত নবাংশ সমূহো ভবতি তেন গণিতাগতং সমস্ত-মেবায়ুঃ পিণ্ডং গুণনায় এবং কৃতে সার্দ্ধোদিতোদিত নবাংশহতং সমস্তমায়ুঃ পিণ্ডং ভবতি তস্মাদষ্টাধিক শতেন ভাগে হৃতে যদ-বাপ্যতে বর্ষাদি তন্নাশ মুপৈতি ক্ষয়ং গচ্ছতি কিং সর্ব্বদানে-ত্যাহ। ক্রূরে বিলগ্ন সহিতেতি যদা বিলগ্নস্থঃ ক্রূরঃ আদিত্যাঙ্গা-রক শনৈশ্চরাণা ময়তমো ভবতি তদৈব মাগতং বর্ষাদি সম-স্তায়ুঃ পিণ্ডাৎ সংশোধ্য এবং কৃতে তৎকাল জাতস্য জন্তো রায়ু-র্ব্বর্ষাদি স্ফুটন্তবতি কিন্ত প্রত্যেকস্য গ্রহস্যৈতৎকর্ম্ম কর্ত্তব্যং যতঃ যেনায়ুঃ সংশুদ্ধানি দশাবর্ষাণি সর্ব্বেষাং ভবন্তি বিধিনাত্বনেন সৌম্যে ক্ষিত ইতি অনেন বিধিনা স এব লগ্নস্থঃ ক্রূর গ্রহো যদা সৌম্যেক্ষিতঃ শুভগ্রহেণ দৃশ্যতে তদা বিধিনাত্বনেন যৎ ফলমায়ুঃ পিণ্ডাৎ সার্দ্ধোদিতোদিত নবাংশহৃত্য দষ্টোত্তর শতেন ভাগে লব্ধং যত্ততো দল মর্দ্ধং প্রলয়ং প্রয়াতি তদর্দ্ধং কৃত্যায়ুঃ পিণ্ডাৎ পাতয়ে দেবং কৃতে আয়ুঃ প্রমাণং স্ফুটং ভবতি অন্যে এবং ব্যাচক্ষতে তাৎকালিকেন লগ্নেন ভুক্তা নবাংশকাস্তে সার্দ্ধো-দিতা গ্রহাঃ অয়মর্থঃ তাৎকালিকস্য লগ্নস্য রাশীনপাস্য ভাগা লিপ্তা পিণ্ডী কৃত্য তস্য চ শতদ্বয়েন ভাগমপহৃত্যাবাপ্তমুদিতাং শকা স্তেচার্দ্ধোদিতেন সহকার্য্যা তৈঃ কর্ম্ম প্রাগ্বৎ কার্য্যং এত-দপি স্থূলং তেন লগ্নভাগালিপ্তা পিণ্ডীকৃত্য তাভিঃ প্রত্যেকং গ্রহদত্তং বর্ষাদিরায়ুর্দ্দায়ং সংগুণাথঃ স্বচ্ছেদৈর্ভাগ মপহৃত্যোপ র্যুপরি যোজয়েৎ বর্ষস্থানে ভগণ কলাভির্ভাগ মপহরেৎ লব্ধং বর্ষাদি তস্য প্রাগ্বৎ পাতনং কার্য্যং তথাচ সারাবল্যাং লগ্নাংশ লিপ্তিকাহতা প্রত্যেক বিহিতায়ুষাং। ভাজ্যং মণ্ডল লিপ্তাভি র্লব্ধং বর্ষাদি শোধয়েৎ। স্বায়ুষো লগ্নগে ক্রূরে সৌম্য দৃষ্টে চ তদ্দলমিতি। এতদেব শোভনমস্মাকং প্রতিভাতি নকেবল মত্র যাবচ্চক্রপাতেষ্বেবং বিধিঃ। লগ্নাদিষ্ট গ্রহং বিশোধ্য অব-শেষং যদি ষড়্ভাগা দূনং তদা তস্য গ্রহস্য চক্রপাতোঽস্তি নান্যথেতি তেনাবশেষেণায়ুঃ পিণ্ডস্য ভাগমপহৃত্য লব্ধং প্রাগ্ দায়ুষঃ পাতয়েৎ অথরূপাদূনো ভাগহারো ভবতি তদা রূপা দ্ভাগহারং সংশোধ্য শেষেণায়ুর্দ্দায়ং সংগুণ্য রূপেণ ভাগমপ-হৃত্য লব্ধমেবায়ুঃ শুদ্ধং ভবতি উক্তঞ্চ লগ্ন গ্রহোনকং ষড়্ ভাদূনকং যদ্যসৌহরঃ। আয়ুঃ পিণ্ডং ভজেত্তেন লব্ধং বর্ষাদি শোধয়েৎ। রূপাদ্যদোনো হারঃস্যাদ্রূপাচ্ছুদ্ধেন তাড়য়েৎ। রূপেণ বিভজেল্লব্ধং তদেবায়ুঃ স্ফুটং ভবেৎ। অস্মিন্ সার্দ্ধোদিতেতি কর্ম্মণি লগ্নে যদা পাপ সৌম্যৌ ভবত স্তদা যো লগ্নোদিতাং-শক সমীপবর্ত্তী স এব গ্রাহ্যো নেতর ইতি। তত্র ক্রূরশব্দেন ক্ষীণ চন্দ্রমা ন গ্রাহ্যঃ। তথাচ বাদরায়ণঃ সূর্য্যাঙ্গারক শনীনা-মেকস্মিন্ লগ্নগে ভবতি হানিঃ বিধিনাত্বনেন সৌম্যেক্ষিতেদলং পাতয়েল্লব্ধম্। ৪

সমাঃ ষষ্টির্দ্বিঘ্নী মনুজকরিণাং পঞ্চ চ নিশা
হয়ানাং দ্বাত্রিংশৎ খরকরভয়োঃ পঞ্চককৃতিঃ।
বিরূপাঃ সৈবায়ুর্বৃষ মহিষয়োর্দ্বাদশ শুনাং
স্মৃতং ছাগাদীনাং দশক সহিতা ষট্ চ পরং ॥ ৫ ॥

অথ পুরুষাদীনাং পরমায়ুঃ প্রমাণ জ্ঞানং শিখরিণ্যাহ সমাঃ ষষ্টি দ্বিঘ্নীতি সমা শব্দেন বর্ষমুচ্যতে সমানাং বর্ষাণাং ষষ্টি দ্বিঘ্নী দ্বিঘ্নীকৃতা বিংশত্যধিক বর্ষশতং পঞ্চনিশাঃপঞ্চরাত্রয়ঃ অহোরাত্রা-নীত্যর্থঃ মনুজ করিণাং মনুজানাং মনুষ্যাণাং করিণাং হস্তিনাঞ্চ

পরমায়ুঃ হয়ানাং অশ্বানাং দ্বাত্রিংশদ্বর্ষাণি পরমায়ুঃ খরোগর্দ্দভঃ করভঃ উষ্ট্রঃ অনয়োঃ খর করভয়োঃ পঞ্চককৃতিঃ পঞ্চকস্য কৃতিঃ পঞ্চানাং বর্গঃ পঞ্চবিংশতিঃ পরমায়ুঃ বিরূপাসৈবায়ুরিতি বিরূপা বিগতো রূপঃএভ্যঃ একোনা চতুর্ব্বিংশতি বর্ষাণি বৃষমহিষোঃ বৃষাণাং মহিষাণাঞ্চ পরমায়ুঃ গোমহিষ্যো রিত্যর্থঃ স্বুনাং সারমেয়াণাং দ্বাদশবর্ষাণি পরমায়ু রিত্যর্থঃ এব গ্রহণং সর্ব্বেষাং নখীনামুপলক্ষণার্থং তেন সিংহ মার্জারাদীনামপ্যে তদেব স্মৃতম্। ছাগাদীনামিতি দশক সহিতাঃ ষট্ ষোড়শবর্ষাণি পরমায়ুঃ ছাগাদীনাং আদি গ্রহণাৎ গবয় মৃগয়োরপি পরমায়ুরিতি। সর্ব্বেষাং শেষ ভূতং পরমায়ুর্দ্দায় প্রয়োজনং অশ্বাদীনাং জাতানামায়ুঃ প্রমাণ জ্ঞানার্থমিতি তদ্‌যথা অশ্বাদের্জাতস্য পুরুষবদায়ুঃ প্রমাণ মানীয় তত ত্রৈরাশিকং কর্ত্তব্যং যদি বিংশত্যধিক বর্ষশতং পঞ্চদিনাধিকং যস্য পুরুষস্যায়ুঃ প্রমাণং তস্যেদমায়ুস্তদ্দাত্রিংশদ্বর্ষায়ুঃ প্রমাণস্যাশ্বস্য কিংস্যাদিতি এবমাগতমায়ুঃ প্রমাণ মশ্বস্য তৎকাল জাতস্য বাচ্যং এবং সর্ব্বেষামভিহিত প্রাণিনাং স্বায়ুষাং অপরেণ ত্রৈরাত্রিকং কৃত্বা তৎকাল জাতস্য স্বায়ুষঃ প্রমাণ নির্দ্দেশঃ কার্য্যঃ অন্যে এবং বদন্তি যদা পঠিতং পরমায়ুষঃ প্রমাণং নকশ্চিজ্জীবতি তদযুক্তং যস্মাদ্বিংশত্যধিকাব্দর্ষশতাদপ্যধিক মপ্যায়ুঃ গণিত কর্ম্মণা ভবতি যস্মাৎ পরমায়ুঃ প্রমাণ পঠন ত্রৈরাশিক কার্য্যমেব জ্ঞাতব্যমিতি। ৫

> **অনিমিষ পরমাংশকে বিলগ্নে,**
>
> **শশিতনয়ে গবি পঞ্চ বর্গলিপ্তেঃ।**
>
> **ভবতি হি পরমায়ুষঃ প্রমাণং**
>
> **যদি সকলাঃ সহিতাঃ স্বতুঙ্গভেষু॥ ৬॥**

অথ যস্মিন্ যোগে জাতস্য পরমায়ু র্ভবতি তদ্‌যোগ জ্ঞানং পুষ্পিতাগ্রয়াহ অনিমিষ পরমাংশকইতি অনিমিষো মীনস্তস্য পরমাংশকো নবম নবাংশকঃ তস্মিন্ অনিমিষ পরমাংশকে বিলগ্নে শশিতনয়ে বুধে গবি বৃষে চ পঞ্চ বর্গ লিপ্তে স্থিতে লিপ্তাঃ পঞ্চবিংশতি ভুক্তা বুধো বৃষে স্থিতঃ সকলাঃ সমস্তাগ্রহা অন্যে সর্ব্বএব যদি স্বতুঙ্গভেষু স্থিতাঃ পরমোচ্চ গতা ভবন্তি তদা জাতস্য পরমায়ুঃ প্রমাণং বিংশত্যধিকং বর্ষশতং পঞ্চদিনাধিক মায়ু র্ভবতি। অত্রকর্ম্ম, তদ্‌যথা আদিত্যাদয়োগ্রহা সলগ্না ঈদৃশাঃ অত্রাদিত্যাদীনাং বুধবর্জ্জিতানাং যথা পঠিতানি পরমায়ুঃ প্রমাণ বর্ষাণি ভবন্তি বুধস্য পুনঃ কিয়ন্তঃ তত্রতাবদ্বুধো নীচা দাস্মীয়াস্মীনা দ্বিচ্যুতঃ তস্মাত্তাৎকালিকাদস্মাদ্বুধাৎ ১।০।২৫ পরমনীচ ধ্রুবক মিদং ১১।১৫।০ সংশোধ্য জাত মেতা লিপ্তা ১।১৫। ২৫ পিণ্ডীকৃতং ২৭।২৫ এতাভি স্ত্রৈরাশিকং যদি ভগণার্দ্ধ লিপ্তানাং এতাঃ সংগুণ্য ১৮৮০০ বুধ পরম নীচ বর্ষাণি ষট্ ভবন্তি তদা তাসাং নীচাক্রান্ত লিপ্তানাং ২৭।২৫ কিংস্যাদিতি অত্র প্রাপ্তং ফলং বর্ষাদি ১।৬।৫ এতদ্বুধ পরম নীচ গতেষ্বেতেষু দত্ত্বাজাতং ৭।৬।৫ এতদ্বুধস্য পরমায়ুঃ তত্র লগ্না দেকাদশ স্থানস্থা দ্ভৌমস্য পরমায়ুঃ প্রমাণাৎ পঞ্চদশবর্ষা দর্দ্ধং সার্দ্ধানি সপ্তবর্ষাণি পাতয়িত্বা জাতং বর্ষ ৭ মাস ৬ সপ্তসার্দ্ধানি বর্ষাণি সৌরস্যা ষ্টমস্থানস্থত্বাৎ পরমায়ুঃ প্রমাণাৎ বর্ষ বিংশতি পঞ্চভাগং চত্বারি বর্ষাণি পাতয়িত্বা জাতানি ষোড়শ বর্ষাণি ১৬ আদিত্য চন্দ্র বৃহস্পতি শুক্রাণাং পরমায়ুঃ লগ্নস্য নবম নবাংশকস্থত্বাৎ নববর্ষাণি ভবন্তি। সর্ব্বেষাং স্থাপিতানি সূর্য্যবর্ষ ১৯। চন্দ্র বর্ষ ২৫। ভৌমবর্ষ ৭ মাস ৬ বুধবর্ষ ৭ মাস ৬ দিন ৫ জীববর্ষ ১৫ শুক্র বর্ষ ২১ শনিবর্ষ ১৬ লগ্নবর্ষ ৯ সর্ব্বেষাং যোগবর্ষ ১২০ দিন ৫ এবং দর্শিত যোগে পরমায়ুঃ প্রমাণ মাগত মিতি। অত্রচাদিত্যো মেষস্থে কন্যাস্থত্বং বুধস্য ন সম্ভবতি তেন যড়্ভি র্গ্রহৈ রুচ্চস্থৈ র্ব্বুধে বৃষস্থে যোগোঽয়ং প্রদর্শিতঃ। অত্রপরমোচ্চং গতে সূর্য্যে বুধস্য বৃষে ভাগ চতুষ্টয়ং ভুক্ত্বা স্থিতি র্ভবতি নাস্মাদধিকং যতো মধ্যমার্কোদয়ে রাশি স্থানে শূন্যো ভবতি ভাগাঃ ষট্‌পঞ্চাশল্লিপ্তা ভবন্তি তদাতস্য স্ফুটস্য পরমোচ্চতা ভবতি এষ এব সূর্য্যো বুধ মধ্যমঃ অত্রচ যদা পরম মন্দ ফলং পরমঞ্চশীঘ্রং ফলং ধনগতং ভবতি তদা বৃষে ভাগ চতুষ্টয়ং ভুক্ত্বাস্থিতি র্ভবতি তত্র যথা দর্শিত লগ্নে যথা বস্থিত গ্রহস্য স্থায়ী বৃষ চতুর্থে ভাগে ঈদৃশো বুধো ভবতি অস্মান্নীচ ধ্রুবক মিদং ১১।১৫ সংশোধ্য জাতং ০।১৯ এতাল্লিপ্তা পিণ্ডীকৃত্য ১১৪০ এতাভিস্ত্রৈ রাশিকং যদি ভগণার্দ্ধ লিপ্তানা মেতাসাং ১০৮০০ ষড়্বর্ষাণি তদৈতাভিঃ সাঙ্কানি ১৯৪০ নীতি লব্ধং বর্ষ ১ মাস ৭ দিন ১৮ এত দ্বুধপরমনীচবর্ষেষু দত্ত্বা জাতং বর্ষ ৭ মাস ৭ দিন ১৮ এতদাদ্যেষু যথা দর্শিত বর্ষেষু সংযোজ্য জাতং বর্ষাণাং শতং ১২০ মাস ১ দিন ২৩ এতদ্দর্শিত প্রমাণায়ুঃ পরমাদধিক মপ্যায়ুঃ সম্ভবতি তস্মাৎ পরমায়ুঃ প্রমাণং পঠনং ত্রৈরাশিকেন কার্য্য মেবং ব্যাখ্যাতং অন্যে পুনঃ অনিমিষ পরমাংশকে বিলগ্নে যোগএবায়মিতি ব্যাচক্ষতে যথা মীনে বর্গোত্তমে গতে লগ্নে বৃষভস্থেন বুধেন পঞ্চবিংশতি লিপ্তা ভুক্ত্বা ভবত্যন্যেচ গ্রহাঃ স্বোচ্চরাশিষু পরমোচ্চ ভাগে ব্যতিরেকেণ একেনাপি যদি স্থিতাঃ তদা যোগশক্ত্যৈব পরমায়ুঃ প্রমাণং জাতো জীবতি অথ বুধস্য পরমনী চ গতস্য ধ্রুবকমিদং ১১।১৪ পূর্ব্বং দর্শিতম্ সাম্প্রত কর্ম্ম কালে কথমিদং ১১।১৫ প্রদর্শিত মিত্যত্রো

চ্যতে চতুর্দ্দশভাগান্ ভুক্ত্বা পঞ্চদশে পঠিতে পরমনীচভাগে ব্যবস্থিতো ভবতি অতশ্চতুর্দ্দশভাগাঃ পরমনীচস্থস্য প্রদর্শিতাঃ অত্রস্থস্য পরমনীচ প্রদর্শিত মায়ু র্ভবতি তস্মদাদ্যাৎ পঞ্চদশো ভাগো ন ভুক্তো বুধেন তাবত্ত্রৈরাশিকোৎপত্তি র্ন কর্ত্তব্যা ইত্যতঃ কর্ম্ম কালে পঞ্চদশ ভাগাঃ প্রদর্শিতাঃ ইত্যতঃ সর্ব্বেষা মেব গ্রহাণাং ত্রৈরাশিক কালে পঠিতৈর্ভাগৈর্ভুক্তৈঃ প্রদর্শয়িতব্যানি তত্র ত্রৈরাশিকার্থমুচ্চধ্রুবকাঃ তথা ত্রৈরাশিকার্থং পরম নীচ ধ্রুবকাঃ এতৈঃ কর্ম্ম কর্ত্তব্যমিতি ॥ ৬ ॥

আয়ুর্দ্দায়ং বিষ্ণুগুপ্তোঽপি চৈবং
দৈবস্বামী সিদ্ধসেনশ্চ চক্রে।
দোষশ্চৈষাং জায়তেঽষ্টাবরিষ্টং
হিত্বা নায়ুর্ব্বিংশতেঃ স্যাদধস্তাৎ ॥ ৭ ॥

অথাস্যাপরমতায়ুর্দ্দায়স্য দূষণার্থং শালিন্যাহ আয়ুর্দ্দায়মিতি এতদায়ুর্দ্দায়ং ন কেবলং ময়যবনমনিথশক্তিপূর্ব্বৈ রুক্তং যাবদ্বিষ্ণুগুপ্তেনাপি চানক্যাপরণাম্নৈব মুক্তং আচার্য্যদেবস্বামী তথা সিদ্ধসেনশ্চ এবঞ্চক্রে কৃতবানিত্যর্থঃ। তথাচ বিষ্ণুগুপ্তঃ পরমোচ্চগতৈঃ সর্ব্বৈর্ম্মীনে মীনাংশসংস্থিতে লগ্নে সৌম্যে বৃষভং যাতে জাতঃ পরমায়ুরাপ্নোতি তথাচ সিদ্ধসেনঃ মীনে পরমাংশগতে সৌম্যে গবিপঞ্চবর্গ লিপ্তাস্থে। সর্ব্বৈঃ পরমোচ্চগতৈর্জাতঃ পরমায়ুরাপ্নোতি। যদ্যেবং বহুভিরাচার্য্যৈ রুক্তং তৎ কোঽস্য দোষঃ তত্রোচ্যতে বক্ষ্যমাণং সত্যাচার্য্য মতমায়ুর্দ্দায়ং বহুতরাণামাচার্য্যাণাং মতমিতি যস্মাদাচার্য্য বরাহমিহিরস্য প্রতিজ্ঞেয়ং জ্যোতিষমাগম শাস্ত্রং বিপ্রতিপত্তৌ ন যোগ্য মস্মাকম্। স্বয়মেব বিকল্পয়িতুং কিন্তু বহুনাং মতংবক্ষ্যে অস্য পরমতস্য বহুতর বাচ্যত্বং তাবদাস্তাং যাবদসম্ভবোদোষোঽস্তি দোষশ্চৈষামিত্যাদি এষামাচার্য্যাণাং মতে দোষো জায়তে কীদৃশ আহ অষ্টাবরিষ্টমিত্যাদি বর্ষাষ্টকং যাবজ্জাতানামরিষ্টমুক্তং তদ্বর্ষাষ্টকং হিত্বা ত্যক্ত্বা বর্ষবিংশতে রধস্তাৎ দর্শিত প্রকারেণামৃত্যুস্য না গচ্ছতি এবং বর্ষাষ্টকাদূর্দ্ধমরিষ্টং নাস্তি তস্মাদ্বর্ষাষ্টকাদূর্দ্ধং বর্ষবিংশতেরধস্তান্নকশ্চিন্মরণমাপদ্যতে যাবদ্দৃশ্যন্তে ম্রিয়ন্তে ইতি অয়ং তেষাং প্রত্যক্ষো দোষঃ ॥ ৭

যস্মিন্ যোগে পূর্ণমায়ুঃ প্রদিষ্টং
তস্মিন্ প্রোক্তং চক্রবর্ত্তিত্বমন্যৈঃ।
প্রত্যক্ষোঽয়ং তেষু দোষঃ পরোপি
জীবত্যায়ুঃ পূর্ণমর্থৈর্ব্বিনাপি ॥ ৮ ॥

দশাধিপতি হইতে তৃতীয়, পঞ্চম, ষষ্ঠ, সপ্তম, নবম, দশম বা একাদশ স্থানে চন্দ্র এবং দশারম্ভ লগ্নে দশাধিপতি থাকিলে ঐ দশারম্ভ লগ্ন জন্মলগ্ন হইতে তনুধনাদি যে ভাব হইবে সেই ভাবের শুভ হইবে। ১১

দশারম্ভে দশানাথাৎ খসুখাষ্টান্ত্য মূর্ত্তিগঃ।
চন্দ্রো জন্ম তনোর্ব্বাস্যাৎ ভাবস্তদ্ভাবহানিকৃৎ ॥ ১২ ॥

দশারম্ভকালে দশাধিপতি হইতে পঞ্চম, অষ্টম, দশম বা দ্বাদশ স্থানে যদি চন্দ্র থাকেন তবে এই চন্দ্রাধিষ্ঠিত রাশি জন্ম লগ্ন হইতে গণনায় তনুধনাদি যে ভাব হইবে সেই ভাবের অশুভ জানিবে। ১২

দশারম্ভে শুভেচন্দ্রে সৌখ্য স্ত্রীধন লাভদা।
স্ত্রীদোষদা সদা কৌজে বৌধে বিদ্যাসুখাপ্তিদা ॥ ১৩ ॥

দশারম্ভ লগ্নে চন্দ্র থাকিলে সেই দশাতে স্ত্রী, ধন ও সুখ লাভ হয়। মঙ্গল ক্ষেত্রে, দশার আরম্ভ হইলে স্ত্রীর অশুভ এবং বুধ ক্ষেত্রে দশার আরম্ভ হইলে সেই দশাতে বিদ্যা ও সুখ লাভ হইবে ॥ ১৩ ॥

শৌক্রেঽন্নপানসৌখ্যাদি নিজগেহবিলাসদা।
ধনবান্ সুখসংপ্রাপ্তিঃ সদা জীবগৃহে দশা ॥ ১৪

শুক্রক্ষেত্রে দশার আরম্ভ হইলে অন্ন পান জনিত সুখ ও নিজ গৃহে নানাপ্রকার বিলাস সুখ লাভ হয়। বৃহস্পতির ক্ষেত্রে দশারম্ভ হইলে মনুষ্যের ধন ও সুখ লাভ হয় ॥ ১৪ ॥

দুর্গারণ্যপথক্লেশ স্ত্রীপুত্রকলহপ্রদা।
সিংহে চান্দ্রে শনিক্ষেত্রে কুৎসিতস্ত্রীপ্রদা সদা ॥ ১৫ ॥

সিংহ লগ্নে দশারম্ভ হইলে সেই দশাতে মনুষ্য দুর্গম অরণ্য পথে গমনক্লেশ পায়। চন্দ্রের ক্ষেত্রে দশারম্ভ হইলে স্ত্রী পুত্রের সহিত কলহ ও শনি ক্ষেত্রে দশারম্ভ হইলে কুৎসিত স্ত্রী লাভ হয় ॥ ১৫

ইতি দিগ্দর্শনাৎ জ্ঞেয়ে বিস্তারো জাতকোদিতঃ।
রাঘবীয়ামিমাং তুষ্টিপ্রদাং জাতক পদ্ধতিং।
বিজ্ঞায় রাজমান্যঃ স্যাৎ ধীরঃকীর্ত্তিঞ্চবিন্দতি ॥ ১৬ ॥

এইরূপে গ্রহসংস্থান ও দশা বিবেচনায় জাতকের শুভাশুভ জ্ঞাত হইবে। যে ব্যক্তি রাঘবানন্দ কৃত এই জাতক পদ্ধতি বিশেষ রূপে জানিতে পারে সেই ব্যক্তি রাজ মান্য ও পণ্ডিত বলিয়া বিখ্যাত হয় এবং অসীম কীর্ত্তিলাভ করিতে পারে ॥ ১৬

ইতি লাগ্নিক দশা নিরূপণ।

অথ বৃহজ্জাতকোক্ত নৈসর্গিকী দশা।

একং দ্বৌ নব বিংশতির্ধৃতিকৃতী পঞ্চাশদেষাং ক্রমাৎ।
চন্দ্রারেন্দুজশুক্র জীবদিনকৃদ্দৈবাকরীণাং সমাঃ।
স্বৈঃ স্বৈঃ পুষ্টফলা নিসর্গকথিতৈঃ পক্তির্দ্দশানাং ক্রমা
দন্তেলগ্নদশা শুভেতি যবনা নেচ্ছন্তি কেচিত্তথা॥ ১॥

বৃহজ্জাতক মতে নৈসর্গিকী দশা লিখিত হইতেছে। চন্দ্রের ১ এক বৎসর, মঙ্গলের ২ দুই বৎসর, বুধের ৯ নয় বৎসর, শুক্রের ২০ কুড়িবৎসর, বৃহস্পতির ১৮ আঠার বৎসর, রবির ২০ কুড়ি বৎসর ও শনির ৫০ পঞ্চাশ বৎসর নৈসর্গিকী দশা। স্বীয় স্বীয় দশা কালে গ্রহগণ শুভ হইলে দশাফল শুভ এবং গ্রহগণ অশুভ হইলে দশা ফল অশুভ হইবে।

গ্রহ দশার অন্তে লগ্নের দশা, যবনাচার্য্য মতে লগ্ন দশাতে মনুষ্যের শুভ ফল হয়। কোন কোন গ্রন্থ কার বলেন লগ্নদশা অশুভ ফল প্রদান করেন॥ ১

অথ দশা নির্ণয়।

লগ্নার্ক শীতরশ্মীনাং যদি পূর্ণবলো ভবেৎ।
তদা সত্য মতং শ্রেষ্ঠং অন্যথাত্বে পরাদশা॥ ১

লগ্ন, চন্দ্র ও সূর্য্য এই তিনটী যদি পূর্ন বলবান্ হয় তবে সত্যাচার্য্য মতে প্রথমে লগ্নদশা হইবে। আর সমবলী না হইলে তিনের মধ্যে যে বলবান্ হইবে তাহার দশা প্রথমে জানিবে॥ ১॥

স্বোচ্চ স্বরাশি নিজভাগ সুহৃদ্‌গৃহস্থো
সম্পূর্ণ বীর্য্যরুচিরাবলিনঃ স্বকালে।
মিত্রোচ্চভাগসহিতাঃ শুভদৃষ্টযুক্তাঃ
শ্রেষ্ঠা দশা বিদধাতি স্ববয়ঃ স্বখেটাঃ॥ ২॥

দশাধিপতি গ্রহ স্বীয় উচ্চ স্থানে স্বক্ষেত্রে, নিজনবাংশে বা মিত্র ক্ষেত্রে থাকিলে যদি বলবান্ হয় অথবা মিত্রক্ষেত্রে মিত্র নবাংশে স্থিত হইলে যদি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হয় তবে সেই দশায় শুভ ফল জানিবে॥২॥

নীচশত্রু গৃহং প্রাপ্তশত্রুনিম্নাংশ সূর্য্যগাঃ।
বিবর্ণঃ পাপসম্বন্ধো দশাংকুর্য্যাদশোভনাং॥ ৩॥

দশাধিপতি নীচ স্থানে শত্রু গৃহে কিম্বা শত্রুর নবাংশে স্থিত হইলে সেই দশাকালে মনুষ্য অশুভ ফল প্রাপ্ত হয়॥ ৩॥

সর্ব্বৈর্ব্বর্ণৈরুপেতস্য পরমোচ্চ গতস্য চ।
সম্পূর্ণাখ্যা দশাজ্ঞেয়া ধনারোগ্য বিবর্দ্ধিনী॥ ১

দশাধিপতি গ্রহ পূর্ণবলবান্ ও পরমোচ্চ স্থান স্থিত হইলে সেই দশার নাম সংপূর্ণ দশা এই দশাতে আরোগ্য ও ধন বৃদ্ধি হয়॥ ১॥

সর্ব্বৈর্ব্বলৈর্ব্বিহীনস্য নীচরাশি গতস্য চ।
রিক্তানাম দশাজ্ঞেয়া ধনারোগ্য বিনাশিনী॥ ২॥

দশাধিপতি গ্রহ যদি সংপূর্ন বলহীন ও নীচরাশি স্থিত হয় তবে সেই দশার নাম রিক্তাদশা এই দশাতে মনুষ্যের ধন পুত্র বিনাশ হয়॥ ২

স্বোচ্চরাশি গতস্যাথ কিঞ্চিদ্বলগতস্য চ।
পূর্ণানাম দশাজ্ঞেয়া ধনবৃদ্ধিকরী শুভা॥ ৩॥

দশাধিপতি গ্রহ স্বীয় উচ্চ রাশিতে অবস্থিত হইলে যদি তাহার কিঞ্চিৎ বল থাকে তবে সেই দশার নাম পূর্ণা দশা এই দশাতে মনুষ্যের ধন বৃদ্ধি হয়॥৩॥

যস্মাৎ পরমনীচস্থস্তথা চারি নবাংশকে।
তস্যানিষ্ট ফলানাম ব্যাধ্যনর্থ বিবর্দ্ধিনী॥ ৪॥

দশাধিপতি পরম নীচ স্থানে স্থিত হইলে যদি শত্রুর নবাংশ স্থিত হয় তবে সেই দশার নাম অনিষ্টফলা দশা এই দশাতে নানাপ্রকার রোগ ও অনিষ্ট বৃদ্ধি হয়॥ ৪॥

অথ বৃহজ্জাতকোক্ত লাগ্নিক দশাফল

রবেঃ

সৌর্য্যাং স্বং নখদন্ত চর্ম্মকনক ক্রৌর্য্যাধ্ব ভূপাবহং
তৈক্ষ্যাং ধৈর্য্যমজস্রমুদ্যমরতিঃ খ্যাতিঃ প্রতাপোন্নতিঃ।
ভার্য্যাপুত্র ধনারিশস্ত্রহুতভুগ্ ভূপোত্থবাব্যাপদ
স্ত্যাগীপাপরতিঃ সভৃত্যকলহো হৃৎক্রোড় পীড়াময়াঃ॥ ১॥

রবির দশাকালে মনুষ্য নখ, দন্ত, চর্ম্ম, স্বুবর্ন ক্রূরকর্ম্ম, পথ ও রাজা এই সকল দ্বারা ধন লাভ করে। এবং তেজ, ধৈর্য্য, উদ্যম, কীর্ত্তি ও প্রতাপ বৃদ্ধি হয়। ভার্য্যা পুত্র, ধন, অস্ত্র, অগ্নি ও রাজা এই সকল হইতে আপদ হইয়া থাকে। এবং পাপ কর্ম্মে অনুরাগ, স্বীয় ভৃত্যের সহিত কলহ হৃদয় ও ক্রোড় স্থানে পীড়া হয়। ১

চন্দ্রস্য

ইন্দোঃ প্রাপ্যদশাং ফলানি লভতে মন্ত্রদ্বিজাত্যুদ্ভবা-
নিক্ষুক্ষীর বিকারবস্ত্রকুসুম ক্রীড়া তিলান্নশ্রমৈঃ।
নিদ্রালস্য মৃদুদ্বিজামররুচিঃ স্ত্রীজন্মমেধাবিতা
কীর্ত্ত্যর্থোপচয়ক্ষয়ৌচ বলিভির্বৈরঃ স্বপক্ষেণ চ ॥ ২ ॥

চন্দ্রের দশাকালে মনুষ্য মন্ত্র ও ব্রাহ্মণ দ্বারা ধন লাভ করে, এবং ক্ষীরবিকার, বস্ত্র, পুষ্প, ক্রীড়া, তিল, অন্ন ও পরিশ্রমাদি দ্বারা ধন লাভ হয়। নিদ্রা আলস্য মৃদুতা বৃদ্ধি হয়, দেবতা ও ব্রাহ্মণের প্রতি ভক্তি জন্মে, কীর্ত্তি বৃদ্ধি হয়, অর্থোপার্জ্জন ও অর্থ ব্যয় হইয়া থাকে, এবং স্বপক্ষীয় ব্যক্তির সহিত শত্রুতা হয়। ২

মঙ্গলস্য

ভৌমস্যারিবিমর্দ্দভূপসহজক্ষিত্যাবিকাজৈ র্ধনং
প্রদ্বেষঃ সুতমিত্রদারসহজৈর্ব্বিদ্বদ্‌গুরুদ্বেষ্টিতা।
তৃষ্যাসৃগজ্বরপিত্তভঙ্গজনিতা রোগাঃ পরস্ত্রীকৃতাঃ
প্রীতিঃ পাপরতৈরধর্ম্মনিরতিঃ পারুষ্য তৈক্ষ্ন্যানি চ ॥ ৩ ॥

মঙ্গলের দশাতে মনুষ্য শত্রু দমন, রাজা, ভ্রাতা, মহী ও ঊর্ণাবিশিষ্ট পশু এই সকল হইতে ধন লাভ হয়। মঙ্গল গ্রহ শুভ হইলে তাহার দশাতে উক্ত রূপ ফল হইবে আর অশুভ হইলে পুত্র, মিত্র, স্ত্রী ও ভ্রাতা ইহাদিগের সহিত শত্রুতা হয়, এবং পণ্ডিত ও গুরু ইহাদিগের সহিত অপ্রণয় জন্মে। পরস্ত্রী লোভে প্রহারাদি জনিত পিপাসা, রুধিরস্রাব, জ্বর, ও পিত্তবিকার প্রভৃতি রোগ হয়, পাপ কার্য্যে আশক্ত ব্যক্তিদিগের সহিত প্রণয় অধর্ম্মে প্রবৃত্তি, বচন কর্কশতা ও উগ্র স্বভাব হয়। ৩

বুধস্য

বৌধ্যাং দৌত্যসুহৃদ্গুরুদ্বিজধনং বিদ্বৎ প্রশংসা যশো
যুক্তিদ্রব্য সুবর্ণবৈসরমহী সৌভাগ্য সৌখ্যাপ্তয়ঃ।
হাস্যোপাসন কৌশলং মতিচয়ো ধর্ম্মক্রিয়াসিদ্ধয়ঃ
পারুষ্যং শ্রমবন্ধমানসশুচঃ পীড়া চ ধাতুত্রয়াৎ ॥ ৪ ॥

বুধের দশায় শুভাশুভ ফল লিখিত হইতেছে বুধগ্রহ শুভ হইলে তাহার দশাতে মনুষ্য দৌত্য কার্য্য দ্বারা মিত্র, গুরু ও ব্রাহ্মণের নিকট ধন লাভ করে, এবং পণ্ডিত প্রসংশা ও কীর্ত্তি ভাজন হয়। কাংস্য, সুবর্ণ, অশ্ব, পৃথিবী, সৌভাগ্য ও সুখ লাভ করে। বুধ গ্রহ অশুভ হইলে মনুষ্য উপহাস, পরসেবা, পরিশ্রম, বন্ধন, শোক ও পীড়াগ্রস্ত হয়। ৪

জীবস্য

জৈব্যাং মানগুণোদয়ো মতিচয়ঃ কান্তিঃ প্রতাপোন্নতি-
র্মাহাত্ম্যোদ্যমমন্ত্রনীতি নৃপতি স্বাধ্যায় যত্নৈর্ধনং।
হেমাশ্বাত্মজকুঞ্জরাম্বরচয়ঃ প্রীতিশ্চ সন্তূমিপৈঃ
সূক্ষ্মেহাগমনাশ্রয়ঃ শ্রবণরুগ্বৈরং বিধর্ম্মাশ্রিতৈঃ ॥ ৫ ॥

বৃহস্পতির দশার শুভাশুভ ফল লিখিত হইতেছে। বৃহস্পতির দশা কালে বৃহস্পতি শুভ হইলে মনুষ্য বিদ্যাদি গুণ, সম্মান, প্রাদুর্ভাব, বুদ্ধি, কান্তি, প্রতাপ, মাহাত্ম্য ও উদ্যমাদি দ্বারা ধন লাভ করে। এবং সুবর্ণ, অশ্ব, পুত্র, হস্তী, ও বস্ত্র লাভ করে। গুণজ্ঞ রাজার সহিত প্রণয় ও তাহার স্নেহের পাত্র হয়। বৃহস্পতি অশুভ হইলে সূক্ষ্ম বস্তুর অনুসন্ধানে পরিশ্রম, কর্ণ পীড়া ও অধার্ম্মিকের সহিত শত্রুতা হয়। ৫

শুক্রস্য

শৌক্র্যাং গীতরতিঃ প্রমোদসুরভিদ্রব্যান্নপানাম্বরঃ-
স্ত্রীরত্নদ্যুতিমন্মথোপকরণ জ্ঞানেষ্টমিত্রাগমাঃ।
কৌশল্যং ক্রয়বিক্রয়ে কৃষিনিধি প্রাপ্তির্ধনস্যাগমো
বৃন্দোর্ব্বীশনিষাদধর্ম্মরহিতৈর্ব্বৈরং শুচঃস্নেহতঃ ॥ ৬ ॥

শুক্রের দশার শুভাশুভ ফল লিখিত হইতেছে। শুক্রের দশা কালে শুক্র শুভ হইলে মনুষ্যের গীতানুরাগ, হর্ষ, সুগন্ধি দ্রব্য, অন্ন, পানীয়, বস্ত্র, স্ত্রী, রত্ন, শরীরকান্তি, অভিলষিত দ্রব্য, জ্ঞান, প্রিয় বস্তু, ও বন্ধু এই সকলের বৃদ্ধি হয়, এবং ক্রয় বিক্রয়ে কৌশল, ও কৃষিকার্য্য দ্বারা ধন লাভ হইয়া থাকে।

শুক্র অশুভ হইলে মনুষ্য রাজা, ব্যাধ ও অধার্ম্মিক ইহাদের সহিত শত্রুতা জন্মে। এবং প্রিয় ব্যক্তির বিনাশে শোক প্রাপ্ত হয়। ৬

শনেঃ

সৌরীং প্রাপ্য খরোষ্ট্রপক্ষি মহিষী বৃদ্ধাঙ্গনা বাপ্তয়ঃ
শ্রেণীগ্রাম সুরাধিকারজনিতা পুংক্বাকুধান্যাগমঃ।

শ্লেষ্মের্ষানিলকোপমোহমলিন ব্যাপত্তি তন্দ্রাশ্রমা
ভৃত্যাপত্যকলত্র ভর্ৎসনমপি প্রাপ্নোতি চ ব্যঙ্গতাং ॥৭॥

শনির দশার শুভাশুভ ফল লিখিত হইতেছে শনির দশা কালে শনি শুভ হইলে মনুষ্য গর্দ্দভ, উষ্ট্র, পক্ষী, মহীষী ও বৃদ্ধা স্ত্রী লাভ করে। এবং গ্রাম নগর ও পুরী অধিকার করিয়া সম্মান লাভ হয়। কোদ্রব ধান্যাদি প্রাপ্তি হয়। শনির দশায় শনি গ্রহ অশুভ হইলে শ্লেষ্মা, ঈর্ষা, বায়ু, কোপ, মোহ এই সকল হইয়া বিপদ উপস্থিত হয়। তন্দ্রা, নিদ্রা, আলস্য ও পরিশ্রমাদি দ্বারা ক্লেশ ও ভৃত্য, সন্তান, স্ত্রী, ইহাদিগের নিকট অপমান প্রাপ্ত হয়। অঙ্গ চ্ছেদ ও পীড়া জনিত ক্লেশ ভোগ হইয়া থাকে। ৭

শনেঃ

হোরাসুশস্তাসুশুভানি কুর্ব্বন্ত্যনিষ্টসংজ্ঞাস্বশুভানি চৈবং।
মিশ্রাসুমিশ্রাণি দশাফলানি হোরাফলং লগ্নপতেঃ সমানং ॥৮

যে গ্রহ জন্ম কালে শুভ থাকিবে সেই গ্রহ দশাকালে শুভ ফল প্রদান করিবে, অশুভ হইলে অশুভ ফল প্রদান করিবে এবং মিশ্র হইলে মিশ্র ফল প্রদান করিবে।

লগ্নাধিপতি গ্রহের দশা কালে যেরূপ ফল বর্ণিত হইয়াছে লগ্নের দশাতে সেই রূপ ফল জানিবে। ৮

সংজ্ঞাধ্যায়ে যস্য যদ্দ্রব্যমুক্তং
কর্ম্মাজীবে যশ্চযস্যোপদিষ্টঃ।
ভাবস্থানা লোকযোগোস্তবঞ্চ
তত্তৎ সর্ব্বং তস্য যোজ্যং দশায়াং ॥ ৯ ॥

সংজ্ঞাধ্যায়ে যে গ্রহের দশাদিতে যে যে দ্রব্যের লাভ বা ক্ষয় বর্ণিত হইয়াছে ও কর্ম্মা জীবাধ্যায়ে যে গ্রহ দ্বারা যে ব্যক্তি ও কার্য্য হইতে ধনাদির লাভ বা ক্ষয় কথিত হইয়াছে এই লাগ্নিক দশাতেও সেই সেই গ্রহদ্বারা সেই সেই ব্যক্তি বা কার্য্য হইতে সেই সেই বস্তুর ধনলাভ জানিবে। ৯

ছায়াং মহাভূত কৃতাঞ্চসর্ব্বেঽভিব্যঞ্জয়ন্তিস্বদশামবাপ্য।
ক্ষ্মগ্নি বায়ম্বরজান্ গুণাংশ্চ নাসাস্যদৃকৃত্বক্‌শ্রবণানুমেয়াৎ ॥১০॥

গ্রহগণ যে যে ভূতের অর্থাৎ (ক্ষিত্যাদি পঞ্চভূতের অধিপতি বলিয়া বর্ণিত আছে) স্বীয় স্বীয় দশা কালে শুভপ্রদ হইলে শরীরের সেই সেই ভূতোৎপন্ন অঙ্গের শোভা বৃদ্ধি করেন এবং অশুভ হইলে শোভা হানি করেন।

বুধ পৃথিবীর অধিপতি অতএব তিনি নাসিকার শুভাশুভ সম্পাদন করিবেন। শুক্রজলাধিপতি অতএব তিনি মুখের শুভাশুভ করেন। মঙ্গল তেজের অধিপতি অতএব তিনি চক্ষুর শুভাশুভ করেন। শনি বায়ুর অধিপতি অতএব তিনি ত্বগিন্দ্রিয়ের শুভাশুভ করেন। আকাশের অধিপতি বৃহস্পতি অতএব তিতি কর্ণের শুভাশুভ করেন। ১০

শুভফলদদশায়াং তাদৃগেবান্তরাত্মা
বহুজনয়তি পুংসাং সৌখ্যমর্থাগমঞ্চ।
কথিতফলবিপাকৈ স্তর্কয়েদ্বর্ত্তমানাং
পরিণমতি ফলোক্তিঃ স্বপ্নচিন্তা স্ববীর্য্যৈঃ ॥ ১১ ॥

শুভাশুভ গ্রহের দশাতে যে রূপ নাসিকাদি বাহ্যেন্দ্রিয়ের শুভাশুভ বর্ণিত হইল সেই রূপ অন্তরাত্মার ও শুভাশুভ জানিবে। শুভপ্রদ গ্রহের দশাতে নানাবিধ সুখ ওধনাদি লাভ হয়।

গ্রহদিগের দশা কালে দশাধিপতি ও অন্তর্দ্দশাধিপতি উভয়ই ফল প্রদান করেন কিন্তু অন্তর্দ্দশাধি পতি গ্রহ প্রদত্ত ফলই মনুষ্য ভোগ করিয়া থাকে ॥ ১১ ॥

একগ্রহস্য সদৃশেফলয়োর্ব্বিরোধে
নাশং বদেদ্‌যদধিকং পরিপচ্যতে তৎ।
নান্যোগ্রহঃ সদৃশমন্যফলং হিনস্তি
স্বাং স্বাং দশামুপগতাঃ স্ব ফলপ্রদাঃ স্যুঃ ॥ ১২ ॥

দ্বাদশ প্রকার গণনায় গ্রহ গণের শুভাশুভ নির্ণীত হয়। গ্রহগণ শুভাশুভ হইলে অর্থাৎ কোন কোন মতে শুভ ও কোন কোন মতে অশুভ হইলে। যদি শুভ পক্ষে অধিক মত হয় তবে শুভ ফল এবং অশুভ পক্ষে অধিক মত থাকিলে অশুভ ফল হয় ॥ ১২

ইতি বৃহজ্জাতকোক্ত লাগ্নিক দশা ফলং।

অথান্তর্দ্দশাফলং।

অথ রবের্দ্দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশাফলং।

শময়তি রিপু প্রতাপ মরোগিত্বং করোতি ধনলাভং।
ভানুদশায়াং চন্দ্রে প্রবিশতি তন্নাস্তি যন্নশুভং॥

অথ রবের্দ্দশায়াং মঙ্গলস্যান্তর্দ্দশাফলং।

বিক্রম স্বুবর্ণমণয়ঃ সংগ্রাম জয় প্রচণ্ডতা পুংসঃ।
অসৃজোদশা প্রবেশে সূর্য্যদশায়াং নৃপতি সৌখ্যং।

অথ রবের্দ্দশায়াং বুধস্যান্তর্দ্দশাফলং।

দদ্রু বিচর্চ্চিকাদ্যৈঃ পামাকুষ্ঠৈশ্চ গর্হিত শরীরঃ।
তরণি দশায়াং বুধো প্রবিশতি যদাস্যাদরিবৃদ্ধিঃ।

অথ রবের্দ্দশায়াংবৃহস্পতেরন্তর্দ্দশা ফলং।

ব্যসনৈ র্ব্যাধিভিঃ ররিভিঃ পাপৈশ্চ বিমুচ্যতে সহা লক্ষ্ম্যা।
অনুযাতি ধর্ম্মপদবীং জীবস্যান্তর্দ্দশাভানৌ॥

অথ রবের্দ্দশায়াং শুক্রস্যান্তর্দ্দশাফলং।

শিরসো রুগ্গলরোধঃ শ্বিত্রং সহসা জরস্তথা শূলং।
তপন দশায়াং শুক্রে দেশত্যাগোভবেদরিভিঃ॥

অথ রবের্দ্দশায়াং শনেরন্তর্দ্দশাফলং।

আদিত্যস্য দশায়াং শনেরন্তর্দ্দশা প্রতাপয়তি।
নৃপপরিভূতং দীনং বিপক্ষৈঃ সার্থেন সভশক্তিং।

ইতি রবের্দ্দশায়াংঅন্তর্দ্দশা ফলং।

অথ চন্দ্রস্যদশায়াং রবেরন্তর্দ্দশা ফলং।

ক্ষয়রোগভয়ং সৌর্য্যং নৃপতি প্রভবং সদা মহাভিভবং।
চন্দ্র দশায়াং পুংসো ভানুঃ কুরুতেঽর্থলাভঞ্চ।

অথ চন্দ্রস্য দশায়াং মঙ্গলস্যান্তর্দ্দশা ফলং।

পিত্তা সৃগ্বহ্নিভয়ং কোষভ্রংশং করোতি ভৌমদশা।
চন্দ্রদশায়াঞ্চ ভয়ং স্ব দোষণ স্বৈব চৌরৈশ্চ।

চন্দ্রস্য দশায়াং বুধস্যান্তর্দ্দশাফলং।

চন্দ্র দশায়াং জ্ঞদশা প্রবেশনে চিহ্ন মুত্তমোলাভঃ।
গজবাজি সুজনানাং সংপ্রাপ্তিঃ সৌখ্য মন্তলঞ্চ।

অথ চন্দ্রস্যদশায়াং বৃহস্পতেরন্তর্দ্দশা।

চন্দ্রদশায়াং সুরেজ্যদশা বহুধা করোতি বহুধনলাভং।
যত্নো পাত্তমযত্না বস্ত্রালঙ্কার বিবিধহস্ত্যশ্বং॥

অথ চন্দ্রস্যদশায়াং শুক্রস্যান্তর্দ্দশাফলং।

তুহিন করস্য দশায়াং প্রবিশত্যন্তর্দশা যদা স্ফূজিতঃ।
জনযান হার ভূষণ বহুপত্নীভিঃ সমাগমং লভতে॥

অথ চন্দ্রস্যদশায়াংশনেরন্তর্দ্দশাফলং।

স্বজনায়াস বিয়োগজরোগাভিভবং তথা মহাব্যসনং।
চন্দ্র দশায়াং শৌরিঃ করোতি নিঃসংশয়ং পুংসাং॥

ইতি চন্দ্রদশায়ামন্তর্দ্দশাফলং।

অথ মঙ্গলস্যদশায়াং রবে রন্তর্দ্দশা ফলং।

চণ্ডং সাহস নিরতং নরেন্দ্র সংগ্রাম পূজিতং ধন্যং।
বিবিধনাগমযুক্তং ভৌমদশায়াং করোতি সূর্য্যঃ।

অথ মঙ্গলস্যদশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা ফলং।

বিবিধ ধনাগম লাভং সৌখ্যং বহুমিত্র রত্ন সংপ্রাপ্তিঃ
বক্রদশায়াং চন্দ্রঃ করোতি মুক্তামণি প্রভূতান্॥

অথ মঙ্গলস্যদশায়াং বুধস্যান্তর্দ্দশা ফলং

দিশতি ভয়ং শক্রভ্যো গজবাজি বিমোষণং রণে ভঙ্গং
বক্র দশায়াং সৌম্যঃ করোতি কর্ম্মাণি ন শুভানি॥

অথ মঙ্গলস্যদশায়াং বৃহস্পতেরন্তর্দ্দশাফলং

বক্র দশায়াং জীবে স্ব চরিত করণেন ভবতি মুনি ধর্ম্ম
নৃপতি বিশুদ্ধচেতাঃ করোতি পুণ্যান্যনস্থানি॥

অথ মঙ্গস্যদশায়াং শুক্রস্যান্তর্দ্দশা ফলং।

রুধির দশায়াং শুক্র প্রবেশনে ভবতি সঙ্গব ভয়ার্ত্তঃ।
ব্যাধি ব্যসুনায়াসৈর্ধনাপহার প্রবাদৈশ্চ॥

অথ মঙ্গলস্যদশায়াং শনেরন্তর্দ্দশাফলং।

ব্যসনানি ব্যসনানাং ভবন্ত্য পরিজন বিনাশঃ।
বক্র দশায়াং রবিজে প্রবিশতি চান্তর্দ্দশায়ান্ত॥

ইতি মঙ্গলস্য দশায়ামন্তর্দ্দশা ফলং।

অথ বুধস্তদশায়াং রবেরন্তর্দ্দশাফলং।

ইন্দুসুতস্ত দশায়াং প্রবিশতি ভানুর্যদাতদাচিহ্নং।
কনকাশ্ব বিক্রম গজান্ বিদধাতি শ্রেয় মকস্মাৎ॥

অথ বুধস্যদশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা ফলং।

প্রবিশতি চন্দ্রদশা বুধস্ত কণ্ডুং করোতি কুষ্ঠঞ্চ।
ক্ষয়রোগমঙ্গভঙ্গং গজাশ্বয়ং বাহন বিনাশনম্॥

অথ বুধস্যদশায়াং মঙ্গলস্যান্তর্দ্দশাফলং।

মস্তক শূলবিষৈ র্নানা ক্লেশৈশ্চ যুজ্যতে জন্তুঃ।
ইন্দুসুতস্ত দশায়াং ভৌমস্যান্তর্দ্দশায়াস্ত॥

অথ বুধস্ত দশায়াং বৃহস্পতে রন্তর্দ্দশা ফলং।

রিপুরোগ পাপমুক্তঃ পুণ্যানি করোতি ভূপতের্ম্মন্ত্রী।
জীবে চরতি দশায়াং বুধস্ত পুরুষো ভবেন্নিয়তম্॥

অথ বুধস্য দশায়াং শুক্রস্যান্তর্দ্দশাফলং।

গুরুবিবুধাতিথি ভক্তো বস্ত্রালঙ্কার গন্ধ পুষ্পরুচিঃ।
ইন্দুসুতস্ত দশায়াং শুক্রস্যান্তর্দ্দশায়াস্ত॥

অথ বুধস্য দশায়াং শনেরন্তর্দ্দশা ফলং।

প্রচণ্ড সুখকামসেবী বিলুপ্তধর্ম্মার্থভোগ সুখচেষ্টঃ।
ভবতি নরোঽত্র দশায়াং বুধস্ত মন্দো যদা চরতি॥

ইতি বুধস্ত দশায়াং অন্তর্দ্দশাফলং।

অথ বৃহস্পতের্দ্দশায়াং রবেরন্তর্দ্দশা ফলং।

রিপুভয় কলহৈর্ম্মুক্তঃ প্রয়াতি গুরুতাং সদা নরেন্দ্রস্ত।
বিক্রম সাহসসৌখ্যো জীবদশায়াং রবৌ ভবতি॥

অথ বৃহস্পতের্দ্দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা ফলং।

পত্নীসহস্রভর্ত্তা জিতরোগরিপুঃ পরোন্নতিং লভতে।
প্রকটয়তি রাজচিহ্নং চন্দ্রদশা গুরুদশায়াস্ত॥

অথ বৃহস্পতের্দ্দশায়াং মঙ্গলস্যান্তর্দ্দশা ফলং।

তীক্ষ্ণপরঃ প্রতাপী শূরো রণলব্ধ বিজয়কীর্ত্তিধনঃ।
সৌখ্যমনন্তং লভতে জীবদশায়াং কুজে ভবতি॥

অথ বৃহস্পতের্দ্দশায়াং বুধস্যান্তর্দ্দশা ফলং।

ভবতি সুরেজ্য দশায়াং বুধে চ কুষ্টঞ্চ রাজপুত্রী চ।
পদ্মাক্ষী নয়নানাং পুরুষব্যাধির্দ্দশনরোগঃ॥

অথ বৃস্পতের্দ্দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা ফলং।

রিপুধনবিনাশতুঃখৈরভিভূতো ব্রাহ্মণোপজীবী চ।
জীব দশায়াং শুক্রঃ প্রবিশতি নিত্যং ভবেৎ পুরুষঃ॥

অথ বৃহস্পতের্দ্দশায়াং শনেরন্তর্দ্দশা ফলং।

সুরত দ্যুতব্যসনৈঃ কুৎসিত বৃত্তিঃ সুখেন হীনশ্চ।
পুরুষো বিলুপ্তধর্ম্মা জীবদশায়াং শনৌ ভবতি॥

ইতি বৃহস্পতের্দ্দশায়া মন্তর্দ্দশাফলং।

অথ শুক্রস্যদশায়াং রবেরন্তর্দ্দশা ফলং।

গণ্ডোদরাক্ষিরোগৈশ্চ ক্ষিতিপতিতো বন্ধনাদিভিস্তপ্তঃ।
শুক্র দশায়াং সূর্য্যে বিচরতি নূনং ভবেৎ পুরুষঃ।

অথ শুক্রস্য দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা ফলং।

অন্তর্দ্দশায়াং সিতস্ত শশিনোযদা ভবতি।
গলদশনশিরোরোগঃ সম্ভবতি কাসলো ব্যাধিঃ॥

অথ শুক্রস্যদশায়াং মঙ্গলস্যান্তর্দ্দশা ফলং।

পিত্তাস্বক্ কফরোগৌ ভৃত্যাগঃ সংশয়ো নৃপতেশ্চ।
শুক্রদশায়াং ভৌমে মন্দোৎসাহঃ পুমান্ জয়তি॥

অথ শুক্রস্যদশায়াং বুধস্যান্তর্দ্দশা ফলং।

শুক্রদশায়াং পুংসো বুধস্যান্তর্দ্দশা যদা ভবতি।
ভবতি তদা ধনবৃদ্ধিঃ সৌখ্যঞ্চ মনোরথাভিগতং॥

অথ শুক্রস্যদশায়াং বৃহস্পতেরন্তর্দ্দশা ফলং।

ভৃগোর্দ্দশায়া মন্তর্দ্দশা গুরোর্ধনীনসম্পত্তিং।
বিদধাতি বিষয় রাজ্যং পুংসাং ধনমুন্নতিং সৌখ্যং॥

অথ শুক্রস্য দশায়াং শনে রন্তর্দ্দশা ফলং।

বৃদ্ধ স্ত্রীভিঃ ক্রীড়াং পুরনগরাধিপত্য মবিশেষং।
শুক্রদশায়াং শৌরিঃ করোতি বহুমিত্র সংযোগং॥

ইতি শুক্রস্যদশায়ামন্তর্দ্দশা ফলং।

অথ শনের্দ্দশায়াং রবেরন্তর্দ্দশা ফলং।

ধনপুত্রদারনাশং ভয়মতুলং বিদধাতি পুরুষস্ত।
রবি পুত্রস্ত দশায়াং সূর্য্যস্ত দশা ন সন্দেহঃ॥

অথ শনের্দ্দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা ফলং।

স্ত্রীমরণং হরণঞ্চা বন্ধু বিয়োগং পুনঃ পুনঃ কলহং।
অন্তর্দ্দশা চ দশায়াং শনেঃ শশাঙ্কস্য বিদধাতি।

অথ শনের্দ্দশায়াং মঙ্গলস্যান্তর্দ্দশা ফলং।

দেশভ্রংশং ব্যাধিং দুঃখানি করোত্যনেকরূপাণি।
রবিজস্যান্তর্দ্দশায়াং মহীসুতঃ করোত্যেবং॥

অথ শনের্দ্দশায়াং বুধস্যান্তর্দ্দশা ফলং।

সৌভাগ্য সৌখ্য বিজয় প্রবোধ সৎকার মানধনলাভং।
সৌর দশায়াং সৌম্যো বিদধাত্যন্তর্দ্দশাং প্রাপ্তঃ॥

অথ শনের্দ্দশায়াং বৃহস্পতেরন্তর্দ্দশা ফলং।

অনুযাস্তি শিষ্ট পদবীং গ্রামাদি সৌখ্য কলত্র সম্পন্নঃ।
রবিতনয়স্য দশায়াং প্রবিশতি জীবে ভবেৎ পুরুষঃ॥

অথ শনের্দ্দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা ফলং।

বর্দ্ধয়তি মিত্রপক্ষং ভিনত্তি শোকান্ যশঃ প্রকাশয়তি।
শৌরিদশায়াং শুক্রঃ পত্নী ধন বিষয় লাভ করঃ।

ইতি শনের্দ্দশায়ামন্তর্দ্দশা ফলং।

অন্তর্দ্দশা শুভায়াং মূলদশায়াং শুভা যদা ভবতি।
ভবতি তদা সৌখ্যং বহুধন লব্ধিরতীব পুরুষাণাং॥
দশাপতেঃ শুভায়ামন্তর্দ্দশাপি যদি শুভাতদাতীব শুভফলং।
মিশ্রে মিশ্রমশুভায়ামশুভাচত্তদাতীব শুভং॥

ইতি লাগ্নিক দশান্তর্দ্দশা ফলং।

অথ অন্তর্দ্দশারিষ্টং।

ক্রূরদশায়াং ক্রূরঃ প্রবিশ্য চান্তর্দ্দশাং যদা কুরুতে।
পুংসাং স্যাৎ সন্দেহস্তদা বিয়োগ এব মহান্॥ ১॥

যদি পাপ গ্রহের দশাতে পাপ গ্রহের অন্তর্দ্দশা হয়, তবে সেই সময়ে মনুষ্যের মৃত্যু বা জীবন সংশয় পীড়া হইবে। ১

রবিতনয়দশায়াং ক্ষিতিজস্যান্তর্দ্দশা যদা ভবতি।
বহুকাল জীবিনামপি মরণং নিঃসংশয়ং কুরুতে॥ ২॥

শনির দশাতে যদি মঙ্গলের অন্তর্দ্দশা হয়, তবে মনুষ্য দীর্ঘ জীবী হইলেও তাহার মৃত্যু হইবে। ২

ক্রূররাশৌস্থিতঃ পাপঃ ষষ্ঠে চ নিধনে তথা
তৎ স্থিতেনারিণা দৃষ্টঃ স্বপাকে মৃত্যুদোগ্রহঃ॥ ৩॥

পাপ গ্রহের ক্ষেত্রস্থিত পাপ গ্রহ যদি লগ্নের ষষ্ঠে বা অষ্টমস্থানে স্থিত হয়, এবং তাহার প্রতি পাপ গ্রহের ক্ষেত্রস্থিত শত্রু গ্রহের দৃষ্টি থাকে তবে সেই ষষ্ঠ বা অষ্টম স্থান স্থিত পাপ গ্রহের দশাতে মনুষ্যের মৃত্যু হয়॥ ৩॥

বিলগ্নাধিপতেঃ শত্রুর্লগ্নস্যান্তর্দ্দশাং গতঃ।
করোত্যকস্মান্মরণং সত্যাচার্য্যঃ প্রভাষতে॥৪॥

লগ্নের দশাতে যদি লগ্নাধিপতির শত্রু গ্রহের অন্তর্দ্দশা হয় তবে মনুষ্যের অকস্মাৎ মৃত্যু হয়। এই কথা সত্যাচার্য্য বলেন॥ ৪॥

অষ্টমেন্দোর্দ্দশামৃত্যুর্ব্বন্ধমস্তমিতস্য চ।
শুভস্য বক্রিণোরাজ্যং পাপস্য ব্যসনাটনে॥ ৫॥

লগ্নের অষ্টমে চন্দ্র থাকিলে তাহার দশাতে মনুষ্যের মৃত্যু হইয়া থাকে। অস্ত গত গ্রহের দশাতে বন্ধন, বক্রী শুভ গ্রহের দশাতে রাজ্য প্রাপ্তি, বক্রী পাপ গ্রহের দশাতে অষ্টাদশ প্রকার ব্যসন অর্থাৎ বিপদ ও ভ্রমণ হয়॥ ৫

অঙ্গপ্রত্যঙ্গানাং ছেদং বিদধাতি ষষ্ঠ শত্রু দশা।
দ্যূনারিদশাকোণং পঙ্গুত্বং নিধনারিদশা শিরশ্ছেদং॥ ৬॥

লগ্নের ষষ্ঠ স্থান স্থিত লগ্নাধি পতির শত্রু গ্রহের দশাতে মনুষ্যের অঙ্গ প্রত্যঙ্গ ছেদ হয় আর লগ্নের সপ্তম স্থান স্থিত লগ্নাধি পতির শত্রু গ্রহের দশাতে মনুষ্য পঙ্গু হয়। লগ্নের অষ্টম স্থান স্থিত লগ্নাধিপতির শত্রু গ্রহের দশাতে মনুষ্যের শিরশ্ছেদ হইয়া থাকে॥ ৬

অথ রিষ্টভঙ্গঃ।

প্রবেশে বলবান্ খেটৈঃ শুভৈর্ব্বা সন্নিরীক্ষিতঃ।
সৌম্যাদি মিত্রবর্গস্থো মৃত্যবেন ভবেত্তদা॥

দশা বা অন্তর্দ্দশার আরম্ভ সময়ে দশাধিপতি বা অন্তর্দ্দশাধিপতি বলবান্ ও শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে ও শুভগ্রহ বা মিত্রগ্রহের ক্ষেত্রাদি সপ্ত বর্গস্থিত হইলে তাহাদের দশাতে বা অন্তর্দ্দশাতে পূর্ব্বোক্ত দোষ প্রদ হইলেও তাদৃশ অনিষ্ট হয় না।

অথ গ্রহাণাং পাকবিচারঃ।

পাকং দ্বাদশধা বদন্তি যবনাদিগ্‌ভেদ ভিন্নাস্তথা
মানিথাঃ খলুবাদরায়ণ মুনিস্তঞ্চাষ্টধা প্রোক্তবান্।
ষড়্‌ভেদং কিলসিদ্ধসেনবিবুধস্তং দেবলাদ্যাঃ পুন-
র্ভেদৈরব্ধিমিতৈরুদারধিষণঃ শ্রীবিষ্ণুগুপ্তস্ত্রিভিঃ।
পাকং দ্বিভেদং পুনরাহ সত্যস্তচ্ছাস্ত্র দৃষ্ট্যা কথয়াম্যথাতঃ॥১

যবনাচার্য্য মতে ১২ দ্বাদশ প্রকারে গ্রহগণের শুভাশুভ বিচার হইয়া থাকে। মনিথ মতে ১০ দশ প্রকার, বাদরায়ণ মতে ৮ অষ্ট প্রকার, সিদ্ধ সেন মতে ৬ ছয় প্রকার দেবলাচার্য্য মতে ৪ চারি প্রকার, বিষ্ণুগুপ্তমতে ৩ তিন প্রকার, ও সত্যাচার্য্য মতে ২ দুই প্রকারে গ্রহগণের শুভাশুভ বিবেচনা হয়। অতএব উক্ত দ্বাদশ প্রকারের নাম বলা যাইতেছে॥ ১॥

নৈসর্গিকঃ স্যাৎ প্রথমোঽত্রভেদো দশাক্রমাখ্যস্তততো দ্বিতীয়ঃ।
অন্তর্দ্দশাখ্যঃ কথিতস্তৃতীয়ঃ প্রোক্তশ্চতুর্থো বিদশাভিধানঃ
উদাসিসংজ্ঞঃ খলুপঞ্চমঃ স্যাৎ ষষ্ঠস্তথা ভাবফলাখ্য ভেদঃ।
যোগাভিধঃ স্যাদিহ সপ্তমোঽপি তত্রাষ্টমো দৃষ্টিফলাহ্বয়শ্চ।
প্রোক্তাঽষ্টবর্গো নবমো মুনীন্দ্রৈর্হোরাদি বর্গো দশমো গ্রহাণাং।
প্রত্যব্দমাস ত্ধনিশাফলৈঃ স্যাদেকাদশো ভোজন মৈথুনাদ্যঃ।
স দ্বাদশঃ সত্বশরীরধাতু রূপপ্রভেদো গদিতোঽত্রতজ্‌জ্ঞৈঃ॥ ২॥

প্রথম নৈসর্গিকী দশা, দ্বিতীয় লাগ্নিক দশা, তৃতীয় অন্তর্দ্দশা, চতুর্থ বিদশা অর্থাৎ প্রত্যন্তর্দ্দশা, পঞ্চম উদাসি দশা অর্থাৎ অতিপ্রত্যন্তর্দ্দশা, ষষ্ঠ ভাব ফল বিচার. সপ্তম যোগ বিচার, অষ্টম দৃষ্টি বিচার, নবম অষ্টবর্গ, দশম হোরাদিষড় বর্গ, একাদশ অব্দমাসাদিফল, দ্বাদশ প্রকার গ্রহ বল ও ভোজন মৈথুনাদি ভাব। এই দ্বাদশ প্রকার বিচার দ্বারা মনুষ্যের শুভাশুভ, রিষ্ট প্রভৃতি নির্ণীত হয়॥ ২॥

ইতি গ্রহাণাং পাকবিচারঃ।

অথ ষণ্নাড়ীচক্রং।

জন্মাদ্যং কর্ম্ম ততোঽপি দশমং সাঙ্ঘাতিকঞ্চ ষোড়শভং।
সমুদয়মষ্টাদশভং বিনাশ সংজ্ঞঞ্চ ত্রয়োবিংশং।
আদ্যাত্তু পঞ্চবিংশং মানসমেবং নরঃ ষড়ৃক্ষঃ স্যাৎ।
নবনক্ষত্রোনৃপতিঃ স্বজাতি দেশাভিষেকর্ক্ষৈঃ॥ ১॥

যাহার যে জন্মনক্ষত্র সেইটী জন্মনাড়ী, জন্মনক্ষত্র হইতে দশম নক্ষত্রে কর্ম্মনাড়ী, জন্মনক্ষত্র হইতে ষোড়শ নক্ষত্রে সাঙ্ঘাতিকনাড়ী, অষ্টাদশনক্ষত্রে সমুদয় নাড়ী, ত্রয়োবিংশতি নক্ষত্রে বিনাশনাড়ী, সপ্তবিংশতি নক্ষত্রে মানসনাড়ী এই ৬ ছয় প্রকার নাড়ী নক্ষত্র নির্ণীত আছে। ১

অস্য ফলং।

ইহাদেহার্থ হানিঃ স্যা জন্মর্ক্ষে চোপতাপিতে।
কর্ম্মর্ক্ষে কর্ম্মণাং হানিঃ পীড়া মনসি মানসে।
বন্ধুদ্রবিণ বন্ধূনাং হানিঃ সাঙ্ঘাতিকে হতে।
সন্তপ্তে সামুদয়িকে মিত্রভৃত্যাদি সংক্ষয়ঃ।
বৈনাশিকে বিনাশঃ স্যাদ্দেহ দ্রবিণ সম্পদাং।
জাতিভে কুলনাশঃ স্যাদ্বন্ধনং চাভিষেকজে।
দেশভেষু চ ভঙ্গঃ স্যাৎ পাপৈরেতৎ শুভৈঃ শুভং॥ ২॥

জন্মনাড়ীতে দেহ ও অর্থহানি, কর্ম্মনাড়ীতে কর্ম্মহানি, মানসনাড়ীতে মনঃপীড়া, সাঙ্ঘাতিকনাড়ীতে বন্ধুর অর্থ ও নিজের অর্থ হানি, সমুদয় নাড়ীতে মিত্র, ভার্য্যা ও অর্থক্ষয়, বিনাশ নাড়ীতে দেহ, ধন ও সম্পত্তি বিনাশ হয়।

নাড়ী নক্ষত্র গণনার একটী চক্র নিম্নে অঙ্কিত করা গেল ইহা দেখিলে অনায়াসে জন্ম কর্ম্মাদি ৬ ছয় প্রকার নাড়ী জানিতে পারিবেন এই চক্রে ৭ সাতটী স্তম্ভ আছে তাহার প্রথম স্তম্ভে অশ্বিন্যাদি ২৭ সপ্তবিংশতি নক্ষত্র লিখিত আছে এই স্তম্ভ দৃষ্টেজন্মনক্ষত্র নির্ণয় করিয়া দ্বিতীয়াদি স্তম্ভে দৃষ্টি করিলেই জন্মকর্ম্মাদি ৬ ছয় প্রকার নাড়ী জানিতে পারিবেন।

যথা—কোন ব্যক্তির জন্মনক্ষত্র অশ্বিনী, নিম্ন কালী চক্রের প্রথম স্তম্ভের প্রথমে দৃষ্টি করিলে দেখিতে পাইবেন ১ অশ্বিনী নক্ষত্র লিখিত আছে, তাহা জন্ম নক্ষত্র, দ্বিতীয় স্তম্ভে ঐ শ্রেণীতে যে ১ অশ্বিনী নক্ষত্র লিখিত আছে, তাহা জন্মনাড়ী, তৃতীয় স্তম্ভে ১০ মঘা নক্ষত্র লিখিত আছে তাহা কর্ম্মনাড়ী, চতুর্থ স্তম্ভে ১৬ বিশাখা নক্ষত্র লিখিত আছে তাহা সাঙ্ঘাতিকনাড়ী, পঞ্চম স্তম্ভে ১৮ জ্যেষ্ঠা নক্ষত্র লিখিত আছে তাহা সমুদয়নাড়ী, ষষ্ঠ স্তম্ভে ২৩ ধনিষ্টা নক্ষত্র লিখিত আছে তাহা বিনাশনাড়ী, সপ্তম স্তম্ভে ২৫ পূর্ব্বভাদ্রপ নক্ষত্র লিখিত আছে তাহা মানসনাড়ী এইরূপে জন্ম নক্ষত্র অনুসারে নাড়ী নক্ষত্র স্থির করিবে।

কালী চক্র।

জন্মনক্ষত্র	জন্মনাড়ী	কর্ম্মনাড়ী	সাংঘাতিকনাড়ী	সমুদয়নাড়ী	বিনাশনাড়ী	মানসনাড়ী
১ অশ্বিনী	১ অশ্বিনী	১০ মঘা	১৬ বিশাখা	১৮ জ্যেষ্ঠা	২৩ ধনিষ্ঠা	২৫ পূর্ব্বভাদ্র
২ ভরণী	২ ভরণী	১১পূর্ব্বফল্গুনী	১৭ অনুরাধা	১৯ মূলা	২৪ শতভিষা	২৬উত্তরভাদ্র
৩ কৃত্তিকা	৩ কৃর্ত্তিকা	১২ উত্তরফল্গু	১৮ জ্যেষ্ঠা	২০ পূর্ব্বষাঢ়া	২৫পূর্ব্বভাদ্র	২৭ রেবতী
৪ রোহিণী	৪ রোহিণী	১৩ হস্তা	১৯ মূলা	২১ উত্তরাষা	২৬উত্তরভাদ্র	১ অশ্বিনী
৫ মৃগশিরা	৫ মৃগশিরা	১৪ চিত্রা	২০ পূর্ব্বষাঢ়া	২২ শ্রবণা	২৭ রেবতী	২ ভরণী
৬ আর্দ্রা	৬ আদ্রা	১৫ স্বাতী	২১ উত্তরাষা	২৩ ধনিষ্ঠা	১ অশ্বিনী	৩ কৃত্তিকা
৭ পুনর্ব্বসু	৭ পুনর্ব্বসু	১৬ বিশাখা	২২ শ্রবণা	২৪ শতভিষা	২ ভরণী	৪ রোহিণী
৮ পুষ্যা	৮ পুষ্যা	১৭ অনুরাধা	২৩ ধনিষ্ঠা	২৫ পূর্ব্বভাদ্র	৩ কৃত্তিকা	৫ মৃগশিরা
৯ অশ্লেষা	৯ অশ্লেষা	১৮ জ্যেষ্ঠা	২৪ শতভিষা	২৬উত্তরভাদ্র	৪ রোহিণী	৬ আর্দ্রা
১০ মঘা	১০ মঘা	১৯ মূলা	২৫ পূর্ব্বভাদ্র	২৭ রেবতী	৫ মৃগশিরা	৭ পুনর্ব্বসু
১১পূর্ব্বফল্গুনী	২১পূর্ব্বফল্গুনী	২০পূর্ব্বাষাঢ়া	২৬উত্তরভাদ্র	১ অশ্বিনী	৬ আর্দ্রা	৮ পুষ্যা
১২উত্তরফল্গু	১২ উত্তরফল্গু	২১ উত্তরাষা	২৭ রেবতী	২ ভরণী	৭ পুনর্ব্বসু	৯ অশ্লেষা
১৩ হস্তা	১৩ হস্তা	২২ শ্রবণা	১ অশ্বিনী	৩ কৃত্তিকা	৮ পুষ্যা	১০ মঘা
১৪ চিত্রা	১৪ চিত্রা	২৩ ধনিষ্ঠা	২ ভরণী	৪ রোহিণী	৯ অশ্লেষা	১১ পূর্ব্বফল্গু
১৫ স্বাতী	১৫ স্বাতী	২৪ শতভিষা	৩ কৃত্তিকা	৫ মৃগশিরা	১০ মঘা	১২ উত্তরফল্গু
১৬ বিশাখা	১৬ বিশাখা	২৫ পূর্ব্বভাদ্র	৪ রোহিণী	৬ আর্দ্রা	১১ পূর্ব্বফল্গু	১৩ হস্তা
১৭ অনুরাধা	১৭ অনুরাধা	২৬উত্তরভাদ্র	৫ মৃগশিরা	৭ পুনর্ব্বসু	১২ উত্তরফল্গু	১৪ চিত্রা
১৮ জ্যেষ্ঠা	১৮ জ্যেষ্ঠা	২৭ রেবতী	৬ আর্দ্রা	৮ পুষ্যা	১৩ হস্তা	১৫ স্বাতি
১৯ মূলা	১৯ মূলা	১ অশ্বিনী	৭ পুনর্ব্বসু	৯ অশ্লেষা	১৪ চিত্রা	১৬ বিশাখা
২০পূর্ব্বাষাঢ়া	২০পূর্ব্বাষাঢ়া	২ ভরণী	৮ পুষ্যা	১০ মঘা	১৫ স্বাতি	১৭ অনুরাধা
২১ উত্তরাষা	২১ উত্তরাষা	৩ কৃত্তিকা	৯ অশ্লেষা	১১ পূর্ব্বফল্গু	১৬ বিশাখা	১৮ জ্যেষ্ঠা
২২ শ্রবণা	২২ শ্রবণা	৪ রোহিণী	১০ মঘা	১২ উত্তরফল্গু	১৭ অনুরাধা	১৯ মূলা
২৩ ধনিষ্ঠা	২৩ ধনিষ্ঠা	৫ মৃগশিরা	১১ পূর্ব্বফল্গু	১৩ হস্তা	১৮ জ্যেষ্ঠা	২০পূর্ব্বাষাঢ়া
২৪ শতভিষা	২৪ শতভিষা	৬ আর্দ্রা	১২ উত্তরফল্গু	১৪ চিত্রা	১৯ মূলা	২১ উত্তরাষা
২৫ পূর্ব্বভাদ্র	২৫ পূর্ব্বভাদ্র	৭ পুনর্ব্বসু	১৩ হস্তা	১৫ স্বাতী	২০পূর্ব্বাষাঢ়া	২২ শ্রবণা
২৬উত্তরভাদ্র	২৬উত্তরভাদ্র	৮ পুষ্যা	১৪ চিত্রা	১৬ বিশাখা	২১ উত্তরাষা	২৩ ধনিষ্ঠা
২৭ রেবতী	২৭ রেবতী	৯ অশ্লেষা	১৫ স্বাতি	১৭ অনুরাধা	২২ শ্রবণা	২৪ শতভিষা

অথ গ্রহাণাং গোচরবিচারঃ।

কেতূপপ্লবভৌমমন্দগতয়ঃ ষষ্ঠত্রিসংস্থাঃ শুভাঃ।
চন্দ্রার্কাবপি তে চ তৌ চ দশমৌ চন্দ্রঃ পুনঃ সপ্তমঃ।
জীবঃ সপ্তনবদ্বিপঞ্চমগতো যুগ্মেষু সোমাত্মজঃ।
শুক্রঃ ষড়দশসপ্ত বর্জমিতরে সর্ব্বেহপ্যুপান্ত্যে শুভাঃ॥১॥

কেতু, রাহু, রবি, চন্দ্র, মঙ্গল ও শনি এই সকল গ্রহ জন্মরাশি হইতে যখন তৃতীয় কিম্বা ষষ্ঠ স্থানে থাকিবেন তখন মনুয্যের শুভ ফল প্রদান করেন। উক্ত গ্রহগণ জন্মরাশির দশম স্থানে থাকিলেও শুভ ফল জানিবে। চন্দ্র জন্মরাশির সপ্তমে থাকিলে এবং বৃহস্পতি জন্মরাশির সপ্তম, নবম, দ্বিতীয় কিম্বা পঞ্চমে থাকিলে শুভ ফল প্রদান করেন। বুধ জন্মরাশিতে অবস্থিতি করিলে এবং শুক্র ষষ্ঠ, দশম ও দশম ভিন্ন রাশিতে থাকিলে মনুয্যের শুভ ফল প্রদান করিয়া থাকেন। এবং একাদশ স্থানে যে গ্রহই থাকুক সকলেই শুভ ফল প্রদান করেন॥ ১

বক্রাতিচারোপগতা গ্রহেন্দ্রা
যত্রস্থিতাস্তত্রফলং নিদধ্যুঃ।
অনিষ্টমিষ্টং নিয়তং নরাণাং
ভৌমাদয়ো যানবিবাহ জন্মসু॥ ২॥

গ্রহগণ বক্র ও অতিচার প্রভৃতি যে অবস্থাতেই থাকেন সকল অবস্থাতেই গোচরের শুভাশুভ ফল প্রদান করিয়া

থাকেন। বিবাহাদি শুভকার্য্যেগ্রহগণের শুদ্ধি বিবেচনা করিবে ॥ ২

বক্রাতিচারোপগমে গ্রহাণাং
কুত্রং ফলং রাশিগতং বদন্তি।
শুভাশুভৌ জীববুধৌ ন তস্মিং
স্তয়োস্তু পৌর্ব্বং ফলমাদিশন্তি ॥ ৩ ॥

সকল গ্রহই বক্রী বা অতিচারী হইলে অতিচারী বা বক্রী হইয়া যে রাশিতে যাইবেন সেই রাশিগত শুভাশুভ ফল প্রদান করেন।

বুধ ও বৃহস্পতি যে রাশি হইতে বক্রী বা অতিচারী হইবেন সেই রাশির নিরূপিত ফল প্রদান করিবেন ॥ ৩

তারাবলাদিন্দুরথেন্দুবীর্য্যাদ্ দিবাকরঃ সংক্রমমাণ উক্তঃ।
গ্রহাশ্চ সর্ব্বে সবিতুর্ব্বলেন মহীসুতাদ্যাঃ শুভদা নিরুক্তাঃ ॥৪

চন্দ্রের সঞ্চার কালে যদি তারাশুদ্ধি থাকে তবে চন্দ্র শুভফল প্রদান করেন, রবির সঞ্চার কালে চন্দ্রশুদ্ধি থাকিলে রবি গোচরে শুভফল দিবেন।

মঙ্গলাদি গ্রহ সঞ্চার কালে রবিশুদ্ধি থাকিলে শুভ ফল প্রদান করেন ॥ ৪

নাড়ীনক্ষত্র দিবসে রবি ভৌম শনৈশ্চরাঃ।
সংক্রান্তিং যস্য কুর্ব্বন্তি তস্য ক্লেশোঽভিজায়তে ॥ ৫ ॥

রবি, মঙ্গল ও শনি এই তিন গ্রহের সঞ্চার কালে যদি নাড়ী নক্ষত্র হয়, তবে এই তিন গ্রহ গোচরে অতিশয় অশুভ ফল ও ক্লেশ প্রদান করে ॥ ৫

অথ গ্রহাণাং শুদ্ধিঃ।

তত্র রবিশুদ্ধিঃ।

জন্মরাশেঃ শুভঃ সূর্য্য স্ত্রি ষষ্ঠ দশলাভগঃ।
দ্বিপঞ্চনবমোঽপীষ্ট স্ত্রয়োদশ দিনাৎপরিং।

জন্মরাশি হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম কিম্বা একাদশ স্থানে রবি থাকিলে সেই রবিশুদ্ধ ও শুভফল প্রদান করেন। মাসের ত্রয়োদশ দিনের পর দ্বিতীয়, পঞ্চম বা নবম স্থানে স্থিত রবি শুদ্ধ জানিবে।

অথ চন্দ্রশুদ্ধিঃ।

সপ্তমোপচয়াদ্যস্থশ্চন্দ্রঃ সর্ব্বত্র শোভনঃ।
শুক্লপক্ষে দ্বিতীয়স্থ পঞ্চমো নবমস্তথা ॥

জন্মরাশি হইতে সপ্তম, উপচয় অর্থাৎ তৃতীয়, ষষ্ঠ, দশম, একাদশ কিম্বা জন্মরাশিতে চন্দ্র থাকিলে এই চন্দ্র শুদ্ধ ও শুভফলপ্রদ হয়। শুক্ল ও কৃষ্ণ উভয় পক্ষেই এইরূপ নিয়ম, শুক্লপক্ষে বিশেষ এই যে চন্দ্র দ্বিতীয়, পঞ্চম, বা নবমস্থ হইলেও শুদ্ধ জানিবে।

অথ বামবেধে চন্দ্রশুদ্ধিঃ।

সিতশনি কুজজীবার্কাস্তু ইন্দুর্নরাণাং
ব্যয় সুখ নবমস্থোঽপীষ্ট দাতা তথৈষাং।
খসুত নিধনগশ্চেন্মিত্র পুত্রার্থগোঽপি
প্রচুরতরফলং স্যাদ্বামবেধেন শুদ্ধিঃ।

জন্মরাশি হইতে যে যে ঘরে শুক্র, শনি, মঙ্গল, বৃহস্পতি ও রবি থাকেন সেই সেই ঘর হইতে সপ্তম, দ্বাদশ, চতুর্থ বা নবম স্থানে চন্দ্র থাকিলে সেই চন্দ্র শুদ্ধ হইয়া শুভফল প্রদান করেন। এবং ঐ সমস্ত গ্রহের দশম, পঞ্চম বা অষ্টম স্থানে যদি চন্দ্র অবস্থিতি করেন তবে জ্যোতিষ শাস্ত্র মতে চন্দ্র বামবেধে শুদ্ধ হইয়া শুভফল প্রদান করেন।

অথ চন্দ্রশুদ্ধি প্রশংসা।

করকচামৃত্যুযোগশ্চ দিনং দগ্ধং তথা পরে।
শুভে চন্দ্রে বিনশ্যন্তি বৃক্ষা বজ্রহতাইব।
তারাস্তত্র ন গণ্যন্তে যত্র চন্দ্রো বলোদ্ভবঃ।
স্বামিনা পরিতুষ্টেন ভৃত্যক্রোধো নিরর্থকঃ।

চন্দ্র শুদ্ধ থাকিলে করকচা, মৃত্যুযোগ, দিনদগ্ধ ও অন্যান্য দোষ সকল নষ্ট হয়। চন্দ্র শুদ্ধ থাকিলে তারাশুদ্ধির প্রয়োজন নাই।

অথ ঘাতচন্দ্রঃ।

চন্দ্রভূত গ্রহা নেত্ররসদিগ্বহ্নিসাগরাঃ।
বেদসিদ্ধি শিবাদিত্যাঘাতচন্দ্রাঃ প্রকীর্ত্তিতাঃ।
ঘাতচন্দ্রে কৃতাযাত্রা কৃতোদ্বাহাদি মঙ্গলং।
ক্লেশায় মরণায়ৈব গর্গাচার্য্যেণ ভাষিতং ॥

মেষরাশিজাত ব্যক্তির জন্ম চন্দ্র, বৃষরাশির পঞ্চম, মিথুনরাশির নবম, কর্কটরাশির দ্বিতীয়, সিংহরাশি ষষ্ঠ, কন্যারাশির দশম, তুলারাশির তৃতীয়, বৃশ্চিকরাশির

সপ্তম, ধনুরাশির চতুর্থ, মকররাশির অষ্টম, কুম্ভরাশির একাদশ, মীনরাশির দ্বাদশ হইলে সেই চন্দ্রকে ঘাতচন্দ্র বলে। ঘাতচন্দ্রে যাত্রা ও বিবাহ প্রভৃতি কোন শুভ কার্য্য করিবে না। ঘাতচন্দ্রে যাত্রা করিলে মৃত্যু অথবা ক্লেশ হইয়া থাকে।

অথ দক্ষিণবেধে রবিশুদ্ধিঃ।

লাভবিক্রমঃ খশক্রষু স্থিতঃ শোভনো নিগদিতো দিবাকরঃ।
খেচরৈঃ সুততপোজলান্ত্যগৈর্ব্যর্কিভির্যদি ন বিধ্যতে তদা॥

জন্মরাশির একাদশ স্থানে যদি রবি অবস্থিতি করেন এবং পঞ্চম স্থানে শনি ভিন্ন কোন গ্রহ না থাকেন অথবা তৃতীয় স্থানে রবি থাকিলে যদি নবম স্থানে শনি ভিন্ন কোন গ্রহ না থাকেন কিম্বা দশম স্থানে রবি থাকিলে যদি চতুর্থ স্থানে শনি ভিন্ন কোন গ্রহ না থাকেন অথবা ষষ্ঠ স্থানে রবি থাকিলে যদি দ্বাদশ স্থানে শনি ভিন্ন কোন গ্রহ না থাকেন তবে রবি দক্ষিণবেধে শুদ্ধ হয়।

অথ দক্ষিণবেধে চন্দ্রশুদ্ধিঃ।

দ্যূন জন্ম রিপুলাভ খত্রিগশ্চন্দ্রমাঃ শুভফলপ্রদস্তথা।
স্বাত্মজান্ত্য মৃতিবন্ধু ধর্ম্মগৈর্ব্বিধ্যতে ন বিবুধৈর্যদি গ্রহৈঃ॥

যাহার জন্মরাশির সপ্তম স্থানে চন্দ্র অবস্থিতি করেন এবং দ্বিতীয় স্থানে বুধ ভিন্ন কোন গ্রহ না থাকেন কিম্বা জন্মরাশিতে চন্দ্র থাকিলে যদি পঞ্চম স্থানে বুধ ভিন্ন কোন গ্রহ না থাকে অথবা ষষ্ঠ স্থানে চন্দ্র থাকিলে যদি দ্বাদশ স্থানে বুধ ভিন্ন কোন গ্রহ না থাকেন, একাদশ স্থানে চন্দ্র থাকিলে যদি অষ্টম স্থানে বুধ ভিন্ন কোন গ্রহ না থাকেন, দশম স্থানে চন্দ্র থাকিলে যদি চতুর্থ স্থানে বুধ ভিন্ন কোন গ্রহ না থাকেন, তৃতীয় স্থানে চন্দ্র থাকিলে যদি নবম স্থানে বুধ ভিন্ন কোন গ্রহ না থাকেন তাহার চন্দ্র শুদ্ধ হইয়া শুভফল প্রদান করেন।

অথ দক্ষিণবেধে মঙ্গল ও শনি শুদ্ধিঃ।

বিক্রমায়রিপুগঃ শুভঃ কুজঃ স্যাত্তদান্ত্য সুতধর্ম্মগৈঃ খগৈঃ।
চেন্নবিদ্ধইনসূনুরপ্যসৌ কিন্তু ধর্ম্মরিপুখিণা ন বিধ্যতে॥

জন্মরাশি হইতে তৃতীয় স্থানে মঙ্গল থাকিলে যদি দ্বাদশ স্থানে কোন গ্রহ না থাকে কিম্বা একাদশ স্থানে মঙ্গল থাকিলে যদি পঞ্চম স্থানে কোন গ্রহ না থাকে অথবা ষষ্ঠ স্থানে মঙ্গল থাকিলে যদি নবম স্থানে কোন গ্রহ না থাকেন তবে মঙ্গল শুদ্ধ হয়।

মঙ্গলের ন্যায় শনির শুদ্ধি জানিবে অর্থাৎ জন্মরাশি হইতে তৃতীয়, একাদশ বা ষষ্ঠ স্থানে শনি থাকিলে যদি ক্রমত পঞ্চম, নবম বা ষষ্ঠ স্থানে রবি না থাকেন তবে শনি শুদ্ধ জানিবে।

অথ দক্ষিণবেধে বুধশুদ্ধিঃ।

স্বাম্বুশক্র মৃতিখায়গঃ শুভো জ্ঞস্তদা ন খলু বিধ্যতে যদা।
আত্মজ ত্রিনবমাদ্য নৈধন প্রান্ত্যগৈর্ব্বিধুভি র্নভশ্চরৈঃ॥

জন্মরাশি হইতে দ্বিতীয় স্থানে বুধ থাকিলে যদি পঞ্চম স্থানে চন্দ্র ভিন্ন কোন গ্রহ না থাকে কিম্বা চতুর্থ স্থানে বুধ থাকিলে যদি তৃতীয় স্থানে চন্দ্র ভিন্ন কোন গ্রহ না থাকে অথবা ষষ্ঠ স্থানে বুধ থাকিলে যদি নবম স্থানে চন্দ্র ভিন্ন কোন গ্রহ না থাকে। অষ্টম স্থানে বুধ থাকিলে যদি জন্ম রাশিতে চন্দ্র ভিন্ন কোন গ্রহ না থাকে। দশম স্থানে বুধ থাকিলে যদি অষ্টম স্থানে চন্দ্র ভিন্ন কোন গ্রহ না থাকে। একাদশ স্থানে বুধ থাকিলে যদি দ্বাদশ স্থানে চন্দ্র ভিন্ন কোন গ্রহ না থাকে তবে দক্ষিণ বেধে বুধ শুদ্ধ হইয়া শুভ ফল প্রদান করেন।

অথ দক্ষিণবেধে বৃহস্পতিশুদ্ধিঃ।

স্বায়ধর্ম্ম তনয়দ্যুনস্থিতো নাকনায়ক পুরোহিতঃ শুভঃ।
রিপ্ফবন্ধু খজলত্রিগৈর্যদা বিধ্যতে গগনচারিভির্নহি॥

জন্ম রাশি হইতে দ্বিতীয় স্থানে বৃহস্পতি থাকিলে যদি দ্বাদশ স্থানে কোন গ্রহ না থাকে। কিম্বা একাদশ স্থানে বৃহস্পতি থাকিলে যদি অষ্টম স্থানে কোন গ্রহ না থাকে অথবা নবম স্থানে বৃহস্পতি থাকিলে যদি দশম স্থানে কোন গ্রহ না থাকে। পঞ্চম স্থানে বৃহস্পতি থাকিলে যদি চতুর্থ স্থানে কোন গ্রহ না থাকে। সপ্তম স্থানে বৃহস্পতি থাকিলে যদি তৃতীয় স্থানে কোন গ্রহ না থাকে তবে বৃহস্পতি শুদ্ধ হন এবং মনুষ্যের শুভ ফল প্রদান করেন।

অথ দক্ষিণবেধে শুক্রশুদ্ধিঃ।

আমৃত্তাষ্টম তপোধ্যায়ায় গোবিন্ধ আস্ফুজিদশোভনঃ স্মৃতঃ।
নৈধনাস্তরতনুকর্মধর্মধী লাভবৈরি সহজস্থ খেচরৈঃ॥

জন্ম রাশি হইতে শুক্র থাকিলে যদি অষ্টম স্থানে কোন গ্রহ না থাকে। দ্বিতীয় স্থানে শুক্র থাকিলে যদি সপ্তম স্থানে কোন গ্রহ না থাকে। তৃতীয় স্থানে শুক্র থাকিলে যদি জন্ম রাশিতে কোন গ্রহ না থাকে। চতুর্থ স্থানে শুক্র স্থিত হইলে যদি দশম স্থানে কোন গ্রহ না থাকে। পঞ্চম স্থানে শুক্র স্থিত হইলে যদি নবম স্থানে কোন গ্রহ না থাকে। অষ্টম স্থানে শুক্র স্থিত হইলে যদি পঞ্চম স্থানে কোন গ্রহ না থাকে। নবম স্থানে শুক্র স্থিত হইলে যদি একাদশ স্থানে কোন গ্রহ না থাকে। দ্বাদশ স্থানে শুক্র স্থিত হইলে যদি ষষ্ঠ স্থানে কোন গ্রহ না থাকে, একাদশ স্থানে শুক্র স্থিত হইলে যদি তৃতীয় স্থানে কোন গ্রহ না থাকে, তবে শুক্র শুদ্ধ হন এবং মনুষ্যের শুভ ফল প্রদান করেন॥

অথ গ্রহাণাং গোচরফলং।

শীতাংশুর্মিষ্টমন্নং জনয়তি সততং জন্মরাশৌ নরাণাং
হর্ষং দৈত্যেন্দ্রমন্ত্রী দিবস করকুজৌ শত্রুপক্ষস্য বৃদ্ধিং।
হানিং কুর্য্যাদসূনাং কিরণপতিসুতো বন্ধনং সোমপুত্রো।
নিত্যং নির্বৃত বুদ্ধিং প্রবল রিপুবলং বিত্তনাশঞ্চ জীবঃ॥ ১॥

জন্ম রাশিতে চন্দ্র স্থিত হইলে মিষ্টান্ন ভোজন, শুক্র জন্ম রাশিতে স্থিত হইলে আমোদ প্রমোদ, রবি ও মঙ্গল জন্ম রাশিতে থাকিলে শত্রু বৃদ্ধি, শনি জন্ম রাশিতে স্থিত হইলে প্রাণ হানি, বুধ জন্ম রাশিতে থাকিলে বন্ধন, বৃহস্পতি জন্ম রাশিতে স্থিত হইলে শত্রুর বল বৃদ্ধি ও মানসিক ক্লেশ হয়। ১

ভেদং মিত্রজনে করোতি দিনকৃৎ ক্লেশাশ্রয়ং চন্দ্রমাঃ
সৌরির্ব্বিত্ত বিনাশমিচ্ছতি সদা লাভং দদাতীন্দুজঃ।
হানিং ভূমিসুতঃ করোতি মহতীং ভোগান্ ভৃগোরাত্মজঃ
জ্ঞানং দীপয়তি দ্বিতীয় ভবনে জীবো নৃণাং নির্বৃতিং॥ ২॥

রবি দ্বিতীয় স্থানে স্থিত হইলে মিত্র ভেদ, চন্দ্র দ্বিতীয় স্থানে স্থিত হইলে ক্লেশ, শনি দ্বিতীয় স্থানে স্থিত হইলে বিত্তনাশ, বুধ দ্বিতীয় স্থানে থাকিলে লাভ, মঙ্গল দ্বিতীয় স্থানে স্থিত হইলে হানি, শুক্র দ্বিতীয় স্থানে থাকিলে ভোগর বৃহস্পতি দ্বিতীয় স্থানে থাকিলে জ্ঞান বৃদ্ধি হয়॥২॥

তৃতীয়ে তিষ্ঠন্তঃ খরকিরণ ভৌমার্কতনয়াঃ
স্থির স্থান প্রাপ্তিং দদতি ভৃগুসূনুশ্চ পরমাং।
বিনাশং শত্রূণাং জনয়তি শশী চন্দ্রতনয়ঃ
পরংদ্বৎ সন্তাপং ত্রিদশপতি মন্ত্রী চ কুরুতে॥ ৩॥

রবি, মঙ্গল, শনি ও শুক্র তৃতীয় স্থানে থাকিলে অচল স্থান প্রাপ্তি, চন্দ্র ও বুধ তৃতীয় স্থানে থাকিলে শত্রু নাশ, বৃহস্পতি তৃতীয় স্থানে থাকিলে মনঃ পীড়া হয়। ৩

সূক্ষ্মাং শাস্ত্র বিরোধিকামপিধিয়ং মূঢ়াং করোত্যঙ্গিরাঃ
ঘোরাং দুঃখ পরম্পরাং দিনকরঃ কুক্ষ্যাময়ঞ্চন্দ্রমাঃ।
সৌম্যোরোগবিনাশ মিচ্ছতি নৃণাং রোগক্ষয়ং ভার্গবো
ভৌমঃ শত্রু ভয়ং চতুর্থ ভবনে সৌরিশ্চ বিত্তক্ষয়ং॥ ৪॥

জন্ম রাশির চতুর্থ স্থানে বৃহস্পতি স্থিত হইলে মনুষ্যের শাস্ত্র বিরোধি সূক্ষ্ম বুদ্ধি হয়, রবি চতুর্থ স্থানে স্থিত হইলে অতিশয় দুঃখ, চন্দ্র চতুর্থ স্থানগত হইলে উদর রোগ, বুধ চতুর্থ স্থানে থাকিলে আরোগ্য, শুক্র চতুর্থ স্থানগত হইলে রোগ ক্ষয় হয়, মঙ্গল চতুর্থ স্থানে স্থিত হইলে শত্রু ভয় শনি চতুর্থ স্থানে স্থিত হইলে বিত্ত নাশ হয়। ৪

দৌর্ভাগ্যং শশলাঞ্ছনঃ ক্ষিতিসুত শ্চোদ্বিগ্নতাঞ্চেতসো
দোষোৎ পত্তিমসূত্তনাং রবিসুতঃ স্নিগ্ধৈর্ব্বিয়োগং রবিঃ।
দৌর্ভাগ্যং বিদধাতি চন্দ্রতনয়ঃ প্রাপ্তিং পরাং ভার্গবঃ
কুর্য্যাৎ পঞ্চম রাশি গোচর গতো জীবোনৃণাং নির্বৃতিঃ॥ ৫

চন্দ্র জন্ম রাশির পঞ্চমে স্থিত হইলে দৌর্ভাগ্য, মঙ্গল পঞ্চম স্থিত হইলে মানসিক উদ্বেগ, শনি পঞ্চম স্থিত হইলে নানা প্রকার দোষোৎপত্তি, রবি পঞ্চম স্থিত হইলে প্রিয় ব্যক্তির বিচ্ছেদ, বুধ পঞ্চমে স্থিত হইলে দৌর্ভাগ্য, শুক্র পঞ্চমগত হইলে লাভ, বৃহস্পতি পঞ্চমস্থিত হইলে মনুষ্যের নির্বৃতি অর্থাৎ সকল বিষয়ে সুখ হয়। ৫

স্থিতাঃ ষষ্ঠে রাশৌ দিনকর মহীজার্কতনয়া
বুধ শ্চন্দ্র শ্চৈব প্রচুর ধন ধান্যানি দদতি।
সমৃদ্ধিং শত্রূণাং মনসিচ বিষাদং সুরগুরু
র্ভৃগুর্নাশং কুর্য্যাদ্ যুবতি কৃত বৈরঞ্চ পরমং॥ ৬

রবি, চন্দ্র, মঙ্গল, বুধ ও শনি ষষ্ঠ স্থিত হইলে প্রচুর ধন ধান্যাদি লাভ হয়। বৃহস্পতি ষষ্ঠস্থিত হইলে শত্রু বৃদ্ধি ও মানসিক দুঃখ, এবং শুক্র ষষ্ঠস্থিত হইলে নানা প্রকার শত্রুতা নাশ হয়। ৬

স্ত্রীলাভং শশলাঞ্ছনোঽর্কতনয় শ্চোদ্বিগ্নতাঞ্চেতসো
ভৌমশ্চাপি ধনক্ষয়ং সুরগুরু র্লাভপ্রদঃ সম্পদঃ।
সৌম্যো রোগ করো ভবেৎ প্রকুপিতো রোগাশ্রয়ং ভার্গবঃ।
সূর্য্যশ্চাপি করোত্যনিষ্ট মতুলং রাশৌগতঃ সপ্তমে ॥ ৭

চন্দ্র সপ্তমস্থিত হইলে স্ত্রী লাভ, শনি সপ্তমস্থানস্থিত হইলে মানসিক উদ্বেগ, মঙ্গল সপ্তমস্থিত হইলে ধনক্ষয় বৃহস্পতি সপ্তমস্থিত হইলে সম্পদলাভ, বুধ সপ্তমস্থিত হইলে রোগ, শুক্র সপ্তমস্থিত হইলে রোগ বৃদ্ধি, রবি সপ্তম-হইলে নানা প্রকার অনিষ্ট হয়। ৭

হুতবহ ভয়মারশ্চন্দ্রজঃ সৌখ্য মুগ্রং।
ধন হরণ মথার্কির্ভার্গবশ্চার্থলাভং।
মরণমথ পতঙ্গঃ স্থাননাশং সুরেজ্যঃ
সৃজতি নিধন সংস্থো নেত্ররোগঞ্চ চন্দ্রঃ ॥ ৮ ॥

মঙ্গল জন্ম রাশির অষ্টম স্থান গত হইলে অগ্নিভয়, বুধ অষ্টম গত হইলে সুখ, শনি অষ্টম গত হইলে ধনহরণ, শুক্র অষ্টম গত হইলে অর্থলাভ, রবি অষ্টম গত হইলে মৃত্যু, বৃহস্পতি অষ্টম গত হইলে স্থান নাশ, চন্দ্র, অষ্টম স্থান গত হইলে নেত্র রোগ হয়। ৮

ধর্ম্ম স্থানে দিনকর সুতোনাশমর্থস্য কুর্য্যা
দ্রোগং সৌম্যো ধরণিতনয়োভার্গবশ্চার্থলাভং।
ত্রাশং সোমোজনয়তি নৃণাং শোক বিদ্বেষ মর্কঃ
স্থানং মানং পশুসুতযুতঞ্চাপি জীবঃ প্রকামং ॥ ৯ ॥

জন্ম রাশির নবম স্থানে রবি অবস্থিত হইলে অর্থনাশ, বুধ নবমে অবস্থিত হইলে রোগ, মঙ্গল ও শুক্র নবম স্থানে অবস্থিত হইলে অর্থলাভ হয়, চন্দ্র নবম স্থানে অবস্থিত হইলে ত্রাশ, রবি নবম স্থানে স্থিত হইলে শোক ও দ্বেষ, বৃহস্পতি নবম স্থিত হইলে স্থান, মান, ও পশ্বাদি লাভ হয়। ৯

সৌম্যোঽস্তঃশান্তি মুগ্রাং জনয়তি দশমঃ সূর্য্যসূনুঃ প্রকামাং
খ্যাতিং ভৌমঃ সমৃদ্ধিং পশুপতি মুকুটোদ্ঘৃষ্টপাদঃ শশাঙ্কঃ।
প্রাধান্যং চার্থলাভং দশসত কিরণঃ কর্ম্মগঃ কর্ম্ম সিদ্ধিং
মিত্রাণাং দৈত্য পূজ্যঃ ক্ষপয়তি সুযশঃ প্রীতি ভেদঞ্চজীবঃ ॥১০

রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনি এই সকল গ্রহ জন্ম রাশির একাদশ স্থানে অবস্থিত হইলে, মনুষ্যের ধন, ধান্য ও মান বৃদ্ধি হয়। একাদশ স্থানে সকল গ্রহই শুভ প্রদ, কোন গ্রহই জন্ম রাশির একাদশে থাকিয়া কোন অনিষ্ট করিতে পারে না। ১০

জীবাবনেয় রবি সৌরি সুরারি পূজ্যা
শ্চন্দ্রশ্চ চন্দ্র তনয়শ্চ বিধুন্তুদশ্চ।
একাদশে চ ভবনে সততং নরাণাং
সৌভাগ্য মান ধনধান্য করা ভবন্তি ॥ ১১ ॥

জন্ম রাশির দশম স্থানে বুধ অবস্থিত হইলে মনের সুস্থতা, রবি দশম স্থিত হইলে ইচ্ছানুরূপ কীর্ত্তি, মঙ্গল দশম স্থান স্থিত হইলে সম্পত্তি, চন্দ্র দশমস্থিত হইলে প্রধান পদ ও অর্থলাভ, রবি দশম স্থানস্থিত হইলে কার্য্য সিদ্ধি, শুক্র দশমস্থিত হইলে মিত্রের যশ বৃদ্ধি ও বৃহস্পতি দশম স্থানস্থিত হইলে প্রীতি লাভ হয়। ১১

জীবঃ সহস্র কিরণশ্চ শনৈশ্চরশ্চ
রাহুশ্চ বক্র চরিতশ্চ নিশাকরশ্চ।
কুর্য্যুর্ব্বিয়োগ বধ বন্ধ ভয়ং নরাণাং
শুক্রেন্দুজৌ ধৃতি করৌ রবি সংখ্য রাশৌ ॥ ১২ ॥

বৃহস্পতি, রবি, শনি, রাহু, মঙ্গল ও চন্দ্র জন্ম রাশির দ্বাদশস্থিত হইলে মনুষ্যের বধ, বন্ধন, ও ভয় হয়। বুধ ও শুক্র জন্ম রাশির দ্বাদশেস্থিত হইলে মনুষ্য ধৈর্য্যশীল হয়। ১২

গ্রন্থান্তরে গোচর ফলম্।

রবেঃ।

স্থানং জন্মনি নাশয়েদ্দিনকরঃ কুর্য্যা দ্বিতীয়ে ভয়ং
দুশ্চিক্যে শ্রিয়মা তনোতি হিবুকে মানক্ষয়ং যচ্ছতি।
দৈন্যং পঞ্চমগঃ করোতি রিপুহা ষষ্ঠেঽর্থহা সপ্তমঃ
পীড়া মষ্টমগঃ করোতি নিতরাং কান্তিক্ষয়ং ধর্ম্মগঃ ॥ ১
ধর্ম্ম বৃদ্ধি জনস্ত কর্ম্মগো বিত্ত বৃদ্ধি রুদয়ায় সংস্থিতঃ
দ্রব্যনাশ জনিতাং মহাপদং যচ্ছতি ব্যয় গতো দিবাকরঃ ॥২

জন্ম রাশিতে রবি অবস্থিত হইলে মনুষ্য স্থান ভ্রষ্ট হয়। রবি জন্ম রাশির দ্বিতীয়ে অবস্থিত হইলে ভয়, তৃতীয়ে অবস্থিত হইলে স্ত্রী লাভ, চতুর্থে অবস্থিত হইলে মান হানি, পঞ্চমে অবস্থিত হইলে দৈন্য, ষষ্ঠ স্থানে অবস্থিত হইলে শত্রু নাশ, সপ্তম স্থানে অবস্থিত হইলে অর্থনাশ, অষ্টম স্থানে অবস্থিত হইলে পীড়া, নবম স্থানে অবস্থিত হইলে কান্তি, দশম স্থানে অবস্থিত হইলে কার্য্য বৃদ্ধি, একাদশ স্থানে অবস্থিত হইলে সম্পত্তি বৃদ্ধি হয়। দ্বাদশ স্থানে রবি অবস্থিত হইলে মনুষ্যের সম্পত্তি নষ্ট হইয়া ঘোরতর বিপদ উপস্থিত হইয়া থাকে। ১

চন্দ্রস্য।

জন্মন্যর্থং দিশতি হিমগুর্ব্বিত্তনাশং দ্বিতীয়ে
দদ্যাদ্দ্রব্যং সহজভবনে চক্ষু রোগং চতুর্থঃ।
কার্য্যভ্রংশং তনয়গৃহগো বিত্তলাভঞ্চ ষষ্ঠে
দ্যূনে দ্রব্যং যুবতি সহিতং মৃত্যু সংস্থোঽথমৃত্যুং ॥ ১ ॥
নৃপভয়ং কুরুতে নবমঃ শশী দশম ধাম গতস্তু মহৎ সুখং।
বি বিধ মায়গতঃ কুরুতে ধনং ব্যয়গতস্তু রুজং ধনক্ষয়ং ॥ ২

চন্দ্র জন্ম রাশি স্থিত হইলে অর্থ লাভ, দ্বিতীয় স্থানস্থিত হইলে বিত্তনাশ, তৃতীয় স্থানস্থিত হইলে দ্রব্য লাভ, চতুর্থ স্থানস্থিত হইলে উদরপীড়া, পঞ্চম স্থানস্থ হইলে কার্য্য হানি, ষষ্ঠ স্থানস্থ হইলে বিত্তলাভ, সপ্তম স্থানস্থ হইলে স্ত্রী লাভ, অষ্টম স্থানস্থ হইলে মৃত্যু, নবমস্থ হইলে রাজ ভয়, দশমস্থ হইলে মহাসুখ, একাদশস্থ হইলে ধন বৃদ্ধি, দ্বাদশস্থ হইলে রোগ ও ধন ক্ষয় হয়। ২

মঙ্গলস্য।

প্রথম গৃহগঃ ক্ষৌণীসূনুঃ করোত্যরিজং ভয়ং
ক্ষপয়তি ধনং বিত্তস্থানে তৃতীয়গতোঽর্থদঃ
শত্রুভয়করঃ পাতালেঽসূনক্ষিণোঽভি চ পঞ্চমো
রিপুগৃহগতো ধত্তে বিত্তং শুচং মদনস্থিতঃ ॥ ১
জনয়তি মরণস্থঃ শস্ত্রধারাং ধরাজো
দিশতি চ নবমস্থঃ কার্য্য পীড়া মতীব।
শুভমপি দশমস্থো লাভগো ভূমিলাভং
ব্যয়ভবনগতোঽসৌব্যাধ্যনর্থার্থ নাশং ॥ ২

মঙ্গল জন্মরাশি গত হইলে শত্রুভয়, দ্বিতীয় স্থান গত হইলে ধননাশ, তৃতীয় স্থান গত হইলে অর্থ লাভ, চতুর্থ স্থান গত হইলে শত্রু ভয়, পঞ্চম স্থান গত হইলে প্রাণনাশ, ষষ্ঠ স্থান গত হইলে বিত্ত লাভ, সপ্তম স্থান গত হইলে শোক, অষ্টম স্থান গত হইলে অস্ত্রাঘাত, নবম স্থান গত হইলে কার্য্য হানি, দশম গত হইলে শুভ, একাদশ গত হইলে ভূমি লাভ, দ্বাদশ গত হইলে রোগ, অর্থনাশ ও অমঙ্গল হয়। ৩

বুধস্য।

বুধঃ প্রথমধামগো দিশতি বন্ধমর্থেধনং
ধনং রিপুভয়ান্বিতং সহজগশ্চতুর্থোঽর্থদঃ।
অনির্ব্বৃতিকরো ভবেত্তনয়গোঽরিস্থানগঃ
করোতি মদনস্থিতো বহুধা শরীরাপদং।
অষ্টমে শশিসুতে ধনলব্ধির্দ্ধর্ম্মগেঽতিমহতী তনুপীড়া।
কর্ম্মগে শুভমথায়গতেঽর্থো দ্বাদশগে ভবতি বিত্তলাভঃ ॥ ২

বুধ জন্ম রাশি গত হইলে বন্ধন, দ্বিতীয় স্থান গত হইলে ধন লাভ, তৃতীয় স্থান গত হইলে ধন ও শত্রু ভয়, চতুর্থ গত হইলে অর্থ লাভ, পঞ্চম হইলে অনটন, ষষ্ঠ হইলে অশুভ, সপ্তম হইলে নানা প্রকার শারীরিক রোগ ও আপদ, অষ্টম হইলে ধন লাভ, নবম হইলে জীবন সংশয় পীড়া, দশম হইলে শুভ, একাদশ হইলে অর্থ লাভ, দ্বাদশ হইলে বিত্ত লাভ হয়। ৪

বৃহস্পতেঃ।

ভয়ং জন্মস্থার্য্যো জনয়তি ধনস্থোঽর্থ মতুলং
তৃতীয়োঽঙ্গক্লেশং দিশতি চ চতুর্থোঽর্থ বিষমং।
শুভং পুত্রস্থানেঽশুভ মপি চ কুর্য্যাদরি গৃহে
দ্যূনে ভূভুৎ পূজাং ধননিচয়নাশঞ্চ নিধনে ॥ ১ ॥
ধর্ম্মগতো ধন বৃদ্ধি করঃ স্যাৎ প্রীতিহরো দশমোঽমর পূজ্যঃ।
স্থানং ধনানি দদাতি সচায়ে দ্বাদশগত স্তনুমানসপীড়াং ॥ ২

বৃহস্পতি জন্ম রাশিতে অবস্থিত হইলে ভয়, দ্বিতীয় হইলে অর্থলাভ তৃতীয় হইলে শারীরিক ক্লেশ, চতুর্থ হইলে অর্থনাশ, পঞ্চম হইলে শুভ, ষষ্ঠ হইলে অশুভ, সপ্তম হইলে রাজ পূজা, অষ্টম হইলে ধননাশ, নবম হইলে ধন বৃদ্ধি, দশম হইলে প্রীতিভঞ্জন, একাদশ হইলে ধন লাভ, দ্বাদশ হইলে শারীরিক ও মানসিক পীড়া হয়। ৫

শুক্রস্য।

জন্মন্যরিক্ষয়করো ভৃগুজোঽর্থদোঽর্থে
ভূশ্চিক্যগঃ শুভকরো ধনদশ্চতুর্থে।
স্যাৎ পুত্রদস্তনয়গোঽরিগতোঽরিবৃদ্ধিং
শোকপ্রদো মদনগো নিধনেঽর্থদাতা॥ ১
জনয়তি বিবিধাম্বরাণি ধর্ম্মে ন শুভকরো দশমস্থিতস্তু শুক্রঃ।
ধন নিচয়করস্তু লাভসংস্থিতো ব্যয়ভবনেঽপি ধনাগমং করোতি।২

শুক্র জন্ম রাশিস্থ হইলে শত্রু বিনাশ, দ্বিতীয় হইলে অর্থ লাভ, তৃতীয় হইলে শুভ, চতুর্থ হইলে ধন লাভ, পঞ্চম হইলে পুত্র লাভ, ষষ্ঠ হইলে শত্রু বৃদ্ধি, সপ্তম হইলে শোক, অষ্টম হইলে অর্থ লাভ, নবম হইলে বিবিধ বস্ত্র লাভ, দশম হইলে শুভ, একাদশ হইলে বহু ধন লাভ, দ্বাদশ হইলে ধনাগম হইয়া থাকে। ৬

শনেঃ।

বিত্তভ্রংশং সদা দাহং দিনকরতনয়ো জন্ম রাশি প্রপন্ন
শ্চিত্তে ক্লেশং দ্বিতীয়ো রিপুহনন কৃতং বিত্তলাভং তৃতীয়ঃ।
পাতালে শত্রু বৃদ্ধিং সুতভবনগতঃ পুত্রভৃত্যাদিনাশং
ষষ্ঠ স্থানেঽর্থলাভং জনয়তি মদনে দোষসঙ্ঘাত মার্কিঃ॥ ১
শরীরপীড়াং নিধনেঽথ ধর্ম্মে ধনক্ষয়ং কর্ম্মণি দৌর্ম্মনস্যং।
উপান্ত্যগো বিত্তমনর্থমন্তে শনির্দ্দদাতীত্যবদৎ সুবৃত্তঃ॥ ২

শনি জন্ম রাশিস্থ হইলে বিত্ত নাশ ও সন্তাপ, দ্বিতীয় হইলে চিত্ত ক্লেশ, তৃতীয় হইলে শত্রু নাশ ও বিত্ত লাভ, চতুর্থ হইলে শত্রু বৃদ্ধি। পঞ্চম হইলে পুত্রভৃত্যাদিনাশ, ষষ্ঠ হইলে অর্থ লাভ, সপ্তম হইলে অনিষ্টাপাত, অষ্টম হইলে শরীর পীড়া, নবম হইলে ধনক্ষয়, দশম হইলে মানসিক উদ্বেগ, একাদশ হইলে বিত্তলাভ, দ্বাদশ হইলে অমঙ্গল হয়। ৭

রাহোঃ।

জন্মান্ত্য পঞ্চ বসুরন্ধ্র নবদ্বিসপ্ত
রাশৌস্থিতে যদি ভবেদসুরঃ কদাপি
অর্থক্ষয়ং রিপুভয়ং বহু কার্য্য হানিং
রোগ প্রবাস মরণাগ্নিভয়ং করোতি॥ ১

জন্ম, দ্বিতীয়, পঞ্চম, সপ্তম, অষ্টম, নবম বা দ্বাদশ রাশিতে রাহু অবস্থিত হইলে অর্থক্ষয়, শত্রু ভয়, কার্য্যহানি, রোগ, অগ্নি ভয় ও মৃত্যু হইয়া থাকে। এতদ্ভিন্ন স্থানে রাহু অবস্থিত হইলে শুভ ফল প্রদান করে। ৮

কেতোঃ।

একাদশ ত্রিদশ ষষ্ঠ গতো নরাণাং
সম্মান ভোগ নৃপমান সুখার্থ দাতা।
আজ্ঞা করাশ্চ পুরুষাঃ প্রমদাশ্চ নিত্যং
সৌখ্যোদয়ং দিশতি পুণ্যচয়ঞ্চ কেতুঃ॥ ১

জন্ম রাশি হইতে একাদশ, তৃতীয়, দশম, কিম্বা ষষ্ঠ রাশিতে কেতু অবস্থিত হইলে মনুষ্যের সম্মান, ভোগ, রাজ পূজা, সুখ ও অর্থ লাভ হয় এবং আজ্ঞাকারী পুরুষ ও স্ত্রী হইতে সুখভোগ ও পুণ্য সঞ্চয় হয়। ৯

ইতি গ্রহাণাং গোচরফলম্।

অথ গোচর ফল কালঃ।

দিনকর রুধিরৌ প্রবেশ কালে
গুরু ভৃগুজৌ ভবনস্য মধ্য সংস্থৌ।
রবি সুত শশিনৌ বিনির্গমস্থৌ
শশিতনয়ঃ ফলদস্তু সর্ব্বকালে॥

রবি ও মঙ্গল এই দুই গ্রহ প্রবেশ কালে ফল প্রদান করেন, বৃহস্পতি ও শুক্র এই দুই গ্রহ মধ্য সময়ে, শনি ও চন্দ্র এই দুই গ্রহ শেষাবস্থায় ও বুধ সর্ব্ব সময়ে ফল প্রদান করেন।

অথ কেতুপতাকী।

অর্কেন্দু কুজসৌম্যার্কি গুরবঃ স্যুর্যথা ক্রমং।
রাহুঃ সর্পো ভৃগুশ্চেতি পতাকী প্রভবা গ্রহাঃ॥
বামং কেতু পতাকায়াং কৃত্তিকাদিপরিভ্রমাৎ।
জন্মর্ক্ষং খেচরে যত্র জন্মাদ্যব্দাস্ততঃ ক্রমাৎ॥
আদিত্য সৌরয়োর্ব্বেধো বেধশ্চন্দ্র সুরেজ্যয়োঃ।
কুজরাহ্বোর্জ্ঞভৃগ্বোশ্চ কেতুঃ কৈশ্চিন্নবিধ্যতে॥

কেতু পতাকী চক্র।

কিরূপে কেতুপতাকী চক্র অঙ্কিত করিয়া গ্রহ ও নক্ষত্র সংস্থাপন পূর্ব্বক শুভাশুভ গণনা করিতে হয় তাহা বর্ণিত হইতেছে।

রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, শনি, বৃহস্পতি, রাহু কেতু ও শুক্র এইরূপে নয়টী গ্রহকে কেতুপতাকী চক্রে পর পর বসাইতে হইবে এবং রবি হইতে কৃত্তিকাদি সপ্তবিংশতি নক্ষত্র সংস্থাপন পূর্ব্বক কেতুপতাকী চক্র অঙ্কিত করিবে। এইরূপে অঙ্কিত করিলে রবি ও শনিতে বেধ হইবে, চন্দ্র ও বৃহস্পতিতে, মঙ্গল ও রাহুতে এবং বুধ ও শুক্রে বেধ হইবে। কেতুর সহিত কোন গ্রহের বেধ হইবে না। এই রূপে চক্রপাত করিয়া জন্ম নক্ষত্র অনুসারে বর্ষাধিপতি গ্রহস্থির করিয়া শুভাশুভ নিশ্চয় করিবে। যথা কৃত্তিকা, উত্তরফল্গুনী ও উত্তরাষাঢ়া এই তিন নক্ষত্রের কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথম বর্ষ রবির। রোহিণী, হস্তা ও শ্রবণা ইহার কোন নক্ষত্রে জন্ম হইলে প্রথম বর্ষ চন্দ্রের। মৃগশিরা, চিত্রা, বা ধনিষ্ঠাতে জন্ম হইলে প্রথমে মঙ্গলের বর্ষ। আর্দ্রা, স্বাতী বা শতভিষা নক্ষত্রে জন্ম হইলে প্রথমে বুধের বর্ষ। পুনর্ব্বসু, বিশাখা বা পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রে জন্ম হইলে প্রথমে শনির বর্ষ। পুষ্যা, অনুরাধা বা উত্তর-ভাদ্রপদ নক্ষত্রে জন্ম হইলে প্রথমে বৃহস্পতির বর্ষ। অশ্লেষা, জ্যেষ্ঠা বা রেবতী নক্ষত্রে জন্ম হইলে প্রথমে রাহুর বর্ষ। মঘা, মূলা বা অশ্বিনী নক্ষত্রে জন্ম হইলে প্রথমে কেতুর বর্ষ। পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া বা ভরণী নক্ষত্রে জন্ম হইলে প্রথমে শুক্রের বর্ষ হইবে।

কেতুপতাকী গণনায় প্রথম বর্ষ যে গ্রহের হইবে ঐ গ্রহ হইতে পরে পরে যে যে গ্রহ থাকিবে পর পর বর্ষ তাহাদের হইবে।

কেতুপতাকীতে কাহার কোন বর্ষের অধিপতি কোন গ্রহ হইবে তাহা সহজে পরিজ্ঞানার্থ পরপৃষ্ঠায় একটী চক্র অঙ্কিত করা গেল, এই চক্র দৃষ্টে গণনা না করিয়াও স্ব স্ব বর্ষাধিপতি জানিতে পারিবে।

এই চক্রের উপরিভাগে বয়সের অঙ্ক, বয়সের অঙ্কের স্তম্ভের নিম্নে বর্ষাধিপতি গ্রহের নাম, গ্রহশ্রেণীর বাম দিকের স্তম্ভে নক্ষত্রের নাম। স্বীয় জন্মনক্ষত্রানুসারে বয়-সের অঙ্কের স্তম্ভের নিম্নে দৃষ্টি করিলেই কোন্ বয়সে কোন্ গ্রহের বর্ষ তাহা জানিতে পারিবে।

যথা—যদি কৃত্তিকা, উত্তরফল্গুনী কিম্বা উত্তরাষাঢ়া নক্ষত্রে কোন ব্যক্তির জন্ম হয় তবে তাহার প্রথম, দশম ও ঊনবিংশতি ইত্যাদি বর্ষ রবির। দ্বিতীয়, একাদশ ও বিংশতি ইত্যাদি বর্ষ চন্দ্রের। এইরূপে রোহিণী, হস্তা কিম্বা শ্রবণা নক্ষত্রে কোন ব্যক্তির জন্ম হইলে প্রথম, দশম ও ঊনবিংশতি ইত্যাদি বর্ষ চন্দ্রের। এইরূপে যাহার জন্ম নক্ষত্র চক্রের যে শ্রেণীতে দেখিতে পাইবে সেই শ্রেণীর গ্রহ ও উপরের বয়সের অঙ্কের প্রতি দৃষ্টি করিয়া বর্ষাধিপতি স্থির করিবে।

কেতুপতাকী।

জন্ম নক্ষত্র	বয়স ১ ১০ ১৯ ২৮ ৩৭ ৪৬ ৫৫ ৬৪ ৭৩ ৮২ ৯১ ১০০	বয়স ২ ১১ ২০ ২৯ ৩৮ ৪৭ ৫৬ ৬৫ ৭৪ ৮৩ ৯২ ১০১	বয়স ৩ ১২ ২১ ৩০ ৩৯ ৪৮ ৫৭ ৬৬ ৭৫ ৮৪ ৯৩ ১০২	বয়স ৪ ১৩ ২২ ৩১ ৪০ ৪৯ ৫৮ ৬৭ ৭৬ ৮৫ ৯৪ ১০৩	বয়স ৫ ১৪ ২৩ ৩২ ৪১ ৫০ ৫৯ ৬৮ ৭৭ ৮৬ ৯৫ ১০৪	বয়স ৬ ১৫ ২৪ ৩৩ ৪২ ৫১ ৬০ ৭৮ ৭৮ ৮৭ ৯৬ ১০৫	বয়স ৭ ১৬ ২৫ ৩৪ ৪৩ ৫২ ৬১ ৭০ ৭৯ ৮৮ ৯৭ ১০৬	বয়স ৮ ১৭ ২৬ ৩৫ ৪৪ ৫৩ ৬২ ৭১ ৮০ ৮৯ ৯৮ ১০৭	বয়স ৯ ১৮ ২৭ ৩৬ ৪৫ ৫৪ ৬৩ ৭২ ৮১ ৯০ ৯৯ ১০৮
কৃত্তিকা ২ উত্তরফল্গু ১ উত্তরাষাঢ়া	রবি	চন্দ্র	মঙ্গল	বুধ	শনি	বৃহস্পতি	রাহু	কেতু	শুক্র
রোহিণী ১৩ হস্তা ২২ শ্রবণা	চন্দ্র	মঙ্গল	বুধ	শনি	বৃহস্পতি	রাহু	কেতু	শুক্র	রবি
৫ মৃগশিরা ১৪ চিত্রা ২৩ ধনিষ্ঠা	মঙ্গল	বুধ	শনি	বৃহস্পতি	রাহু	কেতু	শুক্র	রবি	চন্দ্র
৬ আর্দ্রা ১৫ স্বাতী ২৪ শতভিষা	বুধ	শনি	বৃহস্পতি	রাহু	কেতু	শুক্র	রবি	চন্দ্র	মঙ্গল
৭ পুনর্ব্বসু ১৬ বিশাখা ২৫ পূর্ব্বভাদ্র	শনি	বৃহস্পতি	রাহু	কেতু	শুক্র	রবি	চন্দ্র	মঙ্গল	বুধ
৮ পুষ্যা ১৭ অনুরাধা ২৬উত্তরভাদ্র	বৃহস্পতি	রাহু	কেতু	শুক্র	রবি	চন্দ্র	মঙ্গল	বুধ	শনি
৯ অশ্লেষা ১৮ জ্যেষ্ঠা ২৭ রেবতী	রাহু	কেতু	শুক্র	রবি	চন্দ্র	মঙ্গল	বুধ	শনি	বৃহস্পতি
১০ মঘা ১৯ মূলা ১ অশ্বিনী	কেতু	শুক্র	রবি	চন্দ্র	মঙ্গল	বুধ	শনি	বৃহস্পতি	রাহু
১১পূর্ব্বফল্গুণী ২০পূর্ব্বাষাঢ়া ২ ভরণী	শুক্র	রবি	চন্দ্র	মঙ্গল	বুধ	শনি	বৃহস্পতি	রাহু	কেতু

অথ কেতুপতাকী ফলং।

রবেরব্দে মনুষ্যাণাং সর্ব্বত্র নিষ্ফলং ভবেৎ ॥
শিরঃ শূলো জ্বরোগেহদাহো বিঘ্নঃ পদে পদে ॥
চন্দ্রস্যাব্দে ভবেদ্রৌপ্যং সুবর্ণাভরণানি চ।
কৃষিঃ ফলবতী সিদ্ধিঃ সর্ব্বত্রান্যৈশ্চ প্রোচ্যতে।
সম্বৎসরে মহীজস্য কালাদিব বিভেতি চ।
গৃহদাহোঽর্থহানিশ্চ চৌরতো রাজতোঽপি বা ॥
বুধস্যাব্দে সুশয্যাস্যাদ্দেশে দেশাধিপো ভবেৎ।
স্বর্ণরৌপ্যধনং দানং পুণ্যকর্ম্মণি মানসং ॥
মন্দস্যাব্দে ভবেদ্দাহো বন্ধনাদি প্রপীড়নং।
ধনহানিঃ প্রহারশ্চ কলিস্বজনবন্ধুভিঃ ॥
নাকনাথগুরোরব্দে বহুলোৎপত্তি সম্পদঃ।
কৃষ্ণলোহিত ছত্রেণ খ্যাতো ভবতি ভূতলে ॥
রাহুকেত্বোঃ সদা বন্ধো নৌকাবিপ্লতে জলে।
ব্রণং হস্তে পদে দাহঃ স্থানং কর্ত্তুং ক্ষমো ন চ ॥
দানবেন্দ্র গুরোরব্দে মহদ্ভির্ব্বিভবৈর্বৃতঃ।
গজাশ্ববাহনৈর্যুক্ত উৎসাহশ্চ দিনে দিনে ॥
রবিভ্রাময়তে দেশং নরং দুঃখসমন্বিতং।
সন্তাপো রোগশোকৌ চ করোতি কৃশতাং তনোঃ ॥
বহুবিত্তসুখং নিত্যং বন্ধুসৌখ্য সমাগমং।
সমস্তসম্পৎসম্পূর্ণং চন্দ্রঃ কুর্য্যাদ্দিনে দিনে ॥
মঙ্গলো হন্তি সম্ভাবং ক্রূরকর্ম্মণি যোজয়েৎ।
ব্রণং রোগঞ্চ দুঃখঞ্চ সন্তাপঞ্চ মুহুর্মুহুঃ ॥
অর্থলাভং জয়ং সৌখ্যং রাজপূজাঞ্চ সম্পদং।
দদাতি বিপুলং লক্ষ্মীং বুধো বিদ্যাং রবশ্রিয়ং ॥
রোগঞ্চার্থবিনাশঞ্চ কলহং ভূভৃজোভয়ং।
স্থানত্যাগং শনিঃ কুর্য্যাজ্জীবনং প্রতি সংশয়ং ॥
সুবর্ণমণিমাণিক্য রত্নাদি বিপুলং ধনং।
কন্যারত্ন সমাযোগং গুরুঃ কুর্য্যাদ্দিনে দিনে ॥
রাহুঃ শোণিত সংস্রাবং রোগশোকাদি সংকুলং।
বিদেশগমনং কুর্য্যাদ্বহ্নিবারিভয়ান্বিতং।
বিগ্রহং বন্ধুভিঃ সার্দ্ধং রোগশোকাদি সংকুলং ॥
ব্যাধিপীড়া করোত্যুচ্চৈঃ কেতু র্ব্বিত্তবিনাশনং।
গজাশ্ববাহনৈর্যুক্তং মহদ্ভির্ব্বিভবৈর্বৃতম্।
বরাঙ্গনা সমাযুক্তং ভৃগুঃ কুর্য্যাদ্দিনেদিনে ॥

রবি যে বর্ষের অধিপতি হইবে সেই বর্ষ নিষ্ফল জানিবে এবং শিরঃশূল, জ্বর ও দাহ প্রভৃতি রোগ ও পদে পদে বিঘ্ন হয়। চন্দ্রের বর্ষে সুবর্ণ, রৌপ্য, আভরণ লাভ হয়, কৃষি- কার্য্য সকল ও কার্য্যসিদ্ধি হয়। মঙ্গলের বর্ষে যমভয়, গৃহদাহ, অর্থহানি, চৌরভয় ও রাজভয় হইয়া থাকে। বুধের বর্ষে উত্তম শয্যা লাভ ও স্বদেশের অধিপতি হয়। পুণ্যকর্ম্মে আশক্ত হইয়া স্বর্ণ, রৌপ্য ও ধন দান করে। শনির বর্ষে গৃহদাহ, বন্ধন ও পীড়া হয় এবং ধনহানি ও স্বজনের নিকট প্রহার প্রাপ্ত হয়। বৃহস্পতির বর্ষে ধনলাভ, সম্পদ্‌বৃদ্ধি ও কীর্ত্তিলাভ হইয়া থাকে। রাহু ও কেতুর বর্ষে বন্ধন, নৌকাবিপ্লব হয় এবং ব্রণ ও হস্তপাদ দাহ প্রভৃতি রোগ হইয়া সর্ব্বদা অসুস্থ হইয়া থাকে। শুক্রের বর্ষে মহাসম্পত্তি, হস্তী, অশ্ব ও রথ লাভ হয় এবং দিনে দিনে উৎসাহ বৃদ্ধি হইয়া থাকে। রবির বর্ষে দেশভ্রমণ, দুঃখ, সন্তাপ, রোগ, শোক ও শরীরের কৃশতা হয়। চন্দ্রের বর্ষে বিত্ত, সুখ, বন্ধুসমাগম, সর্ব্বসম্পদ্ এই সকল লাভ হইয়া থাকে। মঙ্গলের বর্ষে প্রণয় ভঞ্জন ও ক্রূর কার্য্যে অনুরাগ জন্মে এবং ব্রণ রোগ ও সন্তাপ প্রভৃতি নানাবিধ দুঃখ ভোগ বারম্বার হইয়া থাকে। বুধের বর্ষে অর্থলাভ, জয়, সৌখ্য, রাজপূজা, সম্পদ, ও সৌভাগ্য বৃদ্ধি হয়। শনির বর্ষে রোগ, অর্থ বিনাশ, কলহ, রাজভয়, দেশত্যাগ, ও জীবন সংশয় রোগ হয়। বৃহস্পতির বর্ষে প্রতি দিন সুবর্ণ, মণি, মাণিক্য, ধনাদি লাভ হয়। রাহুর বর্ষে রক্তস্রাব, রোগ, শোক, বিদেশ গমন, জলভয় ও অগ্নিভয় হইয়া থাকে। কেতুর বর্ষে বন্ধু জনের সহিত বিবাদ, রোগ, শোক, ও পীড়া হয়। শুক্রের বর্ষে হস্তী, ঘোটক প্রভৃতি বাহন, মহা সম্পত্তি, বরাঙ্গনা প্রভৃতি লাভ হয়।

অস্য দশা।

খযুগ্মং শূন্যবাণৌ চ বসুযুগ্মঞ্চষট্‌শরৌ।
রামাগ্নী বামষট্‌কৌ চ বিশংবিশঞ্চ সপ্ততিঃ।

এতেহন্তর্দ্দিবসাঃ কেতোঃ কেতুরর্কাদিতঃ ক্রমাৎ ॥
শুভানাং শোভনাস্তেয়া অশুভানামশোভনা।
শুভানামশুভানাঞ্চ যৎ ফলং বৎসরে কৃতে।
তৎফলং নির্দ্দিশেৎ সর্ব্বং তেষামন্তর্দ্দিনেষ্বপি।
রবের্বর্ষেরবেঃ স্বীয়ং প্রথমং দিন বিংশকম্ ॥
ততশ্চন্দ্রস্য পঞ্চাশদেবং শুক্রান্তমাদিশেৎ।
বিধোর্ব্বর্ষেবিধোঃ স্বীয়ং প্রথমং খশরং দিনম্ ॥
ততো ভৌমস্য বস্বক্ষিত্রবং রব্যন্তমাদিশেৎ।
কুজস্যাব্দে কুজস্যাদাবষ্টা বিংশং দিনং নিজম্ ॥
ততো বুধস্য ষট্পঞ্চ এবং চন্দ্রান্তমাদিশেৎ।
বুধাদীনাঞ্চ সর্ব্বেষামেবমেবং ক্রমেণ চ ॥
কুর্য্যাদন্তর্দ্দশাভাগং প্রোক্তয়া দিনসংখ্যয়া ॥

কেতু পতাকী গণনায়, এক এক গ্রহ এক এক বর্ষের অধিপতি হয়, যে বর্ষের অধিপতি যে গ্রহ, সেই বর্ষে সেই গ্রহের দশা হইবে, প্রত্যেক বর্ষ মধ্যে নব গ্রহের অন্তর্দ্দশা হয় তাহার ক্রম নিরূপণ করা যাইতেছে।

রবির ২০ কুড়িদিন, চন্দ্রের ১ মাস ২০ কুড়িদিন, মঙ্গলের ২৮ আটাশ দিন, বুধের ১। ২৬ দিন, শনির ১। ৩ দিন, বৃহস্পতির ২। ৩ দিন, রাহুর ১। ১০ দিন, শুক্রের ২। ১০ দিন।

শুভ গ্রহের দশাতে শুভফল, অশুভ গ্রহের দশাতে অশুভফল হয়। এই রূপ, শুভাশুভ গ্রহের অন্তর্দ্দশাতে শুভাশুভ ফল জানিবে।

রবির বর্ষে প্রথমে ২০ দিন রবির অন্তর্দ্দশা তৎপরে ১।২০ দিন চন্দ্রের অন্তর্দ্দশা তৎপরে মঙ্গলাদির অন্তর্দ্দশা হইবে।

চন্দ্রের বর্ষে প্রথমে ১। ২০ দিন চন্দ্রের অন্তর্দ্দশা, তৎপরে ২৮ দিন মঙ্গলের, তৎপরে বুধাদির অন্তরর্দ্দশা হইবে।

মঙ্গলের বর্ষে প্রথমে ২৮ দিন মঙ্গলের অন্তর্দ্দশা তৎপরে ১। ২৬ দিন বুধের, তৎপরে বৃহস্পতি প্রভৃতির অন্তর্দ্দশা জানিবে। এই রূপে বুধাদি গ্রহের অন্তর্দ্দশা জানিবে। যে বর্ষের অধিপতি যে গ্রহ হইবে প্রথমে তাহার নিজান্তর্দ্দশা তৎপরে কেতু পতাকীর গ্রহ সংস্থাপনার প্রণালীমতে পর পরবর্ত্তী গ্রহগণের অন্তর্দ্দশা হইবে।

ইতি কেতু পতাকী।

অথ কেতু কুণ্ডলী।

অর্কো বুধঃ কুজো জীবঃ সোমঃ শুক্র স্তথৈবচ।
রাহুঃ শনৈশ্চরশ্চৈব জ্ঞাতব্যা কেতু কুণ্ডলী ॥
অর্ক সৌম্যান্তরে কেতুঃ কুজ জীবান্তরেঽপি চ।
সোম শুক্রান্তরে কেতু রাহু সৌরান্তরে তথা ॥
দদ্যাদুত্তর ভাদ্রাদি অষ্টাবিংশতি ঋক্ষকম্।
ত্রীণি ত্রীণি চ রব্যাদৌ একৈকং কেতুষু স্মৃতম্ ॥
জন্মর্ক্ষাৎ প্রতি নক্ষত্রং জন্মাদ্যব্দাঃ প্রকীর্ত্তিতাঃ।
জন্মর্ক্ষস্য গ্রহাদব্দং প্রত্যেকং গ্রহ সূচিবে।

রবি, কেতু, বুধ, মঙ্গল, কেতু, বৃহস্পতি, চন্দ্র, কেতু, রাহু, কেতু, শনি এই প্রণালীতে শ্রেণী ক্রমে বা রাশি চক্রে দ্বাদশটী গ্রহ সংস্থাপন করিবে। তৎপরে রবি হইতে উত্তর ভাদ্র নক্ষত্রাবধি তিন তিনটী করিয়া নক্ষত্র প্রত্যেক গ্রহের ঘরে বসাইবে। কিন্তু কেতুর ঘরেএক একটী নক্ষত্র বসাইতে হইবে। কেতুকুণ্ডলী গণনায় অভিজিত নক্ষত্রের সহিত অষ্টাবিংশতি নক্ষত্র গ্রহণ করিয়া কার্য্য করিতে হইবে।

এই রূপে নক্ষত্র ও গ্রহ সংস্থাপন করিয়া জন্ম নক্ষত্রানুসারে গণনা করিবে। যাহার জন্ম নক্ষত্র যে ঘরে পড়িবে সেই ঘরে যে গ্রহ থাকিবে প্রথম বৎসর তাহার হইবে, পর পর বৎসর পর পরবর্ত্তী গ্রহের হইবে এই রূপে পুনঃ পুনঃ গণনা করিলেই বয়সের কোন্ বর্ষের অধিপতি কোন্ গ্রহ হইবে তাহা জানিতে পারিবে।

উত্তর ভাদ্র পদ, রেবতী ও অশ্বিনী এই তিন নক্ষত্রের কোন এক নক্ষত্রে জন্ম হইলে রবির প্রথম বর্ষ। ভরণী নক্ষত্রে জন্ম হইলে কেতুর প্রথম বর্ষ। কৃত্তিকা, রোহিণী বা মৃগশিরা নক্ষত্রে জন্ম হইলে ধের প্রথম বর্ষ। আর্দ্রা, বু

কেতুকুণ্ডলী চক্র।

পুনর্ব্বসু বা পুষ্যা নক্ষত্রে জন্ম হইলে মঙ্গলের প্রথম বর্ষ, অশ্লেষা নক্ষত্রে জন্ম হইলে কেতুর প্রথম বর্ষ। মঘা, পূর্ব্বফল্গুনী বা উত্তরফল্গুনী নক্ষত্রে জন্ম হইলে বৃহস্পতির প্রথম বর্ষ। হস্তা, চিত্রা বা স্বাতী নক্ষত্রে জন্ম হইলে চন্দ্রের প্রথম বর্ষ। বিশাখা নক্ষত্রে জন্ম হইলে কেতুর প্রথম বর্ষ। অনুরাধা, জ্যেষ্ঠা বা মূলা নক্ষত্রে জন্ম হইলে শুক্রের প্রথম বর্ষ। পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া বা অভিজিত নক্ষত্রে জন্ম হইলে রাহুর প্রথম বর্ষ। শ্রবণা নক্ষত্রে জন্ম হইলে কেতুর প্রথম বর্ষ। ধনিষ্ঠা, শতভিষা বা পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রে জন্ম হইলে শনির প্রথম বর্ষ হইবে।

যে বর্ষের অধিপতি যে গ্রহ হইবে সেই বর্ষে সেই গ্রহের দশা জানিবে এক এক গ্রহের দশাতে সকল গ্রহের অন্তর্দ্দশা হইবে।

কেতুপতাকীতে যে রূপ বর্ষাধিপতির ফল ও অন্তর্দ্দশা বর্ণিত হইয়াছে কেতু কুণ্ডলীতেও, সেই প্রকার ফল ও অন্তর্দ্দশা জানিবে।

কেতুকুণ্ডলীর একটী চক্র পরপৃষ্ঠায় অঙ্কিত করা হইল ইহা দৃষ্টে গণনা না করিয়া কোন্ বর্ষের অধিপতি কোন্ গ্রহ তাহা অনায়াসে জানিতে পারিবে।

এই চক্রের উপরিভাগে বয়সের অঙ্ক, বয়সের অঙ্কের স্তম্ভের নিম্নে বর্ষাধিপতি গ্রহের নাম, গ্রহশ্রেণীর বামদিকের স্তম্ভে নক্ষত্রের নাম, ঐ স্তম্ভ দৃষ্টে স্বীয় জন্ম নক্ষত্র স্থির করিয়া বয়সের অঙ্কের নিম্নে জন্ম নক্ষত্র শ্রেণীতে দৃষ্টি করিলেই কত বয়সে কোন্ গ্রহের বর্ষ তাহা জানিতে পারিবে।

ইতি কেতু কুণ্ডলী।

কেতু কুণ্ডলী চক্র।

	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫	৩৬
	৩৭	৩৮	৩৯	৪০	৪১	৪২	৪৩	৪৪	৪৫	৪৬	৪৭	৪৮
	৪৯	৫০	৫১	৫২	৫৩	৫৪	৫৫	৫৬	৫৭	৫৮	৫৯	৬০
	৬১	৬২	৬৩	৬৪	৬৫	৬৬	৬৭	৬৮	৬৯	৭০	৭১	৭২
	৭৩	৭৪	৭৫	৭৬	৭৭	৭৮	৭৯	৮০	৮১	৮২	৮৩	৮৪
	৮৫	৮৬	৮৭	৮৮	৮৯	৯০	৯১	৯২	৯৩	৯৪	৯৫	৯৬
	৯৭	৯৮	৯৯	১০০	১০১	১০২	১০৩	১০৪	১০৫	১০৬	১০৭	১০৮
২৬ উত্তরভাদ্র ২৭ রেবতী ১ অশ্বিনী	রবি	কেতু	বুধ	মঙ্গল	কেতু	বৃহস্পতি	চন্দ্র	কেতু	শুক্র	রাহু	কেতু	শনি
২ ভরণী	কেতু	বুধ	মঙ্গল	কেতু	বৃহস্পতি	চন্দ্র	কেতু	শুক্র	রাহু	কেতু	শনি	রবি
৩ কৃত্তিকা ৪ রোহিণী ৫ মৃগশিরা	বুধ	মঙ্গল	কেতু	বৃহস্পতি	চন্দ্র	কেতু	শুক্র	রাহু	কেতু	শনি	রবি	কেতু
৬ আর্দ্রা ৭ পুনর্ব্বসু ৮ পুষ্যা	মঙ্গল	কেতু	বৃহস্পতি	চন্দ্র	কেতু	শুক্র	রাহু	কেতু	শনি	রবি	কেতু	বুধ
৯ অশ্লেষা	কেতু	বৃহস্পতি	চন্দ্র	কেতু	শুক্র	রাহু	কেতু	শনি	রবি	কেতু	বুধ	মঙ্গল
১০ মঘা ১১ পূর্ব্বফল্গুনী ১২ উত্তরফল্গুনী	বৃহস্পতি	চন্দ্র	কেতু	শুক্র	রাহু	কেতু	শনি	রবি	কেতু	বুধ	মঙ্গল	কেতু
১৩ হস্তা ১৪ চিত্রা ১৫ স্বাতি	চন্দ্র	কেতু	শুক্র	রাহু	কেতু	শনি	রবি	কেতু	বুধ	মঙ্গল	কেতু	বৃহস্পতি
১৬ বিশাখা	কেতু	শুক্র	রাহু	কেতু	শনি	রবি	কেতু	বুধ	মঙ্গল	কেতু	বৃহস্পতি	চন্দ্র
১৭ অনুরাধা ১৮ জ্যেষ্ঠা ১৯ মূলা	শুক্র	রাহু	কেতু	শনি	রবি	কেতু	বুধ	মঙ্গল	কেতু	বৃহস্পতি	চন্দ্র	কেতু
২০ পূর্ব্বাষাঢ়া ২১ উত্তরাষাঢ়া ।০। অভিজিত	রাহু	কেতু	শনি	রবি	কেতু	বুধ	মঙ্গল	কেতু	বৃহস্পতি	চন্দ্র	কেতু	শুক্র
২২ শ্রবণা	কেতু	শনি	রবি	কেতু	বুধ	মঙ্গল	কেতু	হস্পতি	চন্দ্র	কেতু	শুক্র	রাহু

অথ গুরুকুণ্ডলী।

ঋরেখা প্রকর্ত্তব্যা রেখৈকা প্রস্তরে তথা।
আদ্যৌ রবিস্ততো ভৌমঃ কেতুশ্চাপি তৃতীয়কে।
ততশ্চন্দ্রো বুধশ্চৈব ষষ্ঠে শূন্যস্তথৈব চ।
শূন্যঞ্চ সপ্তমে চৈব গুরুশ্চৈব তথাষ্টমে।
শূন্যঞ্চ নবমে প্রোক্তং তথৈব দশমে গতং।
একাদশে তু শুক্রঃ স্যাৎ শূন্যং দ্বাদশকে তথা।
শনিস্ত্রয়োদশেঽপি স্যাৎ শূন্যঞ্চৈব চতুর্দ্দশে।
পঞ্চদশেঽপি রাহুঃ স্যাজ্জ্ঞাতব্যা গুরুকুণ্ডলী।
পুষ্যাদি ত্রিত্রিরাবৃত্যা গণনীয়ং পুনঃ পুনঃ।
স্ব নক্ষত্রাৎ ফলং জ্ঞেয়ং পূর্ব্ববচ্চ যথা ক্রমং।

প্রথমত পাঁচটী রেখা ক্রমে ক্রমে অঙ্কিত করিবে। পরে তাহাদের মধ্যে তির্য্যগ্‌ভাবে একটী রেখা পাত করিয়া গুরুকুণ্ডলীচক্র অঙ্কিত করিবে। পরে উক্ত চক্রের প্রথম স্থানে অর্থাৎ প্রথম রেখার উপরিভাগে রবি, দ্বিতীয় স্থানে অর্থাৎ ঐ রেখার মধ্যভাগে মঙ্গল, তৃতীয় স্থানে অর্থাৎ ঐ রেখার নিম্নভাগে কেতু, চতুর্থ স্থানে অর্থাৎ দ্বিতীয় রেখার উপরিভাগে চন্দ্র, ঐ রেখার মধ্যস্থানে বুধ, নিম্নে শূন্য, তৃতীয় রেখার উপরিভাগে শূন্য, মধ্যে বৃহস্পতি, নিম্নে শূন্য, চতুর্থ রেখার উপরিভাগে শূন্য মধ্যস্থানে শুক্র, নিম্নে শূন্য, পঞ্চম রেখার উপরিভাগে শনি, মধ্যভাগে শূন্য ও নিম্নে রাহু, এইরূপ নয়টী স্থানে নয়টী গ্রহ সংস্থাপন করিবে। পরে যে যে স্থানে গ্রহ সংস্থাপন আছে, পুষ্যা নক্ষত্র হইতে সেই সেই স্থানে যথাক্রমে নক্ষত্র বিন্যাস করিবে। যাহার জন্মনক্ষত্র যে স্থানে পতিত হইবে, সেই গ্রহ তাহার প্রথম বর্ষাধিপতি হইবে।

মতান্তরে।

অর্কো ভৌমশ্চ কেতুশ্চ চন্দ্রঃ সৌম্যো বৃহস্পতিঃ।
শুক্রঃ শনৈশ্চরো রাহুঃ কুণ্ডলীস্যাদ্বৃহস্পতেঃ।
পুষ্যাদিতঃ ক্রমেণৈব গ্রহো দেয়ঃ পুনঃ পুনঃ॥

মতান্তরে।

রবিশ্চন্দ্রঃ কুজঃ সৌম্যো গুরুঃ শুক্রঃ শনৈশ্চরঃ।
রাহুঃ কেতুশ্চ বিজ্ঞেয়ঃ সর্ব্বথা গুরুকুণ্ডলী॥
কৃত্তিকাদীনিঋক্ষাণি ত্রিরাবৃত্তি ক্রমান্ন্যসেৎ।
জন্মর্ক্ষং খেচরে যত্র জন্মাদ্যব্দাস্ততঃ ক্রমাৎ॥

দৃষ্টান্ত।

পুষ্যা. অনুরাধা ও উত্তরভাদ্রপদ এই তিন নক্ষত্রের কোন এক নক্ষত্রে জন্ম হইলে প্রথম বর্ষে গুরুকুণ্ডলীতে রবি বর্ষাধিপতি হয়। অশ্লেষা, জ্যেষ্ঠা বা রেবতী নক্ষত্রে মঙ্গল বর্ষপতি; মঘা, মুলা বা অশ্বিনীতে কেতু বর্ষপতি; পূর্ব্বফল্গুণী, পূর্ব্বাষাঢ়া বা ভরণীনক্ষত্রে চন্দ্র বর্ষপতি; উত্তরফল্গুণী, উত্তরাষাঢ়া ও কৃত্তিকানক্ষত্রে বুধ বর্ষপতি; হস্তা, শ্রবণা বা রোহিণীনক্ষত্রে বৃহস্পতি বর্ষপতি; চিত্রা, ধনিষ্ঠা বা মৃগশিরানক্ষত্রে শুক্র বর্ষপতি; স্বাতি, শতভিষা বা আর্দ্রানক্ষত্রে শনি বর্ষপতি; বিশাখা, পূর্ব্বভাদ্রপদ বা পুনর্ব্বসুনক্ষত্রে রাহু বর্ষপতি হয়।

কেতু পতাকীতে যে রূপ বর্ষাধিপতির ফল বর্ণিত হইয়াছে গুরুকুণ্ডলীতে ও সেই প্রকার ফল জানিবে।

গুরু কুণ্ডলী গণনার একটী চক্র পর পৃষ্ঠায় দেওয়া হইল। গণনা না করিয়াও কোন্ বর্ষের অধিপতি কোন্ গ্রহ তাহা অনায়াসে জানিতে পারাযাইবে।

এই চক্রের উপরিভাগে বয়সের অঙ্ক বয়সের অঙ্কের স্তম্ভের নিম্নে বর্ষাধিপতি গ্রহের নাম, গ্রহ শ্রেণীর বামদিগের স্তম্ভে নক্ষত্রের নাম, ঐ স্তম্ভ দৃষ্টে স্বীয় জন্ম নক্ষত্র অনুসারে বয়সের অঙ্কের নিম্নে জন্ম নক্ষত্র শ্রেণীতে দৃষ্টি করিলেই কত বয়সে কোন গ্রহের বর্ষ তাহা জানিতে পারিবে।

গুরুকুণ্ডলী চক্র।

	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স	বয়স
জন্ম নক্ষত্র	১ ১০ ১৯ ২৮ ৩৭ ৪৬ ৫৫ ৬৪ ৭৩ ৮২ ৯১ ১০০	২ ১১ ২০ ২৯ ৩৮ ৪৭ ৫৬ ৬৫ ৭৪ ৮৩ ৯২ ১০১	৩ ১২ ২১ ৩০ ৩৯ ৪৮ ৫৭ ৬৬ ৭৫ ৮৪ ৯৩ ১০২	৪ ১৩ ২২ ৩১ ৪০ ৪৯ ৫৮ ৬৭ ৭৬ ৮৫ ৯৪ ১০৩	৫ ১৪ ২৩ ৩২ ৪১ ৫০ ৫৯ ৬৮ ৭৭ ৮৬ ৯৫ ১০৪	৬ ১৫ ২৪ ৩৩ ৪২ ৫১ ৬০ ৬৯ ৭৮ ৮৭ ৯৬ ১০৫	৭ ১৬ ২৫ ৩৪ ৪৩ ৫২ ৬১ ৭০ ৭৯ ৮৮ ৯৭ ১০৬	৮ ১৭ ২৬ ৩৫ ৪৪ ৫৩ ৬২ ৭১ ৮০ ৮৯ ৯৮ ১০৭	৯ ১৮ ২৭ ৩৬ ৪৫ ৫৪ ৬৩ ৭২ ৮১ ৯০ ৯৯ ১০৮
১ অশ্বিনী ১০ মঘা ১৯ মূলা	কেতু	চন্দ্র	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রাহু	রবি	মঙ্গল
২ ভরণী ১১পূর্ব্বফল্গুনী ২০পূর্ব্বাষাঢ়া	চন্দ্র	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রাহু	রবি	মঙ্গল	কেতু
৩ কৃত্তিকা ১২ উত্তরফল্গু ২১ উত্তরাষাঢ়া	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রাহু	রবি	মঙ্গল	কেতু	চন্দ্র
৪ রোহিণী ১৩ হস্তা ২২ শ্রবণা	বৃহস্পতি	শুক্র	শনি	রাহু	রবি	মঙ্গল	কেতু	চন্দ্র	বুধ
৫ মৃগশিরা ১৪ চিত্রা ২৩ ধনিষ্ঠা	শুক্র	শনি	রাহু	রবি	মঙ্গল	কেতু	চন্দ্র	বুধ	বৃহস্পতি
৬ আর্দ্রা ১৫ স্বাতী ২৪ শতভিষা	শনি	রাহু	রবি	মঙ্গল	কেতু	চন্দ্র	বুধ	বৃহস্পতি	শুক্র
৭ পুনর্ব্বসু ১৬ বিশাখা ২৫ পূর্ব্বভাদ্র	রাহু	রবি	মঙ্গল	কেতু	চন্দ্র	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি
৮ পুষ্যা ১৭ অনুরাধা ২৬উত্তরভাদ্র	রবি	মঙ্গল	কেতু	চন্দ্র	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রাহু
৯ অশ্লেষা ১৮ জ্যেষ্ঠা ২৭ রেবতী	মঙ্গল	কেতু	চন্দ্র	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি	রাহু	রবি

অথ ত্রিপাপ চক্র ফলং।

শুভং বিধৌ বুধে চ স্যান্মরণং রাহুমন্দয়োঃ।
গুরুদ্বয়ে মহাসৌখ্যং দুঃখং স্যাভৌমসূর্য্যয়োঃ॥ ১

ত্রিপাপ চক্রে যে যে বর্ষে চন্দ্র ও বুধ বর্ষপতি সেই সেই বর্ষে শুভ ফল জানিবে। আর যে যে বর্ষে রাহু ও শনি বর্ষপতি হইবে, সেই সেই বর্ষে মৃত্যুতুল্য ফল, বৃহস্পতি দ্বয় হইলে সুখ, মঙ্গল ও রবি বর্ষপতিতে দুঃখ হয়॥ ১

পতাকী কুণ্ডলী কেতোঃ কুণ্ডলী চ বৃহস্পতেঃ।
সর্ব্বত্র পাপ সংযোগে সংশয়ো জায়তে মহান্॥ ২

কেতু পতাকী, কেতুকুণ্ডলী ও গুরু কুণ্ডলী এই তিন মতেই যদি পাপ গ্রহের বর্ষ হয় তবে সেই বর্ষে জীবন সংশয় হইয়া থাকে॥ ২

রবি বর্ষে ভবেদ্দুঃখং কুজ বর্ষে তথৈব চ।
কেতোশ্চ নিয়তং ক্লেশঃ সুখং চন্দ্রে তথা বুধে॥ ৩

রবি ও মঙ্গলের বর্ষে দুঃখ, কেতুর বর্ষে মহাক্লেশ, চন্দ্র ও বুধের বর্ষে সুখ জানিবে॥ ৩

গুরৌ শুক্রে তথা রাজ্যং মহাক্লেশং শনৈশ্চরে।
রাহৌ তথৈব বিজ্ঞেয়ো গদিতো মিহিরাদিভিঃ॥ ৪

বৃহস্পতি ও শুক্রের বর্ষে রাজ্য লাভ, রাহুও শনির বর্ষে মহা ক্লেশ হয়, বরাহমিহিরাদি জ্যোতির্ব্বিদ্ গণ এইরূপ বলিয়া থাকেন॥ ৪

দ্বিরবৌ ক্লেশ মাপ্নোতি দ্বিচন্দ্রে সুখমুত্তমং।
দ্বিকুজেঽগ্নিরুজা পীড়া দ্বিবুধে ধন সঞ্চয়ঃ॥ ৫

ত্রিপাপ চক্রে দুই রবি থাকিলে ক্লেশ, দুই চন্দ্র থাকিলে উত্তম সুখ, দুই মঙ্গল থাকিলে অগ্নিভয় ও পীড়া, দুই বুধ থাকিলে ধনসঞ্চয় হয়॥ ৫

দ্বিশনৌ সর্ব্বনাশঃ স্যাদ্দ্বিগুরৌ রাজভোগবৎ।
দ্বিরাহৌ শস্ত্রভীতিঃ স্যাদ্দ্বিশুক্রে ভোগমক্ষয়ং॥ ৬

দুই শনি থাকিলে সর্ব্বনাশ, দুই বৃহস্পতি থাকিলে রাজভোগ, দুই রাহু থাকিলে অস্ত্র ভয়, দুই শুক্র থাকিলে নানা প্রকার সুখ ভোগ হয়॥ ৬

ত্রিরবৌ বিত্তনাশং স্যাত্রিচন্দ্রে লভতে সদা।
রজতং শুভ্রবস্ত্রঞ্চ ত্রিকুজে সংশয় প্রদঃ॥ ৭

ত্রিপাপ চক্রে তিন রবি থাকিলে বিত্তনাশ, তিন চন্দ্র থাকিলে রৌপ্য ও শুভ্রবস্ত্র লাভ, তিন মঙ্গল থাকিলে জীবন সংশয় হইয়া থাকে॥ ৭

ত্রিবুধে রত্নলাভঃ স্যাত্রিশনৌ বধ বন্ধনং।
ত্রি গুরৌ চাতুলৈশ্বর্য্যং ত্রিরাহৌ শস্ত্রঘাতনং॥ ৮

তিন বুধ থাকিলে রত্ন লাভ, তিন শনি থাকিলে বধ ও বন্ধন, তিন বৃহস্পতি থাকিলে অতুল ঐশ্বর্য্য, তিন রাহু থাকিলে অস্ত্রাঘাত॥ ৮

ত্রিশুক্রে সততং লাভস্ত্রিকেতৌ জ্বরপীড়নং।
ত্রিপাপ বৎসরে কষ্টমিতি জ্যোতির্ব্বিদাম্মতং॥ ৯

তিন শুক্র থাকিলে সর্ব্বদা লাভ, তিন কেতু থাকিলে জ্বরপীড়া হয়। এবং ত্রিপাপের বৎসরে নানা প্রকার কষ্ট হইয়া থাকে॥ ৯

খনা।

রবি বৎসর শূন্য ফল, শিরঃশূল গায়েজ্বর।
ঘর পোড়ে মানুষ মরে, অনেক বিঘ্ন রবিকরে।
বুধের বৎসর যবে হয়, ভ্রমণ মরণ তাহায় হয়,
ছেদ পীড়া স্ত্রীপুত্র, রোগ মরণ খায়ে পাত্র,
শোকবন্দি থাকে অর্থে, ধন সর্ব্বস্বনাশে বুধে।
শনিমঙ্গল ভূমিসুত, তোমার বৎসর যমের দূত,
ঘর পোড়ে দস্যুতে মারে, যথাসর্ব্বস্ব রাজায় হরে।
রাহুর বৎসর ডাঁড়ুকা পায়ে, নানা দুঃখ অবশ্য পায়ে
হাতে পায়ে নাই গোটা, স্থানভ্রষ্ট নাই পোষ্টা।
শনির বৎসর শূন্য ভোগ, বন্ধুবিচ্ছেদ করায় রোগ
শিলার স্তম্ভ খশে পড়ে, যত অর্জ্জে সব হরে।

অথ ত্রিপাপ চক্র।

রাশি চক্রে অশ্বিনী হইতে রেবতী পর্য্যন্ত সাতাইশটী নক্ষত্র আছে। মনুষ্য মাত্রেরই ইহার কোন এক নক্ষত্রে জন্ম হইয়া থাকে। একারণ সাতাশটী নক্ষত্রে একটী চক্র লিখিত হইল। যাহার যে নক্ষত্রে জন্ম হইবে তিনি এই চক্র দৃষ্টে অনায়াসে যে কোন বৎসরের শুভাশুভ ঘটনা জ্ঞাত হইতে পারিবেন।

এক অঙ্ক হইতে ছত্রিশ অঙ্ক পর্য্যন্ত এবং সাঁইত্রিশ হইতে বাহাত্তর পর্য্যন্ত ও তেহাত্তর হইতে একশত আট পর্য্যন্ত যে সমস্ত অঙ্ক লিখিত হইয়াছে তাহা বৎসরের সংখ্যা। এই চক্রে গ্রহগণের সম্পূর্ণ নাম না লিখিয়া কেবল আদ্যক্ষর মাত্র লিখিত হইয়াছে।

এক বর্ষ হইতে ছত্রিশ বর্ষ পর্য্যন্ত যে রূপ ত্রিপাপ অর্থাৎ কেতু পতাকী কেতু কুণ্ডলী ও শুক্র কুণ্ডলী গণনা মতে যে যে বর্ষে যে যে গ্রহ অধিপতি হইবে সাঁইত্রিশ বসৎর হইতে বাহাত্তর বর্ষ পর্য্যন্ত ও তেহাত্তর বর্ষ হইতে এক শত আটবর্ষ পর্য্যন্ত ক্রমে ক্রমে সেই সমস্ত গ্রহ অধিপতি হইবে।

দৃষ্টান্ত।

যে ব্যক্তির কৃত্তিকা নক্ষত্রে জন্ম হইয়াছে তাহার প্রথম বর্ষে কেতু পতাকী গণনায় রবি গ্রহ ও কেতুকুণ্ডলী গণনায় বুধ গ্রহ এবং শুক্রকুণ্ডলী গণনায় বুধ গ্রহ বর্ষাধিপতি হয়, এই তিনটী গ্রহপতনে ইহার প্রথম বৎসরে ত্রিপাপ চক্রে রবি, বুধ ও বুধের বর্ষ হইল, এইরূপ উক্ত ব্যক্তির প্রতি বৎসরে বচনানুসারে তিন তিনটী গ্রহ বর্ষাধিপতি হইবে। ইহার মধ্যে বিশেষ এই যে, যে বর্ষে তিনটী পাপ গ্রহ বর্ষাধিপতি হইবে সেই বর্ষে তাহার পীড়া ও অশুভ হইবার সম্ভব। এবং যে বর্ষে তিনটী শুভ গ্রহ বর্ষাধিপতি হইবে, সেই বর্ষে তাহার শুভ ফল হইয়া থাকে। এইরূপ পাপ ও শুভ গ্রহের মিশ্রিত বর্ষ হইলে ফলেরও তার তম্য হইবে। তিনটী-পাপগ্রহ বর্ষাধিপতি হইলেই যে মৃত্যু ঘটনা হইয়া থাকে এমত নহে, তাহার সহিত সপ্তশূন্য কোষ্ঠাতে যদি সেই বর্ষে সপ্তশূন্যপতন হয় এবং মুকুন্দাদশা গণনায় যদি সেই বর্ষ পাপ গ্রহের বর্ষ হয়, এবং নাক্ষত্রিকীদশা গণনায় যদি পাপ গ্রহের দশা হয় এবং তাহার অন্তরে ও প্রত্যন্তরে পাপ গ্রহ যোগ হয় ও লগ্ন চন্দ্রের অষ্টমাধিপতি গ্রহের দশা অন্তর্দ্দশাদি সেই সময়ে হয় ও গোচরে গ্রহগণ বিরুদ্ধ হয়, এবং তাজকাদি গণনায় মুন্থাদি অশুভ এবং অন্যান্য মতে রিষ্ট সম্ভব হয়, তাহা হইলে সেই বর্ষে সেই ব্যক্তির মৃত্যু হইবে। কোন্ বর্ষে ত্রিপাপ ও কোন্ বর্ষে সপ্তশূন্য পতিত হইবে তাহা সহজে জানিবার নিমিত্ত চক্র প্রস্তুত করিয়া পর পৃষ্ঠায় প্রকটিত হইল।

ত্রিপাপ চক্রে এক হইতে সাতাইশটী নক্ষত্র সাতাইশটী তির্য্যক্ স্তম্ভে অঙ্কিত হইয়াছে। প্রত্যেক স্তম্ভের অন্তর্গত উপর্য্যুপরি তিনটী গ্রহ অঙ্কিত হইয়াছে। এইরূপে ছত্রিশটী শ্রেণীতে গ্রহ সংস্থাপন পূর্ব্বক ঐ ছত্রিশটী বর্ষাধিপতি গ্রহের উপর এক হইতে ছত্রিশ অঙ্ক এবং সাঁইত্রিশ হইতে বাহাত্তর পর্য্যন্ত অঙ্ক এবং তেহাত্তর হইতে এক শত আট পর্য্যন্ত অঙ্ক লিখিত হইল, ইহাদ্বারা যাহার যে জন্ম নক্ষত্র হইবে সেই নক্ষত্র অনুসারে তাহার কোন্ বর্ষে ত্রিপাপ চক্রে কোন্ কোন্ গ্রহ পতিত হইবে, তাহা অতি সহজে জ্ঞাত হওয়া যাইবে। যথা যাহার অশ্বিনী নক্ষত্রে জন্ম হইয়াছে তাহার ১,৩৭,৭৩ বর্ষে ত্রিপাপ চক্রে কেতু, রবি ও কেতু গ্রহ পতিত হইবে, অতএব এই চক্র দ্বারা জন্ম নক্ষত্রানুসারে কোন্ বর্ষে ত্রিপাপ পতন হইবে তাহা জানিয়া এবং উমাচক্রে যদি ঐ ঐ বর্ষে সপ্তশূন্য পতিত হইয়া থাকে তাহা হইলে কাহার কোন্ বর্ষে পীড়াদি হইবে, কি হইয়াছে তাহা অতি সহজে জ্ঞাত হইতে পারা যাইবে।

ত্রিপাপ চক্র।

নক্ষত্র	বয়োবর্ষ	১ ৩৭ ৭৩	২ ৩৮ ৭৪	৩ ৩৯ ৭৫	৪ ৪০ ৭৬	৫ ৪১ ৭৭	৬ ৪২ ৭৮	৭ ৪৩ ৭৯	৮ ৪৪ ৮০	৯ ৪৫ ৮১	১০ ৪৬ ৮২	১১ ৪৭ ৮৩	১২ ৪৮ ৮৪	১৩ ৪৯ ৮৫	১৪ ৫০ ৮৬	১৫ ৫১ ৮৭	১৬ ৫২ ৮৮	১৭ ৫৩ ৮৯	১৮ ৫৪ ৯০	১৯ ৫৫ ৯১
১ অশ্বিনী	কেতুপতাকী	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে
	কেতুকুণ্ডলী	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ
	গুরুকুণ্ডলী	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে
২ ভরণী	কেতুপতাকী	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু
	কেতুকুণ্ডলী	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	[illegible]	কে
	গুরুকুণ্ডলী	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ
৩ কৃত্তিকা	কেতুপতাকী	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র
	কেতুকুণ্ডলী	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু
	গুরুকুণ্ডলী	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু
৪ রোহিণী	কেতুপতাকী	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু		চ
	কেতুকুণ্ডলী	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু
	গুরুকুণ্ডলী	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	[illegible]	বৃ
৫ মৃগশিরা	কেতুপতাকী	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	[illegible]	ম
	কেতুকুণ্ডলী	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু
	গুরুকুণ্ডলী	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু
৬ আর্দ্রা	কেতুপতাকী	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু
	কেতুকুণ্ডলী	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা
	গুরুকুণ্ডলী	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ
৭ পুনর্ব্বসু	কেতুপতাকী	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	[illegible]	শ
	কেতুকুণ্ডলী	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা
	গুরুকুণ্ডলী	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা
৮ পুষ্যা	কেতুপতাকী	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ
	কেতুকুণ্ডলী	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা
	গুরুকুণ্ডলী	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র
৯ অশ্লেষা	কেতুপতাকী	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা
	কেতুকুণ্ডলী	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে
	গুরুকুণ্ডলী	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম
১০ মঘা	কেতুপতাকী	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে
	কেতুকুণ্ডলী	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ
	গুরুকুণ্ডলী	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে
১১ পূর্ব্বফল্গুনী	কেতুপতাকী	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু
	কেতুকুণ্ডলী	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ
	গুরুকুণ্ডলী	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ
১২ উত্তরফল্গুনী	কেতুপতাকী	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র
	কেতুকুণ্ডলী	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ
	গুরুকুণ্ডলী	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু
১৩ হস্তা	কেতুপতাকী	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ
	কেতুকুণ্ডলী	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র
	গুরুকুণ্ডলী	র	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ		

ত্রিপাপ চক্র।

১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫	৩৬
৪৭	৪৮	৪৯	৫০	৫১	৫২	৫৩	৫৪	৫৫	৫৬	৫৭	৫৮	৫৯	৬০	৬১	৬২	৬৩	৬৪	৬৫	৬৬	৬৭	৬৮	৬৯	৭০	৭১	৭২
৮৩	৮৪	৮৫	৮৬	৮৭	৮৮	৮৯	৯০	৯১	৯২	৯৩	৯৪	৯৫	৯৬	৯৭	৯৮	৯৯	১০০	১০১	১০২	১০৩	১০৪	১০৫	১০৬	১০৭	১০৮
শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম
কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ
রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু
বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু
বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ
	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ
	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ
	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে
	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা
	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	র
	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে
	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র
	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বৃ	শ	বৃ	রা
	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে
	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম
	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বৃ	শ	বৃ	রা	কে
	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু
	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে
	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু
	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু
	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ
	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র
	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা
	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু
	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ
	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে
	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ
	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম
	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	শ	কে	বৃ	চ	কে	শু	রা	কে
	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু
	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	[illegible]	ম	বু
	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ	র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে
	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ
	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ
	শ	র	কে																						

পঞ্চ স্বরা চক্র।

উদিত	ভ্রমিত	ভ্রান্ত	সন্ধ্যা	অস্ত
অ	ই	উ	এ	ও
অ ক ছ ড ধ ভ ব ৮১	ই খ জ ঢ ন ম শ ৮৭	উ গ ঝ ত প য ষ ৯৩	এ ঘ ট থ ফ র স ৯৯	ও চ ঠ দ ব ল হ ১০৫
৮১ নন্দা ৬ ১ প্রতিপদ ১৬ ৬ ষষ্ঠী ২১ ১১ একাদশী ২৬	৮৭ ভদ্রা ৬ ২ দ্বিতীয়া ১৭ ৭ সপ্তমী ২২ ১২ দ্বাদশী ২৭	৯৩ জয়া ৬ ৩ তৃতীয়া ১৮ ৮ অষ্টমী ২৩ ১৩ ত্রয়োদশী ২৮	৯৯ রিক্তা ৬ ৪ চতুর্থী ১৯ ৯ নবমী ২৪ ১৪ চতুর্দ্দশী ২৯	১০৫ পূর্ণা ৬ ৫ পঞ্চমী ২০ ১০ দশমী ২৫ ১৫পৌর্ণমাসী অমাব ৩০
২৭ রেবতী ১ অশ্বিনী ২ ভরণী ৩ কৃত্তিকা ৪ রোহিণী ৫ মৃগশিরা ৬ আর্দ্রা ৭	৭ পুনর্ব্বসু ৮ পুষ্যা ৯ অশ্লেষা ১০ মঘা ১১ পূর্ব্বফল্গুণী ৫	১২ উত্তর ফল্গুণী ১৩ হস্তা ১৪ চিত্রা ১৫ স্বাতী ১৬ বিশাখা ৫	১৭ অনুরাধা ১৮ জ্যেষ্ঠা ১৯ মূলা ২০ পূর্ব্বাষাঢ়া ২১ উত্তরাষাঢ়া ৫	২২ শ্রবণা ২৩ ধনিষ্ঠা ২৪ শতভিষা ২৫ পূর্ব্ব ভাদ্র পদ ২৬ উত্তর ভাদ্র পদ ৫
মঙ্গল ১।০ বুধাদি ০।২৪	বুধ শেষ ০।৩৬ গুর্ব্বাদি ০।৪৮	গুরোঃ শেষ ০।১২ শুক্র ১।০ শন্যাদি ০।১২	শনেঃ শেষ ০।৪৮ রব্যাদি ০।৩৬	রবেঃ শেষ ২৪ সোমস্থ ১।০
মেষ ১ বৃষ ১ মিথুনাদি ০।৩০ ৮১ ২।৩০	মিথুন শেষ ০।৩০ কর্কট ১।০ সিংহ ১।০ ৮৭ ২।৩০	কন্যা ১।০ তুলা ১।০ বিছা ০।৩০ ৯৩ ২।৩০	বিছা শেষ ০।৩০ ধনু ১।০ মকর ০।৩০ ৯৯ ২।০	মকর শেষ ০।৩০ কুম্ভ ১।০ মীন ১।০ ১০৫ ২।৩০
কার্ত্তিক শেষ ০।৯ অগ্রহায়ণ ১।০ পৌষ ১।০ মাঘাদি ০।৩ ৭২ ২।১২	মাঘ শেষ ০।২৭ ফাল্গুণ ১।০ চৈত্রাদি ০।১৫ ৭২ ২।১২	চৈত্র শেষ ০।১৫ বৈশাখ ১।০ জ্যৈষ্ঠাদি ০।২৭ ৭২ ২।১২	জ্যৈষ্ঠ শেষ ০।৩ আষাঢ় ১।০ শ্রাবণ ১।০ ভাদ্রাদি ০।৯ ৭২ ২।১২	ভাদ্র শেষ [illegible] আশ্বিন ১।০ কার্ত্তিকাদি ০।২১ ৭২ ২।১২
১২ বৎসর	১২ বৎসর	১২ বৎসর	১২ বৎসর	১২ বৎসর
২ বৎসর ৪ মাস ২৪ দিন	২ বৎসর ৪ মাস ২৪ দিন	২ বৎসর ৪ মাস ২৪ দিন	২ বৎসর ৪ মাস ২৪ দিন	২ বৎসর ৪ মাস ২৪ দিন
৫ মাস ২২ দিন ৪৮ দণ্ড	৫ মাস ২২ দিন ৪৮ দণ্ড	৫ মাস ২২ দিন ৪৮ দণ্ড	৫ মাস ২২ দিন ৪৮ দণ্ড	৫ মাস ২২ দিন ৪৮ দণ্ড
২ মাস ১২ দিন	২ মাস ১২ দিন	২ মাস ১২ দিন	২ মাস ১২ দিন	২ মাস ১২ দিন
১৪ দিন ২৪ দণ্ড	১৪ দিন ২৪ দণ্ড	১৪ দিন ২৪ দণ্ড	১৪ দিন ২৪ দণ্ড	১৪ দিন ২৪ দণ্ড

অথ বালাদি চক্র।

১	২	৩	৪	৫
উদিত	ভ্রমিত	ভ্রান্ত	সন্ধ্যা	অস্ত
জন্ম	কর্ম্ম	আধান	পিণ্ড	ছিদ্র
বাল	কুমার	যুবা	বৃদ্ধ	মৃত
আ	ই	উ	এ	ও
কা	খি	গু	ঘে	চো
ছা	জি	ঝু	টে	ঠো
ড়া	ঢ়ি	তু	থে	দো
ধা	নি	পু	ফে	বো
ভা	মি	যু	রে	লো
বা	শি	ষু	সে	হো
নন্দা	ভদ্রা	জয়া	রিক্তা	পূর্ণা
১ প্রতিপৎ ১৬ ৬ ষষ্ঠী ২১ ১১ একাদশী ২৬	২ দ্বিতীয়া ১৭ ৭ সপ্তমী ২২ ১২ দ্বাদশী ২৭	৩ তৃতীয়া ১৮ ৮ অষ্টমী ২৩ ১৩ ত্রয়োদশী ২৮	৪ চতুর্থী ১৯ ৯ নবমী ২৪ ১৪ চতুর্দশী ২৯	৫ পঞ্চমী ২০ ১০ দশমী ২৫ ১৫ পূর্ণিমা, অমাবস্যা ৩০
৮১	৮৭	৯৩	৯৯	১০৫
মঙ্গল, রবি	বুধ, চন্দ্র	বৃহস্পতি	শুক্র	শনি
মেষ বৃশ্চিক সিংহ	কর্কট মিথুন কন্যা	ধনুঃ মীন	তুলা বৃষ	মকর কুম্ভ
২৭ রেবতী ৪ রো ১ অশ্বিনী ৫ মৃগ ২ ভরণী ৬ আর্দ্রা ৩ কৃত্তিকা	৭ পুনর্ব্বসু ১০ মঘা ৮ পুষ্যা ১১ পূর্ব্ব ৯ অশ্লেষা	১২ উত্তরফল্গুনী ১৩ হস্তা ১৪ চিত্রা ১৬ বিশাখা ১৫ স্বাতী	১৭ অনুরাধা ১৮ জ্যেষ্ঠা ১৯ মূলা ২০ পূর্ব্বাষাঢ়া ২১ উত্তরাষাঢ়া	২২ শ্রবনা ২৩ ধনিষ্ঠা ২৪ শতভিষা ২৫ পূর্ব্বভাদ্রপদ ২৬ উত্তর ভাদ্রপদ
কার্ত্তিক শেষ ৯ দিন অগ্রহায়ণ ৩০ ঐ পৌষ ৩০ ঐ মাঘ ৩ ঐ ২।১২	মাঘ শেষ ২৭ দিন ফাল্গুণ ৩০ ঐ চৈত্র ১৫ ঐ ২।১২	চৈত্র শেষ ১০ দিন বৈশাখ ৩০ ঐ জ্যৈষ্ঠ ২৭ ঐ ২।১২	জ্যৈষ্ঠ শেষ ৩ দিন আষাঢ় ৩০ ঐ শ্রাবণ ৩০ ঐ ভাদ্র ৯ ঐ ২।১২	ভাদ্র শেষ ২১ দিন আশ্বিন ৩০ ঐ কার্ত্তিক ২১ ঐ ২।১২

অথ পঞ্চস্বরা।

ইষ্টদেবং নমস্কৃত্য গোপালং কুলদৈবতং।
শ্রীপ্রজাপতি দাসেন ক্রিয়তে গ্রন্থ সংগ্রহঃ॥ ১॥

কুলদেবতা গোপাল, ও স্বীয় অভীষ্ট দেবকে নমস্কার করিয়া প্রজাপতি দাস নামক কোন ব্যক্তি এই জ্যোতিষ গ্রন্থ সংগ্রহ করিতেছেন। ১

নবগ্রহান্নমস্কৃত্য দেবীঞ্চৈব সরস্বতীং।
প্রাণিপত্য গুরুং কিঞ্চিজ্জ্যোতি গ্রন্থে বদাম্যহং॥ ২

গ্রন্থকর্ত্তা বলিতেছেন। আমি সূর্য্যাদি নবগ্রহ, দেবী সরস্বতী ও গুরুদেবকে প্রণাম করিয়া জ্যোতিষ শাস্ত্রের যৎকিঞ্চিৎ বিবরণ বলিতেছি। ২

সদ্বৈদ্যকুলজাতেন পরিহারঃ কৃতোময়া।
জ্যোতির্ব্বিৎসু চ সর্ব্বেষু ব্রাহ্মণেষু বিশেষতঃ॥ ৩

সদ্বৈদ্য কুলজাত আমি প্রজাপতি দাস সকল জ্যোতির্ব্বিদগণ ও ব্রাহ্মণ গণের নিকট পরিহার করিতেছি। ৩

বরাহকৃতসূত্রেণ যৎকিঞ্চিৎ ক্রিয়তে ময়া।
জ্যোতির্ব্বিদঃ প্রপশ্যন্তু গ্রহাণাং সুবিচারকাঃ॥ ৪

আমি বরাহকৃত সূত্র অবলম্বন করিয়া জ্যোতিষ শাস্ত্র সম্বন্ধীয় যে কিছু বলিতেছি, সুবিচারক জ্যোতির্ব্বিদ্‌গণ তাহার প্রতি দৃষ্টি করুণ। ৪

পঞ্চস্বরাভিধানঞ্চ গ্রন্থং নিদান সংগ্রহং।
গুরোরুদ্দেশগম্যঞ্চ স্বল্পং বক্ষ্যামি শাশ্বতং॥ ৫

নিদানসংগ্রহ এই জ্যোতিষ শাস্ত্র গুরুর উপদেশ ব্যতিরেকে বোধগম্য হয় না। আমি তাহার যৎকিঞ্চিৎ বিবরণ করিব। ৫

জ্যোতির্ব্বিদ্ভিঃ পুরা সর্ব্বৈঃ কৃতং নির্ণয় বিস্তরং।
তন্বাদিব্যয়পর্য্যন্তং রাশিচক্রব্যবস্থিতং॥ ৬

পূর্ব্বতন জ্যোতির্ব্বিদ্‌গণ রাশি চক্র স্থিত তন্বাদি ব্যয় পর্য্যন্ত রাশি চক্র স্থিত দ্বাদশ ভাবাদি আনেকানেক সংগ্রহ করিয়াছেন। ৬

ধর্ম্মং কর্ম্ম সুখং দুঃখং তন্বাদিসুত বান্ধবং।
তন্নবুদ্ধাল্প মতয়ো বদন্তি বৃথা বৃথা॥ ৭

ধর্ম্ম, কর্ম্ম, সুখ, দুঃখ, ও তনু ধনাদি দ্বাদশ ভাব প্রভৃতি গণনা অল্পবুদ্ধি ব্যক্তি বুঝিতে পারেনা, তাহারা কেবল চর্ব্বিত চর্ব্বণের ন্যায় বার বার বৃথা শাস্ত্রালোচনা করে। ৭

অপাস্য মরণং জীবে চাহয়ন্তি শুভাশুভং।
মরিষ্যতি যদা দৈবাৎ কোভক্ষ্যতি শুভাশুভম্॥ ৮

মৃত্যু নির্ণয় পরিত্যাগ করিয়া শুভাশুভ গণনা বিফল, মনুষ্যের মরণ হইলে সেই শুভাশুভের ফলভোগ কে করিবে॥৮

তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন আয়ুঃ স্থানং বিচিন্তয়েৎ।
বালস্য জন্মমাত্রেণ জন্মরিষ্টং বিচিন্তয়েৎ॥ ৯

অতএব সর্ব্বপ্রকার যত্নে প্রথমে মৃত্যু নির্ণয় করিবে। যখন বালকের জন্ম হইবে তখনই জন্মরিষ্ট গণনা করা কর্ত্তব্য॥ ৯

চতুর্ব্বিংশতি বর্ষাণি যাবদ্গচ্ছন্তি জন্মতঃ।
তাবদ্রিষ্টং বিধাতব্যং মায়ুর্দ্দায়ং ন চিন্তয়েৎ॥ ১০

জন্ম সময় হইতে চতুর্ব্বিংশতি বৎসর পর্য্যন্ত রিষ্ট দোষ হয়, অতএব চতুর্ব্বিংশতি বৎসরের মধ্যে আয়ুর্গণনা করিবে না॥ ১০

পঞ্চস্বরামতে পতাক্যাদি শিশুরিষ্ট, মাতৃরিষ্ট, ও স্ত্রী পুং নপুংসক জ্ঞান, এই গ্রন্থের প্রথম খণ্ডের ৮৭, ৮৮, ৮৯, ৯০, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১২৪, ১৩৮, ১৩৯, ১৪১, ১৪২, ১৫৯, ১৬২ পৃষ্ঠায় এবং সুখ, দুঃখ, রিষ্টচ্ছেদাদি যোগ তৃতীয় খণ্ডের ১১১ পৃষ্ঠায় লিখিত হইয়াছে। সুতরাং তাহা পুনর্ব্বার এইস্থলে বিবৃত করা নিষ্প্রয়োজন। অতএব পঞ্চস্বরা গ্রন্থের সেই অংশ পরিত্যাগ করিয়া বালাদি চক্র ও সপ্ত শূন্য বিবরণ প্রকাশ করা যাইতেছে।

চতুর্ব্বিংশতি বর্ষাণি যাবদ্গচ্ছন্তি জন্মতঃ।
তাবদায়ুর্ন কুর্য্যাচ্চ স্ফুটং তস্মিন্মতং মম॥ ১

যাবৎ কাল পর্য্যন্ত মনুষ্যের চতুর্ব্বিংশতি বৎসর বয়স অতীত না হয় তাবৎ কাল পর্য্যন্ত আয়ুর্দ্দায় গণনা করিবে না ঐ সময়ে রিষ্টাদি গণনা করা কর্ত্তব্য। ১

চতুর্ব্বিংশতিবর্ষোর্দ্ধমায়ুর্দ্দায়ং সুনিশ্চিতং।
সাধারণা ন জানন্তি বিষমং কঠিনং খলু॥ ২॥

জন্মাবধি চতুর্ব্বিংশতি বৎসর অতীত হইলে পর আয়ু ও রিষ্টাদি গণনা করা বিধেয়। গণনা দ্বারা রিষ্টাদি নির্ণয়

করা অতি কঠিনকার্য্য সুতরাং এই গণনা সাধারণের অজ্ঞাত। ২

বরাহাদ্যৈশ্চ তত্ত্বজ্ঞৈর্যৎ কৃতং নির্ণয়ং পুরা।
তদুদ্দেশেন বক্তব্যং যৎকিঞ্চিজ্জ্ঞায়তে ময়া॥ ৩

জ্যোতিষ শাস্ত্রের তত্ত্বজ্ঞ বরাহাদি মুনিগণ যে রূপে রিষ্টাদি নির্ণয় করিয়াছেন, আমি তাহাদিগের মতানুবর্ত্তী হইয়া যথাসাধ্য কিঞ্চিৎ বর্ণন করিতেছি। ৩

নিদানস্থ যথা তত্ত্বং স্বভাব রিষ্ট নির্ণয়ং।
গুরোরুদ্দেশগম্যঞ্চ বুধ্যতেঽপি ন চান্যথা॥ ৪

গুরুর উপদেশ ব্যতিরেকে নিদান ও জ্যোতিষ শাস্ত্রের যথার্থ তাৎপর্য্য অবগত হওয়া যায় না। ৪

পঞ্চাঙ্কং প্রথমং দত্বা সর্ব্ববর্ণাংশ্চবিন্যাসেৎ।
আকাছাড়াদি দাতব্যমন্তে বোলোহো সংজ্ঞকং॥ ৫

কিরূপে স্বরাদি নির্ণয় করিতে হয় তাহা বলা যাইতেছে, প্রথমতঃ একাদি ক্রমে ৫পাঁচটী অঙ্ক স্থাপন করিয়া তাহাদের নিম্নে ক্রমশঃ আ কা ছা ড়াদি ক্রমে সকল বর্ণ সংস্থাপন করিবে। ৫

কাদি হান্তাল্লিখেদ্বর্ণান্ স্বরাধো ঙঞণোজ্ঝিতান্।
তির্য্যক্ পঙ্ক্তি ক্রমেণৈব পঞ্চ পঞ্চ বিভাগতঃ॥ ৬

পাঁচটী স্বরের নিম্নে ঙ ঞ ণ ভিন্ন ককারাদি হকার পর্য্যন্ত বর্ণ সকলকে পাঁচ ভাগ করিয়া সংস্থাপিত করিবে। ৬

ন প্রোক্তা ঙ ঞ ণা বর্ণা নামাদৌ সন্তিতে নহি।
চেদ্ভবন্তি তদা জ্ঞেয়া গজড়াস্তে যথাক্রমং॥ ৭

ঙ ঞ ণ এই বর্ণ নামের আদিতে প্রায় সম্ভব হয় না অতএব এই বর্ণ পরিত্যক্ত হইল, যদি কখনও উক্ত তিন বর্ণ কোন ব্যক্তির নামের আদিতে থাকে, তবে তাহাদের পরিবর্ত্তে গ জ ড এই তিন অক্ষর গ্রহণ করিতে হইবে। ৭

যদি নাম্নি ভবেদ্বর্ণঃ সংযোগাক্ষর সম্ভবঃ।
গ্রাহ্যস্তত্রাদিমো বর্ণ ইত্যুক্তং ব্রহ্মযামলে॥ ৮

যদি কাহারও নামের আদিতে সংযুক্ত অক্ষর থাকে তবে সে স্থলেও যে যে বর্ণে সংযোগ হইয়াছে তাহাদের মধ্যে যেটী আদিতে আছে, তাহাকে গ্রহণ করিয়া গণনা করিবে। ৮

আকাছাড়াধাভাবা ইখিজিটিনিমিশি।
উগুঝুতুপুযুষু এঘেটেথেফেরেসে।
ও চো ঠো দো বো লো হো॥ ৯

প্রথম অঙ্কের নিম্নে আ কা ছা ড়া ধা ভা বা এই সাতটী বর্ণ, দ্বিতীয় অঙ্কের নিম্নে ই খি জি টি নি মি শি, তৃতীয় অঙ্কের নিম্নে উ গু ঝু তু পু যু ষু, চতুর্থ অঙ্কের নিম্নে এ ঘে টে থে ফে রে সে, পঞ্চম অঙ্কের নিম্নে ও চো ঠো দো বো লো হো, এই রূপে বর্ণ বিন্যাস করিয়া নামের আদ্য অক্ষর অনুসারে স্বর নির্ণয় করিবে। ইহাতে পাঁচ প্রকার স্বর নির্ণীত হইবে, যাহার নামের আদি অক্ষর যে স্থানে পড়িবে সেই স্থানের স্বরাঙ্ক গ্রহণ করিয়া সপ্তশূন্যাদি গণনা করিতে হইবে। ৯

উদিতং ভ্রমিতং ভ্রান্তং সন্ধ্যাস্তং তদনন্তরং। (সংজ্ঞান্তরং)।
জন্ম কর্ম্ম চ আধানং পিণ্ডং ছিদ্রং ততঃ পরং। ১০

উক্ত পঞ্চস্বরের পাঁচটী নাম বলা হইতেছে প্রথম স্বরের নাম উদিত, দ্বিতীয় স্বরের নাম ভ্রমিত, তৃতীয় স্বরের, নাম ভ্রান্ত, চতুর্থ স্বরের নাম সন্ধ্যা ও পঞ্চম স্বরের নাম অস্ত। এবং উক্ত পঞ্চস্বরের অন্য নাম জন্ম, কর্ম্ম, আধান, পিণ্ড ও ছিদ্র। ১০

অস্বরোমেষসিংহালিরিঃস্ত্রীমিথুনকর্কটাঃ
উস্বরোধন্বিমীনৌ স্যাদেকারশ্চ তুলাবৃষৌ।
ও স্বরো মৃগকুম্ভৌ চ রাশীনান্তু গ্রহস্বরাঃ॥ ১১

অকার স্বরের নিম্নে মেষ, সিংহ ও বৃশ্চিক, ইকার স্বরের নিম্নে কন্যা, মিথুন ও কর্কট, উকার স্বরের নিম্নে ধনু ও মীন, একার স্বরের নিম্নে তুলা ও বৃষ এবং ওকার স্বরের নিম্নে মকর ও কুম্ভ রাশি সংস্থাপন করিবে। ১১

স্বরাধঃ স্থাপয়েৎ খেটান্ রাশেঁর্যো যস্য নায়কঃ।
স স্বরস্তস্য খেটস্য গ্রহস্বর ইহোচ্যতে॥ ১২

উক্ত রূপে স্বরের রাশি নির্ণয় করিয়া স্বরের নিম্নে রাশি ও রাশির নিম্নে তাহাদের অধিপতি গ্রহ সকল সংস্থাপন করিবে। যে রাশির অধিপতি যে গ্রহ সেই রাশির স্বরকে সেই গ্রহের স্বর বলা যায়।

যথা অস্বরে রবি, মঙ্গল। ইস্বরে চন্দ্র, বুধ। উস্বরে

বৃহস্পতি এস্বরে শুক্র ওস্বরে শনি এইরূপ পঞ্চস্বরা চক্রে সংস্থাপন করিবে। ১২

উদিতে বিজয়ো নিত্যং ভ্রমিতে লাভমেব চ।
ভ্রান্তে চ সিদ্ধিমাপ্নোতি সন্ধ্যান্তে মরণং ধ্রুবং ॥ ১৩

উদিতস্বরে সর্ব্বদা বিজয়, ভ্রমিতস্বরেত লাভ, ভ্রান্ত স্বরে কার্য্য সিদ্ধি ও সন্ধ্যাস্বরে মরণ জানিবে। ১৩

(সংজ্ঞান্তরং)।

আদ্যো বালঃ কুমারশ্চ যুবাবৃদ্ধো মৃতস্তথা।
নিজাবস্থাস্বরূপেণ ফলদা নাত্র সংশয়ঃ ॥ ১৪

উক্ত পঞ্চস্বরের অন্য পাঁচটী নাম বলা যাইতেছে, যথা প্রথম স্বরের নাম বাল, দ্বিতীয় স্বরের নাম কুমার, তৃতীয় স্বরের নাম যুবা, চতুর্থ স্বরের নাম বৃদ্ধ, পঞ্চম স্বরের নাম মৃত। ইহাদের স্বীয় অবস্থানুসারে মনুষ্যের শুভাশুভ ফল নিশ্চয় করিবে। ১৪

পঞ্চ বালাদিকাবস্থা উদিতাদে র্ভবেৎ পুনঃ।
নামাদ্যক্ষর যোগেন ফলং তত্র নিয়োজয়েৎ ॥ ১৫

উক্ত উদিতাদি পঞ্চ স্বরের বালাদি পঞ্চ অবস্থা জানিয়া নামের আদি অক্ষর অনুসারে স্বর নিশ্চয় করিয়া ফল নির্ণয় করিবে। ১৫

কিঞ্চিল্লাভকরো বালঃ কুমারস্বর্দ্ধ লাভদঃ।
সর্ব্বসিদ্ধিং যুবাদত্তে বৃদ্ধে হানির্ম্মৃতে ক্ষয়ঃ ॥ ১৬

বালস্বরে কিঞ্চিৎ লাভ, কুমার স্বরে অর্দ্ধ লাভ, যুবা স্বরে সর্ব্ব কার্য্য সিদ্ধি, বৃদ্ধ স্বরে হানি ও মৃত স্বরে ক্ষয় হইয়া থাকে *। ১৬

যত্র নামাক্ষরঃ প্রাপ্তস্তত্রৈব উদিতঃ স্বরঃ।
তস্মাদ্বর্ষং বিজানীয়াত্তস্মান্মাসং ভবেৎ পুনঃ ॥ ১৭

যে ঘরে যাহার নামের আদি অক্ষর প্রাপ্ত হইবে, সেই ঘরে যে স্বর থাকিবে তাহাই সেই ব্যক্তির সম্বন্ধে উদিত স্বর বলিয়া পরিগৃহীত হইবে। এবং সেই স্বর অনুসারে বর্ষ মাসাদি স্থির করিবে। ১৭

মাসদ্বয়ং বিধাতব্যং দিনঞ্চ দ্বাদশোত্তরং।
এবং ক্রমেণ বোদ্ধব্যা বর্ষ ভাগাশ্চ পঞ্চসু ॥ ১৮

এক এক স্বরের নিম্নে দুই মাস ১২ বার দিন করিয়া সংস্থাপিত করিবে, এই রূপে পঞ্চ স্বরের নিম্নে স্থাপিত মাসাদিতে এক বৎসর পূর্ণ হইবে। ১৮

কার্ত্তিকান্তে দিনং গ্রাহ্যং নবভাগং যথা তথা।
মার্গং পৌষং তথা দেয়ং মাঘস্য চ দিনত্রয়ং ॥ ১৯
এবং ক্রমেণ দাতব্যং বর্ষ পূর্ণং তথা ভবেৎ।
তিথিঃ প্রতিপদাদিশ্চ কুজাদের্ব্বার নির্ণয়ঃ ॥ ২০

কার্ত্তিকের শেষ নয় দিন হইতে আরম্ভ করিয়া মাস স্থাপন করিতে হইবে, যথা অকারস্বরে কার্ত্তিকের ৯ নয় দিন, অগ্রহায়ণ ও পৌষ সমস্ত এবং মাঘের তিন দিন। ইকার স্বরে মাঘের ২৭ সাতাইশ দিন, ফাল্গুণ সমস্ত ও চৈত্রের ১৫ দিন। উকারস্বরে চৈত্রের ১৫ দিন, বৈশাখের ৩০ দিন, জ্যেষ্ঠের ২৭ দিন। একারস্বরে জ্যৈষ্ঠের ৩ দিন, আষাঢ় সম্পূর্ণ, শ্রাবণ সমস্ত ও ভাদ্রের ৯ দিন। ওকারস্বরে ভাদ্রের ২১ দিন, আশ্বিন সমস্ত, এবং কার্ত্তিকের ২১ দিন। এইরূপে প্রতি স্বরে ৭২ দিন করিয়া পাঁচ স্বরে সমস্ত বর্ষ পূর্ণ হইবে। এবং প্রতিপদাদি তিথি ও কুজাদি বার সংস্থাপন করিবে। ১৯।২০

নন্দাভদ্রাজয়ারিক্তাপূর্ণাশ্চাপি যথাক্রমং।
ক্রমেণাঙ্কং তথা দেয়ং গ্রাহ্যমঙ্কং যথাক্রমং ॥ ২১

অকারস্বরে নন্দা অর্থাৎ প্রতিপদ, ষষ্ঠী ও একাদশী এই তিন তিথি, ইকারস্বরে ভদ্রা অর্থাৎ দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশী, উকারস্বরে জয়া, অর্থাৎ তৃতীয়া, অষ্টমী ও ত্রয়োদশী, একারস্বরে রিক্তা অর্থাৎ চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী, ওকারস্বরে পূর্ণা অর্থাৎ পঞ্চমী, দশমী, পূর্ণিমা ও অমাবস্যা শুক্ল কৃষ্ণ উভয় পক্ষের এই সকল তিথি সংস্থাপন করিবে। এই স্থলে তিথির নাম ও তিথি বোধক অঙ্ক লিখিতে হইবে। যথা ১। ৬। ১১। ১৬। ২১। ২৬। ইত্যাদি। ২১

চন্দ্রাষ্টৌ প্রথমং দেয়ং নগনাগৌ দ্বিতীয়কে।
তৃতীয়ে চাগ্নি নবকং চতুর্থে সপ্তগ্রহং ॥
পঞ্চোত্তরশতং দেয়ং ক্রমেন পঞ্চমেষ্বপি ॥ ২২

প্রত্যেক স্বরের তিথির অঙ্ক পৃথক পৃথক যোগ করিলে অকারস্বরে ৮১ একাশী, ইকারস্বরে ৮৭ সাতাশী, উকারস্বরে ৯৩ তিরেনব্বই, একার স্বরে ৯৯ নিরেনব্বই,

* দ্বিতীয় খণ্ডের বর্ণ স্বরোদয় গ্রন্থ অবলোকন কর।

ওকারস্বরে ১০৫ এক শত পাঁচ অঙ্ক হইবে, এই সকল অঙ্কই স্বরাঙ্ক বলিয়া গৃহীত হইবে। কোন কোন গ্রন্থকারের মতে অকারস্বরে ১ এক, ইকারস্বরে ২ দুই, উকারস্বরে ৩ তিন, একারস্বরে ৪ চারি, ওকারস্বরে ৫ পাঁচ এই কয়েকটীকে স্বরাঙ্ক বলা যায়। ২২

গণিত্বা নির্ণয়েদ্বর্ষং তস্মাৎ সর্ব্বং বিধীয়তে।
পঞ্চভিশ্চ হৃতে শেষে মৃত্যুর্জ্জ্ঞেয়ো নচান্যথা॥ ২৩

পঞ্চ স্বরামতে মৃত্যু বৎসর নির্ণয় করিয়া নিম্ন লিখিত প্রণালী অনুসারে মৃত্যু তিথিবারাদি নিশ্চয় করিবে। বয়সের অঙ্ক, স্বরাঙ্ক ও রাশির অঙ্ক একত্র যোগ করিয়া পাঁচ দিয়া ভাগ করিয়া অবশিষ্টাঙ্ক দ্বারা নন্দাদি তিথি নির্ণীত হইবে যথা এক অবশিষ্ট থাকিলে নন্দা তিথিতে মৃত্যু হইবে, দুই অবশিষ্ট থাকিলে ভদ্রা তিথিতে মৃত্যু জানিবে এইরূপ তিন থাকিলে জয়া, চারি থাকিলে রিক্তা, ভাগ শেষ শূন্য হইলে পূর্ণা তিথিতে মৃত্যু হইবে। ২৩

ষড়্ভির্হৃত্বা তিথির্গ্রাহ্যো বারো গ্রাহ্যশ্চ সপ্তভঃ।
একং দেয়ঞ্চ হেয়ম্বা বর্ষে বা তিথি সংগ্রহে।
ন দেয়ঞ্চ ন হেয়ঞ্চ মধ্যে বা শুক্ল কৃষ্ণয়োঃ॥ ২৪

বয়স্ রাশি স্বরাঙ্ক একত্র যোগ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ করিলে অবশিষ্টাঙ্ক দ্বারা নন্দাদি তিথির মধ্যে কোন্ তিথিতে মৃত্যু হইবে, তাহা নির্ণীত হইবে।

যথা এক অবশিষ্ট থাকিলে শুক্লা প্রতিপৎ, দুই অবশিষ্ট থাকিলে শুক্লাষষ্ঠী, তিন অবশিষ্ট থাকিলে শুক্লা একাদশী, চারি অবশিষ্ট থাকিলে কৃষ্ণা প্রতিপৎ পাঁচ অবশিষ্ট থাকিলে কৃষ্ণাষষ্ঠী, শূন্য হইলে কৃষ্ণা একাদশীতে মৃত্যু হইবে। এইরূপ ভদ্রাদি তিথির মধ্যে কোন্ তিথিতে মৃত্যু হইবে তাহা নির্ণয় করা যাইবে যথা ১ থাকিলে শুক্লা দ্বিতীয়া, ২ থাকিলে শুক্লাসপ্তমী ইত্যাদি।

বয়সের, রাশির ও স্বরের অঙ্ক একত্র যোগ করিয়া ৭ সাত দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা দ্বারা মৃত্যু বার নির্ণীত হইবে, যথা এক অবশিষ্ট থাকিলে রবি বার, দুই অবশিষ্ট থাকিলে সোম বার ইত্যাদি। যে দিবসে মাস তিথি বারাদি মিলিত হইবে সেই দিনে মৃত্যু হইবে।

যদি গণিত তিথিতে বারের মিলন না হয়, তবে তিথি কিম্বা বারে এক যোগ বা বিয়োগ করিলে যাহাতে তিথি বার মিলিত হয়, এইরূপ করিয়া লইবে। অষ্টমী তিথিতে এক যোগ কিম্বা বিয়োগ করিতে হইবে না অষ্টমী তিথি হইলে তাহাতে গণিত বার অবশ্যই মিলিত হইবে। ২৪

ইতি পঞ্চস্বরা।

অথ সপ্তশূন্য গণনা।

বয়োরাশিং স্বরাঙ্কঞ্চ একীকৃত্য ত্রিধা লিখেৎ।
দ্বিচতুস্ত্রিভির্গুণিতং সপ্তাষ্টরসভাজিতং।
আধানে নবমো দেয়ঃ স্বরে কর্ম্মণি পঞ্চ চ
পিণ্ডে সর্ব্বমিদং দেয়ং ছিদ্রে শ্রেণী ব্যবস্থিতা॥ ১

বয়সের অঙ্ক, রাশির অঙ্ক, ও স্বরাঙ্ক এই তিনটী অঙ্ক একত্র যোগ করিয়া যুক্ত অঙ্ককে তিন স্থানে স্থাপন করিবে। উক্ত স্থাপিত অঙ্কের প্রথম অঙ্ককে দ্বিগুণ করিয়া, ৭ দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহা জন্ম স্বরে অর্থাৎ প্রথম শ্রেণীর প্রথম স্থানে সংস্থাপন করিবে। দ্বিতীয় অঙ্ককে ৪ চারি দ্বারা গুণ করিয়া গুণ ফলকে ৮ আট দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহা প্রথম শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। পরে তৃতীয় অঙ্ককে ত্রিগুণ করিয়া গুণ ফলকে ৬ ছয় দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট অঙ্ক প্রথম শ্রেণীর তৃতীয় স্থানে সংস্থাপন করিতে হইবে।

এইরূপে পুনর্ব্বার বয়স, রাশি ও স্বর এইতিনের সমষ্টিতে পাঁচ যোগ করিয়া তিন স্থানে রাখিবে। পরে প্রথম স্থাপিত অঙ্ককে দ্বিগুণ করিলে যেগুণ ফল হইবে, তাহাকে ৭ সাত দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে, তাহা কর্ম্ম স্বরের অর্থাৎ দ্বিতীয় শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। তৎপরে দ্বিতীয় স্থানের অঙ্ককে চারি গুণ করিলে যে গুণ ফল হইবে তাহাকে ৮ আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক দ্বিতীয় শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। অনন্তর তৃতীয় স্থানের অঙ্ককে তিন গুণ করিয়া, গুণ ফলকে ৬ ছয়

দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক দ্বিতীয় শ্রেণীর তৃতীয় স্থানে স্থাপন করিবে।

ঐ প্রকার বয়সের রাশির ও স্বরের অঙ্ক সমষ্টিতে ৯ নয় যোগ করিয়া যুক্তাঙ্ককে তিন স্থানে রাখিবে, পূর্ব্বমত প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া ৭ সাত দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক আধান স্বরে অর্থাৎ তৃতীয় শ্রেণীর প্রথম স্থানে রাখিবে, দ্বিতীয় স্থানের অঙ্ককে চতুর্গুণ করিয়া ৮ দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক তৃতীয়শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। পরে তৃতীয় স্থানের অঙ্ককে ৬ ছয় দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক তৃতীয় শ্রেণীর তৃতীয় স্থানে সংস্থাপন করিবে।

ঐরূপে পূর্ব্ব স্থাপিত বয়ো রাশি স্বরাঙ্কে সমুদায় অঙ্ক (অর্থাৎ কোষ্ঠাতে যে যে অঙ্কপাত করা হইয়াছে) যোগ করিয়া যুক্তাঙ্ককে তিন স্থানে রাখিয়া প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া ৭ সাত দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক পিণ্ড স্বরে অর্থাৎ চতুর্থ শ্রেণীর প্রথম স্থানে, দ্বিতীয় অঙ্ককে চতুর্গুণ করিয়া ৮ আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক চতুর্থ শ্রেণীর দ্বিতীয় স্থানে, তৃতীয় অঙ্ককে ত্রিগুণ করিয়া ৬ দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক চতুর্থ শ্রেণীর তৃতীয় স্থানে সংস্থাপন করিবে।

ঐরূপ বয়সের রাশির ও স্বরাঙ্কের সহিত ১৪ চৌদ্দ যোগ করিয়া যুক্তাঙ্ককে তিন স্থানে রাখিয়া প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া ৭ সাত দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক ছিদ্র স্বরে অর্থাৎ পঞ্চম শ্রেণীর প্রথম স্থানেও দ্বিতীয় স্থানের অঙ্ককে চারিগুণ করিয়া ৮ আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক পঞ্চম শ্রেণীর দ্বিতীয় স্থানে এবং তৃতীয় স্থানের অঙ্ককে৬ ছয় দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক পঞ্চম শ্রেণীর তৃতীয় স্থানে সংস্থাপন করিবে।

"ছিদ্রে শ্রেণী ব্যবস্থিতা" ইহার অন্য প্রকার অর্থ—

ছিদ্র স্বরে বয়সের রাশির ও স্বরাঙ্কের সহিত জন্ম, কর্ম্ম, আধান ও পিণ্ড স্বরের স্থাপিতাঙ্কের প্রথম অঙ্ক-শ্রেণী যোগ করিয়া দ্বিগুণ করিবে। পরে তাহাকে সাত দ্বারা ভাগ দিয়া শেষাঙ্ক পঞ্চম শ্রেণীর প্রথমে স্থাপন করিবে। পরে ঐ রূপ বয়সের রাশির ও স্বরের অঙ্ক এবং উক্ত চারিটী স্বরের দ্বিতীয় শ্রেণীর অঙ্ক একত্র যোগ করিয়া তাহাকে চারি গুণ করিয়া ৮ আট দ্বারা ভাগ দিয়া ভাগ শেষ পঞ্চম শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। তৎপরে বয়সের রাশির ও স্বরের অঙ্ক এবং উক্ত চারিটী স্বরের তৃতীয় শ্রেণীর অঙ্ক একত্র যোগ করিবে পরে তাহাকে তিন গুণ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ করিবে অবশিষ্টাঙ্ক পঞ্চম শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। ছিদ্রস্বর ভিন্ন অপর সমস্তই পূর্ব্বের মত জানিবে।

এইরূপে কোষ্ঠা অঙ্কিত করিয়া রিষ্ট বর্ষাদি গণনা করিবে। যে বর্ষে ঐ কোষ্ঠায় সাতটী শূন্য পতিত হইবে সেই বর্ষেই সপ্তশূন্য হইবে।

সপ্ত শূন্য কোষ্ঠাতে যে সকল অঙ্ক পড়িবে তাহা দ্বারা রব্যাদি গ্রহ জ্ঞান করিতে হইবে। ১

জন্মনি হংসো গুরুশ্চৈব কর্ম্মণি সৈংহিকতাস্করৌ।
আধানে বুধমন্দৌ চ জন্তোর্ম্মরণমাদিশেৎ॥ ২

যাহার যে বৎসরে জন্ম স্বরে রবি বা বৃহস্পতি ও কর্ম্ম স্বরে রাহু বা রবি এবংআধান স্বরে বুধ ও শনি থাকেন সেই বৎসরে তাহার মৃত্যু হইবে। ২

রবিমন্দকুজে বর্ষে রাহুর্ব্বা স্থানদ্বিত্রয়ে।
সপ্তশূন্যং ভবেদ্বাপি মৃত্যুর্ভবতি নান্যথা॥ ৩

ত্রিপাপ চক্রে রবি, শনি, মঙ্গলের বর্ষ কিম্বা ঐ চক্রে দুই বা তিন স্থানে রাহু হইলে যদি কোষ্ঠাতে সপ্ত শূন্যের বৎসর হয়, তবে সেই বৎসরে অবশ্য মৃত্যু হইবে। ৩

অথবা পাপ সংযোগে দশশূন্যং ভবেদ্‌যদি
তদামৃত্যুং ব্রজেদেব দেবরাজসমো যদি॥ ৪

যাহার যে বৎসরে সপ্তশূন্য কোষ্ঠাতে পাপ সংযুক্ত দশ শূন্য হইবে সেই ব্যক্তি ইন্দ্র তুল্য হইলেও সেই বৎসর তাহার মৃত্যু হইবে। ৪

আদৌ চন্দ্রোদ্বিশূন্যঞ্চ অন্তে কুজচতুষ্টয়ং।
মধ্যে বুধত্রয়ঞ্চৈব গুরোর্ম্মধ্যেঽথবা কবিঃ॥
পাপদ্বয়ে ত্রয়ে বাপি সংযুক্তে হায়নেঽপিবা।
মরণং তত্র বক্তব্যং নাত্রকার্য্যা বিচারণা॥ ৫

যে বৎসর সপ্তশূন্য কোষ্ঠায় আদিতে চন্দ্র, তৎপরে

দুই শূন্য, অন্তে চারি মঙ্গল, মধ্যে তিন বুধ, অথবা দুই বৃহস্পতির মধ্যে শুক্র থাকে এবং ত্রিপাপ চক্রে দুই বা তিন স্থানে রবি থাকে সেই বৎসরে অবশ্য মৃত্যু জানিবে। ৫

স্থানত্রয়ে যদা সূর্য্যঃ সূর্য্যাদৌ শূন্য সংস্থিতে।
অবশ্যং মরণঞ্চৈব তস্মিন্ বর্ষেভবেত্তদা॥ ৬

যে বৎসরে ত্রিপাপ চক্রে তিন স্থানে রবি, সপ্তশূন্য কোষ্ঠায় আদিতে রবি তৎপরে শূন্য হয়, সেই বৎসরে নিশ্চয় মরণ হইবে। ৬

বুধেঽপি শূন্যযুগলে বুধেঽপি বর্ষ সম্ভবে।
বুধে চান্তর্গতে চৈব মরণং নাত্র সংশয়ঃ॥ ৭

যদি সপ্তশূন্য কোষ্ঠায় আদিতে বুধ তৎপরে দুই শূন্য এবং বুধের বর্ষ ও বুধের অন্তর্দ্দশা হয়, তবে নিঃসংশয় মৃত্যু হইবে। ৭

গুরৌ শূন্যদ্বয়ং প্রাপ্তে কুজশ্চান্তে ভবেদ্যদি।
প্রাণত্যাগো ভবেত্তস্য বর্ষে চ পাপসংযুতে॥ ৮

পাপ গ্রহের বর্ষে যদি কোষ্ঠায় আদিতে বৃহস্পতি তৎপরে দুই শূন্য এবং অন্তে মঙ্গল থাকে, তবে সেই বৎসরে মানবের মৃত্যু জানিবে। ৮

শূন্যদ্বয়ং কুজে প্রাপ্তে চান্তেঽপি কুজসম্ভবে।
বিদেশে মরণঞ্চৈব বর্ষে চ পাপসংশ্রয়ে॥ ৯

যে বৎসরে কোষ্ঠায় মঙ্গল ও দুই শূন্য ও অন্তে মঙ্গল থাকে এবং পাপ গ্রহের বর্ষ হয়, সেই বৎসরে বিদেশে মৃত্যু হইবে। ৯

শুক্রে শূন্যদ্বয়ে প্রাপ্তে বর্ষে চ পাপ সংযুতে।
দ্বিতীয় স্বর সংযোগে মরণং স্যাৎ সুনিশ্চিতং॥ ১০

দ্বিতীয় স্বরে শুক্র ও দুই শূন্য হইলে যদি পাপ গ্রহের বর্ষ হয়, তবে সেই বৎসরে নিশ্চয় মৃত্যু হইবে। ১০

প্রথমে শূন্যত্রিতয়মন্তে চ কুজ সংযুতং।
তদ্বর্ষং ক্লেশ সংজ্ঞঞ্চ শুভযোগে শুভ প্রদং॥ ১১

কোষ্ঠায় প্রথমে তিন শূন্য, অন্তে তিন শূন্য এবং মঙ্গল থাকিলে সেই বর্ষে নানা প্রকার ক্লেশ হয়। শুভ গ্রহের যোগ হইলে শুভ ফল জানিবে। ১১

দশ শূন্যং ভবেদ্যত্র বর্ষং বা গুরুশুক্রয়োঃ।
ক্লেশমাত্রং ভবেত্তস্য জীবনে নাত্র সংশয়ঃ॥ ১২

যে বৎসরে কোষ্ঠায় দশ শূন্য এবং বৃহস্পতি ও শুক্রের বর্ষ হয়, সেই বৎসরে নানা প্রকার ক্লেশ ও জীবন সংশয় জানিবে। ১২

বিধৌ বিধুন্তুদে যোগে অন্তে চ শূন্য সম্ভবে।
গুরুচন্দ্রশনৌ বর্ষে তথাপি মৃত্যুমাদিশেৎ॥ ১৩

চন্দ্র ও রাহু যুক্ত হইলে যদি কোষ্ঠায় অন্তে শূন্য এবং বৃহস্পতি, চন্দ্র ও শনির বর্ষ হয়, তবে সেই বৎসরে মৃত্যু জানিবে। ১৩

পিণ্ডে বুধদ্বয়ে শূন্যে জন্মনি দ্বিবুধে কুজে।
কর্ম্মণি শুক্রে দ্বিশূন্যঞ্চ মৃতির্ভবতি নান্যথা॥ ১৪

পিণ্ড স্বরে দুই বুধ ও শূন্য, জন্ম স্বরে দুই বুধ ও মঙ্গল, এবং কর্ম্ম স্বরে শুক্র ও দুই শূন্য হইলে নিশ্চয় মৃত্যু হইবে। ১৪

আয়ুর্দ্দায়ং যথা রিষ্টং যদুক্তং গ্রহসংগ্রহে।
পাপ যোগে ভবেদ্রিষ্টং শুভযোগে ভবেচ্ছুভং॥ ১৫

আয়ুর্দ্দায় ও রিষ্ট গণনায় যে রূপ গ্রহ সংস্থাপন উক্ত হইয়াছে তাহাতে পাপ গ্রহ থাকিলে নিশ্চয় রিষ্ট ও শুভগ্রহ থাকিলে শুভ ফল জানিবে। ১৫

ইতি সপ্তশূন্যং।

খনা বাক্যং।

সাত শূন্য বহুতর পাপ, তাতে এড়ান নাইরে বাপ।
তিন বুধ দুই মঙ্গল বৈসে, লিখিয়া দশ শূন্য যবে আইসে।
শনিরবিমঙ্গল বৎসর গণনা, সেই বৎসর মরণ বলে খনা।
সোমাদি দুইশূন্য আইসে।, অন্তে চারিমঙ্গল বৈসে।
দুইভিতে গুরু মধ্যে কবি, ছয় শূন্য আদিতে রবি।
পঞ্চস্বরের আগু মঙ্গল পায়, সেই বৎসর এড়িয়া না যায়।
দশ শূন্য মধ্যে দুই কুজা, তিন বুধ লিখিয়া বুঝা।
গুরুচান্দের বৎসর যদি পায়।
সেই বৎসর যম তাকে এড়িয়া না যায়।

নানা মতে সপ্তশূন্য আনয়নের সঙ্কেত লিখিত হইয়াছে, এক্ষণে নিম্নে সপ্তশূন্য আনয়নের যে সঙ্কেত লিখিত হইতেছে, তাহাই প্রকৃত কোষ্ঠার সহিত ঐক্য দেখা যাইতেছে।

বয়োরাশিস্বরাঙ্কঞ্চ একীকৃত্য ত্রিধা লিখেৎ
দ্বিচতুস্ত্রিভির্গু ণিতং সপ্তাষ্টরসভাজিতং।
স্বরেকর্ম্মণি পঞ্চাঙ্কং আধানে নবমং তথা
সর্ব্বাঙ্ক ব্যাপিতঃ পিণ্ডে ছিদ্রে শ্রেণী ব্যবস্থিতা॥

বয়সের, রাশির ও স্বরের অঙ্ক একত্র যোগ করিয়া তিন স্থানে রাখিবে। পরে প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া সাত দ্বারা ভাগ করিবে, অবশিষ্ট অঙ্ক প্রথম শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। দ্বিতীয় স্থানের অঙ্ককে চারি গুণ করিয়া ৮ আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক প্রথম শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। তৃতীয় স্থানের অঙ্ককে তিন গুণ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ দিবে অবশিষ্ট অঙ্ক প্রথম শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। এইরূপে আদ্য স্বরের কোষ্ঠা প্রস্তুত করিবে।

বয়সের, রাশির ও স্বরের অঙ্ক এবং তাহার সহিত ৫ পাঁচ যোগ করিয়া পূর্ব্বমত তিন স্থানে রাখিবে। এবং প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া সাত দ্বারা ভাগ দিবে, অবশিষ্ট অঙ্ক দ্বিতীয় শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। দ্বিতীয় স্থানের অঙ্ককে চারিগুণ করিয়া আট দ্বারা ভাগ করিবে অবশিষ্ট অঙ্ক দ্বিতীয় শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। তৃতীয় স্থানের অঙ্ককে তিন গুণ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ করিবে, অবশিষ্ট অঙ্ক দ্বিতীয় শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। এইরূপ গণনা করিয়া কর্ম্ম স্বরের কোষ্ঠা প্রস্তুত করিবে।

বয়সের, রাশির ও স্বরের অঙ্ক এবং তাহার সহিত ৯ নয় যোগ করিয়া পূর্ব্বমত তিন স্থানে রাখিবে, এবং প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া সাত দ্বারা ভাগ করিবে, অবশিষ্ট অঙ্ক তৃতীয় শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। পরে দ্বিতীয় স্থানের অঙ্ককে চারি গুণ করিয়া আট দ্বারা ভাগ করিবে অবশিষ্ট অঙ্ক তৃতীয় শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। পরে তৃতীয় স্থানের অঙ্ককে তিন গুণ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ করিবে অবশিষ্ট অঙ্ক তৃতীয় শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। এইরূপ গণনা করিয়া আধান স্বরের কোষ্ঠা প্রস্তুত করিবে।

পিণ্ডস্বরের কোষ্ঠা গণনা করিতে বয়সের, রাশির ও স্বরের অঙ্ক পূর্ব্ববৎ গ্রহণ না করিয়া কেবল মাত্র জন্ম, কর্ম্ম ও আধান স্বরের কোষ্ঠায় যত অঙ্ক লিখিত হইয়াছে ঐ সমস্ত অঙ্ক যোগ করিয়া তিন স্থানে রাখিবে*। পরে প্রথম স্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া সাত দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট অঙ্ক চতুর্থ শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। দ্বিতীয় স্থানের অঙ্ককে চারিগুণ করিয়া ৮ আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক চতুর্থ শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। তৃতীয় স্থানের অঙ্ককে তিনগুণ করিয়া ৬ ছয় দ্বারা ভাগ দিয়া, অবশিষ্টাঙ্ক চতুর্থ শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। এইরূপে পিণ্ডস্বরের কোষ্ঠা অঙ্কিত করিবে।

ছিদ্রস্বরে বয়সের অঙ্ক ও রাশির অঙ্ক, স্বরের অঙ্কের সহিত যোগ করিয়া তাহাতে জন্ম, কর্ম্ম, আধান এবং পিণ্ডস্বরের স্থাপিতাঙ্কের প্রথম শ্রেণীর অঙ্ক যোগ করিবে, পরে ঐ যুক্তাঙ্ককে দ্বিগুণ করিয়া তাহাকে ৭ সাত দ্বারা ভাগ দিয়া অবশিষ্টাঙ্ক পঞ্চম শ্রেণীর প্রথম স্থানে রাখিবে। পূর্ব্বমত বয়সের, রাশিরও স্বরের অঙ্ক এবং জন্ম, কর্ম্ম, আধান ও পিণ্ড স্বরের দ্বিতীয় শ্রেণীর অঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে চারি গুণ করিবে। পরে তাহাকে আট দ্বারা ভাগ দিয়া অবশিষ্ট অঙ্ক পঞ্চম শ্রেণীর দ্বিতীয় স্থানে রাখিবে। তৎপরে বয়সের অঙ্ক, রাশির অঙ্ক, স্বরের অঙ্ক এবং জন্ম, কর্ম্ম, আধান ও পিণ্ড স্বরের তৃতীয় শ্রেণীর অঙ্ক একত্র যোগ করিয়া তিন গুণ করিবে। পরে তাহাকে ৬ ছয় দ্বারা ভাগ দিয়া অবশিষ্টাঙ্ক পঞ্চম শ্রেণীর তৃতীয় স্থানে রাখিবে। এইরূপ প্রক্রিয়া দ্বারা ছিদ্রস্বরের কোষ্ঠা অঙ্কিত করিতে হইবে। সপ্ত শূন্যের লিখিত চৌদ্দটী কোষ্ঠা এই মতে গণনা করিয়া প্রস্তুত হইবে।

---

* পিণ্ডস্বরের কোষ্ঠা গণনাতে কোন কোন জ্যোতির্ব্বিদ্ বয়সের, রাশির ও স্বরাঙ্কের সহিত ১৪ চৌদ্দ যোগ করিয়া পূর্ব্বমত প্রক্রিয়া অনুসারে কোষ্ঠা অঙ্কিত করেন।

অথ রিষ্টভঙ্গ যোগঃ।

নির্ণীতে রিষ্টবর্ষস্য প্রাপ্তমঙ্কং সমুচ্চয়ং।
একীকৃত্য শরৈর্হৃত্বা শেষশ্চোদিত মুখ্যকঃ॥ ১

পঞ্চস্বরা মতে রিষ্টবর্ষ নির্ণয় করিয়া সেই বৎসরে সপ্ত শূন্য কোষ্ঠায় যত অঙ্ক থাকিবে সেই সকল অঙ্ক একত্র যোগ করিবে, পরে ঐ যুক্তাঙ্ককে ৫ পাঁচ দিয়া ভাগ করিয়া শেষাঙ্ক দ্বারা রিষ্ট নির্ণয় করিবে॥ ১

একদ্বিত্র্যঙ্ক শেষে চ ন চ রিষ্টং তদব্দকে।
শরবেদ শেষকেরিষ্টং জ্ঞেয়ং রিষ্টস্য বৎসরে॥ ২

উক্ত রূপে ভাগ করিয়া যদি ১ এক ২ দুই কিম্বা ৩ তিন ভাগ শেষ থাকে তবে সেই বৎসরে রিষ্ট থাকিলেও মৃত্যু হইবে না। আর যদি ৪ চারি বা ৫ পাঁচ ভাগশেষ থাকে তবে সেই বৎসরে নিশ্চয় মৃত্যু জানিবে॥ ২

অথ মৃত্যু মাস নির্ণয়।

নিশ্চিতে রিষ্টবর্ষে তু মৃত্যুমাসাদিমানয়েৎ।
বয়ো রাশিস্বরাঙ্কঞ্চ পঞ্চভিশ্চ হরেদ্বুধঃ।
শেষসংখ্যস্বরে মাসে মৃত্যুমাসো ন বিস্ময়ঃ॥ ১

রিষ্ট বর্ষ নির্ণয় করিয়া তাহার কোন্ মাসে মৃত্যু হইবে তাহা স্থির করিবে। বয়স, রাশি ও স্বরাঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে পাঁচ দিয়া ভাগ করিলে মৃত্যু মাস নিশ্চয় জানা যায়। ভাগ করিয়া যত অবশিষ্ট থাকিবে তত সংখ্যক স্বরে যে যে মাস পঞ্চস্বরা চক্রে দেখিতে পাইবে সেই সেই মাসে মৃত্যু হইবে॥ ১

যদ্যেকমবশিষ্টঞ্চ তদাস্যাদুদিতস্বরে।
যদি দ্বয়ং তদা জ্ঞেয়ং মাসে চ ভ্রমিত স্বরে॥ ২

যদি ১ এক অবশিষ্ট থাকে তবে উদিত স্বরের মাসে মৃত্যু জানিবে। এইরূপ ২ দুই অবশিষ্ট থাকিলে ভ্রমিত স্বরের মাসে, ৩ তিন অবশিষ্ট থাকিলে ভ্রান্তস্বরের মাসে, ৪ চারি অবশিষ্ট থাকিলে সন্ধ্যাস্বরের মাসে, অবশিষ্ট শূন্য হইলে অস্ত স্বরের মাসে মৃত্যু হইবে॥ ২

মতান্তরে।

অস্তস্বরাঙ্কে বর্ষাঙ্কং রাশ্যঙ্কঞ্চ নিয়োজয়েৎ।
পঞ্চাঙ্ক হৃতশেষাঙ্কং সমমাসোঽস্ত কস্য চ॥ ১

অস্ত স্বরাঙ্কে বয়সের অঙ্ক ও রাশ্যঙ্ক যোগ করিয়া যুক্তাঙ্ককে, পাঁচ দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহা দ্বারা মাস নির্ণয় করিবে। ১

অথ মৃত্যু তিথি নির্ণয়।

বয়ো রাশি স্বরাঙ্কঞ্চ ঋতুভিঃ পরিশোধয়েৎ।
শেষাঙ্কে চ তিথির্জ্ঞেয়া নন্দাদি ক্রমতো বুধৈঃ॥ ১

বয়স, রাশি ও স্বরাঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে ৬ ছয় দ্বারা ভাগ করিলে অবশিষ্ট যাহা থাকিবে তাহা দ্বারা নন্দাদি তিথি নির্ণীত হইবে। এক অবশিষ্ট থাকিলে নন্দাতিথিতে মৃত্যু হইবে, এইরূপে দুই অবশিষ্ট থাকিলে ভদ্রাতিথিতে ৩ তিন অবশিষ্ট থাকিলে জয়া তিথিতে ৪ চারি অবশিষ্ট থাকিলে রিক্তা তিথিতে এবং ৫ পাঁচ অবশিষ্ট থাকিলে পূর্ণাতিথিতে মৃত্যু হইবে॥ ১

মতান্তরে।

বর্ষরাশ্যঙ্ক সংযুক্ত স্ব জন্মাস্তে স্বরাঙ্ককে।
ষড়্ভির্হৃতে তু যঃ শেষঃ সা তিথিঃ সান্তকে স্বরে॥ ১

বয়সের অঙ্ক, রাশির অঙ্ক অস্ত স্বরাঙ্কে যোগ করিয়া যুক্তাঙ্ককে ৬ ছয় দ্বারা ভাগ করিলে অবশিষ্ট অঙ্ক দ্বারা পূর্ব্ববৎ তিথি নির্ণয় করিবে॥ ১

বয়ো রাশি স্বরাঙ্কে তু হৃতে তু পঞ্চভিশ্চ যৎ।
শেষাঙ্কে নন্দভদ্রাদিস্তিথির্জ্ঞেয়া বিপশ্চিতা॥ ২

বয়সের অঙ্ক, রাশির অঙ্ক, ও স্বরাঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে পাঁচ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট যাহা থাকিবে তাহা দ্বারা নন্দাভদ্রাদি তিথি নির্ণয় করিবে॥ ২

পুনঃ স্বর বয়ো রাশিং ঋতুভিঃ সংহরেত্ততঃ।
শেষাঙ্ক সদৃশ তিথৌ তত্তিথিনা মৃতির্ভবেৎ॥ ৩

বয়োরাশিস্বরাঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে ৬ ছয় দ্বারা ভাগ করিয়া অবশিষ্টাঙ্ক দ্বারা মৃত্যু তিথি নির্ণয় করিবে॥ ৩

মতান্তরে।

বয়ো রাশি স্বরাঙ্কঞ্চ ঋতুভিঃ পরিপূরয়েৎ।
তিথির্হৃত্বাবশিষ্টা তু তিথির্জ্ঞেয়া মৃতিপ্রদা॥ ১

বয়সের অঙ্ক, স্বরাঙ্ক ও রাশির অঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে ৬ ছয় দ্বারা গুণ করিবে পরে ঐ গুণ ফলকে ১৫ পনের দিয়া ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহা দ্বারা মৃত্যু তিথি স্থির হইবে। যথা ১ এক অবশিষ্ট থাকিলে প্রতিপৎ ২ দুই অবশিষ্ট থাকিলে দ্বিতীয়া, ৩ তিন অবশিষ্ট থাকিলে তৃতীয়া ইত্যাদি ॥ ১

তিথিবারে তু নির্ণীতে বলাবল বসাদ্বিধোঃ।
দেয়মেকং হেয়মেকং বর্ষে বা তিথিসংগ্রহে।
ন দেয়ং বাপি হেয়ম্বা বলে মধ্যে বিধোস্তদা। ২

মৃত্যুর তিথি বারাদি নির্ণয় করিয়া চন্দ্রের বলাবল বিবেচনায় মৃত্যু নিশ্চয় করিবে। গণিত তিথি বারাদি মিলিত না হইলে এক যোগ বা বিয়োগ করিয়া যাহাতে মিলন হয় এইরূপ করিয়া লইতে হইবে। কিন্তু যখন চন্দ্র মধ্য বল থাকিবে তখন আর যোগ বা বিয়োগ কিছুই করিতে হইবে না ॥ ২

অথ চন্দ্রবলসাধনং।

মাসে তু শুক্লপ্রতিপৎ প্রবৃত্তে পূর্ব্বেশশী মধ্যবলো দশাহে।
শ্রেষ্ঠো দ্বিতীয়েঽল্পবলস্তৃতীয়ে সৌম্যৈস্ত দৃষ্টো বলবান্ সদৈব ॥১

শুক্ল প্রতিপৎ হইতে দশ দিবস অর্থাৎ শুক্লা দশমী পর্য্যন্ত চন্দ্র মধ্য বল, শুক্লাএকাদশী হইতে দশ দিবস অর্থাৎ কৃষ্ণা পঞ্চমী পর্য্যন্ত চন্দ্র পূর্ন বল, কৃষ্ণাষষ্ঠী হইতে দশ দিবস অর্থাৎ অমাবস্যা পর্য্যন্ত চন্দ্র হীন বল থাকেন ॥ ১

রিষ্ট নির্ণয়।

গণিত্বা রিষ্টবর্ষন্তু নবাঙ্কং তত্র যোজয়েৎ।
পঞ্চভিশ্চ হৃতে শেষে শূন্যে বেদে মৃতির্ভবেৎ ॥ ১

পঞ্চস্বরা গণনা মতে বয়সের যত বৎসরে রিষ্ট হইবে তত অঙ্কে নয় অঙ্ক যোগ করিবে। পরে ঐ যুক্তাঙ্ককে পাঁচ দিয়া ভাগ করিলে যদি চারি বা শূন্য অবশিষ্ট থাকে তবে সেই বৎসরে নিশ্চয় মৃত্যু হইবে ॥ ১

অথ মৃত্যু বার নির্ণয়।

বয়ো রাশি স্বরাঙ্কঞ্চ পর্ব্বতৈঃ পরিশোধয়েৎ।
শেষাঙ্ক সমবারে চ মৃত্যুর্ভবতি নান্যথা ॥ ১

বয়সের, রাশির ও স্বরের অঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে ৭ সাত দিয়া ভাগ করিলে অবশিষ্ট অঙ্ক দ্বারা মৃত্যু বার নির্ণীত হইবে। যথা এক অবশিষ্ট থাকিলে রবিবারে মৃত্যু হইবে এইরূপে ২ দুই অবশিষ্ট থাকিলে সোমবারে, তিন অবশিষ্ট থাকিলে মঙ্গলবারে, ৪ চারি অবশিষ্ট থাকিলে বুধবারে, ৫ পাঁচ অবশিষ্ট থাকিলে বৃহস্পতি বারে; ৬ ছয় অবশিষ্ট থাকিলে শুক্র বারে এবং শূন্য অবশিষ্ট থাকিলে শনি বারে মৃত্যু হইবে ॥ ১

অথ মৃত্যুনক্ষত্রলগ্নজ্ঞানং।

বয়ো রাশি স্বরাঙ্কঞ্চ পঞ্চভিঃ পরিশোধয়েৎ।
শেষাঙ্ক স্বর তুল্যে তু লগ্নে নক্ষত্রকে মৃতিঃ ॥ ১

বয়সের অঙ্ক, রাশির অঙ্ক ও স্বরের অঙ্ক একত্র যোগ করিয়া যুক্তাঙ্ককে পাঁচ দ্বারা ভাগ করিলে অবশিষ্ট অঙ্ক দ্বারা নক্ষত্র ও লগ্ন স্থির করিবে। এক অবশিষ্ট থাকিলে উদিত স্বরের লগ্ন ও নক্ষত্রে মৃত্যু হইবে এবং দুই অবশিষ্ট থাকিলে ভ্রমিত স্বরের নক্ষত্রে ও লগ্নে মৃত্যু জানিবে ইত্যাদি ॥ ১

মতান্তরে স্বরাঙ্কাঃ।

ব্যোমেষু চন্দ্রং শরবাণচন্দ্রং বেদাঙ্কচন্দ্রং।
স্বরযুগ্মচন্দ্রং শূন্যাঙ্কযুগ্মং কথিতাঃ স্বরাঙ্কাঃ ॥১

মতান্তরে এইরূপ স্বরাঙ্ক গৃহীত হয় যথা,—অস্বরে ১৫০ এক শত পঞ্চাশ, ইস্বরে ১৫৫ এক শত পঞ্চান্ন, উস্বরে ১৯৪ এক শত চোরনব্বই, এস্বরে ১২৫ এক শত পঁচিশ, ও স্বরে ২৯০ দুই শত নব্বই।

সপ্তশূন্যাদি গণনায় বৃষাদি রাশি গ্রহণ করিয়া কার্য্য করিবে কোন কোন মতে মেষাদি রাশিও গৃহীত হইয়া থাকে।

অথ পঞ্চস্বরা দশা নির্ণয়।

তস্মাদ্দ্বাদশ বর্ষাণি পৃথক্ প্রতিস্বরে ন্যসেৎ।
বর্ষদ্বয়ং বেদমাসাশ্চতুর্ব্বিংশতি বাসরাঃ।
অন্তর্দ্দশাস্তু জ্ঞাতব্যা উদিতানাং যথা ক্রমাৎ।
প্রত্যন্তরে দশা জ্ঞেয়াঃ পঞ্চমাসাস্ততঃ পরং।

দ্বাবিংশতি দিনং দণ্ডাশ্চত্বারিংশদ্‌গজাধিকাঃ।
তস্মাদ্বর্ষং বিজানীয়াদ্বর্ষান্মাসো ভবেৎ পুনঃ।
মাসদ্বয়ং বিধাতব্যং দিনঞ্চ দ্বাদশোত্তরং ॥ ১

প্রত্যেক স্বরের দশা ভোগের কাল ১২ দ্বাদশবৎসর সুতরাং জন্মাবধি বার বার বৎসর করিয়া উদিতাদি এক এক স্বরের দশা হইয়া থাকে। এক এক স্বরের অন্তরে সকল স্বরের অন্তর্দ্দশা হয়, তাহার পরিমাণ ২ বৎসর ৪ চারি মাস ২৪ চব্বিশ দিন। এবং উক্ত স্বর সকলের প্রত্যন্তর্দ্দশা ভোগের কাল ৫ পাঁচ মাস ২২ বাইশ দিন ৪৮ আটচল্লিশ দণ্ড।

যথা,—জন্মের প্রথম দ্বাদশ বৎসর পর্য্যন্ত উদিত বা বাল্যাবস্থা বলা যায়। ত্রয়োদশ বৎসর হইতে চতুর্ব্বিংশতি বৎসর পর্য্যন্ত ভ্রমিত বা কৌমারাবস্থা, পঞ্চবিংশতি বৎসর হইতে ছত্রিশ বৎসর পর্য্যন্ত ভ্রমিত বা যৌবনাবস্থা, সাইত্রিশ বৎসর হইতে আটচল্লিশ বৎসর পর্য্যন্ত সন্ধ্যা বা বৃদ্ধাবস্থা ঊনপঞ্চাশ বৎসর হইতে ষাইট বৎশর পর্য্যন্ত অস্ত বা মৃতাবস্থা বলা যায়।

ষাইট বৎসর পরে পুনর্ব্বার উদিতাদি অবস্থা হইয়া থাকে।

প্রতিস্বর যে দ্বাদশ বৎসর করিয়া এক এক অবস্থা ভোগ করেন, তাহাকে ঐ ঐ স্বরের স্থূল দশা বলা যায়।

লগ্নপল ও দশমলগ্নপল দ্বারা রবিস্ফুটের ভুক্তাংশ বা ভোগ্যাংশকে গুণ করিয়া গুণ ফলকে ৩০ ত্রিশ দিয়া ভাগ দিলে যাহা ভাগ লব্ধ হইবে তাহা যদি ইষ্ট দণ্ড পল হইতে অধিক হয়, তবে ঐ ইষ্ট দণ্ড পলকে ৩০ দ্বারা গুণ করিয়া গুণ ফলকে স্বীয় স্বীয় লগ্ন পল দ্বারা ভাগ করিয়া ভাগ লব্ধ ফলকে তাৎকালিক রবিস্ফুটের অংশাদির সহিত বিয়োগ বা যোগ করিলে, যাহা হইবে তাহাই লগ্ন বা দশম লগ্ন স্থির হইবে।

রাত্রিতে লগ্ন বা দশম লগ্ন সাধন করিতে হইলে রবিস্ফুটে ৬ রাশি যোগ করিয়া লগ্ন খণ্ডা গ্রহণ করিবে।

তৃতীয় খণ্ডের ২।৩।৪ ইত্যাদি ও ৮৯।৯০।৯১ পৃষ্ঠায় তোষণী বিবরণ কালে এই সকল বিষয় বিশেষ রূপে বিবৃত হইয়াছে এই উভয় প্রকার গণনার ফল এক প্রকার বিশেষরূপে লক্ষ্য করিলেই জানিতে পারিবেন ।। ২৭ ॥

খেটে সন্ধিদ্বয়ান্তঃস্থে ফলং তদ্ভাবজং ভবেৎ।

হীনেঽধিকেদ্বিসন্ধিভ্যাং ভাবে পূর্ব্বাপরে ফলং ॥ ২৮ ॥

সন্ধি দ্বয়ের মধ্যস্থ গ্রহ যে ভাবে থাকিবে, সেই ভাবের ফলপ্রদান করিবে। যে ভাবে গ্রহ থাকিবে সেই ভাবের সন্ধির রাশ্যাদি অঙ্ক হইতে গ্রহস্ফুটের রাশ্যাদির অঙ্ক ন্যূন হইলে গ্রহ সেই ভাবেরই ফল প্রদান করিবে, আর সন্ধির রাশ্যাদির অঙ্ক হইতে গ্রহস্ফুটের রাশ্যাদির অঙ্ক অধিক হইলে, গ্রহ যে ভাবে থাকিবে তাহার পর ভাবের ফল প্রদান করিবে ॥ ২৮ ॥

গ্রহসন্ধ্যন্তরংকার্য্যং বিংশত্যা গুণিতং ভজেৎ।

ভাবসন্ধ্যন্তরেণাপ্তং ফলং বিংশোপকাঃ স্মৃতাঃ ॥ ২৯ ॥

গ্রহস্ফুটের রাশ্যাদির সহিত ভাব সন্ধির রাশ্যাদির অন্তর করিয়া যে অংশাদি হইবে তাহাকে ২০ কুড়ি দ্বারা গুণ করিয়া গুণ ফলকে ভাব সন্ধির অন্তরাংশ দ্বারা ভাগ করিলে যাহা ভাগ ফল হইবে তাহাই সেই ভাবের পূর্ণ ফল হইবে। কুড়ি কলায় সংপূর্ণ ফল জানিবে ॥ ২৯ ॥

লগ্নখণ্ডা।

	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন
স্বদেশ লগ্নখণ্ডা	২০৩	২৩৯	২৯৮	৩৪৮	৩৫৯	৩৫৩	৩৫৩	৩৫৯	৩৪৮	২৯৮	২৩৯	২০৩
লঙ্কোদয় খণ্ডা	২৭৮	২৯৯	৩২৩	৩২৩	২৯৯	২৭৮	২৭৮	২৯৯	৩২৩	৩২৩	২৯৯	২৭৮

সসন্ধিভাবাঃ।

তনুভাব	০।১৮।১০।১৬	জায়াভাব	৬।১৮।১০।১৬
তনুসন্ধি	১। ০।৫৯।৫৩	জায়াসন্ধি	৭। ০।৫৯।৫৩
ধনভাব	১।১৩।৪৯।৩০	নিধনভাব	৭।১৩।৪৯।৩০
ধনসন্ধি	১।২৬।৩৯। ৭	নিধনসন্ধি	৭।২৬।৩৯। ৭
সহজভাব	২। ৯।২৮।৪৪	ধর্ম্মভাব	৮। ৯।২৮।৫৪
সহজসন্ধি	২।২২।১৮।২১	ধর্ম্মসন্ধি	৮।২২।১৮।২১
বন্ধুভাব	৩। ৫। ৮। ০	কর্ম্মভাব	৯। ৫। ৮। ০
বন্ধুসন্ধি	৩।২২।১৮।২৩	কর্ম্মসন্ধি	৯।২২।১৮।২৩
পুত্রভাব	৪।৯।২৮।৩৬	আয়ভাব	১০। ৯।২৮।৩৬
পুত্রসন্ধি	৪।২৬।৩৯।৯	আয়সন্ধি	১০।২৬।৩৯। ৯
রিপুভাব	৫।১৩।৪৯।৩২	ব্যয়ভাব	১১।১৩।৪৯।৩২
রিপুসন্ধি	৬।০।৫৯।৫৫	ব্যয়সন্ধি	০। ০।৫৯।৫৫

লগ্নকুণ্ডলী ও ভাবকুণ্ডলীর বিবরণ।

লগ্নকুণ্ডলী চক্রে দৃষ্ট হইতেছে যে বর্ষলগ্ন মেষ, তৎকালে মিথুনে রাহু, কন্যাতে চন্দ্র, তুলাতে শনি, বৃশ্চিকে শুক্র, ধনুতে মঙ্গল, বুধ, বৃহস্পতি ও কেতু, মকরে রবি অবস্থিতি করিতেছে। কিন্তু ভাবকুণ্ডলী গণনায় কর্কটে রাহু, কন্যায় চন্দ্র, তুলায় শনি, বৃশ্চিকে শুক্র, ধনুতে বুধ ও বৃহস্পতি, মকরে রবি, মঙ্গল ও কেতু। দৃষ্ট হইতেছে।

পঞ্চবর্গ বিবরণং]

ভৌমোশনঃ সৌম্যশশীনবিৎসিতা
রেজ্যার্কি মন্দাঙ্গিরসো গ্রহেশ্বরাঃ।
আদ্যাঃ কুজাদ্যা রবিতো ঽপি মধ্যমাঃ
সিতাত্তৃতীয়াঃ ক্রিয়তো দৃকাণপাঃ ॥ ৩০ ॥

অনন্তর গ্রহগণের বলাবল বর্ণিত হইবে, তাহাতে রাশির অধিপতি জ্ঞান আবশ্যক অতএব কোন্ গ্রহ কোন্ রাশির অধিপতি তাহা বলা যাইতেছে।

মঙ্গল, শুক্র, বুধ চন্দ্র, রবি, বুধ, শুক্র, মঙ্গল, বৃহস্পতি, শনি, শনি, ও বৃহস্পতি ইহারা ক্রমশঃ মেষাদি রাশির অধিপতি অর্থাৎ মেষের অধিপতি মঙ্গল, বৃষের অধিপতি শুক্র, মিথুনের বুধ, কর্কটের চন্দ্র, সিংহের রবি, কন্যার বুধ,তুলার শুক্র, বৃশ্চিকের মঙ্গল, ধনুর বৃহস্পতি, মকরের শনি, কুম্ভের শনি ও মীনের বৃহস্পতি, অধিপতি হয়। অতঃপর দ্রেক্কাণাধিপতি নির্ণয় করা যাইতেছে।

রাশির তৃতীয়াংশকে দ্রেক্কাণ বলে, এক এক দ্রেক্কাণে দশ দশ অংশ। মেষের প্রথম দ্রেক্কাণের অধিপতি মঙ্গল, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি রবি, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি শুক্র।

বৃষের প্রথম দ্রেক্কাণের অধিপতি বুধ, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি চন্দ্র, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি শনি।

মিথুনের প্রথম দ্রেক্কাণের অধিপতি বৃহস্পতি, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি মঙ্গল, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি রবি।

কর্কটের প্রথম দ্রেক্কাণের অধিপতি শুক্র, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি বুধ, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি চন্দ্র।

সিংহের প্রথম দ্রেক্কাণের অধিপতি শনি, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি বৃহস্পতি, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি মঙ্গল।

কন্যার প্রথম দ্রেক্কাণের অধিপতি রবি, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি শুক্র, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি বুধ।

তুলার প্রথম দ্রেক্কাণের অধিপতি চন্দ্র, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি শনি, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি বৃহস্পতি।

বৃশ্চিকের প্রথম দ্রেক্কাণের অধিপতি মঙ্গল, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি রবি, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি শুক্র।

ধনুর প্রথম দ্রেক্কাণের অধিপতি বুধ, দ্বিতীয় দ্রেক্কাণের অধি-পতি চন্দ্র, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি শনি।

মকরের প্রথম দ্রেক্কাণের অধিপতি বৃহস্পতি, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি মঙ্গল, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি রবি।

কুম্ভের প্রথম দ্রেক্কাণের অধিপতি শুক্র, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি বৃহস্পতি, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি চন্দ্র।

মীনের প্রথম দ্রেক্কাণের অধিপতি শনি, দ্বিতীয় দ্রেক্কাণের অবিপতি বৃহস্পতি, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি মঙ্গল ॥ ৩০ ॥

দ্রেক্কাণ চক্রং।

	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন
প্রথম দ্রেক্কাণ ১০	ম	বু	বৃ	শু	শ	র	চ	ম	বৃ	বৃ	শু	শ
দ্বিতীয় দ্রেক্কাণ ২০	র	চ	ম	বু	বৃ	শু	শ	র	চ	ম	বু	বৃ
তৃতীয় দ্রেক্কাণ ৩০	শু	শ	র	চ	ম	বু	বৃ	শু	শ	র	চ	ম

অথ উচ্চ নীচ কথনং।

সূর্য্যাদি তুঙ্গক্ষ মজোক্ষ নক্র

কন্যা কুলীরাম্ব্যতুলালবৈঃস্যুঃ।

দিগ্‌ভি শু নৈরষ্টযমৈঃ শরৈকৈ

ভূতৈর্ভসংখ্যৈর্নখসম্মিতৈশ্চ ॥ ৩১ ॥

মেষের ১০ দশ অংশ রবির উচ্চস্থান, এইরূপে বৃষের ৩ তিন অংশ চন্দ্রের, মকরের ২৮ আটাইশ অংশ মঙ্গলের, কন্যার ১৫ পনের অংশ বুধের, কর্কটের ৫ পাঁচ অংশ বৃহস্পতির, মীনের ২৭ সাতাইশ অংশ শুক্রের,তুলার ২০ কুড়ি অংশ শনির উচ্চস্থান।৩১।

তৎসপ্তমং নীচ মনেন হীনো

গ্রহোঽধিকশ্চেদ্ভসতোবিশোধ্যঃ।

চক্রোত্তদং শাঙ্কলবোবলং স্যাৎ

ক্রিয়েনতৌলীন্দুভতো নবাং শাঃ ॥ ৩২ ॥

যে গ্রহের যে রাশির যত অংশ উচ্চস্থান সেই রাশির সপ্তম রাশির তত অংশ সেই গ্রহের নীচ স্থান।

গ্রহস্ফুটের রাশ্যাদি হইতে ঐ নীচ রাশ্যাদি বিয়োগ করিলে অবশিষ্টাঙ্ক যদি ৬ ছয় রাশির অধিক হয়, তবে তাহাকে ১২ রাশি হইতে বিয়োগ করিয়া লইয়া এই বিয়োগাবশিষ্ট রাশ্যা-

দিকে অংশ করিয়া ৯ দিয়া ভাগ করিলে যাহা ভাগ লব্ধ হইবে, তাহাই সেই গ্রহের তুঙ্গবল হইবে।

মেষ, সিংহ ও ধনুর মেষ হইতে; বৃষ, কন্যা ও মকরের মকর হইতে; মিথুন, তুলা ও কুম্ভের তুলা হইতে; কর্কট, বৃশ্চিক ও মীনের কর্কট হইতে নবাংশাধিপতি হইবে অর্থাৎ মেষ, সিংহ ও ধনুর প্রথম নবাংশ মেষের অধিপতি মঙ্গলের, দ্বিতীয় নবাংশ বৃষের অধিপতি শুক্রের ইত্যাদি। এইরূপ বৃষ, কন্যা ও মকরের প্রথম নবাংশ মকরের অধিপতি শনির, দ্বিতীয় নবাংশ কুম্ভের অধিপতি শনির ইত্যাদি, নবাংশের নামান্তর মুষল্লহ ।।৩২

অথ হদ্দা বিবরণ।

মেষেঽঙ্গ তর্কাষ্ট শরেষু ভাগা
জীবাস্ফুজিজ্জ্ঞার শনৈশ্চরাণাং।
বৃষেঽষ্টষন্নাগশরানলাংশাঃ
শুক্রজ্ঞ জীবার্কি কুজেশহদ্দাঃ ॥ ৩৩ ॥
যুগ্মেষড়ঙ্গেষু নগাঙ্গ ভাগাঃ
সৌম্যাস্ফুজিজ্জীব কুজার্কিহদ্দা।
কর্কেঽদ্রিতর্কাঙ্গ নগাব্ধিভাগাঃ
কুজাস্ফুজিজ্জ্ঞেজ্যশনৈশ্চরাণাং ॥ ৩৪ ॥
সিংহেঽঙ্গ ভূতাদ্রি রসাঙ্গ ভাগা
দেবেজ্য শুক্রার্কিবুধার হদ্দাঃ।
স্ত্রিয়াং নগাশাব্ধি নগাক্ষিভাগাঃ
সৌম্যোশনো জীব কুজার্কি নাথাঃ। ৩৫।
তুলে রসাষ্টাদ্রি নগাক্ষি ভাগাঃ'
কোনজ্ঞজীবা স্ফুজিদার নাথাঃ।
কীটে নগাব্ধ্যষ্ট শরাঙ্গ ভাগা
ভৌমাস্ফুজিজ্জ্ঞেজ্যশনৈশ্চরাণাং ॥ ৩৬ ॥
চাপেরবীষব্ধি পঞ্চবেদা
জীবাস্ফুজিজ্জ্ঞার শনৈশ্চরাণাং।
মৃগে নগাব্ধ্যষ্ট যুগশ্রুতীনাং
সৌম্যেজ্য শুক্রার্কি কুজেশ হদ্দা ॥ ৩৭ ॥
কুম্ভেনগাঙ্গাদ্রি শরেষু ভাগাঃ
শুক্রজ্ঞ জীবারশনৈশ্চরাণাং।
মীনেঽর্কবেদানলনন্দ পক্ষাঃ
সিতেজ্য সৌম্যার শনৈ শ্চরাণাং ॥ ৩৮ ॥

হদ্দা চক্র।

মেষ	বৃ ৬	শু ৬	বু ৮	ম ৫	শ ৫
বৃষ	শু ৮	বু ৬	বৃ ৮	শ ৫	ম ৩
মিথুন	বু ৬	শু ৬	বৃ ৫	ম ৭	শ ৬
কর্কট	ম ৭	শু ৬	বু ৬	বৃ ৭	শ ৪
সিংহ	বৃ ৬	শু ৫	শ ৭	বু ৬	ম ৬
কন্যা	বু ৭	শু ১০	বৃ ৪	ম ৭	শ ২
তুলা	শ ৬	বু ৮	বৃ ৭	শু ৭	ম ২
বৃশ্চিক	ম ৭	শু ৪	বু ৮	বৃ ৫	শ ৬
ধনু	বৃ ১২	শু ৫	বু ৪	ম ৫	শ ৪
মকর	বু ৭	বৃ ৭	শু ৮	শ ৪	ম ৪
কুম্ভ	শু ৭	বু ৬	বৃ ৭	ম ৫	শ ৫
মীন	শু ১২	বৃ [illegible]	বু ৩	ম ৯	শ ২

মেষের প্রথম ৬ অংশ বৃহস্পতির, তৎপর ৬ অংশ শুক্রে তৎপর ৮ অংশ বুধের, তৎপর ৫ পাঁচ অংশ মঙ্গলের, তৎপর ৫ অংশ শনির হদ্দা। বৃষের প্রথম ৮ অংশ শুক্রের, তৎপর ৬ অংশ বুধের তৎপর ৮ অংশ বৃহস্পতির তৎপর ৫ অংশ শনির তৎপর ৩ তিন অংশ মঙ্গলের হদ্দা।

মিথুনের প্রথম ৬ ছয় অংশ বুধের, তৎপরে ৬ অংশ শুক্রের তৎপরে ৫ পাঁচ অংশ বৃহস্পতির, তৎপরে ৭ সাত অংশ মঙ্গলের তৎপরে ৬ অংশ শনির হদ্দা জানিবে।

কর্কটের প্রথম ৭ অংশ মঙ্গলের তৎপরে ৬ অংশ শুক্রের

তৎপরে ৬ অংশ বুধের, তৎপরে ৭ অংশ বৃহস্পতির তৎপরে ৪ অংশ শনির হদ্দা।

সিংহের প্রথম ৬ অংশ বৃহস্পতির, তৎপরে ৫ অংশ শুক্রের তৎপরে ৭ অংশ শনির, তৎপরে ৬ অংশ বুধের, তৎপরে ৬ অংশ মঙ্গলের।

কন্যার প্রথম ৭ অংশ বুধের, তৎপর ১০ দশ অংশ শুক্রের, তৎপরে ৪ অংশ বৃহস্পতির, তৎপরে ৭ সাত অংশ মঙ্গলের, তৎপরে ২ অংশ শনির হদ্দা।

তুলার প্রথম ৬ অংশ শনির, তৎপরে ৮ অংশ বুধের, তৎপরে ৭ অংশ বৃহস্পতির, তৎপরে ৭ অংশ শুক্রের তৎপরে ২ অংশ মঙ্গলের।

বৃশ্চিকের প্রথম ৭ অংশ মঙ্গলের, তৎপরে ৪ অংশ শুক্রের, তৎপরে ৮ অংশ বুধের, তৎপরে ৫ অংশ বৃহস্পতির, তৎপরে ৬ অংশ শনির হদ্দা।

ধনুর প্রথম ১২ অংশ বৃহস্পতির, তৎপরে ৫ অংশ শুক্রের, তৎপরে ৪ অংশ বুধের, তৎপরে ৫ অংশ মঙ্গলের, তৎপরে ৪ অংশ শনির হদ্দা।

মকরের প্রথম ৭ অংশ বুধের, তৎপরে ৭ সাত অংশ বৃহস্পতির, তৎপরে ৮ অংশ শুক্রের, তৎপরে ৪ অংশ শনির, তৎপরে ৪ অংশ মঙ্গলের হদ্দা।

কুম্ভের প্রথম ৭ সাত অংশ শুক্রের, তৎপরে ৬ অংশ বুধের, তৎপরে ৭ অংশ বৃহস্পতির, তৎপরে ৫ অংশ মঙ্গলের, তৎপরে ৫ অংশ শনির হদ্দা।

মীনের প্রথম ১২ অংশ শুক্রের, তৎপরে ৪ অংশ বৃহস্পতির, তৎপরে ৩ অংশ বুধের, তৎপরে ৯ অংশ মঙ্গলের, তৎপরে ২ অংশ শনির হদ্দা। ৩৩—৩৮।

লগ্নখণ্ডাচক্র।

পূর্ব্বে যে লগ্ন খণ্ডা লিখিত হইয়াছে তাহার দেশ নিরূপণও লেখা হইয়াছে।

কলিকাতা প্রভৃতি স্থানে ছায়া ৫।১০ পাঁচঅঙ্গুলি দশ ব্যঙ্গুলি এবং দেশান্তর যোজন ২০০ দুই শত, তন্মতে লগ্ন খণ্ডার চক্র লিখিত হইল, কলিকাতা প্রভৃতি স্থানে লগ্ন সাধন করিবার সময় এই খণ্ডা লইতে হইবে।

	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন
স্বদেশ খণ্ডা	২২৬	২৫৮	৩০৬	৩৩০	৩৪০	৩৩০	৩৩০	৩৪০	৩৪০	৩০৬	২৫৮	২২৬
লঙ্কোদয় খণ্ডা	২৭৮	২৯৯	৩২৩	৩২৩	২৯৯	২৭৮	২৭৮	২৯৯	৩২৩	৩২৩	২৯৯	২৭৮

অথ বল নিরূপণং।

ত্রিংশৎ স্বভে বিংশতি রাশ্যতুঙ্গে
হদ্দেহঙ্ক চন্দ্রা দশকং দৃকাণে।
মুসল্লহে পঞ্চলবাঃ প্রদিষ্টা
বিংশোপকা বেদলবৈঃ প্রকল্প্যাঃ ॥ ৩৯ ॥

স্বক্ষেত্রে ৩০ অংশ, স্বচ্চাংশে ২০ অংশ, স্বহদ্দায় ১৫ অংশ, স্বদ্রেক্কাণে ১০ অংশ, স্বনবাংশে ৫ অংশ এই সমস্ত ঐক্য করিয়া ৪ দিয়া ভাগ দিলে ২০ অংশ হইবে, ইহাই পূর্ণবল ॥ ৩৯ ॥

স্বস্বাধি কারোক্ত বলং সুহৃদ্ভে
পাদোন মর্দ্ধং সমভেঽরিভেঽঙ্ঘ্রিঃ।
এবং সমানীয় বলং তদৈক্যে
বেদোদ্ধৃতে হীনবলঃ শরোনঃ ॥ ৪০ ॥

তুঙ্গ বলসাধনের কথা পূর্ব্বে বলা হইয়াছে, আর স্বক্ষেত্রের, স্বহদ্দার, স্বদ্রেক্কাণের ও স্বনবাংশের বল বলা হইল। ঐ সকল গ্রহ মিত্র ক্ষেত্রে কি মিত্র হদ্দায় কি মিত্র দ্রেক্কাণে থাকিলে স্বীয় স্বীয় ক্ষেত্রাদি বলের এক পাদ হীন করিয়া, যাহা থাকিবে, তাহাই সেই সেই গ্রহের বল জানিবে।

গ্রহগণ সমক্ষেত্রাদিতে থাকিলে স্বীয় ক্ষেত্রাদি বলের অর্দ্ধ হীন করিয়া যাহা অবশিষ্ট থাকিবে, তাহাই সেই গ্রহের বল। আর শত্রু ক্ষেত্রাদিতে স্বক্ষেত্রাদি বলের চতুর্থাংশ সেই সেই গ্রহের বল জানিবে।

এইরূপে পঞ্চবর্গি বল সাধন করিয়া ঐক্য করিলে যাহা হইবে, তাহাকে ৪ দিয়া ভাগ করিবে, এই ভাগ লব্ধ ফল সেই গ্রহের বল জানিবে।

এই পঞ্চবর্গি বল ৫ এর ন্যূন হইলে সেই গ্রহ হীন বল, ৫ হইতে ১০ পর্য্যন্ত মধ্য বল ১০ হইতে ২০ পর্য্যন্ত পূর্ণবল। মিত্র শত্রুর বিবরণ দৃষ্টিস্থলে লিখিত হইবে। ৪০

অথ দ্বাদশবর্গ বিবরণম্।

ক্ষেত্রং হোরাত্র্যঙ্কি পঞ্চাঙ্গ সপ্ত
বস্বঙ্কা শেশার্ক ভাগাঃ সুধীভিঃ।
বিজ্ঞাতব্যা লগ্নসংস্থাঃ শুভানাং
বর্গাঃ শ্রেষ্ঠা পাপবর্গা অনিষ্টাঃ ॥ ৪১ ॥

ক্ষেত্র, হোরা, দ্রেক্কাণ, চতুর্থাংশ, পঞ্চমাংশ, ষষ্ঠাংশ, সপ্তমাংশ, অষ্টমাংশ, নবমাংশ, দশমাংশ, একাদশাংশ, ও দ্বাদশাংশ, ইহাদিগকে দ্বাদশবর্গ বলে। এই দ্বাদশ বর্গের অধিপতি পরশ্লোকে বিবৃত হইবে। শুভগ্রহের বর্গে শুভ ফল, ও অশুভ গ্রহের বর্গে অশুভ ফল হইবে ॥ ৪১ ॥

অথ দ্বাদশবর্গ গণনা।

ওজে রবীন্দ্বোঃ সমইন্দুরব্যো
র্হোরে গৃহার্দ্ধপ্রমিতে বিচিন্ত্যে।
দ্রেক্কাণপাঃ স্বেষুনবর্ক্ষনাথা
স্তুর্য্যাংশপাঃ স্বর্ক্ষজকেন্দ্রনাথাঃ ॥ ৪২ ॥

ক্ষেত্রাধিপতির বিষয় পূর্ব্বে বলা হইয়াছে। এইক্ষণ হোরাদির অধিপতি বলা যাইতেছে। বিষম রাশির প্রথম হোরার অধিপতি রবি, ও দ্বিতীয় হোরার অধিপতি চন্দ্র। সমরাশির প্রথম হোরার অধিপতি চন্দ্র, দ্বিতীয় হোরার অধিপতি রবি।

ক্ষেত্রাধিপতি যে গ্রহ, সেই গ্রহই প্রথম দ্রেক্কাণের অধিপতি। ঐ রাশির পঞ্চম রাশির অধিপতি গ্রহ, দ্বিতীয় দ্রেক্কাণের অধিপতি; নবম রাশির অধিপতি গ্রহ, তৃতীয় দ্রেক্কাণের অধিপতি।

স্বীয় রাশির অধিপতি গ্রহ প্রথম চতুর্থাংশের অধিপতি, ঐ রাশির চতুর্থ রাশির অধিপতি দ্বিতীয় চতুর্থাংশের, সপ্তম রাশির অধিপতি তৃতীয় চতুর্থাংশের, এবং দশম রাশির অধিপতি চতুর্থ চতুর্থাংশের অধিপতি জানিবে ॥ ৪২ ॥

ওজর্ক্ষে পঞ্চমাংশেশাঃ
কুজার্কীজ্যজ্ঞভা র্গবাঃ।
সমভে ব্যত্যয়াজ্জ্ঞেয়া
দ্বাদশাংশাঃ স্বভাৎস্মৃতাঃ ॥ ৪৩ ॥

বিষম রাশির প্রথম পঞ্চমাংশের অধিপতি মঙ্গল, দ্বিতীয় পঞ্চমাংশের অধিপতি শনি, তৃতীয় পঞ্চমাংশের অধিপতি বৃহস্পতি, চতুর্থ পঞ্চমাংশের অধিপতি বুধ এবং পঞ্চম পঞ্চমাংশের অধিপতি শুক্র।

সমরাশির প্রথম পঞ্চমাংশের অধিপতি শুক্র, দ্বিতীয় পঞ্চমাংশের অধিপতি বুধ, তৃতীয় পঞ্চমাংশের অধিপতি বৃহস্পতি, চতুর্থ পঞ্চমাংশের অধিপতি শনি এবং পঞ্চম পঞ্চমাংশের অধিপতি মঙ্গল।

যে রাশির দ্বাদশাংশাধিপতি নির্ণয় করিতে হইবে, সেই রাশির অধিপতি প্রথম দ্বাদশাংশের অধিপতি, তাহার দ্বিতীয় রাশির অধিপতি দ্বিতীয় দ্বাদশাংশের অধিপতি, ঐ রাশির তৃতীয় রাশির অধিপতি তৃতীয় দ্বাদশাংশের অধিপতি ইত্যাদি রূপে চতুর্থাদি দ্বাদশাংশের অধিপতি জানিবে ॥ ৪৩ ॥

লবীকৃতো ব্যোমচরোঙ্গশৈল
বস্বঙ্কদিগ্‌রুদ্র গুণাঃ খরামৈঃ।
ভক্তাগতাস্তর্ক নগাষ্ট নন্দ
দিগ্‌রুদ্র ভাগাঃ কুযুতাঃ ক্রিয়াৎ স্যুঃ ॥ ৪৪ ॥

স্ফুটাঙ্কের রাশির অঙ্ককে অংশ করিয়া অংশের সহিত যোগ করিয়া যুক্তাঙ্ককে ৬ দিয়া গুণ করিতে হইবে, পরে গুণ ফলকে ৩০ ত্রিশ দিয়া ভাগ করিলে যত ভাগ লব্ধ হইবে, তাহাতে ১ এক যোগ করিলে যত হইবে, মেষ অবধি গণনা করিয়া যে রাশি পাওয়া যাইবে সেই রাশির অধিপতি গ্রহকে ষষ্ঠাংশের অধিপতি জানিবে। ঐ ৩০ দিয়া ভাগ লব্ধ অঙ্ক ১২ বারর অধিক হইলে তাহাকে ১২ দিয়া ভাগ দিয়া অবশিষ্টাঙ্ক গ্রহণ করিয়া কার্য্য করিবে।

এইরূপ সপ্তমাংশাদির অধিপতি নির্ণয় করিতে হইলে, স্ফুটের রাশির অঙ্ককে অংশ করিয়া, তাহার সহিত অংশ যোগ করিয়া তাহাকে ৭ সাত দিয়া, অষ্টমাংশাধিপতি নির্ণয় স্থলে ৮ দিয়া, নবমাংশাধিপতি নির্ণয় স্থলে ৯ দিয়া, দশমাংশাধিপতি নির্ণয়

স্থলে ১০ দিয়া, একাদশাংশাধিপতি নির্ণয় স্থলে ১১ দিয়া গুণ করিতে হইবে। আর আর কার্য্য সমস্তই পূর্ব্ববৎ অর্থাৎ ষষ্ঠাংশাধিপতি নির্ণয়ের ন্যায় জানিবে ॥ ৪৪॥

এবং দ্বাদশ বর্গী স্যাৎ
গ্রহাণাং বলসিদ্ধয়ে।
স্বোচ্চ মিত্রশুভাঃ শ্রেষ্ঠাঃ
নীচারি ক্রূরতোঽশুভাঃ ॥ ৪৫ ॥

গ্রহদিগের বল সাধনের জন্য এইরূপ দ্বাদশ বর্গ নির্ণয় করিবে। যে গ্রহের দ্বাদশ বর্গ স্থির করিবে, সেই গ্রহ যদি স্বীয় ক্ষেত্রাদিতে বা স্বোচ্চ বর্গে কিম্বা মিত্র বর্গে অথবা শুভ বর্গে থাকেন তবে সেই গ্রহশ্রেষ্ঠ অর্থাৎ শুভ ফলপ্রদ, আর যে গ্রহ নীচ ক্ষেত্রাদিতে বা শত্রু বর্গে কিম্বা ক্রূর গ্রহের বর্গে থাকেন তাহা হইলে সেই গ্রহ অশুভ ফলপ্রদান করেন ॥ ৪৫ ॥

এবং গ্রহাণাং শুভ পাপ বর্গে
পঙ্‌ক্তিদ্বয়ং বীক্ষ্য শুভাধিকত্বে।
দশা ফলং ভাবফলঞ্চ বাচ্যং
শুভন্ত্বনিষ্টং ত্বশুভাধিকত্বে ॥ ৪৬ ॥

দ্বাদশ বর্গ নির্ণয় করিয়া দুইটী শ্রেণী করিবে। এইক্ষণ বিবেচনা করিয়া দেখিবে যে যদি দ্বাদশ বর্গ মধ্যে শুভ গ্রহের বর্গ অধিক হয়, তবে দশা ফল ও ভাব ফল শুভ এবং অশুভ গ্রহের বর্গ অধিক হইলে দশাফল ও ভাব ফল অশুভ জানিবে ॥ ৪৬ ॥

ক্রূরোঽপি সৌম্যাধিক বর্গশালী
শুভোঽতি সৌম্যঃ শুভখেচরশ্চেৎ।
সৌম্যোঽপি পাপাধিক বর্গযোগাৎ
নেষ্টোঽতি নিন্দ্যঃ খলুপাপখেটঃ ॥ ৪৭ ॥

পাপ গ্রহ অধিক শুভ বর্গস্থ হইলে শুভ ফলপ্রদান করিবে, এবং শুভ গ্রহ অধিক শুভ বর্গস্থ হইলে অতিশয় শুভ ফল দিবে। এবং শুভ গ্রহও যদি অধিক অশুভ গ্রহের বর্গস্থ হয়, তবে অশুভ ফল দিবে। অশুভ গ্রহ অধিক অশুভ বর্গস্থ হইলে অতিশয় অশুভ ফলপ্রদান করিবে ॥ ৪৭ ॥

রাশীশমিত্রোচ্চ রিপুক্রমেণ
চিন্ত্যং তনোরপ্যনয়ৈবযুক্ত্যা।
ভাবেষু সর্ব্বেষ্বপি বর্গ চক্রং
বিলোক্য তত্তৎ ফলমূহনীয়ং ॥ ৪৮ ॥

লগ্ন ও অন্যান্য ভাব যদি শুভ গ্রহের অধিক বর্গ যুক্ত হয়, তবে শুভ ফল এবং অশুভ গ্রহের অধিক বর্গ যুক্ত হইলে, লগ্নের ও অন্যান্য ভাবের অশুভ ফল হইবে। এইরূপ লগ্ন ও অন্যান্য ভাবের অধিপতি যদি স্বীয় ক্ষেত্রাদি বর্গে, উচ্চে কিম্বা মিত্র ক্ষেত্রাদি বর্গে অথবা শুভ গ্রহের অধিক বর্গস্থ হয়, তবে শুভ ফল এবং শত্রু ক্ষেত্রাদিতে ও অশুভ গ্রহের অধিক বর্গস্থ হইলে অশুভ ফলপ্রদান করিবে ॥ ৪৮ ॥

ক্ষেত্রচক্র।

	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন	
ক্ষেত্র	ম	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	৩০

হোরাচক্র।

১ম হোরা	র	চং	র	চং	র	চং	র	চং	র	চং	র	চং	১৫
২য়হোরা	চং	র	চং	র	চং	র	চং	র	চং	র	চং	র	৩০

দ্রেক্কাণ চক্র।

১মদ্রেক্কাণ	ম	শু	বু	চং	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	১০
২য়দ্রেক্কাণ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চং	২০
৩য়দ্রেক্কাণ	বৃ	শ	শ	বৃ	ম	শুঁ	বু	চ	র	বু	শু	ম	৩০

চতুর্থাংশ চক্র ।

	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন	
১চতুর্থাংশ	ম	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	৭।৩০
২চতুর্থাংশ	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	১৫।০
৩চতুর্থাংশ	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চ	র	বু	২২।৩০
৪ তুর্থাংশ	শ	শ	বৃ	ম	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ	৩০।০

পঞ্চমাংশ চক্র ।

	মেষ	বৃষ	মিথু	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন	
১পঞ্চমাংশ	ম	শু	ম	শু	ম	শু	ম	শু	ম	শু	ম	শু	৬।০
২পঞ্চমাংশ	শ	বু	শ	বু	শ	বু	শ	বু	শ	বু	শ	বু	১২।০
৩পঞ্চমাংশ	বৃ	বৃ	বৃ	বৃ	বৃ	বৃ	বৃ	বৃ	বৃ	বৃ	বৃ	বৃ	১৮।০
৪পঞ্চমাংশ	বু	শ	বু	শ	বু	শ	বু	শ	বু	শ	বু	শ	২৪।০
৫পঞ্চমাংশ	শু	ম	শু	ম	শু	ম	শু	ম	শু	ম	শু	ম	৩০।০

ষষ্ঠাংশ চক্র ।

	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন	
১ ষষ্ঠাংশ	ম	শু	ম	শু	ম	শু	ম	শু	ম	শু	ম	শু	৫।০
২ ষষ্ঠাংশ	শু	ম	শু	ম	শু	ম	শু	ম	শু	ম	শু	ম	১০
৩ ষষ্ঠাংশ	বু	বৃ	বু	বৃ	বু	বৃ	বু	বৃ	বু	বৃ	বু	বৃ	১৫।০
৪ ষষ্ঠাংশ	চ	শ	চ	শ	চ	শ	চ	শ	চ	শ	চ	শ	২০।৩
৫ ষষ্ঠাংশ	র	শ	র	শ	র	শ	র	শ	র	শ	র	শ	২৫।০
৬ ষষ্ঠাংশ	বু	বৃ	বু	বৃ	বু	বৃ	বু	বৃ	বু	বৃ	বু	বৃ	৩০।০

সপ্তাংশ চক্র।

	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন	
১সপ্তমাংশ	ম	ম	বু	শ	র	বৃ	শু	শু	বৃ	চ	শ	বু	৪।১৭।৮
২ সপ্তাংশ	শু	বৃ	চ	শ	বু	ম	ম	বু	শ	র	বৃ	শু	৮।৩৪।১৬
৩সপ্তাংশ	বু	শ	র	বৃ	শু	শু	বৃ	চ	শ	বু	ম	ম	১২৫১।২৪
৪সপ্তাংশ	চ	শ	বু	ম	ম	বু	শ	র	বৃ	শু	শু	বৃ	১৭।৮।৩২
৫সপ্তাংশ	র	বৃ	শু	শু	বৃ	চ	শ	বু	ম	ম	বু	শ	২১২৫৪১
৬সপ্তাংশ	বু	ম	ম	বু	শ	র	বৃ	শু	শু	বৃ	চ	শ	২৫৪২৫২
৭ সপ্তাংশ	শু	শু	বৃ	চ	শ	বু	ম	ম	বু	শ	র	বৃ	৩০। ০ ।০

অষ্টমাংশ চক্র।

	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন	
১অষ্টমাংশ	ম	বৃ	র	ম	বৃ	র	ম	বৃ	র	ম	বৃ	র	৩।৪৫
২অষ্টমাংশ	শু	শ	বু	শু	শ	বু	শু	শ	বু	শু	শ	বু	৭।৩০
৩অষ্টমাংশ	বু	শ	শু	বু	শ	শু	বু	শ	শু	বু	শ	শু	১১।১৫
৪অষ্টমাংশ	চ	বৃ	ম	চ	বৃ	ম	চ	বৃ	ম	চ	বৃ	ম	১৫।০
৫অষ্টমাংশ	র	ম	বৃ	র	ম	বৃ	র	ম	বৃ	র	ম	বৃ	১৮।৪৫
৬অষ্টমাংশ	বু	শু	শ	বু	শু	শ	বু	শু	শ	বু	শু	শ	২২।৩০
৭অষ্টমাংশ	শু	বু	শ	শু	বু	শ	শু	বু	শ	শু	বু	শ	২৬।১৫
৮অষ্টমাংশ	ম	চ	বৃ	ম	চ	বৃ	ম	চ	র	ম	চ	বৃ	৩০।০

নবাংশ চক্র।

১ নবাংশ	ম	শ	শু	চ	ম	শ	শু	চ	ম	শ	শু	চ	৩।২০
২ নবাংশ	শু	শ	ম	র	শু	শ	ম	র	শু	শ	ম	র	৬।৪০
৩ নবাংশ	বু	বৃ	বৃ	বু	বু	বৃ	বৃ	বু	বু	বৃ	বৃ	বু	১০।০
৪ নবাংশ	চ	ম	শ	শু	চ	ম	শ	শু	চ	ম	শ	শু	১৩।২০
৫ নবাংশ	র	শু	শ	ম	র	শু	শ	ম	র	শু	শ	ম	১৬।৪০
৬ নবাংশ	বু	বু	বৃ	বৃ	বু	বু	বৃ	বৃ	বু	বু	বৃ	বৃ	২০।০
৭ নবাংশ	শু	চ	ম	শ	শু	চ	ম	শ	শু	চ	ম	শ	২৩।২০
৮ নবাংশ	ম	র	শু	শ	ম	ম	শু	শ	ম	ম	শু	শ	২৬।৪০
৯ নবাংশ	বৃ	বু	বু	বৃ	বৃ	বু	বু	বৃ	বৃ	বু	বু	বৃ	৩০।০

দশমাংশ চক্র।

১ দশমাংশ	ম	শ	বৃ	শু	র	বু	ম	শ	বৃ	শু	র	বু	৩।০
২ দশমাংশ	শু	বৃ	শ	ম	বু	চ	শু	বৃ	শ	ম	বু	চ	৬।০
৩ দশমাংশ	বৃ	ম	শ	বৃ	শু	র	বু	ম	শ	বৃ	শু	র	৯।০
৪ দশমাংশ	চ	শু	বৃ	শ	ম	বৃ	চ	শু	বৃ	শ	ম	বু	১২।০
৫ দশমাংশ	র	বু	ম	শ	বৃ	শু	র	বৃ	ম	শ	বৃ	শু	১৫।০
৬ দশমাংশ	বৃ	চ	শু	বৃ	শ	ম	বু	চ	শু	বৃ	শ	ম	১৮।০
৭ দশমাংশ	শু	র	বু	ম	শ	বৃ	শু	র	বু	ম	শ	বৃ	২১।০
৮ দশমাংশ	ম	বু	চ	শু	বৃ	শ	ম	বু	চ	শু	বৃ	শ	২৪।০
৯ দশমাংশ	বৃ	শু	র	বু	ম	শ	বৃ	শু	র	বৃ	ম	শ	২৭।০
১০ দশমাংশ	শ	ম	বু	চ	শু	বৃ	শ	ম	বু	চ	শু	বৃ	৩০।০

একাদশাংশ চক্র।

	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন	
১একাদশ	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	র	চ	বু	শু	২।৪৩।৩৮
২একাদশ	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	র	চ	বু	৫।২৭।১৬
৩একাদশ	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	র	চ	৮।১০।৫৪
৪একাদশ	চ	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	র	১০।৫৪।৩২
৫একাদশ	র	চ	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	ম	১৩।৩৮।১১
৬একাদশ	বু	র	চ	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	১৬।২১।৪৯
৭একাদশ	শু	বু	র	চ	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	১৯।৫।২৭
৮একাদশ	ম	শু	বু	র	চ	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	২১।৪৯।৫
৯একাদশ	বৃ	ম	শু	বু	র	চ	বু	শু	ম	বৃ	শ	শ	২৪।৩২।৪৪
১০একাদশ	শ	বৃ	ম	শু	বৃ	র	চ	বু	শু	ম	বৃ	শ	২৭।১৬।২২
১১একাদশ	শ	শ	বৃ	ম	শু	বু	র	চ	বু	শু	ম	বৃ	৩০।০।০

দ্বাদশাংশ চক্রং।

	মেষ	বৃষ	মিথু	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন	
১দ্বাদশাংশ	ম	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	২।৩০
২দ্বাদশাংশ	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	৫।০
৩দ্বাদশাংশ	বু	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	৭।৩০
৪দ্বাদশাংশ	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	১০।০
৫দ্বাদশাংশ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চ	১২।৩০
৬দ্বাদশাংশ	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চ	র	১৫।০
৭দ্বাদশাংশ	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চ	র	বু	১৭।৩০
৮দ্বাদশাংশ	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চ	র	বু	শু	২০।০
৯দ্বাদশাংশ	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চ	র	বু	শু	ম	২২।৩০
১০দ্বাদশাং	শ	শ	বৃ	ম	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ	২৫।০
১১দ্বাদশাং	শ	বৃ	ম	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ	শ	২৭।৩০
১২দ্বাদশাং	বৃ	ম	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	৩০।০

অথ ভাবচিন্তা।

শরীর বর্ণ চিহ্নায়ুর্বয়ো মানং সুখা সুখং।
জাতিং শীলঞ্চ মতিমান্ লগ্নাৎ সর্ব্বং বিচিন্তয়েৎ ॥৪৯

শরীর, বর্ণ, শরীরস্থ চিহ্ন, আয়ু, বয়সের পরিমাণ, সুখ, দুঃখ, জাতি ও স্বভাব, এই সকলের শুভা শুভাদি লগ্নে বিবেচনা করিবে ॥ ৪৯ ॥

সুবর্ণরৌপ্য রত্নানি ধাতুদ্রব্যং সখা ধনে।
বিক্রমে ভ্রাতৃভৃত্যাধ্ব পিত্র্যস্খলন সাহসং ॥ ৫০ ॥

সুবর্ণ, রৌপ্য, রত্ন, ও অন্যান্য ধাতুদ্রব্য, মিত্রতা, এই সকল ধন ভাবে চিন্তা করিবে।

সহজ ভাবে ভ্রাতা, ভৃত্য, পথ, পিতার কার্য্য ভ্রংশ, সাহসিক কর্ম্ম, এই সকল চিন্তা করিবে ॥ ৫০ ॥

পিতৃবিত্তং নিধিক্ষেত্রং গৃহং ভূমিশ্চতুর্থতঃ।
পুত্রে মন্ত্র ধনোপায় গর্ভ বিদ্যাত্মজেক্ষণং ॥ ৫১ ॥
রিপৌ মাতুলমান্দ্যারি চতুষ্পাদ্বন্ধভীত্রণান্।
দ্যূনেকলত্রবাণিজ্য নষ্টবিস্মৃতি সংকথাঃ ॥ ৫২ ॥

বন্ধুস্থানে পিতৃবিত্ত, সঞ্চিত ধনাগার, কৃষিগৃহ ও ভূমি এই সকলের শুভাশুভ বিবেচনা করিবে।

পঞ্চমভাবে মন্ত্র, ধনোপায়, গর্ভ, বিদ্যা ও পুত্র, ষষ্ঠভাবে মাতুল, রোগ, শত্রু, চতুষ্পদাদি, পরাশ্রয়, ভয়ও ব্রণাদি চিন্তা করিবে।

সপ্তমভাবে কলত্র, বাণিজ্য, নষ্টদ্রব্যের বিস্মরণ, কথন, হৃতদ্রব্য, কলহ, পথবিচার ও যাত্রা এই সকল চিন্তা করিবে। আর সপ্তম স্থানে গ্রহ থাকিলে সে অশুভ ফল প্রদান করে ॥৫১।৫২॥

হৃতাধ্ব কলিমার্গাদি চিন্ত্যংদ্যূনেগ্রহোঽশুভঃ।
মৃত্যৌ চিরন্তনং দ্রব্যং মৃতবিত্তং রণো রিপুঃ ॥ ৫৩ ॥
দুর্গস্থানং মৃতির্নষ্টং পরিবারো মনোব্যথা।
ধর্ম্মেরতিস্তথা পন্থা ধর্ম্মোপায়ং বিচিন্তয়েৎ ॥ ৫৪ ॥

অষ্টমভাবে পুরাতন দ্রব্য, মৃতব্যক্তির ধন, যুদ্ধ, শত্রু, যুদ্ধ স্থান, মরণ, নষ্ট বস্তু, কুটুম্ব, মানসিক ক্লেশ এই সকল চিন্তা করিবে নবমভাবে রতি, ক্রীড়া, যাত্রা বিচার, ধর্ম্ম সাধন চিন্তা করিবে ॥ ৫৩ ॥ ৫৪ ॥

ব্যোম্নিমুদ্রাং পরং পুণ্যং রাজ্যবৃদ্ধিঞ্চ পৈতৃকং।
আয়ে সর্ব্বার্থ ধান্যার্ঘ কন্যামিত্র চতুষ্পদাঃ ॥ ৫৫ ॥
রাজ্ঞো বিত্তং পরীবারো লাভোপায়াংশ্চ ভূরিশঃ।
ব্যয়ে বৈরি নিরোধার্ত্তি ব্যয়াদি পরিচিন্তয়েৎ ॥ ৫৬ ॥

দশমভাবে মুদ্রা, উৎকৃষ্ট পুণ্য, পৈতৃকরাজ্যবৃদ্ধি, এই সকল চিন্তা করিবে।

একাদশভাবে সর্ব্ব দ্রব্য প্রয়োজন, ধান্যাদির মূল্য, কন্যামিত্র, গজাশ্বাদি, রাজবিত্ত, কুটুম্ব, লাভোপায়, এই সকল চিন্তা করিবে।

দ্বাদশভাবে শত্রু, শত্রুকৃতবন্ধন, পীড়া ও ব্যয় এই সকল চিন্তা করিবে ॥ ৫৫।৫৬ ॥

লগ্নাম্বু দ্যূনকর্ম্মাণি কেন্দ্র মুক্তঞ্চ কণ্টকং।
চতুষ্টয়ং চাত্রখেটো বলী লগ্নে বিশেষতঃ ॥ ৫৭ ॥

লগ্ন, চতুর্থ, সপ্তম ও দশম ইহাদের নাম কেন্দ্র, কণ্টক ও চতুষ্টয়। এই সকল স্থানের গ্রহ বলবান্। লগ্নস্থ গ্রহ বিশেষ বলবান্।

নবম, পঞ্চম, একাদশ চতুর্থ, সপ্তম, দশম ও লগ্ন এই সকল স্থান স্থিত গ্রহ ক্রমশ অধিক বলশালী অর্থাৎ নবমস্থ গ্রহ হইতে পঞ্চমস্থ গ্রহের বল অধিক এবং পঞ্চমস্থ গ্রহ হইতে একাদশস্থ গ্রহের বল অধিক ইত্যাদি রূপে পরপর বর্ত্তী গ্রহের বল অধিক জানিবে সর্ব্বাপেক্ষা লগ্নস্থ গ্রহের বল অধিক হইবে।

লগ্ন কর্ম্মাস্ত তুর্য্যায় সুতাঙ্কস্থো বলী গ্রহঃ।
যথা দিমং বিশেষেণ সত্রি বিত্তেযু চন্দ্রমাঃ ॥ ৫৮ ॥

চন্দ্র গ্রহ নবম, পঞ্চম একাদশ, চতুর্থ, সপ্তম, দশম, লগ্ন তৃতীয়, ও দ্বিতীয় এই সকলস্থানস্থ হইলে বলবান হয় ॥৫৮॥

কুজঃ সত্রিযু পৃচ্ছায়াং সুতোচান্যত্র চিন্তয়েৎ
ভাবানবেত্থং শস্তাঃস্যু রিপ্‌ফাষ্ট রিপবোঽশুভাঃ।
দীপ্তাং শাতিক্রমেশস্তা ইমেঽপীতি বিচিন্তয়েৎ ॥ ৫৯॥

মঙ্গল গ্রহ নবম, পঞ্চম, একাদশ চতুর্থ, সপ্তম, দশম, লগ্ন এবং তৃতীয় এই সকল স্থানস্থ হইলে বলবান জানিবে।

প্রশ্ন কালে, জন্ম কালে ও বর্ষ প্রবেশ কালে এই রূপে গ্রহগণের বলাবল বিচার করিবে। উক্ত নবমাদি নয়টীভাব শুভ, আর দ্বাদশ, অষ্টম ও ষষ্ঠভাব অশুভ। ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশস্থ গ্রহ স্বীয় স্বীয় দীপ্তাংশ অতিক্রম করিয়া থাকিলে শুভফল প্রদান করিবে। দীপ্তাংশ পরে কথিত হইবে ॥ ৫৯ ॥

অথ বর্ষাধিপানয়নার্থং ত্রিরাশিপতি নির্ণয়ঃ।

ত্রিরাশিপাঃ সূর্য্য সিতার্কি শুক্রা
দিনে নিশীজ্যেন্দুবুধ ক্ষমাজাঃ।
মেষাচ্চতুর্ণাং হরিভাদ্বিলোমং
নিত্যং পরেস্বার্কি কুজেজ্য চন্দ্রাঃ॥৬০

যখন দিবাতে বর্ষ প্রবেশ হইবে তখন বর্ষ প্রবেশ লগ্ন মেষ হইলে রবি, বৃষ হইলে শুক্র, মিথুন হইলে শনি, কর্কট হইলে শুক্র, সিংহ হইলে বৃহস্পতি, কন্যা হইলে চন্দ্র, তুলা হইলে বুধ, বৃশ্চিক হইলে মঙ্গল ত্রিরাশি পতি হইবে। রাত্রিতে বর্ষ প্রবেশ হইলে বর্ষ প্রবেশ লগ্ন যদি মেষ হয় তবে বৃহস্পতি, এবং বৃষ বর্ষ প্রবেশ লগ্ন হইলে চন্দ্র, মিথুন হইলে চন্দ্র, কর্কট হইলে মঙ্গল, সিংহ হইলে রবি, কন্যা হইলে শুক্র, তুলা হইলে শনি, বৃশ্চিক হইলে শুক্র ত্রিরাশিপতি হইবে।

দিবা কিম্বা রাত্রিতে বর্ষ প্রবেশ হইলে ধনুর শনি, মকরের মঙ্গল, কুম্ভের বৃহস্পতি, মীনের চন্দ্র ত্রিরাশি পতি হইবে॥ ৬০॥

বর্ষেশার্থং দিননিশাবিভাগোক্তাস্ত্রিরাশিপাঃ।
পঞ্চবর্গিবলাদ্যর্থং দ্রেক্কাণেশান্ বিচিন্তয়েৎ॥ ৬১॥

বর্ষাধিপতি নির্ণয়ার্থ দিবা রাত্রিভেদে ত্রিরাশি পতি বলা হইল। পঞ্চবর্গী বল সাধনের নিমিত্ত দ্রেক্কাণ, হদ্দা ও নবাংশ চিন্তা করিবে॥ ৬১॥

ইতি তাজকে সংজ্ঞাবিবেকে গ্রহ প্রকরণং সমাপ্তং।•

অথ বর্ষাধিপানয়নং।

জন্মলগ্নপতিরব্দলগ্নপো মুন্থহাপতিরতস্ত্রিরাশিপঃ।
সূর্য্যরাশিপতিরহ্নি চন্দ্রভা ধীশ্বরো নিশি বিলোক্য পঞ্চকং॥

জন্ম লগ্নের অধিপতি, বর্ষ প্রবেশ লগ্নের অধিপতি, মুন্থাধিপতি, ত্রিরাশিপতি, দিবাতে বর্ষ প্রবেশ হইলে সূর্য্য ভোগ্য রাশির অধিপতি, রাত্রিতে বর্ষ প্রবেশ হইলে চন্দ্র ভোগ্য রাশির অধিপতি এই পাঁচটী গ্রহ দ্বারা বর্ষাধিপতির বিচার করিতে হইবে॥ ১॥

বলী য এষাং তনুমীক্ষমাণঃ
সবর্ষপোলগ্নমনীক্ষ্যমাণঃ।
নৈবাব্দপোদৃষ্ট্যতিরেকতঃ স্যাৎ
বলস্যসাম্যে বিদুরেব মাদ্যাঃ॥ ২॥

এই পাঁচ গ্রহের মধ্যে পঞ্চবর্গী বল দ্বারা বলবান্ হইয়া যে গ্রহ লগ্নকে দৃষ্টি করিবে সেই গ্রহ বর্ষাধিপতি হইবে। যে গ্রহ লগ্নকে দৃষ্টি না করিবে সেই গ্রহ বর্ষাধিপতি হইবে না। উক্ত পঞ্চ গ্রহ তুল্য বলী হইলে যে গ্রহের দৃষ্টি অধিক হইবে সেই গ্রহ বর্ষাধিপতি হইবে॥ ২॥

দৃগাদি সাম্যেঽপ্যথ নির্ব্বলত্বে
বর্ষাধিপঃ স্যান্মুথহেশ্বরস্তু।
পঞ্চাপিনোচেত্তনুমীক্ষ্যমাণো
বীর্য্যাধিকোঽব্দস্য বিভুর্ব্বিচিন্ত্যঃ॥ ৩॥

উক্ত পাঁচ গ্রহ হীন বলী হইয়া যদি সমানদৃষ্টি হয় তবে যে গ্রহ মুন্থাধিপতি সেই গ্রহ বর্ষাধিপতি হইবে। আর উক্ত পঞ্চ গ্রহই যদি লগ্নকে দৃষ্টি না করেন, তবে বলাধিক গ্রহ বর্ষপতি হইবে॥ ৩॥

বলাদিসাম্যে রবিরাশিপোঽহ্নি
নিশীন্দুরাশীড়িতিকেচিদাহুঃ।
যেনেত্থশালোঽব্দবিভুঃ শশীস
বর্ষাধিপশ্চন্দ্রভপোঽন্যথাত্বে॥ ৪॥

কেহ কেহ বলেন বল ও দৃষ্টির সমানতা ও অভাব হইলে দিবাতে সূর্য্য ভোগ্য রাশিপতি ও রাত্রিতে চন্দ্র ভোগ্য রাশি পতি বর্ষাধিপতি হইবে।

চন্দ্র বর্ষাধিপতি সম্ভব স্থলে উক্ত পঞ্চগ্রহের মধ্যে যাহার সহিত চন্দ্রের ইত্থশাল যোগ হইবে সেই গ্রহ বর্ষাধিপতি হইবে। যদি ইত্থশাল যোগ না থাকে তবে চন্দ্র ভোগ্য রাশির অধিপতি গ্রহ বর্ষাধিপতি হইবে॥ ৪॥

অথ মুন্থানয়নং।

স্বজন্মলগ্নাৎ প্রতিবর্ষমেকৈ-
করাশিভোগান্মুথহা ভ্রমেণ।
স্বজন্মলগ্নং রবিতষ্টযাত
শরদ্যুতং সাভমুখেস্থিহাস্যাৎ॥ ৫॥

যে বৎসরে বর্ষ প্রবেশ করিতে হইবে সেই বৎসরের পূর্ব্বে জন্মাবধি যত বৎসর গত হইয়াছে জন্মলগ্ন হইতে গণনায় তত রাশি পরিত্যাগ করিয়া যে রাশি পাওয়া যাইবে বর্ষ প্রবেশ বর্ষে,

সেই রাশিতে মুন্থা হইবে। অর্থাৎ জন্মের প্রথম বর্ষে, জন্ম লগ্নে, মুন্থা পড়িবে, তৎপর বৎসরে জন্ম লগ্নের দ্বিতীয় রাশিতে, তৎপর বৎসরে জন্ম লগ্নের তৃতীয় রাশিতে মুন্থা হইবে ইত্যাদি রূপে গণনা করিয়া মুন্থা স্থির করিবে।

অথবা জন্ম লগ্ন রাশি সংখ্যাতে গতবর্ষ যোগ করিয়া যুক্তাঙ্ককে ১২ দিয়া ভাগ করিলে যত অবশিষ্ট থাকিবে তত সংখ্যক রাশিতে মুন্থা জানিবে পুনর্ব্বার ত্রয়োদশ বর্ষে জন্ম লগ্নে মুন্থা পড়িবে ॥ ৫ ॥

ভোগ্যা রাহোর্ল্বাস্তস্য মুখং পৃষ্ঠং গতালবাঃ।
ততঃ সপ্তমভং পুচ্ছং বিমৃষ্যেতি ফলং বদেৎ ॥ ৬ ॥

বর্ষ প্রবেশ কালে যে রাশিতে রাহু থাকিবে সেই রাশির যত অংশ রাহুর ভোগ হইয়াছে তাহা রাহুর পৃষ্ঠ, আর যত অংশ ভোগ হইবে তাহা রাহুর মুখ, এবং ঐ রাহুভোগ্য রাশির সপ্তম রাশি রাহুর পুচ্ছ। ইহার ফল পরে লিখিত হইবে ॥ ৬ ॥

শ্রীগর্গান্বয়ভূষণং গণিতবিচ্চিন্তামণিস্তৎ সুতো-
ঽনন্তোঽনন্তমতির্ব্যধাৎ খলমতধ্বস্ত্যৈজনুঃ পদ্ধতিং।
তৎ সূনুঃ খলু নীলকণ্ঠবিবুধো বিদ্বচ্ছিবানুজ্ঞয়া
সংতুষ্ট্যৈ ব্যদধদ্গ্রহপ্রকরণং সংজ্ঞাবিবেকে মলং ॥ ৭

গর্গবংশের ভূষণ স্বরূপ চিন্তা মণির পুত্র অনন্তদেব, যিনি জাতক পদ্ধতি প্রণয়ন করিয়াছেন, তাঁহার পুত্র আমি নীলকণ্ঠ পণ্ডিত, পণ্ডিত বর শিবের অনুজ্ঞাক্রমে বিদ্বদ্বৃন্দের সন্তোষার্থ জাতক গ্রন্থের সংজ্ঞা বিচারে গ্রহ প্রকরণ বিবৃত করিলাম। ইতি ॥ ৭ ॥

ইতি সংজ্ঞাবিবেকঃ।

অথ গ্রহাণাং স্বরূপং।

সূর্য্যোনৃপোনা চতুরস্রমধ্যং
দিনেন্দু দিক্স্বর্ণচতুষ্পাদোগ্রঃ।
সত্বংস্থিরস্তিক্ত পশুক্ষিতিস্তু
পিত্তং জরন্ পাটলমূলবন্যঃ ॥ ১ ॥

সূর্য্য ক্ষত্রিয়, পুংগ্রহ, চতুষ্কোণাকৃতি, মধ্যাহ্ন কালে বলী, পূর্ব্বদিগধিপতি, স্বর্ণ ও অশ্বগজাদির স্বামী, পাপগ্রহ, সত্ত্বপ্রধান, স্থিরস্বভাব, তিক্তরসপ্রিয়, গোষ্ঠাধিপতি, পিত্ত প্রকৃতি বৃদ্ধ, শ্বেত রক্ত মিশ্রিত বর্ণ, ধান্যাদির অধিষ্ঠাতা ও বনচারী ॥ ১॥

বৈশ্যঃ শশীস্ত্রীজলভূস্তপস্বী
গৌরোঽপরাহ্নায়ুগধাতুসত্বং।
বায়ব্যদিক্ শ্লেষ্মভুজঙ্গরূপ্য
স্থূলো যুবাক্ষারশুভঃ সিতাভঃ ॥ ২ ॥

চন্দ্র বৈশ্যজাতি, স্ত্রীগ্রহ, আর্দ্রভূমিচারী, তপস্বী, গৌরবর্ণ, অপরাহ্ন বলী, জলচারী, গৈরকাদি ধাতুর স্বামী, সত্ত্ব প্রধান, বায়ু কোণাধিপতি, শ্লেষ্মপ্রকৃতি, ভুজঙ্গ ও রৌপ্যদ্রব্যস্বামী, পুষ্টাঙ্গ, যুবা, লবণ রস প্রধান, শুভগ্রহ, ও স্নিগ্ধ মণ্ডল ॥ ২ ॥

ভৌমস্তমঃ পিত্তযুবোগ্র বন্যো
মধ্যাহ্নধাতু র্যমদিক্ চতুষ্পাৎ।
নারাট্ চতুষ্কোণ সুবর্ণকারো
দগ্ধাবনীব্যঙ্গ কটুশ্চরক্তঃ ॥ ৩ ॥

মঙ্গল স্বরূপ যথা—মঙ্গল তমোগুণ প্রধান, পিত্ত প্রকৃতি, যুবা, পাপগ্রহ, বনচারী, মধ্যাহ্ন কালে বলী, গৈরি কাদি ধাতুর অধিপতি, দক্ষিণ দিক্ স্বামী অশ্ব প্রভৃতি চতুষ্পদের প্রভু, পুংগ্রহ, ক্ষত্রিয় জাতি, চতুষ্কোণাকৃতি, সুবর্ণ দ্রব্যের অধিপতি, দগ্ধ ভূমিচারী, বিকৃতাঙ্গ, কটুরস প্রিয়, তাম্র বর্ণ, ॥ ৩ ॥

গ্রাম্যঃ শুভোনীল সুবর্ণরক্তঃ
শিশুস্থিকোচ্চঃ সমধাতুর্জীবঃ।
শ্মশানযোষোত্তর দিক্ প্রভাতং
শূদ্রঃ খগঃ সর্ব্বরসোরজোজ্ঞঃ ॥৪॥

বুধ গ্রহ স্বরূপ যথা—বুধ গ্রামচারী, শুভগ্রহ, নীলবর্ণ, সুবর্ণ দ্রব্য স্বামী, বর্ত্তুলাকৃতি, বালক, ইষ্টকগৃহচারী, বাত পিত্ত কফের সম প্রকৃতি, মনুষ্যাদি জীব স্বরূপ, শ্মশান ভূমিচারী, স্ত্রীগ্রহ, উত্তরদিগধিপতি, প্রভাতকালে বলী, শূদ্রজাতি, পক্ষী প্রকৃতি, সর্ব্ব রস প্রিয় ও রজোগুণবিশিষ্ট ॥ ৪ ॥

গুরুঃ প্রভাতং নৃশুভেশদিগ্ দ্বিজঃ
পীতো দ্বিপাদ্গ্রাম্য সুরত্নজীবঃ।
বাণিজ্য মাধুর্য্য সুরালয়েশো
বৃদ্ধঃ সুরক্তঃ সমধাতু সত্বং ॥ ৫ ॥

বৃহস্পতির স্বরূপ যথা—বৃহস্পতি গ্রহ প্রভাতকালে বলী, পুংগ্রহ, শুভগ্রহ, ঈশানদিগধিপতি, ব্রাহ্মণ জাতি, পীতবর্ণ,

দ্বিপদস্বামী, গ্রামচারী, বর্ত্তুলাকৃতি, মনুষ্যাদিজীবস্বরূপ, বণিক কর্ম্মকর্ত্তা, মধুররসপ্রিয়, দেবালয় স্বামী, বৃদ্ধ, শোভনরত্ন-স্বামী ও বাতপিত্ত কফের সম প্রকৃতি, ॥ ৫ ॥

শুক্রঃ শুভঃ স্ত্রীজনগোঽপরাহ্নঃ
শ্বেতঃ কফীরুপ্য রজোঽম্লমুলং।
বিপ্রোঽগ্নি দিঙ্মধ্যবয়া রতীশো
জলাবনীস্নিগ্ধরুচিদ্বি পাচ্চ ॥ ৬ ॥

শুক্রগ্রহের স্বরূপ যথা। শুক্র শুভগ্রহ, স্ত্রীগ্রহ, জনচারী, অপরাহ্নকালে বলী, শুক্লবর্ণ, কফপ্রকৃতি, রৌপ্য দ্রব্য স্বামী, রজোগুণ প্রধান, অম্লরসপ্রিয়, ধান্যাদিস্বামী, ব্রাহ্মণ জাতি; অগ্নিকোণাধিপতি, মধ্যবয়স্ক, ক্রীড়ারসপ্রধান, জলভূমিচারী, স্নিগ্ধদীপ্তি, দ্বিপদ, ॥ ৬ ॥

শনির্বিহঙ্গোঽনিলবন্যসন্ধ্যা
শূদ্রাঙ্গনা ধাতুসমস্থিরশ্চ।
ক্রূরঃ প্রতীচী তুবরোঽতিবৃদ্ধোৎ।
করক্ষিতীট্ দীর্ঘসুনীল লোহঃ ॥ ৭ ॥

শনিগ্রহ স্বরূপ যথা। শনি পক্ষিজাতি, বাতাধিপতি, বনচারী, সন্ধ্যাকালবলী, শূদ্রজাতি, স্ত্রীগ্রহ, বাতপিত্ত কফের সমপ্রকৃতি, স্থিরস্বভাব, পাপগ্রহ, পশ্চিমদিক্‌স্বামী, কষায় রসপ্রিয়, অতিবৃদ্ধ, বালুকাময়ভূমিস্বামী, দীর্ঘাকার, নীলবর্ণ, লোহধাতুস্বামী ॥ ৭ ॥

রাহুস্বরূপং শনিবন্নিষাদ
জাতির্ভুজঙ্গোঽস্থিপ নৈঋতীশঃ।
কেতুঃ শিখীতদ্বদনেকরূপঃ
খগ স্বরূপাৎ ফলমূহ্যমিত্থং ॥ ৮ ॥

রাহুগ্রহ স্বরূপ যথা। রাহুগ্রহের স্বরূপ সমস্তই শনির ন্যায় এই মাত্র বিশেষ, নিষাদজাতি, সর্পরূপ, অস্থিস্বামী, নৈঋত কোণাধিপতি।

কেতুস্বরূপ যথা। কেতুগ্রহ স্বরূপ শনিও রাহুর ন্যায় বিশেষ এই, শিখা বিশিষ্ট ও নানারূপ ধারী।

এই সকলগ্রহ স্বরূপ দ্বারা প্রশ্নাদির ফল নির্ণয় করিবে ॥৮

অথ দৃষ্টি প্রকরণং।

দৃষ্টিঃ স্যান্নবপঞ্চমে বলবতী প্রত্যক্ষতঃ স্নেহদা।
পাদোনা খিলকার্য্য সাধনকরী মেলাপকাখ্যোচ্যতে।
গুপ্তস্নেহকরী তৃতীয় ভবতে কার্য্যস্য সংসিদ্ধিদা
ত্র্যংশোনা কথিতা তৃতীয় ভবনে হস্তাগদৃষ্টির্ভবে ॥৯
দৃষ্টিঃ পাদমিতা চতুর্থ দশমে গুপ্তারিভাবাঃ স্মৃতা
হন্যোঽন্যং সপ্তমভে তথৈক ভবনে প্রত্যক্ষ বৈবাঽখিলা।
দুষ্টং দৃক্‌ত্রিতয়ং ক্ষুতাহ্বয়মিদং কার্য্যস্য বিধ্বংসদং
সংগ্রামাদি কলিপ্রদং দৃশইমাঃ স্যুর্দ্বাদশাংশান্তরে ॥ ১০ ॥

যে গ্রহ যে স্থানে থাকিবে তাহার পঞ্চম ও নবম স্থানে সেই গ্রহের ত্রিপাদ দৃষ্টি। ইহার নাম প্রত্যক্ষস্নেহ দৃষ্টি। এই দৃষ্টি সকল কার্য্য সাধন করে নামান্তর মেলাপকা।

যে গ্রহ যে স্থানে থাকিবে তাহার তৃতীয় স্থানে সেই গ্রহের ৪০ চল্লিশ কলা দৃষ্টি, একাদশ স্থানে ১০ দশ কলা দৃষ্টি। এই উভয় দৃষ্টি গুপ্ত স্নেহ কারিণী চতুর্থ ও দশম স্থানে একপাদ অর্থাৎ ১৫ কলা দৃষ্টি ইহা গুপ্ত শত্রুতাকারিণী। সমসপ্তমস্থ ও একস্থানস্থ গ্রহ পরস্পরের প্রতি সংপূর্ণ অর্থাৎ ৬০ কলা দৃষ্টি করেন; এই দৃষ্টি প্রত্যক্ষ শত্রুতা কারিণী চতুর্থদশম, দৃষ্টি, সম সপ্তম দৃষ্টি ও একভবনদৃষ্টি এই তিনটী দৃষ্টির নাম ক্ষুতাখ্য দৃষ্টি ইহা সকল কার্য্য নষ্ট ও সংগ্রামাদি কলি বৃদ্ধি করে।

দৃশ্য ও দ্রষ্টা গ্রহের অন্তরিত দ্বাদশাংশের পর বিশেষ ফলদ। ৯। ১০।

অথ দৃষ্টি সাধনং।

অপাস্য পশ্যন্নিজদৃশ্যখেটা
দেকাদি শেষে ধ্রুবকাঃ কলাঃ স্যুঃ।
শূন্যং খবেদাস্তিথয়োঽক্ষ বেদাঃ
খং যষ্টিরভ্রং শর বেদ সংখ্যাঃ ॥ ১১ ॥
তিথিঃ খচন্দ্রা বিয়দ ভ্রতর্কাঃ
শেষাংশ ঘাতৈষ্য বিশেষ ঘাতাৎ।
লব্ধং খরামৈ রধিকোনকৈষ্যে
স্বর্ণং ভবন্তি স্ফুটদৃষ্টি লিপ্তাঃ ॥ ১২ ॥

যে গ্রহ কোন গ্রহ বা ভাবকে দেখিবেন সেই গ্রহ দ্রষ্টা এবং যে গ্রহ বা ভবের প্রতি দৃষ্টি হইবে সেই গ্রহ বা ভাব দৃশ্য। দৃশ্য গ্রহ বা ভাবের স্ফুট রাশ্যাদি হইতে দ্রষ্টা গ্রহ বা ভাবের স্ফুট রাশ্যাদি বিয়োগ করিলে যে রাশ্যাদি হইবে সেই রাশ্যঙ্কের খণ্ডার অঙ্ক লইয়া এক স্থানে রাখিবে, পরে তৎপর খণ্ডার অঙ্ক ও ঐ খণ্ডার অঙ্ক পরস্পর বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট হইবে তদ্দ্বারা দৃশ্য

গ্রহটার অন্তরিত অংশাদিকে গুণ করিয়া এক জাতি করিবে। পরে এই এক জাতীয় অঙ্ককে ৩০ ত্রিশ দ্বারা ভাগ করিয়া ভাগ ফলকে পর খণ্ডার অঙ্ক অধিক হইলে স্থাপিত খণ্ডার সহিত যোগ ও পর খণ্ডার অঙ্ক ন্যূন হইলে স্থাপিত খণ্ডা হইতে বিয়োগ করিয়া যাহা হইবে, তত কলাদি সেই গ্রহের স্ফুট দৃষ্টি হইবে। এক রাশির খণ্ডা ০ শূন্য, ২রাশির খণ্ডা ৪০ চল্লিশ, ৩ রাশির খণ্ডা ১৫ পনের, ৪ রাশির খণ্ডা ৪৫, ৫ রাশির খণ্ডা ০ শূন্য, ৬ রাশির খণ্ডা ৬০ ষাইট, ৭ রাশির খণ্ডা ০ শূন্য, ৮ রাশির খণ্ডা ৩৫, ৯ রাশির খণ্ডা ১৫,১০ রাশির খণ্ডা ১০,১১ রাশির খণ্ডা ০ শূন্য, ১২ রাশির খণ্ডা ৬০ হইবে। ১১। ১২।

অথ মৈত্রী।

পশ্যন্মিত্রং দৃশা সুহৃদ্রিপুদৃশা শক্রঃ সমস্ত্বন্যথা
ত্রিথ্যর্কাষ্টনগাঙ্ক শৈলখচরাঃ সূর্য্যাদি দীপ্তাংশকাঃ।
চক্রে বাম দৃগুচ্যতে বলবতীমধ্যাদ্‌যথা বেশ্মনী
ত্ব্যেকর্ক্কেঽপি দৃগুচ্যতেঽর্থজননীত্যেকে বিদুঃ সূরয়ঃ॥১৩

তৃতীয়, একাদশ, নবম ও পঞ্চম স্থানে যে যে গ্রহ থাকিবে তাহাদের পরস্পর মিত্রতা জানিবে। এবং এক রাশি, চতুর্থ, সপ্তম ও দশম স্থানে স্থিত গ্রহের পরস্পর শত্রুতা হইবে। দ্বিতীয়, দ্বাদশ, ষষ্ঠ ও অষ্টম স্থানস্থ গ্রহ পরস্পর সম।

রবির ১৫ অংশ, চন্দ্রের ১২ অংশ মঙ্গলের ৮ অংশ, বুধের ৭ অংশ, বৃহস্পতির ৯ অংশ, শুক্রের ৭ অংশ, শনির ৯ অংশ ইহাদিগের নাম দীপ্তাংশ।

রাশিচক্রে লগ্ন হইতে ষষ্ঠ পর্য্যন্ত দক্ষিণ ভাগ, এবং সপ্তম হইতে দ্বাদশ পর্য্যন্ত বাম ভাগ। বামভাগস্থিত গ্রহের প্রতি যে দক্ষিণ ভাগস্থ গ্রহের দৃষ্টি সেইটী বলবতী এবং দক্ষিণ ভাগস্থ গ্রহের প্রতি যে বাম ভাগস্থ গ্রহের দৃষ্টি সেইটী দুর্ব্বল দৃষ্টি। যথা চতুর্থস্থানস্থ গ্রহের প্রতি দশম স্থানস্থ গ্রহের দৃষ্টি ইত্যাদি ১৩

পুরঃ পৃষ্ঠে স্বদীপ্তাংশৈর্বিশিষ্টং দৃক্ ফলং গ্রহঃ।
দদ্যাদতিক্রমে তেষাং মধ্যমং দৃক্ ফলং বিদুঃ॥ ১৪

কথিত দীপ্তাংশের মধ্যস্থিত গ্রহের দৃষ্টি ফল উত্তম, দীপ্তাংশের পরবর্ত্তী গ্রহের দৃষ্টি ফল মধ্যম॥ ১৪॥

অথ ষোড়শ যোগাঃ।

প্রাগিক্কবালঃ পরইন্দুবার
স্তথেত্থ শালঃ পরঈসরাফঃ।
নক্তং ততঃ স্যাদ্‌যময়া মনূউঃ
কম্বূলতো গৈরিকর্বূলমুক্তং॥
খল্লাসরং রদ্দমথো দুকালি
কুত্থোত্থ দুত্থোত্থদবীর নামা।
তব্বীর কুত্থো দুরফশ্চ যোগাঃ
স্যুঃ ষোড়শৈষাং কথয়ামি লক্ষ্ম॥ ১৫॥ ১৬॥

ইকবাল যোগ, ইন্দুবার যোগ, ইত্থশাল যোগ, ঈসরাফ যোগ, নক্ত যোগ, যময়া যোগ, মনূউ যোগ, কম্বূল যোগ, গৈরি কবূল যোগ, খল্লাসর যোগ, রদ্দ যোগ, দুকালিকুত্থ যোগ, দুত্থোত্থ দবীর যোগ, তব্বীর যোগ, কুত্থ যোগ, ও দুরফ যোগ, এই ষোড়শ যোগের নাম এস্থলে উল্লেখ করা গেল এই সকল যোগের লক্ষণ ও ফলাফল বলিতেছেন॥ ১৫॥ ১৬॥

চেৎ কণ্টকে পণ ফরে খচরাঃ সমস্তাঃ
স্যাদিত্থক্কবাল ইতি রাজ্য সুখাপ্তি হেতুঃ।
আপো ক্লিমে যদি খগাঃ স কিলেন্দুবারো
নস্যাচ্ছুভঃ ক্বচন তাজিক শাস্ত্র গীতঃ॥ ১৭॥

কেন্দ্র ও পণ ফরে সমস্ত গ্রহ থাকিলে ইক্কবাল যোগ হয়, এই যোগের ফলে রাজ্য ও সুখলাভ হয়। আপোক্লিমে সমস্ত গ্রহ থাকিলে ইন্দুবার যোগ হয়, এই যোগের ফল অতিশয় অশুভকর এই যোগ থাকিলে অন্য কোন যোগই ফলপ্রদ হয় না॥ ১৭॥

শীঘ্রোঽল্প ভাগৈর্ঘনভাগমন্দে
হগ্রেস্থে নিজং তেজ উপাদদীত।
স্যাদিত্থশালোয়মথোবিলিপ্তা
লিপ্তার্দ্ধ হীনো যদি পূর্ণমেতৎ॥ ১৮॥

শীঘ্রগামী গ্রহ যত অংশে থাকিবে, তাহা হইতে অধিকাংশে মন্দগামী গ্রহ স্থিত হইলে ঐ শীঘ্রগামী গ্রহ মন্দগামী গ্রহকে স্বীয়-তেজঃ প্রদান করে; ইহারই নাম ইত্থশাল যোগ, ইহার নামান্তর মুথশীল যোগ।

ঐ শীঘ্রগামী গ্রহ হইতে এক কলা বা অর্দ্ধকলা অধিকে মন্দগামী গ্রহ থাকিলে পূর্ণ ইত্থশাল যোগ হয়॥ ১৮॥

শীঘ্রো যদা ভাত্যলবস্থিতঃ সন্
মন্দেঽন্যভস্থে নিদধাতি তেজঃ।
স্যাদিত্থশালোয় মথৈষশীঘ্র
দীপ্তাং শকাংশৈরিহমন্দপৃষ্ঠে॥ ১৯॥

তদা ভবিষ্যদ্দণনীয় মিথ
শালং ত্রিধৈবং মুথশীল মাহুঃ।
লগ্নেশ কার্য্যাধিপয়োর্যথৈব
যোগস্তথা কার্য্যমুশস্তি সন্তঃ॥ ২০॥

শীঘ্রগামী গ্রহ, রাশির অন্তিমাংশস্থিত হইলে যদি মন্দগামী গ্রহ পর রাশির প্রথম অংশে থাকে তবেও ইথশাল যোগ হয় শীঘ্রগতি গ্রহ যত অংশে থাকিবে, মন্দগতি গ্রহ তাহা হইতে অধিকাংশস্থিত হইয়া যদি শীঘ্রগতি গ্রহের দীপ্তাংশের মধ্যগত হয়, তবে ভবিষ্যদিথশাল যোগ হইবে।

লগ্নাধিপতির সহিত যে ভাবাধিপতির ইথশাল যোগ হইবে সেই ভাবের শুভ ফল হইবে। প্রশ্ন কালেও এই সকল যোগের ফল বিবেচনা করিবে॥ ১৯॥ ২০॥

লগ্নেশকার্য্যাধিপতৎসহায়া
যত্র স্যুরস্মিন্ পতিসৌম্যদৃষ্টে।
তদা বলাঢ্যং কথয়ন্তি যোগং
বিশেষতঃ স্নেহদৃশাপি সন্তঃ॥ ২১॥

লগ্নাধিপতি, কার্য্যাধিপতি, লগ্নাধিপতির মিত্র ওকার্য্যাধি পতির মিত্র যে রাশিতে থাকিবে, সেই রাশির অধিপতি বা কোন শুভ গ্রহ উক্ত রাশিকে স্নেহদৃষ্টিতে দৃষ্টি করিলে বলবান্ ইথশাল যোগ হইবে॥২১

স্বর্ক্ষাদি সৎস্থানগতঃ শুভৈশ্চেদ্-
যুতেক্ষিতো ভূত্তবিতাথবাস্তে।
তদা শুভং প্রাগ ভবৎ স্বপূর্ণ
মগ্রে ভবিষ্যত্যথ বর্ত্ততে চ॥ ২২॥

লগ্নাধিপতি ও কার্য্যাধিপতি গ্রহ স্বক্ষেত্রস্থ বা শুভ গ্রহের ক্ষেত্রস্থ হইয়া যদি শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হয়, তবে উক্ত ইথশাল যোগের ফল শুভ জানিবে। এইরূপ যোগ পূর্ব্বে হইয়া থাকিলে পূর্ব্বে শুভ হইয়াছে, বর্ত্তমানে সম্ভব হইলে বর্ত্তমানে শুভ, আর ভবিষ্যতে সম্ভব থাকিলে পরে শুভ ফল জানিবে॥২২॥

ব্যত্যস্তমস্মাদ্বিপরীত ভাবে
খেটর্ক্ষতোঽনিষ্ট গৃহং প্রপন্নঃ।
অভূচ্ছুভং প্রাগশুভন্ত্বিদানীং
সংযাতু কামেন চ ভাবি বাচ্যং॥ ২৩॥

ইথশাল যোগের ঘটক লগ্নাধিপতি ও কার্য্যাধিপতি পূর্ব্বে শুভস্থানস্থিত, শুভযুক্ত বা শুভ বীক্ষিত ছিলেন কিন্তু বর্ত্তমানে অশুভ গ্রহের ক্ষেত্রস্থ, অশুভযুক্ত বা অশুভবীক্ষিত আছেন এরূপ অবস্থায় পূর্ব্বে শুভ ফল হইয়াছে, এক্ষণে অশুভ ফল নিশ্চয় করিবে। আর বর্ত্তমানে শুভ ক্ষেত্রস্থিত শুভদৃষ্ট বা শুভ বীক্ষিত থাকিয়া যদি ভবিষ্যতে অশুভ ক্ষেত্রস্থ, অশুভ যুক্ত বা অশুভ বীক্ষিত হন, তবে বর্ত্তমানে শুভ ফল ও ভবিষ্যতে অশুভ ফল হইবে॥ ২৩॥

অথ ইসরাফযোগঃ।

শীঘ্রো যদা মন্দগতে রথৈক-
মপ্যংশ মত্যেতি তদেসরাফঃ।
কার্য্যক্ষয়ো মুশরিফে খলোত্থে
সৌম্যেন হিল্লাজমতেন চিন্ত্যং॥ ২৪॥

শীঘ্র গতি গ্রহ যত অংশে অবস্থিত হইবে, তাহা হইতে এক অংশ অধিকে যদি মন্দগতি গ্রহ অবস্থিতি করেন, তবে ইসরাফ যোগ হয়। এই যোগ পাপগ্রহ ঘটিত হইলে কার্য্যক্ষয় হইবে। আর শুভগ্রহ ঘটিত হইলে উক্ত রূপ ফল হয় না, এই কথা হিল্লাজ কার বলেন। ইহার নামান্তর মুশরিফ॥ ২৪॥

অথ নক্তং যোগঃ।

লগ্নেশ কার্য্যাধিপয়োর্ন দৃষ্টি-
র্মিথোথ তন্মধ্য গতোপি শীঘ্রঃ।
আদায় তেজো যদি পৃষ্ঠ সংস্থা
ন্ন্যসেদথান্যত্রহি নক্তমেতৎ॥ ২৫॥

যদি লগ্নাধিপতি ও কার্য্যাধিপতি ও এই উভয়ের পরস্পর দৃষ্টি না থাকে এবং উক্ত অধিপতিদ্বয়ের মধ্যস্থিত অন্য কোন শীঘ্রগামী গ্রহ যদি এই উভয়ে মধ্যে যিনি শীঘ্রগতি, তাহা হইতে তেজ গ্রহণ করিয়া মন্দগতি গ্রহকে অর্পন করেন তবেই নক্তং যোগ হইবে। এই যোগ প্রশ্ন বা জন্ম কালে ঘটিলে শুভ ফল হইবে॥ ২৫॥

অস্যোদাহরণং।

স্ত্রীলাভপৃচ্ছা তনুরস্তি কন্যা
স্বামী বুধঃ সিংহগতো দশাংশৈঃ।
সূর্য্যাংশকৈর্দ্দেব গুরুঃ কলত্রে
দৃষ্টিস্তয়োর্নাস্তি মিথোথ চন্দ্রঃ॥ ২৬॥
চাপেঽব্ধে বেদভয় দৃষ্ট মুর্ত্তিঃ।
শীঘ্রোষ্টভাগেরথ বা ভবাংশৈঃ।

আদায় তেজো বুধতো দদৌগ-

জ্জীবায় লাভঃ পরতন্ত্রিয়া স্যাৎ ॥ ২৭ ॥

কেহ প্রশ্ন করিল যে আমার স্ত্রীলাভ হইবে কি না? এই স্থলে প্রশ্ন লগ্ন কন্যা, তাহার অধিপতি বুধ, সিংহের ১০ দশ অংশে আছেন।

এখানে কার্য্য হইল স্ত্রীলাভ অতএব কন্যার সপ্তম মীনের অধিপতি বৃহস্পতিকে কার্য্যাধিপতি পাওয়া গেল। এই বৃহস্পতি মীনের ১২ অংশে অবস্থিত আছেন। এস্থলে লগ্নাধিপতি বুধ ও কার্য্যাধিপতি বৃহস্পতির পরস্পর দৃষ্টি নাই এবং উক্ত গ্রহ দ্বয়ের মধ্য বর্ত্তী শীঘ্রগতি গ্রহ চন্দ্র ধনুর অষ্টমাংশে বা বৃষের একাদশাংশে অবস্থিতি করিতেছেন, এই চন্দ্রগ্রহ ঐ উভয়কে দৃষ্টি করিয়া শীঘ্রগতি গ্রহ বুধ হইতে তেজ লইয়া মন্দগতি গ্রহ বৃহস্পতিকে অর্পণ করিতেছেন। অতএব এই স্থলে নক্তং যোগ হইল। সুতরাং প্রশ্নে জানা গেল যে প্রশ্ন কর্ত্তার স্ত্রীলাভ হইবে ॥ ২৬ ॥ ২৭ ॥

অথ যময়া যোগঃ।

অন্তঃস্থিতো মন্দগতিস্তু পশ্যে

দ্দীপ্তাংশকৈর্দ্ব্যবিথ শীঘ্রতস্ত।

নীত্বা মহো যচ্ছতি মন্দগায়

কার্য্যস্য সিদ্ধ্যৈর্যময়া প্রদিষ্টাঃ ॥ ২৮ ॥

যদি লগ্নাধিপতি ও কার্য্যাধিপতির পরস্পর দৃষ্টি না থাকে, এবং লগ্নাধিপতি ও কার্য্যাধিপতির মধ্যস্থিত অপর কোন মন্দগতি গ্রহ, যদি উক্ত অধিপতি দ্বয়ের মধ্যে যিনি শীঘ্র গতি গ্রহ তাহা হইতে তেজ গ্রহণ করিয়া মন্দগতি গ্রহকে প্রদান করেন তবে যময়া যোগ হয়, এই যোগ কার্য্য সিদ্ধি কারক ॥ ২৮ ॥

অস্যোদাহরণম্।

রাজ্যাপ্তিপৃচ্ছা তুললগ্ননাথো

মেষে সিতস্ত্বষ্ট লবৈ র্ব্যবস্থঃ।

চন্দ্রোরসাংশে র্যদি রাজ্যনাথো

দৃষ্টিস্তয়োর্নাস্তি গুরুস্তু মন্দঃ ॥ ২৯ ॥

দিগংশকঃ কর্কগতস্তু পশ্য-

ন্নুভৌ মহো দীপ্তলবৈঃ স চান্দ্রং।

দদৌ সিতায়েতি পদস্য লাভো

মাত্যেন ভাবীতি বিমৃষ্য বাচ্যং ॥ ৩০ ॥

রাজ্য লাভ হইবে কিনা? এই প্রশ্ন কালে প্রশ্ন লগ্ন তুলা লগ্ন স্বামী শুক্র, মেষের অষ্টমাংশে আছেন। রাজ্য স্থান কর্কটের স্বামী চন্দ্র বৃষের ষষ্ঠাংশে আছেন। এই উভয়ের পরস্পর দৃষ্টি নাই। এই অধিপতি দ্বয়ের মধ্যস্থ অপর মন্দগতি গ্রহ বৃহস্পতি কর্কটের ১০ অংশে স্থিত হইয়া উভয় অধিপতিকে দৃষ্টি করিতেছেন। এবং এই বৃহস্পতি উক্ত অধিপতি দ্বয়ের মধ্যে শীঘ্র গতি গ্রহ চন্দ্র হইতে তেজ লইয়া মন্দগতি গ্রহ শুক্রকে দিতেছেন, অতএব এস্থলে যময়া যোগ হইল, সুতরাং অমাত্য হইতে রাজ্যলাভ হইবে প্রশ্নে জানা গেল ॥ ২৯ ॥ ৩০ ॥

অথ মণঊ যোগঃ।

বক্রঃ শনির্ব্বা যদি শীঘ্রখেটাৎ

পশ্চাৎ পুরস্তিষ্ঠতি তুর্য্যদৃষ্ট্যা।

একর্ক্ষ সপ্তর্ক্ষ ভুবা দৃশা বা

পশ্যন্নথাংশৈরধিকোনকৈশ্চেৎ ॥ ৩১ ॥

তেজো হরেৎ কার্য্যপদেশ্বশালি

স্থিতোপি বাসৌ মণঊঃ শুভো ন।

স্ত্রীলাভপৃচ্ছা তনুরস্তি কন্যা

ত্রাজ্জো দিগংশৈস্তিথিভিঃ সুরেজ্যঃ ॥৩২

কলত্রগঃ খেহবনিজোভবাংশৈঃ

পূর্ব্বং বুধো ভৌমহৃত স্বতেজাঃ।

জীবেন পশ্চান্মিলতীতি লাভো

নার্য্যাস্তনো পৃষ্ঠ গতেথবাস্মিন্ ॥ ৩৩ ॥

লগ্নাধিপতি ও কার্য্যাধিপতির যদি পরস্পর দৃষ্টি থাকে এব এই উভয়ের মধ্যে যিনি শীঘ্রগতি গ্রহ, তিনি যত অংশে স্থি আছেন, তাঁহার পূর্ব্বে বা পরে দীপ্তাংশের মধ্যে স্থিত হইয় শনি কি মঙ্গল যদি প্রথম, চতুর্থ ও সপ্তম স্থান দৃষ্টি দ্বারা লগ্নাধিপতি বা কার্য্যাধিপতিকে দৃষ্টি করেন এবং কার্য্যাধিপতি সহিত ইথশাল যোগবিষ্ট হইয়া উক্ত অধিপতি দ্বয়ের মধ্যে যিনি শীঘ্রগতি গ্রহ তাঁহার তেজ গ্রহণ করেন, তবে মণ যোগ হয়, এই যোগ অশুভ ফলপ্রদ।

অস্যোদাহরণম্।

কেহ প্রশ্ন করিলে আমার স্ত্রীলাভ হইবে কি না? প্রশ্ন ল কন্যা তাহার অধিপতি বুধ কন্যার ১০ দশমাংশে অবস্থি করিতেছেন। এস্থলে স্ত্রীলাভ কার্য্য অতএব সপ্তম স্থানই কার্য স্থান। কন্যার সপ্তম মীনের অধিপতি বৃহস্পতি মীনের ১

অংশে আছেন। মঙ্গল লগ্নের দশম স্থান মিথুনের একাদশাংশে থাকিয়া চতুর্থ স্থানস্থ দৃষ্টি দ্বারা বুধকে দৃষ্টি করিতেছে। এবং বুধের তেজ গ্রহণ করিয়া বৃহস্পতির সহিত মিলিত হইতেছেন, অতএব এস্থলে মণউ যোগ হইল, সুতরাং স্ত্রীলাভ হইবে না জানা গেল। ৩১। ৩২। ৩৩॥

যদীত্থশালো স্ত্যভয়োঃ স্বদীপ্ত
হীনাধিকাংশৈঃ শনিভূসুতৌচেৎ।
একর্ক্ষগৌ লগ্নপকার্য্যপৌস্ত
স্তেজোহরৌ কার্য্যহরৌ নিরুক্তৌ॥ ৩৪॥

যদি লগ্নাধিপতি বা কার্য্যাধিপতির ইত্থশাল যোগ থাকে, এবং শনি আর মঙ্গল যদি লগ্নাধিপতি বা কার্য্যাধিপতির সহিত এক রাশিগত হইয়া তাহার তেজ হরণ করেন, তবে অপর মণউ যোগ হয়, ইহারও ফল অশুভ॥ ৩৪॥

অস্যোদা হরণম্।

রাজ্যাপ্তিপৃচ্ছা তুল লগ্ননাথঃ
কর্কেসিতোংশৈস্তিথিভি র্দ্দিগংশৈঃ।
বৃষে শশী ভূপলবৈ কুজশ্চ
হরন্ দ্বয়োর্ভাং হরতে চ রাজ্যং॥ ৩৫॥

রাজ্য প্রাপ্তি প্রশ্নে লগ্ন তুলা, লগ্নাধিপতি শুক্র কর্কটের ১৫ শ অংশে স্থিত আছেন। দশম স্বামী চন্দ্র বৃষের দশম অংশে, এবং বৃষের ১৬ শ অংশে মঙ্গল আছেন। ঐ মঙ্গল দুইয়েরই তেজ গ্রহণ করিতেছেন অতএব রাজ্য প্রাপ্তি হইবেনা॥ ৩৫॥

অথ কম্বূল যোগঃ।

লগ্নকার্য্যেশয়োরিত্থশালেত্রেন্দ্বিত্থশালতঃ।
কম্বূলং শ্রেষ্ঠ মধ্যাদি ভেদৈর্নানাবিধং স্মৃতং॥ ৩৬

লগ্নাধিপতি ও কার্য্যাধিপতির যদি চন্দ্রের সহিত ইত্থশাল যোগ থাকে তবে উত্তম, মধ্যম ও অধম ভেদে নানা প্রকার কম্বূল যোগ হয়॥ ৩৬॥

যদীন্দুঃ স্বগৃহোচ্চস্থস্তাদৃশো লগ্নকার্য্যপৌ।
ইত্থশালী কম্বূলংতদুত্তমোত্তম উচ্যতে॥ ৩৭

লগ্নাধিপতি, কর্য্যাধিপতি ও চন্দ্র ইহারা স্বক্ষেত্রে বা উচ্চস্থানে থাকিলে যদি ইত্থশাল সম্ভব হয়, তবে উত্তোমত্তম কম্বূল যোগ হয়॥ ৩৭॥

স্বীয় হদ্দাদৃকাণাঙ্ক ভাগস্থেনেত্থশালতঃ।
মধ্যমোত্তম কম্বূলং হীনাধিক্রতিনোত্তমম্॥ ৩৮

লগ্নাধিপতি ও কার্য্যাধিপতি, ইহারা স্বহদ্দায়, স্বদ্রেক্কাণে বা স্বনবাংশে থাকিলে যদি স্বক্ষেত্র বা স্বোচ্চস্থানস্থিত চন্দ্রের সহিত ইত্থশাল হয়, তবে মধ্যমোত্তম কম্বূল যোগ হইবে। আর স্বক্ষেত্রাদি স্থিত নয় এইরূপ লগ্নকার্য্যাধিপতির সহিত উক্ত রূপ চন্দ্রের ইত্থশাল হয় তবে উত্তম কম্বূল যোগ জানিবে॥ ৩৮॥

উত্তমাধমতা নীচরিপুগেহস্থিতেনচেৎ।
স্বহদ্দাদিগতশ্চন্দ্রঃ স্বভোচ্চস্থেত্থশালকৃৎ॥ ৩৯।

লগ্নাধিপতি ও কার্য্যাধিপতি নীচ গৃহ বা শত্রু গৃহগত হইয়া যদি স্বক্ষেত্রাদিস্থিত চন্দ্রের সহিত ইত্থশাল হয়, তবে উত্তমাধম কম্বূল যোগ হইবে। এবং স্বহদ্দাদিগত চন্দ্রের সহিত স্বোচ্চস্থ বা স্বক্ষেত্রস্থ লগ্নকার্য্যাধিপতির ইত্থশাল হইলে মধ্যমোত্তম কম্বূল যোগ হয়॥ ৩৯॥

মধ্যমোত্তমেতচ্চ পূর্ব্বস্মান্নবিশিষ্যতে।
স্বহদ্দাদি পদস্থেন কম্বূলং মধ্যমধ্যমং॥ ৪০॥

মধ্যমোত্তম কম্বূল যোগ পূর্ব্বে কথিত হইয়াছে। স্বহদ্দাদিগত চন্দ্রের সহিত স্বহদ্দাদিস্থিত লগ্নকার্য্যাধিপতির ইত্থশাল হইলে মধ্যমমধ্যম কম্বূল যোগ হইবে॥ ৪০॥

মধ্যমঞ্চৈব কম্বূলং হীনাধি ক্রুতি খেটজং।
মধ্যমাধমকম্বূলং নীচারি ভগখেটজং॥ ৪১॥

চন্দ্র ও লগ্নকার্য্যাধিপতি স্বক্ষেত্রাদি স্থিত না হইয়া পরস্পর ইত্থশাল হইলে মধ্যম কম্বূল যোগ হইবে।

লগ্নকার্য্যাধিপতি নীচ ক্ষেত্রে বা শত্রু হদ্দাদিতে থাকিয়া স্বদ্রেক্কাণাদিগত চন্দ্রের সহিত ইত্থশাল হইলে মধ্যমাধম কম্বূল যোগ হইবে॥ ৪১॥

ইন্দুঃ পদোনঃ স্বক্ষোচ্চ স্থিতেনাপ্যুত্তমস্ততঃ।
স্বহদ্দাদিগতেনাপি পূর্ব্ববন্মধ্যমুচ্যতে॥ ৪২

চন্দ্র সমক্ষেত্রাদিস্থিত হইয়া যদি স্বক্ষেত্রাদিস্থিতকার্য্যাধিপতির সহিত ইত্থশাল হয়, তবে উত্তম কম্বূল যোগ হইবে। সমক্ষেত্রাদিস্থিত চন্দ্রের সহিত যদি স্বহদ্দাদিস্থিত লগ্ন কার্য্যাধিপতির ইত্থশাল হয়, তবে মধ্যম কম্বূল যোগ হইবে॥ ৪২॥

পদোনেনাপি মধ্যং স্যাদিতিযুক্তিঃ প্রতীয়তে।
নীচারিস্থেনেত্থশালেঽধমং কম্বূল মুচ্যতে॥ ৪৩॥

লগ্ন কার্য্যাধিপতি ও চন্দ্র স্বক্ষেত্রাদিস্থিত না হইয়া যদি সম ক্ষেত্রাদিস্থিত হয়, এবং ইত্থশাল যোগ থাকে, তবে মধ্যম কম্বূল যোগ হইবে। এবং নীচশক্রক্ষেত্রাদিস্থ লগ্ন কার্য্যাধিপতির সহিত সমাধিকারস্থিত চন্দ্রের সহিত ইত্থশাল হইলে অধম কম্বূল যোগ হইবে ॥ ৪৩ ॥

নীচ শক্রভগশ্চন্দ্রঃ স্বভোচ্চস্থেত্থশালকৃৎ।

অধমোত্তম কম্বূলং পূর্ব্ববতুল্য ফলপ্রদং ॥ ৪৪ ॥

চন্দ্র নীচ ক্ষেত্র বা শক্র ক্ষেত্র গত হইলে যদি স্বক্ষেত্র গত বা স্বোচ্চ ক্ষেত্র গত লগ্ন কার্য্যাধিপতির সহিত ইত্থশাল হয়, তবে অধমোত্তম কমূল যোগ হইবে ॥ ৪৪ ॥

চন্দ্রোনীচারিগেহস্থঃ স্বহৃদ্দাদি গতেনচেৎ।

ইত্থশালী কম্বূলং তদুচ্যতেঽধমমধ্যমং ॥ ৪৫ ॥

নীচ বা শক্র ক্ষেত্র গত চন্দ্র যদি স্বহৃদ্দাদিস্থিত লগ্ন কার্য্যাধিপতির সহিত ইত্থশালী হয়, তবে অধম মধ্যম কম্বূল যোগ হইবে ॥ ৪৫ ॥

ইন্দুর্নীচারিগেহস্থঃ পদোনেনেত্থশালকৃৎ।

কম্বূলং মধ্যমং জ্ঞেয়ং পূর্ব্ববতুল্য ফল প্রদং ॥ ৪৬ ॥

নীচ বা শক্র ক্ষেত্র গত চন্দ্রের হীন পদস্থ লগ্ন কার্য্যাধিপতির সহিত ইত্থশাল হইলেও মধ্যম কম্বূল যোগ হইবে ॥৪৬॥

নীচারিভস্থখেটেন নীচারিভগতঃ শশী।

ইত্থশালীকম্বূলং তদধমাধমমুচ্যতে ॥ ৪৭ ॥

নীচ শক্র ক্ষেত্রস্থ লগ্ন কার্য্যাধিপতির সহিত নীচ শক্র ক্ষেত্রস্থিত চন্দ্রের ইত্থশাল হইলে অধমাধম কম্বূল যোগ হইবে ॥ ৪৭ ॥

উদাহরণম্।

মেষেরবিঃ কুজোবাপি বৃষেকর্কেঽথবাশশী।

তত্রেত্থশালী কম্বূলমুত্তমোত্তম কার্য্য কৃৎ ॥ ৪৮ ॥

মেষে রবি বা মঙ্গল, বৃষে বা কর্কটে চন্দ্র থাকিলে, যদি ইত্থশাল হয়, তবে উত্তমোত্তম কম্বূল যোগ জানিবে ॥ ৪৮ ॥

বৃশ্চিকস্থঃ শশী ভৌমঃ কর্কেতত্রেত্থশালতঃ।

অধমাধম কম্বূলং কার্য্যবিধ্বংসদুঃখদং ॥ ৪৯ ॥

বৃশ্চিকে চন্দ্র, কর্কটে মঙ্গল থাকিয়া ইত্থশাল হইলে অধমাধম কম্বূল যোগ জানিবে। এই যোগ কার্য্য নষ্ট করে ও দুঃখদ ॥৪৯॥

এবং পূর্ব্বোক্তভেদানামুদাহরণযোজনা।

উক্তলক্ষণ সম্বন্ধাদূহনীয়া বিচক্ষণৈঃ ॥ ৫০ ॥

এইরূপে পূর্ব্বোক্ত লক্ষণানুসারে বিবেচনা করিয়া কথিত নানাপ্রকার কম্বূল যোগ সকলের উদাহরণ যোজনা করিবে ॥৫০

মেষস্থেঽজেশনীত্যাদি দৃষ্টান্তামন্দ শীঘ্রয়োঃ।

একর্ক্ষাবস্থিতমিত্থ শালাদী ন পরে জগুঃ ॥ ৫১ ॥

তদযুক্তং নীচগস্য নীচেন রিপুণা রিপোঃ।

ইত্থশালং কার্য্যনাশীত্যুক্তং তত্র যতঃ স্ফুটং ॥ ৫২ ॥

কেহ কেহ বলেন এক রাশিস্থিত চন্দ্র ও লগ্ন কার্য্যাধিপতির সহিত ইত্থশাল হইলেই ইত্থশাল যোগ হইবে এইটীঅযুক্ত কথা যে হেতু নীচস্থিত চন্দ্র ও নীচস্থিত লগ্ন কার্য্যাধিপতির সহিত ইত্থশাল যোগে কার্য্যনাশ হয়, এই কথা বলা হইয়াছে, বিশেষ দুই গ্রহের নীচ স্থান এক রাশি হইতে পারে না ॥ ৫১ ॥ ৫২ ॥

লগ্নকার্য্যপয়োরিত্থশালে চৈকোঽস্তি নীচগঃ।

স্বর্ক্ষাদি পদহীনোঽন্যোঽত্রেন্দুঃ কম্বূলযোগকৃৎ ॥ ৫৩ ॥

তত্র কার্য্যাল্পতা জ্ঞেয়া যথাজাত্যন্যমর্থয়ন।

অন্য জাতিঃ পুমানর্থং তথৈতৎ করয়ো বিদুঃ ॥ ৫৪ ॥

লগ্ন কার্য্যাধিপতির ইত্থশাল হইয়া একটী নীচগত অপরটী স্বক্ষেত্রাদি পদহীন হইয়া, সমত্রেক্ষাদি গত চন্দ্রের সহিত ইত্থশাল হইলে যে কম্বূল যোগ হয়, সেই কম্বূল যোগে কার্য্যের অল্পতা হয়, যথেপ্সিত ফল হয় না ॥ ৫৩ ॥ ৫৪ ॥

শূন্যমার্গগত গ্রহকথনং।

যস্যাধিকারঃ স্বর্ক্ষাদিঃ শুভোনাপ্যশুভোঽপিচ।

কেনাপ্য দৃশ্যমূর্ত্তিশ্চ স শূন্যাধ্বগইষ্যতে ॥ ৫৫ ॥

যে গ্রহ স্বোচ্চ, স্বক্ষেত্র, স্বহৃদ্দা স্বনবাংশগত ও নীচ শক্র ক্ষেত্রাদিস্থিত না হয় ও শুভ বা অশুভ না হয়, এবং কোন গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হয় সেই গ্রহকে শূন্যমার্গ গত জানিবে ॥৫৫॥

গৈরি কম্বূল যোগঃ।

লগ্নকার্য্যেশয়োরিত্থ শালে শূন্যাধ্বগঃ শশী।

উচ্চাদি পদশূন্যত্বান্নেত্থ শালোঽস্যকেনচিৎ। ৫৬।

যদ্যন্যর্ক্ষং প্রবিশ্যৈষ স্বর্ক্ষোচ্চস্থেত্থ শালবান্।

গৈরিকম্বূলমেতত্তু পদোনেনাশুভং স্মৃতং। ৫৭।

লগ্নকার্য্যাধিপতির ইত্থশাল থাকিয়া শূন্যমার্গগত ও রাশির অন্তিমাংশস্থিত চন্দ্রের সহিত যদি ইত্থশাল না থাকে এবং উক্তরূপ চন্দ্র যে রাশিতে প্রবেশ করিবেন সেই গ্রহ যাহার স্বক্ষেত্র

বা উচ্চস্থান হইবে সেইগৃহস্থ সেই গ্রহের সহিত ইথশাল যোগ হয়, তবে গৈরি কম্বূল যোগ হইবে ॥ ৫৬ ॥ ৫৭ ॥

অথ উদাহরণং।

লপ্স্যে সুখমিতি প্রশ্নে সিংহ লগ্নে রবিঃক্রিয়ে।
অষ্টাংশৈঃ সুখপঃ কুম্ভে ভৌমোঽর্কশৈরবিভিস্তয়োঃ।৫৮
ইথশালোঽস্তি তত্রেন্দুঃ কন্যায়াৎ চরমেঽংশকে।
স্বর্ক্ষাদি পদহীনস্তেনেথশালোঽস্যকেনচিৎ ॥ ৫৯ ॥
সন্স্বোচ্চগেন শনিনা ন্যর্ক্কস্তেনেথশালকৃৎ।
গৈরিকম্বুল মন্যেন সহায়াল্লাভদায়কম্ ॥ ৬০ ॥

সুখ লাভ হইবে কিনা, এই প্রশ্ন সময়ের লগ্ন সিংহ, লগ্নাধিপতি রবি মেষের অষ্টমাংশে, সুখাধিপতি মঙ্গল কুম্ভের দ্বাদশাংশে থাকাতে পরস্পর ইথশাল হইল। কন্যার শেষাংশে স্থিত চন্দ্রের সহিত শূন্যমার্গগত লগ্ন কার্য্যাধিপতির মধ্যে কোন গ্রহের ইথশাল নাই। পরে তুলারাশি গত চন্দ্রের সহিত উচ্চ গত শনির ইথশালের সম্ভাবনা থাকাতে গৈরি কম্বূলযোগ হইল। এই গৈরি কম্বূল যোগ অন্য যোগের সাহায্যে শুভ ফলপ্রদান করে ॥ ৫৮ ॥ ৫৯ ॥ ৬০ ॥

অথ খল্লাসর যোগঃ।

শূন্যেঽধ্বনীন্দুকভয়োর্নেথশালোনবাযুতিঃ।
খল্লাসরো নশুভদঃ কম্বূলফলনাশনঃ ॥ ৬১ ॥

চন্দ্র শূন্যমার্গগত হইলে যদি লগ্ন কার্য্যাধিপতির সহিত ইথশাল যোগ, কিম্বা সংযোগ না থাকে তবে খল্লাসর যোগ হয়, এই যোগ অশুভ ফলপ্রদ ও কম্বূল যোগের ফল নাশকরে ॥ ৬১॥

অথ রদ্দযোগঃ।

অস্তনীচরিপুবক্রহীনভা
দুর্ব্বলো মুথশিলং করোতিচেৎ।
নেতু মেষনবিভুর্গতো মহো
হন্তেমুখেঽপিন স কার্য্যসাধকঃ ॥ ৬২ ॥
কেন্দ্রস্থ আপোক্লিমগং যুনক্তি
ভূত্বাদিতো নশ্যতি কার্য্যমন্তে।
আপোক্লিমস্থো যদি কেন্দ্র যাতং
বিনশ্য পূর্ব্বং ভবতীহপশ্চাৎ ॥ ৬৩ ॥

যে গ্রহ নীচগত, অস্তগত, শত্রু ক্ষেত্রগত, বক্রগত বা হীন দীপ্ত এইরূপ দুর্ব্বল গ্রহের সহিত কোন ভাবাধি পতির ইথশাল যোগ থাকিলেও সেই গ্রহ কোন গ্রহের তেজগ্রহণ করিতে সমর্থ হয় না এইরূপ স্থলে রদ্দ যোগ হয়। উক্ত রদ্দ যোগ কার্য্য সাধক নহে। ইহার কিঞ্চিৎ বিশেষ বলা যাইতেছে। কেন্দ্রস্থ গ্রহের সহিত আপোক্লিমস্থ লগ্ন কার্য্যাধিপতির ইথশাল হইলে কার্য্যের প্রথমে ভাল হইয়া পশ্চাতে মন্দ হয়। আর আপোক্লিমস্থ গ্রহের সহিত যদি কেন্দ্রগত লগ্ন কার্য্যাধিপতির ইথশাল হয়, তবে কার্য্যের প্রথমাবস্থায় মন্দ ও পরে ভাল হয় ॥ ৬২ ॥ ৬৩ ॥

দুকালিকুথ যোগ।

মন্দঃ স্বভোচ্চাদিপদে স্থিতশ্চেৎ
পদোন শীঘ্রেণ কৃতেত্থ শালঃ।
তত্রাপিকার্য্যং ভবতীতি বাচ্যং
বক্রাদি নির্ব্বীর্য্যপদে ন চেৎস্যাৎ ॥ ৬৪ ॥

মন্দগতি গ্রহ স্বোচ্চ স্বক্ষেত্রাদিগত হইয়া স্বোচ্চ স্বক্ষেত্রাদি রহিত শীঘ্রগতি গ্রহের সহিত ইথশাল যোগ বিশিষ্ট হইলে দুকালিকুথ যোগ হইবে। এই যোগ কার্য্যসিদ্ধিকারী হয়, কিন্তু যদি উক্ত শীঘ্রগতি গ্রহ অস্তগত নীচগত, শত্রু গৃহগত বা বক্রগত না হয়।। ৬৪ ॥

অথ দুথ দবীয় যোগঃ

বীর্য্যান্বিতৌ কার্য্য বিলগ্ননাথৌ
স্বর্ক্ষাদিগেনান্যতরো যুনক্তি।
অন্যো যদা দ্বৌ বলিনৌতদান্য
সহায়তঃ কার্য্যমুশন্তিসন্তঃ ॥ ৬৫ ॥

লগ্নাধিপতি বা কার্য্যাধিপতি বলবান হইয়া স্বক্ষেত্রাদি স্থিত কোন গ্রহের সহিত ইথাশালী হইলে দুথদবীয় যোগ হয়; এই যোগ অন্যের সাহায্যে শুভ ফল প্রদান করে। পক্ষান্তরে যদি লগ্নাধিপতি বা কার্য্যাধিপতির সহিত অন্য বলবান গ্রহদ্বয়ের ইথশাল হয়, তাহা হইলে শুভ ফলপ্রদ দুথদবীয় যোগ হইবে।।৬৫॥

তব্বীর যোগঃ।

বলীরাশ্যন্তগোঽন্যর্ক্ষগামী দীপ্তাংশকৈর্মহঃ।
দত্তেঽন্যস্মৈ কার্য্যকর স্তব্বীরোলগ্নকার্য্যয়োঃ ॥ ৬৬ ॥

বলবান লগ্নাধিপতি বা কার্য্যাপতি রাশির অন্তিমাংশ স্থিত হইয়া পর রাশিতে গমন কালে অন্য কোন গ্রহের সহিত ইথশালী হইলে তব্বীর যোগ হয়। এই তব্বীর যোগ যে রূপ বলবান গ্রহের সহিত ইথশাল হইবে সেই রূপ ফলপ্রদান করিবে ৬৬

কুথযোগঃ।

লগ্নেহথকেন্দ্রেনিকটেপি বাস্য
বিলগ্নদর্শী স্বগৃহোচ্চ দৃক্কে।
মুথল্লহে স্বে নিজহদ্দগোবা
বলী গ্রহোমধ্যগতিস্বশীঘ্রঃ ॥ ৬৭ ॥

কুথশব্দে যাবনিক ভাষায় বলবান বোধ হয়। লগ্নগত, বা তদপেক্ষা অন্য কেন্দ্রগত, কিম্বা ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ ভিন্ন নিকট বর্ত্তী পণফরাপোক্লিমগত বা লগ্নদর্শী, স্বোচ্চ স্বক্ষেত্রাদিগত গ্রহ বলবান হয়। এইরূপে কোন গ্রহ বলবান হইলেই কুথযোগ হইবে। মধ্যগতি গ্রহ হইতে অল্পগতি গ্রহ বলবান ॥৬৭॥

ক্তোদয়ো মার্গগতিঃ শুভেন
যুতেক্ষিতঃ ক্রূরখগস্য দৃষ্ট্যা।
ক্ষুতাখ্যয়া নাধিগতো নযুক্তঃ
ক্রূরেণ সায়ঞ্চ সিতেন্দুভৌমাঃ ॥ ৬৮ ॥

উদিতগ্রহ, মার্গী গ্রহ, শুভযুক্ত গ্রহও শুভেক্ষিত গ্রহ ইঁহারা যদি পাপ গ্রহ কর্ত্তৃক পাপ দৃষ্টিতে দৃষ্ট নাহন এবং অনধিকারী পাপ গ্রহেরসহিত যুক্ত না হন তবে বলবান হইবেন এবং সন্ধ্যাকালেতে শুক্র, চন্দ্র, ও মঙ্গল গ্রহ ইহারা বলবান হয় ॥ ৬৮ ॥

অন্যপ্রকার।

যদোদয়স্তে পর রাত্রিভাগে
জীবার্কজাব্যহুনরাঃ সবীর্য্যা।
অন্যে নিশীনস্য নবৈকভাগে
স্থিতাঃস্থিরর্ক্ষেচ বলেন যুক্তাঃ ॥ ৬৯ ॥

বৃহস্পতি ও শনি রাত্রির শেষ ভাগে উদিত হইলে, পুংগ্রহ অর্থাৎ রবি, মঙ্গল ও বৃহস্পতি দিবাতে উদিত হইলে, এতদ্ভিন্ন গ্রহ অর্থাৎ চন্দ্র, বুধ ও শনি ইহারা রাত্রিতে উদিত হইলে বলবান হয়, এবং যে যে গ্রহ সূর্য্যের সহিত এক নবাংশ স্থিত নহে তাহারা এবং যে যে গ্রহ স্থির অর্থাৎ বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভরাশিগত তাহারা বলবান হইবে ॥ ৬৯ ॥

স্বিরশ্চতুর্থাৎ পুরুষাবিয়ন্তাদ্
ভবট্কগা ওজভগাঃ পুমাংসঃ।
সমেহপরেস্ম্যা বলিনো বিমৃষ্য
বিশেষমেতেষু ফলং নিগদ্যং ॥ ৭০ ॥

যে রাশিতে স্ত্রী গ্রহ অর্থাৎ চন্দ্র, বুধ শুক্র, বা শনি থাকিবে সেই রাশির চতুর্থ রাশি হইতে৬ রাশিতেস্থিত গ্রহ ও যে রাশিতে পুংগ্রহ অর্থাৎ রবি, মঙ্গল বা বৃহস্পতি থাকিবে সেই রাশির দশম রাশি হইতে ৬ রাশিতে স্থিত যে যে গ্রহ তাহারা বলবান্ জানিবে এবং বিষম রাশিস্থিত পুংগ্রহ ও সম রাশিস্থিত স্ত্রীগ্রহ বলবান। এইরূপ গ্রহের বল বিবেচনা করিয়া ফল বলিবে ॥৭০

দুরফ যোগঃ।

লগ্নাৎষষ্ঠাষ্টমেস্তেহমুজুররিগৃহগো নীচগোবক্রগামী।
ক্রূরৈর্যুক্তোহস্তগো বা যদি চ মুথশিলী ক্রূরনীচারিভস্থৈঃ।
ক্ষুদ্দৃষ্ট্যাক্রূর দৃষ্টো ব্যয়রিপু মৃতিগৈরিত্থশালং বিধিৎস্যুঃ।
কুর্ব্বন্ বানির্ব্বলোহয়ং স্বগৃহ নগভগো রাহু পুচ্ছাস্যবর্ত্তী॥৭১

দুরফশব্দের অর্থ নির্ব্বল, লগ্নের ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশস্থিত গ্রহ, বক্রগতি গ্রহ, শত্রুক্ষেত্রগত গ্রহ, নীচ রাশিগত গ্রহ, ভবিষ্যদ্বক্রগতি গ্রহ, পাপযুক্ত গ্রহ, অস্তগত গ্রহ ও পাপগ্রহ এবং নীচ শত্রুক্ষেত্রস্থ গ্রহের সহিত ইথশাল যোগ বিশিষ্ট গ্রহ, পাপগ্রহ কর্ত্তৃক পাপ দৃষ্টিতে দৃষ্ট গ্রহ, লগ্নের ষষ্ঠাষ্টম দ্বাদশস্থিত গ্রহের সহিত ইথশাল যোগযুক্ত গ্রহ, ভবিষ্যদিথশাল যোগবিশিষ্ট গ্রহ, স্বক্ষেত্রের সপ্তম রাশিগত গ্রহ, রাহু পুচ্ছস্থিত গ্রহ, এবং রাহুমুখবর্ত্তী গ্রহ ইহারা দুর্ব্বল। এই যোগের নাম দুরফ যোগ ॥ ৭১॥

অনীক্ষমাণস্তনুমস্ত ভাগ
স্থিতঃস্বভোচ্চাদি পদৈশ্চ শূন্যঃ।
ক্রূরেসরাফী ন স বীর্য্যযুক্তঃ
কার্য্যং বিধাতুং নবিভুর্দুতোহসৌ ॥ ৭২ ॥

যে গ্রহ লগ্নকে দৃষ্টি না করে সেই গ্রহ দুর্ব্বল। এবং স্বীয় স্বীয় অস্তাংশের মধ্যবর্ত্তী গ্রহ, স্বক্ষেত্রাদি পদ শূন্য গ্রহ, পাপ গ্রহের সহিত ইসরাফ যোগ বিশিষ্ট গ্রহ ইঁহারা দুর্ব্বল এবং কোন কার্য্য সিদ্ধি করিতে সক্ষম হন না ॥ ৭২ ॥

চন্দ্রঃ সূর্য্যাদ্দ্বাদশে বৃশ্চিকাদ্যে
খণ্ডে নেষ্টোহস্তে তুলায়াং বিশেষাৎ।
রাশীশেনাদৃষ্ট মূর্ত্তির্নসর্ব্বৈ
র্দৃষ্টোজ্ঞেয়ঃ শূন্যমার্গঃ পদোনঃ ॥ ৭৩ ॥

সূর্য্য হইতে দ্বাদশ রাশিগত কিম্বা বৃশ্চিকের আদ্য খণ্ড বা তুলার অন্তিম খণ্ডস্থিত চন্দ্র যে রাশিতে থাকিবেন সেই রাশির অধিপতি কর্ত্তৃক এবং অন্য কোন গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হইলে দুর্ব্বল হয় এবং শূন্যমার্গগত ও স্বক্ষেত্রাদি পদ রহিত চন্দ্র দুর্ব্বল ॥ ৭৩ ॥

ক্ষীণো ভাস্তে না শুভোজন্মকালে
পৃষ্ঠায়াং বা চন্দ্র এবং বিচিন্ত্যাঃ।
শুক্লেভৌমঃ কৃষ্ণপক্ষেৰ্ক সূনুঃ
ক্ষুদ্দৃষ্টেন্দুং বীক্ষতেনোঽশুভোঽসৌ ॥ ৭৪ ॥

ক্ষীণ চন্দ্র ও রাশির অন্তিমাংশস্থিত চন্দ্র, দুর্ব্বল। জন্মকালে প্রশ্নকালে ও বর্ষপ্রবেশ কালে এইরূপে চন্দ্রের বলাবল বিবেচনা করিবে। শুক্লপক্ষে মঙ্গল ও কৃষ্ণপক্ষে শনি কর্ত্তৃক পাপ দৃষ্টি দ্বারা দৃষ্ট চন্দ্র দুর্ব্বল ॥ ৭৪ ॥

শুক্লে দিবা নৃগৃহগোঽর্কসুতঃ শশাঙ্কং
কৃষ্ণে কুজো নিশি সমর্ক্ষগতঃ প্রপশ্যেৎ।
দোষাল্পতাং বিতনুতেঽপরথা বহুত্বং
প্রশ্নেঽথবা জনুষি বুদ্ধিমতো হনীয়ং ॥ ৭৫ ॥

শুক্লপক্ষে দিবাতে বিষম রাশিগত শনিকর্ত্তৃক, কৃষ্ণপক্ষে রাত্রিতে সমরাশিগত মঙ্গলকর্ত্তৃক দৃষ্ট হইলে চন্দ্র বিশেষ দুর্ব্বল ও দোষকারী হন না। ইহার বিপরীতে দুর্ব্বল ও বিশেষ দোষকারী হইবে। পণ্ডিতগণ জন্মকালে, প্রশ্নকালে ও বর্ষপ্রবেশ কালে বিশেষ বিবেচনা করিবেন ॥ ৭৫ ॥

গ্রহাণাং হর্ষস্থান কথনং।

নন্দত্রিষড়্লগ্নভবর্ক্ষ পুত্র
ব্যয়াঽইনাদ্ধর্ষ পদং স্বভোচ্চম্।
ত্রিভং ত্রিভং লগ্নভতঃ ক্রমেণ
স্ত্রীণাং নৃণাং রাত্রিদিনেচতেষু ॥ ৭৬ ॥

লগ্ন হইতে নবম স্থানস্থিত রবি, তৃতীয় স্থানস্থিত চন্দ্র, ষষ্ঠস্থান স্থিত মঙ্গল, লগ্নস্থ বুধ, একাদশস্থ বৃহস্পতি, পঞ্চমস্থ শুক্র ও দ্বাদশস্থ শনি এই সকল গ্রহকে হর্ষিত জানিবে। যে গ্রহ স্বক্ষেত্রে বা উচ্চে থাকিবে সেও হর্ষিত হইবে। লগ্ন, দ্বিতীয় তৃতীয়, সপ্তম, অষ্টম, নবম, এই সকল স্থান স্থিত স্ত্রীগ্রহ অর্থাৎ চন্দ্র বুধ ও শনি হর্ষিত হইবে। লগ্ন চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, দশম, একাদশ ও দ্বাদশ স্থানে পুংগ্রহ অর্থাৎ রবি মঙ্গল বা বৃহস্পতি থাকিলে হর্ষিত হইবে, দিবাভাগে বর্ষপ্রবেশ হইলে স্ত্রী গ্রহ হর্ষিত হইবে ॥ ৭৬ ॥

শ্রীগর্গান্বয় ভূষণং গণিতবিচ্চিন্তামণিস্তৎসুতোঽ
নন্তোঽনন্তমতির্ব্বিধাৎ খলমতধ্বস্ত্যৈ জনুঃ পদ্ধতিং।
তৎসূনুঃ খলু নীলকণ্ঠ বিবুধো বিদ্বচ্ছিবানুজ্ঞয়া
যোগান্ ষোড়শহর্ষভানিচ তথা সংজ্ঞাবিবেকেঽভ্যধাৎ ॥৭৭

গর্গবংশীয় ভূষণস্বরূপ গণিতজ্ঞ চিন্তামণির পুত্র অনন্ত, তাহার পুত্র আমি নীলকণ্ঠ নামা পণ্ডিত পণ্ডিতবর শিবের অনুজ্ঞাক্রমে এই তাজিক গ্রন্থ বিবরণে ষোড়শ যোগ বিবরণ রূপ সংজ্ঞাবিবেকাধ্যায় বিরচিত করিলাম ॥ ৭৭ ॥

অথ সহম নামানি।

পুণ্যং গুরুজ্ঞান যশোঽথ মিত্রং
মাহাত্ম্য মাশাচ সমর্থতা চ।
ভ্রাতা ততো গৌরব রাজ তাত
মাতাসুতৌ জীবিত মম্বুকর্ম্ম ॥ ১ ॥
মান্দ্যঞ্চ মন্মথকলিঃপরতঃ ক্ষমোক্তা
শাস্ত্রং সবন্ধু সহমং ত্বথ বন্দকঞ্চ।
মৃত্যোশ্চ সদ্ম পরদেশ ধনান্যদারা
স্যাদন্যকর্ম্ম সবণিক্ ত্বথ কার্যসিদ্ধিঃ ॥ ২ ॥
উদ্বাহ সূতি সন্তাপাঃ শ্রদ্ধা প্রীতির্ব্বলং তনুঃ।
জাড্যব্যাপার সহমে পানীয়পতনং রিপুঃ ॥ ৩ ॥
শৌর্য্যোপায় দরিদ্রত্বং গুরুতাম্বুপথাভিধং।
বন্ধনং দুহিতাশ্বশ্চ পঞ্চাশৎ সহমানিচ ॥ ৪ ॥

সহম ৫০ পঞ্চাশ প্রকার তাহাদের নাম লিখিত হইতেছে যথা পুণ্য সহম ১ গুরুসহম ২, জ্ঞান সহম ৩, যশঃ সহম ৪, মিত্র ৫, মাহাত্ম্য ৬, আশা ৭ বলত্ব, ৮, ভ্রাতা ৯, গৌরব ১০, রাজা, ১১, পিতা ১২, মাতা, ১৩, পুত্র ১৪, জীবিত ১৫, জল ১৬, কর্ম্ম ১৭, রোগ ১৮, কাম ১৯, কলি ২০, ক্ষমা ২১, শাস্ত্র ২২, বন্ধু ২৩ বন্দক ২৪, মৃত্যু ২৫, পরদেশ ২৬, ধর্ম্ম ২৭, পরদার ২৮, অন্য কর্ম্ম ২৯, বাণিজ্য ৩০, কার্য্যসিদ্ধি ৩১, উদ্বাহ ৩২, প্রসব ৩৩, সন্তাপ ৩৪, শ্রদ্ধা ৩৫, প্রীতি ৩৬, বল ৩৭, শরীর ৩৮, জড়তা ৩৯, ব্যাপার ৪০, জলপতন ৪১, রিপু ৪২ শৌর্য্য ৪৩ উপায় ৪৪, দরিদ্রতা ৪৫, গুরুতা ৪৬, জলপথ ৪৭, বন্ধন ৪৮, কন্যা ৪৯, ও অশ্ব সহম ৫০,। গ্রন্থান্তরে হস্তীসহম লিখিত আছে হাতারবিবরণ পরে লিখিত হইবে। ১—৪ ॥

অথ সহম সাধনম্।

সূর্যো্যান চন্দ্রান্বিতমহ্নি লগ্নং
বীন্দ্বর্কযুক্তং নিশি পুণ্যসঞ্জ্ঞং।
শোধ্যর্ক্ষ শুদ্ধাশ্রয়ভান্তরালে
লগ্নং নচেৎ সৈকভমেতদুক্তং॥ ৫ ॥

সহম সাধন করিতে হইলে দিবাতে চন্দ্রস্ফুট হইতে রবিস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট যোগ করিলে রাত্রিতে সহম সাধন করিতে হইলে রবিস্ফুট হইতে চন্দ্রস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্ট অঙ্কে লগ্নস্ফুট যোগ করিলে যাহা হইবে, তাহার নাম পুণ্য সহম। কিন্তু শোধ্য রাশি (যাহাকে বিয়োগ করা হইয়াছে) হইতে শুদ্ধ রাশি (যে রাশি হইতে বিয়োগ করা হইয়াছে) পর্য্যন্ত, ইহাদিগে মধ্যে যদি লগ্ন না থাকে, তবে উক্ত সহমে এক যোগ করিতে হইবে। আর শোধ্য ও শুদ্ধ রাশির মধ্যে লগ্ন থাকিলে এক যোগ করিতে হইবে না॥ ৫ ॥

ব্যত্যস্তমস্মাদ্ গুরুবিদ্যয়োস্ত
সংসাধনং পুণ্যবিযুক্ সুরেজ্যঃ।
দিবা বিলোমং নিশি পূর্ব্ববত্তু
যশোহভিধং তৎ সহমং বদন্তি॥ ৬ ॥

দিবাতে যাহা পুণ্য সহম হইবে তাহা রাত্রিতে গুরু সহম ও রাত্রিতে যাহা পুণ্য সহম হইবে তাহা দিবাতে জ্ঞান সহম হইবে।

আর বৃহস্পতির স্ফুট হইতে পুণ্য সহম বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট যোগ করিলে যাহা হইবে তাহাই দিবাতে যশঃ সহম এবং রাত্রিতে পুণ্য সহম হইতে বৃহস্পতিস্ফুট বিয়োগ করিয়া তাহাতে লগ্নস্ফুট যোগ করিলে যাহা হইবে তাহাই যশঃ সহম হইবে। এস্থলেও পূর্ব্ববৎ এক যোগ করিতে হইলে করিবে॥ ৬॥

পুণ্য সদ্ম গুরুসদ্মতস্ত্যজেদ্
ব্যত্যয়োনিশি সিতান্বিত শ্চতৎ।
সৈকতাতনুবদুক্ত যুক্তিতো
মিত্রনাম সহমং বিদুর্ব্বুধাঃ॥ ৭ ॥

দিবাতে পুণ্য সহম হইতে গুরু সহম বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে শুক্রস্ফুট যোগ করিবে রাত্রিতে গুরু সহম হইতে পুণ্য সহম বিয়োগ করিয়া অবশিষ্টে শুক্রস্ফট যোগ করিবে। এইরূপে যাহা যোগ ফল হইবে তাহাই মিত্র সহম জানিবে। এস্থলেও পূর্ব্বৎ শোধ্য ও শুদ্ধ রাশির মধ্যে যদি শুক্র না থাকে, তবে উক্ত সহমে এক রাশি যোগ করিতে হইবে॥ ৭ ॥

পুণ্যাদ্‌ভৌমং শোধয়ে দুক্তবৎস্যা
ম্মাহাত্ম্যং তন্নক্তমস্মাদ্বিলোমং।
শুক্রং মন্দাদহ্নি নক্তং বিলোম
মাশাখ্যং স্যাদুক্ত বচ্ছেষ মুহ্যং॥ ৮ ॥

দিবাতে পুণ্য সহম হইতে মঙ্গলস্ফুট ও রাত্রিতে মঙ্গলস্ফুট হইতে পুণ্য সহম বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফট যোগ করিয়া যাহা হইবে তাহাই মাহাত্ম্য সহম। এই সহম সাধনেও পুণ্য সহমের ন্যায় এক রাশি যোগের আবশ্যক হইলে এক যোগ করিতে হইবে।

দিবাতে শনিস্ফুট হইতে শুক্রস্ফুট ও রাত্রিতে শুক্রস্ফুট হইতে শনিস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্ন স্ফুট যোগ করিলে যাহা হইবে তাহাই আশা সহম। এখানেও এক যোগের আবশ্যক হইলে এক যোগ করিয়া লইবে॥ ৮॥

সামার্থ্যমারাত্তনুপং বিশোধ্যং
নক্তং বিলোমং তনুপে কুজেতু।
জীবাদ্বিশুদ্ধেৎ সততং পুরাবৎ
ভ্রাতার্কিহীনাদ্‌গুরুতঃ সদোহ্যং॥ ৯ ॥

দিবাতে মঙ্গলস্ফুট হইতে লগ্নাধিপতির স্ফুট ও রাত্রিতে লগ্নাধিপতিরস্ফুট হইতে মঙ্গলস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টে লগ্নস্ফুট যোগ করিলে বলত্ব সহম হইবে। এক যোগ পূর্ব্ববৎ। লগ্নাধিপতি মঙ্গল হইলে দিবা ও রাত্রিতে বৃহস্পতির স্ফুট হইতে মঙ্গলস্ফুট বিয়োগ করিয়া কার্য্য করিবে। দিবা ও রাত্রিতে বৃহস্পতিস্ফুট হইতে শনিস্ফুট বিয়োগ করিয়াঅবশিষ্টে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে ভ্রাতৃ সহম হইবে॥ ৯॥

দিনে গুরোশ্চন্দ্রমপাস্য নক্তং
রবিং ক্রমাদর্ক বিধূ চ দেয়ৌ।
রীত্যোক্তয়া গৌরবমর্ক মার্কে
রপাস্য বামং নিশিরাজতাতৌ॥ ১০ ॥

বৃহস্পতিস্ফুট হইতে দিনে চন্দ্র স্ফুট ও রাত্রিতে রবিস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে দিবাতে রবিস্ফুট ও রাত্রিতে চন্দ্রস্ফুট যোগ করিলে গৌরব সহম হইবে।

পুণ্য সহম সাধনে এক যোগ করিবার সময় লগ্ন নিয়া যে কার্য্য করিতে হইয়াছে, এখানে রবি ও চন্দ্র লইয়া সেইরূপ কার্য্য করিয়া যদি এক যোগ আবশ্যক হয়, তবে তাহা করিবে।

দিবাতে শনিস্ফুট হইতে রবিস্ফু ও রাত্রিতে রবিস্ফুট হইতে শনিস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে রাজ সহম ও পিতৃ সহম হইবে॥ ১০॥

মাতেন্দুতোহপাস্য সিতং বিলোমং
নক্তং সুতোহর্নিশমিন্দুমিজ্যাৎ।
স্যাজ্জীবিতাখ্যাং গুরু মার্কিতোহহ্নি
বামং নিশীদং সমমম্বয়াম্বু॥ ১১॥

দিবাতে চন্দ্রস্ফুট হইতে শুক্রস্ফুট ও রাত্রিতে শুক্রস্ফুট হইতে চন্দ্রস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক রাশি যোগ করিলে মাতৃ সহম হইবে।

দিবাতে কিম্বা রাত্রিতে বৃহস্পতিস্ফুট হইতে চন্দ্রস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক রাশি যোগ করিলে পুত্র সহম হইবে।

দিবাতে শনিস্ফুট হইতে বৃহস্পতিস্ফুট ও রাত্রিতে বৃহস্পতি স্ফুট হইতে শনিস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে জীবিত সহম হইবে। মাতৃসহমের সমান জল সহম জানিবে॥ ১১॥

কর্ম্মজ্ঞমারা ন্নিশি বামমুক্তং
রোগাখ্যমিন্দুং তনুতঃ সদৈব।
স্যাম্মন্মথো লগ্নপমিন্দুতোহহ্নি
বামং নিশীন্দুং তনুপং সদার্কাৎ॥ ১২॥

দিবাতে মঙ্গলস্ফুট হইতে বুধস্ফুট ও রাত্রিতে বুধস্ফুট হইতে মঙ্গলস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে কর্ম্ম সহম হইবে।

দিবা কিম্বা রাত্রিতে লগ্নস্ফুট হইতে চন্দ্রস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে রোগ সহম হইবে।

দিবাতে চন্দ্রস্ফুট হইতে লগ্নাধিপতিস্ফুট, রাত্রিতে লগ্নাধিপতিস্ফুট হইতে চন্দ্রস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে কাম সহম হইবে। চন্দ্র লগ্নাধিপতি হইলে দিবাও রাত্রিতে রবিস্ফুট হইতে লগ্নাধিপতি স্ফট বিয়োগ করিয়া কাম সহম স্থির করিবে॥ ১২॥

কলিক্ষমেন্তো গুরুতোবিশুদ্ধে
কুজে বিলোমং নিশি পূর্ব্বরীত্যা।
শাস্ত্রং দিনেসৌরি মপাস্য জীবাৎ
বামং নিশি জ্ঞস্যযুতিঃ পুরাবৎ॥ ১৩॥

দিবাতে বৃহস্পতিস্ফুট হইতে মঙ্গলস্ফুট ও রাত্রিতে মঙ্গলস্ফুট হইতে বৃহস্পতিস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে পূর্ব্ববৎ লগ্নস্ফুট ও এক যোগ করিলে কলি সহম ও ক্ষমাসহম হইবে।

দিবাতে বৃহস্পতিস্ফুট হইতে শনিস্ফুট ও রাত্রিতে শনিস্ফুট হইতে বৃহস্পতিস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে বুধস্ফুট যোগ করিবে এবং শোধ্য ও শুদ্ধ রাশির মধ্যে বুধ না থাকিলে এক যোগ করিয়া শাস্ত্র সহম নির্ণয় করিবে॥ ১৩॥

দিবানিশং জ্ঞাচ্ছশিনং বিশোধ্য
বন্ধ্বাখ্যমেত ন্নিশিবন্দকং স্যাৎ।
বামং দিবৈত ন্মৃতিরষ্ট মর্কা
দিন্দুং বিশোধ্যোক্ত বদার্কি যোগাৎ॥ ১৪॥

দিবাতে বা রাত্রিতে বুধস্ফুট হইতে চন্দ্রস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে বন্ধু সহম হইবে।

বন্ধু সহমকে রাত্রিতে বন্দক সহম বলে, দিবাতে চন্দ্রস্ফুট হইতে বুধ স্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে বন্দক সহম হইবে।

দিবা কিম্বা রাত্রিতে অষ্টম ভাবস্ফুট হইতে চন্দ্রস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে শনিস্ফুট ও শনিকে লগ্নবৎ জ্ঞান করিয়া এক যোগ করিতে হইলে এক যোগ করিয়া মৃত্যু সহম স্থির করিবে॥ ১৪॥

দেশান্তরাখ্যং নবমাদ্বিশোধ্য
ধর্ম্মেশ্বরং সন্ততস্মুক্ত বৎ স্যাৎ।
অহর্নিশং বিত্তপ মর্থভাবা
দ্বিশোধ্য পূর্ব্বোক্তবদর্থ সদ্ম॥ ১৫॥

দিবা ও রাত্রিতে নবম ভাব হইতে নবম ভাবাধিপতিস্ফুট বিয়োগ করিয়া অবশিষ্টাঙ্কে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে পরদেশ সহম হইবে।

এবং ধন ভাব হইতে ধন ভাবাধিপতিস্ফুট বিয়োগ করিয়া লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে ধন সহম হইবে॥ ১৫॥

সিতাদপাস্যার্ক মথান্যদারা
হ্যয়ং সদা প্রাগ্বদথান্য কর্ম্ম।
চন্দ্রাচ্ছনিং বাম মথো নিশায়াং
শশ্বদ্বণিজ্যং দিন বন্দকোক্ত্যা ॥ ১৬ ॥

শুক্রস্ফুট হইতে রবিস্ফুট বিয়োগ করিয়া তাহাতে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে পরদার সহম হইবে।

দিবাতে চন্দ্রস্ফুট হইতে শনিস্ফুট ও রাত্রিতে শনিস্ফুট হইতে চন্দ্রস্ফুট বিয়োগ করিয়া তাহাতে লগ্নস্ফুট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে অন্য কর্ম্ম সহম হইবে।

দিবাতে বন্দক সহম যাহা হইবে, তাহাই দিবা ও রাত্রিতে বাণিজ্য সহম হইবে ॥ ১৬ ॥

শনের্দিবার্কং নিশি চন্দ্র মার্কে
র্ব্বিশোধ্য সূর্য্যেন্দুভ নাথ যোগাৎ।
স্যাৎকার্য্য সিদ্ধিঃ সততং বিশোধ্য
মন্দং সিতাৎস্যাত্তু বিবাহ সদ্ম ॥ ১৭ ॥

দিবাতে শনিস্ফুট হইতে রবিস্পষ্ট বিয়োগ করিয়া তাহাতে সূর্য্য রাশির অধিপতি গ্রহেরস্পষ্ট ও সূর্য্যরাশ্যধিপতিকে লগ্নবৎ জ্ঞান করিয়া এক যোগ করিলে, একং রাত্রিতে শনিস্পষ্ট হইতে চন্দ্রস্পষ্ট বিয়োগ করিয়া তাহাতে চন্দ্ররাশ্যধিপতি গ্রহের স্পষ্ট ও চন্দ্ররাশ্যধিপতিকে লগ্নবৎ জ্ঞান করিয়া এক যোগ করিলে, কার্য্য সিদ্ধি সহম হইবে।

দিবা ও রাত্রিতে শুক্রস্পষ্ট হইতে শনিস্পষ্ট বিয়োগ করিয়া তাহাতে লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে বিবাহ সহম হইবে ॥ ১৭ ॥

গুরোর্ব্বিধুং প্রোহ্য ভবেৎ প্রসূতি
র্ব্বামং নিশীন্দুং শনিতো-বিশোধ্য।
ষষ্ঠং ক্ষিপেদুক্তদিশা সদেব
সন্তাপ সদ্মার মপাস্য শুক্রাৎ ॥ ১৮ ॥
শ্রদ্ধাসদা প্রোক্তদিশাথ পুণ্য
বিদ্যাখ্যতঃ প্রোহ্য সদা পুরোক্ত্যা
প্রীত্যাখ্য মুক্তং বল দেহ সংজ্ঞে*
যশঃ সমেরাজ্য মপাস্য ভৌমাৎ ॥ ১৯ ॥
শনির্ব্বিলোমং নিশি চান্দ্রি যোগা
ব্যাপার আরাজ্ঞ মপাস্য শশ্বৎ।
পানীয়পাতঃ শশিনং বিশোধ্য
সৌরে র্ব্বিলোমং নিশি পূর্ব্ববৎ স্যাৎ ॥ ২০ ॥

দিবাতে বৃহস্পতিস্পষ্ট হইতে বুধস্পষ্ট ও রাত্রিতে বুধস্পষ্ট হইতে বৃহস্পতিস্পষ্ট বিয়োগ করিয়া লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে প্রসূতি সহম হইবে।

'দিবা ও রাত্রিতে শনিস্পষ্ট হইতে চন্দ্রস্পষ্ট বিয়োগ করিয়া তাহাতে ষষ্ঠ ভাব ও ষষ্ঠাভাবকে লগ্নবৎ জ্ঞান করিয়া এক যোগ করিলে সন্তাপ সহম হইবে।

দিবা ও রাত্রিতে শুক্রস্পষ্ট হইতে মঙ্গলস্পষ্ট বিয়োগ করিয়া লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে শ্রদ্ধা সহম হইবে।

বিদ্যা সহম হইতে পুণ্য সহম বিয়োগ করিয়া, তাহাতে লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ ১ এক যোগ করিলে প্রীতি সহম হইবে। বল সহম ও শরীর সহম, যশঃ সহমের ন্যায় জানিবে।

দিবাতে মঙ্গলস্পষ্ট হইতে শনিস্পষ্ট রাত্রিতে শনিস্পষ্ট হইতে মঙ্গলস্পষ্ট বিয়োগ করিয়া তাহাতে বুধস্পষ্ট ও বুধকে লগ্নবৎ জ্ঞান করিয়া ১ এক যোগ করিলে জড়তা সহম হইবে।

দিবা ও রাত্রিতে মঙ্গলস্পষ্ট হইতে বুধস্পষ্ট বিয়োগ করিয়া আহাতে লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ ১ এক যোগ করিলে, ব্যাপার সহম হইবে।

দিবাতে শনিস্পষ্ট হইতে চন্দ্রস্পষ্ট ও রাত্রিতে চন্দ্রস্পষ্ট হইতে শনিস্পষ্ট বিয়োগ করিয়া লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ এক যোগ করিলে জলপতন সহম হইবে। ১৮ ॥ ১৯ ॥ ২০ ॥

মন্দং কুজাৎ প্রোহ্য রিপু র্ব্বিলোমং
রাত্রৌ ভবেদ্ভৌম বিহীন পুণ্যাৎ।
শৌর্য্যং বিলোমং নিশিপূর্ব্ববৎ স্যা
দুপায় ঈজ্যং শনিতো বিশোধ্য ॥ ২১ ॥
বামং নিশিজ্ঞন্ত বিশোধ্য পুণ্যাজ্
জ্ঞয়ুর্ব্বিলোমং নিশিত দরিদ্রং।
সূর্য্যেচ্চতঃ সূর্য্য মপাস্য নক্তং
চন্দ্রং তদুচ্চা দৃগুক্ততা পুরোক্ত্যা ॥ ২২ ॥

দিবাতে মঙ্গলস্পষ্ট হইতে শনিস্পষ্ট ও রাত্রিতে শনিস্পষ্ট হইতে মঙ্গলস্পষ্ট বিয়োগ করিয়া তাহাতে লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ ১ এক যোগ করিলে শত্রু সহম হইবে।

দিবাতে পুণ্য সহম হইতে মঙ্গলস্পষ্ট ও রাত্রিতে মঙ্গলস্পষ্ট হইতে পুণ্য সহম বিয়োগ করিয়া লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ ১ এক যোগ করিলে শৌর্য্য সহম হইবে।

দিবাতে শনিস্পষ্ট হইতে বৃহস্পতিস্পষ্ট ও রাত্রিতে বৃহস্পতিস্পষ্ট হইতে শনিস্পষ্ট বিয়োগ করিয়া তাহাতে লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ ১.এক যোগ করিলে উপায় সহম হইবে।

দিবাতে পুণ্য সহম হইতে বুধস্পষ্ট ও রাত্রিতে বুধস্পষ্ট হইতে পুণ্য সহম বিয়োগ করিয়া তাহাতে বুধকে লগ্নবৎ জ্ঞান করিয়া বুধস্পষ্ট ও ১ এক রাশি যোগ করিলে দ্রারিদ্র্য সহম হইবে।

দিবাতে রবির উচ্চ রাশ্যংশ হইতে রবিস্পষ্ট ও রাত্রিতে চন্দ্রের উচ্চরাশ্যংশ হইতে চন্দ্রস্পষ্ট বিয়োগ করিয়া তাহাতে লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ ১ এক যোগ করিলে গুরুতা সহম হইবে।২১।২২

কর্কার্দ্ধতঃ প্রোহ্যশনিং স্যাজ্জলাধ্বান্যথা নিশি।
পুণ্যাচ্ছনিং বিশোধ্যাহ্নি বামং নিশিস্তু বন্ধনং ॥ ২৩

দিবাতে কর্কটের ১৫ অংশ অর্থাৎ ৩ রাশি ১৫ পনের অংশ হইতে শনিস্পষ্ট ও রাত্রিতে শনিস্পষ্ট হইতে ৩ রাশি ১৫ পনের অংশ বিয়োগ করিয়া তাহাতে লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ ১ এক যোগ করিলে জলপথ সহম হইবে।

দিবাতে পুণ্য সহম হইতে শনিস্পষ্ট ও রাত্রিতে শনিস্পষ্ট হইতে পুণ্য সহম বিয়োগ করিয়া লগ্ন স্পষ্ট ও পূর্ব্ববৎ ১ এক রাশি যোগ করিলে বন্ধন সহম হইবে॥ ২৩॥

গ্রন্থান্তরেঽস্তি সহম।

চন্দ্রঃ সিতাদপাস্যোক্তং সদা কন্যাখ্য মুক্তবৎ।
পুণ্যাদর্ক মপাস্যায় যোগা দশ্বো নাথা নিশি ॥ ২৪ ॥

দিবা ও রাত্রিতে শুক্রস্পষ্ট হইতে চন্দ্রস্পষ্ট বিয়োগ করিয়া তাহাতে লগ্নস্পষ্ট ও পূর্ব্ববৎ ১ এক রাশি যোগ করিলে কন্যা সহম হইবে।

দিবাতে পুণ্য সহম হইতে রবিস্পষ্ট ও রাত্রিতে রবিস্পষ্ট হইতে পুণ্য সহম বিয়োগ করিয়া তাহাতে একাদশ ভাবকে লগ্নবৎ জ্ঞান করিয়া ১ এক রাশি যোগ করিলে অশ্ব সহম হইবে।

দিবাতে পুণ্য সহম হইতে চন্দ্রস্পষ্ট ও রাত্রিতে চন্দ্রস্পষ্ট হইতে পুণ্য সহম বিয়োগ করিয়া তাহাতে একাদশ ভাব ও একাদশ ভাকে লগ্নবৎ জ্ঞান করিয়া এক রাশি যোগ করিলে হস্তি সহম হইবে॥ ২৪ ॥

অথ সহম ফলং।

স্বনাথহীনং সহমং তদংশা
স্নীরোদয়স্নাং বিহৃতা ত্রিশত্যা।
তৎ সপ্তপাকোদিবসৈর্হিলখৈঃ
স্যাত্তদ্দশায়াং তদ সম্ভবো বা ॥ ২৫ ॥
স্বোচ্চাদি সৎপদগতো যদি লগ্নদর্শী
বীর্য্যান্বিতঃ সহমপো যদি নেক্ষতেঙ্গং।
নাসৌ বলী রবিশশিশ্রিত ভেশদর্শ
পূর্ণান্ত লগ্নপ বলস্য বিচারণোপ্থং ॥ ২৬ ॥

সহম নির্ণয় করিয়া যে রাশি প্রাপ্ত হইবে সেই রাশির অধিপতি গ্রহই সহমাধিপতি হইবে।

সহমাধিপতি গ্রহ স্বীয় উচ্চস্থানে ও স্বীয় ক্ষেত্রাদিতে কিম্বা শুভ গ্রহের ক্ষেত্রাদিতে স্থিত হইয়া যদি লগ্নকে দৃষ্টি করেন, তবে তিনি বলবান্ হইবেন; আর লগ্নকে দৃষ্টি না করিলে সহমাধিপতি বলবান্ হইবেন না।

সূর্য্য রাশির অধিপতি চন্দ্র রাশির অধিপতি, পূর্ণিমার অন্তিমক্ষণের লগ্নাধিপতি ও অমাবস্যার অন্তিমক্ষণের লগ্নাধিপতি উক্ত রূপ বলবান হইবে, এই বলের প্রয়োজন স্থানান্তরে আবশ্যক হইবে; এস্থলে কোন প্রয়োজন নাই॥ ২৬॥

পঞ্চ বর্গী বলেনোনো নষ্টর্ক্ষ স্থান মাশ্রিতঃ।
অবলোহয়ং লগ্নদর্শী বলী স্বল্পোপি চেৎপদে ॥ ২৭ ॥

যে গ্রহ পঞ্চ বর্গি বলে হীনবলী হইয়া হর্ষ স্থান স্থিত হইবে না সেই গ্রহ দুর্ব্বল। স্বল্প পদস্থ অর্থাৎ স্বক্ষেত্র, স্বহোরা ও স্বদ্রেক্কাণাদির মধ্যে কোন এক পদস্থ হইলেও সেই গ্রহকে বলবান বলা যায়॥ ২৭ ॥

স্বস্বামিনা শুভখগৈঃ সহিতঞ্চ দৃষ্টং
স্বামী বলী চ যদি তৎ সহমস্য বৃদ্ধিঃ।
চেৎস্বামিনো শুভখগৈশ্চ নযুক্ত দৃষ্টং
তৎসম্ভবো নহিভবেদিতি চিন্ত্যমাদৌ ॥ ২৮ ॥

জন্ম কালে যে সহম স্বীয় স্বামী ও শুভ গ্রহ কর্ত্তৃক দ্রষ্ট ও যুক্ত হইবে এবং যে সহমের অধিপতি বলবান্, সেই সহমের ফলের বৃদ্ধি হইবে।

যদি কোন সহম স্বীয় স্বামী ও শুভ গ্রহ কর্ত্তৃক দ্রষ্ট বা যুক্ত না হয়, এবং যে সহমের অধিপতি দুর্ব্বল সেই সহমের শুভ ফলের সম্ভব নাই॥ ২৮॥

অষ্টমাধিপতি না যুতেক্ষিতং
পাপ দৃগ্যুত মথেশ্ব শালিতৈঃ।

সম্ভবোপি বিলয়ং প্রয়াতি তৎ
তেন জন্মনি পুরেদ মীক্ষতাং ॥ ২৯ ॥

যে সহম জন্ম লগ্নের অষ্টমাধিপতি ও পাপ গ্রহ কর্ত্তৃক দ্রষ্ট বা যুক্ত কিম্বা সহমাধিপতির সহিত যদি উক্ত গ্রহ দ্বয়ের ইথশাল যোগ হয়, তবে সেই সহমের সম্ভব থাকিলেও নাশ পাইবে। অতএব জন্মকালে অগ্রে এই সকল বিচার করিবে ॥ ২৯ ॥

আদৌ জন্মনি সর্ব্বেষাং সহমানাং বলবালং।
বিমৃষ্য সম্ভবো যেষাং তানি বর্ষে বিচিন্তয়েৎ ॥ ৩০ ॥

জন্মকালে এই পঞ্চাশৎ সহম সাধন করিয়া তাহার বলাবল বিচার পূর্ব্বক যে সকল সহমের সম্ভব হইবে বর্ষপ্রবেশ কালে সেই সকল সহমের সাধন করিয়া ফল বিচার করিবে ॥ ৩০ ॥

সবলে পুণ্যসহমে ধর্ম্মসিদ্ধি র্ধনাগমঃ।
স্বভর্ত্রাঽমীক্ষিত যুতে ব্যত্যয়ে ব্যত্যয়ং বিদুঃ ॥ ৩১ ॥

জন্মকালে কি বর্ষপ্রবেশ কালে পুণ্য সহম বলবান্ ও স্বীয় স্বামী বা শুভ গ্রহ কর্ত্তৃক দ্রষ্ট কিম্বা যুক্ত হইলে ধর্ম্ম বৃদ্ধি ও ধনাগম হয়, ইহার বিপরীতে ফলেরও বৈপরীত্য হইবে ॥ ৩১ ॥

লগ্নাৎ ষষ্ঠাষ্ট রিপ্‌ফস্থং ধর্ম্ম ভাগ্য যশোহরম্।
শুভস্বামি দশা প্রাপ্তে সুখ ধর্ম্মাদিসম্ভবঃ ॥ ৩২ ॥

পুণ্য সহম লগ্নের ষষ্ঠ অষ্টম বা দ্বাদশস্থ হইলে ধর্ম্ম, ভাগ্য ও যশের হানি হয়। ঐ সহমে শুভ গ্রহ বা সহমাধিপতির দৃষ্টি বা যোগ থাকিলে বর্ষের শেষ ভাগে সুখ ও ধর্ম্মাদি সম্ভব হয় ॥ ৩২॥

পাপযুক্ শুভ দৃষ্টঞ্চে দশুভং প্রাক্ ততঃ শুভং।
শুভযুক্তং পাপদৃষ্ট মাদৌ শুভ মসৎ পরে ॥ ৩৩ ॥

পুণ্য সহম পাপ যুক্ত ও শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে আদিতে অশুভ ও পরে শুভ হয়। আর অশুভযুক্ত ও পাপ দৃষ্ট হইলে প্রথমে শুভ ও পরে অশুভ হয় ॥ ৩৩ ॥

যাত্রাব্দে পুণ্য সহমং শুভং সোত্র শুভাবহঃ।
অনিষ্টেঽস্মিন্ শুভোনেতি পুণ্যমাদৌ বিচারয়েৎ ॥৩৪॥

যে বর্ষে পুণ্য সহম শুভ হইবে, সেই বর্ষে ফল শুভ জানিবে, আর পুণ্য সহম অশুভ হইলে বর্ষ ফল ও অশুভ হইবে। অতএব সর্ব্বাগ্রে পুণ্য সহম বিচার করিবে ॥ ৩৪ ॥

মৃতৌ ষষ্ঠাষ্ট রিপ্‌ফস্থ মধ্যে পাপহতং পুনঃ।
পুণ্যং ধর্ম্মার্থ সৌখ্যঘ্নং পশ্চো দষ্কেফলং তথা ॥ ৩৫

পুণ্য সহম জন্মকালে ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশস্থ হইয়া বর্ষপ্রবেশ কালে পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হইলে সেই বর্ষে ধর্ম্ম, অর্থ ও সুখের হানি হয়। আর সহমাধিপতি অস্তগত হইলে, উক্তরূপ ফল জানিবে ॥ ৩৫ ॥

সহমান্যখিলানীত্থং সূতৌ বর্ষে বিচিন্তয়েৎ।
মান্দ্যারি কলি মৃত্যুনাং ব্যত্যয়াদাদিশেৎ ফলং ॥৩৬

এইরূপে জন্মকালে ও বর্ষপ্রবেশ কালে সমস্ত সহম বিচার করিবে।

রোগ সহম, শত্রু সহম, কলি সহম, মৃত্যু সহম ও দারিদ্র্য সহম ইহার বিপরীতে ফল প্রদান করে অর্থাৎ সহম শুভ হইলে অশুভ ফল ও সহম অশুভ হইলে বর্ষাদি ফল শুভ হইবে ॥৩৬

কার্য্য সিদ্ধি সহমং যুতং শুভৈ
দৃষ্ট মুথশিলগং জয় প্রদং।
সঙ্গরেঽথ শুভ পাপ দৃষ্টিযুক্
ক্লেশতো জয় উদীরিতো বুধৈঃ ॥ ৩৭ ॥

কার্য্যসিদ্ধি সহম যদি শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হয় এবং সহমাধিপতির সহিত ইথশাল থাকে তবে সংগ্রাম জয় হয়। এবং ঐ সহমেতে শুভ গ্রহ ও পাপ গ্রহের দৃষ্টি কিম্বা যোগ থাকে, তবে বহুকষ্টে সংগ্রাম জয় হইবে ॥ ৩৭ ॥

কলি সদ্ম মিশ্রখগ দৃষ্ট সংযুতং
যদি পাপ মুথশিলগং কলের্মৃতিং।
অথতত্র সৌম্য সহিতাবলোকিতে
জয়মেতি মিশ্র দৃশিতঃ কলিঃ ব্যথে ॥ ৩৮॥

কলি সহম যদি পাপগ্রহ ও শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হইয়া পাপ গ্রহের সহিত ইথশাল যোগ থাকে, তবে কলহে মৃত্যু হয়। আর শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হইলে কলহে জয় হয়। কলি সহম পাপ গ্রহ ও শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হইলে কলহ ও দুঃখ হয় ॥ ৩৮ ॥

বিবাহ সদ্মাধিপ সৌম্য দৃষ্টং
যুতং শুভৈর্ম্মুথশিলং শুভাপ্তিং।
কুর্য্যাদ্দযদামিশ্র সমেত দৃষ্টং
কষ্টাদথ ক্রূর মৃতীশ্বরৈর ॥ ৩৯ ॥

বিবাহ সহমাধিপতি যদি শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত এবং শুভ গ্রহের সহিত ইথশাল থাকে, তবে বিবাহ কার্য্যে শুভ হয়। এবং ঐ সহমাধিপতি যদি শুভ গ্রহ ও পাপ গ্রহের সহিত যুক্ত, বা ইথশালী কিম্বা শুভাশুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় তবে অতি কষ্টে বিবাহ হয়।

বিবাহ সহম যদি পাপ গ্রহ বা অষ্টমাধিপতির সহিত যুক্ত বা ইথশালী কিম্বা পাপ গ্রহ বা অষ্টমাধিপতি কর্ত্তৃক দৃষ্ট হয়, তবে বিবাহ হইবে না ॥৩৯॥

যশোধিপে নৈধনগে খলেন,
যুতেক্ষিতে সদ্‌যশসো বিনাশঃ।
পাপার্জ্জিতস্যাযশসোঽস্তিলাভো,
নষ্টৌজসি স্যাৎ কুলকীর্ত্তিনাশঃ ॥৪০॥

যশঃ সহমাধিপতি লগ্নের অষ্টম স্থান স্থিত হইয়া যদি পাপ গ্রহের সহিত যুক্ত বা পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তবে সদ্‌যশের বিনাশ হয়। ও পাপ কার্য্য হইতে অযশ লাভ হয়। এবং উক্তরূপ সহমাধিপতি অস্তগত থাকিলে কুলকীর্ত্তি নাশ হয় ॥ ৪০ ॥

শুভেত্থশালে শুভ দৃগ্‌যুতেবা
বলান্বিতে স্যাদ্‌যশসোঽভিবৃদ্ধিঃ।
যুদ্ধেজয়ো বাহনশস্ত্রলাভঃ
পাপেসরাফাদযশোর্থ নাশঃ ॥৪১॥

যশঃ সহমাধিপতি যদি শুভ গ্রহের সহিত যুক্ত বা ইথশালী কিম্বা শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট অথবা বলবান হয়, তবে যশের বৃদ্ধি, যুদ্ধে জয়, বাহন ও অস্ত্রলাভ হয়। এবং পাপ গ্রহের সহিত এই সহমাধিপতির ইসরাফ যোগ থাকিলে অযশ ও অর্থনাশ হয় ॥৪১

আশাতদীশশ্চ ষড়ষ্টরিঃফ
বিবর্জ্জিতঃ সৌম্যযুতেক্ষিতশ্চ।
স্যাদ্বাঞ্ছিতার্থাম্বরবাহনাদি
লাভঃ খলেক্ষা যুতিতোঽতিদুঃখং ॥৪২॥

আশা সহম ও তদধিপতি গ্রহ লগ্নের ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশ স্থানস্থিত না হইয়া যদি শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হয়, তবে বাঞ্ছিত অর্থ ও বাহনাদি লাভ হয়। আর পাপ গ্রহের সহিত যুক্ত বা পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে অতি দুঃখ হয় ॥ ৪২ ॥

মান্দ্যাধিপঃ পাপযুতেক্ষিতশ্চ
পাপঃ স্বয়ং রোগ করো বিচিন্ত্যঃ।
চেদিত্থশালো মৃতিপেন্ মৃত্যু
স্তদাভবেদ্ধীনবলেতি কষ্টাৎ ॥৪৩॥

পাপ গ্রহ রোগ সহমাধিপতি হইয়া যদি পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা পাপ গ্রহের সহিত যুক্ত হয়, তবে রোগ হয়। আর এই রোগ সহমাধিপতির সহিত যদি অষ্টমাধিপতির ইথশাল থাকে, তবে মৃত্যু হয়। উক্ত সহমাধিপতি দুর্ব্বল হইলে কষ্টেতে মৃত্যু হয় ॥ ৪৩ ॥

স্বস্বামি সৌম্যেক্ষণ ভাজি মান্দ্যে,
নাথে সবীর্য্যেঽষ্টষড়ন্ত্যবর্জ্জ্যে।
রোগস্তদা নৈব ভবেদ্বিমিশ্রং
যুতেক্ষিতে রুগ্‌ভয়মস্তি কিঞ্চিৎ ॥৪৪॥

রোগ সহম ও সহমাধিপতি সবল হইয়া ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থ না হইলে রোগ হয় না।

ঐ সহম ও সহমাধিপতিতে শুভাশুভ গ্রহের দৃষ্টি বা যোগ থাকিলে কদাচিৎ রোগ হয় ॥ ৪৪ ॥

অর্থাখ্যং শুভনাথ দৃষ্টি সহিতংত্ত্বব্যাগমাৎ সৌখ্যদং।
পাপৈর্দৃ ষ্টযুতঞ্চ বিত্তবিলয়ং কুর্য্যাদথো পাপযুক্।
সদ্‌দৃষ্টঞ্চ শুভেত্থশালি যদি তৎপূর্ব্বং ধনং নাশয়েৎ
পশ্চাদর্থসমুদ্ভবঞ্চ সমুখং ব্যত্যাসতো ব্যত্যয়ঃ ॥ ৪৫ ॥

অর্থ সহমে শুভ গ্রহ বা তৎ স্বামি গ্রহের যোগ ও দৃষ্টি থাকিলে ধনাগম ও সুখ লাভ হয়। এবং ঐ সহমে ও তদধিপতিতে পাপ গ্রহের দৃষ্টি ও যোগ থাকিলে সুখনাশ ও ধনক্ষয় হয়।

ঐ সহম ও তদধিপতিতে পাপ গ্রহ যোগ ও শুভগ্রহের দৃষ্টি থাকিলে যদি শুভ গ্রহের সহিত ইথশাল যোগ হয় তবে প্রথমে ধননাশ পরে সুখ ও ধন প্রাপ্তি হয়। এবং শুভযুক্ত ও পাপ দৃষ্ট হইলে প্রথমে শুভ ও পরে অশুভ হইবে ॥ ৪৫ ॥

রিপুদৃষ্ট্যা রিপোর্ভীতি স্তস্করাদের্ধনক্ষয়ঃ।
মিত্রদৃষ্ট্যা মিত্রযোগাদ্ধনং মানো যশঃ সুখং ॥ ৪৬ ॥

অর্থ সহমেতে শুভ গ্রহ ও পাপ গ্রহের ক্ষুতদৃষ্টি থাকিলে শক্রভয় ও চৌরাদিদ্বারা ধননাশ হয়। স্নেহ দৃষ্টি থাকিলে মিত্র হইতে ধন, মান, যশ ও সুখ প্রাপ্তি হয় ॥ ৪৬ ॥

সৎস্বামিদৃষ্টং যুতমাত্মজস্য
লাভং সুখং যচ্ছতি পুত্রসদ্ম।
পাপান্বিতং সৌম্য খগেত্থশালি
প্রাগ্‌দুঃখদং পুত্রসুখায় পশ্চাৎ ॥৪৭॥

পুত্র সহমে শুভ গ্রহ ও তৎস্বামী গ্রহের যোগ ও দৃষ্টি থাকিলে পুত্র লাভ হয়। আর পাপযুক্ত ও শুভগ্রহের ইথশাল হইলে প্রথমে পুত্রের দুঃখ ও পরে পুত্রের সুখ হয় ॥ ৪৭ ॥

পাপান্বিতং পাপকৃতেসরাফং
নাশায় পুত্রস্য গতৌজসীশে।
সুতৌ সুতেশঃ সহমেশ্বরোঽব্দে
পুত্রস্যলব্ধ্যৈ শুভমিত্রদৃষ্টঃ ।।৪৮।।

পাপযুক্ত ও পাপ গ্রহের সহিত ইসরাফ যোগ হইলে পুত্র নাশ হয়।

সহমাধিপতি অস্তগত ও দুর্ব্বল থাকিলেও পুত্রের অশুভ হয়।

জন্ম কালে পুত্রস্থানাধিপতি যদি বর্ষ প্রবেশ কালে পুত্র সহমাধিপতি হন আর ঐ পুত্র সহমেতে যদি শুভ গ্রহের স্নেহ দৃষ্টি থাকে তবে সেই বর্ষে পুত্র লাভ হয়॥ ৪৮॥

পিত্র্যং সদীক্ষিতযুতং পতিযুক্তদৃষ্টং
তাতস্য যচ্ছতি ধনাম্বর মানসৌখ্যং।
পত্যৌ গতৌজসি মৃতৌ খলমুসরাফে
নাশঃপিতুশ্চরগৃহে পরদেশযানাৎ ।।৪৯।।

পিতৃ সহমে তৎস্বামীগ্রহ ও শুভগ্রহের যোগ ও দৃষ্টি থাকিলে পিতার ধন, বস্ত্র, মান ও সুখ লাভ হয়।

যদি পিতৃসহমাধিপতি দুর্ব্বল ও অস্তগত হয় এবং ঐ পিতৃ সহম লগ্নের অষ্টম হইয়া পাপ গ্রহের সহিত তাহার ইসরাফ যোগ থাকে তবে পিতৃনাশ হয়।

এই যোগে লগ্নের অষ্টম রাশি যদি চর রাশি হয় তবে বিদেশে পিতার মৃত্যু হয়॥ ৪৯॥

শুভেত্থশালে খলখেটযোগে
গদপ্রকোপং প্রথমং মহানস্যাৎ।
পশ্চাৎ সুখং বিন্দতি পূর্ণবীর্য্যে।
নাথে নৃপাম্মানযশোভিরদ্ধিঃ॥ ৫০॥

পিতৃ সহমে শুভ গ্রহের সহিত ইথশাল ও পাপ গ্রহের যোগ থাকিলে প্রথমে পিতার রোগ পরে সুখ হয়।

সহমাধিপতি পূর্ণবলী হইলে রাজ সম্মান ও যশো লাভ হয়॥ ৫০॥

বন্ধনাখ্য সহমং যুতেক্ষিতং
স্বামিনা নহি তদাস্তি বন্ধনং।
পাপবীক্ষিত যুতেঽস্তি বন্ধনং
পাপজে মুথশিলে বিশেষতঃ ।।৫১।।

বন্ধন সহমে যদি তৎস্বামী গ্রহের যোগ বা দৃষ্টি থাকে তবে বন্ধন হয় না। পাপ গ্রহের যোগ ও দৃষ্টি থাকিলে বন্ধন হয়।

বন্ধন সহমে পাপ গ্রহের সহিত ইথশাল যোগ হইলে বিশেষ রূপে বন্ধন হয়॥ ৫১॥

গৌরবাখ্য সহমং যুতেক্ষিতং,
স্বামিনা শুভখগৈঃ সুখাপ্তয়ে।
রাজগৌরব যশোম্বরাপ্তয়ে
পাপবীক্ষিত যুতেপদক্ষতিঃ ।।৫২।।

গৌরব সহমে শুভ গ্রহ ও তৎস্বামী গ্রহের যোগ বা দৃষ্টি থাকিলে সুখ প্রাপ্তি, রাজ সম্মান, যশঃ ও বস্ত্রাদি লাভ হয়। উক্ত গৌরব সহমে পাগ্রহের যোগ ও দৃষ্টি থাকিলে গৌরবের হানি হয়॥ ৫২॥

শুভাশুভৈ র্দৃষ্টযুতং খলৈশ্চেৎ,
কৃতেত্থশালং ধনমান নাশং।
পূর্ব্বং বিধত্তে চরমেশুভেত্থ
শালে সুখং বাহন শস্ত্রলাভং ।।৫৩।।

গৌরব সহম শুভাশুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট ও যুক্ত হইয়া পাপ গ্রহের সহিত ইথশালী হইলে ধনমান নাশ হয়।

গৌরব সহম চররাশি হইয়া শুভ গ্রহের সহিত ইথশালী হইলে সুখ, বাহন ও শস্ত্র লাভ হয়॥ ৫৩॥

কর্ম্মভাব সহমাধিপাঃ শুভৈঃ
স্বামিনা মুথশিলী বলান্বিতাঃ।
হেমবাজি গজভূমি লাভদাঃ
পাপদৃষ্টি যুতিতো শুভপ্রদাঃ ।।৫৪।।
দগ্ধাবক্রা কর্ম্মবৈফল্যদাস্তে
যুক্তাদৃষ্টাঃ সৌরিণাতে বিশেষাৎ।
রাজ্যভ্রংশঃ কর্ম্মনাশশ্চ রাজ্য
কর্ম্মেশোচেম্মূথরীফৌ খলেন ।।৫৫।।

কর্ম্মসহম, কর্ম্মসহমাধিপতি ও কর্ম্মভাবাধিপতি ইহারা বলবান হইয়া যদি শুভ গ্রহ ও স্বামী গ্রহের সহিত ইথশালী হয় তবে সুবর্ণ, গজ, অশ্ব ও ভূমি লাভ হয়। আর পাপযুক্ত ও পাপ দৃষ্ট হইলে অশুভ ফল হয়।

উক্ত কর্ম্মসহমাদি অস্তগত ও বক্রগামী হইলে কার্য্যের সফলতা হয়।

ঐ কর্ম্মসহমাদিতে শনির যোগ থাকিলে বিশেষ অশুভ ঘটনা হয়। কর্ম্মভাবাধিপতি ও কর্ম্মসহমাধিপতির সহিত পাপ গ্রহের ইসরাফ যোগ থাকিলে রাজ্যভ্রংশ ও কর্ম্মনাশ হয় ॥ ৫৪ । ৫৫ ॥

উপদেষ্টা গুরুজ্ঞানং বিদ্যা শাস্ত্রং শ্রুতিস্মৃতী।
মোহোজাড্যং বলং সৈন্য মঙ্গং দেহো জলং দ্যুতিঃ ।৫৬
গুরুতা মণ্ডলেশত্বং গৌরবং মানশালিতা ।
নিগ্রহানুগ্রহবিভু রাজা স্থত্রাদিলিঙ্গভাক্ ॥৫৭॥
মাহাত্ম্যং মন্ত্রগাম্ভীর্য্যং ধৃতিবুদ্ধ্যাদি শালিতা ।
সামর্থ্যং দেহজা শক্তিঃ শৌর্য্যং যত্নোরিনিগ্রহে ॥৫৮॥
আশেচ্ছোক্তা মতি ধর্ম্ম্যা শ্রদ্ধা বন্ধঃ পরাশ্রয়ঃ ।
পাণীয় পতনং বৃষ্টির্জলেঽকস্মাচ্চ মজ্জনং ॥৫৯॥
আধী ব্যাধী তাপামান্দ্যো সপিণ্ডা বন্ধবঃ স্মৃতাঃ ।
সত্যালীকং বণিগ্বৃত্তি আধানং প্রসবঃ স্মৃতঃ ॥৬০॥
দাসত্বং পরকর্ম্মোক্ত মন্যৎ স্পষ্টং স্বনামতঃ ।
নিরূপ্যানি যথাযোগ্যং কুলজাতি স্বরূপতঃ ॥৬১॥
শুভযোগেক্ষণাৎ সৌখ্যং পত্যুর্ব্বীর্য্যানুসারতঃ ।
দারিদ্র্য মতিমান্দ্যারি কলিযুক্তোবিপর্য্যয়ঃ ।৬২।

গুরু সহমে উপদেশক, বিদ্যাসহমে জ্ঞান, শাস্ত্র সহমে শ্রুতি স্মৃতি প্রভৃতি, জাড্য সহমে মোহ, বল সহমে সৈন্য, দেহ-সহমে শরীর, জল সহমে দেহের কান্তি, গুরুতা সহমে মণ্ডলাধিপত্য, গৌরব সহমে প্রতিষ্ঠা, রাজ সহমে অধিপতিত্ব, মাহাত্ম্য সহমে মন্ত্র গাম্ভীর্য্য, ধৃতি সহমে বুদ্ধির স্থূলসূক্ষ্মতা, সামর্থ্য সহমে শরীরে শক্তি, শৌর্য্য সহমে শত্রুনি গ্রহে যত্ন, আশা সহমে ইচ্ছা, শ্রদ্ধা সহমে ধর্ম্মমতি, বন্ধন সহমে পরাশ্রয়, পানীয়পতন সহমে বৃষ্টিও অকস্মাৎ জলমজ্জন, তাপ সহমে শোক, মান্দ্য সহমে রোগ, বন্ধু সহমে জ্ঞাতি, বাণিজ্য সহমে ব্যবসায়, প্রসব সহমে আধান, ও পরকর্ম্ম সহমে দাসত্ব বোধ হয়। সহম বিচারে এই সকল অর্থ বিবেচনা করিয়া ফল নির্ণয় করিবে। অন্যান্য সহমের অর্থ স্বীয় স্বীয় নাম দ্বারা নিশ্চয় করিবে।

কুল ও জাতিস্বভাবানুসারে যথা সম্ভব সমস্ত সহমের ভাব বিচার করিবে। সহমাধি পতির বলাবল ও শুভ পাপ গ্রহের যোগ দৃষ্টি বিবেচনা করিয়া সহমের শুভাশুভ স্থির করিবে। দারিদ্র্য সহম, কলি সহম, রোগ সহম ও শত্রু সহম এই কয় সহমে শুভাশুভ গ্রহযোগে বিপরীত ফল হইবে ইহা পূর্ব্বে বলা হইয়াছে ৫৩—৬২

প্রশ্নকালেপি সহমং বিচার্য্যং প্রষ্টুরিচ্ছয়া।
সর্ব্বেষা মুপযোগোত্রচিত্রং পৃচ্ছন্তি যজ্জনাঃ ।৬৩।

প্রশ্ন কালেও এই সকল সহম বিচার করিবে। প্রশ্ন কর্ত্তা বিবিধ প্রকার প্রশ্নকরে, অতএব সমস্ত সহমেরই উপযোগিতা আছে ॥৬৩॥

ইতি সহম বিচারঃ।

অথ বর্ষপ্রবেশ দশা নিরূপণং।

স্পষ্টান্ স লগ্নান্ খচরান্ বিধায়
রাশীন্ বিনাত্যল্পলবক্ত পূর্ব্বং।
নিবেশ্য তস্মাদধিকাধিকাংশ
ক্রমাদয়ং স্যাত্তু দশাক্রমোঽব্দে ॥ ১ ॥

রব্যাদি সমস্ত গ্রহস্ফুট ও লগ্ন স্ফুট নির্ণয় করিয়া ঐ সকল স্ফুটাঙ্কের রাশি পরিত্যাগ করিবে, পরে যে সকল অংশাদি থাকিবে তন্মধ্যে যে গ্রহের স্ফুট অংশ সর্ব্বাপেক্ষা কম হইবে প্রথমে সেই গ্রহের দশা হইবে। তৎপরে প্রথম দশাধিপতির স্ফুট অংশাঙ্ক হইতে যে গ্রহের স্ফুট অংশাঙ্ক অধিক সেই গ্রহের দশা হইবে। এইরূপে স্ফুট অংশের আধিক্যানুসারে পরপর দশা জানিবে ॥ ১ ॥

ঊনং বিশোধ্যাধিকতঃ ক্রমেণ
শোধ্যং বিশোধ্যাংশকশেষকৈক্যং।
সর্ব্বাধিকাংশোন্মিত মেব তস্যা
দনেন বর্ষস্য মিতিস্তু ভাজ্যা ॥ ২ ॥

যে গ্রহের স্ফুটাংশ সর্ব্বাপেক্ষা ন্যূন তাহাকে উত্তরোত্তর অধিকাংশ হইতে বিয়োগ করিয়া অবশিষ্টাংশকে শোধিতাংশ বলিয়া জানিবে অর্থাৎ যে গ্রহের স্ফুটাংশ সর্ব্বাপেক্ষা ন্যূন তাহাকে তদপেক্ষা অধিক স্ফুটাংশ হইতে বিয়োগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহাই সেই গ্রহের শোধিতাংশ এইরূপে সমস্ত গ্রহেরই স্বীয় স্বীয় স্ফুটাংশকে তদপেক্ষা অধিক স্ফুটাংশ হইতে ক্রমশঃ বিয়োগ করিলে অবশিষ্টাংশ অধিকাংশ গ্রহের শোধিতাংশ হইবে।

যে গ্রহের স্ফুটাংশ সর্ব্বাপেক্ষা ন্যূন সেই গ্রহের স্ফুটাংশই শোধিতাংশ বলিয়া গৃহীত হইবে এই শোধিতাংশের নামান্তর পাত্যাংশ।

এই সকল শোধিতাংশ যোগ করিলে সর্ব্বাপেক্ষা অধিকাংশের সমান হইবে।

শোধিতাংশের যোগফল যাহা হইবে, তাহা দ্বারা বর্ষপরিমিত দিনকে ভাগ দিলে যাহা ভাগফল হইবে তাহার নাম ধ্রুবাঙ্ক ॥২

শুদ্ধাংশকাংস্তান্ গুণয়ে দনেন
লব্ধধ্রুবাঙ্কেন ভবেদ্দশায়াঃ।
মানং দিনাদ্যং খলুতদগ্রহস্য
কলান্যথাংশানি গদেত্তশাস্ত্রাৎ ॥ ৩ ॥

ঐ ধ্রুবাঙ্ক দ্বারা প্রত্যেক গ্রহ ও লগ্নের শোধিতাংশকে গুণ করিলে গুণফল দিনাদি, সেই সেই গ্রহের দশা ভোগের কাল জানিবে।

এইরূপ গ্রহদিগের দশা ও দশা ভোগের কাল নিরূপণ করিয়া ফল বিচার করিবে ॥৩

শুদ্ধাংশসাম্যে বলিনো দশাদ্যা
বলস্য সাম্যেঽল্পগতেস্তু পূর্ব্বা।
সাম্যে বিলগ্নস্য খগেন চিন্ত্যা
বালাদিকা লগ্নপতের্ব্বিচিন্ত্যা ॥ ৪ ॥

যদি দুই বা তিন গ্রহের শোধিতাংশ সমান হয় তবে যে গ্রহের বল অধিক হইবে সেই গ্রহের দশা পূর্ব্বে হইবে। আর শোধিতাংশ ও বল সমান হইলে যে গ্রহ শীঘ্রগতি তাহার দশা প্রথমে হইবে।

যদি লগ্ন ও অন্য কোন গ্রহের শোধিতাংশ সমান হয় তবে লগ্নপতি গ্রহের সহিত বল ও শীঘ্রগতি বিচার করিয়া দশার পূর্ব্বাপরত্ব স্থির করিবে ॥৪

অথ অন্তর্দ্দশানয়নং।

দশামানং সমামানং প্রকল্প্যোক্তেন বর্ত্মনা।
অন্তর্দ্দশা সাধনীয়া প্রাকৃপাত্যাংশ বশেন তু।
আদাবন্তর্দ্দশা পাকপতেস্তত্র যতো পরা ॥৫॥

যে গ্রহ যত দিনাদি দশা প্রাপ্ত হইবে তত দিনাদিকে বর্ষ পরিমিত দিন জ্ঞান করিবে। পরে সকল গ্রহ ও লগ্নের শোধিতাংশ একত্র যোগ করিয়া যোগফল দ্বারা দশামানকে ভাগ করিয়া ধ্রুবাঙ্ক স্থির করিবে।

এই ধ্রুবাঙ্ক দ্বারা শোধিতাংশকে গুণ করিলে গুণফল যত দিনাদি হইবে তাহাই সেই গ্রহের অন্তর্দ্দশার কাল জানিবে।

দশাধিপতি গ্রহের অন্তর্দ্দশা প্রথমে হইবে তৎপরে দশার ন্যায় পরপর অন্তর্দ্দশা হইবে ॥৫

অথ মাসপ্রবেশানয়নং।

একৈকরাশির্যদ্বা চেত্তুল্যোংশাদ্যৈর্যদা রবিঃ।
তদা মাস প্রবেশোহ্ন্য প্রবেশশ্চেৎ কলাসমঃ ॥৬॥

যে সময়ে বর্ষপ্রবেশ হইবে সেই সময়েই প্রথম মাস প্রবেশ ও প্রথম দিন প্রবেশ জানিবে।

বর্ষপ্রবেশ কালের রবিস্পষ্টে ১ এক রাশি যোগ করিলে যত রাশ্যাদি হইবে তাহার নাম মাসার্ক, যে দিবসের যে সময়ে উক্ত মাসার্ক রাশ্যাদি রবিস্পষ্ট হইবে, সেই দিবসের সেই সময়ে দ্বিতীয় মাস প্রবেশ হইবে

এইরূপ ২ দুই রাশি যোগ করিলে দ্বিতীয় মাস প্রবেশ, ৩ তিন রাশি যোগ করিলে তৃতীয় মাস প্রবেশ ইত্যাদিরূপে সকল মাস প্রবেশ সময় স্থির করিবে।

যেরূপ রবিস্ফুটের রাশিতে এক, দুই ইত্যাদি যোগ করিয়া দ্বিতীয়াদি মাসপ্রবেশ স্থির করা যায়, সেই রূপ ঐ রবিস্ফুটের অংশে এক দুই ইত্যাদি যোগ করিয়া দ্বিতীয়াদি দিনপ্রবেশ স্থির করিবে ॥৬

মাসার্কস্য তদাসন্নপত্যর্কেণ সহান্তরং।
কলী কৃত্বার্কগত্যাপ্তং দিনাদ্যেন যুতোন্বিতং ॥৭॥
তৎপণ্ড্ক্তিস্থং বারপূর্ব্বং মাসার্কেঽধিকহীনকে।
তদ্বারাদ্যে মাসবেশো হ্যবেশোপ্যেকমেব চ ॥৮॥

মাসার্কের নিকটস্থ (পূর্ব্ব বা পরবর্ত্তী) কোন সময়ের রবিস্ফুটের সহিত মাসার্কের অন্তর করিয়া যত অংশাদি অবশিষ্ট থাকিবে, তাহাকে কলা করিয়া রবির গতি দ্বারা ভাগ দিলে যত ভাগফল লব্ধ হইবে তাহাকে নিকটস্থ যে দিন যত দণ্ডসময়ে রবিস্ফুট গ্রহণ করা হইয়াছিল তাহার সহিত যোগ বা বিয়োগ করিবে। অর্থাৎ মাসার্কের পূর্ব্বরবিস্ফুটে যোগ ও পর রবিস্ফুট হইতে বিয়োগ করিবে।

এইরূপ যোগ বা বিয়োগ করিয়া যত দিন দণ্ডাদি হইবে তত দিন দণ্ডাদি সময়ে মাসপ্রবে হইবে। দিন প্রবেশানয়ন এই রূপ জানিবে ॥৭॥৮

এই রূপ বর্ষ ও মাসাদি প্রবেশ যে যে সময়ে হইবে সেই সেই সময়ের সমস্ত গ্রহস্ফুট, ভাব, সন্ধি ও বলাদি নিরূপণ করিয়া ফলের বিচার করিবে। বর্ষাধিপতি নিরূপণ পূর্ব্বে বর্ণিত হইয়াছে এবং মাসাদির অধিপতি নিরূপণ পরে কথিত হইবে।

ভূঃপঞ্চচন্দ্রাঃ কুগুণাঃ কুরামাঃ
সিদ্ধা গতাব্দৈর্গুণিতাঃ সমেতাঃ।
খেনাব্ধিদস্রৈর্গুণলোচনৈশ্চ
তষ্টানগৈরর্কমুখোব্দপঃ স্যাৎ ॥ ১ ॥

গতবর্ষকে যথাক্রমে ১।১৫।৩১।৩১।২৪ দ্বারা পূরণ করিয়া একজাতীয় করিয়া ০।২৪।২৩ ক্ষেপাঙ্ক যোগ করিবে। পরে প্রথম অঙ্ককে ৭সাত দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট বার, দণ্ড ও পল রবির মেষ সংক্রমণের বার, দণ্ড ও পল হইবে ॥ ১ ॥

অব্দৌঘতঃ শৈলনখৈর্ব্বিনিঘ্নাৎ
পুনর্ম্মনুঘ্নং গতবর্ষবৃন্দং।
শরাব্ধিভক্তং ঘটিকাদি লব্ধং
যুতং নভোঽশ্ব্যগ্নিযুতাৎ খখেভৈঃ
হৃতাদিনাদ্যং গত বর্ষযুক্তং
সপ্তোদ্ধৃতং মেষমুখোব্দপঃ স্যাৎ ॥ ২ ॥

গত বর্ষকে ২০৭ দ্বারা পূরণ করিয়া এক স্থানে রাখিবে। পরে গত বর্ষকে পুনর্ব্বার ১৪ দ্বারা পূরণ করিয়া ৪৫ দ্বারা ভাগ করিয়া লব্ধাঙ্ক দণ্ডাদি বারের পরে রাখিবে। পরে বারের অঙ্কে ৩২০ যোগ করিয়া সমস্ত সমষ্টিকে ৮০০ দ্বারা ভাগ করিলে লব্ধ বার দণ্ড পলাদি হইবে। ঐ বারের অঙ্কে গত বর্ষ যোগ করিয়া যাহা হইবে তাহা ৭ সাত দ্বারা ভাগ করিলে রবির মেষ সংক্রান্তি সময়ের বার ও দণ্ডাদি হইবে। পরে তাহাতে দেশান্তর চরার্দ্ধ সংস্কার করিতে হইবে ॥ ২ ॥

আসীদশেষ গুণমণ্ডিত পণ্ডিতাগ্র্যো
ব্যাখ্যাভুজঙ্গপদবীঃ শ্রুতিবিৎ সুবৃত্তঃ।
সাহিত্যরীতিনিপুণো গণিতাগমজ্ঞ
শ্চিন্তামণি র্ব্বিপুল গর্গকুলাবতংসঃ ॥ ৩ ॥

অসীমগুণমণ্ডিত, পণ্ডিতাগ্রগণ্য, শ্রুতিবেত্তা, সুচরিত্র, সাহিত্য রীতি নিপুণ, গণিতশাস্ত্রজ্ঞ ও বিপুল গর্গ কুলের ভূষণ স্বরূপ চিন্তামণিনামা পণ্ডিত ছিলেন। যিনি মহা ভাষ্যাদির ব্যাখ্যা করিয়া অতুল কীর্ত্তি লাভ করিয়াছেন ॥ ৩ ॥

তদাত্মজোঽনন্তগুণোঽস্ত্যনন্তো
যোঽধুক্ তদুক্তীঃ কিলকামধেনুম্।
সন্তুষ্টয়ে জাতকপদ্ধতিঞ্চ
ন্যরূপয়দ্দুষ্টমতং নিরস্য ॥ ৪ ॥

তাঁহার পুত্র অনন্তগুণসম্পন্ন অনন্ত, যিনি পঞ্চাঙ্গসাধন প্রসিদ্ধ জ্যোতিষ শাস্ত্রের কামধেনু গ্রন্থের টীকা করিয়াছেন; এবং দুষ্টমত নিরস্ত করিয়া জাতকপদ্ধতি প্রণয়ন করিয়াছেন ॥ ৪॥

পদ্মাম্বয়া সাবি ততো বিপশ্চি
চ্ছ্রীনীলকণ্ঠঃ শ্রুতিশাস্ত্রনিষ্ঠঃ।
বিদ্বচ্ছিব প্রীতিকরং ব্যধাত্তং
সংজ্ঞাবিবেকং সহমাবতংসং ॥ ৫ ॥

ঐ অনন্ত হইতে পদ্মাদেবী শ্রীনীলকণ্ঠকে প্রসব করেন আমি সেই নীলকণ্ঠ পণ্ডিত পণ্ডিতবর শিবের সন্তোষকর তাজিক গ্রন্থের সংজ্ঞা বিচারে সহমাদি নির্ণয় বিরচিত করিলাম ॥ ৫ ॥

ইতি তাজিকে সংজ্ঞাবিবেকে প্রথমো ভাগঃ।

স্বস্বাভিলাষং নহি লব্ধুমীশা
নির্ব্বিঘ্নমীশানমুখাঃ সুরৌঘাঃ।
বিনাপ্রসাদং কিল যস্য নৌমি
তং ঢুণ্টিরাজং মতিলাভহেতুং ॥ ১ ॥

ঈশান প্রভৃতি দেবগণও যাঁহার অনুগ্রহ ব্যতিরেকে স্বীয় স্বীয় বাঞ্ছিত ফল প্রাপ্ত হন না, সেই ঢুণ্টি রাজকে নমস্কার করি ॥১॥

জাতকোদিত দশাফলঞ্চ যৎ
স্থূলকাল ফলদং স্ফুটং নৃণাং।
তত্রনস্ফুরতি দৈববিন্মতি
স্তদ্ব্রুবেব্দফলমাদিতাজকাৎ ॥ ২ ॥

জাতকশাস্ত্রোক্ত দশাফল বর্ষাদি স্থূলকালে ফলপ্রদ হয়। বর্ষ প্রবেশাদি দশাফল গণনাবিষয়ে সাধারণ দৈবজ্ঞের বুদ্ধি প্রবিষ্ট হয় না। এই তাজিক গ্রন্থে বর্ষের শুভাশুভ ফল বিশদ রূপে বলিতেছি ॥ ২ ॥

গতাঃ সমাঃ পাদযুতাঃ প্রকৃতিঘ্নসমাগণাৎ।
খবেদাপ্তঘটীযুক্তা জন্মবারাদি সংযুতাঃ ॥ ৩ ॥

অব্দপ্রবেশ বারাদি সপ্তভক্তৈস্তত্র নির্দ্দিশেৎ।
শিবঘ্নোঽব্দঃ স্বখাত্রীন্দু লবাঢ্যঃ খাগ্নিশেষিতঃ ॥৪॥
জন্মতিথ্যন্বিতস্তত্র তিথাবব্দপ্রবেশনং।
তৎকালেৰ্কো জন্মকালে রবিণাস্যাদ্দৃষতঃ সমঃ ॥৫॥
একৈকরাশিবৃদ্ধ্যা চেত্তুল্যোংশাদ্যৈর্যদা রবিঃ।
তদামাসপ্রবেশো দ্যুপ্রবেশশ্চেৎ কলাসমঃ ॥ ৬ ॥
তাৎকালিকাস্তু খচরাঃ সুধিয়া বিধেয়াঃ
স্পষ্টা বিলগ্ন মুখভাবগণো বিধেয়ঃ।
বীর্য্যংতথোক্তবিধিনা নিখিলগ্রহাণা
মব্দাধিপস্য বিষয়ে কথয়ামি যুক্তিং ॥ ৭ ॥
দ্বিঘ্নং প্রশ্নাঙ্গভাগাদ্যং শরলব্ধং স্ফুটৈস্ত্রিহা।
প্রশ্নাঙ্গাদ্ধায়ন ফলে তুর্য্যেশো লগ্নপোভবেৎ ॥ ৮ ॥
জন্মলগ্নপতিরব্দলগ্নপো মুন্থহাধিপ ইত স্ত্রিরাশিপঃ।
সূর্য্যরাশিপতিরহ্নি চন্দ্রভাধীশ্বরোনিশি বিমৃশ্যপঞ্চকম্ ৷ ৯
বলী যএষাং তনুমীক্ষমাণঃ
স বর্ষপো লগ্নমনীক্ষমাণঃ।
নৈবাব্দপো দৃষ্ট্যতিরেকতঃস্যা
দ্বলস্য সাম্যে বিদুরেব মাদ্যাঃ ॥ ১০ ॥
দৃগাদি সাম্যে প্যথ নির্ব্বলত্বে
বর্ষাধিপঃ স্যান্মুথহেশ্বরস্তু।
পঞ্চাপিনোচেত্তনুমীক্ষমাণা
বির্য্যাধিকোঽব্দস্য বিভুর্ব্বিচিন্ত্যঃ ॥ ১১ ॥
বলাদি সাম্যে রবিরাশিপোঽহ্নি
নিশীন্দুরাশীড়িতি কেচিদাহুঃ।
যেনেত্থশালোঽব্দবিভুঃ শশী স
বর্ষাধিপশ্চন্দ্র ভপোন্যথাত্বে ॥ ১২ ॥

এই সকল শ্লোক এই তাজকের প্রথমভাগে লিখিত হইয়াছে তাহার বাঙ্গলা অনুবাদও সেই স্থানে লিখিত আছে সুতরাং পুনর্ব্বার তাহা লেখা বাহুল্য। এইস্থলে গ্রন্থের অনুবর্ত্তী হইয়া কেবল সংস্কৃত বচন মাত্র উদ্ধৃত করা গেল ॥৩—১২

অথ বর্ষাধিপ ফলং।

অব্দাধিপো ব্যয়ষড়ষ্টম ভিন্নসংস্থো
লব্ধোদয়োব্দজনুষোঃ সদৃশো বলেন।
নিঃশেষ মুত্তমফলং বিদধাতি কায়ে
নৈরুজ্য রাজ্য বললব্ধিরতীব সৌখ্যং ॥ ১৩ ॥

বর্ষাধিপতি গ্রহ বর্ষ লগ্নের ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ ভিন্ন স্থানস্থিত হইয়া পঞ্চবর্গীবলে বলবান্ হইলে সেই বর্ষে সর্ব্ব প্রকারে শুভ ফল, শরীরে নীরোগিতা, রাজ্য, বল ও সুখ লাভ হয় ॥১৩॥

বল পূর্ণেব্দপে পূর্ণ শুভ মধ্যে চ মধ্যমং।
অধমে দুঃখ শোকারি ভয়ানি বিবিধাঃ শুচঃ ॥ ১৪ ॥

বর্ষাধিপতি পূর্ণবলী হইলে শুভফল, মধ্যবলী হইলে মাধ্যমিক ও হীনবলী হইলে দুঃখ, শত্রু, ভয় ও নানা প্রকার শোক হয় ॥ ১৪ ॥

সূর্য্যোব্দপে বলিনি রাজ্য সুখাত্মজার্থ
লাভঃ কুলোচিত বিভুঃ পরিবার সৌখ্যং।
পুষ্টিং যশো গৃহসুখং বিবিধা প্রতিষ্ঠা
শত্রু র্বিনশ্যতি ফলং জনিখেট যুক্ত্যা ॥ ১৫ ॥

সূর্য্য বর্ষাধিপতি হইয়া বলবান হইলে রাজ্য, সুখ ও পুত্রাদি লাভ হয়।

বর্ষাধিপতি গ্রহ জন্ম কালে পূর্ণবলী হইলে শুভ ফল, মধ্যবলী হইলে মাধ্যমিক ও হীন বলী হইলে অশুভ ফল প্রদান করেন ॥ ১৫ ॥

মধ্যে রবৌ ফলমিদং নিখিলন্তু মধ্যং
স্বল্পং সুখং স্বজনতোপি বিবাদ মাহুঃ।
স্থানচ্যুতি র্ন চ সুখং কৃশতা শরীরে
ভীতির্নৃপান্মুথশিলো ন শুভেন চেৎস্যাৎ ॥ ১৬ ॥

সূর্য্য বর্ষাধিপতি হইয়া মধ্য বলী হইলে সকল বিষয়ে মাধ্যমিক ফল হইয়া থাকে। আর যদি উক্ত সূর্য্যের সহিত কোন শুভ গ্রহের ইত্থশাল না থাকে তবে স্বজনের সহিত কলহ প্রভৃতি অশুভ ফল হয়। শুভ গ্রহের সহিত ইত্থশাল থাকিলে অশুভ ফল হয় না ॥ ১৬ ॥

সূর্য্যে বলেন রহিতেঽব্দপতৌ বিদেশ
যানং ধনক্ষয়শুচোঽরিভয়ঞ্চ তন্দ্রা।
লোকাপবাদভয়মুগ্রকুজোঽতিদুঃখং
পিত্রাদিতোঽপি ন সুখং সুতমিত্র ভীতিঃ ॥ ১৭ ॥

সূর্য্য বর্ষাধিপতি হইয়া হীনবলী হইলে বিদেশ গমন ও ধনক্ষয় প্রভৃতি নানা প্রকার ক্লেশ হইয়া থাকে ॥ ১৭ ॥

চন্দ্রেঽব্দপে মুথশিলং যেনাসাবব্দপোঽস্যচেৎ।
কম্বূলমিন্দুনা জন্ম নিশি বর্ষং তদোত্তমং ॥ ১৮ ॥

চন্দ্র বর্ষাধিপতি হইলে যে গ্রহের সহিত চন্দ্রের ইথশাল যোগ থাকে সেই গ্রহ বর্ষলগ্নাধিপতি হইয়া যদি চন্দ্রের সহিত কম্বূল যোগ বিশিষ্ট হয় এবং রাত্রিতে জন্ম হইয়া থাকে তাহা হইলে সেই বর্ষে অতিশুভ ফল জানিবে ॥ ১৮ ॥

বীর্য্যান্বিতে শশিনি বিত্তকলত্র পুত্র
মিত্রালয়স্য বিবিধং সুখমাহু রার্য্যাঃ।
অগ্‌গন্ধ মৌক্তিক দুকুল সুখানি ভূতি
লাভঃ কুলোচিতপদস্য নৃপৈঃ সখিত্বং ॥ ১৯ ॥

চন্দ্র বর্ষাধিপতি হইয়া পূর্ণবলী হইলে বিত্ত, পুত্র ও কলত্র প্রভৃতি লাভ হয় এবং নানা প্রকারে সুখ হইয়া থাকে ॥ ১৯ ॥

বর্ষাধিপে শশিনি মধ্যবলে ফলানি
মধ্যান্যমুনি রিপুতা সুতমিত্র বর্গে।
স্থানান্তরে গতিরথো কৃশতা শরীরে
শ্লেষ্মোদ্ভবশ্চ যদি পাপকৃতেসরাফঃ ॥ ২০ ॥

চন্দ্র বর্ষাধিপতি হইয়া মধ্যবলী হইলে মাধ্যমিক ফল অর্থাৎ শুভাশুভ হয়। উক্ত চন্দ্রের সহিত পাপ গ্রহের ইসরাফ যোগ থাকিলে পুত্র মিত্রের সহিত শত্রুতা প্রভৃতি অশুভ ঘটনা হয় ॥ ২০ ॥

নষ্টেঽব্দপে শশিনি শীতকফাদিরোগ-
চৌর্য্যাদিভীঃ স্বজনবিগ্রহমপ্যশক্তি।
দূরেগতিঃ সুতকলত্রসুখাত্যয়শ্চ
স্যান্মৃত্যুতুল্য মতিহীনবলে শশাঙ্কে ॥ ২১ ॥

চন্দ্র বর্ষপতি হইয়া অস্তগত থাকিলে শীত কফাদি রোগ ও চৌরাদি ভয় হয়। বর্ষাধিপতি চন্দ্র হীনবলী হইলে বিদেশ গমন প্রভৃতি ক্লেশ ভোগ হইয়া থাকে ॥ ২১ ॥

ভৌমেঽব্দপে বলিনি কীর্ত্তিজয়ারিনাশ
সেনাপতিত্ব বলনায়কতা প্রদিষ্টা।
লাভঃ কুলোচিতধনস্য নমস্যতা চ
লোকেষু মিত্রসুতবিত্তকলত্র সৌখ্যং ॥ ২২ ॥

বলবান্ মঙ্গল বর্ষাধিপতি হইলে কীর্ত্তি, জয়লাভ ও শত্রুনাশ প্রভৃতি ফল হয় ॥ ২২ ॥

মধ্যে বলেঽবনি সুতে রুধিরশ্চ্যুতিশ্চ
কোপোঽগ্নিকোত্থকট শস্ত্রহতিক্ষতানি।
স্বামিত্ব মাত্মগণতো বলগৌরবঞ্চ
মধ্যং সুখং নিখিল মুক্তফলং বিচিন্ত্যং ॥ ২৩ ॥

মধ্যবলী মঙ্গল বর্ষাধিপতি হইলে মাধ্যমিক অর্থাৎ রক্ত স্রাব প্রভৃতি অশুভ ফল ও আত্মীয় বর্গের স্বামিত্ব প্রভৃতি শুভফল হইয়া থাকে ॥ ২৩ ॥

হীনেঽব্দপেঽসৃজি ভয়ং রিপুতস্করাগ্নি
লোকাপবাদভয়মাত্মধিয়া বিনাশঃ।
কার্য্যস্য বিঘ্নমতিরোগভয়ং বিদেশ-
যানং ক্ষয়োপনয়তো গুরুদৃষ্ট্যভাবে ॥ ২৪ ॥

হীন বলী মঙ্গল বর্ষাধিপতি হইলে শত্রু তস্করাদি হইতে ভয় এবং উক্ত মঙ্গলের প্রতি বৃহস্পতির দৃষ্টি না থাকিলে আত্মবিনাশ হইয়া থাকে ॥ ২৪ ॥

সৌম্যেঽব্দপে বলবতি প্রতিবাদলেখ্য
সচ্ছাস্ত্র সদ্ব্যবহৃতৌ বিজয়োঽর্থলাভঃ।
জ্ঞানং কলাগণিত বৈদ্যভবং গুরুত্বং
রাজাশ্রয়েণ নৃপতা নৃপমন্ত্রিতা বা ॥ ২৫ ॥

বুধ বর্ষাধিপতি হইয়া পূর্ণ বলী হইলে সচ্ছাস্ত্র, সদ্ব্যবহার ও জয় প্রভৃতি শুভ ফল হইবে ॥ ২৫ ॥

অব্দাধিপে শশিসুতে খলুমধ্যবীর্য্যে
স্যান্মধ্যমং নিখিল মেতদথাধ্বযানং।
বাণিজ্য বর্ত্তন মথাত্মজমিত্রসৌখ্যং
সৌম্যেত্থশালবশতোঽপরথা ন সম্যক্ ॥ ২৬ ॥

বুধ মধ্যবলী হইয়া বর্ষাধিপতি হইলে শুভাশুভ ফল হয়। উক্ত বর্ষাধিপতি বুধের সহিত শুভ গ্রহের ইথশাল যোগ হইলে শুভ ফল ও অশুভ গ্রহের ইথশাল থাকিলে অশুভ ফল জানিবে ॥২৬

সৌম্যেঽব্দপেঽধমবলে বলবুদ্ধি হানি
র্ধর্ম্মক্ষয়ঃ পরিভবো নিজবাক্যদোষাৎ।
বিক্ষেপতো বিপদতীব মৃষৈবসাক্ষ্যং
হানিঃ পরব্যবহৃতেঃ সুতবিত্ত মিত্রৈঃ ॥ ২৭ ॥

বর্ষাধিপতি বুধ হীন বলী হইলে বলবুদ্ধি হানি ও ধর্ম্ম ক্ষয় প্রভৃতি অশুভ ফল হয় ॥ ২৭ ॥

জীবেঽব্দপে বলযুতে পারিবার সৌখ্যং
ধর্ম্মো গুণগ্রহিলতা ধন কীর্ত্তি পুত্রাঃ।
বিশ্বাসিতা জগতি সম্মতি বিক্রমাপ্তি
ল'ভো নিধের্নৃপতিগৌরবমপ্যরিঘ্নম্ ॥ ২৮ ॥

বৃহস্পতি বর্ষাধিপতি হইয়া পূর্ণবলী হইলে পরিবার সুখ ও ধর্ম্ম সঞ্চয়াদি শুভ ফল হইয়া থাকে ॥ ২৮ ॥

অব্দাধিপে সুরগুরৌ কিলমধ্য বীর্য্যে
স্যান্মধ্যমং ফলমিদং নৃপসঙ্গমঞ্চ।
বিজ্ঞান শাস্ত্র পরতাৎপ্যশুভেসরাফে
দারিদ্র্য মর্থবিলয়শ্চ কলত্র পীড়া ॥ ২৯ ॥

মধ্যবলী বৃহস্পতি বর্ষাধিপতি হইলে মধ্যবিধ ফল হয়। আর উক্ত বৃহস্পতির সহিত অশুভ গ্রহের ইসরাফ যোগ হইলে জ্ঞাননাশ ও দারিদ্র্য প্রভৃতি অশুভ ফল হইয়া থাকে ॥২৯

জীবেঽব্দপেঽধমবলে ধন ধর্ম্ম সৌখ্য
হানি স্ত্যজন্তি সুতমিত্রজনাঃ সভার্য্যাঃ।
লোকাপবাদভয়মাকুলতাতিকষ্টং
বৃত্তিস্তনৌ কফরুজো রিপুভীঃ কলিশ্চ ॥৩০॥

হীনবলী বৃহস্পতি বর্ষাধিপতি হইলে ধন, ধর্ম্ম ও সৌখ্য-হানি প্রভৃতি অশুভ ফল হইয়া থাকে ॥ ৩০ ॥

শুক্রেঽব্দপে বলিনি নীরুজতা বিলাস
সচ্ছাস্ত্ররত্নমধুরাশন ভোগতোযাঃ।
ক্ষেম প্রতাপ বিজয়া বনিতাবিলাসো
দাস্যে নৃপাশ্রয়বশেন ধনং সুখঞ্চ ॥ ৩১ ॥

শুক্র বর্ষাধিপতি হইয়া পূর্ণবলী হইলে নীরোগ ও বিলাস প্রভৃতি শুভফল ও দাস্যকার্য্যে এবং রাজাশ্রয়ে ধনলাভ হয় ॥৩১॥

অব্দাধিপে ভৃগু সুতে খলু মধ্যবীর্য্যে
স্যান্মধ্যমং নিখিল মেতদথাল্প বৃত্তিঃ।
গুপ্তঞ্চ দুঃখমখিলং মুনিবদ্ধ বৃত্তিঃ
পাপারিবীক্ষিত যুতে বিপদোঽর্থনাশঃ ॥ ৩২ ॥

মধ্যবলী শুক্র বর্ষাধিপতি হইলে সমস্ত ফল মধ্যবিধ হয়। উক্ত শুক্রের প্রতি অশুভ গ্রহের দৃষ্টি বা যোগ থাকিলে বিপদ্ ও অর্থ নাশ হয় ॥ ৩২ ॥

শুক্রেঽব্দপেঽধমবলে মনসোঽতিতাপঃ
লোকোপহাস বিপদো নিজবৃত্তিনাশঃ।
দ্বেষঃ কলত্র সুতমিত্র জনেযু কষ্টা
দত্রাশনঞ্চ বিফলং ক্রিয়তা ন সৌখ্যং ॥ ৩৩ ॥

বর্ষাধিপতি শুক্র হীনবলী হইলে মনের চাঞ্চল্য ও লোকাপবাদ প্রভৃতি অশুভ ফল জানিবে ॥ ৩৩ ॥

মন্দেঽব্দপে বলিনি নূতন ভূমি বেশ্ম
ক্ষেত্রাপ্তিরর্থ নিচয়ো যবনাবনীশাৎ।
আরামনির্ম্মিতজলাশয়সৌখ্যমঙ্গ
পুষ্টিঃ কুলোচিতপদাপ্তি গুণাগ্রণীত্বং ॥ ৩৪ ॥

শনি বর্ষাধিপতি হইয়া পূর্ণবলী হইলে নূতন ভূমিলাভ প্রভৃতি শুভ ফল হয় ॥ ৩৪ ॥

অব্দাধিপে রবিসুতে খলু মধ্যবীর্য্যে
স্যান্মধ্যমং নিখিল মন্নভুজিস্তু কষ্টাৎ।
দাসোষ্ট্রমাহিষকুলান্ পরতস্তু লাভঃ
পাপং ফলং ভবতি পাপনুগীক্ষণেন ॥ ৩৫ ॥

মধ্যবলী শনি বর্ষাধিপতি হইলে মধ্যবিধ ফল হয় এবং শনির প্রতি পাপ গ্রহের দৃষ্টি বা যোগ সম্ভব হইলে অশুভ ফল হয় ॥ ৩৫ ॥

মন্দে বলেন রহিতেঽব্দপতৌ ক্রিয়াণাং
বধ্যত্বমর্থবিলয়ো বিপদোঽরিভীতিঃ।
স্ত্রীপুত্রমিত্রজনবৈর কদন্ন যুক্তং
সৌম্যেত্থশাল যুজি সৌখ্যমপীষদাহুঃ ॥ ৩৬ ॥

শনি বর্ষাধিপতি হইয়া হীনবলী হইলে, বধ, অর্থ নাশ ও শত্রু ভয় হয়, এবং উক্ত শনির সহিত শুভ গ্রহের ইত্থশাল যোগ থাকিলে কিঞ্চিৎ শুভ হয় ॥ ৩৬ ॥

বর্ষেশ্বরো ভবতি যঃ স্বদশাধিপোঽব্দে
জ্ঞেয়োঽখিলেঽব্দজনুষোর্ব্বলমস্য চিন্ত্যং।
বীর্য্যান্বিতেঽত্র নিখিলং শুভমব্দমাহু
র্হীনেত্বনিষ্টফলতা সমতা সমত্বে ॥ ৩৭ ॥

যে বর্ষে যে গ্রহ বর্ষাধিপতি হইবে সেই গ্রহ জন্মকালে ও বর্ষ প্রবেশ কালে যে রূপ বলবান্ থাকিবে, সেই রূপ ফল প্রদান করিবে অর্থাৎ পূর্ণবলী হইলে শুভ মধ্যবলী হইলে শুভাশুভ মিশ্র এবং হীনবলী হইলে অশুভ ফল হইবে ॥ ৩৭ ॥

যেনেত্থশালোঽব্দপতে র্গ্রহোঽসৌ
স্বীয়স্বভাবাৎ সুফলং দদাতি।

শুভেসরাকে শুভমশুভকিঞ্চিদনিষ্টমেবাশুভমুসরিপেক্ষ ॥৩৮॥ হদ্দে যাদৃশি যঃ খেট আধত্তেঽত্র চ যোমহঃ। জন্মন্যব্দেচ তাদৃক্ চেত্তদাত্মফলদস্তুসৌ ॥ ৩৯ ॥ যোজন্মনি ফলং দাতুং বিভুর্মুসরিফোঽস্য চেৎ। অব্দলগ্নাব্দপতবস্তুস্মিন্নব্দেন তৎফলং ॥ ৪০ ॥ ব্যত্যাসে ফলমাদেশ্যমিত্থশালে বিশেষতঃ। নোভয়ঞ্চেত্তদাপ্যত্তি জন্মাশ্রয়মিতি স্ফুটম্ ॥ ৪১ ॥ পুত্রাধিপো জন্মনি পুত্রভাবং পশ্যন্ সুতং দাতুমসৌ সমর্থঃ। বর্ষে স যত্রাব্দপমুসরিপ ক্ৰী পুত্রস্য নাশো ভবতীতি বর্ষে ॥ ৪২॥

উদাহরণম্।

অব্দেশ্বরো গুরুর্মিত্রহদ্দে মিত্রদৃশা শশী। মহোত্রাদাবমুদৃক্ স বর্ষেঽব্দস্তেন শোভনঃ ॥ ৪৩ ॥ এবমুন্নেয়মন্যচ্চ শুভাশুভ ফলং বুধৈঃ। বলাবল বিবেকেন যোগত্রয় বিমর্শতঃ ॥ ৪৪ ॥

স্বজন্মলগ্নাৎ প্রতিবর্ষমেকৈকরাশিভোগান্মুথহাক্রমেণ।

বর্ষাধিপতি গ্রহের সহিত যে গ্রহের ইথ শাল যোগ থাকিবে সেই গ্রহের স্বভাবানুসারে ফল জানিবে। শুভ গ্রহের সহিত বর্ষাধিপতির ইসরাফ যোগ থাকিলে কিঞ্চিৎ শুভ ও পাপগ্রহের সহিতইসরাফে অশুভ ফল হইবে। ৩৮ ॥ বর্ষাধিপতি গ্রহ জন্ম কালে ও বর্ষ প্রবেশ কালে মিত্র শত্রু হদ্দাদিতে অবস্থিত হইয়া যেরূপগ্রহের সহিত ইথশাল যোগ থাকিবে সেই রূপ ফল প্রদান করিবে ॥ ৩৯ ॥ জন্ম কালে যে গ্রহ যেরূপ ফলপ্রদ ছিলেন তাঁহার সহিত যদি বর্ষলগ্নাধিপতি বা বর্ষাধিপতির ইসরাফ যোগ থাকে তবে সেইরূপ ফল দিবে না। ইথশাল যোগ থাকিলে শুভ ফল হইবে। ইথশাল ও ইসরাফ উভয় যোগ না থাকিলে জন্মকালের গ্রহ স্বীয় অবস্থানুযায়ী ফল প্রদান করিবে ॥ ৪০। ৪১ ॥ জন্ম কালে পুত্রস্থানাধিপতি যদি পুত্র স্থানকে দৃষ্টি করে তবে পুত্রলাভ হয় কিন্তু বর্ষাধিপতির সহিত ইসরাফ যোগ থাকিলে পুত্র নাশ হয় ॥ ৪২ ॥

বর্ষাধিপতি বৃহস্পতি মিত্র হদ্দায় অবস্থিত আছেন, তৎকালে চন্দ্র মিত্রদৃষ্টি দ্বারা বৃহস্পতিকে দৃষ্টি করিতেছেন এবং চন্দ্রের সহিত ইথশাল যোগ আছে ইহাতে শুভ ফল হইবে ॥৪৩॥ এই রূপ অন্যান্য ভাবেরও ইথশাল ইসরাফ, এবং কম্বুল যোগের বিচার করিয়া গ্রহগণের বলাবল বিবেচনায় শুভাশুভ ফল স্থির করিবে ॥ ৪৪ ॥

স্বজন্মলগ্নং রবিভক্তবাস্তং শরদ্বুতং সা তনুখেন্থিহা স্যাৎ ॥ ৪৫ ॥ প্রত্যহং শরলিপ্তাভির্বর্দ্ধতে সানুপাততঃ। সার্দ্ধমংশদ্বয়ং মাসে ইত্যাহুঃ কেঽপি সূরয়ঃ ॥ ৪৬ ॥ স্বামিসৌম্যেক্ষণাৎ সৌখ্যং ক্রূরদৃষ্ট্যা ভয়ং রুজঃ। তাবালোকনসংযোগাৎ ফলমস্য নিরূপ্যতে ॥ ৪৭ ॥ বর্ষ লগ্নাৎ সুখান্তান্ত্যারিপুবন্ধ্রে ষশোভনা। পুণ্যকর্ম্মায়গা সাম্যং দত্ত্যেন্যত্রোদ্যমাদ্ধনং ॥ ৪৮ ॥

এই সকল শ্লোক পূর্ব্বে একবার লিখিত হইয়াছে; সেই স্থানে ইহার বাঙ্গলা অর্থও দেওয়া গিয়াছে। গ্রন্থে এই স্থলেও পুনর্ব্বার এই সকল বচন দৃষ্ট হওয়াতে বচন মাত্র লিখিত হইল ॥ ৪৫—৪৮ ॥

অথ মুন্থা ভাবফলং।

শত্রুক্ষয়ং মানসুতাশ্বলাভং প্রতাপবৃদ্ধিং নৃপতেঃ প্রসাদং। শরীরপুষ্টিং বিবিধোদ্যমাংশ্চ দদাতি বিত্তং মুথহা তনুস্থা ॥১॥ উৎসাহতোর্থাগমনং যশশ্চ স্ববন্ধু সম্মান নৃপাশ্রয়াশ্চ। মিষ্টান্নভোগো বলপুষ্টিসৌখ্যং স্যাদর্থ ভাবে মুথহা যদাব্দে ॥ ২ ॥ পরাক্রমাদ্বিত্তযশঃসুখানি সৌন্দর্য্যসৌখ্যং দ্বিজদেবপূজা সর্ব্বোপকারস্তনুপুষ্টি কীর্ত্তির্নৃপাশ্রয়শ্চেন্মুথহা তৃতীয়া ॥ ৩ ॥ শরীর পীড়া রিপুভীঃ স্ববর্গবৈরং মনস্তাপনিরুদ্যমত্বং। স্যান্মুন্থহায়াং সুখভাবগায়াং জনাপবাদাময়বৃদ্ধিদুঃখং ॥ ৪ ॥ যদীন্থিহা পঞ্চমগাব্দবেশে সদ্বুদ্ধিসৌখ্যাত্মজবিত্তলাভঃ। প্রতাপবৃদ্ধির্বিবিধা বিলাসা দেবদ্বিজার্চ্চা নৃপতেঃ প্রসাদঃ ॥ ৫ ॥ কৃশত্বমঙ্গেষু রিপূদয়শ্চ ভয়ং রুজস্তস্করতো নৃপাদ্বা। কার্য্যার্থনাশো মুথহারিগাচেদ্ দুর্ব্বুদ্ধিরদ্ধিঃ স্বকৃতোঽনুতাপঃ ॥ ৬ ॥ কলত্রবন্ধুব্যসনারি-

যে বর্ষে লগ্নেতে মুন্থা হইবে সেই বর্ষে শত্রুক্ষয়, মান, পুত্র ও অশ্বলাভ, প্রতাপবৃদ্ধি প্রভৃতি শুভ ফল হয় ॥ ১ ॥ ধন ভাবে মুন্থাহইলে উৎসাহবৃদ্ধি, অর্থাগম ইত্যাদি এবং তৃতীয় ভাবে মুন্থা হইলে স্বীয় পরাক্রম দ্বারা বিত্ত, যশ, ও সুখ লাভ প্রভৃতি শুভ ফল হইবে ॥ ২ । ৩ ॥ বন্ধুভাবে মুন্থা হইলে শরীরপীড়া, শত্রু ভয়, আত্মীয়গণেরসহিত বিবাদ প্রভৃতি অশুভ ফল জানিবে ॥ ৪ যে বর্ষে পঞ্চম ভাবে মুন্থা হইবে সেই বর্ষে সদ্বুদ্ধি, সৌখ্য, ও পুত্র লাভ ইত্যাদি শুভ ফল হইবে ।। ৫ ॥ ষষ্ঠ ভাবে মুন্থা হইলে শরীরের কৃশতা, শত্রুবৃদ্ধি, ও রোগ ইত্যাদি। সপ্তম ভাবে মুন্থা হইলে স্ত্রী, পুত্র ও বন্ধুনাশ, প্রভৃতি অশুভ ফল

ভীতিকংসাহসঙ্গো ধনধর্মনাশঃ। দ্যূনোপগাচেন্মুথহাতনোঃ স্যাৎ কজামনো মোহ বিকদ্ধ চেষ্টা ॥ ৭ ॥ ভয়ং রিপো-স্তস্করতো বিনাশো ধর্মার্থয়োর্ব্যসনাময়শ্চ। মৃত্যুস্থিতা চেন্মুথহা নরাণাং বলক্ষয়ঃ স্যাদ্‌গমনং সুদূরে ॥ ৮ ॥ স্বামিত্বমর্থোপগমো নৃপেভ্যো ধর্মোৎসবঃ পুত্র কলত্র সৌখ্যং। দেবদ্বিজার্চ্চা পরমং যশশ্চ ভাগ্যোদয়ো ভাগ্যগতেস্থিহায়াং ॥ ৯ ॥ নৃপ প্রসাদং স্বজনোপকারং সৎ কর্ম্ম সিদ্ধির্দ্বিজদেবভক্তিম্। যশোভিবৃদ্ধিং বিবিধার্থ লাভং দত্তেঽম্বরস্থামুথহা পদাপ্তিম্ ॥ ১০ ॥ যদীস্থিহা লাভ গতা বিলাস সৌভাগ্য নৈকজ্য মনঃ প্রসাদাঃ। ভবন্তি রাজাশ্রয়তো ধনানি সম্মিত্রপুত্রাভিমতাপ্তয়শ্চ ॥ ১১ ॥ ব্যয়োঽধিকো দুষ্টজনৈশ্চ সঙ্গো কজাতনৌ বিক্রমতোঽপ্য সিদ্ধিঃ। ধর্মার্থহানির্মুথহা ব্যয়স্থা যদা তদা সজ্জনতোঽপিবৈরং ॥ ১২ ॥ ক্রূরৈর্দৃষ্টঃ ক্ষুতদৃশা যো ভাবো মুথহাত্র চেৎ। শুভং তদ্ভাবজং নশ্যেদশুভঞ্চাপি বর্দ্ধয়েৎ ॥ ১৩ ॥ শুভ স্বামিযুক্তেক্ষিতা বীর্য্যযুক্তেস্থিহাস্বামিসৌম্যে-থশালং প্রপন্না শুভং ভাবজং পোষয়েন্নাশুভং সান্যথাত্বে ন্যথাভাব উহ্যো বিমৃশ্য ॥ ১৪ ॥ জন্মুর্লগ্নতোঽস্তান্ত্যষণ্-

হইয়া থাকে ॥ ৬ ॥ ৭ ॥ অষ্টম ভাবে মুন্থা হইলে শত্রু ও তস্কর হইতে ভয়, ধর্মার্থ নাশ ইত্যাদি অশুভ ফল ॥ ৮ ॥ নবম ভাবে মুন্থা হইলে স্বামিত্ব, অর্থাগম, ধর্মোৎসব, প্রভৃতি। এবং দশম ভাবে মুন্থা হইলে রাজ প্রসাদ পরোপকার ও সৎকার্য্য সিদ্ধি প্রভৃতি। এবং একাদশ ভাবে মুন্থা হইলে বিলাস, সৌভাগ্য, ও নীরোগিতা প্রভৃতি শুভ ফল জানিবে ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥ দ্বাদশ ভাবে মুন্থা হইলে অধিক ব্যয়, দুষ্ট জনের সহিত সংসর্গ, শরীর পীড়া স্বীয় বিক্রম হেতু অর্থলাভ, ধর্ম্মার্থ হানি ও সর্ব্বদা লোকের সহিত বিরোধ হইয়া থাকে ॥ ১২ ॥ বর্ষ প্রবেশ কালে যে কোন ভাব পাপগ্রহ কর্ত্তৃক ক্ষুতদৃষ্টি দ্বারা দৃষ্ট হইবে সেই ভাবে যদি মুন্থা থাকে তবে সেই ভাবের কথিত শুভ ফলের নাশ ও অশুভ ফলের বৃদ্ধি হইবে ॥ ১৩ ॥ শুভ গ্রহ ও স্বামি গ্রহের যোগ, দৃষ্টি ও ইথশালযোগ দ্বারা মুন্থার বল জানিবে। বলবিশিষ্ট মুন্থা যে ভাবগত হইবে, সেই ভাবের শুভ ফল হইবে, ইহার বিপরীতে অর্থাৎ পাপযুক্ত, পাপ দৃষ্ট, পাপ মুথশিলাদি যোগে অশুভ ফল হইবে ॥ ১৪ ॥ জন্ম লগ্নের

মৃত্যু বন্ধু স্থিতাব্দে হতা ক্রূরখেটৈস্তু সাচেৎ। বিনশ্যেৎ স গত্রেস্থিহাভাব এবং শুভ স্বামি দৃষ্টৌ ন নাশঃ শুভঞ্চ ॥ ১৫ ॥ যদোভয়ত্রাপি হতা ভাবো নশ্যেৎ স সর্ব্বথা। উভয়ত্র শুভত্বেতু ভাবোঽসৌবর্দ্ধতেতরাম্ ॥ ১৬ ॥ বর্ষেপ্যনিষ্টগেহস্থা যদ্ভাবে জনুষিস্থিতা। ক্রূরোপ ঘাতাত্তং ভাবং নাশয়েচ্ছুভযুক্ শুভা ॥ ১৭ ॥

উদাহরণ।

জন্মুর্লগ্নত সুর্য্যগা সৌম্যযুক্তাব্দবেশে পিতৃদ্রব্য লাভং বিধত্তে। নৃপাদ্ভীতিদা পাপযুক্তাতিকষ্টাষ্টমাদাবপীত্থং বিমর্শো বিধেয়ঃ ॥ ১৮ ॥ যস্মিন্ ভাবে স্বামিসৌম্যেক্ষিতা চেদ্ভাবো জন্মন্যেষ যত্তস্য বৃদ্ধিঃ। এবং পাপৈর্নাশ উক্তস্তু তস্মেত্ত্যাব্দং বীর্য্যাব্দবর্ষপঃ সৌখ্যমেব ॥ ১৯ ॥ যদীস্থিহা সূর্য্য গৃহেযুতা বা সূর্য্যেণ রাজ্যং নৃপসঙ্গমঞ্চ। দত্তেগুণানাং পরমা মবাপ্তিং স্থানান্তরস্থেতি ফলং দৃশোপি ॥ ২০ ॥ চন্দ্রেণ

চতুর্থ, ষষ্ঠ, সপ্তম, অষ্টম বা দ্বাদশস্থ হইয়া বর্ষ প্রবেশ কালে সেই রূপ মুন্থা যদি পাপযুক্ত, পাপ দৃষ্ট কিম্বা পাপ গ্রহের সহিত ইথশাল বা ইসরাকাদি যোগ থাকে তবে সেই ভাবের ফলনাশ করিবে আর শুভ গ্রহ বা স্বামি গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে শুভ ফল হইবে ॥ ১৫ ॥ জন্মকালে ও বর্ষ প্রবেশ কালে অশুভ ভাবস্থ মুন্থা পাপ যুক্ত হইলে সেই ভাবের অশুভ ফল জানিবে। এবং উভয় লগ্নের শুভ স্থানস্থ হইলে সেই ভাবের শুভ ফল জানিবে ॥ ১৬ বর্ষপ্রবেশকালে লগ্ন হইতে অশুভ ভাবস্থ মুন্থা যদি জন্ম লগ্ন হইতেও বিরুদ্ধ স্থানস্থ হয় এবং পাপযুক্ত বা পাপদৃষ্ট হয় তবে সেই ভাবের নাশ হয় ॥ ১৭ ॥

যাহার জন্মকালের লগ্ন হইতে চতুর্থ স্থানস্থ মুন্থা যদি শুভ গ্রহ যুক্ত হয় তবে পিতৃদ্রব্য লাভ হয়, যদি পাপযুক্ত হয় তবে রাজ ভয় ও অতি কষ্ট হয় এই রূপ অন্য ভাবেরও শুভাশুভ ফল বিবেচনা করিয়া আদেশ করিবে ॥ ১৮ ॥ বর্ষ প্রবেশ কালের লগ্ন হইতে যে ভাবে স্বামিগ্রহ বা শুভগ্রহযুক্ত মুন্থা থাকিবে সেই ভাব চিহ্নিত ফলের শুভ হইবে, এবং জন্মকালের লগ্ন হইতে যে ভাবগত হইবে সেই ভাব চিহ্নিত ফলের শুভ হইবে, পাপ যুক্ত হইলে সেই ফলের নাশ হইবে কিন্তু যদি বর্ষাধিপতি বলবান হইয়া শুভ ফলদায়ক হন, তবে মুন্থাজনিত অশুভ ফল হইবে না ॥ ১৯ ॥ সূর্য্যের গৃহে অর্থাৎ সিংহে

যুক্তেন্দুগৃহেথদৃষ্টেন্দুনাপি বা ধর্ম্ম যশোভিবৃদ্ধিম্। নৈকজ্য সন্তোষমতিপ্রবৃদ্ধিং দদাতি পাপেক্ষণতোঽতি দুঃখং ॥ ২১ ॥ কুজেন যুক্তা কুজভে কুজেন দৃষ্টা চ পিত্তোঽস্র কজং করোতি। শস্ত্রাভিঘাতং রুধিরপ্রকোপং সৌরীক্ষিতা সৌরিগৃহে বিশেষাৎ। ২২ বুধেন শুক্রেণ যুতেক্ষিতাবা তদ্ভেপি বা স্ত্রীমতিলাভসৌখ্যম্। ধর্ম্মং যশশ্চাপ্যতুলং বিধত্তে কষ্টঞ্চ পাপেক্ষণযোগতঃ স্যাৎ ॥ ২৩ ॥ যুতেক্ষিতা বা গুরুণা গুরোর্ভে যদীন্থিহা পুত্রকলত্রসৌখ্যম্। দদাতি হেমাম্বরবস্ত্রভোগং শুভেত্থশালাদিহ রাজ্যলাভঃ ॥ ২৪ ॥ শনের্গৃহে তেন যুতেক্ষিতা বা যদীন্থিহা বাতরুজং বিধত্তে। মানক্ষয়ং বহ্নিভয়ং ধনস্য হানিঞ্চ জীবেক্ষণতঃ শুভাপ্তিঃ ॥ ২৫ ॥ তমোমুখে চেন্মুথহা ধনাপ্তিং যশঃসুখং ধর্ম্মসমুন্নতিঞ্চ। সিতেজ্যযোগেক্ষণতঃ পদাপ্তিং সুবর্ন রত্নাম্বর লব্ধয়শ্চ ॥ ২৬ ॥ ভোগ্যা রাহোর্বাস্তস্য মুখং পৃষ্ঠং গতা লবাঃ। ততঃ সপ্তমভং পুচ্ছং বিমৃশ্যেতি ফলং বদেৎ ॥ ২৭ ॥ তৎপৃষ্ঠভাগেন শুভপ্রদঃ স্যাত্তৎ পুচ্ছ ভাগাদ্রিপুভীতি কষ্টম্। পাপেক্ষণাদর্থসুখস্য হানিশ্চেজ্জন্মনীত্থং গৃহ বিত্তনাশঃ ॥ ২৮ ॥

যে জন্মকালে বলিনোঽব্দকালে চেদ্দুর্বলাস্তৈরশুভং সমাস্তে। বিপর্য্যয়ে পূর্ব্বমনিষ্টমুক্তং তুল্যং ফলংস্যাদ্ভয়ত্র সাম্যে ॥ ২৯ ॥ ষষ্ঠেঽষ্টমেঽন্ত্যে ভুবিবেন্থিহেশোঽস্তগোঽথ বক্রো শুভ দৃষ্ট যুক্তঃ। ক্রূরাচ্চতুর্থাস্তগতশ্চ ভব্যোনস্যাদ্রুজং যচ্ছতি বিত্তনাশম্ ॥ ৩০ ॥ যদ্যষ্টমেশেন যুতোঽথদৃষ্টঃ ক্ষুতাখ্য দৃষ্ট্যা ন শুভস্তদাপি। যোগদ্বয়ে স্যান্নিধনং যদৈক যোগস্তদা মৃত্যুসমত্বমাহুঃ ॥ ৩১ ॥ মুথহা তৎপতির্ব্বাপি জন্মনীক্ষিতযুক্ শুভৈঃ। বর্ষারম্ভে শুভং ধত্তেঽব্দে চেদন্যোঽন্যথা শুভং ॥ ৩২ ॥

রাশিতে মুন্থা হইলে অথবা সূর্য্য ও মুন্থা এক গৃহে থাকিলে রাজ্য, রাজসঙ্গম, গুণের উৎকর্ষতা ও স্থান লাভ হয়। এবং মুন্থাতে সূর্য্যের দৃষ্টি থাকিলেও এই রূপ ফল জানিবে ॥ ২০ ॥ চন্দ্রগৃহে অর্থাৎ কর্কটে মুন্থা পতিত হইলে অথবা চন্দ্রের সহিত মুন্থার যোগ থাকিলে কিম্বা মুন্থা চন্দ্র কর্তৃক দৃষ্ট হইলে নীরোগ ও সন্তোষ লাভ হয়। উক্ত মুন্থাতে পাপ গ্রহের দৃষ্টি থাকিলে অতিদুঃখ হয় ॥ ২১ ॥ মুন্থা মঙ্গলগৃহস্থিত, মঙ্গলযুক্ত অথবা মঙ্গল দৃষ্ট হইলে পিত্তরোগ, অস্ত্রাঘাত ও রক্তস্রাব হইয়া থাকে। শনি গৃহস্থিত বা শনি দৃষ্ট মুন্থা মঙ্গল যুক্ত হইলেও উক্ত রূপ ফল হইবে ॥ ২২ ॥ বুধ বা শুক্র গৃহস্থিত মুন্থাতে বুধ বা শুক্রের দৃষ্টি কিম্বা যোগ হইলে স্ত্রীর বুদ্ধি দ্বারা লাভ, সুখ, ধর্ম্ম ও যশ হয়। পাপ গ্রহেরদৃষ্টি বা যোগ থাকিলে অতিশয় কষ্ট হয় ॥ ২৩ ॥ মুন্থা বৃহস্পতির গৃহস্থিত, বৃহস্পতি কর্তৃক দৃষ্ট বা যুক্ত হইলে স্ত্রী পুত্র সুখ, সুবর্ণ ও বস্ত্র লাভ হয়। এবং উক্ত রূপ মুন্থার সহিত শুভ গ্রহের ইত্থশাল সম্ভব হইলে রাজ্য লাভ হইয়া থাকে ॥ ২৪ ॥ মুন্থা শনি গৃহস্থিত, শনি যুক্ত বা শনি দৃষ্ট হইলে বাতরোগ, মানহানি, অগ্নিভয়, ধনক্ষয়, হইয়া থাকে, এবং উক্ত মুন্থাতে বৃহস্পতির দৃষ্টি থাকিলে শুভ ফল হয় ॥ ২৫ ॥ মুন্থা রাহুর মুখস্থিত হইলে ধন লাভ, যশ, সুখ ও ধর্ম্মের উন্নতি হয়। এবং উক্ত রূপ মুন্থাতে বৃহস্পতি বা শুক্রের দৃষ্টি কিম্বা যোগ থাকিলে উচ্চপদ, সুবর্ণ, রত্ন ও বস্ত্র লাভ হয় ॥ ২৬ ॥ যে রাশিতে রাহু থাকে সেই রাশির যত অংশ রাহুর ভোগ হইবে তাহা রাহুর মুখ আর যত অংশ ভোগ হইয়াছে তাহা রাহুর পৃষ্ঠ, এবং ভোগ্য রাশির সপ্তমরাশি রাহুর পুচ্ছ এই সকল বিবেচনা করিয়া ফল নির্ণয় করিবে ॥ ২৭ ॥ মুন্থা রাহুর পৃষ্ঠস্থিত হইলে শুভ, পুচ্ছে হইলে শত্রুভয়, ও কষ্ট হয়। উক্ত মুন্থাতে পাপ গ্রহের দৃষ্টি থাকিলে সুখ হানি হইয়া থাকে। জন্ম কালে এই রূপ মুন্থা হইলে গৃহ ও বিত্ত নাশ হয় ॥ ২৮ ॥

গ্রহগণ জন্মকালে বলবান হইয়া যদি বর্ষ প্রবেশ কালে দুর্ব্বল হয় তবে বর্ষের প্রথমার্দ্ধে শুভ শেষার্দ্ধে অশুভ ফল; আর জন্মকালে দুর্ব্বল বর্ষ প্রবেশ কালে বলবান হইলে প্রথমার্দ্ধে অশুভ শেষার্দ্ধে শুভ হয় ॥ ২৯ ॥ যদি মুন্থাস্বামী বর্ষলগ্ন হইতে চতুর্থ ষষ্ঠ অষ্টম বা দ্বাদশস্থিত হইয়া অস্তগত, বক্রী বা পাপগ্রহ কর্তৃক দৃষ্ট বা যুক্ত হয় ও পাপ গ্রহ হইতে চতুর্থ বা সপ্তম স্থানস্থিত হয় তবে শুভ হয় না রোগ ও ধনক্ষয় হয় ॥ ৩০ ॥ যদি মুন্থাধিপতি বর্ষ লগ্নের অষ্টমাধিপতির সহিত একত্রস্থিত অথবা অষ্টমাধিপতি কর্তৃক ক্ষুত দৃষ্টি দ্বারা দৃষ্ট হয় তাহাতেও শুভ হয় না এই দুইটী যোগ যদি সমকালে হয় তাহাতে মৃত্যু হয় একটী যোগ মৃত্যুতুল্য দুঃখ দায়ক ॥ ৩১ ॥ মুন্থা ও মুন্থাপতি জন্মকালে শুভ যুক্ত ও শুভ দৃষ্ট হইয়া বর্ষ প্রবেশকালে অশুভ হইলে বর্ষের প্রথমার্দ্ধে শুভ ও শেষার্দ্ধে কষ্ট আর জন্মকালে অশুভ, বর্ষকালে শুভ হইলে, প্রথমার্দ্ধে অশুভ শেষার্দ্ধে শুভ জানিবে ॥ ৩২ ॥

অথ বর্ষরিষ্টবিচার।

লগ্নেশেঽষ্টমগেষ্টেশে তন্মুন্থে বা কুজেক্ষিতে। জ্ঞ শুক্রয়োরস্তগয়োঃ শস্ত্রাঘাতো বিপন্মৃতিঃ ॥ ১॥ অব্দ লগ্নেশরন্ধ্রেশৌ ব্যয়াষ্টহিবুকোপগৌ। মুথহা সংযুতৌ মৃত্যুপ্রদৌ তদ্ধাতু কোপতঃ॥ ২॥ জন্ম লগ্নাধিপো বীর্য্যো মৃতীশোঽব্দেঽস্তগো যদা। সূর্য্য দৃষ্টোমৃতিং ধত্তে কুষ্ঠ কণ্ডূং তথা পদঃ ॥ ৩॥ অস্তগৌ মুথহালগ্ননাথৌ মন্দেক্ষিতৌ যদা। সর্ব্বনাশো মৃতিঃ কষ্টমাধিব্যাধিভয়ং ক্রমঃ॥ ৪॥ ক্রূরমুসরিফোঽব্দেশে জন্মেশঃ ক্রূরিতঃ শুভৈঃ। কম্বূলেপি বিপন্মৃত্যু রিত্থমন্যাধিকারিতঃ ॥ ৫॥ ক্রূরা বীর্য্যাধিকাঃ সৌম্যা নির্ব্বলারিপুরন্ধ্রগাঃ। তদাধি ব্যাধিভীতিঃ স্যাৎ কলির্হানি স্তথা বিপৎ ॥ ৬॥ নীচে শুক্রো গুরুঃ শত্রুভাগে সৌখ্য লবোপি ন। লগ্নেশেষ্ট-মগেষ্টেশে তনৌ বা মৃতি মাদিশেৎ ॥৭॥ নির্ব্বলো ধর্ম্ম-বিত্তেশৌ দুষ্টখেটাস্তনৌ স্থিতাঃ। লক্ষ্মীশ্চিরার্জ্জিতা নশ্যেদ্‌ যদি শক্রোপি রক্ষিতা॥৮॥ নীচে চন্দ্রেঽস্তগাঃ সৌম্যা বিয়োগঃ স্বজনৈঃ সহ। শরীর পীড়া মৃত্যুর্ব্বা সাধি ব্যাধি ভয়ং ক্রতম্॥ ৯॥ অব্দলগ্নং জন্ম লগ্নং রাশিভ্যামষ্টমং যদা। কষ্টং মহাব্যাধিভয়ং মৃত্যুঃ পাপ যুতেক্ষণাৎ॥ ১০॥ জন্মন্যষ্টমগঃ পাপো বর্ষলগ্নেক্ষগাধিকঃ। চন্দ্রাব্দলগ্নপৌ নষ্টবলৌ চেৎস্যাত্তদা মৃতিঃ॥১১॥ জন্মাব্দলগ্নপৌ পাপযুক্তৌ পতিত ভস্থিতৌ। রোগাধিদৌ মৃত্যুকরাবস্তগৌ নেক্ষিতৌ শুভৈঃ॥ ১২॥ ব্যয়াম্বু নিধনারিস্থা জন্মেশাব্দপ মুন্থহাঃ। একর্ক্ষগাস্তদা মৃত্যুঃ পাপকৃত দৃশা ধ্রুবং॥ ১৩॥ চন্দ্রোব্যয়ে শনি যুতঃ শুক্রঃ ষষ্ঠোঽর্থনাশকৃৎ। চিত্তবৈকল্যম শুভেসরাফাম্নশুভে-

---

বর্ষলগ্নাধিপতি বর্ষলগ্ন হইতে অষ্টম স্থানস্থিত হইয়া যদি মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হন এবং বর্ষলগ্নের অষ্টমাধিপতি বর্ষ লগ্নস্থিত হইয়া যদি মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হন এবং বুধ ও শুক্র গ্রহ অস্ত থাকেন তবে শস্ত্রাঘাত, পীড়া বা মৃত্যু হয়॥ ১॥ বর্ষ লগ্নাধিপতি ও বর্ষলগ্নের অষ্টমাধিপতি এই উভয় বর্ষলগ্ন হইতে চতুর্থ, সপ্তম বা দ্বাদশস্থানস্থিত হইয়া মুন্থারসহিত যুক্ত হন, তবে ঐ উভয় গ্রহের ধাতুর পূর্ব্ব কথিত বাতপিত্তকফাদি বিকার দ্বারা মৃত্যু হয়॥ ২॥ জন্ম কালের লগ্নাধিপতি গ্রহ যদি বর্ষপ্রবেশ কালে হীন বলী হয় এবং বর্ষলগ্নের সপ্তমাধিপতি যদি বর্ষ লগ্নের সপ্তমস্থিত হইয়া রবিকর্ত্তৃক দৃষ্ট হয় তবে মৃত্যুফল বা কুষ্ঠ ও কণ্ডুরোগ প্রভৃতি আপদ ঘটনা হয়॥ ৩॥ মুন্থাধিপতি ও বর্ষলগ্নাধিপতি অস্তথাকিয়া শনি কর্ত্তৃক দৃষ্ট হইলে স্ত্রীপুত্রাদির নাশ, মৃত্যু, কষ্ট, শোক ও ব্যাধি ভয় হয়॥৪॥ বর্ষাধিপতির সহিত পাপগ্রহের ইসরাফ যোগ এবং জন্মলগ্নস্বামী ক্রূরিত অর্থাৎ অস্তগত ও শুভ গ্রহের কম্বূল যোগ থাকিলে বিপদ্‌ ও মৃত্যু ফল হয়, এইরূপ অন্যাধিকারীর সহিত অর্থাৎ অব্দ লগ্নও মুন্থা স্বামী প্রভৃতির সহিত পূর্ব্বরূপ ঘটনা হইলেও পূর্ব্ব তুল্য ফল হইবে॥ ৫॥ বর্ষপ্রবেশ সময়ে পঞ্চবর্গি বল দ্বারা পাপগ্রহ বলবান শুভ গ্রহ বলহীন হইয়া বর্ষ লগ্নের ষষ্ঠ বা অষ্টমস্থানস্থিত হয়, তবে শোক, ব্যাধিভয় ও পাপ ইত্যাদি অশুভ ফল হয়॥ ৬॥ শুভ গ্রহ যে কোন ভাব স্থিত হইয়া যদি নীচ রাশি অর্থাৎ কন্যা রাশিতে থাকেন এবং বৃহস্পতি যে কোন ভাবস্থিত হইয়া শত্রু গৃহে বা নীচাংশে থাকেন, তবে সেই বর্ষে কিঞ্চিন্মাত্র সুখ হয় না। আর বর্ষ লগ্নাধিপতি বর্ষলগ্নের অষ্টমস্থ হইলে এবং অষ্টমাধিপতি লগ্নস্থ হইলে মৃত্যু ফল হয়॥ ৭॥ বর্ষলগ্নের দ্বিতীয়াধিপতি ও নবমাধিপতি যদি হীনবলী ও পাপগ্রহ বর্ষলগ্নগত হইলে বহুকালসঞ্চিত ধনের নাশ হয়, ইন্দ্র রক্ষা করিলেও তাহার অন্যথা হয় না॥৮॥ যে কোন ভাবস্থিত চন্দ্র নীচ রাশিতে থাকিলে, শুভ গ্রহ অর্থাৎ বুধ গুরু ও শুক্র যদি অস্তগত থাকেন তবে আত্মীয় জনের বিয়োগ, শরীর পীড়া, মৃত্যু, শোক ও ব্যাধিভয় শীঘ্রই হয়॥৯ জন্ম লগ্ন বা জন্ম রাশি হইতে অষ্টম স্থানে বর্ষলগ্ন হইলে কষ্ট ও ব্যাধি ভয় হয়। ঐ বর্ষলগ্ন পাপগ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইলে মৃত্যু হয়॥ ১০॥ জন্ম কালে যে কোন পাপগ্রহ লগ্নহইতে অষ্টম স্থানস্থিত ছিলেন, সেই গ্রহ যদি বর্ষপ্রবেশ কালে লগ্নস্থিত হন তবে রোগ ও শোক হয়। বর্ষপ্রবেশ কালের চন্দ্রধাম্ন ধিপতি ও লগ্নাধিপতি নষ্টবলী হইলে মৃত্যু হয়॥ ১১॥ জন্ম লগ্ন স্বামী ও অব্দ লগ্ন স্বামী পাপযুক্ত হইয়া বর্ষলগ্নের চতুর্থ ষষ্ঠ, সপ্তম, দ্বাদশ স্থানস্থিত হইলে রোগ শোক হয় আর যদি শুভ গ্রহের দৃষ্টি না থাকে ও অস্তগত হন, তবে মৃত্যু প্রদ হন॥ ১২॥ বর্ষ লগ্নের চতুর্থ, ষষ্ঠ, অষ্টম, দ্বাদশ স্থানের মধ্যে কোন একস্থানে জন্মলগ্নপতি, বর্ষপতি ও মুন্থা থাকিলে মৃত্যু হয়, তাহাতে পাপগ্রহের ক্ষুতদৃষ্টি হইলে নিশ্চয় মৃত্যু হয়॥১৩

ক্ষণাৎ ॥১৪॥ চন্দ্রোঽর্কমণ্ডলগতো রিপুরিপ্‌ফাষ্ট বন্ধুগঃ। ত্রিদোষতস্তস্য রুজা বিবুধেজ্যদৃশা শুভম্‌ ॥১৫॥ হদ্দাহায়নলগ্নেশৌ সপ্তাষ্টান্ত্যে খলান্বিতৌ। স্বদশায়াং নিধনদৌ শুভদৃষ্ট্যা শুভং বদেৎ ॥ ১৬॥ অব্দলগ্নাদৃজ্বনৃজূ ব্যয়ার্থস্থৌ রুজা তদা। এবং বর্ষাব্দলগ্নেশজন্মেশৈরপি বন্ধনং ॥ ১৭ ॥ নীচে ত্রিরাশিপে পাপদৃষ্টে কার্য্যং বিনশ্যতি। ইন্থিহেশেঽব্দপে বারিভেঽস্তং যাতে রুজো বিপৎ ॥ ১৮॥ চন্দ্রো রিপ্‌ফষড়ষ্টভূদ্যুনগতোদৃষ্টোঽশুভৈর্নো শুভৈঃ সোঽরিষ্টং বিদধাতি মৃত্যুমথবা ভৌমেক্ষণাদগ্নিভীঃ। শস্ত্রাদ্বা শনিরাহুকেতুভি ররের্ভীতিং কুজাদ্বায়ুজাং দারিদ্র্যং রবিণা শুভং শুভদৃশেজ্যালোকনাদা-

বর্ষপ্রবেশ লগ্নের দ্বাদশ স্থানে শ ি ও চন্দ্র, ষষ্ঠ স্থানে শুক্র থাকিলে অর্থনাশ হয়। এবং উক্ত দ্বাদশস্থ চন্দ্র ও ষষ্ঠস্থ শুক্রের সহিত পাপ গ্রহের ইসরাফ যোগ হইলে বুদ্ধির বিকলতা হয়। এই চন্দ্র ও শুক্রের প্রতি শুভ গ্রহের দৃষ্টি থাকিলে বুদ্ধির বৈকল্য ঘটে না ॥ ১৪ ॥ অস্তগত চন্দ্র বর্ষ প্রবেশ লগ্নের চতুর্থ, ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থিত হইলে ত্রিদোষ বিকার হয়। যদি চন্দ্রের প্রতি বৃহস্পতির দৃষ্টি থাকে তবে শুভ ফল হয় ॥ ১৫ ॥ বর্ষপ্রবেশ লগ্নের হদ্দাধিপতি ও লগ্নাধিপতি যদি ঐ লগ্নের সপ্তম, অষ্টম বা দ্বাদশ স্থানস্থিত হইয়া পাপযুক্ত হয়, তবে উক্ত হদ্দাধিপতি ও লগ্নাধিপতির দশাতে মৃত্যু হয়। শুভ গ্রহের শুভ দৃষ্টি থাকিলে শুভ ফল হয় ॥ ১৬ ॥ বর্ষপ্রবেশ লগ্নের দ্বাদশস্থানে মার্গী পাপগ্রহ ও দ্বিতীয় স্থানে বক্রী পাপগ্রহ থাকিলে রোগ হয়। এইরূপ বর্ষ লগ্নাধিপতি, বর্ষাধিপতি ও জন্ম লগ্নাধিপতি, যে যে স্থানে থাকিবে তাহাদের দ্বাদশে মার্গী ও দ্বিতীয় স্থানে বক্রী গ্রহ থাকিলে বন্ধন হয়, ইহার নাম কর্ত্তরী যোগ ॥ ১৭ ॥ ত্রিরাশিপতি গ্রহ নীচস্থিত হইয়া পাপ দৃষ্ট হইলে চিন্তিত কার্য্য বিনষ্ট হয়। মুন্থাধিপতি বা বর্ষাধিপতি শত্রুক্ষেত্রস্থ হইয়া নীচগত হইলে রোগ দ্বারা বিপদ হয় ॥ ১৮ ॥ চন্দ্র বর্ষপ্রবেশ লগ্নে, কিম্বা ষষ্ঠ, সপ্তম, অষ্টম বা দ্বাদশ স্থানে স্থিত হইয়া পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট ও শুভ গ্রহ কর্ত্তৃক অদৃষ্ট হইলে বিপদ অথবা মৃত্যু হইয়া থাকে। উক্তরূপ চন্দ্রে মঙ্গলের দৃষ্টি থাকিলে অগ্নিভয় শনি, কেতু বা রাহুর দৃষ্টি থাকিলে ক্রমত অস্ত্রভয়, শত্রু ভয়, ও বায়ু জন্য রোগ; রবির দৃষ্টি থাকিলে ধননাশ হয়। আর

দিশেৎ ॥ ১৯॥ ক্রূরান্বিতেক্ষিতি যুতা শনিনেন্থিহাধিব্যাধিপ্রদা জনুষি রিপ্‌ফসুখারি রন্ধ্রে। দ্যূনে চ বর্ষতনুনৈধনগামৃতিং সা দত্তে খলেক্ষিতযুতেত্যপি চিন্ত্যমার্য্যৈঃ ॥২০॥

অথ রিষ্টভঙ্গঃ।

লগ্নাধিপো বলযুতঃ শুভেক্ষিতযুতোপি বা। কেন্দ্রত্রিকোণগো রিষ্টং নাশয়েৎ সুখবিত্তদঃ ॥ ১ ॥ গুরুঃ কেন্দ্রত্রিকোণে বা পাপাদৃষ্টঃ শুভেক্ষিতঃ। লগ্নচন্দ্রেন্থিহা রিষ্টং বিনাশ্যাথ সুখং দিশেৎ ॥ ২ ॥ সুখং স্বামিযুতং সদ্ভির্দৃষ্টং সৌখ্যযশোঽর্থদম্‌। লগ্নে তৃতীয়েথ গুরুর্জন্মেট্‌ সৌখ্যার্থদঃ সুখে ॥ ৩ ॥ লগ্নে দ্যূনেশস্তনুগঃ সুরেজ্যঃ ক্রূরৈরদৃষ্টঃ শুভমিত্রদৃষ্টঃ। রিষ্টং নিহন্ত্যর্থ যশঃ সুখাপ্তিং দিশেৎ স্বপাকে নৃপতিপ্রসাদাৎ ॥ ৪ ॥ বলান্বিতৌ ধর্ম্মধনাধিনাথৌ ক্রূরৈরদৃষ্টৌ তনুগৌ যদাস্তাম্‌ ।৫

বৃহস্পতির শুভ দৃষ্টি থাকিলে, শুভ ফল হয় ॥ ১৯ ॥ পাপযুক্ত মুন্থা শনি কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হইলে রোগশোকাদি হইয়া থাকে। জন্ম লগ্ন হইতে চতুর্থ, ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশ স্থানে স্থিত মুন্থা যদি বর্ষপ্রবেশ লগ্নের অষ্টম স্থানস্থিত হইয়া পাপযুক্ত হয় তবে মৃত্যু হয় ॥ ২০ ॥

বর্ষপ্রবেশ লগ্নেরঅধিপতি বলবান হইয়া শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত কিম্বা লগ্ন, চতুর্থ, সপ্তম, দশম, নবম বা পঞ্চমস্থ হইলে রিষ্ট ভঙ্গ যোগ হয় ॥ ১ ॥ বৃহস্পতি কেন্দ্রে বা ত্রিকোণে থাকিয়া পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হইয়া যদি শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তবে লগ্ন, চন্দ্র ও মুন্থা জনিত রিষ্ট নাশ করিয়া অর্থ ও সুখ প্রদান করেন ॥ ২ ॥ বর্ষপ্রবেশ লগ্নের চতুর্থ ভাব যদি তৎস্বামী যুক্ত ও শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়; তবে সুখ, অর্থ ও যশোলাভ হয়। যদি বর্ষপ্রবেশ লগ্নে বা তাহার তৃতীয় স্থানে বৃহস্পতি, চতুর্থ স্থানে জন্মলগ্নাধিপতি থাকেন, তবে সুখ ও অর্থ প্রদান করেন ॥ ৩ ॥ বর্ষপ্রবেশ লগ্নের সপ্তমাধিপতি ও বৃহস্পতি বর্ষপ্রবেশ লগ্নস্থ হইয়া পাপ গ্রহ কর্ত্তৃক অদৃষ্ট ও শুভ গ্রহ এবং মিত্র গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন তবে রিষ্ট নাশ করিয়া অর্থ, যশঃ ও সুখপ্রদান করেন। এবং উক্ত সপ্তমাধিপতি ও বৃহস্পতি স্বীয় দশাতে রাজসম্মান প্রদান করেন ॥ ৪ ॥ বর্ষ লগ্নের দ্বিতীয় স্থাম ও নবম স্থানের অধিপতি

রাজ্যং গজাশ্বাম্বররত্নপূর্ণং রিষ্টস্য নাশোঽপ্যতুলং যশশ্চ ॥ ত্রিষষ্ঠলাভোপগতৈ রসৌম্যৈঃ কেন্দ্রত্রিকোণোপগতৈশ্চ সৌম্যৈঃ। রক্তাম্বরস্বর্ণ যশঃ সুখাপ্তির্নাশোঽপ্যনিষ্টস্য তনোশ্চ পুষ্টিঃ॥ ৬॥ যদা সবীর্য্যো মুথহাধিনাথো লগ্নাধিপো জন্মবিলগ্নপো বা। কেন্দ্রত্রিকোণায় ধনস্থিতাস্তে সুখার্থহেমাম্বরলাভদাঃ স্যুঃ॥ ৭॥ তুঙ্গে শনির্ব্বা ভৃগুজো গুরুর্ব্বা শুভেত্থশালাদ্ যবনাদ্ধনাপ্তিং। বলীকুজো বিত্তগতো যশোর্থতেজাংস্যকস্মাচ্চ সুখানি দদ্যাৎ ॥ ৮॥ সূর্য্যেজ্যশুক্রা মিথ ইত্থশালং কুর্য্যুস্তদা রাজ্যযশঃ সুখার্থং। সূর্য্যঃ কুজো বাপচয়ে দদাতি ভদ্রং যশো মঙ্গল মিষ্টিহায়াঃ॥ ৯॥ শুক্রজ্ঞচন্দ্রা হদ্দে স্বে পাপাস্ত্র্যায়গতা যদি। স্ববাহুবলতো হেম সুখ কীর্ত্তিং নরোশ্নুতে॥ ১০। বুধশুক্রৌ মুসরিফৌ গুরুর্বিক্রমভাবগঃ। তদা রাজ্যযশোহেমমুক্তাবিক্রমলব্ধয়ঃ॥১১॥ ভৌমো মিত্রগৃহেঽংশেঃ কম্বূলী স্বগৃহাদিগৈঃ। গজাশ্বহেমাম্বরভূলাভং দত্তে সুখাদিকং॥১২॥ ইত্থং জন্মনি বর্ষে চ যোগ কর্ত্তুর্ব্বলাবলম্। বিমৃশ্য কথয়েদ্রাজযোগং তদ্ভঙ্গমেবচ॥ ১৩॥ অব্দেশস্থিহেশাদিখগাঃ খলৈশ্চেদ্ যুতেক্ষিতা অস্তগনীচগা বা। সৌম্যা বলোনা নৃপযোগভঙ্গং তদা বদেদ্বিত্ত সুখক্ষয়াংশ্চ॥১৪॥ শ্রীগর্গান্বয়ভূষণং গণিতবিচ্চিন্তামণি স্তৎসুতোঽনন্তোনন্তমতির্ব্যধাৎ খল মতধ্বস্ত্যৈ জনুঃপদ্ধতিং। তৎসুনুঃ খলু নীলকণ্ঠবিবুধো বিদ্বচ্ছিবানুজ্ঞয়া বোচদ্বর্ষ মমুন্থহা ফল মথা রিষ্টাদি সদ্ যোগযুক্॥ ১৫॥

অথ ভাববিচারঃ।

যো ভাবঃ স্বামিসৌম্যাভ্যাং দৃষ্টো যুক্তোয়মেধতে। পাপদৃষ্টযুতো নাশো মিশ্রৈর্ম্মিশ্রফলং বদেৎ॥ ১॥ লগ্নাধিপে বীর্য্যযুতে সুখানি নৈরুজ্যমর্থাগমনং বিলাসঃ স্যান্মধ্যবীর্য্যেঽল্পসুখার্থলাভং ক্লেশাধিকত্বং বিপদল্প

বলবান ও পাপগ্রহ কর্ত্তৃক অদৃষ্ট হইয়া বর্ষ লগ্নস্থিত হইলে রিষ্ট নাশ করিয়া রাজ্য, গজ, অশ্ব, বস্ত্র, রত্ন, ও অতুলযশ প্রদান করেন॥৫ যদি বর্ষলগ্নের তৃতীয়, ষষ্ঠ ও একাদশস্থানে পাপগ্রহ থাকেন, এবং শুভগ্রহ কেন্দ্রে বা ত্রিকোণে থাকেন তবে রিষ্টনাশ, রক্তবস্ত্র, স্বর্ণ, যশ, সুখপ্রাপ্তি ও শরীরের পুষ্টি হয়॥ ৬॥ যদি মুন্থাধিপতি, বর্ষ লগ্নাধিপতি ও জন্ম লগ্নাধিপতি বলবান হইয়া লগ্ন, দ্বিতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম, নবম, দশম বা একাদশ ভাবস্থিত হন তবে সুখ, অর্থ, স্বর্ণ ও বস্ত্রাদি লাভ হয়॥ ৭॥ বৃহস্পতি, শুক্র ও শনি ইহারা উচ্চ স্থানস্থিত হইয়া যদি শুক্রগ্রহের সহিত ইত্থশাল যোগ বিশিষ্ট হয় তবে ম্লেচ্ছ হইতে ধন লাভ হয়। আর মঙ্গল বলবান হইয়া বর্ষ লগ্নের দ্বিতীয় স্থানস্থিত হইলে হঠাৎ যশ, অর্থ, তেজ ও সুখ লাভ হয়॥ ৮॥ যদি রবি, বৃহস্পতি ও শুক্র ইহাদের পরস্পর ইত্থশাল যোগ থাকে তবে রাজ্য, যশ, সুখ ও অর্থ লাভ হয় আর মুন্থা যে গৃহে থাকিবে, সেই ঘর হইতে তৃতীয় ষষ্ঠ, দশম বা একাদশস্থানের মধ্যে যে কোন এক স্থানে রবি কিম্বা মঙ্গল থাকিলে শুভ, যশ ও মঙ্গল হয়॥ ৯॥ যাহার বর্ষপ্রবেশ সময়ে শুক্র, বুধ, ও চন্দ্র স্বহদ্দায় থাকেন এবং পাপ গ্রহ তৃতীয় ও একাদশস্থিত হন সেই পুরুষ আপন বাহুবলে স্বর্ণ, সুখ ও যশো লাভ করে। চন্দ্রের হদ্দা নাই এস্থলে মিত্র হদ্দায় চন্দ্র থাকিলেও উক্ত যোগ হইবে, স্ব শব্দে মিত্রের নাম অভিধানে আছে॥১০॥ যদি বুধ ও শুক্রের মুবসরিফ যোগ থাকে এবং বৃহস্পতি তৃতীয় স্থানে স্থিত হন, তবে রাজ্য, যশ, স্বর্ণ, মুক্তা ও প্রবালাদির প্রাপ্তি হয়॥১১॥ যদি মঙ্গল বর্ষাধিপতি হইয়া মিত্র ক্ষেত্রে অবস্থান করেন, এবং স্বক্ষেত্র, স্বোচ্চস্থান বা স্বহদ্দাদি স্থিত গ্রহের সহিত ইত্থশাল যোগ করিয়া স্বোচ্চ স্বক্ষেত্রাদি স্থিত চন্দ্রের সহিত ইত্থশাল ও কম্বূল যোগ হয় তবে হস্তি, অশ্ব, কাঞ্চন, বস্ত্র, ভূমি ও সুখাদি লাভ হয়॥ ১২॥ এইরূপ রাজ যোগকারক গ্রহগণের জন্ম কালে ও বর্ষপ্রবেশকালে পঞ্চবর্গিবল দ্বারা সবলত্ব ও নির্ব্বলত্ব বিচার পূর্ব্বক রাজযোগ ও ভঙ্গ যোগ কহিবে॥১৩॥ বর্ষাধিপতি, মুন্থাধিপতি, জন্মলগ্নপতি ও অব্দলগ্নপতি গ্রহগণ পাপগ্রহযুক্ত বা পাপ দৃষ্ট হইয়া অস্তগত বা নীচ রাশিস্থিত ও তৎকালে শুভগ্রহ সকল দুর্ব্বল থাকিলে রাজযোগ ভঙ্গ ও ধনসুখের হানি হয়॥ ১৪॥

দ্বাদশ ভাবের মধ্যে যে কোন ভাব স্বামিগ্রহ বা শুভগ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইবে সেই ভাবের ফল শুভ এবং পাপগ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইলে অশুভ; শুভ ও পাপ উভয় যুক্ত বা দৃষ্ট হইলে মিশ্র ফল হয়॥ ১॥ লগ্নাধিপতি বলবান হইলে সুখ, আরোগ্য, ধনাগম ও বিলাসাদি শুভফল হয়। মধ্যবলী হইলে সুখ দুঃখ উভয়বিধ ফল। আর হীন বলী হইলে কষ্ট

বীর্য্যে ॥ ২ ॥ জন্মাব্দাঙ্গপতীস্থিহা পতিসমা নাথাদ্যধী কারবান্ সূর্য্যো নষ্টবলস্ত্বগক্ষিবিলয়ং কুর্য্যান্নিরুৎসাহতাম্। নীচত্বং পিতৃমাতৃতোপ্যভিভবশ্চন্দ্রেক্ষিকার্য্যক্ষয়ো দারিদ্র্যঞ্চ পরাভবো গৃহকলির্ব্যাধ্যাদিভীতি স্তদা ॥৩॥ ভৌমে চলত্বং ভীরুত্বং বুধে মোহপরাভবৌ। জীবে ধর্ম্মক্ষয়ঃ কষ্টফলা জীবনবৃত্তয়ঃ ॥ ৪ ॥ শুক্রে বিশাল সৌখ্যানাং নাশঃ স্ত্রীভিঃ সমং কলিঃ। সৌরে ভৃত্যজনাদ্দুঃখং রুজা বাতপ্রকোপতঃ ॥ ৫ ॥ লগ্নং পাপযুতং সৌম্যৈরদৃষ্টং সহিতং নৃণাম্। বিবাদং বঞ্চনাং দুষ্টমশনঞ্চাপি বিন্দতি ॥ ৬ ॥ জন্মাব্দাঙ্গপ বন্ধ্ পাব্দমুথহা নাথা বলাঢ্যাস্তদা রম্যং বর্ষমুশন্তি সর্ব্বমতুলং সৌখ্যং যশোহর্থাগমঃ। ষষ্ঠাষ্টান্ত্যগতা নচেদিহ পুনস্তে দুঃখভীতিপ্রদা নির্ব্বীর্য্যা যদি বর্ষ মেতদশুভং বাচ্যং শুভেক্ষাং বিনা ॥ ৭ ॥ সূতৌ ধনপ্রদঃ খেটো ধনাধীশশ্চ তৌ যদি। বর্ষে নষ্টৌ বিত্তনাশান্যতিক্ষেপাপবাদদৌ ॥ ৮ ॥ এবং সমস্তভাবানাং সূতৌ নাশশ্চ পোষকাঃ। অব্দে নষ্টবলাস্তেষাং নাশায়োক্তা বিচক্ষণৈঃ ॥ ৯ ॥

অথ ধনভাবঃ।

বিত্তাধিপো জন্মনি বিত্তগোব্দে জীবো যদা লগ্নপতীথশালী। তদা ধনাপ্তিঃ সকলেপি বর্ষে ক্রুরেসরাফে ধনধান্যহানিঃ ॥ ১ ॥ জন্মন্যর্থবিলোকীজ্যোহব্দে হব্দেশো বলবান্ যদা। তদা ধনাপ্তির্বহুলা বিনায়াসেন জায়তে ॥ ২ ॥ এবং যদ্ভাবপো জন্মন্যব্দে তদ্ভাবগো গুরুঃ। লগ্নেশেনেত্থশালী চেত্তদ্ভাবজসুখং ভবেৎ ॥ ৩ ॥ তথা জনুষি যং পশ্যেদ্ভাবমব্দেহব্দপো গুরুঃ। তদা তদ্ভাবজং সৌখ্যমুক্তং তাজিক বেদিভিঃ ॥ ৪ ॥ জন্মষষ্ঠাধিপবুধঃ ষষ্ঠোহব্দে স্বল্পলাভদঃ। পাপার্দ্দিতে গুরৌ রন্ধ্রে হর্থে বা দণ্ডঃপতেদ্ধ্রুবং ॥ ৫ ॥ গুরুর্ব্বিত্তে শুভৈর্দৃষ্টোযুতো বা রাজ্য সৌখ্যদঃ। জন্মন্যব্দে চ মুথহা রাশিং পশ্যন্ বিশে-

---

হয় ॥২॥ জন্মলগ্ন, বর্ষলগ্ন, মুন্থা, দিবা, রাত্রি ও বর্ষ ইহাদের অধিপতি ও ত্রিরাশিপতি ইহারা নষ্টবলী হইলে যেরূপ ফল হইবে তাহা বলা যাইতেছে। রবি উক্ত জন্মলগ্নাদির অধিপতি হইলে চর্ম্মরোগ, চক্ষুরোগ, উৎসাহশূন্যতা, নীচপ্রবৃত্তি ও পিতা মাতা হইতে কষ্ট হয়। ঐরূপ চন্দ্র হইলে চক্ষুর জ্যোতিনাশ, দরিদ্রতা, পরাভব, গৃহছিদ্র ও রোগাদি ভয় হয়। মঙ্গল হইলে চঞ্চলতা ও ভয় হয়। বুধ হইলে মোহ ও পরাভব হয়। বৃহস্পতি হইলে ধর্ম্মহানি ও জীবনবৃত্তির কষ্ট হয়। শুক্র হইলে বিলাসাদি সুখের নাশ ও স্ত্রীলোকের সহিত কলহ। শনি হইলে ভৃত্যব্যক্তি হইতে কষ্ট ও বায়ুরোগ হয় ॥ ৩ । ৪ । ৫ ॥ বর্ষলগ্ন পাপগ্রহযুক্ত হইয়া শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত না হইলে বিবাদ বঞ্চনা ও কদন্ন ভোজন প্রভৃতি অশুভ ফল হয় ॥ ৬ ॥ জন্ম লগ্নস্বামী অব্দ লগ্নস্বামী, মুন্থাস্বামী, বর্ষস্বামী ও অষ্টমাধিপতি ইহারা বলবান্ বর্ষ লগ্ন হইতে ষষ্ঠ, অষ্টম, দ্বাদশরাশি ভিন্ন স্থানস্থিত হইলে বর্ষ শুভ জানিবে আর যদি পূর্ব্বোক্ত সমস্ত বলহীন ও বর্ষ লগ্নের ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশ স্থানস্থিত হয় তবে সেই বর্ষে অশুভ জানিবে ॥ ৭ ॥ জন্মকালের ধনদাতা ও ধন ভাবের অধিপতি গ্রহ যে বর্ষে নষ্টবলী হইবে সেই বর্ষে ধননাশ ও অন্য ব্যক্তির স্থাপিত ধন হইতে অপবাদ ঘটে ॥ ৮ ॥ জন্মকালে ভাবাধিপতি গ্রহ সমস্ত ভাবের পোষক, তাঁহারা বর্ষপ্রবেশ সময়ে যেরূপ থাকিবেন সেই সেই ভাবের ফল সেই রূপ জানিবে ॥ ৯ ॥

জন্মলগ্নের ধনভাবস্বামী বৃহস্পতি বর্ষলগ্নের ধনস্থানস্থিত হইয়া বর্ষলগ্নাধিপতির সহিত ইথশাল থাকিলে সমস্ত বর্ষেই ধন প্রাপ্তি হয় আর যদি পাপ গ্রহের সহিত ঈশরাফ যোগ থাকে তবে ধন ধান্যাদির হানি হয় ॥১॥ যে গ্রহ জন্ম কালে ধন ভাবদর্শী হইয়া যে বর্ষে বর্ষাধিপতি হইবে সেই বর্ষে বিনা ক্লেশে বহুদূর হইতে ধন লাভ হয় ॥ ২ ॥ বৃহস্পতি জন্মকালে যে ভাবের অধিপতি হইবেন বর্ষ প্রবেশ কালে সেই ভাবস্থিত হইয়া বর্ষ লগ্নাধিপতির সহিত ইথশাল থাকিলে সেই ভাবোক্ত বস্তুর শুভ ফল হইবে ॥ ৩ ॥ বৃহস্পতি জন্মকালে যে ভাবকে দৃষ্টি করিবেন যে বর্ষে ঐ বৃহস্পতি বর্ষাধিপতি হইবে সেই বর্ষে সেই ভাবোক্ত বস্তুর শুভ হইবে ॥ ৪ ॥ জন্মলগ্নের ষষ্ঠ ভাবাধিপতি বুধ গ্রহ যদি বর্ষপ্রবেশ কালে লগ্নের ষষ্ঠ ভাবস্থিত হয় তবে স্বল্প লাভ হয়। পাপপীড়িত বৃহস্পতি বর্ষলগ্নের অষ্টম স্থানে বা ধন স্থানে স্থিত হইলে রাজ দণ্ডে পতিত হয় ॥ ৫ ॥ বর্ষ লগ্নের ধন স্থানে স্থিত বৃহস্পতি শুভ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হইলে রাজ্যসুখ প্রদান করে। মুন্থা যে রাশিতে থাকিবে সেই রাশিটী জন্মকালে ও বর্ষ প্রবেশকালে শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট-

যতঃ ॥ ৬ ॥ এবং সিতেঽব্দপে ভূরিদ্রব্যং ধান্যঞ্চ জায়তে। বিত্তলগ্নেশসংযোগো বিত্তসৌখ্যবিনাশদঃ ॥ ৭ ॥ এবং বুধে সবীর্য্যে স্যাল্লিপিজ্ঞানোদ্যমৈর্দ্ধনং। জন্ম লগ্নগতাঃ সৌম্যা বর্ষেঽর্থে ধনলাভদাঃ ॥ ৮ ॥ মালসম্মনি বিত্তে বা বুধেজ্যসিতসংযুতে। তৈর্ব্বাদৃষ্টে ধনং ভুরি স্বকুলে রাজ্যমাপ্নুয়াৎ ॥ ৯ ॥ অর্থার্থসহমেশৌ চেচ্ছুভৈর্ম্মিত্র দৃশেক্ষিতৌ। বলিনৌ সুখতো লাভপ্রদৌ যত্নাদরেদৃ'শা ॥ ১০॥ মিত্রদৃষ্ট্যা মুথশিলেঽর্থাঙ্গয়োঃ সুখতো ধনং। তয়োর্ম্মুবরিফে বিত্তনাশদুর্নয়ভীতয়ঃ ॥১১॥ জন্মনীজ্যোস্তি যদ্রাশৌ সরাশির্ব্বর্ষলগ্নগঃ। শুভস্বামীক্ষিতযুতো নৈরুজ্যস্বাম্যবিত্তদঃ ॥ ১২ ॥ সূতৌ লগ্নে রবির্ব্বর্ষে ধনস্থো ধনসৌখ্যদঃ। শনৌবিত্তে কার্য্যনাশো লাভোল্পোর্থো ধনব্যয়ঃ ॥ ১৩ ॥

হইলে বিশেষ রূপে রাজ্যসুখ লাভ হয় ॥ ৬ ॥ শুক্র ধনস্থানস্থিত হইয়া বর্ষাধিপতি হইলে অনেক দ্রব্য ও ধান্যাদি লাভ হয়। বর্ষলগ্নাধিপতি ও ধনাধিপতির সংযোগ হইলে ধনসুখের বিনাশ হয়। এইস্থলে টীকাকার লিখিয়াছেন যোগ তিন প্রকার পরস্পর ইথশাল যোগ, রাশি সংযোগ তৃতীয় ইসরাফ যোগ এই তিন প্রকার যোগের মধ্যে ইসরাফ যোগ হইলে অশুভ, অন্য দুই যোগে শুভ ॥ ৭ ॥ ঐরূপ বুধ গ্রহ বলবান হইলে লিপি ও বিদ্যা দ্বারা ধনোপার্জ্জন হয়। জন্মকালে যে কোন শুভ গ্রহ লগ্নে থাকিবেন, ঐ গ্রহ যদি বর্ষপ্রবেশকালে ধনভাবস্থিতহন, তবে ধনপ্রদান করেন ॥ ৮ ॥ মালসদ্মশব্দে ধনসহম। ধনসহম বর্ষলগ্নের ধনভাবস্থিত হইলে এবং ধনভাবে বুধবৃহস্পতি বা শুক্র থাকিলে, অথবা বুধ, বৃহস্পতি, শুক্র কর্ত্তৃক দৃষ্ট হইলে প্রচুর ধনলাভ, স্বীয় কুলের রাজ্যপ্রাপ্তি হয় ॥ ৯ ॥ বর্ষপ্রবেশ সময়ের ধনসহমাধিপতি ও ধনভাবাধিপতি বলবান হইয়া শুভগ্রহ কর্ত্তৃক মিত্র দৃষ্টিতে দৃষ্ট হইলে সুখে ধনলাভ হয়, শুভগ্রহ কর্ত্তৃক ক্ষুত দৃষ্টি দ্বারা দৃষ্ট হইলে যত্ন করিলে ধনলাভ হয় ॥ ১০ ॥ বর্ষলগ্নের ধনাধিপতি ও লগ্নাধিপতির পরস্পর মিত্র দৃষ্টি থাকিয়া ইথশাল যোগ হইলে মুখে ধনলাভ হয়। যদি ঐ উভয়ের মুশরীফ যোগ হয়, তবে ধননাশ ও দুষ্কর্ম্ম হইতে ভয় হয় ॥১১॥ জন্মকলে বৃহস্পতি যে রাশিতে স্থিত ছিলেন, বর্ষ প্রবেশ সময়ে সেই রাশি লগ্ন হইয়া শুভগ্রহ ও স্বামি গ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইলে নীরোগ, স্বামিত্ব ও ধনলাভ হয় ॥১২॥ জন্ম কালে লগ্নস্থিত রবি যদি বর্ষ প্রবেশ কালে ধনভাবস্থিত হন তবে ধনসুখ প্রদান করেন।

ভ্রাতৃসৌখ্যং শুরুযুতে ভূতয়ঃস্যুঃ শুভেক্ষণাৎ। ক্রুর যোগেক্ষণাৎ সর্ব্ববিপরীতং ফলং ভবেৎ ॥১৪ ॥ বিত্তেশো জন্মনি গুরুর্ব্বর্ষে বর্ষেশতাং দধৎ। যদ্ভাবগস্তমাশ্রিত্য লাভদো লগ্ন আত্মনঃ ॥১৫॥ বিত্তে সুবর্ণরূপ্যাদেস্ত্র্যাত্রাদেঃ সহজর্ক্ষগঃ। পিতৃমাতৃক্ষমাদিভ্যো বিত্তং সুহৃদি পঞ্চমে॥১৬ সুহৃত্তনয়তঃ ষষ্ঠেঽরিবর্গাৎ হানিভীতিদঃ। স্ত্রীভ্যোদ্যূনেষ্টমে মৃত্যুরর্থহেতুঃ পথোঙ্কগে ॥ ১৭ ॥ খে নৃপাদেনৃ'পকুলাদায়েন্ত্যে ব্যয়দো ভবেৎ। ইত্থং বিমৃশ্য সুধিয়া রাজ্যমিত্থং পরে জগুঃ ॥১৮॥

অথ সহজভাবঃ।

অব্দেশেঽর্কে সিতে বাপি সবলে পাপবর্জ্জিতে। সৌখ্যং মিথঃ সোদরাণাং ব্যত্যয়াদ্ব্যত্যয়ং ভবেৎ ॥ ১ ॥ দগ্ধেকলিঃ সহজপেঽব্দপতৌ তয়োর্ব্বা জীবে বলেন রহিতে সহজে সহোত্থৈঃ। বৈরং তৃতীয়ভবনাধিপতী সরাফে মান্দ্যং কলিং স্বজনসোদরতশ্চ বিন্দ্যাৎ ॥ ২ ॥

বর্ষলগ্নের ধনস্থানে শনি থাকিলে কর্ম্মের নাশ, সামান্য লাভ ও অর্থ ব্যয় হয় ॥ ১৩ ॥ বর্ষ লগ্নের ধন ভাবেস্থিত শনি যদি বৃহস্পতির সহিত একত্র স্থিত হন, তবে ভ্রাতার সুখ হয়, তাহাতে শুভগ্রহের দৃষ্টি হইলে ঐশ্বর্য্য বৃদ্ধি হয়। পাপযোগ ও পাপদৃষ্টি হইলে উক্ত ফলের বিপরীত হয় ॥ ১৪ ॥ জন্ম কালের ধনাধিপতি বৃহস্পতি বর্ষ প্রবেশ কালে বর্ষাধিপতি হইয়া যে ভাবস্থিত হইবেন সেই ভাব আশ্রয় করিয়া লাভ হয়, অর্থাৎ যদি লগ্নে থাকেন তবে শরীরের শুভ, ধনভাবস্থিত হইলে স্বর্ণরৌপ্যাদির প্রাপ্তি, তৃতীয় ভাবস্থিত হইলে ভ্রাতাদির শুভ, চতুর্থে থাকিলে পিতা মাতা ও ক্ষেত্রাদির শুভ, পঞ্চমে থাকিলে মিত্র পুত্র হইতে সুখ লাভ, ষষ্ঠে স্থিত হইলে শত্রুপক্ষ হইতে হানি ও ভয় হয়, সপ্তমে থাকিলে স্ত্রীলোক হইতে সুখ হয়, অষ্টমে থাকিলে মৃত্যু, নবমে থাকিলে ধনহেতু পথে সুখ, দশমে থাকিলে রাজা হইতে সুখ, একাদশে থাকিলে রাজকুল হইতে সুখ, দ্বাদশ ভাবস্থিত হইলে অর্থ ব্যয় হয়, এইরূপ সুবিচার পূর্ব্বক সুবোধ পণ্ডিতগণ ফলের নিরূপণ করিবে ॥ ১৫। ১৬। ১৭। ১৮ ॥

রবি বা শুক্র বলবান্ ও পাপগ্রহের যোগ দৃষ্টিরহিত হইয়া যে বর্ষে বর্ষাধিপতি হইবে সেই বর্ষে পরস্পর সহোদরগণের সুখ হইবে, ভাবদুর্ব্বল বা পাপপীড়িত হইলে কষ্ট হয় ॥ ১ ॥ তৃতীয় ভাবের অধিপতি বর্ষাধিপতি হইয়া অস্তগত থাকিলে এবং

গদেত্থশালঃ সহজেশ্বরেণ গুরুস্তৃতীয়ে সহজাৎ সুখাপ্তিঃ। সারে বিরোধোস্যাৎ কলহস্তৃতীয়ে দৃষ্টৌ যুতৌ নো গুরুণা যদাতৌ ॥ ৩ ॥ সহজে সহজাধীশেধিকারিণি সমাপতেঃ। লগ্নপো বা মুথশিলে মিথঃ সৌখ্যং সহোত্থয়োঃ ॥৪॥ ক্রূরেসরাফে কলহঃ শনৌ ভৌমর্ক্ষগে রুজঃ। জ্ঞর্ক্ষে সৃজিনুজে মান্দ্যং বদেৎ সহজগেস্ফুটম্ ॥৫॥ মন্দর্ক্ষগে সৃজি বুধে কুজর্ক্ষে সহজে শুভৈঃ। যুতেক্ষিতে সোদরাণাং মিথঃ সৌখ্যং বদেদ্ধ্রু ॥ ৬ ॥ জন্মাব্দপৌ বুধসিতৌ সবলৌ তৃতীয়ে সোদর্য্যবন্ধুগণসৌখ্যকরৌগুরুশ্চ। বীর্য্যান্বিতেন্দুগৃহগো ভৃগুজোধিকারী সুত্যব্দয়োঃ সহজ বন্ধুগণস্য বৃদ্ধ্যৈ ॥ ৭ ॥ পাপান্বিতে তু সহজে সহমেশভাবনাথেক্ষণেন রহিতে সহজস্য দুঃখং। এবং সহোত্থ সহমেপি বদেতদীশৌ দগ্ধৌ যদা সহজ নাশকরৌ বিচিন্ত্যৌ ॥ ৮ ॥ তৃতীয়পাদব্দপতৌত্থ নষ্টে লগ্নেশ্বরে বা সহজের্বিবাদঃ। তৃতীয়গো জন্মনি তাদৃগব্দে শুভেক্ষিত স্তত্র সহোত্থতুষ্ট্যৈ ॥ ৯ ॥

পূর্ব্বোক্ত রবি বা শুক্র বর্ষাধিপতি হইয়া অস্তগত থাকিলে ভ্রাতার সহিত বিরোধ হয়। বৃহস্পতি বলহীন হইয়া তৃতীয় স্থানে স্থিত হইলে সহোদর দিগের মধ্যে পরস্পর শত্রুতা জন্মে। আর বর্ষাধিপতির সহিত তৃতীয় ভাবাধিপতির ইসরাফ যোগ থাকিলে আত্মীয় ব্যক্তি ও সহোদরের সহিত বিবাদ হইয়া থাকে ॥ ২ ॥ তৃতীয় ভাবাধিপতির সহিত বর্ষলগ্নাধিপতি বা বর্ষাধিপতির ইথশাল যোগ হইলে অথবা বৃহস্পতি বর্ষলগ্নের তৃতীয় স্থান স্থিত হইলে সহোদর হইতে সুখ হয়। চন্দ্র ও মঙ্গল বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত না হইয়া বর্ষ লগ্নের তৃতীয় স্থানস্থিত হইলে ভ্রাতৃগণের পরস্পর বিরোধ হয় ॥ ৩ ॥ বর্ষলগ্নের তৃতীয় স্থানাধিপতি পঞ্চাধিকারীর মধ্যে কোন এক অধিকারী হইয়া বর্ষলগ্নাধিপতির সহিত ইথশাল যোগ বিশিষ্ট হইলে ভ্রাতৃগণ পরস্পরের সুখ বৃদ্ধি করে ॥ ৪ ॥ বর্ষলগ্নের তৃতীয় ভাবাধিপতির সহিত পাপগ্রহের ইসরাফ যোগ হইলে ভ্রাতৃগণের বিবাদ হয়। মেষ বা বৃশ্চিক বর্ষলগ্নের তৃতীয় হইলে তাহাতে যদি শনি থাকেন তবে সহোদরের রোগ হয়। এবং মিথুন বা কন্যা বর্ষলগ্নের তৃতীয় স্থান হইলে তাহাতে যদি মঙ্গল থাকে তবে অবশ্য রোগ হইবে। ৫ মকর বা কুম্ভ বর্ষ লগ্নের তৃতীয় স্থান হইলে তাহাতে যদি মঙ্গল থাকে এবং মেষ বা বৃশ্চিক ঐরূপ তৃতীয় স্থান হইলে তাহাতে যদি বুধ থাকে ও ঐ তৃতীয় স্থানে শুভ গ্রহের দৃষ্টি বা যোগ সম্ভব হয় তবে ভ্রাতৃগণের সুখবৃদ্ধি হইয়া থাকে ॥ ৬ ॥ বুধ বা বৃহস্পতি জন্মকালে ও বর্ষ প্রবেশ কালে বলবান থাকিয়া বর্ষলগ্নের তৃতীয় স্থানস্থিত হইলে সহোদর ও বন্ধুগণের সুখ হয়। শুক্র পঞ্চাধিকারীর মধ্যে কোন এক অধিকারী হইয়া চন্দ্রভোগ্য রাশিস্থিত হইলে ঐ রাশি যদি বর্ষলগ্নের তৃতীয় স্থান হয় তবে সহোদর ও বন্ধুগণের সুখ বৃদ্ধি হয় ॥ ৭ ॥ বর্ষ লগ্নের তৃতীয় স্থানে বা ভ্রাতৃ সহমে পাপগ্রহ থাকিলে এবং তৃতীয়াধিপতি ও ভ্রাতৃসহমাধিপতির পরস্পর দৃষ্টি না থাকিলে সহোদরের দুঃখ হয়। তৃতীয় ভাবাধিপতি ও ভ্রাতৃসহমাধিপতি অস্তগত থাকিলে সহোদরের বিনাশ হয় ॥ ৮ ॥ বর্ষলগ্নের তৃতীয় ভাবাধিপতি যে রাশিতে অবস্থিত আছেন সেই রাশি হইতে সপ্তম স্থানে যদি বর্ষলগ্নাধিপতি বা বর্ষাধিপতি থাকেন তবে সহোদর গণের পরস্পর বিবাদ হয়। জন্ম লগ্নের তৃতীয়াধিপতি তৃতীয় স্থানে এবং বর্ষলগ্নের তৃতীয় ভাবাধিপতি বর্ষলগ্নের তৃতীয় স্থানে থাকিলে সহোদরগণের সন্তোষ লাভ হয় ॥ ৯ ॥

অথ চতুর্থভাবঃ।

তুর্য্যেরবীন্দু পিতৃ মাতৃপীড়া পাপান্বিতৌ পাপনিরীক্ষিতৌ চ। জন্মস্থসূর্য্যার্ক্ষগতেহর্কপুত্রেহবমাননা বৈরকলী চ পিত্রোঃ ॥ ১ ॥ চন্দ্রে জনন্যৈব মুশল্লি বন্ধৌ সুখাধিপে প্রীতি সুখানি পিত্রোঃ। তুর্য্যাধিপে লগ্নপতীথশালে।

বর্ষলগ্নের চতুর্থ স্থানে পাপ যুক্ত বা পাপ দৃষ্ট রবি থাকিলে পিতার পীড়া ও ঐরূপ চন্দ্র থাকিলে মাতার পীড়া হয়। রবি ও চন্দ্র থাকিলে পিতা ও মাতা উভয়ের পীড়া হয়। জন্মকালে যে গৃহে রবি ছিলেন যে বর্ষে সেই গৃহে শনি থাকিবেন, সেই বর্ষে অন্য লোক হইতে পিতার অপমান, কলহ ও শত্রুতা হয় ॥ ১ জন্মকালে যে রাশিতে চন্দ্র অবস্থিত ছিলেন যে বর্ষে সেই রাশিতে শনি থাকিবেন সেই বর্ষে মাতার সহিত শত্রুতা ও কলহ হয়। এবং বর্ষলগ্নের চতুর্থভাবে চতুর্থ ভাবাধিপতি থাকিলে মাতার সন্তোষ হয়। আর চতুর্থ ভাবাধিপতি বলবান্ হইয়া লগ্নাধিপতির সহিত ইথশাল যোগ হইলে পিতা ও মাতার

বীর্য্যান্বিতে সৌখ্যমুশন্তি পিত্রোাঃ॥২॥ সৌখ্যাধিপো জনুষি নষ্টবলোব্দ সুত্যোঃ পিত্রোরনিষ্ট কৃদথো সহমে তয়োস্ত। দগ্ধে তুরীয়গৃহগে চ যদীস্থিহায়া নাশস্তয়োঃ সহময়ো রবি দগ্ধয়োঃস্যাৎ ॥৩॥ জন্মন্যম্বুগৃহং যচ্চ তৎপতি স্তৎপদোপগো। শন্যারৌ ক্লেশদৌ পিত্রোর্নচেৎ সৌম্য নিরীক্ষিতৌ ॥৪॥ মাতুঃ পিতুশ্চ সহমে তনুপেত্থশালে তুর্য্যেপি চেত্থমবগচ্ছ সুখানি পিত্রোঃ। চেদষ্টমাধিপতিনা কৃতমিত্থশালং পিত্রোর্ব্বিপত্ত্বয়মনিষ্ট কৃতেসরাফে ॥ ৫ ॥

অথ পঞ্চমভাবঃ।

পুত্রায়গো বর্ষপতি গুরুশ্চেৎ সূর্য্যারসৌম্যোশনসোথবেত্থম্। সৎপুত্রসৌখ্যায় খলার্দ্দিতাস্তে দুঃখপ্রদাঃ পুত্রত এব চিন্ত্যাঃ ॥ ১ ॥ পুত্রে সুতস্য সহমে সবলে সুতাপ্তিঃ সৌম্যেক্ষিতোপ্যাতি সুখং যদি তত্র বর্ষেট্। সৌম্যেক্ষিতঃ শুভগৃহে সকুজো বুধশ্চেৎ পুত্রায়গঃ সুত সুখং বিবলঃ সুতার্ত্তিম্ ॥ ২॥ জীবোজন্মনি যদ্রাশাবব্দেসস্থিতগো বলী। পুত্রসৌখ্যায় ভৌমোজ্ঞো বর্ষেশোঽত্র সুতাপ্তিদঃ ॥ ৩ ॥ যত্রেজ্যোজনুষি গৃহে বিলগ্নভে তৎ পুত্রাপ্ত্যৈ সিতবুধয়োরপীত্থমুহ্যং। যদ্রাশৌ জনুষি শনিঃ কুজশ্চ সোঽব্দে পুত্রার্ত্তিং তনুসুতগঃ করোতি নুনম্ ॥ ৪ ॥ পুত্রে পুণ্যস্য সহমং পুত্রাপ্ত্যৈ শুভদৃষ্টিযুক্। লগ্নপুত্রেশ্বরৌপুত্রে পুত্রদৌ বলিনৌ যদি ॥৫॥ চন্দ্রো জীবোঽথবা শুক্রঃ স্বোচ্চগঃ সুতদঃ সুতে। বক্রী ভৌমঃ সুতস্থশ্চেদুৎপন্নসুতনাশনঃ ॥ ৬ ॥ পুত্রাধিপো জন্মনি ভার্গবোঽব্দে পুত্রে বিলগ্নাধিপতীত্থশালী। পুত্রপ্রদো মন্দপদস্থপুত্রে পাপাধিকারীক্ষিত আত্মজার্ত্তিঃ ॥৭॥ যদ্রাশিগোগ্রহঃ সুতৌ

সুখ হয়॥ ২ ॥ জন্ম লগ্নের চতুর্থ ভাবাধিপতি জন্ম কালে ও বর্ষপ্রবেশকালে নষ্টবলী হইলে পিতা ও মাতার অনিষ্ট হয়। আর পিতৃসহম ও মাতৃসহম পাপযুক্ত বা পাপ দৃষ্ট ও অস্তগত থাকিয়া মুন্থার চতুর্থ স্থানস্থিত হইলে পিতা মাতার বিনাশ হয় এবং কেবল পাপ পীড়িত হইলেও পিতা মাতার নাশ হইয়া থাকে ॥৩ জন্ম লগ্নের চতুর্থ স্থান ও চতুর্থ ভাবাধিপতি যে স্থানে ছিলেন সেই স্থান, এই দুই স্থানের মধ্যে যে কোন এক স্থানে শুভগ্রহের দৃষ্টি রহিত শনি বা মঙ্গল থাকিলে পিতা মাতার ক্লেশ হয় ॥ ৪ ॥ মাতৃসহম, পিতৃ সহম বা বন্ধু ভাবের সহিত বর্ষলগ্নাদিপতির ইত্থশাল যোগ হইলে পিতা মাতার সুখ হয়। পিতৃসহম মাতৃসহম বা বন্ধুভাবের সহিত অষ্টমাধিপতির ইত্থশাল ও পাপ গ্রহের ইসরাফ যোগ থাকিলে পিতামাতার বিপদ হয় ॥ ৫ ॥

যদি বৃহস্পতি, রবি, মঙ্গল, বুধ বা শুক্র বর্ষাধিপতি হইয়া বর্ষ লগ্নের পঞ্চম বা একাদশ স্থানে স্থিত হইয়া পাপ যুক্ত বা পাপ দৃষ্ট না হন তবে সৎপুত্র হইতে পিতা মাতার সুখ হয়, এবং পাপযুক্ত বা পাপদৃষ্ট হইলে পুত্র হইতে দুঃখ হইয়া থাকে ॥ ১ ॥ পুত্র সহম বর্ষলগ্নের পঞ্চম হইলে পুত্র লাভ হয়। যদি ঐ পুত্র সহমে শুভ গ্রহের দৃষ্টি থাকে এবং বর্ষাধিপতি অবস্থিত হন তবে পুত্র হইতে অতিশয় সুখ হয়। এবং মঙ্গল ও বুধ শুভগ্রহের ক্ষেত্রস্থিত হইলে যদি ঐ স্থান বর্ষলগ্নের পঞ্চম বা একাদশ হয় তবে পুত্র সুখ হইয়া থাকে। মঙ্গল ও বুধ দুর্ব্বল হইয়া পাপ গ্রহের ক্ষেত্রস্থ হইলে যদি ঐ স্থান বর্ষলগ্নের পঞ্চম বা একাদশ হয় তবে পুত্রের ক্লেশ হয় ॥ ২ ॥ জন্ম কালে যে রাশিতে বৃহস্পতি ছিলেন যে বর্ষে সেই রাশি বর্ষলগ্নের পঞ্চম হইবে এবং তাহাতে যদি বলবান বৃহস্পতি থাকেন তবে পুত্র সুখ হয়। আর মঙ্গল বা বুধ বর্ষাধিপতি হইয়া বর্ষলগ্নের পঞ্চম স্থান স্থিত হইলে পুত্র লাভ হয় ॥ ৩ ॥ জন্ম কালে যে রাশিতে বুধ, বৃহস্পতি বা শুক্র অবস্থিত ছিলেন যে বর্ষে সেই রাশি বর্ষ লগ্ন হইবে সেই বর্ষে পুত্রলাভ হইবে। আর জন্ম কালে যে রাশিতে শনি বা মঙ্গল ছিলেন সেই রাশি যদি বর্ষপ্রবেশ লগ্ন বা বর্ষ লগ্ন হইতে পঞ্চম হয় তবে নিশ্চয় পুত্রের পীড়া হইবে ॥ ৪ ॥ পুত্র সহম বর্ষলগ্নের পঞ্চম হইলে তাহাতে যদি শুভ গ্রহের দৃষ্টি বা যোগ থাকে তবে পুত্রলাভ হয়। আর বর্ষলগ্নাধিপতি বা বর্ষলগ্নের পঞ্চমাধিপতি বলবান হইয়া বর্ষলগ্নের পঞ্চমস্থান স্থিত হন তবেও পুত্রলাভ হয় ॥ ৫ ॥ চন্দ্র, বৃহস্পতি বা শুক্র যদি স্বীয় উচ্চস্থানে বর্ষলগ্নের পঞ্চমে স্থিত হন তবে পুত্র লাভ হয়। আর মঙ্গল বক্রী হইয়া বর্ষলগ্নের পঞ্চম স্থান স্থিত হইলে উৎপন্ন পুত্রের বিনাশ হয় ॥ ৬॥ জন্ম কালে পুত্র স্থানের অধিপতি শুক্র যে বর্ষে বর্ষ লগ্নাধিপতির সহিত ইত্থশাল যোগ বিশিষ্ট হইয়া বর্ষলগ্নের পঞ্চম স্থান স্থিত হইবে সেই বর্ষে পুত্রলাভ হইবে। আর যে বর্ষে পাপগ্রহ পঞ্চাধিকারী মধ্যে কোন এক অধিকারী ও শনি পদস্থিত হইয়া বর্ষলগ্নের পঞ্চমস্থিত হইবে সেই বর্ষে পুত্রের পীড়া হইবে ॥ ৭ ॥ জন্মকালে যে কোন গ্রহ

সরাশিস্তৎপদাভিধঃ। বলীজন্মোখ সৌখ্যায় বর্ষে তদ্দুঃখদো হন্যথা ॥৮॥

অথষষ্ঠ ভাবঃ।

মন্দেহব্দপেনুজুগতেপতিতেকগার্ত্তিঃ স্যাৎ সন্নিপাত ভবভীররিগেহত্র শূলং। গুল্মাক্ষিরোগ বিষমজ্বরভীগুরৌ তু পাপার্দ্দিতেহনিলরুজো মকবূলশূন্যে ॥১॥ স্যাৎ কামলাখ্য রুগপীথমসৃজ্য সৃগ্‌ভীঃ পিত্তঞ্চ রিপুক্ষগরবৌ দৃশি শূলরোগঃ॥ পিত্তং পুনা রিপুগৃহেহত্রভৃগৌ নৃভেরৌ শ্লেষ্মাভয়েক্ষিতযুতেহপি কফোহরিগেন্দৌ ॥২॥ এবং বুধে পাপযুতেহব্দ পেরৌ বাতোত্থরোগো জনিলগ্ননাথঃ। পাপোহব্দপেন ক্ষুতদৃষ্টিদৃষ্টো রোগপ্রদো মৃত্যুকরঃ সপাপঃ ॥৩॥ সুত্যর্কিভে লগ্নগতে রুক্ষংশীতোম্মরুগ ভয়ং শনীক্ষিতে যাপ্য

যে রাশিতে অবস্থিত ছিলেন যে বর্ষে সেই গ্রহ সেই রাশিতে থাকিবে তাহার নাম পদস্থান। ঐ রাশি বর্ষপ্রবেশ কালে বলবান্ থাকিলে জন্ম কালোক্ত ভাবের শুভ আর হীন বলী হইলে সেই ভাবের অশুভ জানিবে ॥ ৮ ॥

বক্রী ও পাপ গ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত শনি বর্ষাধিপতি হইয়া ষষ্ঠ স্থানস্থিত হইলে ত্রিদোষ জ্বর, শূল, গুল্ম, চক্ষুরোগ ও বিষম জ্বর প্রভৃতি পীড়া হয়। ঐরূপ বৃহস্পতি বর্ষাধিপতি হইয়া ষষ্ঠস্থান স্থিত হইয়া কম্বূল যোগ না থাকিলে বায়ু পীড়া ও কামলা, ঐরূপ মঙ্গল বর্ষাধিপতি হইয়া ষষ্ঠ স্থানস্থিত হইলে রক্তপীড়া, রোগ হয়।১ রবি ঐরূপ হইয়া ষষ্ঠ স্থানস্থিত হইলে পিত্তবিকার ও দ্বাদশভাবস্থিত হইলে চক্ষু শূল রোগ হয়। ঐরূপ শুক্র ষষ্ঠ স্থানস্থিত হইলে পিত্ত রোগ এবং ঐরূপ শুক্র পুং রাশিতে ষষ্ঠভাবস্থিত হইয়া অষ্টমাধিপতির সহিত যুক্ত বা অষ্টমাধিপতি কর্ত্তৃক দৃষ্ট হইলে শ্লেষ্মরোগ এবং ঐরূপ চন্দ্র ষষ্ঠ ভাবস্থিত হইলে কফ পীড়া হইবে॥ ২ ॥ পূর্ব্বরূপ বুধগ্রহ বর্ষ লগ্নাধিপতি ও বর্ষলগ্নের ষষ্ঠ স্থানস্থিত হইয়া পাপযুক্ত হইলে বায়ু জনিত রোগ হয়। আর জন্মকালের লগ্নাধিপতিপাপগ্রহ, বর্ষলগ্নস্বামী পাপগ্রহ বা শুভ গ্রহ কর্ত্তৃক ক্ষুত দৃষ্টিতে দৃষ্ট হইলে রোগ ও পাপ যুক্ত হইলে মৃত্যু হয় ॥ ৩॥ জন্মকালে যে রাশিতে শনিস্থিত ছিলেন সেই রাশি বর্ষপ্রবেশকালে লগ্ন হইলে রোগ হয়, এবং উক্ত রাশিতে শনির দৃষ্টি থাকিলে রোগ যাপ্য থাকে

তাস্যাৎ সপাপেমৃত্যুমাদিশেৎ ॥৪॥ এবং ভৌমে সুতদৃশা রক্তপিত্তরুজোহগ্নিভীঃ। ততোন্যে বহুলারোগাঃ শুভদৃষ্টৌ রুগল্পতা ॥৫॥ লগ্নাধিপাব্দপতি ষষ্ঠপতীত্থশালো রোগপ্রদঃ খচরধাতুবিকারতঃ স্যাৎ। কান্দর্পিকাময়ভয়ং পতিতে সিতেহর্কস্থানেথ ষষ্ঠ ইহরুক্‌সহমং সপাপং ॥ ৬ ॥ সপাপেগুরৌ রন্ধ্রগে লগ্ন আরে সতন্দ্রাক্ষিমূর্চ্ছাঙ্গনাশঃ সচন্দ্রে। খলাঃ সুতিকেন্দ্রেহব্দলগ্নে রুগাপ্ত্যৈ কফোদ্ব্যজ্ঞিগৈ রীক্ষমাণে সিতে স্যাৎ ॥৭॥ দিনেহব্দপ্রবেশো বিলগ্নেহব্দসুত্যোর্গদা দৃক্‌হদ্দা গৃহাদ্‌যোধিকারঃ। রবের্ব্বাকুজেস্যান্নপীড়াজ্বরাৎ স্যাদ্দৃশাসৌম্যখেটৌত্থরান্তে সুখাপ্তিঃ॥ নিশিসুতৌ বর্দ্ধমানে চন্দ্রে ভৌমেত্থশালতঃ। রুগুনশ্যেদে-

ও ঐ লগ্নে পাপগ্রহ থাকিলে মৃত্যু হয় ॥ ৪ ॥ জন্মকালে মঙ্গল যে রাশিতে ছিলেন সেই রাশি বর্ষপ্রবেশকালে লগ্ন হইয়া মঙ্গল কর্ত্তৃক ক্ষুত দৃষ্টি দ্বারা দৃষ্ট হইলে রক্তপিত্তরোগ, অগ্নিভয় ও অন্যান্য পীড়া হইয়া থাকে এবং শুভগ্রহের দৃষ্টি থাকিলে অল্প রোগ হইয়া থাকে ॥ ৫ ॥ বর্ষাধিপতি ও বর্ষপ্রবেশ লগ্নাধিপতি ইহাদের কোন এক গ্রহের সহিত যদি ষষ্ঠভাবাধিপতির ইত্থশাল যোগ থাকে তবে ইত্থশাল ঘটক গ্রহের যে ধাতু নির্দ্দিষ্ট আছে সেই ধাতু ঘটিত রোগ জন্মে। জন্মকালে শুক্র যে রাশিতে ছিলেন, সেই রাশি বর্ষপ্রবেশকালে ষষ্ঠভাব হইলে যদি তাহাতে সূর্য্য থাকেন এবং ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ ইহার কোন এক স্থানে সূর্য্য অবস্থিতি করেন তবে কামসম্বন্ধী রোগ হয়, আর রোগসহম পাপগ্রহযুক্ত হইলে রোগ হইয়া থাকে ॥ ৬ ॥ বর্ষপ্রবেশকালে যদি পাপযুক্ত বৃহস্পতি লগ্নের অষ্টম স্থানে ও মঙ্গল লগ্নে থাকেন তবে মূর্চ্ছা তন্দ্রা ও আলস্যাদি রোগ জন্মে। চন্দ্রযুক্ত মঙ্গল অথবা চন্দ্রযুক্ত বা পাপযুক্ত বৃহস্পতি যদি অষ্টমস্থ হন, তবে কোন এক অঙ্গ নষ্ট হয়। জন্মকালে কেন্দ্রস্থ পাপগ্রহ যদি বর্ষপ্রবেশ লগ্নস্থিত হন আর পুং রাশিস্থিত পাপগ্রহ যদি শুক্রকে দৃষ্টি করেন, তবে রোগ হয়, বিশেষতঃ কফ রোগ অবশ্যই হইয়া থাকে ॥ ৭ ॥ দিবাতে বর্ষপ্রবেশ হইলে যদি সূর্য্য বা মঙ্গল পঞ্চাধিকারীর মধ্যে কোন অধিকারী হইয়া বর্ষপ্রবেশ লগ্নস্থিত হন, তবে জ্বরপীড়া হয়। ইহাদিগের প্রতি শুভ গ্রহের দৃষ্টি থাকিলে, বর্ষের শেষভাগে সুখ হয় ॥৮॥ রাত্রিতে জন্ম হইলে যদি বর্ষ প্রবেশ কালে শুক্লপক্ষীয় চন্দ্রের সহিত মঙ্গলের ইত্থশাল যোগ থাকে,

ধতে মন্দেত্থশালাদ্ব্যত্যয়োন্যথা ॥ ৯ ॥ রবাবীদৃশিবিৎ কেতু যুতেঽব্দে নিখিলংগদাঃ। অধিকারী বলীমুতাবব্দে কেতুজ্ঞযুক্ তথা ॥১০॥ চতুর্থেঽষ্টে চ মুথহা ক্ষুতদৃষ্ট্যাশনীক্ষিতা। শূলপীড়া পাপখগৈদৃ'ষ্টে তৎপরিণামজং ॥ ১১ ॥ জন্মস্থ জীবসিতরাশিগতে মহীজে সূর্য্যাংশুগে পিড়ক শীতলিকাদিমান্দ্যং। শীতোষ্ণগণ্ড ভবকক্ স বুধে চ সেন্দৌ-কুষ্ঠং ভগন্দরকজোপি স গণ্ডমালা ॥১২॥ জন্মলগ্নেস্থিহা-নাথৌ যষ্ঠৌ পাপান্বিতেক্ষিতৌ নির্ব্বলৌ জ্বরপীড়াঙ্গ বৈ-কল্যাদ্যাতিকষ্টদৌ ॥১৩॥ মুথহা লগ্নতন্নাথাঃ পাপান্তঃ স্থাস্তু রোগদাঃ। ষষ্ঠেশে ষষ্ঠগেসৌম্যে স্ত্রিয়াপ্রাপ্তিরিতী-র্য্যতে ॥১৪॥ রোগকর্ত্তা যত্ররাশ্যা বংশেস্থাদনয়োর্ব্বলী। তৎস্থানং তস্য রোগস্য বাচ্যং রাশি স্বরূপতঃ। জন্মষষ্ঠা-ধিপে ভৌমে বর্ষেষষ্ঠ গতে রুজা। ক্রুরেত্থশালে বিপুলঃ শুভদৃগ্ যোগতস্তনুঃ ॥১৬॥

তবে রোগ হয় না, শনির সহিত ইত্থশাল ও শনির যোগ থাকিলে রোগের বৃদ্ধি হয়। দিবাতে জন্ম হইলে বর্ষপ্রবেশকালে শুক্ল পক্ষীয় চন্দ্রের সহিত মঙ্গলের ইত্থশাল যোগ হইলে রোগ বৃদ্ধি ও শনির সহিত ইত্থশাল হইলে রোগ নাশ হয় ॥ ৯ ॥ বর্ষপ্রবেশ-কালে কেতু ও বুধযুক্ত রবির সহিত মঙ্গলের ইত্থশাল যোগ হইলে সম্বৎসর পর্য্যন্ত রোগ ভোগ করে। যে কোন গ্রহ জন্মকালে পঞ্চাধিকারীর মধ্যে কোন অধিকারী ও বলবান্ হইয়া বর্ষপ্রবে-শকালে কেতু ও বুধযুক্ত হইলে সম্বৎসর কাল রোগ থাকে ॥১০॥ বর্ষপ্রবেশকালে লগ্নের চতুর্থ বা সপ্তমস্থ মুন্থা যদি শনি কর্ত্তৃক ক্ষুত দৃষ্টিতে দৃষ্ট হয়, তবে শূলপীড়া হয়। এবং উক্ত মুন্থার প্রতি শনির ক্ষুত দৃষ্টি থাকিয়া যদি অন্য;ন্য পাপগ্রহেরযোগ দৃষ্টি থাকে তবে পরিণাম শূল হয় ॥ ১১ ॥ জন্মকালে যে রাশিতে বৃহস্পতি বা শুক্র ছিলেন বর্ষপ্রবেশকালে সেই রাশিতে যদি অস্তগত মঙ্গল থাকেন তবে পীড়কা, গণ্ডমালা ও বসন্ত প্রভৃতি রোগ হয়। উক্তস্থানে বর্ষপ্রবেশকালে চন্দ্রযুক্ত বুধ অবস্থিতি করিলে কুষ্ঠ' ভগন্দর ও গণ্ডমালাদিরোগ জন্মে ॥ ১২ ॥ জন্মলগ্নাধিপতি ও মুন্থাধিপতি পাপযুক্ত বাপাপ দৃষ্ট ও দুর্ব্বলী হইয়া বর্ষপ্রবেশলগ্নের ষষ্ঠ স্থানস্থিত হইলে জ্বরপীড়া ও অঙ্গ বৈকল্যাদি বিবিধ ক্লেশ হয়। বর্ষলগ্ন, মুন্থাধিপতি ইহয়া পাপ মধ্যগত হইলে রোগ হয়। আর ষষ্ঠাধিপতি শুভগ্রহ ষষ্ঠস্থানস্থিত হইলে স্ত্রীলাভ হয়। কোন তাজিক কার বলেন, স্ত্রীর রোগ হয় ॥ ১৪ ॥ এই সকল রোগকারী গ্রহ যে রাশিতে যে নবাংশে থাকিবে সেই রাশির ও সেই নবাংশের মধ্যে যে বলবান হইবে তাহার স্বভাবানুসারে রোগ জন্মিবে ॥ ১৫ ॥ মঙ্গল যদি জন্মকালে ষষ্ঠাধিপতি হইয়া বর্ষপ্রবেশকালে ষষ্ঠস্থিত হন তবে রোগ হইবে। উক্ত মঙ্গলের সহিত পাপগ্রহের ইত্থশাল হইলে অধিক রোগ ও শুভগ্রহের দৃষ্টি বা যোগ থাকিলে অল্পরোগ জানিবে ॥ ১৬ ॥

অথ সপ্তম ভাবঃ।

বলীসিতোঽব্দাধিপতিঃ স্মরস্থঃ স্ত্রীপক্ষতঃ সৌখ্যকরো বিচিন্ত্যঃ। ইজ্যেক্ষিতোঽত্যন্তসুখং কুজেনাধিকারিণা প্রীতি-করো মিথঃ স্যাৎ ॥১॥ বুধেক্ষিতে জারতাস্যাল্লব্ধ্যা মন্দেন বৃদ্ধয়া। গুরুদৃষ্ট্যা ন বা ভার্য্যা সন্ততিস্ত্বরিতং ততঃ ॥২ জন্ম-লগ্নাধিপেঽস্তস্থে দারা সৌখ্যং বলান্বিতে। জন্মশুক্রর্ক্ষমস্তেঽব্দে স্ত্রীলাভায় সিতেঽব্দপে ॥ ৩ ॥ লগ্নাস্তনাথয়োরিত্থশালে স্ত্রী লাভমাদিশেৎ। সহমেশো বিনষ্টঃ ভাবপোবা কষ্টদঃ স্ত্রিয়ঃ ॥৪॥ নষ্টেন্দৌ শুক্রপদগে মৈথুনং স্বল্পমাদিশেৎ।

বলবান শুক্র বর্ষাধিপতি হইয়া বর্ষপ্রবেশলগ্নের সপ্তম হইলে স্ত্রীপক্ষ হইতে সুখলাভ হয়। আর উক্ত শুক্রের প্রতি বৃহস্পতির দৃষ্টি থাকিলে অধিক সুখ হয়। মঙ্গল পঞ্চাধিকারীর মধ্যে কোন অধিকারী হইয়া যদি উক্তরূপ শুক্রের প্রতি দৃষ্টি করেন তবে স্ত্রী পুরুষের পরস্পর প্রণয় হয় ॥ ১ ॥ শুক্রবর্ষাধিপতি হইয়া বর্ষ-প্রবেশ লগ্নের সপ্তম স্থানস্থিত হইলে যদি বুধের দৃষ্টি থাকে, তবে অল্প বয়স্কা স্ত্রীর উপপতি হয়। উক্তরূপ শুক্রের প্রতি শনির দৃষ্টি থাকিলে বৃদ্ধাস্ত্রীর উপপতি হয়। আর বৃহস্পতির দৃষ্টি থাকিলে নবীনা স্ত্রীর সহিত বিবাহ হয়। এবং ঐ স্ত্রী হইতে শীঘ্র সন্তান লাভ হয় ॥ ২ ॥ জন্ম লগ্নাধিপতি বলবান হইয়া বর্ষ-প্রবেশ লগ্নের সপ্তম স্থানস্থিত হইলে স্ত্রী দ্বারা সুখ ভোগ হয়। জন্মকালে শুক্র যে রাশিতে স্থিত ছিলেন সেই রাশি বর্ষপ্রবেশ লগ্নের সপ্তম রাশি হইলে তাহাতে যদি বর্ষাধিপতি শুক্র অব-স্থিতি করেন তবে স্ত্রীলাভ হয় ॥ ৩ ॥ বর্ষলগ্নাধিপতি ও সপ্তম ভাবাধিপতি ইহাদের ইত্থশাল যোগ হইলে স্ত্রী লাভ হয়। স্ত্রী সহমাধিপতি যদি বিনষ্ট অর্থাৎ পাপাক্রান্ত, পাপযুক্ত, পাপদৃষ্ট বা অস্তগত হয়। তবে স্ত্রী হইতে ক্লেশ হইয়া থাকে ॥ ৪ ॥ বর্ষ-

জন্মশুক্রর্ক্ষগো ভৌমঃ স্ত্রীসুখোৎসব কুদ্বলী॥৫॥ জন্মাস্তপে-ঽৎপ সিতেন যুগীক্ষিতে স্যাৎ স্ত্রীসঙ্গমো বহুবিলাস সুখপ্রধানঃ। কেন্দ্রত্রিকোণগগুরৌ জনি শুক্রভস্থে স্ত্রী সৌখ্যমুক্তমিতি হদ্দবিবাহয়োশ্চ ॥৬॥ অধিকারিপদস্থেঽর্কে স্ত্রীভ্যোব্যাকুলতানিশং। ইন্থিহাধিকৃতস্থানে গুরুদৃষ্ট্যা বিবাহকৃৎ ॥৭ ইন্থিহার্কারযুগ দ্যূনে ক্রুরিতে সহমে স্ত্রিয়াঃ। স্ত্রীপুত্রেভ্যো ভবেৎ কষ্টং পাপদৃষ্ট্যা বিশেষতঃ॥৮॥ সুতৌ দ্যূনাধিপঃ শুক্রোঽব্দে দ্যূনে বলবান্ ভবেৎ। লগ্নেশে নেথশালশ্চেৎ স্ত্রীলাভং কুরুতে ধ্রুবং ॥৯॥ ভৌমেঽব্দপে সিতদৃশা শুক্রেঽব্দেশে কুজেক্ষয়া। তদ্দৃষ্টে দারসহমে স্ত্রী লাভো ভবতি ধ্রুবম্ ॥১০॥ সুতৌ বা দারসহমে তদ্দৃষ্টে যোষিদাপ্যতে। স্বামিদৃষ্টং স্ত্রীসহমং শুক্রদৃষ্টং বিবাহ কৃৎ ॥ ১১ ॥ সুতৌদ্যূনাধিপে বর্ষসহমেশে স্ত্রিয়া সুখং। জন্মাস্তপেস্থিহানাথ বর্ষেশাঃ খে দ্যূনে তথা ॥১২॥ মুথহা-তোদ্যূনসংস্থঃ স্বগৃহোচ্চগতঃ শশী। বিদেশাগমনং কুর্য্যাৎ ক্লেশঃ পাপেক্ষণাদ্ভবেৎ ॥ ১৩ ॥

প্রবেশকালে যে রাশিতে শুক্র অবস্থিত আছেন চন্দ্র সেই রাশি-স্থিত হইয়া যদি পাপাক্রান্ত, পাপযুক্ত, পাপদৃষ্ট বা অস্তগত হন তবে স্ত্রী সহবাসে অল্প সুখ হইবে। এবং জন্মকালে যে রাশিতে শুক্রছিলেন বর্ষপ্রবেশকালে সেই রাশিতে মঙ্গল অবস্থিত হইলে যদি ঐ মঙ্গল বলবান হয়, তবে স্ত্রী হইতে অধিক সুখ হয় ॥ ৫ ॥ জন্মলগ্নের সপ্তমাধিপতি গ্রহ যদি বর্ষপতি শুক্র কর্তৃক দৃষ্ট বা যুক্ত হন, তবে স্ত্রীসঙ্গম জনিত বহুবিধ সুখ হয়। জন্মকালে যে রাশিতে শুক্র ছিলেন বৃহস্পতি সেই রাশিতে থাকিয়া বর্ষপ্রবেশ-কালে যদি লগ্নের কেন্দ্রেস্থিত হয়, তবে স্ত্রী হইতে সুখ হয়। জন্মকালীন শুক্রাধিষ্ঠিত রাশিস্থিত গ্রহ যদি বর্ষপ্রবেশ হদ্দার অধিপতি হইয়া কেন্দ্রস্থিত হন তবে স্ত্রী হইতে সুখ হয়। জন্ম-কালীন শুক্রাধিষ্ঠিত রাশিস্থিত গ্রহ যদি বর্ষপ্রবেশকালে বিবাহ সহমাধিপতি হইয়া কেন্দ্রস্থিত হন, তবে স্ত্রী সুখ হইবে ॥ ৬ ॥ পঞ্চাধিকারীর মধ্যে কোন অধিকারীর স্থানে সূর্য্য অবস্থিত হইলে সর্ব্বদা স্ত্রী হইতে ব্যাকুলতা ঘটে। এবং ঐ পঞ্চাধিকা-রীর কোন অধিকারীর স্থানে মুন্থা হইলে যদি তাহাতে বৃহ-স্পতির দৃষ্টি থাকে তবে বিবাহ হয় ॥ ৭ ॥ বর্ষলগ্নের সপ্তমস্থানে স্থিত মুন্থা যদি সূর্য্য ও মঙ্গল কর্তৃক দৃষ্ট হয়, তবে স্ত্রীপুত্র হইতে ক্লেশ হইয়া থাকে। স্ত্রী সহম বর্ষলগ্নের সপ্তমস্থান হইলে যদি তাহাতে পাপগ্রহ অবস্থিতি করে, তবে স্ত্রীপুত্র হইতে কষ্ট হয় ॥ ৮ ॥ শুক্র জন্মকালে সপ্তমাধিপতি ও বলবান হইয়া যদি বর্ষপ্রবেশ লগ্নের সপ্তমস্থানস্থিত হয় তবে স্ত্রীলাভ হয় ॥ ৯ ॥ মঙ্গল বর্ষাধিপতি হইয়া শুক্র কর্তৃক দৃষ্ট হয়, কিম্বা শুক্র বর্ষাধিপতি হইয়া যদি মঙ্গল কর্তৃক দৃষ্ট হয়, তবে নিশ্চয় স্ত্রীলাভ হয়। এবং স্ত্রীসহম শুক্র ও মঙ্গল কর্তৃক দৃষ্ট হইলেও স্ত্রীলাভ হয় ॥ ১০ ॥ জন্মকালে স্ত্রীসহম যদি শুক্র ও মঙ্গল কর্তৃক দৃষ্ট হয়, এবং বর্ষ-প্রবেশকালে স্ত্রীসহম যদি তৎস্বামী ও শুক্র কর্তৃক দৃষ্ট হয়, তবে স্ত্রীলাভ হয় ॥ ১১ ॥ জন্মকালে সপ্তমভাবাধিপতি যদি বর্ষপ্রবেশকালে স্ত্রীসহমাধিপতি হয় তবে স্ত্রীর সুখ হয়। জন্ম-কালের সপ্তমাধিপতি, বর্ষপ্রবেশকালে মুন্থাধিপতি ও বর্ষা-ধিপতি বর্ষলগ্নের দশম স্থানে থাকিলে স্ত্রীর সুখ হয় ॥ ১২॥ বর্ষ-প্রবেশকালে মুন্থাগত রাশির সপ্তমে যদি চন্দ্র থাকেন এবং ঐ স্থান যদি চন্দ্রের স্বস্থান বা উচ্চস্থানহয়, তবে বিদেশ গমন হয়। এবং ঐ স্থানে পাপগ্রহের দৃষ্টি থাকিলে কষ্ট হয় ॥ ১৩ ॥

অথ অষ্টম ভাববিচারঃ।

ভৌমেঽব্দপে ক্রূরহতেঽয়সাঘাতো বলোজ্ঝিতে। অগ্নিভীরগ্নিভে ক্রূর নরাদ্দ্বিপদভে মৃতিঃ ॥ ১ ॥ বিয়ত্য বনিপামাত্য রিপু তস্করজং ভয়ং তুর্য্যে মাতুঃ পিতৃব্যাম্বা মাতুলাৎ পিতৃতো গুরোঃ ॥ ২ ॥ লগ্নেস্থিহাপতিসমাপ-ভয়ো মৃতীশাশ্চেদিথশালিন ইমে নিধনপ্রদাঃ স্যুঃ। চেৎপাকরিষ্ট সময়ে মৃতিরেব তত্র সার্কে কুজে নৃপভয়ং

মঙ্গল বর্ষাধিপতি হইয়া পাপগ্রহ কর্তৃক পরাজিত ও নির্ব্বলী হইলে লৌহাঘাত হয়। উক্তরূপ মঙ্গল যদি অগ্নিরাশিতে স্থিত হন তবে অগ্নি ভয় হয়। আর উক্তরূপ মঙ্গল যদি দ্বিপদ রাশি-স্থিত হন তবে চৌরাদি দুর্জন লোক হইতে মৃত্যু হয়॥১॥ উক্ত-রূপ মঙ্গল বর্ষলগ্নের দশম স্থানে থাকিলে রাজমন্ত্রী, শত্রু ও তস্ক-রাদি হইতে ভয় হয়, চতুর্থ স্থানস্থিত হইলে মাতা, পিতৃব্য, মাতুল, পিতা ও গুরু হইতে ভয় হয় ॥ ২ ॥ লগ্নাধিপতি, মুন্থাধিপতি, ও বর্ষাধিপতির সহিত যদি অষ্টম ভাবাধিপতির ইথশাল যোগ থাকে। এবং যদি দশা গণনায় রিষ্ট সম্ভম হয় তবে মৃত্যু হইয়া থাকে। দিবাতে বর্ষপ্রবেশ হইলে রবি মঙ্গলের সহিত থাকেন তবে

দিবসেঽব্দবেশে ॥ ৩॥ সূর্য্যে মুথারিফে সিতেন জননে বর্ষে ধিকারী তথা কেন্দ্রে রাজগদাদ্ভয়ঞ্চ কগস্থক্ স্থানেঽধিকারী জ্ঞে। সৌম্যে ক্রূর দৃশা কুজস্য কগস্থগ্ দোষা দিনাংশুস্থিতে দগ্ধে বন্ধমৃতী বিদেশত ইতি প্রাহুর্ব্বুধে তাদৃশে ॥ ৪ ॥ ভৌমস্থানে ধিকারীন্দৌ গুপ্তং নৃপভয়ং রুজঃ। মন্দোধিকারী খে লোহহতেঃ পীড়াকরঃ স্মৃতঃ ॥৫ সার্কে বুধে ভৌমযুতে মৃতিঃ স্যাদ্দেশান্তরে বা বধবন্ধনঞ্চ। ভৌমেঽষ্টমে ভয়ং বহ্নেঃ প্রহারো বা নৃপাদ্ভয়ং ॥৬॥ আরে খস্থে চতুষ্পাদ্ভ্যঃ পাতো দুঃখং রুজোঽসৃজঃ। বিত্তাষ্টগে জ্যোধনহা যদ্যব্দেশো শুভেক্ষিতঃ। মন্দেদ্যূনে দুর্ব্বচনা পবাদ কলিভং সনম্ ॥৭॥ পতিতেজ্যে ক্রূরদৃশারেত্থশালে মৃত্তিং বদেৎ কুজহদ্দাস্থিতে নাশঃ সৌম্যদৃষ্ট্যা শুভং ভবেৎ ॥ ৮ ॥ লগ্নাধিপেনষ্ট দগ্ধে যোষিদ্বাদোঽশুভান্বিতে। জন্মন্যষ্টমগোজীবো নাধিকারী কলিঃ পৃথুঃ ॥ ৯ ॥ জয়ঃ শুক্রেক্ষণাদুক্তঃ প্রত্যুত্তরবশেন তু। ভৌমেন্ত্যগে ধনে সূর্য্যেঽবাদাঃ ক্লেশং বিনির্দ্দিশেৎ ॥ ১০ ॥ রিপুগোত্র কলিভীতিঃ সংখ্যে কুজেহতেঽব্দপে। দগ্ধোজন্মাঙ্গপো বর্ষেষ্টমো রোগকলী দিশেৎ ॥ ১১ ॥ সুত্যব্দয়োরধিকৃতৌ ভৌমস্থানে গুরুর্হতঃ। পাপৈর্ব্বাদঃ স্ফুটোপ্যেবং তাদৃশেন্দৌ শনেঃ পদে ॥ ১২ ॥ সুত্যব্দয়ো রধিকৃতে চন্দ্রে বুধ পদে হতে। ক্রূরৈর্ব্বিদেশগমনং বাদঃ স্যা দ্বিমনস্কতা ॥ ১৩ ॥ মেষে সিংহে ধনুষ্যারেঽব্দপে রন্ধ্রেঽসিতোভয়ং। মৃতৌ মৃতীশলগ্নেশৌ মৃত্যুদৌ পাপদৃগ্ যুতৌ ॥ ১৪

রাজভয় হয় ॥ ৩ ॥ জন্মকালে যদি শুক্রের সহিত সূর্য্যের ইসরাফ যোগ থাকে এবং ঐ সূর্য্য যদি বর্ষপ্রবেশকালে পঞ্চাধিকারীর মধ্যে কোন অধিকারী হইয়া কেন্দ্রস্থিত হয় তবে রাজভয় ও রোগভয় হইয়া থাকে। জন্মকালে মঙ্গলাক্রান্ত রাশিতে যদি বর্ষপ্রবেশকালে বুধ অবস্থিত হন এবং ঐ বুধ পঞ্চাধিকারীর মধ্যে কোন অধিকারী হন তবে রোগ ভয় হইবে। আর বর্ষপ্রবেশকালে কোন রাশিস্থিত স্থিত বুধ যদি পঞ্চাধিকারীর মধ্যে কোন এক অধিকারী হইয়া মঙ্গল কর্ত্তৃক ক্ষুত দৃষ্টিতে দৃষ্ট হন তবে রোগভয় জানিবে। বুধ মঙ্গল কর্ত্তক ক্ষুতদৃষ্টিতে দৃষ্ট হইয়া যদি মঙ্গলের রশ্মিমধ্যেস্থিত ও পরাজিত হয়, তবে বিদেশে বন্ধন অথবা মৃত্যু হইয়া থাকে ॥৪॥ জন্মকালে মঙ্গল যে রাশিতে স্থিত ছিলেন বর্ষপ্রবেশকালে চন্দ্র সেই রাশিস্থিত হইয়া যদি পঞ্চাধিকারীর মধ্যে কোন এক অধিকারী হন, তবে গুপ্ত রাজভয় জানিবে। শনি পঞ্চাধিকারীর মধ্যে কোন এক অধিকারী হইয়া যদি বর্ষলগ্নের দশমস্থানস্থিত হন, তবে লৌহাঘাতে পীড়া হয় ॥ ৫ ॥বর্ষপ্রবেশকালে যদি রবি, মঙ্গল ও বুধ একস্থানেস্থিত হয়, তবে বিদেশে বন্ধন অথবা মৃত্যু হইয়া থাকে। মঙ্গল বর্ষলগ্নের অষ্টমস্থানে স্থিত হইলে অগ্নিভয় রাজভয় ও প্রহার হইয়া থাকে ॥ ৬ ॥ মঙ্গল বর্ষলগ্নের দশমস্থানে থাকিলে চতুষ্পদ জন্তু হইতে ভয় ও রক্তবিকার যোগ হয়। যদি বৃহস্পতি বর্ষাধিপতি হইয়া পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট ও বর্ষলগ্নের দ্বিতীয় বা অষ্টমস্থানস্থিত হন তবে বলহানি হয়। আর বর্ষলগ্নের সপ্তমস্থানে শনি থাকিলে তিরস্কার, দুর্ব্বচন ও অপবাদ হয় ॥ ৭ ॥ বুধ বর্ষলগ্নের ষষ্ঠ অষ্টম বা দ্বাদশস্থানস্থিত হইয়া যদি মঙ্গলের সহিত ইথশালী ও মঙ্গলকর্ত্তৃক ক্ষুতদৃষ্টিতে দৃষ্টহন, তবে মৃত্যু হইয়া থাকে। ঐরূপ বুধ মঙ্গলের হদ্দার থাকিলে ধননাশ হয়। এবং শুভগ্রহের দৃষ্টি থাকিলে শুভ হয় ॥ ৮ ॥ বর্ষলগ্নাধিপতি অস্তগত, পরাজিত ও পাপগ্রহে সহিত যুক্ত হইলে স্ত্রীলোকের সহিত বিবাদ হয়। জন্মলগ্নের অষ্টমস্থ বৃহস্পতি যদি বর্ষপ্রবেশকালে পঞ্চাধিকারীর মধ্যে কোন অধিকারী না হয়, তবে অতিশয় কলহ হয় ॥ ৯ ॥ উক্তরূপ বৃহস্পতির প্রতি শুক্রের দৃষ্টি থাকিলে বিবাদে জয় হয়, আর বর্ষলগ্নের দ্বাদশে মঙ্গল ও দ্বিতীয়ে রবি থাকিলে বিবাদে ক্লেশ হইয়া থাকে॥১০॥ বর্ষাধিপতিগ্রহ মঙ্গল কর্ত্তক পীড়িত হইলে শত্রু ও জ্ঞাতির সহিত কলহ ও সংগ্রামে ভয় হয়। জন্মলগ্নাধিপতি বর্ষলগ্নের অষ্টমস্থিত হইয়া দগ্ধ অর্থাৎ অস্তগত হইলে রোগ ও বিবাদ হয় ॥ ১১ ॥ জন্মকালে মঙ্গলস্থিত রাশিতে জন্মকালে ও বর্ষপ্রবেশ সময়ের অধিকারীবৃহস্পতি পাপযুক্ত ও দৃষ্ট হইলে বিবাদ ঘটনা হয়। ঐরূপ জন্মকাল ও বর্ষকালের অধিকারী চন্দ্র জন্মকালের শনিস্থিত রাশিতে থাকিয়া পাপযুক্ত বা পাপদৃষ্ট হইলে বিবাদ হয় ॥ ১২ ॥ চন্দ্র জন্মকাল ও বর্ষকালের অধিকারী হইয়া যদি জন্মকালে যে রাশিতে বুধ ছিলেন বর্ষপ্রবেশ কালে সেই রাশিতে স্থিত ও পাপগ্রহ কর্ত্তৃক পরাজিত হন তবে বিদেশ গমন জানিবে ॥১৩॥ মঙ্গল বর্ষপতি হইয়া যদি মেষে, সিংহে বা ধনুতে অবস্থিতি করেন এবং ঐ মঙ্গলাধিষ্ঠিত রাশি যদি বর্ষলগ্নের অষ্টম হয় তবে

যত্রর্ক্ষে জন্মনি কুজঃ সোঽব্দলগ্নোপগোযদা। বুধোবর্ষপতি-র্নষ্ট বলস্তত্র ন শোভনং ॥ ১৫ ॥ সার্কেশনৌ ভৌমযুতে খাষ্টস্থে বাহনাদ্ভয়ং। সার্কেভৌমেঽষ্টমস্থে তু পতনং বাহনাদ্ভবেৎ ॥ ১৬ ॥ সারেঽব্দপেঽষ্টমে মৃত্যুশ্চন্দ্রেন্ত্যারিমৃত্যৌ মৃতিঃ। উদিতে মৃতি সদ্মেশে নির্ব্বলে জীবিতে মৃতিঃ ॥১৭ পুণ্য সদ্মেশ্বরঃ পুণ্যসহমাদষ্টগো যদা। মৃত্যষ্টমেশঃ পুণ্যস্থো মৃতিদঃ পাপদৃগ্‌যুতঃ ॥১৮॥ মৃত্যষ্টমগতো রাশিঃ পুণ্য সদ্মনি নাথযুক্‌। অব্দলগ্নোষ্টমর্ক্ষে বা চেদিত্থং স্যান্মৃতিস্তদা ॥ ১৯ ॥ পুণ্য সদ্মাশুভাক্রান্তং মৃতীশোন্ত্যারিরন্ধ্রগঃ মুথহেশোব্দপো বাপি মৃত্যুং তত্র বিনির্দ্দিশেৎ ॥২০ সক্রূরে জন্মপে মৃত্যৌ মৃতিশ্চেদিন্থিহার্কিয়ুক্‌। ভৌমে ক্ষুতেক্ষণে তত্র মৃত্যুঃ স্যাদাত্মঘাততঃ ॥২১॥ মন্দোষ্টমে মৃতীশেত্থশালান্মৃত্যু করঃ স্মৃতঃ। শুভেত্থশালাৎ সর্ব্বেপি যোগা নাশুভ দায়কাঃ ॥২২॥ মৃতিং রন্ধ্রপতির্মন্দোঽষ্টমোঽব্দে লগ্ন পোনচেৎ। ইত্থশালী ক্রূর দৃশা তৎকালং মৃত্যুদায়কঃ ॥ ২৩ ॥ পুণ্যসদ্মনি বিধুস্তনৌ তথাস্তে খলো মৃতিরথার্থরিপ্‌ফগো। মৃত্যুদো খলখগাবথো জন্মর্ক্ষবর্ষবেশতনুপৌ মৃতৌমৃতিঃ ॥ ২৪ ॥

খড়্গ ভয় জানিবে। বর্ষলগ্নের অষ্টম স্থানে যদি অষ্টমাধিপতি ও বর্ষলগ্নাধিপতি পাপ দৃষ্ট হইয়া অবস্থিত হন তবে মৃত্যু হইয়া থাকে ॥ ১৪ ॥ জন্মকালে যে রাশিতে মঙ্গল ছিলেন সেই রাশি যদি বর্ষপ্রবেশ লগ্ন হয় এবং নষ্টবলী বুধ বর্ষপতি হইয়া যদি বর্ষলগ্নে অবস্থিতি করেন তবে সেই বর্ষে শুভ ফল হয় না ॥ ১৫ ॥ বর্ষলগ্নের দশম স্থানে যদি সূর্য্য, মঙ্গল ও শনি একত্র অবস্থিতি করেন তবে বাহন (গজাশ্বাদি) হইতে ভয় হয়। বর্ষলগ্নের অষ্টমস্থানে রবি ও মঙ্গল থাকিলে বাহন হইতে পতিত হয় ॥১৬॥ মঙ্গল বর্ষপতি হইয়া যদি অষ্টমস্থানে অবস্থিতি করেন, এবং দ্বাদশ, ষষ্ঠ বা অষ্টম স্থানে চন্দ্র থাকেন তবে মৃত্যু হয়। মৃত্যু সহমাধিপতি উদিত হইয়া নির্ব্বলী হইলে জীবন্মৃত্যু হয় ॥ ১৭ ॥ পুণ্য সহমাধিপতি যদি পুণ্য সহম হইতে অষ্টমস্থানস্থিত হইয়া পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হন, তবে মৃত্যু হয়। জন্মকালের অষ্টমাধিপতি পাপ দৃষ্ট ও যুক্ত হইয়া যদি পুণ্য সহমে যুক্ত হয় তবে মৃত্যু হইবে ॥ ১৮ ॥ জন্মলগ্নের অষ্টমস্থান পুণ্য সহম হইলে তাহাতে যদি তদধিপতি যুক্ত হন তবে মৃত্যু ফল জানিবে। বর্ষলগ্নের অষ্টমস্থান পুণ্য সহম হইলে তাহাতে যদি তদধিপতি যুক্ত হন তবেও মৃত্যু ফল জানিবে ॥ ১৯ ॥ পুণ্য সহম পাপযুক্ত হইলে যদি অষ্টমাধিপতি ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থিত হয় তবে মৃত্যু হইবে। মুন্থাধিপতি ও বর্ষাধিপতি পাপযুক্ত হইয়া যদি বর্ষলগ্নের ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থিত হয় তবে মৃত্যু ফল হইবে ॥২০॥ জন্মলগ্নাধিপতি পাপাযুক্ত হইয়া বর্ষলগ্ন হইতে অষ্টমস্থানস্থিত হইলে মৃত্যুফল জানিবে। শনি যুক্ত মুন্থা মঙ্গল কর্ত্তৃক ক্ষুত দৃষ্টিতে দৃষ্ট হইলে আত্মঘাতে মৃত্যু হয় ॥ ২১ ॥ শনি অষ্টমস্থানে থাকিয়া, যদি অষ্টমাধিপতির সহিত ইত্থশালকারী হয়, তবে মৃত্যু যোগ হইবে। যে সকল অশুভ যোগ বলা হইল এই সকল যোগে যদি শুভগ্রহের সহিত ইত্থশাল থাকে, তবে শুভফল জানিবে ॥২২ জন্মলগ্নের অষ্টমাধিপতি শনি বর্ষলগ্নের অষ্টমস্থানস্থিত হইয়া বর্ষলগ্নাধিপতির সহিত ইত্থশালী হইলে যদি ঐ শনির প্রতি লগ্নাধিপতির ক্ষুত দৃষ্টি থাকে, তবে মৃত্যু যোগ হইবে ॥ ২৩॥ পুণ্যসহমে চন্দ্র এবং লগ্নে ও সপ্তমে পাপগ্রহ অবস্থিত হইলে মৃত্যুযোগ জানিবে। এবং পাপগ্রহ অষ্টম বা দ্বাদশ স্থানে স্থিত হইয়া বর্ষলগ্নাধিপতি হইলেও মৃত্যু হইবে ॥২৪॥

অথ নবমভাব বিচারঃ।

ভৌমেঽব্দপে ত্রিনবগে ক্রূরাযুক্তে বলান্বিতে। গুণাবহস্তদামার্গশ্চিরং কার্য্যং স্থিরং ততঃ ॥ ১ ॥ ত্রিধর্ম্মস্থো ঽব্দপঃ সূর্য্য কম্বূলীমার্গ সৌখ্যদঃ। অন্য প্রেষণ যানং স্যাৎ সচেন্নাধি কৃতোভবেৎ ॥ ২ ॥ শুক্রেঽব্দপে ত্রিনবগে মার্গে সৌখ্যং বিলোমগে। অস্তেবা কুগতিঃ সৌম্যে দেব যাত্রা

মঙ্গল বর্ষপতি হইয়া বর্ষলগ্নের তৃতীয় বা নবমস্থানস্থিত হইলে যদি তাহার প্রতি কোন পাপগ্রহের দৃষ্টি না থাকে এবং ঐ গ্রহ বলবান হয় তবে সর্ব্বকার্য্য সিদ্ধি ও পথগমনে লাভ হয় ॥ ১ ॥ সূর্য্য বর্ষাধিপতি ও কম্বূল যোগবিশিষ্ট হইয়া যদি বর্ষলগ্নের তৃতীয় বা নবমস্থানস্থ হন তবে পথগমনে সুখ হয়। এবং উক্তরূপ সূর্য্য যদি পঞ্চাধিকারীর মধ্যে কোন অধিকারী না হয় তবে অন্য কর্ত্তৃক প্রেরিত হইয়া গমন করে ॥ ২ ॥ শুক্র বর্ষপতি হইয়া বর্ষলগ্নের তৃতীয় বা নবমস্থানস্থিত হইলে পথগমনে সুখ হয়। উক্তরূপ শুক্র বক্রী বা অস্তগত হইলে কুৎসিতগতি অর্থাৎ সেই গমনে কার্য্যসিদ্ধি হয় না। বুধ বর্ষপতি

তথাবিধে ॥ ৩ ॥ ক্রূরার্দ্দিতে কুযানং স্যাৎ গুরাবেবং বিচিন্তয়েৎ। ইত্থশালে লগ্ন ধর্ম্ম পত্যোর্যাত্রাস্ত্য চিন্তিতা ॥৪॥ লগ্নেশো ধর্ম্মপে যচ্ছন্ স্বং মহশ্চিন্তিতাধ্বদঃ। এবং লগ্নাব্দয়োর্যোগে মুথহাজপয়োরপি ॥ ৫ ॥ শুক্রস্থানে কুজে ধর্ম্মে যদ্যাত্রা ভৃত্যবিত্তদা। জ্ঞস্থানে লগ্নপোভৌমো দৃষ্টঃ সদ্যানসৌখ্যদঃ ॥ ৬ ॥ স্ব স্থানগো বা বলবান্ লগ্নদর্শীস্মুযানদঃ। জন্মাধিকারীজ্যো মন্দস্থানে ক্রূর যুতো যদা ॥ ৭ ॥ পন্থারিপো র্ক’কটকাদ্গুরু রধ্বেন্দ্রু

হইয়া বর্ষলগ্নের তৃতীয় বা নবমস্থানস্থিত হইলে তীর্থস্থানে গমন হয় ॥ ৩ ॥ উক্ত শুক্র ও উক্তরূপ বুধ পাপগ্রহের সহিত যুক্ত ও পাপগ্রহ পীড়িত হইলে কুৎসিত গমন হয়। বৃহস্পতি বর্ষপতি হইয়া বর্ষলগ্নের তৃতীয় বা নবমস্থ হইলে তীর্থযাত্রা হইয়া থাকে। উক্তরূপ বৃহস্পতি পাপ পীড়িত ও পাপযুক্ত হইলে কুৎসিত গমন হয়। বর্ষলগ্নপতির সহিত নবম ভাবাধিপতির ইত্থশাল যোগ হইলে অকস্মাৎ গমন হয় ॥ ৪ ॥ বর্ষলগ্নাধিপতির সহিত বর্ষলগ্নের নবমাধিপতির কিম্বা বর্ষলগ্নাধিপতির সহিত বর্ষাধিপতির অথবা বর্ষলগ্নাধিপতির সহিত মুন্থাধিপতির ইথশাল যোগ হইলে চিন্তিতস্থানে গমন হয় ॥ ৫ ॥ জন্মকালে বৃহস্পতি যে রাশিতে অবস্থিত ছিলেন সেই রাশি যদি বর্ষলগ্নের নবমস্থান হয়, ও তাহাতে মঙ্গল থাকেন, তবে যাত্রার শুভ ও ভৃত্যের ধনলাভ হয়। আর জন্মকালে বুধ যে রাশিতে ছিলেন সেই রাশিতে, বর্ষপ্রবেশ কালে মঙ্গল বর্ষলগ্নাধিপতিকর্ত্তৃক দৃষ্ট হইয়া অবস্থিত হইলে শুভযাত্রা ও সুখপ্রস্থান হয় ॥ ৬ ॥ জন্মকালে মঙ্গল স্বক্ষেত্রে অর্থাৎ মেষ বা বৃশ্চিক রাশিতে থাকিলে বর্ষপ্রবেশকালে যদি ঐ মেষ বা বৃশ্চিক বর্ষপ্রবেশ লগ্নের নবম হয়, ও তাহাতে বলবান মঙ্গল অবস্থিত হন, তবে শুভগমন হয়। আর জন্মকালে শনি যে রাশিতে অবস্থিত ছিলেন, বর্ষপ্রবেশকালে সেই রাশিতে জন্মলগ্নাধিপতি বুধ পাপযুক্ত হইয়া অবস্থিতি করিলে শত্রুগণের সহিত কলহ ও প্রসঙ্গত পথগমন হয়। জন্ম কালে শনি যে রাশিতে স্থিত ছিলেন বর্ষপ্রবেশকালে সেই রাশিতে চন্দ্র বা বৃহস্পতি জন্মলগ্নাধিপতি হইয়া অবস্থিত হইলে যদি ঐ রাশি বর্ষলগ্নের নবম হয়, তবে শত্রুর সহিত কলহ হেতু গুরুতর পথগমন হয়। আর শনি পঞ্চাধিকারীর মধ্যে কোন অধিকারী না হইয়া বর্ষলগ্নের নবমস্থানস্থিত হইলে অশু-

জীবয়োঃ। ধর্ম্মে শনির্নাধিকারী পন্থান মশুভং বদেৎ ॥ ৮ ইত্থং গুরৌ দূর যাত্রা নৃপসঙ্গস্ততো গুণঃ। কুজেঽব্দপে নষ্টবলে স্বজনাদ্দূরতোগতিঃ ॥ ৯ ॥ দ্যূনেস্থিহা ধর্ম্ম ইন্দৌ সবলেধ্বাবিদেশজঃ। বর্ষেশো বলবান্ পাপাযুতঃ কেন্দ্রেঽধিকারবান্ ॥ ১০ ॥ অধিকারে গতিঃ সখ্যে সেনা পত্যং বুধো বদেৎ। এবং বুধে কুজে জীবযুতেঽর্কাম্নির্গতে পুনঃ ॥ ১১। পর সৈন্যোপরিগতিজ’য়খ্যাতি সুখাবহঃ। জীবান্নবমগে ভৌমে শুভা যাত্রা নৃণাং ভবেৎ ॥১২॥

অথ দশম ভাবঃ।

সবলেঽব্দপতৌ খস্থে রাজ্যার্থসুখকীর্ত্তয়ঃ। স্থানান্ত-রাপ্তিরন্যস্মিন্ কেন্দ্রে গৃহসুখাপ্তয়ঃ ॥ ১ ॥ ইত্থং বলী রবিভু’স্থঃ পূর্ব্বার্জি’ত পদাপ্তিকৃৎ। একাদশেঽস্মিন্ সখ্যং স্যাৎ নৃপামাত্য গুণোত্তমৈঃ ॥ ২ ॥ রবি স্থানেস্থিহা লগ্নে

ভগমন হয় ॥ ৭ ॥ ৮ ॥ যে বর্ষে বৃহস্পতি কোন অধিকারী না হইয়া বর্ষলগ্নের নবমস্থানস্থিত হইলে দূর গমন ও রাজসঙ্গম হইয়া ঐ রাজা হইতে দ্রব্যলাভ হয় ॥ ৯ ॥ বর্ষ লগ্নের লগ্নের সপ্তমে মুন্থা ও নবমে বলবান চন্দ্র থাকিলে বিদেশ গমন হয়। আর বর্ষাধিপতি বলবান ও পঞ্চাধিকারীর মধ্যে কোন এক অধিকারী হইয়া বর্ষলগ্নের কেন্দ্রস্থানস্থিত হইলে যদি পাপযুক্ত না হয়, তবে অধিকৃত স্থানে গমন ও সংগ্রামে সেনাপতিত্ব হয়। বুধ বা মঙ্গল পঞ্চাধিকারীর মধ্যে কোন এক অধিকারী ও উদিত বলবান বৃহস্পতির সহিত যুক্ত হইয়া বর্ষলগ্নের কেন্দ্রস্থিত হইলে পরসৈন্যাভিমুখে গমন, জয়লাভ ও অতিশয় সুখ হয়। বর্ষপ্রবেশ সময়ে বৃহস্পতি যে রাশিতে স্থিত আছেন সেই রাশি হইতে নবমস্থানে মঙ্গল থাকিলে শুভ যাত্রা হয়। ১০ ॥ ১১ ॥ ১২ ॥

বলবান্ বর্ষাধিপতি বর্ষলগ্নের দশমস্থানস্থিত হইলে রাজ্য প্রাপ্তি, অর্থসুখ ও যশোলাভ হয়। বলবান্ বর্ষাধিপতি দশম ভিন্ন অন্য কেন্দ্র স্থানে স্থিত হইলে স্থানান্তর লাভ ও গৃহসুখ হয় ॥ ১ ॥ বলবান্ রবি বর্ষাধিপতি হইয়া বর্ষলগ্নের চতুর্থ স্থানস্থিত হইলে পূর্ব্বার্জ্জিত পদপ্রাপ্তি হয়, এবং ঐরূপ রবি বর্ষলগ্নের একাদশ স্থানস্থিত হইলে রাজা, রাজমন্ত্রী ও গুণবান্ ব্যক্তির সহিত মিত্রতা হয়। ২। জন্মকালে যে রাশিতে রবি ছিলেন সেই রাশি বর্ষলগ্ন বা বর্ষলগ্নের দশম হইলে তাহাতে যদি মুন্থা

স্থেবা রাজ্যাপ্তিসৌখ্যদাঃ। নীচেঽর্কঃ পাপসংযুক্তো ভূপাদ্বন্ধবধং দিশেৎ ॥ ৩ ॥ সিংহে রবির্ব্বলী খস্থঃ স্থান লাভো নৃপাশ্রয়ঃ। স্থানান্তরাধিকারাপ্তিরিন্দুরারপদে বলী ॥ ৪ ॥ খেশ লগ্নেশ বর্ষেশেঽথশালো রাজ্যদায়কঃ। বর্ষেশে রাজ্যসহমে কেঽথশালে মহানৃপঃ ॥ ৫ ॥ শনি স্থানে কুজঃ পশ্যন মুন্থহাং পাপ কর্ম্মতঃ। নৃপভীতিং বিত্তনাশং দদ্যাদ্দশমগো যদি ॥ ৬ ॥ ঈদৃশে ত্রিনবস্থেঽস্মিন্ দগ্ধনষ্টেঽঘসঞ্চয়ঃ। মন্দোঽব্দপোঽধিকারী ত্রিধর্ম্মগো ধর্ম্ম-বৃদ্ধিদঃ ॥ ৭ ॥ যস্মিন্ দগ্ধে বিনষ্টে চ পাপকৃদ্ধর্ম্মনিন্দকঃ। ঈদৃশী দৃক্‌ফলং সূর্য্যে গুরাবিত্থং নয়ার্থভাক্ ॥ ৮ ॥ তত্রস্থা মুথহা পুণ্যাগমং পাপং খলাশ্রয়াৎ। মৃতৌ খেশোরবৌ খস্থে বর্ষে মুথশিলং যদি ॥ ৯ ॥ লগ্নাধপেন রাজ্যাপ্ত-কক্তা বীর্য্যানুমানতঃ। ধর্ম্মকর্ম্মাধিপৌ দগ্ধৌ ধর্ম্ম রাজ্য-ক্ষয়াবহৌ ॥ ১০ ॥

থাকে তবে রাজ্যলাভ ও সুখবৃদ্ধি হয়। আর পাপযুক্ত রবি নীচ রাশিস্থিত হইয়া বর্ষলগ্নের দশম স্থানস্থিত হইলে রাজা হইতে ধন লাভ হয় ॥ ৩ ॥ জন্মকালে ও বর্ষপ্রবেশ কালে সিংহ-রাশিস্থিত রবি বর্ষলগ্নের দশমস্থিত হইলে স্থানপ্রাপ্তি ও রাজা-শ্রয় হয়। আর জন্মকালে যে রাশিতে মঙ্গল অবস্থিত ছিলেন বর্ষপ্রবেশকালে সেই রাশিতে বলবান্ চন্দ্র অবস্থিতি করিলে স্থানান্তরের অধিকার প্রাপ্তি হয় ॥৪॥ বর্ষলগ্নের দশমাধিপতি, বর্ষলগ্নাধিপতি ও বর্ষাধিপতি ইহাদের ইথশালযোগ থাকিলে রাজ্য লাভ হয়। আর বর্ষাধিপতি ও রাজ্যসহম সংযুক্ত হইয়া রবির সহিত ইথশাল যোগ থাকিলে সেই ব্যক্তি মহারাজা হয়। ৫। জন্মকালে শনি যে স্থানে স্থিত ছিলেন বর্ষপ্রবেশ কালে সেই স্থান বর্ষলগ্নের দশম হইলে যদি তাহাতে মঙ্গল স্থিত হইয়া মুন্থাকে দৃষ্টি করেন তবে দুষ্কার্য্যহেতু রাজ ভয় ও ধন নাশ হইয়া থাকে ॥ ৬ ॥ জন্মকালে যে রাশিতে শনি অবস্থিত ছিলেন সেই রাশি বর্ষপ্রবেশকালে বর্ষলগ্ন হইতে তৃতীয় বা নবম হইলে তাহাতে যদি অস্তগত বা নষ্টবলী মঙ্গল স্থিত হন তবে পাপ সঞ্চয় হয়। আর শনি পঞ্চাধিকারীর মধ্যে কোন এক অধিকারী ও বর্ষাধিপতি হইয়া বর্ষলগ্নের তৃতীয় বা নবম স্থানস্থিত হইলে ধর্ম্ম বৃদ্ধি হয়। ৭। পঞ্চাধিকারীর মধ্যে কোন এক অধিকারী শনি বা রবি অস্তগত বা নষ্টবলী হইয়া বর্ষলগ্নের তৃতীয় বা নবমস্থ হইলে মনুষ্য পাপকর্ম্মা ও ধর্ম্মনিন্দক হয়। বৃহস্পতি ঐরূপ হইলে মনুষ্য নীচ কার্য্যদ্বারা অর্থ লাভ করে ॥ ৮ ॥ বর্ষ-লগ্নের তৃতীয় বা নবমস্থানে মুন্থা হইলে পুণ্য বৃদ্ধি হয়। আর মুন্থা পাপযুক্ত বা পাপগৃহস্থিত হইলে পাপ হয়। ৯। রবি জন্মলগ্নের দশমস্বামী ও বর্ষলগ্নের দশম স্থানস্থিত হইয়া লগ্নাধি-পতির সহিত ইথশাল যোগবিশিষ্ট হইলে রাজ্য প্রাপ্তি হয়। আর বর্ষলগ্নের নবমস্বামী ও দশমাধিপতি অস্ত বা পরাজিত হইলে ধর্ম্মক্ষয় ও রাজ্য নাশ হয় ॥ ১০ ॥

অথ একাদশভাবঃ।

অব্দপেজ্ঞেঽর্থগে লাভো বাণিজ্যাচ্ছুভদৃগ্‌যুতে। সেন্থি-হেঽস্মিন্ লগ্নগতে লাভঃ পঠনলেখনাৎ ॥ ১ ॥ অস্মিন্ ষষ্ঠাষ্টান্ত্যগতে স ক্রূরে নীচকর্ম্মকৃৎ। ক্রূরেক্ষণেন বা লাভোঽস্তংগতে নিখলাদিতঃ ॥২॥ জীবেঽব্দপে ক্রূরহতে লগ্নে হানির্ভয়ং নৃপাৎ। অস্মিন্নাধিকৃতে দ্যূনে ব্যবহারা-দ্ধনাপ্তয়ঃ ॥ ৩ ॥ লগ্নায়েশেঽথশালেস্যাল্লাভঃ স্বজনগৌর-বম্। সর্ব্বোপি লাভে বিত্তাপ্ত্যৈ সবলা নির্ব্বলা ন তু। সবী র্য্যোজ্ঞঃ সমুথহোলগ্নেঽর্থ সহমে শুভাঃ। তদা নিখাত দ্রব্যস্য লাভঃ পাপদৃশা ন তু ॥ ৫ ॥

বর্ষাধিপতি বুধ শুভদৃষ্ট বা শুভযুক্ত হইয়া বর্ষলগ্নের তৃতীয় স্থানস্থিত হইলে বাণিজ্য হইতে অর্থ লাভ হয়। ঐরূপ বুধ মুন্থার সহিত যুক্ত হইয়া বর্ষলগ্নে স্থিত হইলে লিখন ও পঠন দ্বারা ধন লাভ হয়। ১। ঐরূপ বুধ বর্ষলগ্নের ষষ্ঠ, অষ্টম, বা দ্বাদশ স্থানস্থিত হইয়া পাপ যুক্ত হইলে নীচ কর্ম্মে প্রবৃত্তি হয়। আর ঐরূপ বুধ পাপ দৃষ্ট বা অস্তগত হইলে সেই বর্ষে কিঞ্চি-ন্মাত্র লাভ হয় না। ২। বৃহস্পতি বর্ষাধিপতি হইয়া পাপ-পীড়িত ও বর্ষলগ্নস্থিত হইলে ধনহানি ও রাজভয় হয়। আর বৃহস্পতি পঞ্চাধিকারীর মধ্যে কোন এক অধিকারী হইয়া বর্ষলগ্নের সপ্তমস্থানস্থিত হইলে বাণিজ্যকর্ম্ম হইতে রাজ্য-লাভ হয় ॥ ৩ ॥ বর্ষলগ্নস্বামী ও বর্ষলগ্নের একাদশ স্বামীর পরস্পর ইথশাল যোগ থাকিলে লাভ ও আত্মীয় জনের নিকট গৌরব প্রাপ্তি হয়। বর্ষলগ্নহইতে একাদশস্থানস্থিত শুভ বা পাপগ্রহ বলবান হইলে ধনলাভ হয় ও বলহীন হইলে লাভ হয় না ॥ ৪ ॥ বলবান বুধগ্রহ মুন্থার সহিত বর্ষলগ্নস্থিত হইলে, আর ধন সহম শুভযুক্ত হইয়া বর্ষলগ্নেস্থিত হইলে ভূমি হইতে ধনলাভ হয় ও পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে ধনলাভ হয় না ॥ ৫ ॥

অথ দ্বাদশভাবঃ।

লগ্নাব্দপোঽহতবলো ব্যয়ষণ্মৃতিস্থো যদ্রাশিগো তদনুসারি ফলং বিচিন্ত্যং। ষষ্ঠেঽব্দপে ভৃগুসুতেঽথ বিনষ্টবীর্য্যে দৃষ্টে খলৈঃ ক্ষুতদৃশা দ্বিপদর্ক্ষসংস্থে॥ ১॥ ভৃত্যক্ষতিস্তুরগহা চতুরঙ্ঘ্রিভস্থেঽন্যস্মিন্নপীদমুদিতং ফল মন্দনাথে। খস্থে কুজে শশিযুতে তুরগাদি নাশঃ স্যাদ্ব্যাকুলত্বমশুভোপহতে ব্যয়ে বা॥ ২॥ ষষ্ঠে রবৌ বলহতে চতুরঙ্ঘ্রিভস্থে ভৃত্যং সমং কলি রথাষ্টম রিপ্ফগেপি। মন্দেঽব্দপে বলযুতে রিপুরিপ্ফসংস্থে ভুবাসনক্রমজলাশয় নির্ম্মিতিশ্চ॥ ৩॥ স্বর্ক্ষোচ্চগে কর্ম্মণি সূর্য্যপুত্রে নৈকজ্যমর্থাধিগমশ্চ জীবে। সূর্য্যে নৃপাদ্বাহুবলাৎ কুজেঽর্থো বুধেভিষগ্ জ্যোতিষি কাব্যশিল্পৈঃ॥ ৪॥ মন্দেঽব্দপে গতবলে নৈরাশ্যং দৌস্থ্যমাদিশেৎ। সূর্য্যেঽব্দেশে শশিস্থানে মন্দেঽব্দ জনুষোর্হতে॥ ৫॥ সর্ব্বকর্ম্মসু বৈকল্যং বক্রেঽস্তে চ তথা পুনঃ। কর্ম্ম কর্ম্মেশ সহমনাথাঃ শনিযুতেক্ষিতাঃ॥ ৬॥ ষড়ষ্টব্যয়গেঽব্দেশে কর্ম্মেশে চ বলোজ্ঝিতে। সুতাবব্দে চ ন শুভং তত্রাব্দে মৃতিপে তথা॥৭॥ যত্রভাবে শুভফলো দুষ্টো বা জন্মনিগ্রহঃ। বর্ষেঽতদ্ভাবগস্তাদৃক্ তৎফলং যচ্ছতি ধ্রুবম্॥ ৮॥ যে জন্মনি স্যুঃ সবলা বিবীর্য্যা বর্ষে শুভং প্রাক্ চরমেত্বনিষ্টম্। দত্ত্যর্ব্বিলোমং বিপরীততায়াং তুল্যং ফলং স্যাদুভয়ত্র সাম্যে॥ ৯॥ শ্রীগর্গান্বয়ভূষণং গণিতবিচ্চিন্তামণি স্তৎসুতোঽনন্তোঽনন্তমতির্ব্যধাৎ খলমতধ্বস্ত্যৈ জনুঃপদ্ধতিং। তৎসূনুঃ খলু নীলকণ্ঠবিবুধো বিদ্বচ্ছিবাসুজ্ঞয়া সন্তুষ্ট্যৈব্যদধাদ্বিবেচন মিদং ভাবেষু সত্তাজিকাৎ॥ ১০॥

বর্ষলগ্নাধিপতি ও বর্ষাধিপতি হীনবলী ও বর্ষলগ্নের ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থানস্থিত হইয়া দ্বিপদ চতুষ্পদাদি যেরূপ রাশিতে অবস্থিতি করেন তদনুসারে ফল নিরূপণ করিবে। শুক্র বর্ষাধিপতি হইয়া হীনবলী, পাপগ্রহ কর্ত্তৃক ক্ষুতদৃষ্টিতে দৃষ্ট ও দ্বিপদ রাশিস্থিত হইলে ভৃত্যহানি, চতুষ্পদ রাশিস্থিত হইলে অশ্বাদি পশুনাশ হয়। এবং উক্ত অষ্টমরাশি দ্বিপদ হইলে ভৃত্যাদির নাশ ও উক্ত দ্বাদশরাশি চতুষ্পদ হইলে চতুষ্পদাদির বিনাশ হয়। আর মঙ্গল বর্ষাধিপতি হইয়া দশমস্থানে চন্দ্রের সহিত অবস্থিত হইলে চতুষ্পদাদির হানি হয় ও মনের ব্যাকুলতা জন্মে। ঐরূপ চন্দ্রযুক্ত বর্ষাধিপতি মঙ্গল বর্ষলগ্নের দ্বাদশস্থানে থাকিয়া পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে পূর্ব্বোক্ত ফল হইবে। প্রাচীন তাজিককারদিগের মতে চন্দ্রযুক্ত মঙ্গলস্থানে চন্দ্র যুক্ত শনিতে উক্তরূপ ফল হয়॥ ১॥ ২ রবি বর্ষাধিপতি হইয়া পাপযুক্ত, পাপদৃষ্ট ও বর্ষলগ্নের ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থানে চতুষ্পদ রাশিতে অবস্থিত হইলে সেবকের সহিত বিবাদ হয়, আর শনি বর্ষাধিপতি হইয়া বর্ষলগ্নে ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থানস্থিত হইলে মনুষ্য গ্রাম, উদ্যান ও জলাশয়াদি নির্ম্মাণ করে॥ ৩॥ শনি বা বৃহস্পতি বর্ষাধিপতি হইয়া যদি বর্ষলগ্নের দশমস্থানে অবস্থিতি করেন, এবং ঐ গৃহ শনির স্বগৃহ বা উচ্চস্থান হয়, তবে নীরোগ ও অর্থলাভ হয়। রবি ঐরূপ হইলে রাজা হইতে অর্থলাভ, মঙ্গল হইলে স্বীয় বাহুবলে অর্থপ্রাপ্তি ও বুধ হইলে, বৈদ্যবৃত্তি, জ্যোতির্ব্বিদ্যা, কাব্যালাপ ও শিল্পকার্য্য দ্বারা অর্থলাভ হয়॥ ৪॥ হীনবলী শনি বর্ষাধিপতি হইয়া বর্ষলগ্নের দশমস্থিত হইলে, সকল কার্য্যে নিরাশ ও দুরবস্থা উপস্থিত হয়। রবি বা শনি বর্ষাধিপতি হইয়া জন্মকালে চন্দ্র যে রাশিতে ছিলেন, সেই রাশিতে অবস্থিতি করিয়া বর্ষপ্রবেশকালে ও জন্মকালে পাপযুক্ত বা পাপদৃষ্ট হইলে সমস্ত কার্য্য বিফল হয়। ঐরূপ শনি বর্ষপ্রবেশকালে বক্র বা অস্তগত থাকিলে সমস্ত কার্য্যের বৈকল্য হয়। আর কর্ম্মভাব, কর্ম্মভাবাধিপতি ও কর্ম্মসহম শনিযুক্ত বা শনি দৃষ্ট হইলে সকল কার্য্য বিফল হয়॥ ৫॥ ৬॥ বর্ষাধিপতি বর্ষলগ্নের ষষ্ঠ, অষ্টম, বা দ্বাদশরাশিস্থিত হইলে কিম্বা বর্ষপ্রবেশ লগ্নের কর্ম্মভাবাধিপতি জন্মকালে ও বর্ষপ্রবেশকালে বলহীন হইলে সেই বর্ষে শুভ হয় না। আর বর্ষলগ্নের অষ্টমাধিপতি বর্ষলগ্নের ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থানে অবস্থিত হইয়া বলহীন হইলে সেই বর্ষে কোন শুভই হয় না॥ ৭॥ জন্মকালে যে ভাবে যে গ্রহ শুভ বা অশুভফলপ্রদ ছিলেন বর্ষপ্রবেশকালে সেই গ্রহ সেই ভাবস্থ হইলে সেই ভাবেরশুভ বা অশুভফল নিশ্চয় হইবে॥ ৮॥ যে গ্রহ জন্মকালে বলবান্ থাকিয়া বর্ষপ্রবেশকালে বলহীন হইবে, সেই গ্রহ বর্ষের প্রথমে শুভফল ও বর্ষের শেষে অশুভ ফলপ্রদান করিবে। এবং জন্মকালে হীনবল থাকিয়া বর্ষপ্রবেশকালে বলবান্ হইলে বর্ষের প্রথমে ক্লেশ ও শেষে সুখ হয়॥ ৯॥ আর জন্মকালে ও বর্ষপ্রবেশকালে হীনবল হইলে, বর্ষের প্রথমে ও শেষে ক্লেশ এবং বলবান্ হইলে শুভফল জানিবে॥ ১০॥

ইতি ভাববিচারঃ।

অথ দশাফলং।

হেমমুক্তাফলদ্রব্য লাভমারোগ্যমুত্তম্। কুরুতে স্বামিসম্মানং দশা লগ্নস্য শোভনা ॥ ১ ॥ লাভং দৃষ্টেন বিত্তস্য মানহীনস্য সেবনং। মনসো বিকৃতিং কুর্য্যাদ্দশা লগ্নস্য মধ্যমা ॥ ২ ॥ বিদেশগমনং ক্লেশং বুদ্ধিনাশং কদব্যয়ং। মানহানিং করোত্যেষ কষ্টালগ্নদশাফলং ॥ ৩ ॥ ক্রূরলগ্নদশা মধ্যা সৌখ্যং স্বল্পধনব্যয়ং। অঙ্গপীড়া তু পুষ্টিঞ্চ কুরুতে মৃত্যুবিগ্রহম্ ॥ ৪ ॥

অথ রবি দশা ফলং।

দশারবেঃ পূর্ণবলস্য লাভং গজাশ্বহেমাম্বররত্নপূর্ণম্। মানোদয়ং ভূমিপতের্দ্দদাতি যশশ্চ দেবদ্বিজপূজনাদেঃ ॥১ দশারবের্ম্মধ্যবলস্য পূর্ব্বমিদং ফলং মধ্যমমেব দত্তে। গ্রামাধিকার ব্যবসায় ধৈর্য্যৈঃ কুলানুমানাচ্চ সুখাদিলাভঃ ॥ ২ ॥ দশা রবেরল্পবলস্য পুংসাং দদাতি দুঃখং স্বজনৈর্ব্বিবাদাৎ। মতিভ্রমং পিত্তরুজো স্বতেজো বিনাশনং ধর্ষণমপ্যরিভ্যঃ ॥ ৩ ॥ দশারবের্নষ্টবলস্য পুংসাং নৃপাদ্রিপোর্ব্বা ভয়মর্থনাশম্। স্ত্রীপুত্রমিত্রাদিজনৈর্ব্বিবাদং করোতি বুদ্ধিভ্রমমাময়ঞ্চ ॥ ৪ ॥ লগ্নাদ্রবিঃ ষট্ত্রিদশায় সংস্থো নিন্দ্যোপি দত্তে শুভমর্দ্ধমেব। মধ্যস্তু মুনিঃ শুভতাঞ্চ মধ্যো গাতীশ্বমত্যন্তশুভঃ শুভঃ স্যাৎ ॥ ৫ ॥

অথ চন্দ্রদশা ফলং।

ইন্দোর্দ্দশা পূর্ণবলস্য দত্তে শুক্লাম্বরস্রগ্মণি মৌক্তিকাদ্যং। স্ত্রীসঙ্গমং রাজ্যসুখঞ্চ ভূমিলাভং যশঃকান্তি বলাভিবৃদ্ধিং ॥ ১ ॥ ইন্দোর্দ্দশা মধ্যবলস্য সর্ব্বমিদং ফলং মধ্যমেব দত্তে। বাণিজ্য মিত্রাম্বরদেহসৌখ্যং ধর্ম্মেমতিঃ কর্ষণতোঽন্নভং ॥ ২ ॥ ইন্দোর্দ্দশা স্বল্পবলস্য দত্তে কফাময়ং কান্তিবিনাশমাহুঃ। মিত্রাদি বৈরং জননং কুমার্গ্যা ধর্ম্মার্থনাশং সুখমল্পমত্র ॥ ৩ ॥ ইন্দোর্দ্দশা নষ্টবলস্য লোকাপবাদভীতিং ধনধর্ম্মনাশম্। শীতাময়ং স্ত্রীসুতমিত্রবৈরং দৌস্থ্যঞ্চ দত্তে বিরসান্নভুক্তিং ॥ ৪ ॥ ষষ্ঠাষ্টমান্ত্যেতর রাশি সংস্থো নিন্দ্যোপি দত্তেঽর্দ্ধসুখং দশায়াম্। মধ্যস্তু মুনঃ শুভতাঞ্চ মধ্যো যাতীশ্বমিন্দুঃ সুশুভঃ শুভঃ স্যাৎ ॥৫॥

অথ মঙ্গলদশা ফলং।

দশাপতিঃ পূর্ণবলো মহীজঃ সেনাপতিত্বং তনুতে নরাণাম্। জয়ং রণে বিক্রমহেমরক্তবস্ত্রাদিলাভং প্রিয়সাহসত্বং ॥ ১ ॥ দশাপতির্ম্মধ্যবলো মহীজঃ কুলানুমানেন

দশার কালাদি নির্ণয় প্রথম খণ্ডে লিখিত হইয়াছে এইক্ষণ তাহার শুভাশুভফল বলা যাইতেছে।

লগ্নদশা শুভ হইলে স্বর্ণ মুক্তা প্রভৃতি দ্রব্যলাভ, আরোগ্য ও রাজসম্মান হয় ॥ ১ ॥ মধ্যম বলী লগ্নের দশাতে লাভ ও মনোবিকার প্রভৃতি মাধ্যমিক ফল হয় ॥ ২ ॥ হীনবলী লগ্নের দশাকালে বিদেশগমন, ক্লেশ, বুদ্ধিনাশ, অসদ্ব্যয় ও মানহানি প্রভৃতি অশুভ ফল হয় ॥ ৩ ॥ ক্রূরলগ্ন দশাকালে স্বল্প সুখ, ধনব্যয়, অঙ্গপীড়া ও শরীরের কৃশতা প্রভৃতি ফল জানিবে ॥ ৪॥

পূর্ণবলী রবির দশাতে গজ, অশ্ব, ও রত্নাদি লাভ হয়, এবং রাজসম্মান ও দেব ব্রাহ্মণাদি পূজাতে যশ হয় ॥ ১ ॥ মধ্যবলী রবির দশাতে মাধ্যমিক অর্থাৎ শুভাশুভ মিশ্রফল হয়, এবং ব্যবসায়দ্বারা গ্রামাধিকার ও বংশ মর্য্যাদানুসারে সুখলাভ হইয়া থাকে ॥২॥ অল্প বলী রবির দশাতে দুঃখ, স্বজনের সহিত বিবাদ, মতিভ্রম ও রোগ প্রভৃতি অশুভ ফল হয় ॥ ৩ ॥ নষ্টবলী রবির দশাতে মনুষ্যের রাজা, শত্রুভয়, অর্থনাশ, স্ত্রী পুত্রাদির সহিত কলহ ও বুদ্ধিভ্রম হয় ॥ ৪ ॥ রবি লগ্নহইতে তৃতীয়, ষষ্ঠ, দশম বা একাদশস্থিত হইলে যদি রবি অনিষ্ট ফল প্রদ হন, তথাপি অর্দ্ধ শুভফলপ্রদান করেন ॥ ৫ ॥

পূর্ণবলী চন্দ্রের দশাতে শুক্ল বস্ত্র, মালা ও মণিরত্নাদি লাভ হয়, এবং রাজ্য লাভ, স্ত্রী সঙ্গম, যশ ও সুখাদি হয় ॥ ১ ॥ মধ্যবলী চন্দ্রের দশাতে সর্ব্বকার্য্যে মধ্য ফল হয়, এবং বাণিজ্যাদি সুখ, ধর্ম্মেমতি ও কৃষিকার্য্যে অন্নলাভ হয় ॥ ২ ॥ অল্পবলী চন্দ্রের দশাতে কফরোগ, কান্তিনাশ, দুঃখ, স্বজনের সহিত বিবাদ, কন্যাজন্ম ও ধর্ম্মার্থ নাশ হয় ॥ ৩ ॥ নষ্টবলী চন্দ্রের দশাতে লোকাপবাদ, ধন ধর্ম্ম নাশ, স্ত্রী পুত্রাদির সহিত কলহ ও বিরসান্ন ভোজন, হয় ॥ ৪ ॥ চন্দ্র বর্ষ লগ্ন হইতে ষষ্ঠ, অষ্টম দ্বাদশ ভিন্ন রাশিস্থিত হইলে যদি অনিষ্ট ফলপ্রদ হন তথাপি স্বীয় দশা কালে অর্দ্ধ শুভফল প্রদান করেন ॥ ৫ ॥

পূর্ণবলী মঙ্গলের দশা কালে সেনাপতিত্ব, যুদ্ধে জয় ও স্বর্ণ বস্ত্রাদি লাভ হয় ॥ ১ ॥ মধ্যবলী মঙ্গলের দশাকালে স্বীয় বংশ

ধনং দদাতি ি রাজ্যাধিকারোপ্যথ তৎপরস্তং তেজস্বিতা-কান্তিবলাভিবৃদ্ধিং ॥ ২ ॥ দশাপতিঃ স্বল্পবলো মহীজো দদাতি পিত্তোত্থরুজং শরীরে। রিপোর্ভয়ং বন্ধনমাস্যতোঽসৃক্‌স্রবঞ্চ বৈরং স্বজনৈশ্চ শশ্বৎ। ৩। দশাপতির্নষ্টবলো মহীজো বিবাদমুগ্রং জনয়েদ্রণং বা। চৌরাদ্ভয়ং বহ্নিরুজং জ্বরঞ্চ বিপত্তিমন্য স্বহৃতিঞ্চ খর্জ্জুম্। ৪ ত্রিষড়ায়গতো ভৌমো নষ্টবীর্য্যো শুভার্দ্ধদঃ। মধ্যো হীনঃ শুভোমধ্যঃ শুভোত্যন্তং শুভাবহঃ। ৫

অথ বুধদশা ফলং।

দশাপতিঃ পূর্ণবলো বুধশ্চেদ্ যশোভিবৃদ্ধিং গণিতাৎ সুশিল্পাৎ। তনোতিসেবাং সফলাং নৃপাদেদুর্ত্যঞ্চ বৈদুষ্যগুণোদয়ঞ্চ। ১। দশাপতির্ম্মধ্যবলো বুধশ্চেদ্‌গুরোঃ সুহৃদ্ভ্যোলিপিকাব্যশিল্পৈঃ। ধনাপ্তিদায়ী সুতমিত্রবন্ধু সমাগমান্ মধ্যমমেব সৌখ্যম্। ২। দশাপতৌ স্বল্পবলে বুধেস্যাম্মানস্য নাশঃ স্বজনাপবাদঃ। অকার্য্যকোপ স্ববলাদ্যানিষ্টং ধনব্যয়ং রোগভয়ঞ্চ বিন্দ্যাৎ ॥ ৩ ॥ দশাপতৌ হীনবলে বুধেস্যাৎ স্ববুদ্ধিদোষো বধবন্ধভীতিঃ। দূরে গতির্বাতকফাময়ার্ত্তি র্নিখাতবিত্তস্যচ নাপিলাভঃ ॥ ৪ ॥ ষড়ষ্টান্ত্যেতরর্ক্ষস্থো নষ্টোজ্ঞোঽর্দ্ধশুভপ্রদঃ। মধ্যোহীনঃ শুভোমধ্যঃ শুভোঽত্যন্তং শুভাবহঃ ॥ ৫ ॥

অথ গুরুদশা ফলং।

গুরোর্দ্দশা পূর্ণবলস্য দত্তে মানোদয়ং রাজসুহৃদ্‌-গুরুভ্যঃ। কীর্ত্ত্যর্থলাভোপচয়ং সুখানি রাজ্যং সুতাপ্তিং রিপুরোগনাশং। ১। গুরোর্দ্দশা মধ্যবলস্য ধর্ম্মে মতিং সখিত্বং নৃপমন্ত্রিবর্গৈঃ। তনোতিমানার্থ সুখাভিলাষং সিদ্ধিং সদুৎসাহ বলাতিরেকাৎ ॥ ২ ॥ দশা গুরোরল্পবলস্য দত্তে রোগং দরিদ্রত্বমথারিভীতিং। কর্ণাময়ং ধর্ম্মধনপ্রণাশং বৈরাগ্যমর্থঞ্চগুণং নকিঞ্চিৎ। ৩। গুরোর্দ্দশা নষ্টবলস্য পুংসাংদদাতি দুঃখানিরুজং কফার্ত্তিং। কলত্রপুত্র স্বজনারিভীতিং ধর্ম্মার্থনাশং তনুপীড়নঞ্চ ॥৪॥ ষড়ষ্টরিপ্ফোত্তরগো গুরুর্নিন্দ্যোর্দ্ধসৎফলঃ। মধ্যোহীনঃ শুভোমধ্যঃ শুভোত্যন্তং শুভাবহঃ। ৫।

অথ শুক্রদশা ফলং।

দশাভৃগোঃ পূর্ণবলস্য সৌখ্যং স্রগ্‌গন্ধ হেমাম্বরকামিনীভ্যঃ। দয়াদিলাভঃ সুতকীর্ত্তিতোষা নৈরুজ্য গান্ধর্ব্বরতিঃ পদাপ্তিঃ। ১। দশাভৃগোর্ম্মধ্যবলস্য দত্তে বাণিজ্যতো-

---

মর্য্যাদানুসারে ধন লাভ হয় এবং রাজ্যাধিকার, তেজস্বিতা এবং কান্তি ও বলের বৃদ্ধি হয়॥২॥ অল্পবলী মঙ্গলের দশাতে পিত্তরোগ, শত্রুভয়, মুখ হইতে রক্তোদ্গম, ও স্বজনাদির সহিত শত্রুতা হয় ॥ ৩ ॥ নষ্টবলী মঙ্গলের দশাতে বিবাদ, যুদ্ধ, চৌরভয় ও জ্বর রোগ প্রভৃতি বিপদ উপস্থিত হয় ॥ ৪ ॥ বর্ষলগ্নের তৃতীয়, ষষ্ঠ বা একাদশ স্থানে স্থিত মঙ্গল অশুভ ফলপ্রদ হইলেও দশাকালে অর্দ্ধশুভ প্রদান করেন। এবং উক্ত স্থানস্থ মঙ্গল মধ্যবলী হইলে শুভফল, হীনবলী হইলে মধ্যফল ও পূর্ণবলী হইলে অতিশয় শুভ ফলদান করেন ॥ ৫ ॥

পূর্ণবলী বুধের দশাতে গণিত ও শিল্পবিদ্যা দ্বারা যশের বৃদ্ধি এবং রাজসেবায় ফললাভ এবং গুণের বৃদ্ধি হয় ॥ ১ ॥ মধ্যবলী মঙ্গলের দশাতে গুরু ও সুহৃদ্ হইতে এবং শিল্প কার্য্যদ্বারা ধনলাভ, বন্ধু সমাগম ও সুখ হয় ॥ ২ ॥ অল্পবলী বুধের দশাতে মাননাশ, স্বজনাপবাদ, অকারণ কোপ, ধনব্যয় ও রোগ হয় ॥৩॥ হীনবলী বুধের দশাতে স্ব বুদ্ধি দোষে বধবন্ধনভয়, বিদেশগমন, বাত কফরোগ, এবং সঞ্চিত ধননাশ হয় ॥ ৪ ॥ বুধ বর্ষলগ্নের ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ ভিন্ন স্থানে অবস্থিত হইলে দশাকালে অর্দ্ধ শুভ প্রদান করেন। উক্তরূপ বুধ হীনবলী হইলে মধ্য, মধ্যবলী হইলে শুভ ও পূর্ণবলী হইলে অতিশয় শুভফল প্রদান করেন ॥ ৫ ॥

বৃহস্পতি পূর্ণবলী হইলে দশাকালে মানোদয় এবং রাজা, গুরু ও মিত্রের নিকট কীর্ত্তি ও ধনলাভ ইত্যাদি শুভফল হয় ॥১ মধ্যবলী বৃহস্পতির দশাতে ধর্ম্মে মতি ও রাজমন্ত্রির সহিত বন্ধুতা প্রভৃতি শুভ জানিবে ॥ ২ ॥ অল্পবলী বৃহস্পতির দশাতে রোগ, দরিদ্রতা ও শত্রুভয় প্রভৃতি অশুভ ফল হইবে ॥ ৩ ॥ হীনবলী বৃহস্পতির দশাতে মনুষ্যের দুঃখ, কফরোগ প্রভৃতি অনিষ্ট ঘটনা হয় ॥ ৪ ॥ বৃহস্পতি বর্ষলগ্নের ষষ্ঠ, অষ্টম ও দশম ভিন্নস্থানস্থ হইয়া অশুভ প্রদ হইলেও অশুভ ফল হয়। এবং উক্ত বৃহস্পতি হীনবলী হইলে মধ্যফল, মধ্যবলী হইলে শুভফল ও পূর্ণবলী হইলে অতিশয় শুভফল প্রদান করেন ॥ ৫ ॥

পূর্ণবলী শুক্রের দশাতে সুখ, কামিনীগণের নিকট মালা, গন্ধ দ্রব্য, সুবর্ণ ও বস্ত্রলাভ ইত্যাদি এবং মধ্যবলী শুক্রের দশাতে বাণিজ্য ও কৃষিকার্য্য দ্বারা অর্থাগম প্রভৃতি শুভফল

হ্যর্থাগমনং কুরেশ্চ। মিষ্টান্নপানাম্বর ভোগলাভং মিত্রাংশ্চ গোষিৎসুতসৌখ্যলাভং ॥ ২ ॥ দশাভৃগোরল্পবলস্য দত্তে মতিভ্রমং জ্ঞানযশোহর্থনাশং। কদন্নভোজ্যং ব্যসনাময়ার্ত্তিং স্ত্রীপক্ষবৈরং কলিমপ্যরিভ্যঃ। ৩। দশাভৃগোর্নষ্টবলস্য দত্তে বিদেশগানং স্বজনৈর্ব্বিরোধং। পুত্রার্থভার্য্যাবিপদোরুজশ্চ মতিভ্রমোপি ব্যসনং মহচ্চ ॥ ৪ ॥ ষড়ষ্টরিপ্ফেতরগো ভৃগুর্নিন্দ্যোর্দ্ধসংফলঃ। মধ্যোহীনঃ শুভোমধ্যঃ শুভোত্যন্তং শুভাবহঃ। ৫।

অথ শনিদশা ফলং।

দশা শনেঃ পূর্ণবলস্য দত্তে নবীনবেশ্মাম্বর ভূমি সৌখ্যং। আরাম তোয়াশ্রয় নির্ম্মিতিশ্চ ম্লেচ্ছাতিসঙ্গান্নৃপতে র্দ্ধনাপ্তিঃ ॥ ১॥ দশাশনের্ম্মধ্যবলস্য দত্তে খরোষ্ট্র মাষাগুজতোধনাপ্তিং। বৃদ্ধাঙ্গনা সঙ্গম দুর্গরক্ষাধিকার চিন্তা বিরসান্নভোগঃ ॥ ২ ॥ দশা শনেঃ স্বল্পবলস্য পুংসাং তনোতি দুঃখং রিপুতস্করেভ্যঃ। দারিদ্র্যমাত্মীয় জনাপবাদং রোগঞ্চ শীতানিলকোপমুগ্রং ॥ ৩ ॥ দশা শনের্নষ্টবলস্য পুংসা মনেক ধাতু ব্যসনানি দত্তে। স্ত্রীপুত্রমিত্র স্বজনৈ র্ব্বিরোধং রোগাভিবৃদ্ধিং মরণেন তুল্যং ॥ ৪ ॥ ত্রিষষ্ঠলাভোপগতো

জানিবে ॥ ১। ২ ॥ অল্পবলী শুক্রের দশাকালে মতিভ্রম, জ্ঞান, নাশ, ও অর্থ নাশ ইত্যাদি এবং হীনবলী শুক্রের দশাতে বিদেশ গমন ও স্বজনের সহিত বিরোধ প্রভৃতি অশুভফল হইয়া থাকে ॥ ৩। ৪ ॥ ষষ্ঠ, অষ্টম ও দ্বাদশ ভিন্ন স্থানস্থ শুক্র অশুভপ্রদ হইলেও অর্দ্ধ শুভফল প্রদান করেন এবং উক্ত শুক্র হীনবলী হইলে মধ্যফল, মধ্যবলী হইলে শুভফল ও পূর্ণবলী হইলে অতিশয় শুভফল প্রদান করেন ॥ ৫ ॥

পূর্ণবলী শনির দশাতে নূতন গৃহ, বস্ত্র, ও ভূমিলাভ ইত্যাদি এবং মধ্যবলী শনির দশাতে গর্দ্দভ ও উষ্ট্রাদি হইতে ধনলাভ ও বৃদ্ধা স্ত্রীর সহিত সঙ্গম প্রভৃতি শুভফল হইবে ॥ ১। ২ ॥ অল্পবলী শনির দশাকালে দুঃখ এবং শত্রু ও তস্করভয় ইত্যাদি এবং হীন বলী শনির দশাতে অনেক প্রকার দুঃখ ও স্ত্রী পুত্র স্বজনাদির সহিত বিরোধ প্রভৃতি অশুভ ফল জানিবে ॥ ৩। ৪ ॥ লগ্নের তৃতীয়, ষষ্ঠ বা একাদশস্থ শনি স্বীয় দশাকালে অশুভ প্রদ হইলেও অর্দ্ধশুভ ফল প্রদান করেন. এবং উক্ত শনি হীনবলী হইলে

মন্দোনিন্দ্যোহর্দ্ধ সংফলঃ। মধ্যোহীনঃ শুভোমধ্যঃ শুভো হত্যন্তং শুভাবহঃ ॥ ৫ ॥

অথ দশায়া বিশেষ ফলং।

দশা তনোঃ স্বামি বলেন তুল্যং ফলং দদাতীত্যপরো বিশেষঃ। চরে শুভা মধ্যফলা শুভাচ দ্বিমূর্ত্তিভেহন্যা দ্বিপরীত মুক্তং ॥ ১ ॥ অনিষ্টমিষ্টঞ্চ সমস্থিরক্ষে ক্রমাদ্দৃকার্নৈঃ ফলমুক্ত মাদ্যৈঃ। সৎস্বামি যোগেক্ষণতঃ শুভং স্যাৎ পাপেক্ষণাৎ কষ্টফলঞ্চ বাচ্যং ॥ ২ ॥ চন্দ্রারজীবাঃ সৌম্যেজ্যশুক্রা রবিবিধূ তথা। মন্দেজ্যশুক্রাঃ সূর্য্যেন্দুভৌমাঃ সৌম্যেজ্যসূর্য্যজাঃ ॥ ৩ ॥ জীবজ্ঞশুক্রসূর্য্যাদেঃ শুভা অন্তর্দ্দশা ইমাঃ। অন্যেষামশুভা জ্ঞেয়া ইতি বামন ভাষিতং ॥৪॥

অথ ভাবস্থগ্রহ ফলং।

সূর্য্যারমন্দাস্তনুগা জ্বরার্ত্তিং ধনক্ষয়ং পাপযুগিন্দুরিত্থং।

মধ্যফল, মধ্যবলী হইলে শুভ ফল এবং পূর্ণবলী হইলে অতিশয় শুভ ফল প্রদান করেন ॥ ৫ ॥

লগ্নদশাতে লগ্নস্বামীর বলাবল বিবেচনায় শুভাশুভ ফল নির্ণয় করিবে। তন্মধ্যে বিশেষ এই যদি চররাশির প্রথম দ্রেক্কাণ লগ্ন হয় তবে শুভ ফল, দ্বিতীয় দ্রেক্কাণ হইলে মধ্য ফল এবং তৃতীয় দ্রেক্কাণ হইলে অশুভ ফল জানিবে। এবং দ্ব্যাত্মক রাশিতে ইহার বিপরীত অর্থাৎ প্রথম দ্রেক্কাণ লগ্ন হইলে অশুভ, দ্বিতীয় দ্রেক্কাণ হইলে মধ্য ও তৃতীয় দ্রেক্কাণ হইলে শুভ ফল হয়। ১। সমরাশির প্রথম দ্রেক্কাণ লগ্ন হইলে তাহার দশাকালে অশুভ ফল, দ্বিতীয় দ্রেক্কাণ হইলে শুভ ফল আর তৃতীয় দ্রেক্কাণ হইলে মধ্য ফল জানিবে। শুভগ্রহ লগ্নের অধিপতি হইয়া লগ্নেতে তাহার দৃষ্টি বা যোগ থাকিলে শুভফল অশুভগ্রহ লগ্নাধিপতি হইয়া তাহার যোগ বা দৃষ্টি থাকিলে দশাতে অশুভ ফল হইবে ॥ ২ ॥ রবির দশাতে চন্দ্র, মঙ্গল ও বৃহস্পতির, চন্দ্রের দশাতে বুধ, বৃহস্পতি ও শুক্রের, মঙ্গলের দশাতে রবি ও চন্দ্রের, বুধের দশাতে শনি, বৃহস্পতি ও শুক্রের বৃহস্পতির দশাতে রবি, চন্দ্র ও মঙ্গলের শুক্রের দশাতে বুধ, বৃহস্পতি ও শনির এবং শনির দশাতে বৃহস্পতি, বুধ ও শুক্রের অন্তর্দ্দশায় শুভফল হয়, অন্যান্য গ্রহের অন্তর্দ্দশায় অশুভ ফল জানিবে। ৩। ৪।

সূর্য্য, মঙ্গল, শনি ও পাপযুক্ত চন্দ্র লগ্নস্থিত হইলে জ্বর পীড়া

শুভান্বিতঃ পুষ্টতনুশ্চ সৌখ্যং জীবজ্ঞশুক্রা ধনধান্য লাভং ॥ ১ ॥ চন্দ্রজ্ঞ জীবাস্ফুজিতো ধনস্থা ধনাগমং রাজ্য সুখঞ্চ দদ্যুঃ। পাপা ধনস্থা ধনহানিদাঃ স্যু র্ন্নৃপাদ্ভয়ং কার্য্য বিঘাত মার্কিঃ ॥ ২ ॥ দুশ্চিক্যগাঃ খলখগা ধনধর্ম্মরাজ্য লাভপ্রদা বলযুতাঃ ক্ষিতিলাভদাঃস্যুঃ। সৌম্যাঃ সুখার্থ সুতমানযশোবিলাসলাভায় হর্ষমতুলং কিল তত্র চন্দ্রঃ ॥৩॥ চন্দ্রঃ সুখে খলযুতো ব্যসনং রুজঞ্চ পুষ্টঃশুভেন সহিতঃ সুখ মাতনোতি। সৌম্যাঃ সুখং বিবিধ মত্র খলাঃ সুখার্থনাশং রুজং ব্যসনমপ্যতুলং ভয়ঞ্চ ॥ ৪ ॥ পুত্রমিত্রসুখসঞ্চয়ং শুভাঃ পুত্রগা ভৃগুসুতোঽতিহর্ষদঃ। পুত্রবিত্তধনবুদ্ধিহারকা স্তস্করাময়কলিপ্রদাঃ খলাঃ ॥ ৫ ॥ ষষ্ঠে পাপা বিত্তলাভং সুখাপ্তিং ভৌমোঽত্যন্তং হর্ষদঃ শত্রুনাশম্। সৌম্যাভীতিং বিত্তনাশং কলিঞ্চ চন্দ্রো রোগং পাপযুক্তঃ করোতি ॥ ৬ ॥ সপাপঃ শশী সপ্তমো ব্যাধি ভীতিং খলাঃ স্ত্রীবিলাসং কলিং ভৃত্যভীতিং। শুভাঃ কুর্ব্বতে বিত্তলাভং সুখাপ্তিং যশো রাজমানোদয়ং বন্ধু সৌখ্যং ॥ ৭ ॥ চন্দ্রোঽষ্টমে নিধনদঃ খলখেটযুক্তঃ পাপাশ্চ তত্র মৃতিতুল্য ফলঞ্চ বিদ্দ্যাৎ। সৌম্যাঃ স্বধাতু বশতো রুজমর্থহানিং মানক্ষয়ং সুখশিলে শুভজ্ঞেশুভঞ্চ ॥ ৮ ॥ তপসি সোদরভীঃ পশুপীড়নং খলখগেতি মুদো রবি রত্রচেৎ। শুভখগা ধনধর্ম্মবৃদ্ধিদাঃ। খলখগে চ শুভান্য পরে জগুঃ ॥ ৯ ॥ গগনগো রবিজঃ পশুবিত্তহা রবিকুজৌ ব্যবসায় পরাক্রমৈঃ। ধনসুখানি পরে চ ধনাত্মজা বনিপসঙ্গসুখানি বিতন্বতে ॥ ১০ ॥ লাভে ধনোপচয়সৌখ্য যশোভিবৃদ্ধিং সন্মিত্রসঙ্গবলপুষ্টিকরাশ্চ সর্ব্বে। ক্রূরা বলেন রহিতাঃ সুতবিত্তবুদ্ধিনাশং শুভাস্তু তনুতাং স্বফলস্য কুর্য্যুঃ ॥ ১১ ॥ পাপাব্যয়ে নেত্ররুজং বিবাদং হানির্ধনানাং নৃপতস্করাদেঃ। সৌম্যা ব্যয়ং সদ্ব্যবহার মার্গে কুর্য্যুঃ শনি হর্ষ বিবৃদ্ধি মত্র। ॥ ১২ ॥ শ্রীগর্গান্বয় ভূষণং গণিতবিচ্চিন্তামণি শ্চংসুতোঽনন্তোঽনন্তমতির্ব্ব্যধাৎ খলমতধ্বস্ত্যৈ জনুঃ পদ্ধতিং। তৎসূনুঃ খলু নীলকণ্ঠবিবুধো বিদ্বচ্ছিবা তুষ্টয়া ভাবস্থ গ্রহ পাকদোস্থ্য সুখতা যুক্তং ফলং সোঽভ্যধাৎ ॥ ১৩ ॥

ও ধনক্ষয়, এবং বুধ, বৃহস্পতি ও শুক্র লগ্নস্থিত হইলে ধন ধান্য লাভ হয়। ১। চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র ধন স্থানস্থিত হইলে ধনাগম ও রাজ্যসুখ হয়। পাপগ্রহ ধনস্থানে থাকিলে ধন হানি ও রাজ ভয়, শনি ধন স্থানস্থিত হইলে কার্য্য নষ্ট হয় ॥২ তৃতীয় স্থানে বলবান পাপগ্রহ অবস্থিত হইলে ধন ধর্ম্মাদি লাভ, শুভগ্রহ তৃতীয়স্থ হইলে সুখ, অর্থ ও সম্মান প্রভৃতি শুভ ফল এবং চন্দ্র তৃতীয়স্থ হইলে সন্তোষ লাভ হয়। ৩। পাপযুক্ত চন্দ্র চতুর্থ স্থানস্থিত হইলে দুঃখ ও রোগ, শুভগ্রহযুক্ত চন্দ্র চতুর্থস্থিত হইলে সুখ প্রদান করেন। শুভগ্রহ চতুর্থস্থ হইলে বিবিধ সুখ ও পাপগ্রহ চতুর্থস্থ হইলে সুখ, অর্থনাশ, রোগ এবং অতিশয় ভয় উপস্থিত হয় ॥ ৪ ॥ পঞ্চমস্থানে শুভগ্রহ স্থিত হইলে পুত্রমিত্র সুখ, শুক্র পঞ্চমস্থ হইলে অধিক সন্তোষ হয়। পাপগ্রহ পঞ্চমস্থ হইলে পুত্রমিত্র ও বুদ্ধি নাশ এবং তস্করাদি ভয়, রোগ ও বিবাদ উপস্থিত হয়। ৫। ষষ্ঠ স্থানে পাপগ্রহ থাকিলে পুত্র ও সুখ লাভ হয়। শুভগ্রহ ষষ্ঠস্থ হইলে রোগ, ভয়, বিত্তনাশ প্রভৃতি অশুভ ফল হয়। ৬। পাপযুক্ত চন্দ্র সপ্তমস্থ হইলে ব্যাধি ভয়, পাপগ্রহ সপ্তমস্থ হইলে স্ত্রীবিনাশ, শুভগ্রহ সপ্তমস্থ হইলে বিত্তলাভ, যশ ও রাজসম্মান লাভ হয়। ৭। পাপযুক্ত চন্দ্র অষ্টমস্থ হইলে মৃত্যু হয়। পাপগ্রহ অষ্টমস্থ হইলে মৃত্যুতুল্য ফল জানিবে এবং শুভগ্রহ অষ্টমস্থ হইলে গ্রহগণের নির্দ্দিষ্ট ধাতু ঘটিত রোগ ও মানহানি প্রভৃতি অশুভ ফল হয় ॥ ৮ ॥ নবম স্থানে পাপগ্রহ স্থিত হইলে ভ্রাতৃভয়, পশুপীড়া হয় এবং রবি নবমস্থ হইলে অতিশয় হর্ষ, শুভগ্রহ নবমস্থ হইলে ধন ধর্ম্ম বৃদ্ধি হয়। কেহ কেহ বলেন নবমস্থানে পাপগ্রহ থাকিলেও শুভ ফল হয়। ৯। বর্ষলগ্নের দশম স্থানে শনি অবস্থিত হইলে পশু ও ধন হানি হয়। রবি ও মঙ্গল থাকিলে ব্যবসায়ে ধনসুখ ও বুধ, বৃহস্পতি, শুক্র বা চন্দ্র থাকিলে রাজসঙ্গম, সন্তান ও সুখ লাভ হয় ॥ ১০ ॥ একাদশ স্থানে সকল গ্রহই শুভ কর তন্মধ্যে বিশেষ এই পাপগ্রহ বলহীন হইলে ধন, পুত্র ও বুদ্ধিনাশ শুভগ্রহ বলহীন হইলে শুভফলের অল্পতা হয়। ১১। দ্বাদশে পাপগ্রহ থাকিলে নেত্র পীড়া, বিবাদ, ধনহানি ও নৃপভয় হয়। শুভগ্রহ দ্বাদশস্থ হইলে সৎকার্য্যে ধনব্যয় হয় এবং শনি দ্বাদশে থাকিলে হর্ষ বৃদ্ধি হইয়া থাকে। ॥ ১২ ॥

ইতি ভাবস্থ গ্রহফলং।

অথ মাস প্রবেশ ফলম্।

লগ্নাংশাধিপতি র্বিলগ্নপনবাংশেশেনমৈত্রী দৃশা দৃষ্টো বা সহিতঃ শশী চ যদি তৌ মৈত্রীদৃশা লোকতে। তস্মিন্ মাসি তনৌ সুখং বহুবিধং নৈরুজ্য মিত্থং ফলং তাবদ্ যাবদিমে স্যুরিত্থমথ তান্ সঞ্চার্য্য বাচ্যং ফলং ॥১॥ তৌচেচ্ছক্রদৃশা মিথশ্চ শশিনা দৃষ্টৌ মনোদুঃখদৌ রোগাধিক্যকরৌ চ কশ্চিদনয়ো র্নীচেংস্তগো বা যদি। কষ্টাৎ সৌখ্যমিহ দ্বয়ং যদি পুন র্নীচাস্তগং স্যান্মৃতিঃ সুত্যব্দোদ্ভব রিষ্টতো মৃতিসমং স্যাদনথে ত্ব্যচিরে ॥২॥ ভাবাং শাধিপতিঃ স্বভাবপ নবাংশেশেন মৈত্রীদৃশা দৃষ্টো বা সহিতঃ শশী চ যদি তৌ মৈত্রী দৃশা লোকতে। তদ্ভাবোত্থসুখং বিলোমমথতদ্ ব্যত্যাসতঃ কীর্ত্তিতং নীচাস্তাদি ফলঞ্চ লগ্নবদিদং বিদ্বদ্ভিরুহ্যং ধিয়া ॥৩

মাসপ্রবেশ নবাংশাধিপতি যদি মাসপ্রবেশ লগ্নাধিপতি যে নবাংশে স্থিত আছেন সেই নবাংশের অধিপতি কর্ত্তৃক মিত্র দৃষ্টি দ্বারা দৃষ্ট বা যুক্ত হন এবং চন্দ্র ঐ নবাংশাধিপতি দ্বয়কে মিত্র দৃষ্টিতে দৃষ্টি করেন, তবে সেই মাসে শরীরে বিবিধ সুখও নীরোগিতা হয়। কিন্তু মাসের যতদিন পর্য্যন্ত চন্দ্র ও নবাংশাধিপতিদ্বয় এই তিন গ্রহ উক্তরূপ অবস্থায় থাকিবেন, ততদিন পর্য্যন্ত শুভফল হইবে গ্রহগণের সঞ্চার হইয়া স্থানান্তরিত হইলে আর উক্তফল হইবে না॥ ১॥ মাসপ্রবেশ নবাংশাধিপতি ও মাসপ্রবেশ লগ্নাধিপতি যে নবাংশে স্থিত আছেন, সেই নবাংসাধিপতি ইহারা যদি পরস্পরকে শত্রু দৃষ্টিতে দৃষ্টি করেন, এবং এই দুই নবাংশাধিপতির প্রতি চন্দ্রের শত্রু দৃষ্টি থাকে, তবে মনোদুঃখ ও অতিশয় রোগ হয়, এবং উক্তনবাংশাধিপতিদ্বয়ের মধ্যে যদি কেহ নীচস্থিত বা অস্তগত থাকেন, তবে প্রথমে অতিশয় কষ্ট, পরে কিঞ্চিৎ সুখ হয়। উভয়ই নীচস্থিত বা অস্তগত থাকিলে মৃত্যু হয়। ইহাতে জন্মকালে ও বর্ষপ্রবেশকালে রিষ্ট সম্ভব হইলে, নিশ্চয়ই মৃত্যু হইবে, নচেৎ রোগাদি জনিত মৃত্যুতুল্য ক্লেশ হইবে॥ ২॥ মাসপ্রবেশলগ্নে যে ভাবের বিচার করিতে হইবে, সেই ভাবের নবাংশস্বামী যদি উক্ত ভাবাধিপতি যে নবাংশেস্থিত আছেন সেই নবাংশাধিপতি কর্ত্তৃক মিত্র দৃষ্টি দ্বারা দৃষ্ট বা যুক্ত হন, এবং চন্দ্র মিত্রদৃষ্টি দ্বারা উক্ত নবাংশাধিপতিদ্বয়কে মিত্রদৃষ্টি দ্বারা দৃষ্টি করেন, তবে সেই ভাবোক্ত ফলের শুভ জানিবে। ইহার বিপরীতে ফলের ও বিপরীত

লগ্নেশ মাসেশ সমেশ্বরাংশ নাথা যদংশাধিপমিত্রদৃষ্ট্যা। দৃষ্টা যুতা বা শশিনা চ তত্তদ্ভাবোত্থ সৌখ্যায় নচেদনিষ্টম্॥ ৪॥ নির্ব্বলা ব্যয়ষষ্ঠাষ্টাংশপাঃসৎফলদায়কাঃ। অন্যে সবীর্য্যাঃ শুভদা ব্যত্যয়ে ব্যত্যয়ঃ স্মৃতঃ॥ ৫॥ কেন্দ্রত্রিকোণায়গতাস্তু লগ্নমাসাব্দপা বীর্য্যযুতা নরাণাং। নৈরুজ্য শত্রুক্ষয়রাজ্যলাভ মানোদয়াত্যদ্ভুত কীর্ত্তিদাঃ স্যুঃ॥ ৭॥ ইস্থিহা লগ্নয়ো রাশি র্যো বলী তত্র হদ্দপাঃ। দশেশাঃ স্বাংশতুল্যাহৈরিত্যুক্তং কৈশ্চিদাগমাৎ॥ ৮॥ রবীন্দ্বোশ্চ সমাবেশা ন্নৈতদ্যুক্তং পরেজগুঃ। দশান্তর দশাচ্ছেদে ফলমাব্দস্তু যুজ্যতে।। ৯॥

হয়, অর্থাৎ শত্রু দৃষ্টিদ্বারা দৃষ্ট হইলে, সেই ভাবোক্ত ফলের অশুভ হয়। উক্ত নবাংশাধিপতি দ্বয় ও চন্দ্র নীচস্থিত বা অস্তগত হইলে পূর্ব্ববৎ ফল জানিবে॥ ৩॥ বর্ষলগ্নাধিপতি মাসাধিপতি, বর্ষাধিপতি ও মাসপ্রবেশ নবাংশাধিপতি ইহারা যে যে ভাবাধিপতি কর্ত্তৃক মিত্রদৃষ্টি দ্বারা দৃষ্ট বা যুক্ত হন, এবং উক্ত অধিপতিগণের প্রতি চন্দ্রের দৃষ্টি থাকে, তবে সেই সেই ভাবোক্ত ফলের শুভ জানিবে। ইহার বিপরীতে ফলেরও বৈপরীত্য হইবে॥ ৪॥ দ্বাদশভাব, ষষ্ঠভাব ও অষ্টমভাব ইহাদের নবাংশাধিপতি যদি দুর্ব্বল হয়, তবে উক্তভাব—ফলের শুভ, এবং অন্যান্যভাবের নবাংশাধিপতি বলবান্ হইলে সেই সেই ভাবের শুভফল হইবে। ইহার বিপরীতে বিপরীত অর্থাৎ দ্বাদশ, ষষ্ঠ, ও অষ্টম ভাবের নবাংশধিপতি সবল ও অন্যান্যভাবের নবাংশাধিপতি দুর্ব্বল হইলে অশুভফল হইবে॥ ৫॥ বর্ষলগ্নাধিপতি মাসাধিপতি, বর্ষাধিপতি, ও মুন্থাধিপতি, ইহারা ষষ্ঠ ও অষ্টমস্থানে স্থিত হইয়া যদি পাপগ্রহকর্ত্তৃক শত্রু দৃষ্টি দ্বারা দৃষ্ট বা পাপযুক্ত হয়, তবে সেই মাসে রোগভয় ও শত্রুভয় প্রভৃতি দুঃখ উপস্থিত হয়॥ ৬॥ বর্ষলগ্নাধিপতি, মাসাধিপতি ও বর্ষাধিপতি হইয়া বলবান অবস্থায়, লগ্নের কেন্দ্র ত্রিকোণ বা একাদশস্থানে স্থিত হইলে নীরোগ, শত্রুক্ষয়, রাজ্যলাভ, সম্মান ও অতুল কীর্ত্তি হয়॥ ৭॥ মুন্থাগত রাশি ও মাসপ্রবেশ লগ্ন ইহাদের মধ্যে যে রাশি বলী হইবে সেই রাশিতে যে যে নবাংশাধিপতি অবস্থিতি করিবে, সেই সেই গ্রহ অংশ তুল্য দিন সংখ্যায় দশাধিপতি হইবে। ইহা কোন গ্রন্থকার বলেন॥ ৮॥ কোন গ্রন্থকার উক্তমত দূষিত বলেন যে হেতু চন্দ্র ও রবির সমাবেশ নাই, অতএব উক্তমত অবিরুদ্ধ নহে। বর্ষদশাগণনা রীতিক্রমে,

অথ দিনপ্রবেশ ফলং।

দিনপ্রবেশ কালেপি গ্রহান্ ভাবাংশ্চ সাধয়েৎ। চন্দ্রলগ্নাংশকাভ্যাস্তু ফলং তত্র বদেদ্বুধঃ॥ ১ ॥ চতুষ্কমিস্থিহেশাদি দিনমাসাব্দলগ্নপাঃ। এষাং বলী তনুং পশ্যন্ দিনেশঃ পরিকীর্ত্তিতঃ॥ ২ ॥ ত্রিকোণ কেন্দ্রায়গতাঃ শুভাশ্চেচ্চন্দ্রাত্তনোর্ব্বা বলিনঃ খলাস্তু। ষট্‌ত্র্যায়গাস্তত্র দিনে সুখানি বিলাস মানার্থযশো যুতানি॥৩॥ ষড়ষ্টরিপ্‌ফোপগতাদিনাব্দমাসেস্থিহেশাঃ খলখেটযুক্তাঃ। গদপ্রদা মানযশোহরাশ্চ কেন্দ্রত্রিকোণায় গতাঃ সুখাপ্ত্যৈ॥৪॥ লগ্নাংশকঃ সৌম্যখগৈঃ সমেতো দৃষ্টোপি বা মিত্র দৃশেন্দুনাপি। নৈরুজ্যরাজ্যাদি শরীর পুষ্টির্ব্বাসোক্তিবদ্দুঃখমতোহন্যথাত্বে॥ ৫॥ যদংশকঃ সৌম্যযুতেক্ষিতো বা স্নিগ্ধেক্ষণাত্তাবজ সৌখ্যকৃৎসঃ। দুঃখপ্রদঃ প্রোক্ত বদন্যথাত্বে সর্ব্বেষু ভাবেষ্বিয়মেব রীতিঃ॥৬॥ ষষ্ঠাংশকঃ সৌম্যযুতো রোগদঃ পাপযুক্ শুভঃ। ব্যয়াংশে শুভযুগ্ দৃষ্টে সদ্ব্যয়ঃ পাপতস্ত্বসৎ॥ ৭॥ জায়াংশঃ সৌম্য যুগ্ দৃষ্টঃ স্বস্ত্রীসৌখ্যবিলাস কৃৎ। পাপৈর্গৃহকলিদুঃখং পাপান্তঃস্থে মৃতিং বদেৎ॥৮॥ শুভমধ্যস্থিতে অংশে বহুলং কামিনী সুখং। স্বস্যাং রতির্গুরৌ বন্যখগেঽন্যাসু রতিং বদেৎ॥ ৯॥ মৃত্যংশে মৃত্যুগে সৌম্যৈর্যুগ্দৃষ্টে মরণং রণে। মিশ্রৈর্ম্মিশ্রং খলৈঃ সৌখ্যং বর্ষলগ্নানুসারতঃ॥১০॥ দ্বিত্ব্যদশে খলা হানিং ব্যয়ে সৌম্যাঃ শুভং ব্যয়ং। কর্ত্তরী পাপজা রোগং করোতি শুভজা শুভং॥১১॥ লগ্নাষ্টমে বা ক্ষীণেন্দুর্ম্মৃত্যুদঃ পাপদৃগ্যুতঃ। রোগো বা গ্রহণং বাপি রিপুতঃ শস্ত্রভীরপি॥১২॥ চন্দ্রে সভৌমে নিধনারি সংস্থে নৃণাং ভয়ং শস্ত্রকৃতং রিপোর্ব্বা। পাপৈঃ সুখস্থৈঃ পতনং গজাশ্ববানাত্তনৌ স্যাদ্বহুলাচ পীড়া॥ ১৩॥ শুভাদ্যুনে বিজয়দা দ্যুনাদর্থ সুখাবহাঃ। নবমে ধর্ম্মভাগ্যার্থ

মাসদশা ও অন্তর্দ্দশা নির্ণয় করিবে, এবং বর্ষদশানুযায়ী ফল জানিবে॥ ৯॥

দিনপ্রবেশ কালে বর্ষপ্রবেশাদির ন্যায় সূর্য্যাদিগ্রহ ও দ্বাদশ ভাব সাধন করিয়া চন্দ্র ও নবাংশাধিপতিদ্বারা শুভাশুভ ফল নির্ণয় করিবে। ১। মুন্থাধিপতি, জন্ম লগ্নাধিপতি, ত্রিরাশিপতি, দিনরাত্রির অধিপতি, দিনলগ্নাধিপতি, মাসলগ্নাধিপতি ও বর্ষলগ্নাধিপতি ইহাদিগের মধ্যে যে বলবান হইয়া দিন লগ্নকে দৃষ্টি করিবে সেই গ্রহ দিনাধিপতি হইবে॥ ২॥ যদি দিনপ্রবেশ লগ্ন বা চন্দ্র হইতে ত্রিকোণ কেন্দ্র বা একাদশ স্থান বলবান শুভগ্রহ ষষ্ঠ, তৃতীয় বা একাদশস্থানে পাপগ্রহ অবস্থিতি করেন, তবে সেই দিনে সুখ মান, অর্থ ও যশ লাভ হয়॥ ৩॥ ষষ্ঠ, অষ্টম বা দ্বাদশস্থানে যদি পাপযুক্ত দিনাধিপতি, বর্ষাধিপতি বা মাসাধিপতি অবস্থিত হন, তবে রোগ ও মান, যশোহানি হয়, এবং উক্তগ্রহগণ কেন্দ্র ত্রিকোণ বা একাদশস্থানস্থিত হইলে সুখলাভ হয়॥ ৪॥ দিনপ্রবেশ নবাংশ শুভগ্রহযুক্ত হইয়া যদি চন্দ্র কর্ত্তৃক মিত্র দৃষ্টি দ্বারা দৃষ্ট হয়, তবে নীরোগ, রাজ্যলাভ ও শরীর পুষ্টি হয়। ইহার বিপরীতে পূর্ব্ববৎ বিপরীতফল জানিবে॥৫ দিনপ্রবেশকালে যে ভাব নবাংশ শুভগ্রহ কর্ত্তৃক স্নেহ দৃষ্টি দ্বারা দ্বারা দৃষ্ট বা শুভযুক্ত হয় সেই ভাবের শুভফল হইবে। ইহার বিপরীতে অর্থাৎ পাপযুক্ত বা পাপগ্রহ কর্ত্তৃক শত্রু দৃষ্টি দ্বারা দৃষ্ট হয় তবে সেই ভাবের অশুভ ফল জানিবে॥ ৬॥ ষষ্ঠভাব নবাংশ যদি শুভযুক্ত হয় তবে রোগ ও পাপযুক্ত হইলে শুভফল হইবে। ব্যয়ভাব নবাংশ শুভযুক্ত বা শুভ দৃষ্ট হইলে সদ্ব্যয় পাপযুক্ত বা পাপদৃষ্ট হইলে অসদ্ব্যয় জানিবে॥ ৭॥ জায়াভাব নবাংশ শুভযুক্ত বা শুভদৃষ্ট হইলে স্বীয় পত্নী হইতে সুখবিলাস হয় এবং উক্তনবাংশ পাপদৃষ্ট বা পাপযুক্ত হইলে গৃহ বিরোধ ও দুঃখ হয়, পাপদ্বয়ের মধ্য স্থ হইলে মৃত্যু হয়॥ ৮॥ সপ্তমভাব নবাংশ শুভমধ্যস্থ হইলে বহুবিধকামিনী সুখ হয়। উক্ত নবাংশে বৃহস্পতি থাকিলে স্বীয় স্ত্রীতে ও অন্য গ্রহ থাকিলে পরস্ত্রীতে রতিসম্ভোগ হয়॥ ৯॥ অষ্টমভাবনবাংশ দিনপ্রবেশ লগ্নের অষ্টমস্থান ও শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত হইলে রণে মৃত্যু হয়। শুভাশুভ যুক্ত বা দৃষ্ট হইলে শুভাশুভ ফল হয় এবং পাপ দৃষ্ট বাপাপযুক্ত হইলে সুখ হয়॥ ১০॥ দিনপ্রবেশলগ্নের দ্বিতীয় ও দ্বাদশস্থানে পাপগ্রহ থাকিলে হানি, শুভগ্রহ থাকিলে সদ্ব্যয় এবং পাপগ্রহ ঘটিত কর্ত্তরী যোগে রোগ, শুভগ্রহঘটিত কর্ত্তরীযোগে শুভ ফল জানিবে। ১১। ক্ষীণ চন্দ্র লগ্নে বা অষ্টমস্থানে স্থিত হইয়া পাপদৃষ্ট বা পাপযুক্ত হইলে মৃত্যু অথবা রোগ ও শত্রু হইতে অস্ত্রভয় প্রভৃতি হয়॥ ১২॥ মঙ্গলযুক্ত চন্দ্র ষষ্ঠ বা অষ্টমস্থানে স্থিত হইলে শত্রু হইতে অস্ত্রভয় এবং চতুর্থ স্থানে পাপগ্রহ থাকিলে গজাশ্বাদি হইতে পতন ও শরীরে নানাপ্রকার রোগ হয়। ১৩। সপ্তমস্থানে শুভগ্রহস্থিত হইলে

রাজগৌরব কীর্ত্তিতাঃ ॥ ১৪ ॥ দিনপ্রবেশেশস্তি বিধুরবস্থা-য়াস্তু যাদৃশী। তদবস্থা তুল্যমসৌ ফলং দত্তে ন সংশয়ঃ ॥১৫॥ বিহায় রাশিং চন্দ্রস্য ভাগাদ্দিঘ্না শরোদ্ধৃতাঃ। লব্ধং গতা অবস্থাঃ স্যুর্ভোগ্যায়াঃ ফলমাদিশেৎ ॥ ১৬ ॥ প্রবাসঃ প্রবাসোপগে রাশিনাথেঽর্থনাশস্তু নষ্টোপগে মৃত্যুভীতিঃ। মৃতাবস্থিতেস্যাজ্জয়ায়াং জয়স্তু বিলাসস্তু হাস্যোপগে কামিনীভিঃ ॥ ১৭ ॥ রতৌস্যাদ্রতিঃ ক্রীড়িতা সৌখ্যদাত্রী প্রসুপ্তাপি নিদ্রা[illegible]কলিং দেহপীড়াং। ভয়ং তাপহানিঃ সুখং স্যাত্তুভুক্তা জ্বরাকম্পিতা সুস্থিতাসু ক্রমেণ ॥ ১৮ ॥

শাকে নন্দাভ্রবাণেন্দুমিতশ্চাশ্বিন মাসকে। শুক্লেষ্টম্যাং সমাতন্ত্রং নীলকণ্ঠ বুধোঽকরোৎ।

জয়লাভ, দ্বিতীয়স্থানে সুখ, নবমস্থানে ধর্ম্ম, ভাগ্যোদয়, অর্থাগম ও রাজসম্মান হয় ॥ ১৪ ॥ দিনপ্রবেশ সময়ে চন্দ্র যেরূপ অবস্থায় থাকেন সেই রূপ ফল প্রদান করেন অর্থাৎ শুভস্থানে স্থিত ও পূর্ণ হইলে শুভফল এবং অশুভ স্থানেস্থিত ও ক্ষীণ হইলে অশুভফল হইয়া থাকে। ১৫। চন্দ্রস্ফুটের রাশি পরিত্যাগ করিয়াঅবশিষ্ট ভাগকে ২ দিয়া গুণ করিয়া গুণফলকে ৫ দিয়া ভাগ করিয়া চন্দ্রের অবস্থা স্থির করিবে ॥ ১৬ ॥ চন্দ্রের প্রবাসাবস্থায়মনুষ্যের প্রবাস, নষ্টাবস্থায় বিত্তনাশ, মৃতাবস্থায় মৃত্যুভয়, জয়াবস্থাতে জয়, ও হাস্যাবস্থাতে স্ত্রীবিলাসাদি সুখ হয়। ১৭। রত্যবস্থায় রতি অর্থাৎ বিষয় ভোগ, ক্রীড়াবস্থায় সুখ, প্রসুপ্তাবস্থায় নিদ্রা ও কলহ, ভুক্তাবস্থায় দেহ পীড়া, ভয় ও তাপ ইত্যাদি। ১৮

ইতি ফলিত জ্যোতিষে শ্রীগর্গবংশোদ্ভব শ্রীদৈবজ্ঞানন্তসুত শ্রীনীলকণ্ঠদৈবজ্ঞ বিরচিতং বর্ষতন্ত্রং সমাপ্তম্।

সায়ন ও নিরয়ণ।

গ্রহগণ নিরন্তর রাশিচক্রের মধ্যে ভ্রমণ করিতেছেন, ঐ রাশিচক্রের কোন স্থানকেই আরম্ভ বলা যাইতে পারে না; তবে সূর্য্য মার্গের যে দুইটী স্থানে সূর্য্যের আগমনে দিবা ও রাত্রিমান সমান হইবে এবং যে দুইটী স্থানে অয়ন শেষ হইবে এই চারিটী স্থানের কোন স্থান হইতে রাশিচক্রের আরম্ভ বলা যাইতে পারে, কিন্তু বিষুবরেখার যে স্থানে সূর্য্যের আগমনে দিনমান বৃদ্ধি ও [illegible]দির উৎপত্তি ইত্যাদি দেখা যায় সুতরাং ঐ স্থানকেই রাশিচক্রের প্রারম্ভ বলা যায়। ঐ স্থান হইতে সূর্য মার্গকে ৩৬০ অংশে বিভক্ত করিয়া তাহার প্রথম ৩০ অংশ মেষ, তৎপরে ৩০ অংশ বৃষ ইত্যাদি কল্পনা করিয়া লগ্নস্ফুট ও গ্রহস্ফুট স্থির করিয়া যে গণনা করা যায় তাহার নাম সায়ন গণনা।

জ্যোতিষ গণনার প্রথম আরম্ভ কালে অশ্বিনী নক্ষত্রের প্রারম্ভে দিবা ও রাত্রিমান সমান স্থির হইয়াছিল। পরে ক্রমে নক্ষত্রগণ সরিয়া যাইতেছে, অতএব রাশি চক্রের মধ্যে বিষুব রেখা হইতে যত দূরে অশ্বিনী নক্ষত্র যাউক না কেন সেই অশ্বিনী নক্ষত্রে যখন সূর্য্য আগমন করিবেন সেই দিবসকেই বৎসরের প্রথম দিন কল্পনা করিয়া লগ্নস্ফুট ও গ্রহস্ফুট করিয়া এবং সেই স্থানকে রাশি চক্রের আরম্ভ বলিয়া যে গণনা করা যায় তাহার নাম নিরয়ণ গণনা। অতএব রবিরগতি ধরিয়া যে গণনা করা যায় তাহাই প্রকৃত গণনা আর রাশি ধরিয়া যে গণনা তাহা অপ্রধান। এই বিষয়ে বশিষ্ঠ মুনি মাণ্ডব্য ঋষিকে যাহা বলিয়াছেন তাহার কতিপয় বচন নিম্নে উদ্ধৃত করিলাম।

বশিষ্ঠ বচনং।

ইত্থং মাণ্ডব্য সংক্ষেপাদুক্তং শাস্ত্রং ময়োদিতং।
বিস্রস্তী রবিচন্দ্রাদ্যৈর্ভবিষ্যতি যুগে যুগে ॥ ১ ॥

বশিষ্ঠ ঋষি মাণ্ডব্যকে কহিতেছেন, হে মাণ্ডব্য ময়াসুর যেরূপ কহিয়াছেন আমি তাহা সংক্ষেপে বলিতেছি। যুগে যুগে চন্দ্র সূর্য্যাদির গতির যে অন্তর হইবে তাহা নির্ণয় করা আবশ্যক; বর্ত্তমান কালে যেরূপ গ্রহদিগের গতির স্থিরতা দৃষ্টি গোচর হইবে তদনুসারে গণিত করিয়া স্থির করিতে হইবে ॥ ১ ॥

যস্মিন্ পক্ষে যত্র কালে যেন দৃগ্ গণিতৈক্যকং।
দৃশ্যতে তেন পক্ষেণ কুর্য্যাত্তিথ্যাদি নির্ণয়ং ॥ ২ ॥

যে পক্ষে যে কালে গণিত দ্বারা গ্রহদিগের গতির প্রত্যক্ষ স্থিরতা হইবে সেই পক্ষে সেই সময়ে তিথি নক্ষত্রাদির নিশ্চয় করিবে ॥ ২ ॥

চল সংস্কৃত তিগ্মাংশোঃ সংক্রমো যঃ স সংক্রমঃ।
অজাগলস্তন ইব রাশি সংক্রান্তি রুচ্যতে ॥ ৩ ॥

অয়নাংশ সংযুক্ত রবি সংক্রান্তিকেই প্রকৃত সংক্রান্তি বলে রাশি সংক্রান্তি ছাগলের গলার স্তনের ন্যায় নিষ্ফল। যেরূপ উক্ত

স্তনেতে দুগ্ধ হয় না সেইরূপ রাশি সংক্রান্তি অনুসারে গণনা দ্বারা তিথি নক্ষত্রাদি স্থির করিয়া কার্য্য করিলে সেই সকল কার্য্য কোন অদৃষ্ট জনক হইতে পারে না ॥ ৩॥

পুণ্যদাং রাশি সংক্রান্তিং কেচিদাহুর্ম্মণীষিণঃ।
নৈতন্মমমতং যস্মান্নস্পৃশেৎ ক্রান্তিকক্ষয়া ॥ ৪ ॥

প্রায় অনেক পণ্ডিত রাশি সংক্রান্তিকেই পুণ্যপ্রদা কহেন তাহা আমার অভিপ্রেত নহে। যে হেতু ক্রান্তি বৃত্তের সহিত সমভাবে স্পর্শ হয় না ॥ ৪ ॥

অয়নাংশ সংস্কৃতোভানুর্গোলে চরতি সর্ব্বদা।
অমুখ্যা রাশি সংক্রান্তিস্তুল্যঃ কলবিধিস্তয়োঃ ॥ ৫ ॥

এবিষয়ে পুলস্ত্যমুনি কহিতেছেন। সূর্য্য সর্ব্বদা খগোলে ভ্রমণ করিতেছেন অর্থাৎ সূর্য্য উত্তরায়ণে এবং দক্ষিণায়নে গমন করিতেছেন, সূর্য্যের উক্ত গতি হইতেই সংক্রান্তির উৎপত্তি হইয়া থাকে। সুতরাং অয়ন সংক্রান্তিই প্রধান ও রাশি সংক্রান্তি অপ্রধান। কিন্তু উভয় কালের গণনা প্রণালী এক প্রকার ॥ ৫ ॥

স্নানদান জপ শ্রাদ্ধ ব্রত হোমাদি কর্ম্মভিঃ।
সুকৃতং চল সংক্রান্তৌ বক্ষয়ং পুরুষোঽশ্নুতে ॥ ৬ ॥

যে পুরুষ অয়ন সংক্রান্তিতে স্নান, দান, জপ, হোম ও শ্রাদ্ধাদি করে, সে তাহার অক্ষয় ফল ভোগ করিতে পারে ॥ ৬ ॥

রোমক সিদ্ধান্তবচনং।

দিন রাত্রি প্রমাণানাং নির্ণয়ো ন ভসংক্রাৎ।
যতঃ সকল কর্ম্মাণি পুণ্যাংতশ্চল সংক্রমঃ ॥ ৭ ॥

দিনমানাদি নির্ণয় রাশিসংক্রান্তি মতে হয় না; তাহা অয়ন সংক্রান্তি অনুসারে হইয়া থাকে, অতএব অয়ন সংক্রান্তিকেই পুণ্যপ্রদ বলা যায় ॥ ৭ ॥ ইহার বিশেষ স্থানান্তরে বিবৃত হইবে।

ঢাকা জিলার অন্তঃপাতি মাণিকগঞ্জের অধীন বুতুনী নিবাসী শ্রীরসিকমোহন চট্টোপাধ্যায় বিরচিত ও প্রকাশিত ফলিতজ্যোতিষে তৃতীয় খণ্ড সমাপ্ত।

ইতি সন ১২৮৫ সাল, পৌষ।